(गाविन्ममारमञ् श्रमावनी

কায়মনোবাক্যেতে প্রভূকরে দেবা। প্রভূপদ বিনা ষিঁহো না মানে দেবী দেবা॥
। স্থলে প্রভূ অর্থে শ্রীনিবাস আচার্য্য। ঐ গ্রন্থের অন্তত্ত্ত্ব ওয়া ষায়—

প্রভু ক্বপা কৈল গোবিন্দ চক্রবর্ত্তী নাম।
বাল্যকালেতে যিঁহো ভজ্জন অন্থপাম ॥
প্রেমমৃত্তি কলেবর—বিখ্যাত ধার নাম।
ভাবক-চক্রবর্ত্তী খ্যাতি বোরাকুলি গ্রাম ॥
ভক্তিরত্তাকরে ইহার গীতবাতে নিপুণতার কথ।
আনুহে—

আচার্য্যের অতি প্রিয় শিষ্য চক্রবর্তী। গীত-বাছা-বিদ্যায় নিপুণ ভক্তিমৃত্তি॥

—ভঙ্জিঙাকব, ১৪৭ তবঙ্গ

নরহরি চক্রবর্তী ইহার ভাবক-চক্রবর্তী নাম পাইবার বিবরণও দিয়াছেন—

চক্রবর্ত্তী গোবিন্দের দেখি ভাবাবেশ।
সবার অন্তরে ইংল উল্লাস অশেষ।
শ্রীভাবক-চক্রবর্ত্তী হৈল তার গ্যাতি।
কে বা না প্রশংসে দেখি প্রেমভক্তিরাতি॥

নরোভ্যবিলাদ, ৭ম বিলাদ

শ্রীনিবাদ আচার্য্যের বংশধর রাধামোহন ঠাকুর তাহার

্তসমূত্রের টীকায় গোবিন্দ চক্রবর্তীর রচনা বলিয়া

লবিত পদগুলি নির্দেশ করিয়াছেন—

- (১) লাথবাণ কাঞ্চন জিনি।
 রসে তর তর গোর। অক্টের মূঞি যাউ নিছনি॥
 —৭৬১, পদামূত্রমমূদ (পৃ: ৬১)
- (२) মো মেনে মলুঁ মো মেনে মলুঁ। কি খেনে গৌরান্ধ দেখিয়া আলুঁ॥

-- ৭৬২, ঐ (পু; ৩৬)

এই পদটীর প্রথম চারি চরণ নরহরি চক্রবর্ত্তী সঙ্গলিত তেচক্রোলয়ে পাওয়া যায়; যথা—

> ্চল ঢল কাঁচা কাঞ্চন মণি। কি ছার চাঁপার কলিকা গণি॥

থির বিজুরি করিয়া একে। সেহ নহে গোরা অঙ্গের রেখে॥

—গীতচক্রোদয়, পুং ৬৯

(৩) শচীর কোঁয়র গোঁরাঙ্গ স্থন্দর দেখিলুঁ আঁথির কোণে।

— ৭৬০, পদামৃত্যমুদ্ৰ (পৃঃ ৩৬)

(৪) মরিব মরিব সই নিচয়ে মরিব। পিয়ার বিচ্ছেদ আর সহিতে নারিব॥

-- ৭৭৩, ঐ (পুঃ ৬৭১)

প্রথম তিনটা পদ গোরাঙ্গের রূপ দেখিয়া নদীয়া নাগরীদের উক্তি। 'লাথবাণ কাঞ্চন জিনি' পদে শ্রীগোরাঙ্গের রূপলাবণ্য দেখিয়া নাগরীরা মৃক্ষ হইয়াছেন এই কথা আছে। ইহার মধ্যে আপত্তিজ্ঞনক কিছু নাই। কিন্তু দিতীয় পদটাতে যে বলা হইয়াছে নাগরীদের দেখিয়া শ্রীগোরাঙ্গ

হাসিয়: রসিয়া মন্দিরা সঙ্গে।
কৈল ঠারাঠারি কি রস-রঙ্গে॥
ইহা ইতিহাসের সাক্ষ্যের বিরোধী। বিশ্বস্তর মিশ্রের কথা
দূরে থাকুক, কোন স্থকচিসম্পন্ন ভদ্রলোক এরপ ঠারাঠারি
করেন না। বৃশাবনদাস তাঁহার অনেক ঔদ্ধত্যের কথা
বলিয়া লিখিয়াছেন—

সব পরস্থীর প্রতি নাহি পরিহাস। স্ত্রী দেথিলে দূরে প্রভূ হয় একপাশ॥

কিন্তু নাগরীভাবের উপাদকগণের নিকট ইতিহাদপ্রসিদ্ধ বিশ্বস্তর মিশ্র অপেক্ষা ক্লেফর তত্ত্বস্করণ নাগর গৌরাঙ্গ অধিকতর দত্য ছিলেন। তাই এই ধরণের পদ রচিত হইয়াছিল। তৃতীয় পদটীতেও প্রিগৌরাঙ্গ

রমণী নথিয়া, হাদিয়া হাদিয়া, রদময় কথা কয়।
এই তিনটা নাগরীভাবের পদকে এবং গোবিন্দদাদ নামান্ধিত আরও আটটা পদকে (৭৬৪ হইতে ৭৭১), যাহার
মধ্যে দাতটা পদকল্পতক্ততে ধৃত হইয়াছে, আমি গোবিন্দ
চক্রবর্তীর রচনা বলিয়া ধরিয়াছি। এই এগারটা
শ্রীগোরাঙ্গ-সম্বন্ধীয় পদে গোবিন্দদাদ নাম আছে, গোবিন্দ

দাসিয়া নাই। প্রথম পদে (৭৬১) ('লাথবাণ কাঞ্চন জিনি' ইত্যাদিতে) 'পামরি গোবিন্দান' শব্দ আছে। কবিরাজ গোবিন্দদাদের কোন ভণিতায় পামরি বিশেষণ নাই। 'ভিল এক শয়নে সপনে যে। মঝু বিলে' পদটীর ভণিতায় 'পামরি গোবিন্দদাস মরি যায়ব' (৭৮০) দেখিয়া উহাকেও গোবিন্দ চক্রবর্তীর রচনা বলিয়া নির্দ্দেশ পদ্টীর ভাষা দেখিয়া প্রথম দৃষ্টিতে করিয়াছি। গোবিন্দাস কবিরাজের মনে হইলেও বিশেষ অবধান-পূর্বক আলোচনা করিলে ঐ ভাষার খন্ততা দেখা যাইবে। কবিরাজ গোবিন্দদাস কখনও 'করি বিছুরাই' (বিছুরি অর্থে), 'মরমে মঝু সাধার' (মোর মনে সাধার অর্থে), 'পাজি আনল তছু তীরে' (যমুনার তীরে অনল বা চিতাগ্নি সাজাইয়া অর্থে) ব্যবহার করেন নাই। পরবর্তী 'কি কহিলি কঠিনি কালিদহে পৈঠবি' (৭৮৪) পদটী আগের পদের উত্তরে বলা হইয়াছে.সেজ্য এটাও গোবিন্দ চক্রবর্তীর রচনা। এটাতেও ভাষার দৈলের পরিচয় পাওয়া যায়। যেমন, 'জিবনে না বান্ধব থেহা', 'কবলু নহত নিঠুৱাই', 'কাহে পরমাদসি এহ' (কেন এরূপ প্রমাদ করিতেছ অর্থে)। পদামৃতসমুদ্রের পূর্ব্বোল্লিখিত চতুর্থ পদনীর (৭৭৩) ভণিতা

গোবিন্দদাসিয়া কয় চরণেত ধরি।

এখনি আনিয়া দিব তোমার প্রাণের হরি॥
এই পদের টাকায় রাধামোহন ঠাকুর লিখিয়াছেন যে,
শ্রীগোবিন্দ চক্রবর্তী 'তোমার প্রাণবল্লভকে আনিব' বলিয়া
শ্রীরাধাকে মরিতে নিষেধ করিতেছেন। গোবিন্দদাসের
কোন পদে গোবিন্দদাসিয়া ভণিতা নাই; অথচ এরূপ
ভণিতাযুক্ত একটি পদকে রাধামোহন ঠাকুর গোবিন্দ
চক্রবর্তীর রচনা বলিতেছেন। স্বভরাং এরূপ ভণিতাযুক্ত
আর চারটা পদকেও আমরা গোবিন্দ চক্রবর্তীর লেখা
বলিয়া ধরিয়াছি; যথা—

(১) ওই দেখহ অমুরাগ
আওল ফাগুন আগে।
আগে মঝু কছু আশ আছিল
নিচয় নাগর আওবে।

এই পদ সম্পর্কে পদকল্পতক্ষর সন্ধলয়িত। বৈশুবদাস লিখিয়াছেন যে, ১৮০২ হইতে ১৮১৩ পর্যন্ত শ্রীরাধার বার-মাদ্যার পদগুলির মধ্যে প্রথম চারিটী বিছাপতি ঠাকুরের রচনা, পরবর্ত্তী তুইটী অর্থাৎ শ্রাবণ মাদের ও ভাদ্রমাদের পদ গোবিন্দ কবিরাজের এবং অবশিষ্ট ছয় মাদের পদ 'গোবিন্দচক্রবর্ত্তিঠক রদ্য বর্ণনম'।

(২) নন্দনন্দন, সঙ্গে শোহন, নগুল গোকুল-কামিনি। তপন-নন্দিনি, তীরে ভালি বনি, ভুবনমোহন লাবণি॥

—৭৮০, তক্ত ১২৮**০**

(৩) পিয়ার ফুলের বনে পিয়ার ভ্রমরা। পিয়া বিহুমধুনা থায় ঘূরি বুলে তারা॥

— ٩٢), তক ১৬৫৫

(8) জ্রীক্ষণ চৈত্য গোরা শচীর ত্লাল। এই সে পুরবে ছিল গোকুলের গোপাল॥

--- ৭৮২, ত্রু ২০৮৭

পদামৃতসমুদ্রে চারটী ও পদকল্পতক্ষতে ছয়টী পদ একুনে
দশটী পদকে ঐ ছই গ্রন্থের সকলয়িতারা গোবিন্দ চক্রবর্ত্তীর
রচনা বলিয়া ধরিয়াছেন। আমি তাঁহাদের প্রদত্ত স্বত্র
অক্সমরণ করিয়া সর্কাসমেত ২৪টী পদ (৭৬১ হইতে ৭৮৪)
ঐ কবির লেখা বলিয়া সিদ্ধান্ত করিতেছি।

এই গ্রন্থ সদ্ধলিত ও পদাবলী অংশ মৃত্রিত হইবার পর শ্রীযুক্ত হরেক্লফ মুখোপাধ্যায় মহাশয়ের সদ্ধলিত বৈষ্ণব-পদাবলী বাহির হইয়াছে। তাহাতে তিনি ৯৪টা পদ গোবিন্দদাস চক্রবর্তীর বলিয়া অন্ত্রমান করিয়াছেন। আমার উল্লিখিত ২৪টা পদের মধ্যে হরেক্লফবাবু ১৯টা পদকে গোবিন্দ চক্রবর্তীর বলিয়া মানিয়াছেন। আমার ৭৬৮ ও ৭৭২ সংখ্যক পদ ফুটাকে তিনি গোবিন্দ আচার্য্যের রচনা বলিয়া মনে করিয়াছেন।

তিনি গোবিন্দ চক্রবর্তীর রচিত বলিয়া অমুমিত ৯৪টা পদের মধ্যে অধিকাংশেরই ভণিতায় "গোবিন্দদাস" বা "গোবিন্দদাসিয়া" পাঠ ধরিয়াছেন। আমরা কিন্তু কণদাগীতচিন্তামণি, পদামৃতদমূজ, সংকীর্ত্তনামৃত, পদ-কল্পতক প্রভৃতি প্রামাণিক সন্ধলনগ্রন্থে এসব পদের ত্রৈরূপ কোন ভণিতা পাই নাই। "ভাবে ভরল তমু" ইত্যাদি পদটীর ভণিতায় হরেরুফ্ষবারু লিথিয়াছেন—
"গোবিন্দদাসিয়া বলিহারি", কিন্তু ক্ষণদার (১০০১)
পাঠ—"গোবিন্দদাস বলিহারি", পদামৃতসম্দ্রের (৪২৯)
ভণিতাও "গোবিন্দদাস বলিহারি।" পদকল্পতক্রর (২০৯৮)
পাঠও উহাই। "চিত চোর গৌর অঙ্গ" ইত্যাদি পদটীতেও
তিনি ভণিতা দিয়াছেন—"গোবিন্দদাসিয়া করত আশ।"
কিন্তু ভক্তিরত্বাকর (৮৮৯ পৃঃ) এবং পদকল্পতক্রর (২১১২)
পাঠ "আশ করত গোবিন্দদাস।"

প্রাচীন ও প্রামাণিক সংলনগ্রন্থগুলির পাঠকে আগ্রহ করিয়া কোনো পুথির পাঠকে মানিতে হইলে প্রমাণ করা উচিত যে, ঐ পুথি পূর্কোক্ত মৃদ্রিত প্রাচীন সংলনগ্রন্থগুলি হইতে প্রাচীনতর ও বিশুদ্ধতর। অথচ কোনো আকর পুথির উল্লেখমাত্র হরেক্লফ্বার্ কোথাও করেন নাই।

রসমঞ্জরী

যে সমন্ত গ্রন্থে গোপিন্দদাসের পদাবলীর সন্ধান পাওয়া যায় তাহাদের পরিচয় প্রদত্ত হইতেছে।

সপ্তনশ শতাকীতে পীতাম্বরদাস 'বসমঞ্জরী'তে এবং ক্ষণাস কবিবাজের শিশু বলিয়া খ্যাত মুকুনদাস 'সিদ্ধান্ত-চন্দ্রোদয়ে' গোবিন্দদাসের পদ উদাহরণম্বরূপ উদ্ভূত করিয়াছেন। কিন্তু তাঁহার। রসের লক্ষণাদি দৃষ্টান্ত-সংখোগে দেখাইতেছেন বলিয়া কবিব পরিচয় দেওয়ার প্রয়োজন মনে করেন নাই। কোন অলগানের গ্রন্থেই কবিদের পরিচয় দেওয়ার চেষ্টা করা হয় না।

পীতাম্বনাদের পিতা রামগোপালদাস 'বাণ অঙ্গ-শরব্রহ্ম নরপতি শাক' অর্থাং ১৫৬৫ শকে বা ১৬৪৩ এটান্দে
রসকল্পবল্লী রচনা করেন। ঐ গ্রন্থের পরিপূরক রূপে
পীতাম্বর 'রসমঞ্জরী' গ্রন্থ লেখেন। খুব সম্ভব ১৬৬০
হইতে ১৬৭০ এটান্দের মধ্যে রসমঞ্জরী রচিত হয়। ইহাতে
গোবিন্দদাদের নামান্ধিত নিম্নলিখিত ২৪টা পদ পাওয়া
যায়। তন্মধ্যে তারকা-চিহ্নিত ৬টা পদ কেবলমাত্র বসমঞ্জরীতে পাওয়া যায়, অহ্য কোথাও দেখা যায় না।

- (১) গুরুজন নয়ন বিধুস্তদ মন্দ। নীল নিচোলে ঝাঁপি মুখচনদ॥ (পু: ৩)—৩৫৮
- (২) হরি রছ কাননে কামিনী লাগি। জাগরে জর জর মনসিজ আগি॥ (পু:৫)—৩৬২
- *(৩) বাকা নিশাকর কিরণ নিহারি। যতনে পরয়ে ধনি ধবলিম সারি॥—৩৭৯
- (৪) সজনী অব তুহেঁ করহ পয়াণ। পত্তে মিলব তুহ^{*} কান॥ (পৃ: ১১)—৪০৬
- *(৫) প্রন প্রশোচলিত মৃত্পল্লব। শুনইতে বল্লভবালা (পু:১৩)—৬৮৪
- (৬) পরিজ্ঞন সকল মন্দির ত্যজি গেলহি। চান্দ গহন দিন লাগে॥ (পঃ ১৪)—৪১৪
- *(৭) অপরপ রমণী অভিলাষ। সক্ষেত কাননে সেজ বিছাই (পুঃ ১৫)—৪০১
- (৮) দেথ স্থি অট্মীক রাতি। আধ রন্ধনী বহি শ্তি॥ (পু: ১৭)—৪১১
- (৯) হরি হরি কি ভেল পাপ পরাণ। যানিনী আধ অধিক বহি যায়ত (পু: ১৮)—৪০৫
- (১০) ঋতুপতি শ্বাতি বিরহজবে জাগরি দোতি উপেথলি রামা (পৃ: ১৯)—৪২৩
- *(১১ মাধব তক্তলে রাই। তুয়া পথ পুন পুন চাই॥
 (প:২০)—৪১৯
- (১২) সক্ষেত লাগি রজনি হম জাগরি সংচরিগণ করি সঙ্গ (পু:২২)—৪৩০
- *(১৩) শর্কারী উজোরল চান্দে। হেরি ধনি ফুকারিয়া কান্দে॥ (পু: ২৩)—৬৪০
- *(১৪) রদের হাটে বিকে আইলাঞ সাজাঞা পণার। গাহক নহিল রে যৌবন ভেল ভার॥

(পৃ: ২৫)— ৭১৬

- (১৫) চাতক সম হরি সঙ্কেত করইতে। দ্বার থদাইতে রাধা (পৃ: ২৯)—৩৭৭ (রদমঞ্জরীতে ভণিতা নাই)
- (১৬) আজ তুহ শহর দেবা। জাগর পুণফলে প্রাতহি ভেটলু (পু: ৩৪)—৪৪১

- (১৭) শ্রামর তমু কিয়ে তিমির বিরাজ। সিন্দূর চিহ্ কিয়ে আারকত সাজ। (পু: ৩৪)—৪৯৭
- (১৮) কাতু সাধলি বেরি বেরি। সোরপে নয়নে না হেরি (পু:৩৮)—৫১৪
- (১৯) কাছ উপেথল মোয়। অব তহু ঘন ঘন রোয়॥ (পৃ: ৬৯)—৫০৯
- (২০) আদরে আগগুদরি রাইক হৃদয়ে ধরি জাতু উপরে রাখি (পৃ: ৪৮)—৬০৯
- (২১) আকুল চিকুর অলকাকুল সমরী। সীথি বনাই বান্ধহ পুন কবরী॥ (প: ৪৯)—১১১
- (২২) কালি হাম কুঞ্জে কাছ যব ভেট। নিরমদ নয়ন বয়ন করু হেট (পু: ৫৪)—৬১৯
- (২০) যাহা লাগি গুরু গঞ্নে মন রঞ্জন, ত্রজন কি কি নাহি কেল (পু: ৫৪)—৬১৮
- (২৪) অতমিত যামিনি কাস্ত। বিকল ভেল মণিমস্ত॥ (পৃ: ৫৬)—৬২৪

এই ২৪টা পদের মধ্যে ১৪ সংখ্যক পদটা একেবারে অক্স ধাঁচের রচনা; যথা—

> রদের হাটে বিকে আইলাঙ সাজাঞা পদার। গাহক নহিল রে যৌবন ভেল ভার॥ বড় তুঃথ পাই স্থি বড় তুঃথ পাই। ভাম অহবাগে নিশি কান্দিয়া পুহাই। অরাজক দেশেরে মদন ত্রাচার। আপন ইচ্ছায় লুটে দোহাই দিব কার॥ বদন্ত হুরন্ত কত অনলে পুড়ায়। চক্রমণ্ডল হেরি হিয়া চমকায়॥ মাতল ভ্রমরারে রদে মাগে তায়। লুকাইতে নাহি ঠাঞি শিখি দরশায়॥ দাৰুণ কোকিল প্ৰাণ নিতে চায়। কুহু কুহু করিয়া মধুর গীত গায়॥ তে ना विष्क मव राग विश् राग कांक। যৌবনের সঙ্গে গেল জীবন বেয়াজ। ফুলশবে জবজব হিয়া চমকায়। গোবিন্দদাদের তহু ধরণী লোটায়॥

এই পদটার রচয়িতা যে গোবিন্দদাস তিনি খুব সম্ভব গোবিন্দ আচার্য। ইহার রচনারীতির সঙ্গে গোবিন্দ কবিরাজ্বের রচনাশৈলীর কোন সাদৃষ্ঠ দেখা যায় না; অথচ যোড়শ শতাকীর প্রথমার্দ্ধে রচিত পদাবলীর সঙ্গে ইহার মিল খুব বেশী।

সিদ্ধান্তচন্দ্রোদয়

মুকুন্দলাদের দিদ্ধান্তচক্রোদয়ে সর্বাদাকুল্যে ৬০টা পদ উদ্ধৃত হইয়াছে। তাহার মধ্যে নয়টা পদ গোবিন্দদাস কবিরাজের; যথা—

- (১) চল চল সজল, জলদতন্ত শোহন,
 মোহন আভরণ দাজ।
 অরুণ নয়ন গত, বিজুধী চমকেতনি,
 দগধল কুলবতী লাজ॥—১৯২
- (২) রতন মৃন্দির মাঝে স্থন্দরী সথি সঞে রস পরথাই। হসইতে থসই কতহি মণি মোতিম দশন কিরণ অবছাই ॥—২২১
- (৩) এ দৃতি স্থনরি করু অবধান।
 রাই দরশন বিনে না রহে পরাণ॥
 তুহুঁ সেঁ চতুর দৃতী কি কহবি হাম।
 এছে করিবি যাহে সিদ্ধি হউ কাম॥—২৩৩
 (এই পদটী সিদ্ধান্তচন্দোদয় ছাড়া অন্ত কোথাও
 - (৪) কাহকো বচন শুনি গদগদ ভাষ।
 মিললি সহচরী বাইকো পাশ॥
 কহতহি সহচরী শুন বর গৌর।
 তুয়া লাগি হালত নলকিশোর॥—২৫২
- (এই পদটা সতীশচন্দ্র রায় মহাশয় অপ্রকাশিত পদ-রক্লাবলীতে [৭২] ছাপিয়াছেন, কিন্তু সিঙ্কান্তচন্দ্রে ইহা পূর্ব্বে প্রকাশিত হইয়াছিল।)
- (৫) মদন কিরাত, কুস্তম শরে দারুণ, বন বুন্দাবন মাঝ।
 সো দিন তোঁহারি, চরণ শরণ করি, পরিহরি পৌরুষ
 লাজ।

স্থলরি তুয়া দিঠি অথির সন্ধান।
মনোরথ জোরে, নয়ন শরে হানল, অস্থির হামারি
প্রাণ॥—৩২২

(৬) চরণে ধরিয়া হরি, হার পরায়লি, গাথি আপন নিজ হাত॥ সো নাহি পহিবল, দ্বহি ডাবল, মানিনী অবন্ত

সো নাহি পহিরলু, দ্রহি ডারলু, মানিনী অবনত মাথ॥—৫০৭

পদায়্তসমূদ্রের পাঠ—
চরণে লাগিয়া হরি, হার পিন্ধায়ল, যতনে গাঁথি
নিজ্ঞ হাথ।

- (৭) শ্রামক কোলে, যতনে ধনি শুতলি, মদন ল'লেদে তফু ভোর। ঘন ঘন চুম্বন, নিবিড আ'লিগ্নন, জ্ফু কাঞ্চন মণি জোর॥—-৬০৩
 - (৮) গোঠে বিজই ব্রজরাজ কিশোর। জননী-বিরচিত বেশ উজোর॥—>৫০
 - নাজ বিরদ কথি লাগি।
 কিয়ে মোর করম অভাগি।
 হাম ষব গেলু পিয়া পাশ।
 পিয়া দীর্ঘ ছাড়ল নিশাদ॥—৬১৪

নবম পদটা সিদ্ধান্তচন্দ্রোদয় ছাড়া অন্ত কোধাও নাই।
গোবিন্দদাস কবিরাজ কত এই নয়টা পদ রসের
দৃষ্টান্তস্বরূপে উদ্ধৃত করিয়। সন্ধশেষে একটি সম্পূর্ণ বিভিন্ন
শৈলীর পদ উল্লিখিত হইয়াছে। সেটা এই—

এই ত মাধবীতলে, সামার লাগিয়া পিয়া,

ধোগী থেন বদিয়া ধিয়ায়।

পিয়া বিনে হিয়া মোর, ফাটিয়া না যায় গো,

নিলজ পরাণ নাহি যায়।

হরি হরি বড় তৃঃথ বহিল মরমে।

আমারে ছাড়িঞা পিয়া, মণ্রা বহিল গিয়া,

এই বিধি লিখিল করমে॥

আমারে লইয়া সঞে, কেলি কৌতুক বঙ্কে,

ফুল তুলি বিহরই বনে॥

নব কিশয়ল তুলি, দেজ বিছায়লি, রস পরিপাটীর কারণে॥ আমারে লইয়া কোরে. শয়নে স্বপনে হেরে, যামিনী জাগিয়া পোহায়। মথুরা রহিল গিয়া, সো মোর গুণের পিয়া. কৈছনে দিবস গোঞায়। অনেক দিবস হৈল, পিয়া কেনে না আইল, কারু মুখে না শুনি সংবাদ। (भाविन्ममास्मव वागी, শুন বাধে ঠাকুরাণী, এ বড দারুণ বিষাদ॥- 928 এই পদের সঙ্গে রসমগ্রবীতে উদ্ধৃত 'রসের হাটে বিকে আইলাঞ' পদের ভাষাগত মিল লক্ষ্য করিবার মতন। এই পদটীও গোবিন্দ আচার্য্যের রচনা মনে হয়।

ক্ষণদাগীতচিন্তামণি

সপ্তদশ শতাকীর একেবারে শেষে বা অষ্টাদশ শতকের প্রথমেই বিশ্বনাথ চক্রবর্তী ক্ষণদাগীতচিন্তামণি সঙ্কলন করেন। তিনি ১৬২৬ শকানে বা ১৭০৪ এটানে শ্রীমন্ত্রাগবতের টীক। সম্পূর্ণ করিয়া নিত্যধামে গমন করেন বলিয়া প্রবাদ। স্বতরাং ক্ষণদাগীতচিভামণি ইহার পূর্বে সঙ্গলিত হইয়া থাকিবে। ইহার পূর্বে বিভাগ মাত্র প্রকাশিত হইয়াছে। হরিদাস দাস বাবাজী মহোদয় লিথিয়াছেন যে উহার উত্তর বিভাগ শ্রীরুন্দাবনের শ্রিরাধারমণের দেবাইত শ্রীল অদ্বৈত্চরণ গোস্বামীর নিকট ও পশ্চিম বিভাগ ভত্ৰত্য নিম্বাৰ্ক গ্ৰন্থাৰয়ে আছে (এ এ বিজ্ঞান জিলা বিষয়ৰ অভিধান, পৃ: ১৪৮৪)। পূর্ব্ব বিভাগে ৩১৫টা পদ আছে; তন্মধ্যে বিশ্বনাথ চক্রবর্তী হরিবল্লভ বা বল্লভ নাম দিয়া ৫১টা পদ রচনা করিয়াছেন। দৰ্কাপেকা অধিক-সংখ্যক পদ গৃহীত হইয়াছে গোবিন্দ-দাদে বচনা হইতে। গোবিন্দদাস কবিবাজের বচিত ৭৭।৭৮টা পদ অর্থাৎ সমগ্র পদাবলীর প্রায় এক-চতুর্ধাংশ ইহাতে স্থান পাইয়াছে। এগুলির মধ্যে ২৩টা পদ পদকল্পতকতে নাই। একটা পদের (২২।১ সংখ্যক 'অপরূপ গোরা নটরাজ প্রকট প্রেম বিনোদ নাগর

বিহরে নবদীপ মাঝ') রচয়িতা সম্বন্ধে সন্দেহ আছে।

এ পদটা ক্ষণদাতে বাহ্নদেব দত্তের ভণিতায় পাওয়া
যায়, কিন্তু পদকল্পতক্ষতে (২৯২৫) উহা গোবিন্দদাস
ভণিতায় ধৃত হইয়াছে। বাহ্নদেব দত্তের কোন পদ অগ্
কোথাও পাওয়া যায় নাই। ইহার রচনাশৈলীর সক্ষে
গোবিন্দদাস কবিরাজের স্থাসিদ্ধ পদগুলির সাদৃশু দেখিতে
পাওয়া যায় বলিয়া এটাকে আমি তাঁহারই রচনা বলিয়া
মনে করি। লক্ষ্য করিবার বিষয় এই যে ক্ষণদার এতগুলি
গোবিন্দদাস-নামান্ধিত পদের মধ্যে একটীমাত্র পদের
ভাষার সক্ষে গোবিন্দ আচার্য্যের ভাষার কিছু মিল দেখা
যায়। পদটা এই—

ষমুনা যাইতে পথে রসবতী রাই। দেখিয়া বিদরে হিয়া সম্বিত না পাই॥ কিবা থেণে আইমু স্থি কি দেখিমু ভারে। সে রূপ-লাবণি বনি নয়ন উপরে॥ মেলিয়া দীবল কেশ ফেলিয়া নিত্তে। চলে বা না চলে ধনী রস-অবলম্বে॥ তাহে মুখ মনোহর ঝলমল করে। কাম-চামর করে পূর্ণ শশধরে॥ তথি বিরাজই শ্রম-ঘর্ম বিন্দু বিন্দু। মুকুতা-ভৃষিত জহু পূর্ণমীকো ইন্দু॥ कृत्रन नीनिम तान तरह जाथ छेरत । আধ গিরি মাঝে জন্ম নব জলধরে॥ উর আধ পর লোলে মুকুতার হার। হুমেরু-শিখরে জমু হুরনদী ধার॥ মঝু মন বহতহিঁ করত দিনান। त्गिविन्ममान कटह हेह भव्रमान ॥

—ক্শুদা ১৮।৩

এই পদের ভাষায় ভণিতার তুই চরণ ছাড়া কোথাও রজবুলি নাই বটে, কিন্ধ শ্রীরাধার মুখের সঙ্গে শশধরের ও কেশের সঙ্গে চামরের তুলনা করিয়া কামদেব চক্রকে গমর-ব্যক্তন করিতেছেন বলা, মুখের ঘর্মবিন্দুর সঙ্গে ভুক্তাভূষিত পূর্ণিমার চক্রের উপমা দেওয়া, নীলসাড়ী বুকের অর্ধ্বেকটা ঢাকিয়াছে বলিয়া পর্কতের মধ্যদেশে বা অর্ধেক অংশে যেন নৃতন মেঘ উঠিয়াছে বলা, মৃক্তার হারকে হুমেরু শিথরের গঙ্গার ধারা বলা প্রাপ্রি বিভাপতির আলঙ্কারিক রীতির অহুসরণ। বিশেষ করিয়া গোবিন্দদাস কবিরাজের বৈশিষ্ট্যপূর্ণ ভণিতা 'গোবিন্দদাস কহে ইহ পরমাণ' এই পদটী যে তাঁহার হাতের রচনা তাহা বলিয়া দিতেছে। ব্রজবুলি যে সব পদে নাই সেগুলি বিশেষ বিচার করিয়া স্থির করিতে হইবে যে ঐগুলি গোবিন্দ আচার্য্যের রচনা কি গোবিন্দ কবিরাজের লেখা।

গীভচন্দোদয়

ভক্তিরত্বাকর ও নরোত্তমবিলাদের গ্রন্থকার নরহরি
চক্রবর্তী অষ্টাদশ শতান্দীর প্রথম পাদে গীতচন্দ্রোদয় নামে
এক স্থর্হৎ পদগ্রন্থ সঙ্গলন করেন। তাঁহার পিতা জগন্নাথ
চক্রবর্তী বিশ্বনাথ চক্রবর্তীর শিষ্য। ক্ষণদাগীতচিন্তামণির
আদর্শে তিনি যে গীতচন্দ্রোদয় রচনা করেন তাহা নিজেই
স্বীকার করিয়াছেন—

সামান্তত প্রথমেতে গাব গৌরগীত। চিস্তামণি থৈছে তৈছে এ গীতের রীত॥

-- 43: 5 ¢

গীতচদ্রোদয়ের আটটা বিভাগ। তাহার মধ্যে প্রথম বিভাগ গৌরক্বফরদামতের অন্তর্গত পূর্ব্রাগ প্রকরণ মাত্র হরিদাদ দাদ বাবান্ধী কর্তৃক প্রকাশিত হইয়াছে। উহাতে ১১৭০টা পদ আছে। ইহার মধ্যে গোবিন্দদাদ নামান্কিত ৬০টা পদ আছে।

পদায়তসমুদ্র

রাধামোহন ঠাকুর পদামুতসম্দ্রের মঙ্গলাচরণে বলিয়াছেন যে তাঁহার পিতা জগদানন্দ, পিতামহ ক্ষঞ্পাদাদ, প্রপিতামহ গোবিন্দগতি বা গতিগোবিন্দ ও বৃদ্ধ-প্রপিতামহ শ্রীনিবাদ আচার্য।

হরিদাস দাস বাবাজী মহাশয় লিখিয়াছেন যে রাধামোহন ঠাকুর ১১০৪ সনে অর্থাং ১৬৯৭ খ্রীষ্টাব্দে

जन्म श्रंहन करतन ७ ১১৮৫ मत्न वा ১११৮ औष्ट्रीरस व्यर्धार তাঁহার শিষ্য মহারাজ নলকুমারের ফাঁদি হইবার তিন বৎসর পরে দেহত্যাগ করেন। অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে পদামুত্দমুদ্র সঙ্গলিত হইয়াছিল বলিয়া মনে হয়। প্ৰামৃত্সমূদ্ৰে ৭৪৬টা প্ৰ আছে; তন্মধ্য রাধামোহন ঠাকুরের নিজের রচনা ২২৮টা পদ, যাহার মধ্যে ২১০টী ব্ৰহ্মবুলিতে, ২০টী বাংলায় ও ৫টী সংস্কৃতে রচিত। তাঁহার ১৮২টা পদ পদকল্পতকতে হইয়াছে। তিনি গোবিন্দদাস কবিরাজের পদের অতাম্ব অমুরাগী ছিলেন। তাই তাঁহার সম্বলিত ৭৪৬টা পদের মধ্যে ২৭০টী অর্থাৎ শতকরা প্রায় ৩৬ ভাগ পদ গোবিন্দাদের নামাগিত। তাঁহার গ্রন্থে তিনি নিজের ও গোবিন্দদাদের ছাড়। বিত্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, নরোত্তম ঠাকুর প্রভৃতি আরও ৩৬ জন কবির ২৪৮টী পদ সংগ্রহ কবিয়াছেন।

রাধামোহন ঠ: কুর যে কেবল ভক্তিমান্ কবি, পণ্ডিত ও
সঙ্গীতবিশারদ ছিলেন তাহা নহে , তাঁহার গ্রহদম্পাদনার
প্রণালীও ছিল বৈজানিক। তিনি অনেকগুলি পুঁথি
সংগ্রহ করিয়া তাহাদের পাঠ মিলাইয়া পদাম্তসম্প্র
সকলন ও তাহার টাকা রচনা করেন। টাকার অনেক
স্থানে তিনি পাঠান্তরের কথা উল্লেখ করিয়াছেন। তাঁহার
প্রত পাঠ অনেক ক্ষেত্রেই পদকল্পতক্ত-প্রত পাঠ অপেক্ষা
উৎক্রই। তুই একটি উদাহরণ দিলে ইহা স্পষ্ট ব্রা যাইবে।
রাসলীলার স্থপ্রসিদ্ধ পদ 'বিপিনে মিলল গোপ নারি'
ইত্যাদির (৫৫৬) মধ্যে পদকল্পতক্তর পাঠে দেখা যায় যে
প্রীক্রম্ম ক্রিম উদাসীতা প্রকাশ করিয়া গোপীদিগকে
জিজ্ঞাসা করিতেছেন যে তোমরা হঠাৎ রাত্রিকালে
এই বনে ছুটিয়া আসিয়াছ কেন ?

গলিত-দলিত কবরি বন্ধ কাহে ধাওত যুবতির্দ মন্দির কিয়ে পড়ল দন্দ বেঢ়ল বিপথ-বাহিনী।

সতীশচক্র রায় মহাশয় ইহার ব্যাখ্যায় লিথিয়াছেন—

'স্বাক ক্রবী-বন্ধন অলিত হইয়াছে—এরূপ যুবতিবৃদ্দ

(তোমরা) কি জন্ম (বনে) ধাবিত হইতেছ ? গৃহে কি কলহ উপস্থিত হইয়াছে ? বিপথগামিনী অর্থাৎ কুলটা স্থীগণ কি (তোমাদিগকে) বেষ্টিত করিয়াছে ? (কুলটাদের সাহচর্য্য কুলবতীগণের গৃহত্যাগের বলবং কারণ বটে)।' "মন্দির কিয়ে পড়ল দন্দ", ঘরে কি বাগড়া বাধিয়াছে ? এ পর্যন্ত ঠিক আছে। কিন্তু হঠাৎ কুলটারা যাইয়া গোপীদের গৃহ কেন বেষ্টন করিবেন ? আর করিলেই বা গোপীরা বনে চলিয়া আসিবেন কেন? ক্ষণদাগীতচিন্তামণিতে 'বেড়ল বিপথ-বাহিনী' স্থলে আছে 'বেড়ল বিশিথ-বাহিনী'। বিশিথ অর্থে তীর—বিশিথ-বাহিনী মানে তীরন্দাজ বাহিনী। হঠাৎ ঐ বাহিনী তোমাদের ঘর ঘেরিয়া ফেলিয়াছে কি ? তাই তাহাদের হাত হইতে বাঁচিবার জন্ম বনে আদিয়াছ ?

পদকল্পতকতে 'ভীতক চীত ভূজগ হেরি' ইত্যাদি (৬৬৭) পদটীতে পাঠ আছে—তৃয়া অভিসারে অবশ নব নাগরি। কিন্তু পদামৃতসমুদ্রের পাঠ—তৃয়া অভিসার রভদে বর নাগরি। অভিসারে 'অবশ হইয়া' বলা অপেক্ষা অভিসারের রভদে অর্থাৎ রদের আবেশে দেই শ্রেষ্ঠ নাগরী হাত দিয়া ফণীর মণি ঢাকিয়া দেয় বলা অনেক বেশী মনোরম। 'আওয়ে মধুঝতু মধুর ঘামিনী' (৬০০) ইত্যাদি পদকল্লতক-ধৃত পদে বিরহিণী রাধার অবস্থা সম্বন্ধে দৃতী মাধবকে বলিতেতেন—

বিরহ-জবে জবি কন্যা মঞ্জি বহল ক্লপক ছাই।

রূপ পুড়িয়া একেবারে ছাই হইয়াছে। ইহা অতিশয়োক্তি বটে, কিন্ত রূপের আবার ছাই থাকে কি? পদামৃত-সমুদ্রের পাঠ—

> বিরহজবে জবি কনক মঞ্জবী বহল রূপক ছায়।

বিরং রে সম্ভপ্ত হওয়ায় সেই কনকমঞ্জরী এখন যেন তাহার পূর্ব্বরূপের ছায়াতে পরিণত হইয়াছে। ইহা অনেক বেশী স্থান্ত বৃ

রাধানোহন ঠাকুর তাঁহার সংস্কৃত টীকায় গোবিন্দদাস কবিরাজ কর্তৃক ব্যবহৃত অনেক তুরুহ ও অপ্রচলিত শব্দের অর্থ না দিলে কবির বছ পদই আমাদের নিকট ছুর্ব্বোধ্য রহিয়া যাইত। ছই একটা উদাহরণ দিলে রাধামোহন ঠাকুরের নিকট আমরা কত ঋণী ব্ঝা যাইবে। বিরহের এই পদটা ধরুন-—

কুঞ্জ কুঞ্জর ভেল কোকিল শোকিল

রুদ্ধানন বনদাব।

চল্দ মন্দ ভেল চন্দন কন্দন

মাকত মারত ধাব॥

কভয়ে আরাধব মাধব।
তোহে বিহু বাধাময়ি ভেল রাধা।

কঙ্কণ ঝঙ্কন কিঙ্কিণি শঙ্কিনি

কুণ্ডল কুণ্ডলীভাণ।

যাবক পাবক কাজর জাগর

মৃগমদ মদকরি মান॥

মনমথ মনমথে চচ্ল মনোরথে

বিষম কুন্থম শর গোরি।
গোবিন্দদাস কহয়ে পুন এতিখনে

না জানিয়ে কিয়ে ভেল গোরি॥—৬৫৯
শোকিল, কন্দন, ঝঙ্কন, শঙ্কিনি, কুণ্ডলীভা

ইহাতে শোকিল, কন্দন, ঝহন, শৃষ্কিনি, কুণ্ডলীভাণ,
মুগ্মদ, মদক্রি প্রভৃতির অর্থ উপলব্ধি করা সহজ্পাধ্য
নহে। কিন্তু রাধামোহন ঠাকুর মহাশ্য আমাদের মৃদ্ধিল
আাগে হইতেই বৃঝিয়া বলিয়া দিয়াছেন—

"শোকিল শোককারক:। বনদাব বনাগ্নি:। মন্দ ছুংখদ ইত্যুৰ্থ:। কন্দন ক্রন্দন ক্রন্দয়তীত্যুৰ্থ:। মারত ধাব ধাবিতা মারয়তীত্যুৰ্থ:। বাধাময়ী ছুংখময়ী। ঝঙ্কন উদ্বেজক:। শঙ্কিনী শঙ্কাদায়িকা। কুণ্ডলী সর্পি:। পাবক বহুক্রপ:। জাগর হুদি ত্বাং জাগরবতীত্যুর্থ:। মদকরি মান মদযুক্তকরিণং মহুতে। সাম্যং ভীষণত্বাংশে ক্রেয়েম্।

যেমন শব্দার্থ ব্যাখ্যা, তেমনি অন্তনিহিত ভাবের মর্ম্মোদ্ঘাটনেও রাধামোহন ঠাকুর অন্ত নৈপুণা প্রদর্শন করিয়াছেন।

তরুণ অরুণ, দিন্দুর বরণ, নীল গগনে হেরি। ভোহারি ভরমে, তাদঞে রোধয়ে, মানিনী বদন ফেরি॥

কামু হে বাইক এছন কাজ। আটপ্রহরে, তো বিহু সাজই, আটহু নায়িকা সাজ ॥--৬৭১ ইহা পড়িয়া আমরা বুঝিয়া উঠিতে পারি না যে রাধা দিনের আটপ্রহরে আটরকমের নায়িকার রূপ কি ভাবে ধারণ করিতেছেন। কিন্তু রাধামোহন ঠাকুর ব্যাখ্যা করিয়া বলিয়া দিতেছেন যে, সকালবেলায় নীল আকাশের স্ব্যের রক্তিম আভা দেখিয়া রাধা খণ্ডিতা নায়িকার রূপ ধারণ করিয়া কানাইকে যেন বলিতেছেন যে তুমি তোমার ভালবাদার লোকের দিলূর মাথিয়া আমার কাছে আসিয়াছ ? এইভাবে তাঁহার কলহাস্তরিতা প্রভৃতি রূপেরও ব্যাখ্যা দেওয়া হইয়াছে। "অত্র প্রথমত: প্রাত: সময়ে নীলাভাকাশে অরুণং দৃষ্ট্রা অন্তনায়িকাদিলূরযুক্তং ভবন্তং মতা খণ্ডিতা, 'প্রাণদহচরি' ইত্যাদিনা কলহান্তরিতা, 'নয়ন মুদি কহে' ইত্যাদিনা উৎকণ্ঠিতা বিপ্ৰলবাচ। 'থঞ্জন ধ্বনি শুনি' ইত্যাদি চরণে বাসকসজ্জা। 'নীল নিচোল' ইত্যাদিনাভিদারিক।। 'গুমল তো স্ঞে' নিস্রাযুক্তং ঝাং মত্বেত্যর্থ: অত্র স্বাধীনভর্তৃকা। 'কোকিল কলরব' ইত্যাদিনা প্রোণিতভর্তৃকা ইত্যুষ্টো।" রাধামোহন নিজে একজন কবি। তাই গোবিন্দদাদের কবিতার পটভূমিকা ব্যাখ্যায় তিনি অনেক স্থানেই স্থতীর অনন্ত-সাধারণ রসামুভূতির পরিচয় দিয়াছেন।

পদামৃতসম্দ্রে ২৬০টা গোবিন্দ কবিবাজের পদের মধ্যে ২০টা এমন যাহা পদকল্পতক্ষতে সঙ্গলিত হয় নাই। আমার মাতামহ স্থাসিদ্ধ কীর্ত্তনবিশারদ অহৈতদাদ পণ্ডিত বাবাজী মহোদয়ের পদামৃতসম্দ্রের পুথি মৃদ্রিত পুথি অপেক্ষা বিশুদ্ধতর। সেইজ্য ঐ পুথির পাঠই অধিকাংশ-স্থলে পদের মূল পাঠরূপে প্রদত্ত হইল।

পদকল্পতরু

পদামৃতসমূত্র সঙ্কলনের ২০।২৫ বৎসবের মধ্যে বৈফ্বদাস অষ্টাদশ শতাকীর তৃতীয় পাদে পদকল্পতক সঙ্কলন করেন। ইনি গ্রন্থশেষে লিখিয়াছেন—

শ্রীআচার্য্য প্রভূবংশ শ্রীরাধামোহন। কে কহিতে পারে তার গুণের বর্ণন॥ ষাহার বিগ্রহে গোর-প্রেমের নিবাস।
যেন শ্রীআচার্য্য প্রভুর দ্বিতীয় প্রকাশ॥
গ্রন্থ কৈলা পদামৃতসমূদ আখ্যান।
জন্মিল আমার লোভ তাহা করি গান॥
নানা পর্যাটনে পদ সংগ্রহ করিয়া।
তাহার যতেক পদ সব তাহা লৈয়া॥
দেই মূল গ্রন্থ অভুসারে ইহা কৈল।
প্রাচীন প্রাচীন পদ যতেক পাইল॥

'যাহার যতেক পদ সব তাহা লৈয়।' বলিতে বৈদ্যবদাস যদি বুঝাইতে চাহেন যে পদামৃতসমূত্রের সকল পদই তিনি পদকল্পতকতে স্থান দিয়াছেন, তাহা হইলে সে কথা সত্য হয় না। গোবিন্দানেরই ২০টা এমন পদ পদামৃতসমূত্রে আছে, যাহা পদকল্পতকতে নাই। রাধামোহন ঠাকুরের ২২৮টা পদ পদামৃতসমৃত্রে আছে, কিন্তু পদকল্পতকতে মাত্র ১৮০টা পদ পত হইয়াছে। চণ্ডীদানের 'শুন শুন সই কহিছ তোরে' ইত্যাদি পদটা পদামৃতসমৃত্রের ৪০০ পৃষ্ঠায় ধৃত হইয়াছে, কিন্তু পদকল্পতকতে এটা নাই।

পদকল্পতক্ষতে কোনিন্দাস-নামান্তিত ৪৭০টা পদ আছে, তন্মধ্যে সভাশচন্দ্র রাঘ মহাশয় ১০টাকে গোবিন্দ চক্রবর্তীর বলিয়াছেন, এবং তিনটা (২৬১, ১৬৪০, ১৬৭১) বিভাপতি ও গোবিন্দাসের যুক্ত নামে উল্লেখ কবিয়াছেন। বৈঞ্বদাস অহ্য কোন কবির এত অধিক-সংখ্যক পদ উদ্ধৃত করেন নাই। তাহার সদ্ধলিত ১০০১ পদের শত-করা প্রায় ১১ ভাগ গোবিন্দ কবিরাজেব পদ। তিনি পদগুলি সংগ্রহ করিয়া না রাখিলে ইহাদের অধিকাংশই আজ্ব পাঠকদিগের নিক্ট অপরিচিত থাকিয়া খাইত।

বাংলাদেশের ও বাংলা-সাহিত্যের সৌতাগ্য যে সতীশচন্দ্র রায়ের মতন স্থপণ্ডিত, স্থানিক ও পদাবলীসাহিত্যের জহুরী পদকল্পতক সম্পাদনা করিয়াছেন।
তিনি এই বিপুল-সংখ্যক পদের পাঠোদ্ধার, পাঠনির্ণয়
ও ব্যাখ্যা করিতে একক যে পরিশ্রম করিয়াছেন তাহা
চিন্তা করিলে শ্রদ্ধা ও বিশ্বয়ে অন্তর ভরিয়া উঠে। তাহার
টীকার সাহায্য লইয়া আমি গোবিন্দদাদের অধিকাংশ
পদের ব্যাখ্যা করিয়াছি। তবে সকল স্থানে তাহার প্রাদত্ত

ব্যাখ্যাকে স্বীকার করিয়া লইতে পারি নাই। কিন্তু তাঁহার প্রতি সন্ত্রমবশতঃ তাঁহার ব্যাখ্যার কোন প্রতিবাদ না করিয়া আমি আমার সামাত্ত জ্ঞানবৃদ্ধিমত স্বতন্ত্রতাবে এসব পদের ব্যাখ্যা করিয়াছি। প্রত্যেক পদের নীচে আকর-নির্দ্দেশ (reference) দেওয়া আছে। তাহার সাহায্যে অনুসন্ধিংস্থ পাঠক আমার প্রদত্ত ব্যাখ্যার সহিত সতীশচন্দ্র রায় মহাশয়ের প্রদত্ত ব্যাখ্যা মিলাইয়া দেখিতে পারিবেন।

পদকল্পতক সম্পাদনা করিবার সঙ্গে সঙোশচন্দ্র রায় মহাশয় অপ্রকাশিত পদরত্বাবলী নাম দিয়৷ ১০২৭ বঞ্চাদে এক অত্যস্ত ম্ল্যবান্ গ্রন্থ প্রকাশ করেন। তাহাতে তিনি গোবিন্দদাস-নামান্ধিত ৬০টী পদ পদরস্পার, পদরত্বাকর, বাঁকুড়ার প্রাচীন পুঁথি প্রভৃতি হইতে উদ্ধার করিয়া দিয়াছেন। এগুলিব মধ্যে আমি তিনটীকে (৬৮৬,৬৯২,৬৯০) গোবিন্দ আচাগ্যের বলিয়া নির্দেশ করিয়াছি। সভীশচন্দ্র রায় মহাশয়ের তায় ব্যক্তিও কিন্তু গোবিন্দদাসের তেরটী পূর্ক্প্রকাশিত পদকে অপ্রকাশিত পদ বলিয়া মনে কবিয়াছিলেন: যথা-

- (১) ৬১—সজল জলদ অস মনোহৰ ইত্যাদি—ক্ষণদ। ১৯1৪ ও গীতচলোদয় ১৭০ পঃ
- (২) ৬২ মউর শিপওক-মণ্ডিত ইত্যাদি—কীর্ত্তনানন ৬৮, গীতচন্দ্রো ১০৫
- (৩) ৬৪—করি জলকেলি অলি মঞে বালা ইত্যাদি —কীর্ত্তনানন্দ ১২৯, গী ৩৫৬
- (৪) ৬৯—তুয়৷ মৃথ-চন্দ-কোটি জিনি শোভিত ইত্যাদি
 —সংকীভিনামূত ১২২
- (৫) ৭০—পাপ চকোর চন্দ বলি ধাবই ইত্যাদি— সং ১২১
- (৬) ৭৭—দেখ স্থি রাধামাধ্ব সঙ্গ-ক্ষণদা ২৬।১১
- (৭) :..—ছহু মুখ দরশি বিহ্সি ছহু লোচন— কী ১৮৭
- (৮) ৮০—সজনী করহ প্রান, প্র মিলব তুয়া কান— রসমঞ্রী পু: ১১
- (৯) ৯৫--- সজল নয়নে রজনি জাগি--- সমুদ ১৮৯

- (১০) ৯৯— দ্র সঞে নয়নে নয়নে জনি হেরবি—ক্ষণদা ২০১৯, তরু ৫২৭
- (১১) ১০৫-- যব ধনি কাছু কয়ল ভহি কোর--কী ১৯৩
- (১২) ১১৬-জাগি খ্রাম-কোরে বৈঠলি নারি-কী ২৩১
- (১৩) ১১१--- मिश्रिंग (मिल (य कत्रल भग्नां -- मः ১००

পদাবলী সঙ্কলন করা যে কত কঠিন কাজ তাহাই দেখাইবার উদ্দেশ্যে এই তালিকা দিলাম। ডাঃ স্থকুমার সেনও সংকীর্ত্তনামুতে (৩২৯) প্রকাশিত 'শুনিয়া মধুর ম্রলি তান' ইত্যাদি পদটি অপ্রকাশিত মনে করিয়া সাহিত্য-পরিষৎ-পত্রিকার ৩৬শ থণ্ডে ছাপিয়াছিলেন।

প্রাচীন সঙ্গলনগ্রন্থগুলির মধ্যে ক্ষণদাগীত চিস্তামণি ও বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কর্তৃক প্রকাশিত পদকল্পতক এবং সংকীর্ত্তনামৃত ছাড়া অক্ত কোনখানিতেই পদস্চী নাই। তাহার উপর একই পদ কোন গ্রন্থে 'শুন শুন' বলিয়া, কোন গ্রন্থে 'সজ্জনী' বলিয়া, আবার অক্ত গ্রন্থে তৃতীয় চরণ হইতে আরম্ভ হইয়াছে বলিয়া কোন পদটী ন্তন, কোন্টী প্রপ্রিপ্রকাশিত ভাহা বাহির করা সহজ্পাধ্য নহে।

সংকীর্ত্তনামূত

দীনবন্ধান ১৬৯৩ শকে (১৭৭১ আঁটান্দে) ৪৯৪টা পদ লইয়া সংকীর্ত্তনামৃত সঙ্গলন করেন। ইহার মধ্যে তাঁহার নিজের রচিত পদের সংখ্যাই ২০৭, যদিও তিনি গ্রন্থে বলিয়াছেন—

পূর্ব্বপূর্ব্ব মহতের যত পদাবলী।
তাহারি সংগ্রহ করি হইঞা কুতৃহলী॥
কদাচিৎ তৃই এক স্বকৃত বর্ণন।
মধ্যে মধ্যে দিব রস সংলগ্ন কারণ॥

স্বন্ধত পদের পরেই সব চেয়ে বেশী সংখ্যক পদ তিনি
লইয়াছেন গোবিন্দদাসের রচনা হইতে। গোবিন্দদাসনামান্ধিত পদের সংখ্যা তাঁহার গ্রন্থে ১৫৪ অর্থাৎ শতকরা
একত্রিশ ভাগের বেশী পদ গোবিন্দ কবিরাজের। রাধামোহন ঠাকুরের স্থায় দীনবন্ধুদাসও একাধারে কবি,
পঞ্জিত ও বৈফ্ব-ঐতিহ্যের ধারক ছিলেন। তাঁহার

প্রপিতামহ শ্রীঠাকুর হরি, পিতামহ নন্দকিশোর, পিতা বলবীকান্ত ঠাকুর বহু বৈষ্ণব-গ্রন্থ সংগ্রহ করিয়াছিলেন। অষ্টাদশ শতাকীতে যখন ছাপাখানার প্রচলন হয় নাই, হাতে লিখিয়া বা লিখাইয়া বই সংগ্রহ করিতে হইত, তখনও একটা সংস্কৃতিমান্ পরিবারে কিরূপ লাইবেরী থাকিত তাহার আভাস দীনবন্ধদাস দিয়াছেন—

পূর্ব্ধ প্রতি পুরুষের যোগ্যতা অনস্ত।
পাণ্ডিত্যে সংগ্রহ কৈল কত শত গ্রন্থ ॥
স্তবমালা স্তবাবলী বিদ্ধান্ধব ।
বোধনদলীলামৃত আর ললিত্যাধব ॥
বিজ্ঞান্ধল কর্ণামৃত রসামৃতসিন্ধু ।
ব্রহ্মসংহিতা ভাগবতামৃত নানাছন্দ ॥
সন্দর্ভ দশম টিপ্লমী আদি যত ।
ভক্তিগ্রন্থ সংগ্রহ করিত শত শত ॥
ইতিহাস পুরাণ আগম অলহার ।
নব্য প্রাচীন শ্বৃতি সাহিত্য অপার ॥
পদ পদাবলী কত করিল বর্ণন ।
প্রাচীন আনিঞা কত করিল লিখন ॥

এইরকম একটা লাইবেরী হাতের কাছে পাইরাছিলেন বলিয়া দীনবন্ধুদাস অনেক পদের সহিত প্রাচীন সংস্কৃত শ্লোকাদির তুলনা করিতে পারিয়াছেন ও বৈফ্ব-রসশাস্ত্র হইতে উদ্ধৃতি দিয়া ব্যাখ্যা করিতে সমর্থ হইয়াছেন।

গোবিন্দাদ-নামাঞ্তি অষ্টকালীয় নিত্যলীলার কোন কোন পদ এত দরল ভাষায় বিনা অলম্বার-প্রয়োগে রচিত হইয়াছে যে, দন্দেহ হয় ঐগুলি কবিরাজ গোবিন্দ-দাদের রচনা কিনা। কিন্তু দীনবন্দাদ ঐ সন্দেহ নিরদন করিয়াছেন—

> অপরূপ এক দিবদের নিত্যলীলা। শ্রীগোবিন্দ কবিরাক্ষ ঠাকুর বর্ণিলা।

> > —পৃ: ২

কীৰ্ত্তনানন্দ

অষ্টাদশ শতাকীর শেষভাগে গৌরস্থলরদাস কীর্ত্তনানন্দ সক্ষম করেন। ইহাতে ৬০ জন কবির রচিত প্রায় ৬৫০টী পদ আছে। তাহার মধ্যে ২০১টী পদ গোবিন্দদাস-নামান্ধিত। কীর্ত্তনানন্দে গোবিন্দদাসর এমন ৩০টী পদ আছে যাহা পদকল্পতক্ষতে নাই। কিন্তু কীর্ত্তনানন্দ অত্যন্ত অসাবধানতার সহিত সম্পাদিত ও মৃত্রিত হইয়াছিল বলিয়া ইহাতে অসংখ্য অম-প্রমাদ দেখা যায়। তংসত্তেও অনেক স্থলে কীর্ত্তনানন্দে প্রদন্ত পাঠের বিশেষত্ব আছে। সতীশচন্দ্র রায় মহাশয় পদকল্পতক্ষর ভূমিকায় (পৃ: ৪) লিখিয়াছেন, পদকল্পতক্ষর সঙ্গলয়িত। কৌরস্ক্রেনাস "কেহ কাহায়ও সংগ্রহগ্রন্থের ঘৃণাক্ষরেও উল্লেখ করেন নাই। কীর্ত্তনানন্দে বৈফ্রনাস ভণিতার কোনও পদ উদ্ধৃত হয় নাই; কিন্তু পদকল্পতক্ষতে গৌরস্ক্রেনাস ভণিতার পাঁচটা পদ উদ্ধৃত হইয়াছে।" কিন্তু আমরা দেখিতেছি যে, কীর্ত্তনানন্দের পঞ্চম পৃষ্ঠার নবমসংখ্যক পদটা বৈফ্রদান্ধ্য —

বৈষ্ণবদাদেতে কয় মনেব হরিষে। জন্মনিত্যলীলা প্রভু করিলা প্রকাশে॥

আমার মনে হয় বৈফ্বদাস ও গৌরস্দ্বদাস সম্সাময়িক।

অন্যান্য গ্ৰন্থ

বিশ্বনাথ চক্রবর্ত্তীপাদের শিশু নন্দকিশোরদাস উজ্জ্লনীলমণি অবলম্বনে রসকলিকা নামক একথানি গ্রন্থ
অষ্টাদশ শতাকীর প্রথমে রচনা করেন। তাঁহার গ্রন্থে
বিভিন্ন রসের দৃষ্টাস্তম্বরূপ গোবিন্দদাসের নিম্নলিখিত
১২টা পদ ধৃত হইয়াছে—

- ১। মন্দির বাহির কঠিন কপাট—(ভণিতাহীন) পৃঃ ৩০
- ২। কুলবতী কঠিন কপাট উদঘাটলু—(ভণিতাংীন)

পৃঃ ২৩

- ৩। দেখ দখি অটমীক রাতি—(ভণিতাহীন) পৃঃ ৩৬
- ৪। আকুল চিকুর চূড়পরি চন্দ্রক—(ভণিতাযুক্ত) পৃঃ ৬৬
- ে। আন্ধল প্রেম পহিলে—(ভণিতাযুক্ত) পৃঃ ৩৭
- ৬। তন বল্লভ কান, ভাল তুহুঁ চতুর স্থান— (ভণিতাযুক্ত) পৃঃ ৬৮

- ৭। সজল নয়ানে রজনী জাগি—(ভণিতাযুক্ত) পৃ: ৩১
- ৮। যাহা পহুঁ অরুণ চরণে চলি যাত—(ভণিতাযুক্ত)
- ১। তরুণ অরুণ সিন্দুর বরণ--(ভণিডাযুক্ত) পৃঃ ১৫৩
- ১০। না জানিয়ে কো মথ্রাসঞে আওল—(ভণিতাযুক্ত) পঃ ১৫৩
- ১১। নামহি অক্র ক্র নহে যা সম—(ভণিতাযুক্ত) পুঃ ১৫৪
- ১২। হরি নহ নিরদয় রসময় দেহ—(ভণিতাযুক্ত) পুঃ ১৫৫

১২৯২ সালের বৈশাথ মাসে প্রকাশিত কবিওক রবীন্দ্রনাথ ঠাকুর ও শীশচন্দ্র মজুমদার মহাশয় সঙ্কলিত পদরত্বাবলী নামক গ্রন্থে গোবিন্দ্রদারে নিম্লিখিত ১১টা শ্রেষ্ঠ পদ গ্রত হইয়াছে—

- ১। চল চল কাচা অঙ্গের লাবণী
- ২। ভালে সে চন্দন চাঁদ
- ৩। কুল মরিয়াদ কবাট উদঘাটলু
- ৪। পৌথলি রজনী প্রন বহু মন্দ
- ে। মন্দির বাহির কঠিন কবাট
- ৬। কান্ত নহ নিঠুর চলি যাত
- ৭। যহি যহি নিকসয়ে তমু তমু জ্যোতি
- ৮। ভূলে ভূলে রে দোঁখার রূপে নয়ন
- ৯। শ্রদ চন্দ প্রন মন্দ
- ১০। আজ বিপিনে যাওত কান
- ১১। গাঁহা পছ অরুণ চরণে চলি যাত

২০০৪ দালে বা ১৮৯৭ খ্রীষ্টাব্দে বস্থমতী কার্যালয় হইতে উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় মহাশ্য প্রাচীন কবির গ্রন্থাবলীর দ্বিতীয় ভাগে প্রায় ৪০১টা গোবিন্দদাদনামান্ধিত পদ প্রকাশ করেন। উহাই বর্ত্তমানে প্রচলিত দতীশচন্দ্র মুখোপাধ্যায় মহাশ্য সম্পাদিত বস্থমতী কার্যালয় হইতে প্রকাশিত বৈষ্ণব মহাজন পদাবলীর চতুর্থ খণ্ড "গোবিন্দদাদের পদাবলীর" উপজ্ঞীব্য। ১৩২৭ বঙ্গাবদ অপ্রকাশিত পদরত্বাবলী প্রকাশিত হইলে উহা হইতে কতকগুলি পদ ইহাতে সংযোজিত হয়; কিন্ধ

প্রাচীন কবির গ্রন্থাবলীর ২৫৭ হইতে ২৯২ সংখ্যক পদ ইহাতে মুদ্রিত হয় নাই। ইহা ছাড়া আব কোন পার্থক্য এই ছুই সঙ্কলনের মধ্যে নাই।

প্রথমোক্ত গ্রন্থে গৌরলীলা আরম্ভ হইয়াছে ৩১৫ সংখ্যক পদে, শেগেক গ্রন্থে ৩৪২ সংখ্যক পদে। ইহা इट्रेंट त्या यहित त्य, आधुनिक मध्यत्रत करम्की भन বেশী সংযোজন করা হইয়াছে। বৰ্ত্তমান বস্ত্ৰমন্তী সংস্করণে ৪৬৫টা পদ আছে ; কিন্তু তাহার মধ্যে দশটী পদ ত্ইবার করিয়া ছাপ। হইয়াছে। । ৮০ পৃষ্ঠায় ভণিতাহীন 'বিনোদ ফুলের বিনোদ মালা' পদটীর হুই কলি মাত্র মুদ্রিত দেখা যায়। ৮৪ পৃষ্ঠায় 'নাচে নিত্যানন্দ ভূবন আনন্দ' ইত্যাদি 'শ্রীনিবাদস্থত গতিগোবিন্দ চিত ভোর রে' ভণিতাযুক্ত একটা পদও গোবিন্দদাদের স্বন্ধে চাপাইয়া দেওয়। হইয়াছে। স্বতরাং ইহাতে প্রকৃতপক্ষে ৪৫৬টা গোবিন্দদাদ-নামান্বিত পদ আছে। ইহাতে বিশুদ্ধ পাঠ নির্ণয় করিবার কোথাও কোন চেষ্টা দেখা যায় না। 'সহজেই কাঞ্চন গোৱা' পদে (পুঃ ৭৯) ভণিতায় ছাপা হইয়াছে—

পূরল জগজন আশ। বঙ্কিম ভেল তহি গোবিন্দদাস॥

মানে দাঁড়ায় সকলের আশা পূর্ণ হইল দেখিয়া গোবিন্দ-দাসের মন থারাপ হইয়া গেল। বরাহনগরের পুথিতে প্রকৃত পাঠ আছে—

পূরল জগজন আশ। বঞ্চিত গোবিন্দাস॥

- * (ক) কাহারে কহিব কামুর পিরিতি--প্রঃ > ৩ ৪৪
 - (গ) কুন্দকুসুমে তরু করবীক ভাক—পৃঃ ২৪ ও ৪৬
 - (গ) অম্বরে ডম্বরু ভরু নব মেহ-পু; ২৭ ও ৪৭
 - (ঘ) মুদির মরকত মধুর মুবতি—পৃঃ ৬০ ও ৮৭
 - (৬) নিরূপম কাঞ্চন রুচির কলেবর—পৃঃ ৫৬ ও ৮৯
 - (চ) শারদ স্থাকর মণ্ডল থণ্ডন—পৃঃ ৫৬ ও ৮৯
 - (ছ) হিমকর মলিন নলিনীগণ হাসউ—পুঃ ৬৭ ও ১১
 - (জ) ধনি ধনি রমণী শিরোমণি রহে—পৃঃ ৭৮ ও ৯৭
 - (ঝ) হেরইতে বিনোদিনী ভুলল রে-পুঃ ১৯ ও ৯২
 - (ঞ) বিপিনহি কেলি কয়ল—পৃঃ ১৯ ও ৯৮

'কহল সো খল জন দোখল কান' ইত্যাদি (বর্ত্তমান সফলনের ৫১১) পদটা ছাপা হইয়াছে 'কোমল মাখন জহু দেখল কান' রূপে (পৃ: ৩২)। কাহু মাখনের মতন কোমল কি না তাহার সঙ্গে মান বাড়াইবার কোন সম্মন্ত নাই। এইসব দোষ সত্ত্বেও বলা প্রয়োজন যে, বস্ত্মতী কার্য্যালয় সন্তায় গোবিন্দাপের পদ প্রচার করিয়া কবিকে বাঁচাইয়া রাথিয়াছেন।

৪১৬ শ্রীচৈতত্যাবদ বা ১৯০২ খ্রীষ্টাব্দে গোবিন্দানের পদাবলী স্বতন্ত্র আকারে প্রচার করিতে প্রয়াস পান শান্তিপুরনিবাসী কালিদাস নাথ মহাশ্র। তাঁহার সম্পাদিত 'গোবিন্দানের পদাবলী'তে মাত্র ২৯১টা পদ সঙ্কলিত হুইয়াছে। উহার মধ্যে আবার ৮৬ এবং ২০৪ সংখ্যক পদ একই। স্বতরাং প্রকৃতপক্ষে ২৯০টা পদ তিনি ছাপিয়াছিলেন। তিনি পদামৃতসমৃদ্র, পদকল্পতক্ষ, ক্ষণদা, সংকীর্ত্তনামৃত, কীত্তনানন্দ প্রভৃতি কোন সঙ্কলনপ্রস্থ দেখেন নাই; কেননা, তাহার ৯৯ সংখ্যক পদ 'কত্রে কলাবতি যুবতি স্বমরতি' ঐ সব সঙ্কলনে থাকা সত্বেও তিনি লিখিয়াছেন—"এই পদটা অত্য কোন পুঁথিতে নাই।" তিনি একথানি মাত্র প্রাচীন পুঁথি দেখিয়া ঐ সঙ্কলন করিয়াছেন। তিনি খদি পদকল্পতক্র মতন স্থাসিদ্ধ সঙ্কলন করিয়াছেন। তিনি খদি পদকল্পতক্র মতন স্থাসিদ্ধ সঙ্কলনগ্রহ অবলম্বন করিতেন তাহাহইলে অত্তঃ ৪৪০টা পদ দিতে পারিতেন।

১০১২ বন্ধান্দে অর্থাৎ ১৯০৫ প্রীপ্তান্দে ত্র্গাদান লাহিড়া মহাশয় বন্ধবানী প্রেন হইতে বৈফ্বপদলহরী প্রকাশ করেন। ইহাতে গোবিন্দদান-নামান্ধিত ৪৯০টা পদ প্রকাশিত হয়; কিন্তু তাহাদের মধ্যে ১৯২ পৃষ্ঠায় 'নিতাইর নিছনি লইয়া মরি' ইত্যাদি এবং 'নাচে নিত্যানন্দ ভ্বন আনন্দ' ইত্যাদি ত্ইটা গভিগোবিন্দের পদও ছাপা হইয়াছে। ৩৬৯ পৃষ্ঠায় গোবিন্দাদের নামে 'গাইব সব মধুমান' শীর্ষক বারমাস্থার প্রথম পদটী ছাপা হইয়াছে; উহা পদকল্পতকর 'গাবই সব মধুমান' (১৮০২)। এই বারমাস্থা সম্বন্ধে বৈফ্বদান লিখিয়াছেন যে, প্রথম চারি মান সম্বন্ধে, রচনা বিভাপতির। বৈফ্বপদলহরীতে প্রেমবৈচিত্ত্য মৃন্তিত হইয়াছে প্রেমবৈচিত্ত্যক্ষণে

(পৃ: ৩৪৬)। এই সংগ্রহে নয়টী পদ তুইবার মৃদ্রিত হইয়াছে।*

পদাম্তমাধুরী ১৯৬১ হইতে ১৯৪২ গ্রীষ্টান্দের মধ্যে অবৈতদাদ পণ্ডিত বাবাজী মহাশয়ের ছাত্র নবদীপচন্দ্র বজবাদী ও থগেক্তনাথ মিত্র মহাশয় কর্তৃক চারগণ্ডে প্রকাশিত হয়।

উপজীব্য পুথির বিবরণ

কেবলমাত্র গোবিন্দলাদের পদযুক্ত পুথির সংখ্যা প্রচুর। তাহার উপর আবার যে কোন পদাবলীসংগ্রহের পুথিতে গোবিন্দলাদের পদের সংখ্যা সক্ষাপেক্ষা বেনী। আমি বরাহনগর পাঠবাড়ীর গ্রন্থমন্দিরে গোবিন্দলাদের পদের ২৫ পানি পুথি পাইরাছি। পুথিওলি অত্যন্ত মূল্যবান্। কিন্তু সেগুলি রক্ষা করিবার কোন স্থ্যবৃত্য নাই! সম্ভলি পুথি একটি বাভিলে বাধিয়া রাখা হইয়াছে। না আছে কাঠের বা কার্ডবাডের পাটা; না আছে গেক্যা বা অ্যা কোন বল্পের আচ্ছাদন। পুথিওলির কোন ভাল ক নিকা প্রান্ত নাই! গোবিন্দলাদের সমস্ত পুথিওলির ক্রমিক সংখ্যা দেওয়া আছে।

এই পুথিগুলির মধ্যে ৪ (৩) স'প্যক পুথিখানি খুব মূল্যবান্। ইহার পএসংখ্যা ১ ৬৩, তবে চতুদ্দশ পত্রখানি নাই। হাতের লেখা স্থানর। পদগুলিও অতি মনোরম। আড়াই শত বংসবের প্রাচীন পুথি বলিয়া মনে হয়। পুথির মালিক গৌরবরণ দাস, পিতা ৬ রাধারমণ অধিকারী, ওরফে রামরতন ভট্টাচাষ্য। ১৩৩৭ সালে শ্রীষতীক্রকুমার গোষামী পুথিখানি গ্রন্থমন্দিরে দান করেন। ইংতে প্রায় ২৮০টা গোবিন্দদাসের পদ আছে। পদগুলি ও তাহাদের ক্রমবিন্তাসরীতির সঙ্গে সাহিত্য-পরিষদের ১৮০ সংখ্যক পুথির ও ১৯০২ খ্রীটান্দে কালিদাস নাথ কর্ত্বক প্রকাশিত গোবিন্দদাস-পদাবলীর অনেক মিল দেখা খায়। তুই চারিটা পদ একটু আগেপিছে সাজানো। আমার ধারণা—বরাহনগরের ঐ পুথি, সাহিত্য-পরিষদের ১৮০ সংখ্যক পুথি এবং কালিদাস নাথের উপজীব্য পুথির আকর হইতেছে গোবিন্দদাসের স্ব-নির্মাচিত পদাবলী।

গোবিন্দাস স্বর্চিত পদের একটা সঙ্গলন করেন। ভক্তিরত্বাকরে এইরূপ একটা ঐতিহ্য লিপিবদ্ধ আছে।

গোবিন্দ কবিরাজ খেতবি ১ইতে।
আইলা বিদায় হৈয়া বুধুরি গ্রামেতে॥
নিজ্জনে বসিয়া নিজ গীতরত্বগণে।
করেন একত্র অতি উল্লাস্ত মনে॥

- ভভিরত্নাক্র, পুঃ ১০০৫

সাহিত্য-পরিষদের ১৮৩ সংখ্যক পুথিথানি ১১৮৩ সালে ৭ই ফান্তন তারিথে অর্থাং ১৭৭৭ গ্রীষ্টাব্দে ক্লক্ষনাথ গোস্থানী নকল করেন। ইহার পদসংখ্যা ২৯২, কিন্তু 'বিরহক বেদনে' ইত্যাদি পদটা ৮৯ ও ২০৭ সংখ্যায় তুইবার ধরা হইয়াছে। পদগুলি নিম্নলিখিত ৩৩টা বিষয় লইয়া রচিত—

(১) গৌৰচন্দ্ৰের রূপ, (২) শীরুঞ্জের রূপ,
(৩) গোষ্ঠলীলা, (৪) শ্রীরাধার রূপ, (৫) শ্রীরাধার
পূর্বরাগ, (৬) শ্রীরুঞ্জের পূর্বরাগ, (৭) শ্রীরাধার স্বয়ংদৌত্য,
(৮) শ্রীরুঞ্জের স্বয়ংদৌত্য, (১) শ্রীরাধার ও শ্রীরুঞ্জের
আপ্তদূতী, (১০) রূপোলাস, (১১) রাস, (১২) সম্ভোগ,
(১৬) মান, (১৭) বিরহ, (১৮) অভিসারোৎক্ঠা,
(১৬) মান, (১৭) বিরহ, (১৮) অভিসারোৎক্ঠা,
(১০) অভিসার, (২০) অভিসারাহ্রাগ, (২১) বাসকসজ্জা, (২২) উৎক্টিতা, (২৬) বিপ্রশ্বরা, (২৪) থণ্ডিতা,
(২৭) কলহান্তরিতা, (২৬) প্রোধিতপ্রেয়্সী,
(২৭) ভবন্বিরহ, (২৮) মাথুর, (২৯) বার্মাসিয়া,

^{* (}ক) স্থবধুনী বাবি ঝারি ভরি চাবত-- পুঃ ২৮৬ এবং ২৯২

⁽গ) ধ্বজ বজাস্থূৰ প্ৰজ কলিওম---পৃঃ ২৯৩ এবং ৬৮২

⁽গ) ইন্দু অমিঞা বয়ন আগোরল—পৃঃ ৩০৯ ও ৩১৭

⁽ঘ) আনহি ছল করি ফুবল করে ধরি --পৃঃ ২৭২ ও ১১১

⁽৬) তকু তকু মিলনে উপজল প্রেম—পৃঃ ২৭০ ও ০০০

⁽⁵⁾ ও নব জলধর অঙ্গ--পৃঃ ৩০১ ও ৩৬৮

⁽ছ) মনমণ মকর ডরহি ডর কাতর—পৃঃ ৩২৩ ও ৩৫৫

⁽জ) আন্ধল প্রেম পহিলে হেরিকু-- পুঃ ৩৬১ ও ৩৬৫

⁽ঝ) আঁচিরে মুখশনী গোয়—পুঃ ৬১৯ ও ৩৭০

(৩০) স্বাধীনভর্ত্কা, (৩১) ফাগুথেলা, কেলি, (৩২) দান, (৩৩) নৌকাবিলাদ।

আমরা এই পুথিকে সা. প. (১) সংস্কৃতিক দারা নির্দেশ করিয়াছি। ইহার পদগুলি একেবারে ভেজালহীন, থাটি কাব্যরসে পরিপূর্ণ। পদগুলির মধ্যে কেবল চারিটী প্রায় থাটি বাংলায় লিখিত, অক্যান্ত সবগুলি ব্রজ্বুলিতে রচিত। এ চারিটী পদ হইতেছে—

৬৫—চিকণ কালা, গলায় মালা—(বরাহনগর ৫৭ সংখ্যা)

১৪৫—মৃঞি যদি বলোঁ। পাসরোঁ। কাল--(বরাহ্নগর ১৩৭ সংখ্যা)

২৮৫—এই বৃন্দাবন পথে নিতি নিতি করি— (কালিদাস নাথ ১৪১)

২৮৭ — শুন শুন স্থান স্থান ব্যজন কানাই

'চিকণ কালা' পদটীর শেষ তুই চরণে গোবিন্দাদ
কবিরাজের অতুলনীয় রচনাভঙ্গীর নিদর্শন দেখা যায় —
শ্রবণে চঞ্চল, মকর কুগুল, পিন্ধন পিয়ল বাদ।
রাতা উত্তপল, চরণযুগল, নিছনি গোবিন্দাদ॥
'চিকণ কালা গলায় মালা' যে কবি লেখেন, তাঁহার কাছে
আমরা আশা করি 'কাণেতে ত্লিতেছে'; কিন্তু ঐ পদে
রহিয়াছে 'শ্রবণে চঞ্চল' আর তাহার ধ্বনির দঙ্গে মিলাইয়া

'চিকণ কালা গলায় মালা' যে কবি লেখেন, তাঁহার কাছে আমরা আশা করি 'কাণেতে ত্লিতেছে'; কিন্তু ঐ পদে রহিয়াছে 'শ্রবণে চঞ্চল' আর তাহার ধ্বনির সঙ্গে মিলাইয়া 'মকর কুণ্ডল', 'পহিরণ পীত বাস' না বলিয়া কবি ঐ শব্দের ঝন্ধার বাড়াইয়া লিখিয়াছেন 'পিন্ধন পিয়ল বাস'। চরণযুগলকে রক্ত উৎপলের সঙ্গে তুলনা দেওয়াও কবির বৈশিষ্ট্য-দ্যোতক। 'ম্ঞি যদি বলোঁ পাসরোঁ কান' পদটাতে একটু আধটু ব্রজ্বুলির আভাস যে নাই তাহা নহে:

শ্যামের নামে সে পরাণ উছলে ঐছন পড়ল অকাজে।

ঐ পদের ধ্বনিই মেলে 'পিয়ার কথা কি পুছসি বে সথি, পরাণ নিছনি দিয়ে' পদে (৫৯৮)। 'এই বৃন্দাবন পথে, নিতি নিতি করি গতাগতে' পদেও 'গতাগতে', 'বরজ যুবরাজ', 'কহতহি' প্রভৃতি শব্দকে একেবারে হাঁট বাংলা বলা যায় না। পরবর্তী পদটাতে 'গোরস জানিয়ে' 'নারীর বেশন' ইত্যাদি শব্দও কবিকে চিনাইয়া দেয়।

ঐ চারিটা পদকে গোবিন্দদাস কবিরাজের অক্তরিম রচনা বলিয়া ধরিলে নিম্নলিখিত পদগুলির রচয়িতার সম্বন্ধেও কোন সন্দেহ উঠে না।

যম্না যাইতে পথে রসবতী রাই।
দেখিয়া বিদরে হিয়া দোয়াথ না পাই॥ (২৫১)
পদটীর শেষের দিকে যে উপমার বাহুল্য দেখা যায় তাহা
গোবিন্দদাস কবিরাজের নিজস্ব ভঙ্গী:

ফুন্নল নীলিম বাদ রহে আধ উরে।

আধ গিরিমাঝে যেন নব জলধরে ॥

উর আধ পরে লোলে মুকুতার হারে।

স্থমেক্ষ শিখরে যেন স্থরধুনী ধারে ॥

'কাহারে কহিব কামুর পিরিতি
তুমি দে বেদনী দই' (৫৯৫) ইত্যাদি পদে

কমল কোরক ভরমে কি কৈল

ভরণেত ঘণিত তম্বু॥

এই ছন্দ ও শব্দনাস্কার গোবিন্দদাস কবিরাজের স্বকীয়। তাঁহার রচিত ৭০°টা পদের মধ্যে ২০৷২৫টা এইরূপ বাংলা পদ, বাকী স্বগুলি ব্জবুলির পদ।

সাহিত্য-পরিষদের ১৮৪ ও ১৮৫ সংখ্যক পুথিও গোবিন্দদাসের পদাবলীর। শেষাক্ত পুথিখানার আরম্ভ হইয়াছে গোবিন্দদাসের গুরুদেব শ্রীনিবাদ আচার্য্যের বন্দনা করিয়া:

'পহু মোর শ্রীনিবাস গুণধাম' ইত্যাদি।

গোবিন্দদাদের পদের তিনখানি প্রাচীনতম পুথি
আমি ব্রন্ধান্ত ইইতে সংগ্রহ করিয়াছি। প্রথম পুথিখানি
শ্রীকুনাবনের কান্ধানী মহাপ্রভুর মহান্ত নিত্যধামগত
নরহরিদাদ মহান্ত মহারাজ আমাকে দিয়াছিলেন। পুথিথানি আদ্যন্তবিহীন। ইহাতে ২৬ থানি পত্র আছে।
ইহার সবগুলি পদই গোবিন্দদাদের। পুথির বয়স
আড়াইশত বংসরের কম নহে। অনেক স্থলে কালি মুছিয়া
গিয়াছে এবং তুলোট কাগজ ক্ষয় প্রাপ্ত হইয়াছে। ইহাতে
চারটা নৃতন পদ পাইয়াছি। দিতীয় পুথি শ্রীরাধাকুতে
আমার মাতামহ অহৈত্দাদ পণ্ডিত বাবাজী মহোদয়ের
কীর্তনের ছাত্র গদাধরদাদ বাবাজী মহোদয়ের নিকট

হইতে পাইয়াছিলাম। এই পুথিও খণ্ডিত। ইহাতে ১১৭টা গোবিন্দর্নাদের পদ ছিল; কিন্তু আমি সপ্তম পদের পর্ই ২৩ সংখ্যক পদ এবং ৮৯ সংখ্যক পদের পর ১৩ সংখ্যক পদ একুনে ১৭টী পদ পাইয়াছি। তর্মধ্যে ৩৪, ৩৭ ৪৮ ও ৭৮ সংখ্যক পদ অন্ত কোন পুথিতে বা মৃদ্রিত গ্রন্থে পাওয়া যায় না। তৃতীয় পুথিখানি গোবৰ্দ্ধনে পাইয়াছি। এখানির বয়সও আড়াই শত বৎসরের কম নহে। হস্তাক্ষর স্থার ও নিভূল। অষ্টম পতা হইতে ৩৭ পতা পর্যান্ত পাইয়াছি। ইহাতে তিন্টী অপ্রকাশিতপূর্দ্দ পদ পাইয়াছি। ভবিয়তে গবেষকদের কাজে লাগিবে এই আশায় পুথি আমি কলিকাতা বিশ্ববিতালয়কে দান তিন্থ†নি করিয়াছি। আমার মাতামহ স্বপ্রসিদ্ধ কীর্তুনগায়ক অহৈতদাদ পণ্ডিত বাবাজী মহোদয়ের পুথি ২ইতেও কয়েকটি নৃতন পদ পাইয়াছি। ঐ পুথিতে তাঁহার প্রিয় ৫০৭টা পদ সংগৃহীত আছে।

গে নিশান কবিরাজ অষ্টকালীয় লীলা লইম। যে কতকগুলি পদ রচন। কবিয়াছিলেন তাহা দীনবন্ধুদাস তাহার সঞ্চীগুনামূতে উল্লেখ কবিয়াছেন—

অপরপ 🕒 দিবদেব নিত্যলীলা।

শ্রীপোবিন্দ কবিরাজ ঠাকুর বর্ণিলা। — পুঃ ২
এই অষ্টকালীয় লীলা বিষয়ক একার পদের সবচেয়ে স্থলর,
নির্ভুল ও নির্ভর্মোগ্য পুথি হইতেছে কলিকাতা বিশ্ববিভালয়ের ৩০১ সংখ্যক পুথি। নকলের তারিথ ১০৭৫
সাল দেওয়া আছে। উহা যদি বাংলা সাল হয় তবে ১৬৯৯
খ্রীষ্টান্দ হইবে এবং মন্ত্রান্দ হইলে ১৭৬৯ খ্রীষ্টান্দ হইবে।
বরাহনগরের ৪র্থ পুথি এবং ৯০ সংখ্যক পুথিও একারপদের। সাহিত্য-পরিষদের ১৮২ সংখ্যক পুথির নাম
দণ্ডাত্মিকা গ্রন্থ। উহাতেও ৫১টা পদ ছিল। প্রথম পাতানা
থাকায় বর্ত্তমানে ৪৯টা পদ রহিয়াছে। সাহিত্য-পরিষদের
১৮৭, ১৮৮, ১৮৯, ১৯০ পুথিও একারপদের। কলিকাতা
বিশ্ববিভালয়ের ৬২০৪ পুথির একটি প্রকরণে একারপদ
বিলিয়া কতকগুলি পদ আছে। পদকল্পতকতে অষ্টকালীয়
লীলা প্রকরণে গোবিন্দদানের যে সব পদ আছে তাহার
মধ্যে অনেকগুলি একারপদের অস্তর্ভুক্ত নহে।

গোবিন্দদাস কবিরাজ হয়তো নিজে ৫১টী পদ প্রথমে
নির্বাচন করিয়াছিলেন। তারপর পুথির লিপিকর বা
মালিকরা নিজ নিজ কচি অন্ত্যারে গোবিন্দদাসের রচনা
হইতে আর ছই চারিটা করিয়া পদ উহাতে অদল-বদল
করিয়া সনিবেশ করিয়াছিলেন। এরূপও হইতে পারে যে
কবি স্বয়ং ৫১টা পদ নির্বাচন করেন নাই; পরবর্তী সময়ে
রিসিক ভক্তের। উহ। বাছিয়াছিলেন। কিন্তু কবি নিজে
এরূপ সংখ্যা নির্দ্দেশ করিয়াছিলেন বলিয়াই আমার মনে
হয়। অন্তর্কালীয় লীলার পদগুলি সাধকজনের কঠহার।

দাহিত্য-পরিষদের ১৯০ সংখ্যক পুথিতে ২৩টা চিত্রগীত আছে। আমরা অক্যান্ত পুথি ও প্রম্বে আরও ১১টা এইরূপ অন্তর্পান্যুক্ত পদ পাইয়াছি। এই পুথির প্রথম পদ 'কাচা কাঞ্চন কাতি কমলম্থি' (১১৮)। আমরা ১৮০ সংখ্যক পুথিতে অ-বর্ণের অন্তর্পান্যুক্ত একটি পদও পাইয়াছি; যথা—

অবনত আনন আচরে গোই ইত্যাদি (১১৪)।
ইহা ছাড়া ১৮৬ সংখ্যক পুথিতেও কয়েকটা অন্ধ্রাদ্যুক্ত বিবহ চিত্রগীত আছে। কলিকাতা বিশ্ববিচালয়ের ৩০০ সংখ্যক পুথির নাম চিত্রগীত; উহাতে ২৪টা পদ আছে। পুথিব তারিথ ১০৬৮ সাল, কিন্তু পুথিখানি মন্ত্রনিতে লিখিত বলিয়া ঐ তারিথকে মলাক ধরা উচিত মনে হয়। তাহা হইলে উহার তারিথ হইবে ১৭৬২ খ্রীপ্রাদ।

শহিত্য-পরিষদের ২০১ শংখ্যক 'বৈষ্ণব পদাবলীর' প্থিথানিকে আমি দা.প. ২ সঙ্কেতচিছে চিছিত করিয়াছি। এই পৃথিথানির মতন নিভূল স্থলর-হত্তাক্ষরযুক্ত পৃথি খুব কম দেখিতে পাওয়া যায়। ইহাতে ১৬০ পত্র আছে; ৯১,৯২,৯০,৯৮,১০৬ সংখ্যক পাতাগুলি নাই। খণ্ডিত পৃথিথানিতে ৭৭০টা পদ রহিয়াছে। নির্কাচিত পদগুলি খুব স্থলত এই পৃথিতে গোবিন্দদাসের ২৮০টা পদ রহিয়াছে। পদকল্পতক্ষর মান প্যায়ের ৩৯৮ সংখ্যক ওলংকীর্ত্তনামূতের ৪০৭ সংখ্যক পদের (বর্ত্তমান গ্রন্থের ৪৮৫) আরম্ভটা যেন মাঝ্যান হইতে, সহসা অর্থ বৃঝিতে বেশ কট হয়; যথা—

গোরথ জাগাই শিকারব করতহিঁ
জটিলা ভীথ আনি দেল।
গোরথ মানে এথানে গরুর রক্ষক। কিন্তু আপাতত মনে
হয় বৃঝি গোরক্ষনাথের কথা বলা হইতেছে। ঐ পদটীর
প্রথমে যে আরও থানিকটা ছিল তাহা এই পুৰ্থ হইতে
জানা যাইতেছে; যথা—

মৃকুট উতারি জটাজূট বান্ধল পহিবল ফটীক মাল।
চন্দন উতারি ভ্ৰণম চড়াওল বাউলবেশ বনাল॥
পিতধটি ছোড়ি কোপিন পহিবল শুঙ্খ কি কুণ্ডল কানে॥ ময়্বক পুচ্ছ হাথ ধরি মাধব আওল জাবট গ্রামে॥
তারপর জাবট গ্রামে জটিলার বাড়ীতে গোরক্ষকদিগকে

শিকার শন্দে জাগানোর কথা আছে।

সাহিত্য-পরিষদের পুথিগুলির মধ্যে কোনটীই সওয়া-শ দেড়শ বছরের চেয়ে কম প্রাচীন নহে। ১৮৩ সংখ্যক পুথিখানির বয়দ তে। ১৮৩ বংসর। কলিকাত। বিশ্ব-বিতালয়ের একথানি হালের লেখা পুথিতে কিন্তু এমন অনেক গুলি গোবিন্দাস-নামান্ধিত পদ পাওয়া গিয়াছে. যাহা আমার দেখা অন্ত কোন প্রাচীন পুথিতে পাওয়া যায় নাই। এই পুথিখানিব ক্রমিক সংখ্যা ৬২০৪। ১২৯৩ দালে বা ১৮৮৬ খ্রীষ্টাব্দে বেহালার ক্ষীরোদচন্দ্র রায় এই পুথি मक्षनम कतिया ছिल्लम व। कता है या ছिल्लम। ক্ষীরোদচন্দ্র রায়ের স্বাক্ষরের দঙ্গে পুথির হাতের লেথার মিল নাই। কলিকাতা বিশ্ববিতালয় ১৯৩৫ খ্রীষ্টাব্দের ৬ই ডিদেম্বর পুথিথানি সংগ্রহ করেন। ইহাতে প্রায় চার হাজার বৈঞ্ব-পদাবলী আছে। পদামৃতসমুদ্র, পদকল্পতক প্রভৃতি স্থপ্রসিদ্ধ সংকলনগ্রন্থে নাই এমন পদের সংখ্যা প্রচুর। আধুনিক কালের অন্তলিপি হইলেও, বর্ণাশুদ্ধিতে ইহা দেকালের অনেক পুথিকেও হার মানাইয়াছে। অনেক স্থলেই বানান সেকালের পুথির ধরনের। বিভিন্ন রদের পদসং গ্রহ করিতে যাইয়া দম্বন্ধিত। অনেক ভাল ভাল

পদ ৩।৪ বার করিয়া ৩।৪ পর্যায়ে উদ্ধৃত করিয়াছেন। ঐ পুথির শেষে নিধুবার, হারু ঠাকুর, গিরিশ ঘোষ, দীনবন্ধু মিত্র, এমন কি রবীন্দ্রনাথেরও কয়েকটি প্রেমের গান রহিয়াছে। এগুলি অবশ্য পদসন্ধলন 'সমাপ্ত' লিথিবার পর দেওয়া হইয়াছে। আমার মনে হয় ক্ষীরোদচন্দ্র রায় বৈষ্ণব-পদগুলি কোন প্রাচীন পুথি হইতে লইয়াছেন। তবে দে পুথি পদকল্পতর্কর পরে সন্ধলিত হইয়াছিল, কেননা ইহাতে বৈষ্ণবদাদেরও পদ আছে (।৵০ পৃষ্যায়)। কলিকাতা বিশ্ববিভালয়ের এই পুথিখানিতে শুধু গোবিন্দ্রদাদের নহে, অন্যান্থ্য বৈষ্ণব কবিরও অপ্রকাশিত অনেক নৃতন পদ আছে।

গোবিন্দদাসের খ্যাতি ও পরিচয়

গোবিন্দদাস কবিরাজ শুধু নিজে প্রাণিদ্ধিলাভ করেন নাই; তাহার পূর্বপুরুষ ও বংশধরগণও কবিত্ব, পাণ্ডিত্য ও অতুলনীয় ভক্তিভাবের জন্ম বিখ্যাত হইয়াছিলেন। তাহার মাতামহ দামোদর সম্বন্ধে তিনি সঙ্গীতমাধ্ব নাটকে বলিয়াছেন—

পাতালে বাস্থকিবঁক্তা স্বর্গে বক্তা বৃহস্পতিঃ।
গৌড়ে গোবৰ্দ্ধনো দাতা খণ্ডে দাগোদরঃ কবিঃ॥
--- ছভিবয়াকব, প. ১৭

নরহুরি চক্রবর্ত্তী লিখিয়াছেন—
রামচন্দ্র গোবিন্দ এ ছুই সংহাদর।
পিতা চিরঞ্জীব মাতামহ দামোদর॥
দামোদর সেনের নিবাদ শ্রীথণ্ডেতে।
থেহোঁ মহাকবি নাম বিদিত জগতে॥

— ভক্তিরত্নাকর, পৃ: ১৭

গোবিন্দদাদের পিত। চিরঞ্জীবের কথা শ্রীচৈতন্ত্য-চরিতামতের শ্রীচৈতন্তশাখাতে আছে— থণ্ডবানী মুকুন্দদাদ শ্রীরঘুনন্দন। নরহরিদাদ চিরঞ্জীব স্থলোচন॥১।১০।৭৮

সঙ্গীতমাধৰ নাটকে গোবিন্দদাস তাঁহার পিতাকে স্থানিচিত ব্যক্তি বলিয়াছেন।

রামেন্দু অর্থাৎ রামচন্দ্র কবিনৃপতি বা কবিরাজ

গঙ্গাতীরে সরন্ধনি নগরে গৌড়ভূপতির অধিপাত্র, ব্রাহ্মণ ও বিষ্ণুর প্রতি ভক্তির জন্ম হুপরিচিত চিরঞ্জীর সেনের ঔরসে ও হ্বনন্দার গর্ভে জন্মগ্রহণ করেন। তিনি নরাখ্য অর্থাৎ নরোত্তম ঠাকুরের সহিত অভিন্নাত্র। ভিলেন (ভক্তিরত্বাকর ১৯ পৃষ্ঠা দ্রন্তর্য)। এই কথা হইতে জ্ঞানা যাইতেছে যে চিরঞ্জীব সেন গৌড়ভূপতির একজন পদস্থ কর্মচারী ছিলেন। এই বিষয়ের উপর পূর্বের কোন সমালোচকের দৃষ্টি আকৃষ্ট না হওয়ায় অনেকেই চিরঞ্জীব সেনকে হ্বনন্দার পিতা শ্রীথণ্ডের দামোদরের আশ্রিত ঘরজামাই বলিয়া মনে করিয়াছিলেন। চিরঞ্জীব সেন পুরীতে শ্রীচৈতন্তকে দর্শন করিতে গিয়াছিলেন। শ্রীচৈতন্তকিতামুতে গোপীনাথ আচার্য্য প্রতাপক্তকের দেথাইতেছেন কোন্ কোন্ ভক্ত গৌড় হইতে আদিয়াছেন

মুকুন্দদাস নরহরি শ্রীরঘুন্নন। খণ্ডবাসী চিরঞ্জীব আর ফ্লোচন॥

₹5 5:0155100

চিরজীব সেন এর তদেন শাহের (১৪৯৩-১৫১৯) না হয় তাঁহার পুত্র নাশির উদ্দীন আবুল মজফর নসরং শাহের (১৫১৯-১৫৩২) অমাত্য ছিলেন। শেষোক্ত স্থলতানের অমাত্য থাকাই বেশী সম্ভব। ডাঃ স্থশীলকুমাব দে অনুমান করেন যে শ্রীরূপ গোসামীর পভাবলীর ১৫৭ সংখ্যক পদটী এই চিরজীবের রচনা।

গোবিন্দাদের বড় ভাই রামচন্দ্রও কবিরাজ উপাধি পাইয়াডিলেন। যথা—

শ্রীরামচন্দ্র-গোবিন্দ-কর্ণপূর-নূদি হকাঃ।
ভগবান্ বন্নবীদাদো গোপীর্মণ-গোকুলৌ ॥
কবিরাজা ইমে খ্যাতা জ্বন্ধ্যুটো মহীতলে।
উত্তমা ভক্তি-সম্রত্ন্মালাদান-বিচক্ষণাঃ॥

कर्गानम्, पुः ३२०

এই অষ্ট কবির মধ্যে অস্ততঃ সাতজন এনিবাস আচার্য্যের শিশ্য। ইথাদের সম্বন্ধে নরহ্রি চক্রবর্ত্তী লিখিয়াছেন— বামচন্দ্র কবিরাক্ত গুণের নিধান।
শ্রীদাস গোকুলানন্দাচার্য্য দয়াবান্॥
ভক্তিমৃতি শ্রীবল্লবীকান্ত কবিরাক্ত।
যারে দেখি কাঁপে মহা পাষণ্ড সমাজ॥
শ্রীনৃসিংহ কবিরাজ মহাকবি বেঁহো।
যার ভ্রাতা নারায়ণ কবিশ্রেষ্ঠ তেঁহো॥
কর্ণপূর কবিরাজ পরম স্থবীর।
ভানি তাঁর কাব্য কোহো হৈতে পারে স্থির॥
ভগবান্ কবিরাজ গুণের আলয়॥
যার ভ্রাতা রূপ নিপু বীর ভৌমালয়॥
পঞ্চক্টে দেরগড়বাসী শ্রীগোকুল।
প্র্বিবাদ কট্ই কবীন্দ্র ভন্তাতুল॥

ভক্তিরত্বাক্র, দশমত্বজ, পুঃ ৬১৯

এখানে ত্ইজন গোকুলের নাম পাওয়া যাইতেছে।
প্রথম গোকুলানন্দ আচার্যাকে নরহরি চক্রবর্তী দয়াবান্
বলিয়াছেন আর শেষের পঞ্চকুটের সেরগড়বাসী গোকুলকে
কবীন্দ বলিয়া উল্লেখ করিয়াছেন। স্থতরাং শেষোক্ত গোকুলই অন্ত কবিরাজের অন্তম। নরহরি চক্রবর্তী গোপীরমণের কথা এখানে বলেন নাই। কিন্তু চতুর্দশ তরদ্ধে লিখিয়াছেন যে গোধিন্দ চক্রবর্তী কতৃক অন্তৃষ্ঠিত উৎসবে বেয়াকুলিগ্রামে—

> শ্ৰীস্তুদয়ানন্দ শিষ্য শ্ৰীগোপীরমণ। অধিকা হইতে তেইো করিলা গমন।

> > ঐপঃ ১০৪১

পদকল্পতকতে রামচন্দ্র কবিরাজ, বল্লবীকান্ত, কর্ণপুর কবিরাজ ও ভগবান্ কবিরাজের কোন পদ গত হয় নাই। গোপীরমণের একটা (১৬০৮), গোকুলদাদের একটা (২৯৭৫) এবং নৃদিংহের চুইটা (১১৫৯ ও ১৩২৪) পদ উদ্ধৃত হ^ইাছে। রামচন্দ্র ভণিতায় যে চুইটা পদ (২০৬৪ ও ২১৮৬) পদকল্পতকতে আছে তাহার প্রথমটাতে কাশশ্বর, অভিরাম, পুরুষোত্তম পণ্ডিত ও নরহরি দাদের কথা এবং দ্বিতীয়টাতে 'গদাধর নরহরি রহে মুখ চাঞা' থাকায় উহারা শ্রীচৈতত্তের সমসাময়িক ছ্রভোগের কায়স্থ জমিদার কুলীনপ্রামের প্রন্দর থা উপাধিক গোপীনাথ বস্থর জামাতা রামচন্দ্র থার রচনা বলিয়া মনে হয়। আমি দাহিত্য-পরিষদের ২০১ সংখ্যক পুথিতে রামচন্দ্র ভণিতায় এমন একটা পদ পাইয়াছি যাহার রচনাভঙ্গীর সঙ্গের রামচন্দ্র কবিরাজের অভিন্নহদয় বন্ধু নরোত্তম ঠাকুরের রচনাশৈলীর পরিপূর্ণ দাদৃশ্য দেখা যায়। এটা খুব সম্ভব গোবিন্দদাস কবিরাজের বড় ভাইয়ের রচনা। পদটা এই—

> কাহারে কহিব মনের কথা কেবা যায় পরতিত। হিয়ার মাঝারে মরম বেদন সদাই চমকে চিত॥ গুরুজন আগে বসিতে না পাই সদাই ছল ছল আঁখি। পুলকে আকুল দিগ নেহারিতে সব খ্রামময় দেখি॥ স্থি স্ঞে যদি জলেরে যাই পে কথা কহিলে নয়। যমুনার জল আকুল কবরি ইথে কি পরাণ রয়॥ রাখিতে নারিছ কুলের ধরম কহিল সভার আগে। বামচন্দ্র কহে শ্রাম নাগর সদাই মরমে জাগে।

> > না. প. (২) ৪৭ পত্ৰ

গোবিন্দদাস কবিরাজের খ্যাতি তাঁহার জীবনকালেই বছ বিস্তৃত হইয়াছিল। খ্রীজীব গোস্বামীকে গোবিন্দদাস মাঝে মাঝে নিজের রচিত পদাবলী পাঠাইতেন এবং খ্রীজীব উহা পাঠ করিয়া অত্যন্ত আনন্দ লাভ করিতেন। খ্রীজীবের হুইখানি পত্র হুইতে ইহার প্রমাণ পাওয়া যায়।

প্রথম পত্রথানির ভাবাত্রবাদ—

সমস্ত বৈষ্ণবগণের প্রশংসনীয় শ্রীরামচন্দ্র কবিরাজ, শ্রীনরোত্তমদাস, শ্রীগোবিন্দদাস থাঁহারা আমাদের মতন লোকের স্থাধের আধার ও সম্পংস্করণ তাঁহাদিগকে শ্রীর্ন্দাবন হইতে জীব নামক আমি আলিঙ্গনপূর্বক নিবেদন করিতেছি—আমার বিশেষ কাম্য আপনাদের কুশল। স্নেহস্চক পত্র প্রাপ্তির জন্ম পুনরায় তাহাই ইচ্ছা করি। সেই পত্রে আমার প্রতি স্নেহ দেখাইয়া ষে সমস্ত স্থন্দর স্থন্দর গীত পাঠাইয়াছেন, তাহাতে অত্যন্ত কল্যাণের সহিত সংযুক্ত হইয়াছি। তারপর, যে পুন:পুন: নিত্যস্মরণকার্য্য বিষয়ে জিজ্ঞাসা করিয়াছেন তাহা 'দেবাদাধকরপেণ' ইত্যাদি শব্দে ভক্তিরদামৃত-শিকুতে ব্যক্ত হইয়াছে। এবিষয়ে দাধকরূপে বাহ্য দেহের ঘারা সিদ্ধরূপে নিজ ইপ্তদেবার অহুরূপ চিন্তন-তন্ময় দেহের দারা ইহাই অর্থ। আবার দে বিষয়ে দিদ্ধরপে तां शास्त्र कान, तम ७ नीनांत वह विध एडम चारह । এ সম্বন্ধে আর কত লিখিব ? সাধকরূপে সেবা আবার তিন প্রকার প্রক্রিয়ায় আগমাদি অহুসারে বুঝিতে হইবে। শ্রীমদ্ আচার্য্য মহাশয় (শ্রীনিবাস আচার্য্য) ভাহা উপদেশ করিবেন। তিনি আমাদের সর্বস্বই। অধিক কি। ১৪ই বৈশাথ। (ভক্তিরত্বাকর পৃ: ১০৩৪; কর্ণানন্দ পৃ: ৯৬তে মূল সংস্কৃত পত্র দ্রষ্টব্য)

দিতীয় পত্রথানি কেবলমাত্র গোবিন্দদাদ কবিরাজকে লেখা। উহার ভাবাতুবাদ—

পরম প্রেমাম্পদ শ্রীগোবিন্দ কবিরাজ মহাভাগবতেয়্—
জীবের কৃষ্ণ্মরণ। শ্রীমান্ আপনার শুভচিন্তনের দারা
অত্ত্য কুশল; তত্রত্য কুশল অধিকাধিক ইচ্ছা করি।
আপনিই আমার মিত্ররূপে বিরাজ করিতেছেন। অতএব
আপনার কুশল শুনিতে সর্বাদাই ইচ্ছা করি। দে বিষয়ে
অবহিত হইবেন। সম্প্রতি শ্রীকৃষ্ণবর্ণনাত্মক আপনার
স্বর্গিত গীতসকল যাহা পূর্ব্বেই পাঠাইয়াছেন, তাহার
অমৃতের দারা তৃপ্ত হইয়া অবস্থান করিতেছি। পুনরায়
নৃতন নৃতন তাদৃশ সঙ্গীতের আশায় আবার পুন:পুন: অত্প্রিবোধ করিতেছি। অতএব সে বিষয়ে দয়া
করিয়া অবহিত হইবেন।

অপর, পূর্বে খ্রামদাস মৃদক্ষবাদকের হাতে জীনিবাস আচার্য্য গোস্বামীর জন্ম বৃহস্তাগবতামৃত পাঠানো হইয়াছে; ভাহা সেধানে পৌছাইল কিনা অথবা তিনি তাহা ব্বিতে পারিলেন কিনা তাহা লিখিয়া আমাকে সন্দেহম্ক করিবেন। আর কি লিখিব ? আপনি স্বত:ই দ্য়ালু ও শুভ্যুক্ত। এই নিবেদন। চৈত্র শুক্ত তৃতীয়া। নরোত্তম কবিরাজের প্রতি শুভাশীর্কাদ। এই নিবেদন। অত্রস্থ শ্রীক্লফদাদের (শ্রীক্লফদাদ কবিরাজের) নমন্ধার। (ভক্তিরত্বাকর, পৃ: ১০৬৬এ মূলপত্র দ্রেইব্যু)

গোবিন্দদাস কবিরাজের শুধু খ্যাতি-প্রতিপত্তি দেখাইবার জন্ম নহে, তাঁহার অন্তর্জীবনের গতি ব্রিবার জন্মও এই পত্র হুখানি অত্যন্ত মূল্যবান্। কবি সিদ্ধদেহের চিস্তা কি ভাবে করিতেন তাহা অন্তর বিবৃত হইয়াছে। শ্রীনিবাস আচার্য্যের জীবন, গোড়ে গ্রন্থপ্রেণের ইতিহাস, কফদাস কবিরাজের জীবন প্রভৃতি সম্বন্ধেও পত্র তৃথানির মূল্য অসীম। শেষোক্ত পত্রখানি হইতে স্পষ্ট ব্রা যায় যে শ্রীনিবাস আচার্য্য প্রথমবার বৃন্দাবন হইতে ফিরিবার সময় গোস্বামীর বৃহন্তাগবতামূত পরে শ্রামদাস পোল্লাকর হাত দিয়ং পাঠানো হইয়াছিল। বীর হামীব কর্তৃক শ্রীনিবাস আচায্যের প্রন্তর্ত্তর পরও যে কফলাস কবিরাজ বাচিয়া ছিলেন তাহ। ঐ কফদাসের নমস্কাব হইতে জানা যাইতেছে।

ব্রজমণ্ডলের ভক্তগণ গোবিন্দদাসের কবিত্বশক্তি সম্বন্ধে কি ধারণ। পোষণ কবিতেন তাহা শ্রীজীব গোষামীর কোন অম্বর্গত জনের রচিত নিম্নলিখিত শ্লোকটা হইতে জানা যায়। "শ্রীগোবিন্দ-কবীক্র-চন্দমগিরেশ্চঞ্বসন্তানিলেনানীতঃ কবিতাবলীপরিমলঃ ক্লেন্দ্রম্বভাক্। শ্রীমজীবস্থরাজিনু পাশ্রেজ্বো ভূঙ্গান্ সম্মাদয়ন্ সর্ক্ষপ্তাপি চমংকৃতিং ব্রজ্বনে চক্রে কিমন্তং পরম্॥ (অভ্রাগবল্লী, ৪১ পঃ) অর্থাৎ চঞ্চল বসন্ত সমীরণে আনীত শ্রগোবিন্দ কবিরাজরূপ চন্দনগিরির ক্ল্ফসম্বন্ধ-বিশিষ্ট কবিতাবলীর পরিমল শ্রীমৎজীবন্ধণ কল্পতক্র আশ্রিত ভক্তরূপ ভৃত্তসম্দ্রকে উন্নাদিত করিয়া ব্রজ্বনের সকলকেই চমৎকৃত করিয়াছিল।

গোবিন্দদাসের একজন সমসাময়িক বড় কবি ছিলেন শ্রীবল্লভ। গোবিন্দদাস তাঁহার নামে তুইটী পদ (৭৩, ২০৪) উৎসর্গ করিয়াছেন। এই বল্লভ যে তাঁহার শমশাময়িক তাহা বল্লভের রচিত নিম্নলিখিত পদটা হইতে বুঝা যায়—

প্রভূ আচার্য প্রভূ শ্রীঠাকুর মহাশয়।
রামচন্দ্র কবিরাজ প্রেমরসময় ॥
এসব ঠাকুর সঙ্গে পারিষদগণ।
উজ্জ্বল ভকতি-কথা করিত্ব শ্রবণ ॥
বৈষ্ণবের তুলা মেলা নানাবিধ দান।
পরিপূর্ণ প্রেম সদা কৃষ্ণগুণ গান॥
এককালে কোথা গেল না পাই দেখিতে।
দেখিবার দায় রহু না পাই শুনিতে॥
উচ্চিষ্টের কুকুর মূই আচিত্র সেখানে।
যখন যে কৈলা কাজ সব পডে মনে॥
শুনিতে স্বপন হেন কহিলে সে কথা।
ভিটা সোঙরিয়া কাঁদে কুকুর এমতি আচ্ব কোথা॥
বল্পভানের হিয়ায় শেল রহি গেল।
এ জনমে হেন বৃঝি বাহির না ভেল॥

(গ) त्रभम उवित्रनी, २ ग्र मः, शृः ७२२

থেন বিন্দু বিন্দু পতিত হইতেছে। তাঁহার ভাবরূপ কদম্ব যেন ফুটিয়াছে অথবা (কদন্বের সমূহ অর্থে) তাঁহার ভাব-সমূহ বিকশিত হইয়াছে। ঈশ্বর গৌরকিশোরকে দেখিলাম, যেন অভিনব এক হেমকল্লভক গন্ধার তীর উজ্জ্বল করিয়া ভ্রমণ করিতেছে। তাঁহার চরণরূপ কমলের তলায় ভক্তরূপ ভ্রমরগণ ঝন্ধার করেন ও মত হইয়া থাকেন। অবিরত প্রেমরতনফল বিতরণ করায় সকলের মনোরথ পূর্ণ হইল। তাঁহার চরণে বঞ্চিত দীনহীন (गोविन्ममान मृद्य त्रश्चि।

25

কেদার

প্রেমভরে তর্তর: ক্রয়া কলেবর নটন রুপে ভেল ভোর। ই দিন যামিনী আবেশে অবশ প্রিয় গদাধর কোর ॥ গোর। পর্ত্ত করুণাময় অবতার। যো গুণ কীৰ্ত্তনে পতিত দুরগত সভাই পাওল নিস্তার ॥ হরি হরি বলি ভূজযুগ তুলি পুলকে দ্বিগুণ তমু। অৰুণ দিঠি জলে অবনি ভাগল স্থমেরু° দিঞ্চিত জন্ম॥ ঈষ্থ হাসনি মধুর ভাগনি পাষাণ মিলাই ' যায়। অথিল জগজন প্রেমে পূরল দাস গোবিন্দ গায় ॥ সা. প. (১) ৬, ব ১-৭

কীর্ত্তনানকে পাঠান্তর—(১) প্রেমে চরচর (২) গোরা করুণাময় অবতার (৩) হ্রবনদী ধারা বহে জহু (8) भिनारम ।

ক. বি. ২৩৪১

की ३१२

লহরী ৯৯ ভনিত। —
সো প্রেমসিদ্ধু বিন্দু নাহি পাওল
পামরি গোবিন্দ দাস।

শব্দার্থ—কনয়া—দোনার। ত্রগত—ত্র্গত। স্থামক দিঞ্চিত জহ্ম—প্রভূব নয়নজলে শুধু অবনীই ভাদে নাই, যেন স্থামক পর্বাত পর্যান্ত দিঞ্চিত হইয়াছে। পাঠান্তরে— স্থাম নদী ধারা বহে জহ্ম—তাঁহার অকণ নয়নের জলে অবনী ভাদিল, যেন গঙ্গার ধারা নয়নে বহিল। স্থামক পাঠই অধিকতর কবিত্বময় মনে হয়। মধুর ভাদনি—তাঁহার মধুর আলাপে পাষাণহ্লয় ব্যক্তিও বিগলিত হয়।

30

গাস্কার

ভাবে ভরল হেম তফু অফুপাম রে: অহনিশি নিজর্পে ভোর। জ্ঞানে ঝার ঝাররে ব নয়**ন্যুগল** ,ম ভুজ তুলি হরি হরি বোল। কিশোর মোর পহু রে নাচত গৌর অভিনৰ নবদীপ-চাঁদ ॥ ভাবভরে" হেলম ভাবভরে দোলন প্রতি অঙ্গে মনমথ ফাদ ॥ জিতল নীপফুল পুলক-মুকুল রে প্রতি অঙ্গে ভাব বিথারি। চলই খলই রে রসভবে গ্রগ্র

সা. প. (১)—১১, ক. বি. ২৪০২, ক্ষ ১৮/১, স ৪২৯, ব ১-১১ ক্র বি. ২৪০২,

পাঠান্তর—(১) ভাবে ভরল তমু অমুপম হেম রেক্ষ (২) চরচর—ক্ষ (৩) 'ভাবভরে হেলন' প্রভৃতি পদকল্পতক্ষতে ও পদামৃতসমূল্তে নাই, অথচ উহা না দিলে 'নবদীপ চাঁদের' মিল হয় না। ক্ষণদাগীতচিন্তামণিতে উহা আছে।

গোবিন্দ দাস বলিহারি ॥

শব্দ থি — অন্প্রম — অতুলনীয়। মনমথ কাদ — প্রতিআক এতই স্থানর যে মনে হয় যেন কামদেব কাদ পাতিয়।
রাথিয়াছেন রমণীমনকে ধরিবার জন্ম। জিতল — জয়
করিল। নীপফুল — কদম্ব ল আকে রোমাবলী পুলকে উচু
হইয়াছে, তাহাতে মনে হয় যেন কদম্ব ফুটিয়াছে।
থলই — স্থালিত হন অর্থাৎ চলিতে যাইয়া পড়িয়া যান।

28

হ্বট সারঙ্গ

স্থরধুনি-তীর তীর মাহ। বিল্পই: भभ-वश्र वालक मका বলিত° হরি হরি ধনি করতল-ভাল-নাচত নটবর-ভঙ্গ। ত্রিভূবন-বন্দন ' জয় শচি-নন্দন পূর্ণ পূর্ণ অবতার। জগ অমুরজন ভয়-ভয়-ভঞ্জন সংকীর্ত্তন পরচার। চম্পক-গোর প্রেম-ভরে কম্পই কম্পই শহচর কোর। অঙ্গহি অঙ্গ পুলককুল ' আকুল কঞ্জ নয়নে ঝক লোর। ধনি ধনি ভাঙনি চতুর শিরোমণি বিদগধ-জীবনজীব। গোবিন্দদাস এ হেন রসে বঞ্চিত অবহু শ্রবণে নাহি পীব।

পাঠান্তর—(১) বিহরই—ব ১ (২) রসময়—ক. বি..
(৩) বোলত—ক. বি. (৪) ভবন আনন্দময়—ক. বি.
(৫) জগজনরজন—ক. বি. (৬) ঝম্পাই—স (৭) কনয়াকুল।
শক্ষার্থ—তীরমাহ।—তীরের মধ্যে। বিলসই—বিলাস
করেন। সমবয়—সমান বয়স খাহাদের। জগ অন্তরঞ্জন

স ৪৫৫, তুরু ১৩২১

ক. বি. ২৪ - (বি)

বা জগজনরঞ্জন—পৃথিবীর লোকদিগকে যিনি সন্তুট করেন। ভব ভয় ভঞ্জন—জন্মের বা পৃথিবীর ভয়কে যিনি বিনষ্ট করেন। সহচর কোর—সহচরের কোলে। কঞ্জ— পদ্ম। বিদগধ-জীবনজীব—বিদগ্ধজনের অর্থাৎ রসিক ও পণ্ডিত লোকের জীবনের জীবন। শ্রবণে—কর্ণে। পীবে— পান করে।

ব্যাখ্যা—প্রতি অক্ষেই রোমাঞ্চ পুলক দেখা দিয়াছে; তাহাতে তিনি আকুল হইয়াছেন। কমল নয়ন হইতে অনবরত অঞ্ধারা বহিতেছে। হে দখি, হে দখি, শ্রে দখি, গ্রীগোরাক্ষ জভেক্ষ বিষয়ে চতুর শিরোমণি, তিনি রিশিক-জনের জীবনের জীবন। গোবিন্দদাস এইরূপ রুদে বঞ্চিত হইলেন—তিনি কর্ণের ছারা এই রসরূপ অমৃত পানকবিলেন না।

১৫ তথা রাগ

চীত চোর : গৌর-অঞ্ রঙ্গে ফিরত ভকত সঞ্চ भननभारन-इनुगार । হেম-বরণ-হরণ দেহ পুরল তরুণ করুণ মেই তপত-জগত-বন্ধুয়া॥ ভাবে অবশ গ দিবস রাতি নীপ-কুত্ম পুলক-পাতি বদন শরদ ইন্যা। সঘনে রোদন সঘনে হাস আনহি বরণ বিরদ ভাষ নিবিড় প্রেম-সিক্সা অমিয়া জিতল মধুর বোল অরুণ চরণে মঞ্জির রোল চলত মন্দ মন্যা। অখিল ভূবন প্রেমে ভাদ

আশ করত গোবিন্দদাস প্রোম-সিন্ধু-বিন্দুয়া॥

স). প (১) ১৩, ক. বি. ২৪০২ (এল), ব ১-১৩ :

ভক্তিরত্নাকর পৃঃ ৮৮৯, তক্ত ২১১২

ভক্তিরত্নাকরে পাঠান্তর:—(১) চিত্ত চোর (২) ছান্মা (৩) বিবশ (৪) নয়নে সলিল সিন্ধ্যা (৫) আনন্দে ভাস।

শব্দার্থ— চীতচোর বা চিত্তচোর—মন চুরি করিয়াছেন যিনি। ছন্দুয়া বা ছান্দুয়া—শোভা। হেমবরণ হরণ দেহ—যাহার গায়ের বং দেখিয়া মনে হয় সোনার বর্ণকে যেন চুরি করিয়া আনিয়াছে। করুণ মেহ—করুণাময় মেঘ। তপত-জগত-বরুয়া—তাপতপ্ত জগতের বরু। নীপ কুম্বম পুলকপাতি—কদম্বপুপ তুল্য পুলকাবলী, শরদ ইন্দুয়া—শরতের চন্দ্র। আনহি বরণ—অক্সবর্ণ হইয়া খান। মঞ্জীর—নপুর। বোল—শক্ষ।

ব্যাখ্যা—গোরাক আমাদের মনকে হরণ করিয়াছেন, তাহার শোভা বা সৌল্য্য মদনকেও মোহিত করে : তিনি আনন্দে ভক্তগণ সকে ভ্রমণ করেন। তাহার দেহের রা সোনার মতন। অভিনব করুণাময় মেঘস্বরূপ তিনি—যেন তাপদগ্ধ জগতের বন্ধুস্বরূপ। তিনি ভাবে দিবারাত্র ভোর থাকেন, তাহার দেহে কদস্পুস্প স্বরূপ পুলকাবলী। শরৎকালীন চক্রের মতন তাহার বদন ; তিনি সশকে রোদন করেন, সশকে হাল্ম করেন। ভাবে তাহার দেহ বিবর্ণ হইয়া য়য়য়; তাহার আলাপ ছংখয়য় হয় : তিনি যেন নিবিড় প্রেমসমূদ। তাহার মধুরবাণা অয়তের চেয়েও মিষ্ট ; তাহার অরুণ (রক্তাভ) চরণে ন্পুর বাজে ; তিনি ধীরে ধীরে চলেন। তাহার রুপায় সময় জগং প্রেমে ভাদিল। গোবিন্দদাস সেই প্রেমিস্কুর একটি বিন্দমাত্র আশা করে।

১৬ স্বহই

সহজ্ই কাঞ্চন গোরা মদন-মনোহর বয়দে কিশোর। । তাহে ধক নটবর-বেশ
প্রতি অকে তরকিত ভাবের আবেশ ।
নাচত নবিপি-চন্দ ।
জগ-মন নিমগন ওপ্রম-আনন্দ ॥
বিপুল পুলক অবলম্বে ।
বিকশিত ভেল তহিঁ ভাব-কদমে ॥
নয়নে গলয়ে ঘন লোর ।
থেনে হাসে থেনে কান্দে ভকতহি কোর ॥
রস-ভরে গদগদ বোল
চরণ-পরশে মহি আনন্দ-হিলোল ॥
পূরল জগ-জন আশ
বিঞ্চিত ভেল তহি গোবিন্দাস ॥

স|. প (১)--১৪, ব ১-১৪, ক বি. ২৪০২ (এম) জ- ৭।১, গী২৭, স্৪০০, ১০০২০৮৪ কী৭০

পাঠান্তর—(১) বয়দ কিশোর:—ক, গী, ব ১;
(২) রদের আবেশ-—ক, গী (৩) জগজন নিমগন—ক
(৪) বিকশিত কিয়ে নব ভাবকদম—গী (৫) ভাবে
বিভোর—ক্ষ (৬) ক্ষিতি (৭) বঞ্চিত ও রদে গোবিন্দান।

শব্দার্থ—নিমগ্ন —নিমগ্ন। তহি — তাহাতে, ভাব-কদম্বে — তাবরূপ কদম্ব পূপ্প, তাহার দেহে কদম্বের মতন পুলকাবলী দেখা যায়। লোর—অশুজ্বন। কোর—কোলে। মহি—পৃথিবী। আনন্দ হিলোল— আনন্দের তরঙ্গ। পূরল জগজন আশ—পৃথিবীর সকল লোকেব আশা পূর্ণ হইল।

১৭ তুড়ী

দেখত বেকত গৌর-চন্দ বেঢ়ল ভকত-নখত-বৃন্দ অথিল-ভূবন উচ্চর কারি কুন্দ-কনক-কাঁতিয়া। অগতি-পতিত-কুমদ-বন্ধু হেরি' উচ্চল' রসক সিন্ধু

ক্দয়-কুহর-ভিমির-হারি উদিত⁸ দিনহিঁ রাতিয়া ॥ সহজে অন্তর মধুর দেহ আনন্দে খানন্দে না বান্ধে থেহ ঢ়লি ঢ়লি ঢ়লি চলত পলত মত্ত-করিবর-ভাতিয়া। নটন ঘটন ভৈ গেল ভোৱ गुकुन भाषव (गाविन दवान রোয়ত হাসত ধর্মি থসত শোহত পুলক-পাতিয়া॥ অসিম -মহিমা-কে। কছা এর নিজপর ধরি⁹ করই কোর প্রেম-অমিয়া হর্থি ধর্থি তর্থিত মহি মাতিয়া যোরদে উত্তম অধম ভাস বঞ্চিত একলি গোবিন্দদাস কো জানে কি খেনে কোন গঢল কাঠ-কঠিন ছাতিয়া।

সা. প (১)—১৫, সা. প. ১৯০, ভক্তিরভাকর পু ৮৮৯, স্ ৫৫৬ ব ১-১৫, ক. বি. ২৪০২ (জ) তুক ১০৬০

পাঠান্তর—(১) গোরাক—স। নিশ্চয়ই তুল পাঠ, কেন না ছন্দপতন হয়। (২) হেরত—স (৩) উজ্জল—ভ (৪) উদয়—স (৫) সহজ—স (৬) মহিম—ভ, কী (৭) নিজপদ দেই—কী

শব্দার্থ—বেকত—ব্যক্ত, প্রকাশিত। নথতবৃদ্দ—
নক্ষরবৃদ। উজ্ঞরকারি—উজ্ঞলকারী। কুন্দকনক
কাতিয়া—কুন্দ ও স্বর্ণের কাস্তি বিশিষ্ট। কুমদবন্ধু—যাহার
মদ বা গর্বর কু, অথবা পাঠাস্থরে কুম্দবন্ধু—অগতি-পতিতরূপ কুমুদের বন্ধু যে চন্দ্র। 'কুমুদ' পাঠ ভক্তিরত্বাকরে
আছে, কিন্তু কুমদই ভাল পাঠ মনে হয়। থেহ—হৈষ্য।
থলত—অলিত হন অর্থাৎ পড়িয়া যান। ঘটন—ঘটনা।
রোয়ত—ক্রন্দন করেন। ধরনি ধদত—মাটিতে পড়িয়া
যান। শোহত—শোভা পায়। পুলক পাঁতিয়া—পুলকপংক্তি। অসিম—সীমা নাই যার, পাঠাস্তরে মহিম—মহৎ।

ওর — সীমা। হরথি বরথি — হর্ষের সহিত বর্ষণ করেন। তরখিত — ত্রাস বা ভয়যুক্ত।

ব্যাখ্যা—দেগ গৌরাক্ষণ চন্দ্রের উদয় হইল, ভক্তরণ নক্ষত্রক তাঁহাকে ঘিরিয়া রহিল, ডাই সমস্ত পৃথিবী তাঁহার কুল ও কনকতুল্য কান্তিতে উজ্জল হইল। যাহার গতি নাই এমন পতিত ও কুমদযুক্ত ব্যক্তিদের তিনি বন্ধ। তাঁহাকে দেখিলে রদের সমুদ্র যেন উছলিয়া উঠে। তিনি স্নয়গহ্বরের অন্ধকার হরণ করেন। প্রাকৃতিক চন্দ্র কেবল রাত্রিকালে উদিত হয়; কিন্তু তিনি দিন ও রাত্রিতে সমানভাবে উদিত থাকেন। সহজেই তাঁহার স্থলর ও মধুর দেহ। তাহাতে আবার আনন্দের আতিশযো স্থ্যে নাই; তাই মত্তগজের তায় তিনি ঢুলিয়া ঢুলিয়া চলেন; চলিতে চলিতে তাঁর পদ খালিত হয়। তিনি নৃত্যে উन्नख ; (नर्क्ता) मुकून, भाषत, त्रांतिन त्र तत्रिष्ठ हम ; কথনও হাসিতেছেন, কথন কাঁদিতেছেন, কথনও ভূমিতে পড়িয়া যাইতেছেন; তাঁহার অঙ্গে পুলকাবলী শোভা পাইতেছে। তাঁহার মহৎ মহিমার দীমা কোথায়? নিজ ও পর ভেদাভেদ জ্ঞান না রাথিয়া তিনি সকলকে আলিন্সন করেন। (তাঁহার নর্ত্তনে) ভয় পাইয়া (শেষে) পৃথিবী মাতিয়া উঠেন। উত্তম ও অধম সকলে এ রুসে ভাসিল। একলা গোবিন্দদাস ইহাতে বঞ্চিত হইল: না জানি তাহার কাঠের মতন কঠিনজনয় কে গডিল গ

পুন পুন নিরখিতে গোরা মৃথ ইন্দু উছলল প্রেম-স্থারস-সিদ্ধু॥ জগভরি প্রল প্রেম-তরকে। বঞ্চিত গোবিন্দাস সোই প্রসঙ্গে॥

সা. প. (১)---১৬, ব ১-১৬, তরু ১৫৬৯ ক. বি. ২৬৫৭

পাঠান্তর— (১) নয়নে—ক. বি (২) পদকল্পতকতে 'দো' নাই।

শব্দার্থ—আনন্দকন্দ—আনন্দের আকর। কাঞ্চনদেহা
—সোনার মত র' যে দেহেব। বরিথয়ে—বর্ষণ করে।
পরসঙ্গে—প্রসঙ্গে।

ব্যাখ্যা— আজ শচীনন্দন গৌরাঙ্গের নৃতন অভিষেক।
সেই আনন্দের আকরস্বরূপকে নয়ন ভরিয়া দেখ।
নিত্যানন্দ অবৈত বহু রক্ষে মিলিত হইয়া প্রেমে উন্মন্ত
ভক্তগণ সঙ্গে গান করিতেছেন। তাঁহার অতুলনীয়
কাঞ্চনতুল্য দেহ দেখিয়া সকলেরই নয়নক্রপ ঘন মেঘ
হইতে বারি বর্ষিত হইতেছে। গৌরাঙ্গের ম্থচক্র বারংবার
দেখিতে দেখিতে প্রেমক্রপ অধার সমৃত্র উছলিয়া উঠিল।
(চক্রোদয়ের সমৃত্র উছলিয়া উঠে)। পৃথিবী ভরিয়া প্রেমতরক্ব ব্যাপ্ত হইল। কেবল সেই প্রসঙ্গে গোবিন্দাস
বঞ্চিত হইল।

১৮ ভৈরবী

আজু শচিনন্দন নব অভিষেক।
আনন্দ-কন্দ নয়ন ভরি দেখ।
নিত্যানন্দ অদ্বৈত মিলি বহু রঙ্গে।
গাও উনমত ভকতহি সংক্ষে।
হেরইতে নিক্ষপম কাঞ্চন-দেহা।
রাধিয়ে সবহ নয়ন স্বন মেহা

79

ধনেশী

স্বপুনি-বারি ঝারি ভরি ঢারই
পুন ভরি পুন ভরি ঢারি।
কো জানে কাহে লাগি অভি দিঞ্চ
লীলা বুঝই না পারি॥
হেরইতে মঝু মনে লাগি রছ
দীতাপতি শ্রীঅহৈত পছ॥
নব নব তুলদী মঞুদ মঞ্জী
তাহি দেই হাদি হাদি।

কবহুঁ মুরতি পরকাশি॥

ডাহিনে রহু পুরু বোত্তম পণ্ডিত

কামদেব রহুঁ বাম।

অপরূপ চরিত হেরি দব চমকিত

গোবিন্দ্রাদ গুণধাম॥

সা. প. (১) ২০, ব ২০, ক. বি. ত্রু ১৫৭৯ পুঃ ॥,/০

পদকল্পতকতে এই পদটি নিত্যানন্দ-অভিষেকের পর 'পূর্বাভিষেক' এই পায়ায়ে ধৃত হইয়াছে। কলিকাতা বিশ্ববিষ্ঠালয়ের পুথিতে 'অদৈতের অভিষেক' পর্যায়ে লিথিত হইয়াছে। প্রথম দৃষ্টিতে মনে হয় এটি অদৈত কর্তৃক গৌরাঙ্গের অভিষেকের পদ। কিন্তু কামদেব ও পুক্ষোত্তম পণ্ডিত উভয়েই অদৈত শাখার ভক্ত হওয়ায় এটকে অদৈতের অভিস্কের পদ বলিয়াই ধরা সমীচীন হইবে। কামদেবেব পুরা নাম কামদেব হৈতক্তদাস। অদৈতশাখার পুক্ষোত্তম পণ্ডিত সম্বন্ধে দেবকীনন্দনের বৈক্ষববন্দনায় আছে—

পুরুষোত্তম পণ্ডিত বন্দো বিলাসী স্থজান। প্রভু গাঁরে দিলা আচার্য্য গোসাঞির স্থান।

20

বদস্ত

নীলাচলে কনকাচল গোরা।
গোবিন্দ-ফাগুরক্ষে ভেল ভোরা॥
দেব-কুমারি নারিগণ সঙ্গে।
পুলক-কদস্থ-কর্ষতি-অক্ষেও ॥
ফাগুরা থেলত গৌরতক্ষ।
প্রেমক স্থা-সিন্ধু মুরতি জকু॥
ফাগু-অরুণ তকু অরুণহি চীর।
অরুণ নয়নে বহে অরুণহি নীর॥
কণ্ঠহি লোলত অরুণিত মাল।
অরুণ ভক্তস্ব গাপ্তরেও ব্যাল॥।

কত কত ভাব বিথারল অস।
নয়ন চুলাওত প্রেম-তর্দ্ধ ।
হেরি গদাধর লছ লছ হাস।
সো নাহি সমুঝল গোবিন্দাস॥

त :-: १, क. ति. ३ ७८७

স্ ৪৩১, তারু ১৪৬৩

পাঠান্তর—(১) দক—দ (২) অক—দ (৩) গায়— ক. বি.।

শব্দার্থ কনকাচল—দোনার পাহাড় সদৃশ।
গোবিল-ফাগুরকে শ্রীক্ষের ফাগুরেলারকে। পুলক-কদস

—পুলকসম্হ দেহে শোভা পাইভেছে। করম্বিত—
স্মিলিত। চীর—বস্তা নীর—জল। লোলত—ছলিতেছে।
মাল—মাল্য। রসাল—স্মধুর। বিথারল—বিস্তুত করিলেন,
প্রকাশ করিলেন। লভ লছ—লঘু লঘু। সম্বাল—
বিবলে।

ব্যাখ্যা—ফাগুথেলায় সব লালে লাল হইয়। সিয়াছে; প্রভুর দেহ, বসন, নয়ন, এমন কি নয়নের নীর, গলার মালা, সব লাল হইয়াছে।

23

স্বহই

অপরপ হেম-মণি ভাস।
অথিল ভ্বনে পরকাশ।
চৌদিগে পারিষদ তারা
ছরে করু কলি-আন্ধিয়ারা।
অভিনব গোরা দ্বিদ্ধ-রাজ।
উয়ল নবন্বিপ মাঝ।
পুল কত স্থির-চর-জাতি।
প্রেম-অমিয়া রসে মাতি।
কেহো বিধুমণি সম কাব্দে।
কেহো হাসে কুম্দিনি ছাব্দে॥
নারি পুরুষ নাহি ওর॥

গোবিন্দ দাস হীন° চকোর। ক্লচি-লব লাগি বিভোৱ॥

সা. প. (১)—», ক. বি ২৩৫৯

ক্ষ ৮।১, স ৪২৯, তক্ত ২০৭৬

প।ঠান্তর—(১) ভূবন—ক্ষ (২) কেহো কেহো প্রভৃতি ক্ষণদাতে নাই (৩) তরুতে 'হীন' শব্দ নাই।

শব্দার্থ—হেম-মণি ভাস—হেমমণির তুল্য দীপ্তিশালী, অপূর্ব। পারিষদ তারা—এই অপূর্ব্ব চন্দ্রের চারিদিকে তাঁহার ভক্ত-বৃন্দরূপ তারা। থির-চর-জাতি—ছাবর জলম প্রভৃতি। বিধুমণি সম কান্দে—চাঁদ কুম্দে প্রেম, কোন ভক্ত চাঁদের ভৃমিকা লইয়া কাঁদিতেছে, আবার কেহ কুম্দিনীর তুল্য কাঁদিতেছে। নারি পুরুপ নাহি ওর—নারী ও পুরুষের সীমা নাই। ক্লচি-লব লাগি—কান্তির একটু কণার জন্য।

२२

কামোদ

স্বহু গায়ত স্বহু নাচ্ত স্বহু আনন্দে বাধিয়া। ভাবে কম্পিত লুঠত ভূতলে বেকত গৌরাঙ্গ-কাতিয়া ॥ মধুর মঙ্গল মুদঙ্গ বাওত চলত কত কত ভাতিয়া। বদন গদগদ মধুর হাসত খদত মোতিম পাতিয়া। পতিত কোলে ধরি বোলত হরি হরি দেওত পুন প্রেম যাচিয়া॥ বরুণ ঝরতহি অৰুণ লোচনে এ তিন ভূবন ভাগিয়া। এ হুখ সায়রে लूर्य क्रग-क्रन र মুগধ ইহ দিন বাতিয়া। দাদ গোবিন্দ বোয়ত অমুখন বিন্দু কণ আধ লাগিয়া ॥

পাঠান্তর—ক বি.—(১) জনে

শক্ষার্থ—আনন্দে বাধিয়া—আনন্দে বর্দ্ধিত হইয়াছেন অথবা আনন্দে অভিনন্দন জানাইতেছেন। গৌরাক কাঁতিয়া—গৌরাকের কাস্তিসমূহ। বাওত—বাজিতেছে। ভাতিয়া—শোভা করিয়া। থদত মোতিম পাঁতিয়া— গৌরাকের মধুর হাসিতে যেন মৃক্তাপংক্তি করিয়া পড়িতেছে। বরুণ বারতহি —জল করিতেছে। রোয়ত— ক্রুন্দন করে।

20

বিহাগড়া

কাঞ্চন আনিয়া লাখবাণ কাঁচা মিলিয়া বিজুরি-সমূহে?। বিহি অতি বিদগধ অমিয়ার সাচে ভরি নিরমিল গৌর-স্থদেহে। সজনী ইহ অপরপ গোরা রাজে। রদময়-জলধি মাঝে নিতি মাজল সাজল লাবণি সাজে॥ কোটি কোটি কিয়ে শ্রদ-স্থাকর नित्रक्षन गुथ-हारम। স্থন রতি-নাষ্ক জগমন মথন নাগরী° হেরি হেরি কান্দে : বালমল অঞ্চ-কির্ণ মণি-দর্পণ দীপ-দিপতি জিনি শোভা অতয়ে সে নিতি নিতি গোবিল দাস মনে লাগল লোচন লোভা॥

গী ৪, তক ২১৩৩

পাঠান্তর—(১) তাতে মিলি বিজুরি সমূহে—গী
(২) সজনি অপরূপ গৌরাঙ্গ রাজে (৩) নাগর—তরু
(৪) করু—তরু।

মন্তব্য—পদটিতে কষ্ট করিয়া শব্দবোজনার প্রয়াস।
দেখা যায়: এটি গোবিন্দ চক্রবন্তীর পদও হইতে পারে।

ক. বি. ৮৪৬

নাগরীদের ক্রন্দনও এই অন্থমান সমর্থন করে। কিন্ত স্পষ্টতঃ নাগরীভাব ইহাতে নাই।

শব্দার্থ-লাগবাণ-লাথবার যে সোনা শোধন কর।
হইয়াছে। অমিয়া সাচে ভরি-গৌরাঙ্গকে স্প্তি করিবার
জন্ম যে ছাঁচ ব্যবহৃত হইয়াছিল তাহা অমৃত দিয়া
তৈয়ারি। অভয়ে-অভএব।

২8

তথা রাগ

জয় জয় শ্রীক্লফ চৈতন্ত নাম।
কলি-মদ'-মথন নিত্যানন্দ রাম॥
অপরূপ' হেম-কলপ-তরু জোর।
প্রেম-মান্ম ফল ধয়ল' উজোর।
অযাচিত বিতরই কাহে' না উপেথি।
ঐছন সদয়-হাদয় নাহি দেখি॥
যে নাচিতে ন চয়ে বধির জড় অন্ধ।
কান্দিতে অথিল ভ্বন-জন কান্দ॥
তেঞি অনুমানিয়ে ত্রু পরমেশ।
প্রতি দরপণে জয়ু রবির আবেশ॥
তাহে যে না দেখি কোন জনেত প্রকাশ'।
মলিন মুকুরে নহে বিশ্ব' বিকাশ॥
কোবিন্দ দাদ কহে তাহাদ কি বিচার।
কোটি কলপে তার নাহিক নিস্তার॥

সা. প. (১)—১৯, ক. বি. ভক্২৩০৫. সং২১, কী১৮ ২৩৬১

পাঠান্তর—(১) মল—সং (২) অরুপ—তরু (৩) ধরল সং (৪) কান্ত—কী (৫) নাচি নাচায়ে—কী (৬) ইহ রসে যাকর নাহি বিশ্বয়াস—কী (৭) বিমৃ—তরু (৮) আর—কী।

শব্দার্থ—কলিমদমথন—কলিকালের গর্ব থর্ককারী। কলপতরু জোর—যুগল কল্পর্ক। উজোর—উজ্জ্ব। ব্যাখ্যা—শ্রীকুষ্ণচৈতন্ত ও কলির গর্ব থর্ককারী

নিত্যানন্দরূপ বলবামের জয়। ইহারা ছই জন যেন তুইটি অপূর্ব অর্ণনিমিত কল্পবৃক্ষ। এই বৃক্ষয়ে উজ্জ্ব প্রেমরত্বরণ ফল ধরিয়াছে। সেই ফল না চাহিলেও সকলকে ইহারা বিভরণ করেন-কাহাকেও বাদ দেন না-ইহাই তাহাদের অপুর্বাত্ব। স্বর্গের কল্পতক যাচকেরই মাত্র বাসনা পূর্ণ করে - কিন্তু গৌর-নিত্যানন্দ রূপ কল্লবুক্ষ না চাহিতেই প্রেমরত্বরূপে ফল প্রদান করে। ইহাদের মত সদয়সদয় ব্যক্তি আর কোথাও দেখা যায় না। ইহারা নাচিলে জড়, কালা, অন্ধ সকলেই নাচে; আর ইহারা কাদিলে সমগ্র ভূবন কাদে। তাই অনুমান হয় ইহারা তুইজন প্রমেশর। প্রতি দর্পণে সূর্যের প্রতিফলনের মত সমস্ত মানবের হৃদয়মুকুরে তাঁহাদের ভাব প্রতিফলিত হয়। তবে যে কোথাও কোথাও প্রতিফলিত হয় না দেখা যায়, ভাহার কারণ ভাহাদের চিত্তরূপ দর্পণ মলিন। মলিন দর্পণে কিছু প্রতিবিশ্বিত হয় না। গোবিন্দ-দাদ বলেন ইহার আর বিচার করিয়া কি হইবে; দেই প্রাণী যাহার ফদয়ে গৌর-নিভাইয়ের ভাব প্রতিফলিত হইল না কোটি কল্পেও তাহার নিস্তার নাই।

20

তথা রাগ

কান্তি কলেবর তপত-কাঞ্চন উন্নত ভাঙ্র' ভঙ্গী করিবর-কর জিনি বাছর স্থবলনি বিহি দে গঢলং বছ বন্ধী र्लाताक्रण जन-मनदाती। व्याभः रेवनगिध বিধাতা প্রকাশিত বধিতে কুলবতি নারী ॥ আপদ °-মন্তক পূর্ণ পুলকিত" প্রেমে ছল ছল আঁথি। আপন গুণ ভূনি আপহি বোয়ত হেরি কান্দয়ে পশুপাথী।

চান্দ চক্রিকা

কুমুদ মল্লিকা

জিনিয়া মধুর মৃত্ হাস।

মধুর বচনে

অমিয়া সিঞ্চনে "

নিছনি গোবিন্দদাস।

उङ्ग १४४ ; मः ७२६

সংকীর্নায়তে পাঠান্তর—(১) ভাতর (২) বিহি গঢ়ল (৩) আপাদ (৪) পুলকে পূণিত (৫) আপনি (৬) জিনিঞা (৭) সিচনে।

ব্যাখ্যা—প্রভুর অঙ্গের কান্তি তপ্ত কাঞ্চনের মতন; তাহার ভার ভন্নী উন্নত; বাহুর লাবণ্য হস্তীর শুগুকে পরাজিত করে। বিধাতা অত্যন্ত রদিক তাই এমন রূপ স্ষ্টি করিয়াছেন। নিজের রসবৈদ্যা বিধাতা তো প্রকাশ করিলেন, কিন্তু এদিকে যে কুলবতী নারী প্রভূর রূপ দেখিয়া প্রাণ হারায়। তাঁহার পা হইতে মাথা পর্যান্ত मर्खाक भूनत्क द्यामाकिल, त्राथ प्रशेष दश्य हन हन। তিনি স্বয়ং শ্রীক্লফ। কেহ ক্লেফর লীলা গান করিলে তনি ক্রন্দন সম্বরণ করিতে পারেন না। তাহা দেখিয়া মিহয় দূরে থাকুক, পশুপক্ষীও ক্রন্দন করে। তাঁহার মৃত্মধুর হাস্তের শোভা চাদ, চক্রমল্লিকা, কুমুদ ও মল্লিকা পুষ্পের কান্তিকে পরান্ধিত করে। তাঁহার মধুর বচনে যে অমৃত দিঞ্চিত হয় তাহার বালাই লইয়া গোবিন্দদাস যেন মরে।

भारत-हेकु किनि स्नन्त वश्ना। প্রেম-আনন্দে পরিপুরিত নয়না ॥ পদ ছুই চারি চলত ডগমগিয়া। থির নাহি বান্ধে পড়ত পছ ঢলিয়া॥ গোবিন্দদাস কহে গোরা বড বঙ্গিয়া। বলিহারি যাও মুঞি সঙ্গের অনুষ্ঠিয়া।

ভুকু ২১৪০

. ব্যাখ্যা--প্রভুর দেহের রং লাখবার বিশোধিত হইয়াছে এমন সোনার মতন। তাঁহার দেহের গঠন স্থমেক পাহাড়কেও পরাজিত করিয়াছে এমন স্থলর। তাহার নয়ন হইতে অবিরল ধারায় অশ্রু পডিতেছে – তিনি কিছুতেই হৈগ্য রাখিতে পারিতেছেন ন।। তাহার কটাক্ষে ভুবন মোহিত হয়। দেখ আজাত্মসন্বিতবাত স্থন্দর শচীনন্দনকে দেখ। মদমত হন্তীর আয় তাঁহার গতি। কি স্থন্দর মালতীর মালা তাহার গলায় ত্লিতেছে। তাঁহার বদন শ্বৎকালের চল্রের শোভাকেও হারাইয়া দেয়। নয়নে তাঁহার প্রেমানন। তিনি ছুই চারি পদ অস্থির চরণে চলিয়া ভাবে ঢলিয়া পড়েন; ধৈর্য্য ধরিতে भारतन न। त्रांतिननाम वर्णन त्रांत्र थ्वह त्रिक। তাহার দঙ্গীর দঙ্গীদিগকে আমি বলিহারি দিই।

20

বেলোয়ার

লাথবাণ কনক কষিল কলেবর। মোহন স্থমেক জিনিয়া স্থঠান ॥ গদ গদ নীর থীর নাহি বান্ধই। ভূবন-মোহন কিয়ে নয়ান-সন্ধান ॥ मिश्रद्ध मोटे ऋन्द्र गठिनन्दर्भ। আঞ্চাহুলম্বিত ভূক বাহু স্থবলনা। ময়-মন্ত হাতি ভাতি গতি চলনা। কিয়েরে মালতীর মালা গোরা অঙ্গে দোলনা॥ 24

কামোদ

গোর-বরণ ভত্ন

শোহন খোহন

হুন্দর মধুর হুঠান।

কিরণ জিনি অম্বর অহুপম অুকুণ

ञ्चन ठोक वशान।

পেথলু গৌরাক্ষচন্দ্র বিভোর।

কলি-যুগ-কলুষ তিমির-বর-নাশক

নবদিপ-চাঁদ উদ্ভোর।

ভাবহিঁ ভোর , ঘোর ছহু লোচন

মোচন ভব-নদ-বন্ধ।



নব নব প্রেমভর বরত হ হন্দর

উরল ভকতজন সঙ্গ ॥

লহু লহু হাদ ভাষ মৃত্ বোলত
শোহত গতি অতি মন্দ।

দিন-জনে নিজ বিজ দেই সব তারল

বঞ্চিত দাস গোবিন্দ ॥

্রণ ১৩২

শব্দার্থ—শোহন—শোভন, হুন্দর। হুঠান—হুঠাম, হুন্দর ভঙ্গী যুক্ত। অম্বর—বদন। বয়ান—বদন। কলিথুগকল্যভিমির-বর-নাশক—কলিথুগের কল্ম বা পাপরূপ ঘোর অন্ধকারকে যিনি নাশ করেন। উজোর—উজ্জল। মোচন ভব-নদ-বন্ধ—সংসাররূপ নদের বন্ধন হইতে যিনি মৃক্ত করেন। বরত্তমু—বরণীয় দেহ যুক্ত। উয়ল—উদিত হইলেন। লহু লহু হাস—মৃত্যুদ্দ হাস্থা। শোহত—শোভা পায়। দিনজনে—দীন ব্যক্তিদিগকে। বিজ—বীজ্যস্ত্র।

26

ভাটিয়ারি

গৌরাঙ্গ পতিত-পাবন অবতারী কলি-ভূজস্বম দেখি হরিনামে জীব রাগি আপনি হইলা ধরন্তরি॥ অবনী করিলা ধ্য কলি-যুগে চৈত্ত্ত পতিত-পাবন থার বানা। গৌরাঞ্চ ইলা এবে পূরবে রাধার ভাবে নিজরপ ধরি কাঁচ। সোনা। গদাধর আদি যত মহা মহা ভাগবত তারা সব গোরা-গুণ গায়। অথিল ভূবন-পতি গোলোকে যাহার স্থিতি হরি বলি অবনী লোটায় ॥ পরশে ধরণী উলসিত।

চরণ-কমল কিবা নথর উজ্জর-শোভা গোবিন্দ দাস সে বঞ্চিত।

₹? २.৮8

শকার্থ—অবতারী—সয়ং রুঞ্ সমন্ত অবতারের মৃলসরপ; রুঞ্ শ্রীচৈতভারপে মর্ত্তো অবতীর্ণ বিলিয়া তাঁহাকে
অবতারী বলা হইয়াছে। কলি-ভূজস্বম দেখি—কলিকালরূপ সর্পকে দেখিয়া। ধরস্তরি—চিকিংসকশ্রেষ্ঠ;
ধরস্তরিকে ভগবানের অবতার-রূপে শ্রীমন্তাগবতে বর্ণনা
করা হইয়াছে। অবনী—পৃথিবী। বানা—সংস্কৃত বয়ন
হইতে; ধ্বজা বা পতাকা। পরশে ধরণী উলসিত—প্রভূ
বারবার ভূমিতে মূর্চ্চিত হইয়া পড়েন, তাঁহার স্পর্শ

২৯

মলার

হোর দেখ অপরূপ গোরাচাদের চরিত কে তাহে উপমা দিবে। প্রেমে ছল ছল ন্যুন-যুপ্ল ভকতি থাচয়ে সব জীবে 🛚 প্ৰমেক জিনিয়া অঙ্গ গ্ৰন মাত্ৰ রূপ জিনি কত কোটি কাম। ন। ছানি কিব। ভাবে আপাদ-মস্তক পুলকে জপয়ে খ্রাম খ্রাম। গৌর বরণ স্থাময় ভন্ন কিরণ ঠামহি ঠাম। ভকত হেরি হেরি সমান দয়। করি যাচত মধুর হরিনাম 🛚

গোবিন্দদাসক চীত উন্মত দেখিয়া ও মূথ-চাদে।

মায়ের শুন ছাড়ি হুধের বালক গোরা গোরা বলি কান্দে॥

2665 ₹

শব্দার্থ—হোর—সামনে, অদ্বে। যাচয়ে—যাচিয়া যাচিয়া দেন, না চাহিতে দেন। মাতক্ষ—হন্তী। রূপ জিনি কত কোটি কাম—কত কোটি কন্দর্পদেবের রূপকে পরাজিত করিয়াছে তাঁহার সোন্দর্য। ঠামহি ঠাম— স্থানে স্থানে; তাঁহার দেহের নানা স্থানে যেন চক্রকিরণ।

.00

কেদার

অপরূপ গোরা নট-রাজ। প্রকট প্রেম বিনোদ নাগর: বিহরে নবদ্বিপ মাঝ ॥ कृष्टिन-कृष्ठन गन्न-পরিমল চন্দন-তিলক-ললাট। ংরি কুলবতি লাজ-মন্দির-হারে দেওল কপাট। অধর বান্ধুলি-বন্ধু বন্ধুর মধুর বচন রসাল। কুন্দ-হাস প্রকাশ স্থার इन्द्र-पृथ উक्तियात ॥ করিবর-কর জিনি বাহু স্থবলনি দোপরি গ্রুমতি হার। স্থমেরু শীথর উপরে যৈছন বহুই স্বধুনি-ধার ॥ রাতুল চরণ-যুগল পেখলু নথর বিধুমণি জোর। **দৌরভে আকুল মত্ত অলিকুল** গোবিন্দদাস-মন ভোর !

क. वि. २६३४

ক্ষণদা ২২।১, তক্ষ ২৯২**৫**

কণদার পাঠান্তর—ভকত ভ্রমর।, দৌরভে আকুল, বাহ্নদেব দত্ত রহ ভোর। ক্ষণদাতে অধর বান্ধুলি-বন্ধু ইত্যাদি তুই চরণ নাই। ক. বি. পুথির পাঠান্তর—(১) বিনোদ নবনাগর (২) বিহরই।

শব্দার্থ—প্রকট প্রেম—তিনি যেন মৃত্তিমান্ প্রেমস্বরপ। লাজমন্দির ছারে দেওল কপাট—রূপ দেখিয়া
কুলবতীর মন চঞ্চল হইয়া উঠায় লজ্জার দরজায় যেন
কপাট বন্ধ করিল। বান্ধ্লি-বন্ধ্—বাঁধুলি ফুলের সদৃশ।
বন্ধ্—সদৃশ। বন্ধ্র—প্রিয় স্থার।

মন্তব্য—নায়িকার রূপ বর্ণনায় বিভাপতি ও বড়ু চণ্ডীদাস বছবার স্তনকে স্থমেরুর সঙ্গে ও গজমতি হারকে গঙ্গাধারার সঙ্গে তুলনা করিয়াছেন।

'ক্ষণদাগীতচিন্তামণি'তে এই পদটি বাহ্ণদেব দত্তের ভনিতায় সকলিত হইয়াছে। বাহ্ণদেব দত্তের নামে কোন পদ পদকল্পতক বা অন্ত কোন সকলন গ্রন্থে গত হয় নাই। বাহ্ণদেব দত্ত শ্রীমন্মহাপ্রভুর সঙ্গে কীর্ত্তন গান করিতেন; তাহার ভাতা মৃকুন্দ দত্তও মহাপ্রভুর প্রিয় পরিকর ছিলেন। মহাপ্রভু বলিতেন—

যত্যপি মৃকুন্দ আমা দঙ্গে শিশু হইতে। তাঁহা হইতে অধিক স্থথ তোমারে দেখিতে॥

टें हैं भ्रमा ११।१३५

বুন্দাবন্দাস ইটিচতগ্রভাগবতে বাহ্নদেব দত্তের নিকট বারংবার কৃতজ্ঞত। প্রকাশ করিয়াছেন।

25

পাহিড়া

কাহে পুন গৌর কিশোর
অবনত-মাথে লিখত মহি-মণ্ডল
নয়নে গলয়ে ঘন লোর ॥
কনক-বরণ তম্থ ঝামর ভেল জম্ম
জাগরে নিন্দ নাহি ভায়।
যোই পরশে পুন তাক বদন ঘন
ছলছল লোচনে চায়॥

খেণে খেণে বদন পানি-তলে ধারই ছোড়ই দীঘ নিশাদ। ঐছন চরিতে তারল সব নর নারী বঞ্চিত গোবিন্দদাস ॥

ক. বি. পৃঃ ।/ ৽

ভ্রু ১৮৮২

শব্দার্থ—লিগত মহি-মণ্ডল—বিরহের চিন্তাদশায় গৌরাক মাটিতে লিখিতেছেন। নয়নে গলয়ে ঘনলোর— চোথ দিয়া ঘন ধারায় অঞ পড়িতেছে। কনক-বরণ প্রভৃতি—দোনার মত যে গায়ের বং বিরহে তাহা ঝামার মতন হইয়াছে। জাগরে নিন্দ নাহি তায়—সব সময় জাগিয়াই আছেন, চোথে নিজা নাই। বদন পানিতলে ধারই--গালে হাত দিয়া ভাবেন। তারল-তাণ कत्रिलन ।

లేన

মলার

প্রেমে ভোরা नार्टि ८१ 🗥 ঘন ঘন বলে হরি। থেনে বৃন্দাবন করয়ে স্মরণ থেনে থেনে প্রাণেশরী॥ ক্টির বস্ন যাবক বরণ শোভা করে গোরা রায়। যমুনা বলিয়া কখন কখন স্বধুনী-তীবে ধায়। মুদ্ধ বাজই ভাতা থৈ থৈ কান কান করতাল।

বহে স্বধুনী নয়ন-অমৃজে গলে দোলে বনমাল॥ গৌর চন্দ্র আনন্দ-কন্দ

অকিঞ্চনে বড় দয়া।

করত আশ গোবিন্দদাস

ও পদ-পকজ-ছায়। ॥

তুরু ২০৭৭

শব্দার্থ—হাবক বরণ—আলতার মতন রং। নয়ন-অমৃত্তে-কমল নয়নে। আনন্দ-কন্দ-আনন্দের আকর यक्र १।

೨೨

স্বহ

মদনমোহন তন্ত্রোরাঙ্গ স্থন্র। ললাটে ভি**লক শোভে** উদ্ধে মনোহর॥ ত্রিকচ্ছ বদন শোভে কুটিল কুন্তল। প্রাকৃত নয়ন তুই পরম চঞ্চল। শুল যজ্ঞ হত্ত রহে বেঢ়িয়া শরীরে। সুন্মরূপে অনস্ত যে হেন কলেবরে : অধরেতে মৃত্ হাদ শ্রীভুজ তুলিয়া। পুরুবের নিকুঞ্জ লীলা মনেতে পড়িলা ॥ গদাধরের সঙ্গে গৌর আনন্দে বিভোর। হেরিয়া ভকতগণ স্থের নাহি ওর ॥ গৌর গদাধরের কেলিবিলাস। দূরহি নেহারত গোবিন্দ দাস।

বরানগর পুথি ৭ (খ) ১০৯

98

সহচর সঞ্চে বঙ্গে শচীনন্দন বিহরই স্থরধূনি-তীর : নানাবিধ কৌতুক কেলি বিশাবদ সভে রসময় রসধীর ॥ অপরূপ গৌরবিলাস। নাচত গাওত যন্ত্ৰ বাজাওত কৈ কৈ হাদ পরিহাদ।

গদাধর দক্ষে পছ সরস সম্ভাষই পুলকে পুরল প্রতি অঙ্গ। নাহ ন¹হ বচন কণ্ঠ হি কেবল প্রকাশয় ভাবকদম। ছোড়ি নিখাদ তহি মহি গিরল গদাই।

পুরুষোত্তম পাশ। গদাধর কোর লই ভাব সম্বরণ করু ना त्यन शांतिन मान।

🖚. वि. २२४२

र्गाविक्तमारमञ्ज भमावनी ७ ठाँदांत युग

90

ভৈরবী

আৰৈত আচাৰ্য্য গৌৱাঙ্গ-শিৱে।

ঢাৱত জাহুবীবারি ধীরে ধীরে॥

স্নান সমাপন ধব তছু ভেল।

নিতাই হেম-অঙ্গ মুহাওল॥

পট্ট বদন লেই শ্রীবাদ পণ্ডিত।

গৌর কলেবর করল বেষ্টিত॥

চুয়াচন্দন তব আনি গদাই।

গোরা অঙ্গে লেপে স্থে অবগাই॥

গৌরীদাদ শিরে ধরল ছত্র।

নরহরি ব্যজনে ব্যজ্যে গাত্র॥

অদভূত আনন্দ শ্রীবাদগেহে।

গোবিন্দাদ বঞ্চিত ভেল তাহে॥

लिन्धन <u>इतकिनो भू</u> ३५८

96

ভৈরবী

শ্রীবাস পণ্ডিত-বিগ্রহ-গেহে।
বত্ব সিংহাসনে শ্রীগোর শোহে।
বপু সঞে জ্যোতি নিকসয়ে কত।
জহু উদয় ভেল ভাহু শত শত॥
তা হেরিয়া সীতাপতি নিতাই।
কক্ষ অভিষেক আনন্দে অবগাই॥
কলসি ভরি হ্বরধুনী-বারি।
আনি বসাওল করি সারি সারি॥
ঝারি ভরি অধৈত মন আনন্দে।
স্থান করাওল শ্রীগোরচন্দে॥
গোবিন্দদাস অভিষেক আনন্দ।
না হেরল সো অভিষেক আনন্দ॥

গৌরপদভরক্রিণী পু: ১৪৯

97

ভূপালী

অতহ্বস্থার গোর-কিশোর।
হেরইতে নয়নে বহয়ে প্রেম-লোর॥
জাহলম্বিত ভূজ তাহে বনমাল।
তহিঁ অলি গুঞ্জই শবদ রসাল॥
লোল বিলোকনে নয়ন-হিলোর॥
বসবতি হৃদয়ে বান্ধল প্রেম-ডোর॥
পূলক-পটল-বলয়িত ছিরি অঙ্গ।
প্রেমবতি আলিঙ্গিতে লহরি-তরঙ্গ॥
গোবিন্দাস আশ করু তায়।
গৌর-চরণ-নগ-কিরণ-ঘটায়॥

·# 2355

শব্দার্থ—অতমুক্ষর—কন্দর্পের ন্থায় রূপবান্।
হেরইতে নয়নে—তাঁহার ভাব ও রূপ এমনই স্কুন্র যে
তাঁহাকে দেখিলেই নয়ন হইতে প্রেমাশ্রুধারা পতিত হয়।
শবদ রপাল—অমরদেব শব্দ অতি মধুর। লোল
বিলোকনে—চঞ্চল দৃষ্টিতে। হিলোর—হিল্লোল, তরঙ্গ।
পূলকপটল বলয়িত—পূলকসমূহ বলয়। অথবা বালার মত
হইয়াছে, অর্থাৎ রোমাঞ্চপুলকই তাঁহার দেহের অলহারস্বরূপ হইয়াছে। ভিরি অক্স—শ্রীঅক্ষ।

-de

সারক

কাঞ্চন কমলক কাস্তি কলেবর বিহরই স্থাবগুনি তীর। তরুণ তরুণ তরু হেরি তোড়ই কুন্দ কুস্থম করবীর। দম-বয় সকল স্থাগণ সন্ধৃতি

দম-বয় সকল সথাগণ সন্ধৃহি সরস রভস-রদে ভোর। গব্ধবর-গমন গঞ্জি গতি মন্থ্র গোপড়ে গদাধর কোর॥ অপরপ গৌরাঙ্গ-রঙ্গ।
পূরব প্রেম প্রমানন্দে পূরিত
পূলক-পটলময় অঙ্গ।
নিক্রপম নদিয়া নগর পর নিতি নিতি
নব নব করত বিলাস
দীনে দয়া কক ত্রিত ত্থে হক
কহতহি গোবিন্দ দাস॥

でか コセント

শব্দার্থ—কাঞ্চন কমলক—দোনার পদা। পুলক-প্টলময় অঙ্গ—অঙ্গ ভাবজনিত রোমাঞ্চে পূর্ণ। ছুরিভ ছঃথ—পাপজনিত ছঃধ। হক্ত—হবণ করে।

৩৯

গান্ধাব

নাচে শচীনন্দন দেখি রূপ স্নাত্ন গান করে স্বরূপ দ্রামোদ্র। মুকুন্দ মাধ্বানন্দ গায় রায় রামানন্দ বাস্থঘোষ গোবিন্দ শঙ্কর॥ প্রভুর দক্ষিণ পাশে নাচে নরহরি দাসে বামে নাচে প্রিয় গদাধর। নাচিতে নাচিতে প্রভূ আউলা কা পড়য়ে কভ ভাবাবেশে ধরে ছুঁহার কর ॥ নিত্যানন্দ মুখ হেরি বলে পহঁহরি হরি ক্বফ ক্বফ ডাকে উচ্চৈঃম্বরে। সোঙরি শ্রীরুন্দাবন প্রাণ করে উচাটন পরশ কর্য়ে রায়ের করে॥ শ্রীনিবাস হরিদাস নাচে গায় প্রেমোলাস প্রভুর সাত্ত্বিক ভাবাবেশ। ইহ রস প্রেমধন পাওল জগজন গোবিন্দ মাগয়ে এক লেশ।

গৌরপদভর্জিণী পৃ: ২০৭

মন্তব্য—নবদীপে বা পুরীতে কথনও রূপ সনাতন একসঙ্গে শ্রীমরাহাপ্রভুর সহিত মিলিত হন নাই।

80

বেলোয়ার

জগ জগ-তারণ-কারণ ধাম। আনন-কন-নিত্যানন রাম:। ডগমগ লোচন-কমল চুলায়ত সহজে অথির-গতি জিতি[°] মাতোয়ার ভাইয়৷ অভিরাম বলি ঘন ঘন ডাকই ' গৌর-প্রেম-ভরে চলই না পাব॥ गनगम आध মধুর বচনামুত লহ লহু হাস-বিকাশিত গণ্ড। শ্রীভূজ-মণ্ডন পায় ও-খণ্ডন কনয় থচিত অবলম্বন-দও॥ কলিযুগ কাল-ভুজদমে দংশল मगथन स्वायत जन्म प्राथि। জগ ভরি বরিথল প্রেমস্থারস গোবিন্দদাদকে কাঁহে উপেথি॥

সা. প. (১)—১৮, ক. বি. ২৭৯৭ ক্ষণদা ৭।২ গী ২৯৫, তকু ৪

ক্ষণদার পাঠান্তর—(১) নাম (২) জিনি (৩) ফ্করই (৪) মধুর (৫) ভূজকম সঙ্গম। এই পাঠ অপেক্ষা 'গী'র পাঠ 'ভূজকমে দংশল' অধিকতর সঙ্গত মনে হয়। (৬) জগভরি প্রেম স্থারদ বরিথত।

শব্দার্থ—জগ-তারণ-কারণ ধাম—জগতের তারণের বা উদ্ধারের কারণ-স্বন্ধপ কারণার্গব থাহার ধাম বা আশ্রয়ক্তন: আনন্দ-কন্দ—আনন্দের আকর-স্বন্ধপ নিত্যানন্দর্মপ বলরাম। জিতি মাতোয়ার—মভপের নয়নের অন্থির গতিকে হারাইয়া দিয়াছে থাহার আরক্তনয়ন। কনয় থচিত অবলম্বন দণ্ড—নিত্যানন্দের প্রিয় শিশু বৃন্দাবনদাস শ্রীচৈতক্সভাগবতে লিথিয়াছেন যে নিতাই স্কাক্তে অলহার পরিধান করিয়া স্থবন্দণ্ড লইয়া;

চলিতেন। কলিযুগ কাল প্রভৃতি—কলিযুগরূপ কালদর্পে দংশন করিয়াছে তাই স্থাবর জন্ম দব দগ্ধ হইয়া গিয়াছে, তাহা দেখিয়া নিত্যানন্দ প্রেমস্থারদ জগতে বর্ষণ করিলেন। কেবল গোবিন্দাদ কেন উপেক্ষিত হইল ?

85

আশাবরী

জয় জয় রাম: রাম রঘুনন্দন জনকস্তা নিজ কান্ত[°]। হুর নর বানর খচর নিশাচর ষহ গুণ গায়ে অনস্ত॥ জয় জয় দূৰ্কাদল, নব জলধর গ कक्ष-नयन वन-वीत्। ডাহিনে নিহিত শর, বামে ধহুর্দর[ে] জননিধি কোটি গভীর^৫॥ শ্রীপদ-পাতৃক ধরু ভরতামুজ চামর ছত্র নিছোরি। শিব চতুরানন সনক সনাতন শতমুখ রহু করযোজি ॥ হৃদয়ে আনন্দিত মারুত-নন্দন অভয় চরণ করু দেব।। (गांविक्नमान-क्रमस्य व्यवधात्रन रति नातायन अधिरनवा ॥

> ভাক্তরত্বাকর পৃ: ৩২, তক্ত্ব ২০০৭

গৌরপদতরঞ্জিণী (পৃ: ৩২৯)-তে এই পদের আরম্ভ হইয়াছে—

জয় শিব হৃদ্দর, বিশ্ব পরাংপর পরমানন্দানন্দকারী
তর্রুর পাঠান্ত:.—(১) শ্রীল (২) রতিকান্ত (৩)
দূর্ব্বাদল নব ভামল হৃদ্দর (৪) বামে ধহুর্দ্ধর ডাহিনে
নিশিত শর (৫) জলধি কোটি গন্থীর (৭) ভকত আনন্দন
(৭) চরণ কমল করু দেবা (৮) হরি নাধায়ণ দেবা।

মন্তব্য—শিথর ভূমির রাজা হরি নারায়ণ আচার্য্যের স্থানে শিশু হইতে তাঁর মন॥ ভক্তিরত্বাকর, ৯ম তরঙ্গ, পুঃ ৫৮৩

কিন্তু তিনি রামমন্ত্রে দীক্ষা লইতে চান জ্বানিয়া শ্রীনিবাস আচার্য্য পত্র বারা রঙ্গক্ষেত্র হইতে ত্রিমল ভটের পুত্রকে পঞ্চক্টে (পঞ্চকোটে, পাঁচেটে) আনাইয়া দীক্ষা দেওয়াইলেন। পঞ্চকোটের রাজ্যসীমা বর্দ্ধমান হইতে পরেশনাথ পাহাড় পর্য্যন্ত ছিল। হরিশ্চন্দ্র বা হরিনারায়ণ পঞ্চকোটের ৬৭ সংখ্যক রাজা। রাজবংশের পত্রাদি অনুসারে তাঁহার রাজ্যকাল ছিল ১৫১১ হইতে ১৫১৭ শক অর্থাৎ ১৫৮৯ হইতে ১৫৯৫ খ্রীষ্টাক।

8\$

গৌরী

নন্দ-নন্দন গোপীজন-বল্লভ
বাধা-নায়ক নাগ্য খ্যাম।
নো শচীনন্দন নদিয়া-পুরন্দর
স্থর-মৃনিগণ মনমোহন ধাম॥
জয় নিজ-কান্তা- কান্তি কলেবর

জয় জয় প্রেয়গী ভাব-বিনোদ।

জয় ব্ৰজ সহ্চরী লোচন-মঙ্গল জয় নদিয়া-বধু নয়ন আমোদ॥

জয় জয় শ্রীদাম স্থলার্জন প্রেম প্রবর্ধন নবঘন-রূপ।

জয় রামাদি হ্ব- ন্দর প্রিয় সহচর জয় জয় মোহন গৌর অনুপ॥

জয় অতিবল বল- রাম প্রিয়াস্থজ জয় জয় নিত্যানন্দ-আনন্দ।

জয় জয় সজ্জন- গণ-ভয়-ভগ্গন গোবিন্দদাস আশ-অহবন্ধ॥

শ্ৰশ.থ—জয় রামাদি প্রভৃতি—রাম বা অভিরাম,

₹ €

স্থাননদ প্রভৃতি সহচর খাঁহার এরপ নিত্যানন্দ।
নিত্যানন্দ বলরামের অবতার। সজ্জন-গণ-ভয়-ভঞ্জন-সাধ্
ব্যক্তিদের ভব-ভয় ভঞ্জন করেন যিনি তাঁহার জয় হউক।
আশ-অম্বন্ধ--আশা ও অবলম্বন-হরপ।

ব্যাখ্যা— শচীনন্দন যিনি তিনিই পূর্ব্বে নন্দের নন্দন, রাধার দয়িত, গোপীজনবল্লভ, শ্রাম নাগর ছিলেন। তিনি দেবতা ও মৃনিগণের চিত্তের মনোরম আশ্রয়ম্বলস্বরূপ। শ্রীগোরাঙ্গ শ্রীরাধার ভাব ও কান্তি অবলম্বন করিয়া অবতীর্ণ হইয়াছেন। সেইজন্ম বলা হইয়াছে যে ভাবে আনন্দিত তাহার জয় হউক। শ্রীদাম, স্থদাম, স্থবল, অর্জন্ন প্রভৃতি ব্রজের গোপ স্থাদের প্রেম তিনি বৃদ্ধি করিয়াছেন।

85

কবি-কুল-ভূষণ শ্ৰীজয়দেব কবি ্ৰ 'বতা-সদয়-বিলাদী। **য**ছুক ইচ্ছাক্ৰমে নত্যতি শত্ত বাগরানী জগু দাসী॥ মধ্র কোমল কান্ত পদাবলী यङ्क लिथनि मूर्थ कुरत । গোরাত্ব হন্দর স্বরূপ রাম সনে আমাদি বাদনা পূরে। সাজ সজ্জা করি । রাই সঞ্জিনী কো যোই ভেজল অভিসারে। যছু আদেশে কান্ত ব্যভান্থ-স্তাকে। ভেটত কুঞ্জ মাঝারে। কত কমলিনী মানভরে অধামুখী কাল বয়ান নাহি হেরে। লাঞ্িত নীলম্ণি সাজি বিদেশিনী রাইক মান লাগি ফিরে॥ যছুপদ মণিগণ ভূবনে অতুলন অমিয় সদৃশ যছু ভাষ।

তছু পদ-দরোক্তে মঝু মন মাতৃক চাহে ইহ গোবিন্দ দাদ ॥

গৌবপদতবক্তিনী পুঃ ৩৭২

মন্তব্য—জগদেবের গাঁতগোবিন্দে লাঞ্চিত নীলমণি বিদেশিনী সাজিয়া রাধার মান ভাঙ্গাইয়াছিলেন এমন কোন প্রসঙ্গ নাই। গোবিন্দদাস কি জয়দেবের এমন কোন রচন। পাইয়াছিলেন যাহাতে এ লীলা আছে ?

88

টোরি

শ্রীজয়দেব ক্রীপর স্থরতক যছু পদপল্লবছাহে। তাপ তাপিত মৃশ্ হৃদয় বিয়াকুল জুডাইতে করু অবগাহে। জয় জয় পদাবতী রতি-দেব াধারমণ চরিত রদ বর্ণমে কবিকুলগুক দিজদেব। কদাচার বাসিত চিতে **থ**ভপি স্থনীচ অছু কর থব কোই। তুৰ্ঘট ঘটিত স্থীন অধিক্বত মহত করু বলে হোই॥ তুণ ধরি দশনে চরণপর নিবেদিয়ে মঝু মানস কর পূর।

গৌরপদতর ক্লণী প্: ৩৭২

কোই অধ্যাধ্য

ব্যাখ — জয়দেব কবিদের প্রধান এবং স্থরতরু বা কল্পতরুর তায়; তাঁহার পদপল্লবের ছায়ায় আমার তাপ-তপ্ত ব্যাকুল হৃদয় জুড়াইবার জন্ত অবগাহন করি। জয়দেব গীতগোবিদে নিজেকে পদ্মাবতীচরণচারণ বলিয়াছেন। তিনি রাধার্মণের চরিত-রদের বর্ণনা করিয়া কবিকুলের পূজনীয় হইয়াছেন। যদিও আমি

রাই কান্ত জন্তুর ॥

গোবিন্দদাস

অত্যন্ত নীচ কদাচার, তথাপি মহতের কুপা ছাড়া যাহা পাওয়া ত্র্বট ও যাহা অত্যন্ত হীনজনেই পায় তাহা লাভ করিয়া উদ্ধার পাইব। আমি দন্তে তৃণগুচ্ছ ধারণ করিয়া চরণে নিবেদন করিতেছি যে আমার মনোবাসনা পূর্ণ কর। আমার স্থায় অধমের চিত্তে যেন রাধাক্কফের লীলা ক্ষুরিত হয়।

80

মঙ্গল

বিছাপতি-পদ যুগল সরোক্ত:-নিশ্রন্দিত মকরন্দে। তছ্ মঝু মানদ মাতল মধুকর পিবইতে করু অমুবদ্ধে॥ হরি হরি আর কিয়ে মঞ্চল হোয়। নাগর-নাগরী-র্সিক-শিরোমণি লীলা কুরব কি মোয়। জমু বাঙ্ন করে ধরব স্থাকর পঙ্গু চরব কিয়ে শিখরে। দশ দিশ থোঁজব অন্ধ ধাই কিয়ে মিলব কলপতক্র-নিকরে ॥ করত অন্তবন্ধহিঁ সো নহ অন্ধ ভকত-নথর-মণি-ইন্দু। কিরণ ঘটায় উদিত ভেল দশ দিশ হাম কি না পায়ব বিন্দু। সোই বিন্দু হাম যৈখনে পায়ব

मृं. १९. ३४६ उङ् ३२

গোবিন্দদাস

পাঠান্তর—(১) বিক্তাপতি যুগ চরণ দরোরুহ—সা. প.
 (২) তথি—সা. প. ।

তৈখনে উদিত নয়ান।

ভকত-कृপा वनवान्॥

অভয়ে অবধারল

শব্দার্থ ও ব্যাখ্যা-পদ্যুগল-সরোক্হ-নিস্থান্দিত

মকরন্দে—পদন্বয়ন্ধপ কমল হইতে নিঃস্ত মধু। তছু মঝু
মানস ইত্যাদি—তাহাতে আমার মনরূপ মত্ত মধুকর
পান করিতে আরম্ভ করুক। অন্তবন্ধ—আরম্ভ, আশ্রয়।
বাঙন—বামন। জয় বাঙন করে ইত্যাদি—যেমন বামন
হইয়া চাদ ধরিতে চায় অথবা পদু হইয়া পাহাড়ের
চূড়ায় চড়িতে চায়। কিয়া অন্ধ দশদিকে ধাবিত হইয়া
কল্পতরুসমূহ খোঁজে। সোনহ অন্ধ ইত্যাদি—নিজেকে
আন্ধের সহিত তুলনা করিয়া কবির মনে হইল তিনি
আন্ধ কিলে? তিনি আন্ধ নহেন। ভক্তের নথমণিরূপ
চল্রের কিরণছটায় দশদিক্ উজ্জ্বল হইয়া উঠে। আমি
তাহার এক বিন্দু কিরণ যথন পাইব তথন আমার নয়ন
(জ্ঞান-নয়ন) প্রকাশিত হইবে। অত্যে— অত্রব।
অবধারল—নিশ্চয় করিল যে ভক্তের রূপাই বলবান।

মন্তব্য—বিভাপতিকে এথানে পরম ভক্ত রূপে বর্ণনা করা হইয়াছে। তাঁহার ন্থায় ভক্তের কুপাতেই গোবিন্দাসের ন্থায় কবিচিত্তে 'রিসক শিরোমণি নাগর নাগরীর' লীলা স্কুরিত হইবে। এই পদের রচ্য়িতা মৈথিল গোবিন্দাস বা হইতে পারেন না, কেননা মিথিলাতে ব্রাহ্মণেরা কথনও বিভাপতিকে রাধাক্বফের ভক্ত বলিয়া স্বীকার করেন নাই। আর রাধাক্বফের প্রেমকে 'লীলা' রূপেও তাঁহার। গ্রহণ করেন নাই। ভক্তের কুপাতে চিত্তে লীলা ক্ষরিত হইবে ইহা গৌড়ীয় বৈষ্ণব ধর্মের নিজ্য ধারণা।

8%

সারঙ্গ

কবি-পতি বিভাপতি মতিমানে।
লাথ গাঁতে জগচীত চোরায়ল
গোবিন্দ-গোরি-সরস-রস-গানে॥
ভূবনে আছয়ে যত ভারতি-বাণি
তাকর সার সার পদ সঞ্চয়ে
বাদ্ধল গীত কতহঁ পরিমাণি॥

যো হ্থ-সম্পদে শহর ধনিয়।

শো হথ সার সার সব রসিকক
কণ্ঠহি কণ্ঠ পরায়ল বলিয়া॥
আনন্দে নারদ না ধরয়ে থেহা।

শো আনন্দ-রস জগভরি বরিগল
হথময় বিভাপতি-রস-মেহা॥

থত যত রস-পদ করলহি বন্ধে।

কোটি হা কোটি শ্রবণ থব পাইয়ে
শুনইতে আনন্দে লাগয়ে ধনে॥

শো রস শুনি নাগর বর-নারি।
কিয়ে কিয়ে করিয়া চীত চমকাওই
ক্রিছন রসময় চম্পু বিথারি॥

গোবিন্দদাশ মতি-মন্দে
এত হ্থ-সম্পদ কহইতে আন মন
বৈছন বামন ধরবহি চন্দে॥

en 2000

ব্যাখ্যা—বিভাপতি কবিকুলের শ্রেষ্ঠ, তিনি মতিমান। তিনি গোবিন ে গোরীর (গৌরবণ। গাধার, গৌরীর নহে. কেনন। শিব-গৌরীর গাঁতের কথা এই পদে কোথাও দেখা যাইতেছে না) সরদ রসগান করিয়া লক্ষ গাঁত রচনা করিয়া জগতের চিত্ত চুরি করিয়াছেন। পৃথিবীতে যত কবিদের শ্রেষ্ঠ পদ আছে তাহাদের সার সংগ্রহ করিয়া তিনি কত কত গাঁত বচন। কবিলেন। যে স্থসম্পদ্ অর্থাৎ শ্রীকৃষ্ণপ্রেমরূপ আনন্দের সম্পদে শঙ্কন ধনী, সেই স্থাের শার সব র্মিকের কর্তে ক্রে মালা করিয়া পরাইলেন। যে আনন্দে নার্দ ধৈয়া ধরিতে পারেন না, সেই আনন্দ বিছা-পতিরূপ স্থথময় রস-মেঘ জগৎ ভরিয়া ব্যণ করিল। তিনি যত যত রুদপদ রচনা করিয়াছেন তা কোটি কণ পাইলেও খাবণ করিতে পারিতাম – কিন্তু তাহাতেও আনন্দে ধন্দ লাগিয়। যাইত। সেই রদগান শুনিয়া নাগর ক্বফ ও বরনারী ताथा 'कि চমৎकात', 'कि চমৎकात' विलालन-उाँशामित চিত্ত চমৎকৃত হইল। এমন দেই বসময় চম্পুর বিস্তাব। মৃতিমন্দ গোবিন্দাস এত স্থ্য-সম্পদ্ থাকিতে আবার পদর্কনা করিতে চান--্যেন বামন হইয়া চাঁদ ধরিতে চান।

মন্তব্য—গোবিন্দ-গোরি-সরস-রসগানে—ইহার অথ যদি গোবিন্দ ও শহর-গোরীর গানে করা যায় তাহ। হইলে "যো স্থ-সম্পদে শহর ধনিয়া"র সঙ্গে সামঞ্জ্য থাকে না। বাংলাদেশে বিছাপতির হরগৌরীর গানগুলি প্রচলিত ছিল না। গোবিন্দদাসের এই পদে হরগৌরীর গানের উল্লেখ না থাকায় ইহাকে কিছুতেই গোবিন্দ ঝার রচনা বলা যায় না। "সোরস শুনি নাগল্ম বর নারি"— ইহা গৌড়ীয় বৈষ্ণ্য ধর্মের মঞ্জরীভাবের সেবার পরিচায়ক। রাধাক্বফের লীলা কীর্ত্তন করিয়া মঞ্জরীগণ যুগল কিশোরের সেবা করেন। আর বিছাপতির সেই লীলা-গান শুনিয়া রাধাক্বফ স্বয়ং চমংকৃত হইয়াছেন। গোবিন্দদাসের এই ভাবের সঙ্গে রবীক্রনাথের 'কুমারসম্ভব গান' কবিতার ভাব তুলনীয়।

89

ভাটিয়াবী

চ্ছৌদাসচ্বণ চিন্তাম্পিগ্ৰ শিরে করি ভ্য।। হীন অকিঞ্নে শরণাগত জনে করুণা করি পুরব আশা॥ হরি হরি তব মঝু অকুশল থাব। রসিক মুকুটমণি প্রেমধনেহি ধর্মী কপা নির্থিলে যব পাব॥ সদয় শুধি মোহে এদে প্রবোধিব থৈদে খুচয়ে আধিয়ার। বিলাসরস কিঞ্চিত খ্যামর গৌরী মঝু চিতে করু পরচার ॥ ২ুখ ক চরিত বদন ভরি গাওব র্সিক ভকতগণ পাশ।

কহ দীন গোবিন্দ্রদাস।

ক্ষম অপরাধ

লহরী

শাধ মঝু পূর্হ

মন্তব্য — যে চিন্তামণির জয় দিয়া লীলাক বা বিল্
মঙ্গল কৃষ্ণকর্ণামৃত আরম্ভ করিয়াছেন, চণ্ডীদাদকে সেই
চিন্তামণির গণভূক্ত বলিয়া গোবিন্দদাদ বর্ণনা করিয়াছেন।
সম্ভবতঃ ইহা চণ্ডীদাদের রামী সম্পক্তিত ঘটনার ইপিত
বহন করে। এই পদেও প্রেবাক্ত পদের তায় "ভামর
গৌরীর বিলাদরদ" বর্ণনা করার কথা আছে। চণ্ডীদাদ
হরগৌরী সম্বন্ধে কোন পদ লেখেন নাই, স্ব্তরাং নিশ্চয়ই
গৌরবর্ণা রাধার কথা এখানে গোবিন্দাদ উল্লেখ
করিয়াছেন। পূর্ববিদেও তাই।

86

ভাটিয়ারি

ঠাকুর নরোভ্য জয় রে জয় রে জয় প্রেম-ভক্তি-মহারাজ। শাকর: মন্ত্রী অভিন্ন কলেবর রামচন্দ্র কবিরাজ ॥ প্রেম-মুকুটমণি ভূষণ ভাব।বলি অংকহি অঙ্গ বিরাজ। নূপআসন খে-তরি মাহ। বৈঠি সঙ্গহি ভক্তসমাজ **৷ শনাতন রূপ কুত** গ্ৰন্থ ভাগবত অম্বদিন করত বিচার। যুগল-উচ্ছল-রুম রাধামাধব পরমানন স্থ পার ॥ বিষয়র্পে উন্মত শ্ৰ সংকাৰ্ত্তন ধৰ্মাধ্য নাহি জান। থোগ দান ব্ৰত আদি ভয়ে ভাগত-বোয়ত করম গেয়ান ! ভাগৰত শাস্থ্যণ যো দেই ভক্তি ধন ত ক গৌরব করু আপ। সাংখ্য মীমাংসক তৰ্কদিক যত কম্পিত দেখি পরতাপ।

অভকত চৌর স্থানুরহি° ভাগি রছ
নিয়ড়ে নাহি পরকাশ।
দীন হীন জনে দেওল ভকতিধনে
বঞ্চিত গোবিন্দাস॥

ভক্তিরত্নাকর—পৃঃ ১১ তরু ১১

পাঠান্তর—তরু (১) যাকে (২) ভাজত (৩) দুরহি। ব্যাখ্যা—প্রেমভক্তির মহারাজ ঠাকুর নরোভ্যের জয় হউক। তাহার অন্তরঙ্গ বন্ধু (অভিন্নকলেবর—কলেবর ব। দেহ নিশ্চয়ই উভয়ের ভিন্ন ছিল। কিন্তু উহারা অভিন্নহৃদয় বন্ধু ছিলেন বলিয়া কবি উহাদিগকে অভিন্ন-কলেবর বলিয়াছেন) রামচন্দ্র কবিরাজ (কবির জ্যেষ্ঠ-লাতা) হইতেছেন দেই মহারাজের মন্ত্রী। ঠাকুর মহাশয়ের প্রতি অঙ্গে প্রেমের মুকুটমণির ভূষণস্বরূপ ভাবসমূহ বিরাজ করে অথাৎ দেহে অখ্, পুলক, কম্প প্রভৃতি শোভা পায়। তাহার নূপ আসন বা রাজধানী হইতেছে থেতরী (রাজদাহী জেলায়)। দেইখানে তিনি ভক্ত-সমাজের দঙ্গে বিরাজ করেন। সনাতনকৃত বৃহদ্ভ'গবত। মৃত ও রূপ গোসামীকৃত লঘুভাগ্রতামৃত ও ভাগ্রতের বৈফ্রতোষণা টাকাকে কবি সনাতন-রূপ-কৃত গ্রন্থ ভাগবত বলিয়াছেন। এই সব গ্রন্থ সর্বাদা তিনি আলোচনা করেন। তিনি সংকীর্তনের বিষয় অর্থাৎ আশ্রয় যে বৃন্দাবন লীলা ভাহার রসে উন্মত্ত। তিনি ধর্মাধ্য কিছুই জানেন না---অর্থাৎ পুণ্য ও পাপ হুইকেই পরিহার করেন। ঠাকুর মহাশয়ের প্রেমভক্তিচন্দ্রিকায় আছে-

পাপ না করিহ মন অধম যে পাপী জন
তারে মুই দ্রে পরিহরি।
পুণ্য যে স্থের ধাম তার না লইহ নাম
পুণ্য মুক্তি ছুই ত্যাগ করি॥
যোগ, দান, ব্রত ইত্যাদি তাহার ভয়ে পলায়ন করে;
কর্ম ও জ্ঞান ক্রন্দন করে। ঠাকুর মহাশয় বলেন—
যোগী ভাদী কন্মী জ্ঞানী অভ্যদেবপৃদ্ধ ধাানী
ইহলোক দুরে পরিহরি।

ধৰ্ম কৰ্ম তৃঃখশোক

শাক যেবা থাকে অন্ত যোগ ছাডি ভব্দ গিরিবরধারী।

বিশুদ্ধ প্রেমভক্তির দাধকগণ কর্ম ও জ্ঞানের পদ্ধা পরিহার করেন। ভাগবত শাস্ত্রদমূহ যে ভক্তিধন প্রদান করেন তিনি তাহরেই গৌরব রুদ্ধি করেন। দাংখ্য, মীমাংদা ও ন্তায় দর্শন প্রভৃতি তাহার প্রতাপ দেখিয়া কাপেন। অভক্তরূপ চোর দূরে চলিয়া যায়, নিকটে আদে না। ঠাকুর মহাশয় দীনহীন জনকে প্রেমভক্তিরূপ ধন বিলাইয়াছেন, কেবল গোবিন্দাদেই বঞ্চিত হইলেন। ব্যাখ্যা—বাত্তির সন্তোগবিলাদের পর রাধা ও রুফ্ অকাতরে নিদ্রা যাইতেছেন। উষাকাল সমাগতপ্রায় দেখিয়া স্থীগণ রুলাবনের অধিষ্ঠাত্রী রুলাদেবীর মুগের পানে চাহিলেন। তাঁহারা নিক্ষে জাগাইতে সাহস পাইলেন না। রুলার নির্দ্দেশে শারী, শুক, কোকিল প্রভৃতি কলম্বরে গান করিতে লাগিল—তাহারা সকলে মিলিয়া জটিল। আদিতেছে এই কথা বলিতে লাগিল। তাহাতে রাধার নিদ্রাভঙ্গ হইল। মঞ্জনী-ভাবাপন্ন কবি তাহাদের মুখ ধোয়াইবার জন্ম ঝারি হাতে করিয়া তাঁহাদের প্রতীক্ষায় পথ চাহিয়া বহিলেন।

व्यष्टकानीय नीना

निमास नीना

68

তথা রাগ

নিশি-ত শেষে জাগি সব স্থিগণ
বুন্দাদেবি-মুখ চাই।
বাতি-বাস আলসে স্তি বহল তৃত্
তৃবিতহি দেহি জাগাই॥
তৃবিতহি করহ পয়ান।
বাই জাগাই লেহ নিজ মন্দিবে
নিকটহি হোত বিহান॥
সারী শুক পিক সকল পক্ষিগা।
স্থাবে দেহ জাগাই।
জাটলা-গমন স্বত্ মেলি ভাখ্য
শুনুইতে জাগত বাই॥
বুন্দাবচনে স্কল পক্ষ্পণ
মধুর মধুর কক্ষ ভাষ।
মন্দির নিকটে ঝারি লই ঠাড়িছিল
হেরতহি গোবিন্দ্ দাস॥

সা. প ১৮৮—১ম পত্র, তরু ২৪৭৮ ক. বি. ৩০১, ক. বি. ১০৫, ব ১, 10

রামকেলি

হিমকর ইমলিন নলিনগণ হাস্ট ই অরুণ-কিরণ হেরি থোর।
কোকিল বোল ভ্রমর কুল আকুল তেজল কুম্দিনি-কোর ।
কৈছে বুমারত ইম্পলকিশোর।
চোঙকি কহত শুক শারিক জোর।
কিশলয়-শয়নে নিচল তফু শ্লামর মান্ত্রকত কাঞ্চন গোরি।
কিয়ে কুম্বম-শর-তৃণ শ্ন ভেল কিয়ে হুই রতিরসে ভোরি।
সহচরি ছোড়ি মন্দিরে জ্বনি যাওত ই জাগহ স্কন্দির রাধে।
গোবিন্দাদ পত্ত শুনইতে কাত্র কোন কয়ল রস্বাদেশ।

সা. প. (১) ২৮, ব ২২,

म ४००, कौ २७२,

ক. বি ১৩৯৬

ত্র ১৫২১, ২৪৮৪

পাঠান্তর—(১) হিমকর কিরণে নলিনী হাসত—কী
(২) হাসত—স (৩) ভ্রমরি—স (৪) ঘুমায়ল—কী
(৫) চমকি—কী (৬) ঝামর—কী। নিশ্চয়ই পুথির ভূল;

কেননা ঝামর শব্দের এখানে কোন সঙ্গতি হয় না। (৭) আবাওত — স (৮) বাধে — স ।

ব্যাখ্যা— অরুণ কিরণ অর প্রকাশিত হইয়াছে দেখিয়া কমলগণ যেন হাত্মে ফুটিয়া উঠিল। কোকিল কজন ও ভ্রমর গুরুন করিতে লাগিল। হিমকর বা চক্র মানমুখে কুমুদিনীর ক্রোড় ভ্যাগ করিল। উষাকাল সমাগত দেখিয়া শুক ও শারী দম্পতি চমকিত হইয়া বলাবলি করিতে লাগিল যে এখনও কিশোর কিশোরী কেমন করিয়া নিশ্রা যাইতেছে! (তাহাদের কি ভয় ভাবনা নাই!) কচিপাতার শযায় মরকত শ্রাম ও সোনার বরণ গৌরী নিশ্রল দেহে নিজা যাইতেছে। তাহাদের অঘোরে নিজা যাওয়া দেখিয়া তাহারা বলিতেছে মদনদেবের তুণে সকল বাণই কি ফুরাইয়া গিয়াছে, তাই উহারা চুপ করিয়া আছেন ও অথবা উভয়ে রতিরদে মত্ত হইয়া শুইয়া আছেন! সখীরা যেন মন্দির ছাড়িয়া চলিয়া না যায় । ফুম্বরী রাধে জাগো। উঠ। গোবিন্দদাদের প্রভু কুঞ্চ ইলা শুনিয়া কাতর হইয়া বলিতেছেন কে রদে বাধা দিল ও

*و*ي

ল**লি**ত

গগনহি মগন দগণ বজনীকর
চল্ চরমাচল-ওর
পছমিনি'-বদন মগুণ ঘন চুগ্নই
তেজাই কুম্দিনি-কোর ॥
জাগর্হ রে ব্যভান্তকুমারি।
ভামর-কোরে গোরি কিয়ে ভোরলি
পুন বোলত ভক শারি॥
যামিনি-ভিমির থার নাহি হেরিয়ে
পরশি অরুণ-রুচি-রঙ্গ।
নাগরি নীল পটাঞ্চলে অহু
তিচীরি-রভ্ন-র্বন এত্ছা সুধারদ
তরজন বহু পথ জোহি।

গোবিন্দদাস কহ জানি চল এ স্থি পিক বোলত ওহি ওহি॥

সা. প. (১)—১২৯

उत २८४६, की २७२

কীর্ত্তনানন্দে পাঠান্তর—

- (১) কুম্দিনীবৃন্দ মধুপ ঘন চুম্বই ধায়ল কমলিনীকোর।
- (>) অঞ্চ (৩) চোরিক রভদ এতহুতুয়া ধাধশ ত্রজন রহ পথ জোই বানরী নাদে চমকি উঠি বৈঠল তুরিত হি শ্রাম জাগাই।

শব্দার্থ—রজনীকর—চন্দ্র। চরমাচল—অস্তাচল।
ওর——দিকে। ভোরলি—মত্ত হইল। পটাঞ্চল—পট্টাম্বর,
রেশমি সাড়ীব গাচল। অধ্--চিহ্ন। জোহি—নিরীক্ষণ
করিয়া।

ব্যাখ্যা—চক্র তারাগণ-সহ অন্তাচলের দিকে মগ্ন হইতেছে। ত্রমর কুম্নিনীর আলিঙ্গন ত্যাগ করিয়া পদ্মিনীর মৃথ পুন:পুন: চুন্ধন করিতেছে। (কেননা সর্যোদয়ে পদ্ম প্রস্কৃতিত হইবে ও কুম্ন নিমীলিত হইবে ।। হে ব্যভান্থনিনী জাগো। শুক ও শারী বলিতেছে শামের কোলে কি গৌরী ফের মত্ত হইল। রাত্রির অন্ধকার আর স্থির দেখিতেছি না, তাহাতে উষার মরুণ কিরণের ভাতি যেন স্পর্শ করিয়াছে। উহা দেখিয়া মনে হইতেছে যেন নাগ্রীর নীল (কালো। সাড়ীর আচলায় যেন বিরহরূপ অনলের ছাপ লাগিয়াছে। চুরি করা সন্তোগরস এতই মধুর যে হুর্জনেরা পথপানে চাহিয়া আছে। গোবিক্লাস বলিতেছেন এই সব জানিয়া স্থী চল; কোকিল গুহি গুহি ডাকিতেছে।

43

তথা রাগ

সময় জানি সব স্থিগণ আই। আনন্দে মগন ভেল হুহুঁ-মুখ চাই ত্ত জন-দেবন স্থিগণ কেল।

চৌদিগে চান্দ হেরি রহি গেল॥
নীলগিরি বেঢ়ি কিয়ে কনকের মাল।
গোরি-ম্থ স্থন্দর ঝলকে র্দাল॥
বানরি রব দেই কথ্থটি নাদ।
গোবিন্দদাস কহ শুনি প্রমাদ॥

সা. প. ১৮৮—১ম পত্র, ক. বি. ১০৩২, ব.১

ত্ৰু ২৪৮৬

ব্যাখ্যা—শ্রীরাধার প্রস্থান করিবার সময় হইয়াছে জানিয়া সব স্থীরা আদিলেন। তাঁহারা রাধামাধবের মূথ দেখিয়া আনন্দ-দাগরে মগ্ন হইলেন। স্থীরা হুই জনেরই দেবা করিলেন। চারিদিকে চাদের আলোরহিয়াছে দেখিয়া তাঁহারা একটু দেরী করিতে লাগিলেন অথবা চাদ এই সব লীলা ও স্থীদের দেখিয়া একটু যেন থাকিয়া গেলেন। শ্রাম যেন নীল পাহাড, আর তাঁহাকে বেষ্টন কনিয়া আত ফ্লর ও ফ্মপুর। স্থীরা যথন এইরূপে রাধাশ্রামের মিলনদশ্য উপভোগ করিতেছেন তথন বানরী ডাকিয়া উঠিয়া তাতের সঙ্গেত করিল। গোবিন্দাদ ইহা শুনিয়া প্রমাদ বা বিপদ্ গণনা করিলেন।

৫৩

বিভাগ

নিশি অবশেষে কোকিল ঘন কুহরই '
জাগল বসবতি বাই।
বানবি-নাদে চমকি উঠি বৈঠল
তুরিতহি শাম জাগাই॥
শুন বর নাগর কান।

তুরিতহি বেশ বনাহ বিচিত্র করি যামিনি ভেল অবসান ॥

শারী **ভক পিকু** কপোত কুহর্ত° মউর মউরি **ক**ফ নাদ।

নগরক লোক জাগি সব বৈঠব

তবহি পড়ব পরমান॥

গুরুজন পরিজন ননদিনি হুরজন
তুহুঁ কি না জান ইহ রীত।
গোবিন্দাস কহে উঠি চলু স্কর্মরি
বিঘটল কাফক পিরীত ॥

সা. প ১৮২—২য় পত্র, ক. বি. ১০৫৬, ব্, ১ ভর ২৭৫০, সং ৫১, ২০৮,

৯৪২, ৩৩৬

পাঠান্তর— সং (১) কুহকর (২) শারি শুক কপোত কীর ঘন কুহরই (৩) ননদি (৪) জানতহি (৫) বিঘটন। সা. প. পুথির আরম্ভ—সারি শুক পিক ঘন ঘন কুহরই

> শুনইতে জাগল রাই। জটিল গমন শুনি ধনি তক্ত কাঁপই তুরিতে দে শ্রাম জাগাই।

শব্দার্থ—তুরিতহি—শীঘ। পরমাদ—বিপদ। বিঘটন --ভাঙ্গিয়া গেল: এথানে বিরহ হইল।

ব্যাখ্যা—রাত্রির শেষে কোকিলের পুনঃ পুনঃ ডাক শুনিয়া বদবতী রাধা জাগিয়া উঠিলেন; তারপর বানরীর শব্দে চমকিত হইয়া শ্যার উপর উঠিয়া বদিলেন। তিনি দত্তর শ্রামকে জাগাইয়া বলিলেন, শীঘ্র আমার বিচিত্র বেশভ্ষা করিয়া দাও। রাত্রি শেষ হইল। শারী, শুক, কোকিল, কপোত, ময়র, ময়রী দব ধ্বনি করিতেছে। নগরের লোক জাগিয়া উঠিলে বড়ই বিপদ্ ঘটিবে। আমাকে শুকজন পরিজন, ননদিনী ও তুর্জন লোকদের ভয়ে ভয়ে থাকিতে হয়—তোমাকে আর কি বলিব, তুমি তো তাদের রীতিনীতি দবই জান। গোবিন্দাদ বলিতেছেন—কাহুর প্রেমে বিরহ ঘটল; স্বন্দরী উঠিয়া চলিলেন।

68

ভৈরবী

উঠহ নাগর হরি আলিস পরিহরি

ঘুমেতে না হও অচেতন।

দারুণ গোকুলের লোক হেন বেলায় যদি দেখে নাথ

कि विनिशा विनिद्य वहन ॥

গবাকে বদন দিয়া অরুণ নেহারসিয়া
ভাঙ্গি গেল ভারাগণের হাট।
ন্পুব ঘুচায়ে পছ এই বেলায় চল তহ
নিশবদে ঘুচায়ে কপাট॥
এ হেন স্থন্দর মুখে সিন্দুর কজ্জল বুকে
হের এসো মুছাই নিজ বাসে।
গোকুল লোকের মাঝে কেমনে বসিবে লাজে
দেখিয়ে করিবে উপহাস॥
আমি আর বলিব কি পারিতে বিদায় দেই
সকলি গোচর রাঙা পায়।

গোবিন্দাস চলু কান্দিতে কান্দিতে খোছে

লোরে পথ না দেখিতে পায়॥

ক. বি. ১১১ •

শব্দার্থ— অরুণ নেহারসিয়া—উমার অরুণ আভা দেখ। নৃপুর ঘুচায়ে—নৃপুর খুলিয়া; উহা পায়ে থাকিলে শব্দ হইবে ও লোকে ব্ঝিয়া ফেলিবে। সিন্দূর কজ্জল ব্কে—রাত্রির বিলাসের চিঞ্। রাধারুফের বিচ্চেদ হইল দেখিয়া কবি গোবিন্দাস আর চোথের জল সামলাইতে পারিতেছেন না। কাদিতে কাদিতে তিনি রুফকে খুঁজিতেছেন। অশ্রতে তাঁহার দৃষ্টি এমনই আচ্ছন্ন হইল যে তিনি পথ দেখিতে পাইতেছেন না।

৫৫ ভূপানী

যামিনিশেষে বেশ কবব তুহ অভয়ে কয়ল অস্থবন্ধ।
উদিত হ' অক্লণ তবহু কিছু না ব্ঝিয়ে
তোহারি ক্ষয়-পরবন্ধ।
মাধব তুহ' বড় নীলজ-রাজ।
নাগরিমা-গুণ গৌরব চাতুরি
অতি রদে ডুবব আজ॥
লিথইতে তিলক বদন ঘন মাজ্ঞদি
চিকুর পরশি হসি মন্দ। অঞ্ইতে নয়ন-যুগল ঘন চুধনে
কামর ভেল মুখচনদ ॥
চলইতে গেহ সঘন পরিরম্ভণে
দ্বরি ভৈ গেল অক।
গোবিন্দদাস কহই কো সমুঝই
রাধামাধ্ব-রঙ্গ ॥

সা. প. (১) ১৭৮ স ৪৭৪, তুক ১৭৬৭, কী ১৯৬

পাঠান্তর—(১) নিরদন্দ-স, হৃদয়বন্ধ-কী। **শকার্থ**—অত্য়ে—অতএব। কয়ল অনুবন্ধ—আশ্রয় লইলাম। পরবন্ধ-প্রবন্ধ, চেষ্টা। অঞ্চতে-কাজল পরাইয়া দিতে। পরিরম্ভন-আলিখন। দূবরি-ছুর্মল। ব্যাখ্যা-বাতিশেষে তুমিই আমার বেশ বানাইয়া দিবে বলিয়া ভোমাকেই অবলখন করিলাম। অরুণ উদিত হইতে যাইতেছে তবুও তোমার আশ মিটিল না , তোমার মনের ভাব কিছু বৃঝিতে পারিতেছি ন।। মাধব তৃমি নির্লজ্ঞারে রাজা। আজ অতিরস করিতে ধাইয়া তাহাতে তোমার নাগরালির গুণ, গৌরব ও চাতুর্য্য সব ডুবিবে দেখিতেছি। তিলক আঁকিতে বার বার মূথ ঘ্যতিছে, চল ছুইয়া একট একট হাসিতেছ। নয়নে অধন পরাইতে ঘন চুমনে আমার চাদপানা মুখগানি মলিন ক্রিয়া দিলে। বাড়ীতে যাইবার সময় গাঢ় আলিঙ্গন कतिश। (मर पूर्वन कतिश। मिला। (भौतिक्नाम वर्णन রাধামাধ্বের রঙ্গ কে বুঝিবে।

03

বিভাগ

হরি নিজ আঁচরে রাই-মুখ মোছই
কুক্ষমে বর তন্ত মাজি।
অলক তিলক দেই সীথি বনায়ই:
চিকুরে কবরি পুন সাজি।
সিন্দুর দেয়ল সীথে।
কতন্ত যতন করি উরপর লেখই
মুগমদ-চিত্রক পাতে।

মণিময়^২ মঞ্জির চরণে পরায়লি উর পর দেওল হার।

কপুর তাম্বল

বদন ভরি দেয়ল

নীছই তত্ত আপনার।

নয়নহি **অ**ঞ্জন

করল স্থরঞ্জন

চিবুকহি মুগমদ-বিন্দে।

চরণকমলতলে "

যাবক লেখই

কি কহব দাস গোবিন্দে॥

ক. বি. ৩০১ (মূলের পঠি), তিক ২৭৫২, সং ৫২, ৩৩৭, ক. বি. ২৬৩৭, ব ২১ কী ১৯৭

পাঠান্তর — (১) বনাওল — সং (২) সংকীর্তনামূতে 'মণিময় মঞ্জির' ইত্যাদি চরণ নাই। মণিমঞ্জির আনি—তঞ (৩) পর—সং।

শব্দার্থ—উরপর—বক্ষের উপর। নীছই—নির্মন্থন করিয়া। ধাবক— আলতা।

একটি প্রাচীন শ্লোকে এই ভাবটি পাওয়। যায়—

সিল্রবিন্ধং রমণীলনাটে

নিং ' কেশে কবরী' বিধায়।

যত্ত্বে দলিতাগ্রনেন

সজ্জীক্তে নাগ্রমাধ্বেন॥

ć٩

(সংকীর্ত্তনামতে উদ্ধৃত)

বিভাগ

বেশ বনাই বদন পুন থেরইতে
পদতলে পড়ি বাবে বার।

চর চর লোর চরকি পড়ু লোচনে

নিজ তম্ব নথে আপনার॥

বিনোদিনী কোরে অগোরল কান

দেহ বিদায় মন্দিরে হাম যাওব

হিমকর করত পয়ান ।

কাম্বক চিত থীর করি স্কুন্ধি
কুঞ্গি গমন কএল ।

বদনহি বাঁপি অঙ্ক মণি-মঞ্জির
নিজ-মন্দিরে চলি গেল ॥
রতন-শেজ পর বৈঠল রদবতি
দথিগণ ঘন মুখ চাই।
রজনি পোহায়ল গুরুজন জাগল
গোবিন্দাস বলি যাই॥

ক. বি. ১০৪১, ক. বি. ৩০১ ত্রু ২৮৪৬, কী ১৯৭ (মূলপাঠ)

পাঠান্তর—(১) স্থলরী—তক। (২) তক ও ক. বি. পুথিতে—'দিনকর করত পয়ান'; কিন্তু ইহার সঙ্গে 'রজনি পোহায়ল গুরুজন জাগল' একেবারে অসঙ্গত হয়। তাই আমি 'দিনকর' স্থানে 'হিমকর' পাঠ বসাইয়। দিয়াছি। (৩) কুঞ্ছি বাহির ভেল—তক্ত।

ব্যাখ্যা—মাধব শ্রীরাধার বেশ রচনা করিয়া বারবার তাহার মৃথথানি দেখিতেছেন, বারবার তাহার পায়ের উপর পড়িতেছেন। চোপ দিয়া ঝর ঝর করিয়া জল পড়িতেছে। নিজের দেহের উপর থেন নিজের কোনও জার নাই। হুন্দরীর কোলে কানাই মৃথ লুকাইয়া বলিলেন আমাকে বিদায় দাও—রাত্রি শেষ হইতেছে— চাদ অন্ত যাইতেছে। রাধা কানাইয়ের চিত্তের স্থৈয় বিধান করিয়া কুঞ্রের বাহিরে গেলেন। বসনে মণিমঞ্জীর লুকাইয়া (কেননা ভাহার আলোকে তাহাকে লোকে চিনিয়া ফেলিবে) নিজের গৃহে গমন করিলেন। রত্তশার উপর রসবতী বদিলেন। মথীরা ডাকিয়া হাকিয়া বলিতে লাগিল—রজনী প্রভাত হইল, গুরুজন জাগিল। গোবিন্দদান বলিহারি যাইতেছেন।

00

কামোদ

ধনি ধনি রমণি-শিরোমণি রাই। লোচন-ওত করত নাহি মাধব নিশি দিশি রুস অবগাই॥

"মদন-পরাজয়-পাতের" ব্যাখ্যায় সতীশচক্র রায়
মহাশয় লিথিয়াছেন 'মদন কর্তৃক নিজের পরাজয়-স্চক
পত্রস্করপ (শ্রীরাধার) চরণের উপর আলতার চিত্র
অঙ্কিত করিতেছেন। শ্রীরাধা কন্দর্পের মৃত্তিমতী শক্তিরূপিণী বলিয়া শ্রীরাধার নিকট পরাজয়ে প্রকারাস্তরে মদন
কতৃক পরাজয়ই প্রমাণিত হইতেছে।' কিন্তু বৈঞ্বশাত্রে
কোথাও রাধাকে মদনের শক্তি বলা হয় নাই।
স্রতরাং টানিয়া বৃনিয়া এক্রপ ব্যাখ্যা করার প্রয়োজন
দেখিনা।

क. वि. २७४८

স ৪০০, ভক্ ২০১৩, ২৭৪০

পাঠান্তর—(১) যো—দ (২) খঞ্চন—দ।

শব্দার্থ —লোচন-ওত—চোথের আড়াল। অবগাই—
অবগাহন করিয়া। যাবক-চীত—আলতার চিত্র।

ব্যাখ্যা-রুম্ণীদের প্রধান। রাই ধরা ধরা। মাধব তাঁহার প্রেমের রুদে অবগাহন করিয়া দিনরাত্তি কথনও তাঁহাকে চোথের আড়াল করেন না। নিজের করতলে কুষ্কম লইয়া মাধব রাধার মূথ মার্জনা করিয়া দিতেছেন। প্রেমে ভোর (উন্নত্ত) হইয়া অলকাতিলকা রচনা করিতেছেন। বারংবার সজল চোথে তাঁহাকে দেখিতেছেন আর গদগদম্বরে কথা বলিতেছেন। তাঁহার কর্ণমূলে নব নীলোৎপল পরাইয়া দিতেছেন আর শ্রীরাধা-প্রদত্ত অতদী (মিসনা) ফুলের মাল। কুপণের স্বর্ণের স্থায় অভিষত্তে নিজের কোমল ফুল্যে ধারণ করিতেছেন। শ্রীরাধার পদতলে আলতার চিত্র অন্ধন করিয়া থেন মদনের পরাজয়-পত্র লিখিয়া দিতেছেন। মদন শ্রীরাধামাধবের নিকট পরাভূত হইয়াছেন এই বার্তা শ্রীকৃষ্ণ শ্রীরাধার চরণে निश्रिश मिट्ट हिन। (गांतिनमान त्लन-डानहे इहेन; কানাইয়ের হাত আরক্ত হইল, স্থতরাং আলত। পরানোর জন্ম হাতের লাল দাগ দেখিতে পাইয়া সখীরা ठाँशक मञ्जा मिरवन।

ଜ୍ଞ

প্রভাত-লীলা

বিভাগ

ওকজন জাগল তেল: বিহান।
গৃহে নিজ কাজ সমাপন থান॥
কোই স্থি দ্বি-মন্থন করু তাহি।
ঘন ঘন গরজন উপমা নাহি॥
কোই স্থি গুরুজন-সেবন কেল।
কনক-কুন্ত লই কোই চলি গেল॥
কুন্থম তোডি কোই গাঁথহি হার।
কোই ঘর বাহির করত বিহার॥
নিতি নিতি এছন করত হি রীত।
গোবিন্দাস কহে অন্থপ চরীত।

'পাঠান্তর—সা. প. পু'থিতে (১) ভৈগেল (২) সথিগণ।

শব্দার্থ —তোড়ি—তুলিয়া। অহপ চরীত—অতুলনীয় চরিত্ত।

20

রামকেলি

রামক নীল বসন কাহে পিন্ধ।
অরুণ উদয় নাহি ভাগরেই নিন্দ॥
ব্রজ-কুল চান্দ নিছনি যাও তোর।
অঙ্গ-বিভঙ্গ কত যে তক্তু মোড়॥
ফাপ্ত ভরল কিয়ে লোচন লোকই।
কাহা লাগল হিয়ে কণ্টক আচোড়॥
বামর ভেল নিল-উতপল দেহ।
না জানিএ পাপ-দিঠি দেয়ল কেহ॥
মঙ্গল সিনান করাব আজু গেহ।
তবহু ভূগাব দধি-ওদন এহ॥
এতহি শুনল যব যশোমতি ভাষ।
গাচির ব্যাপি নিবারল হাস॥
গোহিক্দাস কহ ব্রজ-অধিদেবি।
উন্তি নিরাপদ গোরিক গোসবি॥

ক. বি ১০১ (মূল্ মা প. ৩০০ ৫০৯ সং ৫৪ (১)—১৩১, ক. ১০৬০, ব্যংব্

পাঠান্তর—(১) না ভাঙ্গই—স° (২) লাল কাল। লোচন জোর—স° (৩) গোরিক—স°।

ব্যাখ্যা— শ্রিক্ষের পীত্রসনের সঙ্গে শ্রিবাবার নাল বসনের পরিবন্তন ঘটিয়াছে। শ্রিক্ষের অঙ্গে বিলাসচিত্র সব দেখা যাইতেছে। কিন্তু মা যশোদা বিশুদ্ধ বাৎসলা দদেব বশবর্তী হইয়া ভাবিতেছেন যে ছেলেব কাপড়ের সঙ্গে বোধ হয় বলরামের কাপড় বদল হইয়ছে। আর তাঁহার বকে বৃঝি কাঁটার আচড় লাগিয়ছে। রাত্রিজাগরণে তাঁহার চোথ লাল ৷ কিন্তু মা ভাবিতেছেন বৃঝি কেহ চোথে আবার দিয়ছে। কানাইয়ের চহারা প্রতি পাপদ্ধিয়া মা ভাবিতেছেন কেহ বৃঝি তাহার প্রতি পাপদ্ধিয়া মা ভাবিতেছেন কাইয়ের মঙ্গলঙ্গানের ব্যবস্থা করিবেন। পরে তাঁহাকে দইভাত থাইতে দিবেন। মায়ের কথা শুনিয়া কানাই আঁচলে মুখ লুকাইয়া হাসিতে লাগিলেন।

গোবিন্দদাস যেন ব্রজদেবী মা ঘশোদাকে বলিতেছেন, তোমার কানাই গোরীকে (স্পষ্টার্থ—মহামায়া দেবীকে : গৃঢ় অর্থ—গৌরাঙ্গিনী রাধাকে) উপাসনা করিয়া নিরাপদ আছে।

হয়ত গোবিন্দলীলামূতের নিম্নলিখিত শ্লোকের ভাব লইয়া এই পদ রচিত হইয়াছে—

> উত্তিষ্ঠ কুখ্যাং মৃথমার্জ্ন ৫ত বালস্য বাসঃ কিমিতি অদঙ্গে। ইতি ক্রবাণাপনিনায় নীল ৫ বাসস্তদস্গাদবদচ্চ সাখ্যাম।

> > ৬১

তথা রাগ

নিজ গৃহে শয়ন করল বর কান।
জননি জাগাওত: ভৈগেল বিহান।
আলস তেজি উঠহ যত্রায়।
আগত ভাত বজনি চলি যায়।
প্রাতহি দোহন করত যত্চান্দ ।
তুরিতহি দেয়ল দোহন ছান্দ।
শয়ন উপেথি চলল বর কান।
নপুরক নাদে জাগল পাচবাণ।
নিকটহি গোঠ মিলল যব আয়।
গোবিন্দাশ মট্কি লই ধায়।

পাঠান্তর—পদকল্পতকতে (১) জাগায়ত (২) ভেল (৩) উঠল (৪) প্রাতহি দোহ করত যতুটাদ (৫) লেওল। শব্দার্থ —বিহান—প্রাতঃকাল। তুরিতহি —শীঘ্রই।

હર

হৃদ্দর অপরপ শ্রামর চন্দ।
দোহত ধেত্ব করত ছন্দ বন্ধ।
দোহন গরজন বড়ই গভীর।
ঘন ঘন দোহন করত যহবীর।
গোরস-ধার বিরাজিত অঙ্গ।
হ্মেকশিখরে যেন শোভিত গঙ্গ।
মৃটকি অটুকি লেই রাথত ঢারি।
গোবিন্দান পহঁক বলিহারি॥

ক. বি. ৩০১ (মূল),

ভাক় ২৫৪৫, সং∢৫৬

क. वि. ১०७२

পাঠান্তর—তরু—(১) গোঠহি।
শব্দার্থ—গরু—গরু। মটকি—মাটির বড ইাডি।

હ્યુ

বিভাগ

রজনি প্রভাতে চলল বর-রঞ্জিনি নদি-অবগাহন রঙ্গে। স্থবাসিত তৈল হলদি লই ধায়ত প্রিয় সহচরি করি সঙ্গে॥ গজবরগতি জিনি গমন স্মন্থৰ চাদ জিনিয়া মুখ-জোতি। কবরি বিরাজিত মণিময় স্থরচিত সীথে উজোরল মোতি॥ নীল বদন মণি-বলয় বিরাজিত উচ-কুচ-কঞ্চক ভার। মণিময় হাটক **শ্রব**ণহি তাডক কণ্ঠে বিরাজিত হার॥ রাতুল আতুল চরণ কমলসম ঝুন ঝুন নৃপুর বাজ। গোবিন্দাস কহ ওরূপ হেরইতে जुनन विनगध-तांक ॥

শব্দাথ — বাসিত— স্থবাসিত, স্থান্ধ। ধায়ত— বেগে যায়। জিনি—জয় করিয়া। সীথে— সিঁথিতে। উজোরল মোতি—উজ্জ্বল মোতি। কঞ্ক—কাচুলি। তাড়ক— এক রকম কানের গহনা। হাটক—স্থণ। শ্রবণহি তাড়ক ইত্যাদি—কানে গহনা, গলায় মনিময় সোনার হার বিরাজিত।

পূৰ্কাহ্ন-লীলা

68

সারঙ্গ

স্থাগণ সঙ্গে त्राक्त नम-नमन ভোজন করু দোন: ভাই রোহিণি দেবি করত পরিবেশন রসবতি দেওত বাঢাই॥ কনক[্] থারি ভরিপুর। বিবিধ মিঠাই নবনি দধি শাকর অন্ন ব্যঞ্জন স্থমধুর ॥ ভোজন কেলি কহনে নাহি যায়ত কো করু আনন্দ-ওর। ভোজন সারি শয়ন কক পালকে স্থ্যয় নন্দকিশোর॥ যো কিছু শেষে রহল থারিপর ভোজন কয়লহি° গোরি। গোবিন্দদাস ঝারি লেই ঠাডহি

স₁. প. ১৮২, ২।২ পত্ৰ, ব : (১৮) ত্ৰু ২৭৭০

পাঠান্তর—সা প. (১) ছই (২) রতন (৩) করতহি।
ব্যাখ্যা— রোহিণী দেবী বলরামের মাতা। রসবতি
দেওত বাঢ়াই—রোহিণী দেবী পরিবেশন করিতেছেন,
আর রসবতী শ্রীরাধা জিনিসপত্র আগাইয়া দিতেছেন।
শাকর—শর্করা, চিনি। আনন্দ ওর—আনন্দের সীমা।
গোরি—গৌরাকী শ্রীরাধা। গোবিন্দাস ঝারি লেই

চামর ঢুলাওত থোরি॥

ঠাড়হি—কবির মঞ্জরীভাবের সেবার কথা ব্যক্ত করা হইয়াছে। গোবিন্দদাস ঝারি হাতে করিয়া দাঁড়াইয়া আছেন—ভোজন শেন হইলে মৃথ ধোয়াইয়া দিবেন বলিয়া। আঁচাইবার পর তিনি একট চামর ঢলাইবেন।

> ৬৫ স্বহট

ব্ৰছ নিজ জনসঙ্গে কত কত ধাওত
আৱ কত কুলবতী নাৱী।
জয় জয়কার করত নব বধুগণ
কনক কুন্ত ভরি বারি॥
আনন্দ কো কত ভর।
অধবতী ঠাড়ে অট্টালিক, উপবি
ধ্রেইতে তৃত দিঠি লুক চকোব॥
নয়নে নয়নে কত প্রেম্বন্য উপজত
তুত্মন ভৈগেল ভোৱ।

হুত চিত হুত কক চোর॥
চলইতে চরণ অথির স্ত্নক্দন
শিথিল পীত পটবাস।
নিজ নিজ মন্দিরে সব কোই আয়ল
কহতহি গোবিক্দাস দ

দোহে ছুইা পিয়াওল

প্রেম রতন ধন

শব্দাথ — রসবতী ঠাড়ে—রসবতী রাধা অটালিকার উপরে দাঁড়াইয়। আছেন। হেরইতে ছহু দিঠি—লুক্ক চকোর যেমন চাদের দিকে একদৃটে তাকাইয়। থাকে, শ্রীরাধাও তেমনি শ্রীকৃষ্ণের মুখচন্দ্র দেখিবার জন্ম তাকাইয়। আছেন। নয়নে নয়নে কত—উভয়ের চোথে চোথে দেখা হইল, তাহাতে কতই না প্রেমরদের স্পষ্টি হইল, ছইজনের মনই বিভার হইল। ভোর—বিহবল, মত্ত।

66

বেলোয়ার
আওত রে মধুমঙ্গল ভালি।
হেরি সথাগণ ' দেই করতালি॥
চলইতে চরণ পড়য়ে ' তিন বঙ্ক।
ভালে কলিজত ' কালিন্দি-পঙ্ক॥
কহইতে বদনে করত ' কত ভঙ্গ।
নাচত সঘনে ' বাজাওত অঙ্গ॥
ভোজন সরবস ' সব অন্তবন্ধ।
অবিরত প্রাতে লাগাওত দন্দ॥
মধু-গুড় লোভিত বাউল চীত '।
বন্ধক দেওই যজ্ঞপবীত॥
কতিছা না পেথিয়ে ঐছন চালি।
করইত প্রাত দেই দশ গালি॥
গোবিন্দদাস শুনি অছু গুণ-গাম।
ডিজ-পায়ে কয়ল লাথ প্রণাম॥

व. १४. ३३३ छङ्ग २६५२, की ७२०

কীর্ত্তনানন্দে পাঠান্তর — (১) সব বালক মেলি (২) পড়ই (৩) বিরাজিত (৪) কব্যে (৫) স্থন (৬) স্বর্ষ (৭) লোভে উল্সিত চিত্ত।

ব্যাখ্যা— মনুমঙ্গল চরিত্র শ্রীরূপ গোস্বামীর স্ষ্ট।
তাহাকে শ্রীরুফ্রের বয়স্থা রূপে অন্ধন করা হইয়াছে। মধুমঙ্গল ভোজনপটু ব্রাহ্মণ বালক বলিয়া গোবিন্দদাস
তাহাকে 'ভোজনসর্পত্ম' বলিয়াছেন। তিনি যজ্ঞোপবীত
বন্ধক দিয়াও খান্থা সংগ্রহ করিতে প্রস্তুত। তাঁহার
চলনভঙ্গী বিচিত্র, কেননা পা তিন জায়গায় বাকা হইয়া
পড়ে। কপালে তাহার যম্নার পঙ্গ লাগিয়াছে। কথা
বলিবার সময় তিনি মুথের কত ভঙ্গী করেন! বারবার
নাচিতে নাচিতে অঙ্গ বাজাইয়া থাকেন অর্থাৎ গায়ে তাল
ঠুকেন তাহার সব অন্বন্ধ বা প্রযন্থ কেবল থাইবার
জন্ম। সকালে উঠিয়াই তিনি ক্রমাগত ঝগড়া বাধাইয়া
দেন। তাঁহার চালচলন এমনই অন্তুত যে ভালবাসিয়া
কিছু করিতে বা বলিতে গেলে দশ কথা শুনাইয়া দেন।
এই কথা-চিত্রটী অতুলনীয়।

৬৭

স্বারঞ্

আনহি ছল করি স্ববলের করে ধরি
গমন করল বনমাহি '
তক্ষ তক্ষ হেরি কুস্থম তহি তোড়ই '
যতনহি হার বনাই।
মাধব বৈঠল কুগুক তীর।
স্বন্দরি মনে করি ভাবই পথ হেরি
আকুল ' মন নহে থীর "
নব নব পল্লবে শেজ বিছায়ল
নব কিশলয় তহি রাখি।
কুস্থম ঘোরি ' চীত ভেল আকুল
হেরইতে চির-থির আখি "
তৈথনে মদন দিগুণ তমু দগধল '
জব জব শ্রামর-অঙ্গ ।
গোবিন্দদাস-পত্ত স্ববল কোরে করি
তর তব নয়ন-তরঙ্গ "।

ক. বি. ৩০১, ৭১৬, ১০৭৪, তুক ২৫৭৮, স্ব ১৪৬ ব ১ (একাল পদের দ্বাণিশ পদ)

পাঠান্তর—দং—(১) বনমাই (২) তক তক কুত্বম হেরি তহিঁ ভোড়ল (৩) কাতবে (৪) থোরি (৫) ত্থ দেওল (৬) গর গর ভামর চন্দ্র (৭) মদনতরঙ্গ।

ব্যাখ্যা— শ্রীকৃষ্ণ গোষ্ঠে দথাদের দক্ষে থেলা কবিতে-ছিলেন। সেই দময় কোন ছল করিয়া হ্রবলের হাত ধরিয়া বনের মধ্যে গমন করিলেন। ফুলগাছগুলি দেখিয়া তাহা হইতে ফুল তুলিয়া যত্ত্বদহকারে হার বানাইলেন। মাধ্য রাধাকুণ্ডের তীরে যাইয়া বদিলেন। রাধাকুণ্ডে রাধার কথা মনে করিয়া তাহার পথপানে চাহিয়া রহিলেন; মিলন-আশায় মন আকুল হইল; কিছুতেই দ্বির হয় না। ন্তন নৃতন পল্পুব দিয়া শ্যা বিছাইলেন। তাহার উপর নৃতন কিশ্লয় রাখিলেন। কুত্বমের ঘোর বা গাঢ় রংদেখিয়া চিত্ত আকুল হইল; তাহার প্রতি দৃষ্টি ঘাইতেই চক্ষু যেন তাহাতে নিবদ্ধ হইয়া থাকিল। দেই সময় মদন

যেন দ্বিগুণ জোরে তমু দগ্ধ করিল। শ্রামের অঙ্গ জর্জর হইয়া গেল। গোবিন্দদাসের প্রভূ স্থবলকে কোলে করিয়া (রাধার অভাবে) অশ্ব বিদর্জন করিতে লাগিলেন।

৬৮

প্রিয় স্থা গ্রমন করল প্রতি বনে বন প্রবেশল কুণ্ডক তীর।

স্থূশীতল করি কুঞ্জ অতি সোহন মলয় পবন বহে ধীর॥ স্থবলস্থা করু কোর।

সহচরী পথ হেরি অন্তর গর গর তর চর নয়নকে। লোর ॥

সচকিত নয়নে নেহারই সহচরী আকুল শামক চন্দ।

রঙ্গ পট্টাহরে মুথক্চি মোছই

ব**সন ঢুলায়ত মন্দ**॥

কর্পুর তাম্বল বদনহি পূরল সচকিত ভেল পীতবাস।

স্তন্দরী গমন করল অব নিকটিং কংত্হিঁ গোবিন্দাম ॥

ক. বি. ৩০১, ব ১ (একান্ন পদের চতুর্বিংশ পদ)

শব্দার্থ—শোহন—শোভন।

હ્યુ

ভাটিয়ার

ন্তৃন্দরি সথি সংগ্রু করল প্রাণ। রঙ্গ-পট্টাম্বরে নাঁপল সব তন্তু কান্ধরে উদ্ধোর নয়ান। দশনক স্বোতি মোতি নহ সমতুল হসইতে থসে মণি জানি।
কাঞ্চন-কিরণ বরণ নহ সমতুল
বচন কহয়ে পিকু-বাণি॥
কর-পদ-তল থল-কমল-দলারুণ
মঞ্জির রুফু বুফু বাজ।
গোবিন্দদাস কহ রমণি-শিরোমণি
জীতল মনমথ-বাজ॥

্কা ২৫৫০

শব্দার্থ — কাজরে উজোর নয়ান — কাজলে চক্ষ্ উজ্জল হইল। দশনক জোতি — দন্তের জ্যোতিঃ মতির শোভাকেও হার মানায়। পিকু-বাণি — কোকিলেব তুলা স্বর। থল-কমল-দলারুণ — স্থলপদ্মের ত্যায় অরুণ। জীতল — জয় করিল।

মধ্যাক লীলা

90

বরাড়ী

স্থিপ থনে চললি ব্ধ-ব্দিনি
ভাস্থ-আবাধন লাগি।
বহু উপহার কপূর তাপুল
লেওল গুরুজনে মাগি॥
স্থান্ধি চন্দন নেল।
চিনি কদলী সর হার মনোহর
স্থিপণ হাতহি দেল॥
জ্যু জয়কার হুলাহুলি ঘন্মন্
ঘণ্টাং শক্ষ ঘন খোর।
কেলি করত কত কোকিল কুহুরত

নৃত্যতি থ মউরক জোর ।

কুণ্ডক তীর মিলল ত্রুঁ ত্ই কর

দরশনে বিবিধ বিকার ।

গোবিন্দাস কহ তারু যত উপজ্জল

কো ইহ কহই না পার ।

ক বি ৩০১, ১০৭৯, ব ১ তরু ২৭৭৯ (একান পদের ষড়বিংশ পদ) স ৪৩৫ পাঠান্তর—তক (১) চলল (২) যতন করি লেওল (৩) কদলি উপহার (৪) শঙ্খ (৫) নৃত্যত।

- (৬) কুণ্ডক তীরে মিলল বর নাগরি ছহু মুখ হেরি ছহু হাস।—ক. বি. ৩০১
- (१) গোবিন্দাদ পত্ত রদময় নাগর
 নয়নক ইঞ্চিতে কাজ পরকাশ ॥—ক. বি. ৩০১
 শব্দার্থ—ভামু-আরাধন লাগি—স্থ্যপূজার জক্ত।
 হার মনোহর—স্থন্দর মালা। দরশনে বিবিধ বিকার—
 উভয়ের দেতে অশ্রু পুলক কম্প প্রভৃতি সাত্তিক বিকার
 দেখা দিল।

95

স রঙ্গ

গোধন সঙ্গে রঙ্গে যতুনক্র বিহরই যমুনাতীর। দাম শ্ৰীদাম ক্ৰদাম মহাবল (गांभ (गांभान मक्त वन वीत। বাজত ঘন মৃত্ মৃত্ বেণু । रेट रेट दरव হামারব গরজন আনন্দে মগন চরয়ে সব ধেন্তু॥ সম বয় বেশ কেশ পরিমত্তিত চূড়ে শিখণ্ডক কুন্তম উজোর। মণিময় হার গুঞ্চান্ব মন্ত্ৰ হেরইতে জগজন মন ভোর ।। বলয় নিশান কনয় কটি ' কিঞ্জিনি নৃপুর রহ ঝুহু বাজ। গোবিন্দাস পহু নিতি নিতি এছন বিহরই নবঘন বিদগ্ধরাজ ॥

ৰু ১ (২১), ক বি. ২৯৮২ সমুদ্ৰ ৪১১, তরু ১৬∙৯, সং ১৩৭

পাঠান্তর—(১) বাজত ঘন ঘন বিধাণ বেণু—ভক্ক; ঘন ঘন বাজ বেণু—সং (২) চরত—ভক্ক ও সং (৩) জগজন মন করু ভোর—তরু ও সং (৪) বলয় বিশাল কনক কটি—তরু (৫) বিশিন সমাজ—তরু। শকার্থ—উজ্জোর—উজ্জল। মঞ্জুল—স্থনার।

92

<u>শ্রীরাগ</u>

কাফ্রক[°] গোঠ গমনে বিরহাতুর रिधत्रक धत्रहे ना भाति। ব্ৰহ্ণাত যত জন সঙ্গহি ধাওল অক । যত কুলবতি নারি॥ সজনী দেখ দেখ ব্ৰজ-জন-নেহ" নয়নে নয়নজল অঙ্গে পুলককুল ভাবে অবশ ভেল দেহ⁸ ॥ তিল এক বিরহ কলপ সমং মানই চীত-পুতলি সম হেরি। ব্ৰজ-কুল-নন্দন বহুত ষ্তনে পুন ঘরহি পাঠাওল ফেরি॥ নিজ নিজ মন্দিরে কাতর অস্তরে স্বজ্ঞন করল প্রাণ। সহচরি রাই লেই চলু মন্দিরে গোবিন্দদাস পিছে যান ॥

क. वि. ३३२

স ৪১৩, তক ২৭৭৩, কী ৩২১

ভক্ল ও কীর্ত্তনানন্দে পাঠান্তর—(১) কালুক (২) আর (৩) নেহা (৪) দেহা (৫) করি।

ব্যাখ্যা—কানাই যথন গোষ্ঠে গমন করিলেন তথন ব্রক্ষের সকল জনই বিরহে ব্যাকুল হইলেন। তাহারা ধৈর্য্য ধারণ করিতে পারিলেন না, তাই তাঁহারা সঙ্গে সঙ্গেই দৌড়াইলেন। কুলবতী রমণীরাও ঘরে রহিলেন না—কানাইয়ের পিছে পিছে ছুটিলেন। স্থি, ব্রজ্জনের প্রেমের প্রকৃতি দেখ। তাহাদের প্রত্যেকের নয়নে জ্লন, দেহ পুলকে পুরিত ও তাবে অবশ। এক তিলের বিরহকেও তাহারা ক্লকালস্থায়ী বলিয়া মনে করে। তাহাদিগকে

চিত্রে অন্ধিত পুতুলের মতন প্রাণহীন বলিয়া মনে হয়।
শ্রীক্লফ অনেক যত্ন করিয়া তাঁহাদিগকে ঘরে ফেরত
পাঠাইলেন; তাই কাতর অস্তরে সকলে নিজ নিজ
গৃহে ফিরিয়া আদিলেন। সখী রাইকে নিজের বাড়ীতে
লইয়া গেলেন; গোবিন্দদাস তাঁহার পিছনে পিছনে
চলিলেন।

99

হুহই

নিজ-মন্দিরে ধনি বৈঠলি বিরহিনি প্রিয়-সহচরি-মুখ চাহি°। যাঁহ। যতুনন্দন করত গোচারণ তুরিতে গমন করু তাঁহি"॥ সজনী থনিক 'বিলম্ব জনি"। সহচরি-হাত ১ মাথে ধরি স্থন্দরি বোলত মধুরিম বাণি॥ বংশীবট-তট কদম্ব নীকট থোঁজবি ধীর সমীর। সঙ্কেত কেলি নিকুঞ্জ কুম্বম বন স্থাতল কুণ্ডক তীর॥ কালিন্দি - পুলিন সঘন বুন্দাবন নিধুবনে কেলিবিলাস। কুঞ্জ নিকুঞ্জ-বন গোবৰ্দ্ধন কানন मक हल (गाविनमाम ॥

ক. বি. ৩০১, ১০৭৫, ব ১ তরু ২৭৭৫, স ৪২৮ (একাল্ল পদের ত্রয়োবিংশ পদ)

পাঠান্তর—(১) অন্বরণ্য—দ (২) ধাই—তরু (৩) তাই—তরু (৪) থেনেক—তরু (৫) বিলম্ব কর জানি—তরু (৬) 'দহচরি হাত' প্রভৃতির পরিবর্ত্তে পদামৃতসমূত্রে

> হামারি পরাণ রহইতে যৈছনে তুরিতে সম্বাদ্য আনি॥

(৭) বিলাদ—স (৮) শীতল—স (১) কালিন্দি-পুলিন ইত্যাদির পরিবর্ত্তে পদামৃতসমূত্রে

> ও মৃথচন্দ্র দরশে পুন শীতল হোয়ব তোহারি নয়ান। এছন প্রেম কথিহ নাহি হেরিয়ে গোবিন্দাস কর গান॥

শব্দার্থ—সজনী থনিক বিলম্ব জনি—সথি একটুও ব্যন দেরী করিও না। নিধুবনে কেলিবিলাস—নিধুবনে ব্যথানে কেলিবিলাস হয় সেইখানেও থোজ করিও।

98

ভূপালী

শিনিধ মিঠাই আঁচর ভরি দেল।
অলথিতে আওল অলথিতে গেল।
নগরক লোক কোই লথই না পারি।
ত্রৈছে গ াগাত করু স্কুমারি।
বেশ বনাই কাছু বল বীর।
গোধন লই চলু যাম্ন তীর।
গোপ গোপাল সঙ্গে কত ধাব।
বেণু বিষাণ ঘোর ঘন রাব।
স্বল স্থা সঞ্জে করত বিলাদ।
এক মুথে কি কহব গোবিন্দাদ।

ক. বি. ১০৭১, ব ১ তরু ২৭৭১ (একাল্ল পদের উনবিংশ পদ)

ব্যাখ্যা— এরফ গোষ্ঠে ঘাইবেন, তাঁহার ক্ষা লাগিবে; তাই রাধিকা সকলের অলক্ষ্যে আসিয়া প্রাণনাথের আঁচল ভরিয়া নানাপ্রকার মিষ্টান্ন দিয়া আবার সকলের অগোচরেই চলিয়া গেলেন। নগরের লোক কেহই তাঁহাকে দেখিতে পাইল না। এমন ভাবেই স্কুমারী যাতায়াত করেন। এদিকে বেশভ্যা করিয়া কানাই ও বলরাম গোধন লইয়া যম্নার তীরে চলিলেন। সঙ্গে তাঁহাদের গোপ গোপালকগণ ধাইতেছেন; বেণু ও বিষাণের উচ্চ ধ্বনিতে বন প্রতিধ্বনিত হইতেছে। প্রীক্বঞ্চ স্থবল স্থার সঙ্গে বিলাস করিতেছেন। এক মুখে গোবিন্দ-দাস এমন মধুর লীলা কেমন করিয়া বর্ণনা করিবেন।

90

তথা রাগ

আন ছলে আন পথে গমন কয়ল তুভ স্থিগণ বৈঠল কুঙে।

সরস রসাল নবিন^২ নব মঞ্জী

বিক্ষিত ফুল-ফল-পুঞ্ছে॥ তুহু জনং মীলন ভেল।

রসময় রসিক রমণি-রস-শেখর° বহুবিধ কৌতুক কেল॥

মদন-মহে দিধি নিমগন হুহু জন ভুজে ভুজে বন্ধন-ছন্দ :

তকণ তমাল কিয়ে কনক-লতাবলি নব জলধবে জন্ত⁵ ঝাঁপল চনদ॥

দুচ্ পরিরম্ভবে মগন হুহু ক মন ^৫

ঘাম-বিন্দু মৃথে স্থন্দর জোতি।

গোবিন্দাদ পহ রতিরণ-পণ্ডিত জ্লধরে থৈছে বিথাবল মোতি ।

ক. বি. ৩০১, ২৫৭৭, ব ২১ সং ১৮৭, তক্ষ ২৭৮৩ (২৯)

পাঠান্তর—সং (১) নৃতন (২) বছজন (৩) রমণ রুসে নাগরি (৪) কিয়ে (৫) মগন বহু হুত জ্বন (৬) রতিজয় পণ্ডিত (৭) যৈছন জলদে বিধারল মোতি।

শকার্থ—মদন-মহোদধি—কামের মহাসমুদ্রে। নব জলধরে—নৃতন মেঘ যেন চাদকে ঢাকিয়া ফেলিল। জলধরে থৈছে বিথারল মোতি—জীক্তফের গায়ে ঘর্ষবিন্দু দেখিয়া কবির মনে হইতেছে মেঘের গায়ে বৃঝি মতি বিছাইয়া দেওয়া হইয়াছে।

93

গান্ধার

বনমাহা কুন্তম

ভোড়ি সব স্থীগণ

সরস সমক কক তাঁহি।

মার ত বদন

নেহারি কুস্থম শর

শোহত সমরক মাহি ॥ কো কল মরমক কেলি

নওল কিশোরী

নওল বর নাগরি

ললিতা বিশাখা সথি মেলি॥

মণিময় ভূষণ

তম্ব তম্ব শোহন

রুতু মুতু নৃপুর বাজে।

গোবিন্দাস কহে

রমণীশিরোমণি

জিতল বিদগধ-রাজ।

ক. বি. ১০৮০, ব (একান্নপদ)

ত্রণ ১৫২৬, ২৬১০, ২৫৫০ (শেষ সুই চরণ)

পাঠান্তর—বরাহনগর একার পদের আরম্ভ— নব নব কুস্থম তোডি সব স্থীগণ

ব্যাখ্যা—স্থারা বনের মধ্যে ফুল তুলিয়া লইয়।
সরস যুদ্ধ করিতে লাগিলেন। ম্থের প্রতি লক্ষ্য করিয়া
কুষ্ণমশর নিক্ষেপ করিতে লাগিলেন। যুদ্ধের মধ্যে তাহারা
শোভা পাইতেছেন। নবীনা কিশোরী নব নাগরী
ললিতা বিশাধা প্রভৃতি স্থার সহিত মিলিয়া যে ক্রীড়া
করিতেছেন সেই মনোরম কেলি কে বর্ণনা করিতে
পারে ? তাহাদের প্রত্যেকের দেহ মণিময় ভৃষণে
শোভিত। ন্পুর রুফ্ বাজিতেছে। গোবিন্দদাস
বলিতেছেন রমণীশিরোমণি বিদয়্ধ রিসকরাজকে জয়

99

ভূপালী

কাহ্নক দরশন ভেল। সহচরি তুরিতহি গেল॥ কাম্থ-কথন শুনি ভোরি।
বেশ বনায়লি গগোরি॥
প্রিয় সহচরি করি সঙ্গ।
বসনভূষণ করি অঙ্গ
নব নব নাগরি বালা।
বৈছন চান্দকি মালা॥
বাওত কত কত তানে।
কত রস করতহি গানে॥
রসিক রমণি রসেও ভাস।
শুনতহি গোবিন্দাস॥

ক. বি. ৩০১, সা. প. ১৮২ ষ্ট পত্ৰ,

ত্র ২৫৯৪

क. वि ३००, व३ (२६)

পাঠান্তর—দা. প.—(১) বনায়ত (২) রাগ (৩) কত

(s) সঙ্গে চলু।

শব্দার্থ—তুরিতহি —শীঘ্রই।ভোরি—মন্তা।বাওত--বাজাইতেছে।

96

বরাড়ী

ব্যাভা বভনমন্দিরে তুহু

নাপৰ নাপরি

रेवर्रन मिथक मभोज।

নাগর-ইঞ্চিত করণে বৃন্দ। স্থি

তুরিতহি বুঝল কাজ॥

যোই নিন্দরে সিধৃ স্থবাসিত বর মধু

তবহিঁ আনি আগে দেল।

আপে ভোজন করি সকলে ভূঞায়ল

যতনহি কৌতুক কেল।

কো কহু প্রেম-তরঙ্গ।

. সহজাই প্রেম মধুর মধুরাধিক

তাহে পুন মধুপান-রঙ্গ ॥

চুলি চুলি পড়ত খলত অবলাগণ

ঘু-ঘুমে ব-বাধ না পারি।

এত কহি নিজ নিজ কুঞ্জক মন্দিরে
শায়ন করত সব নারি ॥
রাধামাধব কুঞ্গৃহ-তলপহি
যাই করল পরবেশ ।
গোবিন্দদাস বিথারল রতি-রণ
কত কত ভাব বিশেষ ॥

এক ২৬৩৯

শব্দার্থ— যোই নিন্দয়ে দিশ্ স্থবাসিত বর মণু—
মতকেও হারাইয়া দেয় এমন ভালে। স্থান্দ মণু। পু-য়ৢয়ে
ব-বাধ না পারি—নেশা হওয়ায় শব্দ জডাইয়া যাইতেছে।
তুলনীয়: উজ্জ্বনীলমণিতে—

করোতি নাদং নুর্লীরলীরলী ব্রজাঙ্গনাজন্মথনং থনং থনম্। ততো বিগুনা ভজতে জতে জতে

ংরে: ভবন্তং ললিতা লিতা লিতা ॥—উজ্জল ১১/০৮
অথাং প্রীরাধা মূবলী স্থানে বলী রলী, সম্থন থন
থন, ললিতা লিতা লিতা ও ভদ্ধতে দতে এই
কয় শদ অধিব প্রয়োগ করিলেন। তলপহি —তল্প বা

মন্তব্য—মধুপান লীলা কবিকণপুরক্ত আনন্দর্শাবন-চম্প (২০1১৮৫), অলদারকৌস্তভ (৫।১৮; ৫।১৭), কৃষ্ণাফিককৌমুদী (৬।৩৮-৬৯) এবং কৃষ্ণাস কবিরাজ-কৃত রোবিদ্দলীলামুতে (১৩।১১৭, ১৪।৭৭—১২২ এবং ১৫।৫—৭) বণিত হইয়াছে।

95

তথা গাগ

বিপিনহি কেলি করত হুহ মেলি। জলমাহা পৈঠই করত হি কেলি। নাহি উঠত হুহ মোছলহি অঙ্গ। তুহু রূপ নির্থিতে মুফ্ছে অনঙ্গ। অঙ্গে করল তুহুঁ নব নব বেশ।
কবরি বনায়ল বান্ধল কেশ।
নিজ নিজ মন্দিরে কয়ল পয়ান।
গোবিন্দাস তুহুঁক গুণ গান॥

क. वि. ७०১, व ১ (১६)

°्र २ ७६, २ १७७

শব্দার্থ — জলমাহা—জলের মধ্যে। মুরুছে অনঙ্গ— কামদেব স্বয়ং ইহাদের রূপ দেখিয়। মুর্চ্ছা যান।

60

ধানশী

নাহি উঠল দোঁহে কুণ্ডক তীর। তহু তহু লাগল পাতল চীর। অঙ্গে বনায়ল নব নব বেশ। কুজক মানো করল পরবেশ। নিবিধ মিঠাই কত্তু উপহাব। ভোজন করু উঠি কত প্রকাব॥ বাইক যতনে সোই শ্রামরায়। বহুবিধ ভূজন হুবিষ হিয়ায় । যো কিছ শেষ রহল পুন থারি। স্থি সঞ্জে ভোজন করল বর্নারি " তাম্বল খাই শায়ন তুহুঁ কেল। খলদে আকুল দোহে নিন্দ গেল স্থিগণ ভাহি শ্য়ন করু কুঞে কুস্ম-শেজ রচিত রুদপুঞ্চে॥ নিতি নিতি ঐছন হুহুক বিলাস। বীজন করতহি গোবিন্দাস ॥

€₹ 2222

শব্দার্থ-পাতল চীর-পাতলা কাপড় যেন গায়ে বিসিয়া রহিয়াছে। ভূজল-ভোজন করিলেন। হরিষ হিয়ায়-আনন্দিত চিত্তে। বীজন করতহিঁ-বাতাদ করিতেছেন।

63

তথা রাগ

বিরমল রভিরণ বৈঠল তুহ^{*}জন মুছই আমন-চন্দ^১।

তৃহ জন বদনে তামূল তৃহ দেয়ল বসন ঢ়লায়ত মন্দ ॥ তৃহ মুখ তৃহ বহি চাই।

আহা মরি মরি বলি পুন বদন ঘন চুম্বই ।

ত্বেই দোহা তকু বিলুঠাই ॥

নীলপীত বসন শোভিত হুঁহু° তহু মণিময় আভরণ সাজ।

বৈছে হ রসিকবর রমণি রস-নাগরি ভৈছন বিদগধ-বাজ ॥

কতহি যতন করি বিধি নিরমায়ল তুহু তুহু একই পরাণ।

বিকশিত কুস্থম শোভিত নব পল্লব গোবিন্দ দাস গুণ গান[ে]।

क. वि. ১১०৫

3.80 2 b 32

পাঠান্তর—তরু—(১) মোছই তুত্-ম্থ-চন্দ (২) আহা মরি বলিয়া বদন ঘন চুম্বই (৩) শোভিত ভেল (৪) ঘৈছন (৫) গোবিন্দদাস প্রমাণ

শকার্থ—মৃছই আননচন্দ—ম্থচন্দ্র মৃছিলেন। বসন
ঢুলায়ত মন্দ—ধীরে ধীরে বসন ঢুলাইয়া বাতাদ করিতে
লাগিলেন।

५२

গান্ধার

শ্রম-জলে ভীগল সকল শরীর।
তহু তহু লাগল পাতল চীর॥
পুরল মনোরথ বৈঠল তাই।
বসন চূলায়ত বসবতি রাই॥
রসময় নাগর রসবতি গোরি।
হহু মুখ হেরইতে হহু ভেল ভোরি॥

ভতল বিদগধ নাগর রায়।
রতি রসে মগন ছহু নিন্দ যায়॥
সকল সথি মেলি বিনোদিনি রাই।
কর সঞ্জে মুরলী যতনে চোরাই॥
পল এক জাগি বৈঠল পিত-বাদ।
জল সেবন করু গোবিন্দদাদ॥

ক. বি ৩০১, ২৫৭৯, ব ১ (৩০) তক্ত ২৭৮৪, সং ৩৩১

পাঠান্তর---

(১) 'করসে মুবলী যতনে চোরাই বদবতি রাথল আচরে ছাপাই ॥—সং

মন্তব্য — ম্বলী চুবির লীলা বিদয়মাধবে ৪।৩৪ শ্লোকে বিণিত হইয়াছে। এ নাটকের ৪।৩৫ শ্লোকে আছে—
যা নির্মাতি নিকেতকর্মরচনারক্তে করস্তন্তনং
রাত্রৌ হস্ত করোতি কর্মণবিধিং যা পত্যুরস্কাদপি।
গৌরীণাং কুফতে গুরোরপি পুরো যা নীবিবিধ্বংসনং
ধ্র্তা গোকুল-মঙ্গলস্ত ম্বলী সেয়ং মমাভূদ্ বশা।
অর্থাং ঘরের কাজ করিতে আরম্ভ করিলে যে করকে
স্তম্ভিত করিয়া দেয়, রজনীতে পতির কোলে শয়ন করিয়া
থাকিলে যে দেখান হইতে টানিয়া আনে, আর গুরুজনের

40

मामत्नेहें रगोतीएक नीवि थुलाहेश एक्स, त्महें रगांकूला-

নন্দের ধৃত্তা মূরলী আজ আমার বশাপর হইয়াছে।

পটমঞ্জরী

দথীজনে পৃছত বারহি বার ।
কোন চোরাওল মুরলী হামার ॥
মধুর মধুর কহে বিনোদিনী রাই ।
কাঁহা পুন ছোড়লি কাঁহা পুন চাই ।
সরবদ ধন তুয়া কোন চোরায় ॥
কাতর নয়নে নেহারএ কাহ্ন ।
স্থীগণ মোহে মুরলি দেহ দান ।
কর সঞ্জে মুরলী কুঞ্জ গৃহ মাঝ।
গোবিন্দদাস পছঁ যুব্তিসমাঝ ॥

ক. বি ৩•১, ১•৮৪, ব ১ (৩১) সং

সং ৩৩২, তক্ষ ২৬৩২

পঠিান্তর—তক (১) দখিগণে কামু পুছত কতবার (২) কাঁহা কাঁহা প্রেম ছোড়ি করব উপায়—দং (৩) দিল আন—দং (৪) করগহি—দং।

ব্যাখ্যা— একৃষ্ণ বংশী হারাইয়া ব্যাকুল হইয়া
স্থীদিগকে বারংবার জিজ্ঞাসা করিতে লাগিলেন, "আমার
ম্রলী কে চুরি করিল ?" বিনোদিনী রাধা মধুর হইতেও
মধুর স্বরে বলিলেন, "কোথায় তুমি ফেলিয়া আসিয়াছ
আর কোথায় খুঁজিতেছ ? ভোমার সর্বস্থ ধন কে চুরি
করিয়া লইল ?" কানাই কাতর দৃষ্টিতে তাকাইতেছেন
এবং বলিতেছেন—"দথীগণ আমাকে মুরলী দাও।" কুঞ্গ্রগৃহের মধ্যে স্থীদের হাত ধরিয়া গোবিন্দলাসের প্রভ্

মন্তব্য—গোবিন্দলীলামূতে (১০।৫৫-৬৬ শ্লোকে) রাধার বিরুদ্ধে বংশীচুরির অভিযোগ আনা হইয়াছে।

b-8

বরাডী

শব স্থিগণ মেলি করল প্রান : ।
কৌতুকে কেলি-কুণ্ডে অবগান ॥
জলমাহা পৈঠল স্থিগণ মেলি ।
ত্ত জন সমর করত জল-কেলি ॥
বিথারল কুন্তল জরজর অন্ধ ।
গহন সমরে দেই নাগণ ভন্ন ॥
শথিগণ বেডল শ্রামর - চন্দ ।
কোবিন্দলাশ হেরি হ রত ধন্দ ॥

ক.বি. ৩০:, : ৮৫

ত্রু ২৬৪৭

পাঠান্তর—ক. বি. (১) স্থিগণ মিলি তুহু করল প্যান (২) নাগর (৩) গোবিন্দ্দাস প্রছ। শব্দাথ — অবগান—অবগাহন। বিথারল—বিস্তৃত্ত করিল, এখানে চূল এলোমেলো হইল। 60

তথা রাগ

নাহি উঠল তিরে সবহুঁ স্থীগণ
রসবতী নাগরী রাই '।
বসন নিচোড়ি মোছই সব তম্থ
স্থিগণ বেশ বনাই ॥
বিনদিনি-বেশ করত বর কান।
চিকুর সাঙারি কবরি পুন বান্ধই
অলক তিলক নিরমান ॥
সীথি বনাইয়া 'উর পর লেথই
মুগমদ-চিত্র নিশান '।
রতি-জয়-বেথ চরণরুগ লেথই
আরকত বেশ বনান "॥
কতহুঁ যতন করি বেশ পরায়ল
ন্পুর দেয়ল রঙ্কে '।
গোবিন্দাস কহ ও রূপ হেরইতে
মুবছয়ে কতহুঁ অনকে ॥

ক. বি. ৩৪১, ১০৮৬, ব ১(৩৩) তক্ত ২৬৫০, সং ১০১, ২৬৭, ২৯১

পাঠান্তর—সং (১) রসবতী নাগর রায় (২) সব বেশ বনাই (৩) মুগমদ পত্র নিশান (৪) যাবক তাঁহ নিরমান (৫) নূপুর পরাওই (৬) বসন পরাওই অঙ্গে।

৮৬

তথা রাগ

রতন থারি ' পর চিনি কদলী দর
আনল ' রদবতি রাই।
ীতল কুঞ্জতল হংগদ্ধ পরিমল
বৈঠল নাগর যাই "।
ভোজন করু ব্রজরায় ।
বাসিত বারি হংকপূর ভাদ্দ দেওত বাঢ়ায় "।

আগোর চন্দন শ্রাম-অঙ্গে লেপন বিজ্ঞ কুত্মক বায়।

স্থিগণ দক্ষে বিহার করত তৃহ দ

গোবিন্দদাদ বলি যায়॥

ক. বি. ১০৮৭, ব ১ (৩৪) সং ১০২, ২১৮, ২৬৮, তকা ২৬৫২

পাঠান্তর—সং (১) থালি (২) জানলি (৩) তহিঁ বৈঠল ছহুঁ যাই (৪) যত্রায় (৫) স্থশীতল নীর কপূণ তাম্বল (৬) রসবতি দেই বাঢ়ায় (৭) ঘন ঘন লেপন (৮) রঙ্গে নেহারই।

4

ভাটিয়ারি

কীরক মৃথে শুনি ? জরতি-আগমন চল সভে রবিক মন্দিরে। গন্ধ মালাবর ষোডশ উপচার আব কত কত উপহারে॥ দেথ বিপ্র-বেশধর শ্রাম। জরতিক আগে যাই কহই শুন। বিশ্বশ্ম মনু নাম ॥ দো খাম বচন মূরতি হেরি^২ তৈথন পরণাম করি কহে সোয় । ধৈরজ-প্রকৃতি দেখি চিতে লাগল অতয়ে বরণ কৈলু তোয়। নিতি নিতি আসি পূজায়বি স্ববদেব দেয়বি ভভ-বর জোই। পূরণ মঝু স্তক গোধন রতন বধুক সতীপণ হোই॥ শ্ৰাম কহত তব ঐছন হোয়ব পূজবি পশুপতি স্ব। নীতি পূজায়ব রয়নী দিন মাহা তৰহিঁ মনোরথ পূর॥

পুনহি কহত উহ
তেজিয়ান তুহঁ ব্রহ্মচারি।
ভানি এত বচন চাহি পুন আনন
মনহি হাসই ব্রজ-নারি॥
নানাবিধ বরণ পূজন করি কতক্ষণ
আর কত কত বর-রঙ্গ।
যোই করত সোই প্রেমক সঙ্গতি
অতয়ে নহত তছু ভঙ্গ॥
বেলি অবসান হেরি সভে আকুল
গমন কয়ল নিজ গেহ।
গোবিন্দদাস কহ আপন বশ নহ
বিরহে অবশ সব দেহ॥

ক. বি. ৬৪

স্৪৪৮, তুক ১৮৬৩

পাঠান্তর—স (১) কীর মুখহি শুনি (২) লখি (৩) প্রণ্ম করি কহে আছে।

শব্দার্থ—কীরক—টিয়াপাথী, শুক পক্ষী। রবিক মন্দিরে—স্থামন্দিবে। জরতিক আগে—বৃদ্ধার সন্মুথে (এথানে জটিলার সামনে)। প্রেমক সঙ্গতি—প্রেমের সহিত।

سطسط

তথা রাগ

তাহি স্থগমন কয়ল বর-রঞ্চিণি
স্থিগণ সঙ্গহি মেলি।
তহি জ্বাশুছা তলাত্লি ঘনঘন
ভাষ্ক-আরাধন-কেলি।
দ্বিজবর বিদগধ-রাজ।
স্থবাসিত কুত্তম স্থগন্ধি চন্দন
কর্পূর-পূর করু সাজ॥
বত্ত উপভোগ তাম্বল আদি দেওল
চিনি কদলক ফুল-হার।

স্থাসিত করি খীর দধি শাকর সেবন বহু পরকার ॥ কুস্থমক অঞ্চলি দেয়ল সথি মেলি আনন্দে কো করু ওর ॥ গিরিবরে কনক-লতাবলি বেঢ়ল গোবিন্দদাস মন ভোর ॥

ক. বি. ৩০১, ১০৮৮, ব ১ (৩৫)

すみ こから8

শব্দার্থ— তাহি— দেইখানে। ভাগ্ন-আরাধন কেলি
— স্থ্যপূজা করিল। দিজবর বিদগধ-রাজ— রিদিক্রেসই পুরোহিত হইয়াছেন। গিরিবরে কনক-লতাবলি
বেচল— শীক্কফ গিরিবন তুলা, তাহাকে শীরানাক্প স্থলতা
যেন বেইন করিল।

123

তথ। রাগ

শগিগণ মেলি কয়ল জয়কার।
ভামির অঙ্গে দেয়ল ফুলহার ॥
নিজ-মন্দিরে ধনি কয়ল প্রাণ।
বন্মাথা গমন করল বরকান ।
মণিময়ভূষণ অঙ্গে উজোবি ।
শঙ্গাক ঘন জয়-জয়-কার।
স্থান্দ্রবদনী কবরি কুচভার॥
বেংরি মদন কত প্রাভব পাব।
বেগাবিন্দ্রাণ তুত রুগ গাব ।॥

সা. প. ১৮২, ৮ম পত্র, ক. বি. ৩০১, ১০৮৯ সং ১০৩, তক ২৮৬৫

পাঠান্তর—সং (১) বনথল রহব স্থনাগর কাহ্ (২) মণিভূষণে দব অঙ্গ উজোরি (৩) গুণ গাব। তরুতে "স্বন্দর বদন" আছে। তাহা অপেক্ষা দংকীর্ত্তনামৃতের "স্থন্যবদনী" পাঠ ভাল; কেনন। স্থন্যবদনীরই কুচভার ও কবরী।

অপরাহ-লীলা

20

গোবিন্দ আওত গোধন সঙ্গে। নেহারয়ে দিনকর ঐছন ব্রজ-বধ্রঞে॥ বেলি-অবসান হেরি যতুনন্দন বেণ পরিতে ধের ফীবে। গহন-গুহা গিরি কাননে যত ধেত মীলল যামন-ভীরে॥ চয়া চন্দ্ৰ গন্ধ চতুঃসম হেম-কলস তুভ পাশে। तुभ भौभ > शि মঙ্গল গাওত খ্যাম-দবশ-র্ম আশে॥ বন্ধালি-গলে বন্যাল বিবাজিত তাতে নৰ ধাতু প্ৰকাশ। কৃঞ্ছিত অলক ভাল করি মীলিত

বলিহারি গোবিন্দাস ॥

কু:১০০

ব্যাখ্যা—গোবিন গোধন সঙ্গে লইয়া আসিলেন।
কমলিনী যেরপ আগ্রহের সঙ্গে দিনকরের দিকে দৃষ্টি
নিক্ষেপ করে ব্রজবণ্ড সেইরপ রঙ্গে তাঁহার মুখ দেখিতে
লাগিলেন। বেলা শেষ হইতেছে দেখিয়া যত্নন্দন
বংশীধ্বনি করিলে গোসমূহ ফিরিয়া আসিল। বনে,
গুহাতে, পাহাডের উপরে যেথানে যত ধেন্থ ছিল সব
আসিয়া যম্নার তীরে মিলিল। সখীরা চুয়া, চন্দন ও
চতুংসম গন্ধ (তুইভাগ মুগনাভি, ভিনভাগ কুন্ধুম এবং
একভাগ কর্গুরের মিশ্রণ) স্বর্ণকলস, ধৃপ, দীপ প্রভৃতি
লইয়া শ্রাম দর্শনের আশায় মঙ্গল গান করিতে লাগিল।
বন্মালীর গলে ব্নমালা স্থাশেভিত, ভাহাতে ন্বধাতুর
প্রকাশ। তাহার চাচর কেশ কপালের উপর পড়িভেছে।
শোভা দেখিয়া গোবিনদাদ বলিহারি যাইভেছেন।

22

তোড়ী

গোঠে প্রবেশ করায়ল গোগণ
স্থাগণ নিজ নিজ মন্দিরে গেল।
বংসক বান্ধি ছান্ধি ধেন্তুগণ
্নন ঘন দোহন কেল॥
স্থানর খামর অঙ্গ।
বঙ্গ পটাম্বর হার মনোহর

গোধ্নি ধ্বর অঞ্চ ।

নব নব পল্লব গুল্ফ স্মণ্ডিত

চড়ে শিখণ্ডক বেচল দাম।

মকরাকৃতি মণি- কুণ্ডল দোলনি

হেরই চমকি পড়য়ে কত কাম।

বন-ফুল-মাল বিরাঞ্জিত উর পব

কিন্ধিনি-রণরণি নূপুর পায়।

ক. বি. ৩০১, ১০৯১, ব ৯ (১২৯ পু)

গোবিন্দদাস পত

375 3 to 6

জগমন-মোহন

25

ব্ৰু সুব্ৰিগণ হুব্যতি ভাষা ॥

পূরবী

নিজ মন্দিরে যাই বৈঠল রস্বতি
গুকজন নিরথি আনন্দ।
শিরিফ-কুস্থম জিনি তম্ম অতি স্পকোমল
চল চল ও মুখ-চন্দ॥
নিতি নিতি ঐছন রীত।
রস্বতি রসিক—মনোহর নাগর
অপরূপ ছুহু ক চরিত॥
বিবিধ মিঠাই থারি ভরি পুরতি
ভোজন করতহি গোরি।
কর্পুর তাম্বল বদন পরিপ্রিত
কুদ্ধম চন্দন রোবি॥

নিজ-গৃহ-কাজ সমাপল সথিগণ গুরুজন-দেবন কেল। গোবিন্দদাস দীপ তহি সাজাওল বেলি অবসান ভৈগেল।

ক বি. ৩-১, ১০৯০

59

ইথে অন্তরে হবি মন্দিরে গেল। সঙ্গে স্থা ব্ৰজ্বলৈক মেল। ব্ৰঙ্গত প্ৰবেশিত নিয় নিয় ঠাম। গোপিকা-মনোর্থ কাম # নিজম্বত পাই সভে করতহি কোর। ভোজন করায়ত যত হোত বিভোব : ত্র নন্দক মনিধে নন্দ কিলোর। নির্থি মশোমতী হোত বিভোর। চৰণ পাথালি মুচ্ই সৰ অজ। ভোজন কৰায়ত প্ৰেমতর্গ ৷ মুখ কর ধোট দেয়ত গুয়া পান। রতন পালকে **ভ**তারল কান॥ ত্ৰ যশোমতি চলল গৃহকাজে। ভুতি রহল হরি মন্দির মাঝে॥ গোবিন্দদার চিতে হর্ষত ভেল। শয়ন তেজি হরি কুগুহি গেল।

মন্তব্য— শ্রীয়ক্ত সজনীকার দাসের পুথি (পু: ১০৪) হইতে ডাঃ স্কুক্মার সেন কর্তৃক সাহিত্যপরিষংপত্রিকায় । ৩৬ গ্রেও) প্রকাশিত।

৯৪ তথা রাগ

বদন নিছাই মোছি নৃথ-মণ্ডল বোলত স্থমধুর বাণি। বেলি অবসানে তুরিতে নাহি আওসি তুয়া লাগি বিফল প্রাণি॥

नन्तन-कद्र ध्रित्राना। কতহু থতন করি যশোমতি স্থন্দরি মন্দিরে বেশায়লি আনি। স্থবাসিত তৈল স্থশীতল জল দেই মাজল যতনহি অঙ্গ। কুন্তল মাজি সাজি পুন বান্ধল চূড় শিখণ্ডক রঞ্জ । মুগ্মদ চন্দ্ৰ অঙ্গে বিলেপন যতনে পিন্ধায়ল বাস। বাসিত কুক্ষম হার উরে লখিত কি কহব গোবিন্দাস ॥

ক. বি ১০৯৫, ব ১ (6১) স্ ১০৯, ৩০ ২৮০৬

পঠি। ত্তর- – সংকাতনামতে "বেলি অবসানে" ২২তে "মনিংরে বৈদ্যলি আনি" প্যান্ত নাই। (১) চূড়হি কুত্রম হার্থ লসা। **শব্দাথ**—হাব উবে লপিত—বুকে হার তুলিতেছে।

সায়াহ্য-লীলা

06

• গৌরী

সাবা সময়ে গৃহে আওত ব্রজ-প্ত যশোমতি আনন্দ-চীত। দীপ জালি থালিপর ধরলহি আরতি করতহি গাওত গীত। ঝলকত ও নুখ-চন্দ। ব্রজ রমণীগণ চৌদিগে বেচল হেরইতে রতি-পতি পডলহি ধন্দ। ঘণ্টা ঝাঝরি তাল মুদঙ্গ বাজাওত স্থিগণ জয় জয়কার। বরিথত কুম্বম রমণিগণ হর্ষিত আনন্দে জগ-জন নগর বাজার॥

মনোহরি মুর্ডিঙ শ্রামর অঙ্গ বনি বন্যাল আজাম বিরাজ। গোবিন্দান কহ ও রূপ হেরইতে সংশয় জীবন যৌবনে পড়ু বাজ"॥

क. वि. ১०৯৪, व ১ (৪०) - जुक् २७৮७, मुर ५०৮

পাঠান্তর-শং (১) সন্ধ্যা সময় গৃহে আওল যতুপতি (২) প্রদীপ জারি (৬) দেবগণ (১) মনোহর স্থরচিত (৫) সংশয় যৌবনে পড়লহি বাজ।

৯৬

ভথা রাগ

কতল যতন করি বাই স্থনাগরি করলহি বত উপহার। কনক থারি ভবি চিনি কদলীসর চন্দন মনোহর মাল। প্রিয় সহচরি-হাতে দেল। তুবিতহি নন্দ মহলমাহ। মীল্ল যশোমতি-আগে লই গেল। বিবিধ মিঠাই যতন করি লেয়ল চিনি কদলী উপহার। থির সর নবনীত দ্ধিকর শাকর বহুবিধ বৃস-পরকার ৷ ভোজন করায়ল বহু স্থুখ পা ভল কর্পুর তাম্বল দেল। যো কিছু অবশেষ রহল থারিপর (गाविन्ममाम नहे (गन।

ভক় ২৮০৭

मकाथ — भटल— विভाগ, यथा जन्द्रप्रटल मनद्रप्रटल। এই আরবি শক্টা সনাতন গোস্বামী বুহস্তাগ্রতামতে ব্যবহার করিয়াছেন।

29

তথা রাগ

যশোমতি যতনহি স্থি সঞ্জে কহতহি

তুরিতে পয়ান কর তাই।

হামারি সন্দেশ কহ্বি সব গুরুজনে

আনবি বসবতি রাই॥ বতন থারি ভরিপুর।

বিবিধ মিঠাই খার দধি শাকর

বহু উপহার মধুর।

কর্পুর তাম্বুল হার মনোহর

বাসিত চন্দন-কটোর।

সহচরি থারি চীর দেই নাপল

গোবিন্দদাস মন ভোর॥

ক. বি ৩০১

कुरा ३१७१

26

ধানশী

শিরপর থারি যতন করি ধয়লঠি রাইক মন্দিরে গেল।

যশমতি বচন কহল সব গুরুজনে সোমব অভুমতি দেল॥

স্কুনি স্থি সঞ্জে কয়ল প্রাণ।

রঙ্গ পট্টাহরে আপল সব তহ্য কাজরে উজর নয়ান॥

দশনক জোতি মোতি নহে সমতুল

হসইতে থদে মণি জানি। কাঞ্চন কিরণে বরণ নহে সমতুল

বচন কহয়ে পিকু-বাণি ॥

করপদতল থল- কমলদলাকণ মঞ্জির ক্ষুসু বাজ ।

গোবিনদাস কহ রমণি শিরোমণি

জীতল মনমথ রাজ।

ত্রু ২৭৬৮

৯৯

তথা রাগ

রাধাবদন-চাদ হেরি ভূলল শ্রামর নয়ন-চকোর। ছন্দ বন্ধ বিহু ধবলী ধাওত

বাছুরি কোরে আগোর॥

শ্নহি দোহত মুগধ মুরারি।

মুঠহি অঙ্গুলি করত গতাগতি হেরি হদত ব্রজনারি॥

লাজহিঁ লাজ হাসি দিঠি কুঞ্চিত

পুন লেই ছান্দন ছোব। ধবলিক ভরমে ধবল পায়ে ডান্দল

গোবিন্দল্য হেরি ভোর॥

मा. भ. ()) 0 :

ভাক ২০৫৩

ন্যাখ্যা—ভামের নয়নরপ চকোর রাধার বদনরপ চলু দেখিয়া মজিল। জিরুফ তুধ দোহাইতে যাইতেছেন, কিন্তু রাধাকে দেখিয়া এমনি সব কিছু ভূলিয়া গিয়াছেন যে ধবলীকে ছাদন দড়া দিয়া বাধেন নাই, সে পলায়ন করিয়াছে, অথচ ভাহার বাছুরটিকে জিরুফ কোলে আগলাইয়া আছেন। মুখ্ধ মুরারি গাভীর বাট নাই ভবুও থালি থালি অন্থূলি চালনা করিতেছেন, যেন তুধ দোহাইতেছেন। ভাহা দেখিয়া ব্রজনার্বা্যাহাদিতেছেন। জীরুফ তাহা দেখিয়া লজ্জিত হইলেন। সলজ্জ হাস্তো তাহাব দৃষ্টি কুঞ্জিত হইল। তিনি পুনরায় ছাদন দড়ি হাতে লইলেন। কিন্তু ধবলীক্রমে যও ধবলের পায়ে উহা বাবিলেন। জীরাধার রূপ তাহাকে এমন পাগল করিয়াছে। ইহা দেখিয়া গোবিলদাদ বিভোর হইলেন।

200

তথা রাগ

হেরইতে বিনোদিনী ভূলল রে। গোধন-দোহন তেজল রে। চাঁদ চকোরে জফু পায়ল রে। রাই প্রেমভরে ভাদল রে॥ মুর্ছি অবনিতলে পড়লহু রে। অরুণ লোচনে লোর চরকল রে॥ করে পহু কোরে আগোরল রে। অঙ্গে পুলক অতি পূরল রে॥ ফুহুঁ মুথ স্থানর শোহন রে।

ব ৪, ব. বি. ৩০১, ১০৬৬

্ক ২৬৩, ২৫৫৪

ন্যাখ্যা— জ্রীক্লফ বিনোদিনীকে দেখিয়া ভুলিলেন।
গাভী দোহন ছাড়িয়া দিলেন। চকোর যেন চাদ লাভ
করিল। শ্রিকফ রাধিকার প্রেমভরে ভাদিলেন। প্রেমারেগে
মৃচ্ছিত হইয়া ভূমিতে পড়িলেন। অরুণ নয়নে অরুণ
ঝলমল করিতে লাগিল। প্রভু (জ্রীক্লফ) হাত দিয়া
ধরিয়া ভাহাকে আগলাইলেন ও ক্রোডে লইলেন।
ভাহাতে দেহ পুলকে ভবিয়া গেল। উভয়েরই মুখ
স্তন্তর ও শোভন: ভাহা দেখিয়া গোবিন্দলাদের মন্ধ্রিটিত হইল।

%£§. 2∘2

নিজ মন্দির তেজি চললি বরবাধিনী নন্দ-মহল গেছ যাই। অঙ্গমণিভূষণ বালাখল করত বদনকিরণ তাহ ছাই ৷ যশোমতি নির্থি আনন। কভ কত চাদ চরণে পড়ি কান্দ্যে भगभार्थ लो भल धन्न ॥ ব্যুদ্ধন অতি স্থমপুর শ্বাসিত অন্ন পাক কয়ল ভহিঁ গোই। নিতি নিতি ঐছন করত গতাগতি नथरे ना भातरे (कारे ॥ কুক্ম তহিঁ রাথল চন্দন ঘোরি কর্পুর তাত্বল মুখ-বাদ।

স্থাসিত বারি আরি ভরি রাখল কহতহি গোবিন্দদাস ॥

ব ১ (১৭), ক. বি. ৩০১, ১০৬৯ তক্ন ২৭৬৯ শব্দার্থ — গোই—গোপন থাকিয়া, লুকাইয়া। লথই

লক্ষ্য করিতে।

প্রদোষ-লীলা

>02

সিন্ধ্ত। প্রাচীন
মনির বাহির হল অতি স্তন্তর
তহি সাজয়ে অস্পাম।
বিচিত্র সিংহাসন রন্ধ পটামর
লম্বিত নুকুতা-দাম॥
বোভা বলি অপরূপ।
বোগা বলি অপরূপ।
বোগা বলি অভকে ভূপ।
বোঠল বছকে ভূপ।
কোই কোই গায়ত কোই বাজায়ত
নাচত ধবতহি তাল।
কোই চামর লই বীজন করতহি
উল্লেখিব কপূর তাম্বল
চন্দ্র চন্দ্রাতপ সাজ।
বোবিন্দাস ভণ অপরূপ মোহন

ব ১(৪০), ক বি. ১০ন৭ তুর্ ২৬৯০

মন্তব্য — নন্দমহারাজের সভার বর্ণনা। বোধ হয় সামিয়ানা টাঙ্গাইয়া সভা বসিত।

তহি উপনীত রদরাজ।

১০৩ স্বহট অপরূপ মোহন শ্রাম। কিশোর বয়স অন্ত্রপাম॥ সভান্ধন মাঝে বৈঠল দোন ভাই।
সকল সভান্ধন চীত চোরাই ॥
হেরইতে অধিক অধিক পরকাশ।
চাঁদবদনে কত মধুরিম হাস ॥
নয়ন যুগল নীল কমল সমান।
হেরইতে যুবতিক অধির পরাণ॥
ভিলক বিরাজিত ভাঙ-বিভঙ্গ।
ফুলধমু করে লেই মুরছে অনঙ্গ॥
নিতি নিতি ঐছন করত বিলাপ।
এক মুথে কি কহিব গোবিন্দাস॥

ব ১ (৪৪), ক. বি. ১০৯৮ একান্ন পদের চুয়ালিশ পদ

শকার্থ —অথির পরাণ—প্রাণ অন্থির হয়।

रेनम नौना

₹# ₹ 5 m 3

508

ভূপানী

নিজ গৃহে শয়ন ক ।ল যত্রায়।
সবন্ধন নিজ নিজ গৃহে চলি যায়।
নন্দরাজ তব ভোজন কেল।
নিজ নিজ মন্দিরে সতে চলি গেল॥
নগরক লোক সব নিশবদ ভেল।
চরাচর সব যে। যাহ। গেল॥
মউর মউরিগণ ঘন দেই নাদ।
গোবিন্দদাস পত্তনি উনমাদ॥

ব ১ (১২) একান্ন পদের পাঁয়তাল্লিশ পদ ক. বি. ১০৬০ ত্র ২৮১০

200

ভথা রাগ

কানন কুঞ্জে কুস্থম পরকাশ²। শারি-ভক-সিকু-মধুরিম ভাব ॥ গুঞ্জত ভ্ৰমবা ভ্ৰমবি উতবোল।
মধু-লোভে মাতল আনন্দে ভোলই ॥
তাহিঁ গমন কক্ষ বিদগধ-বাজ।
বাণঝন কিন্ধিনি নূপুর বাজ॥
ভ্ৰমি ভ্ৰমি বৈঠল নিভূত-নিকুঞ্জে।
শেজ বিছায়ল কিশলয় পুঞ্জে॥
পথ হেরি আকুল বিকল পরাণ।
অবহু না স্থানির কয়ল পরাণ॥
অন্তর মদন কয়ল পরকাশ।
চৌদিগে হেরতেই গোবিন্দান

ব ৯ ৭কা**র প**দের ৪৬ সংখ্যক পদ उक् २४३३

পাঠান্তর—ব -- (১) কাননে কুল্ল্ম সব পরকাশ (২) বিভোর (৩) চৌদিশে হেরতিছি।

503

হুহ ক দরশনে উপজল প্রেম।
মরকত গৈছন কাঞ্চন (१) হেম।
কনক লতাবলী তরুণ তমাল।
নবজলধর থৈছে বিজুরি রসাল॥
কমল মধু থৈছে পাওল হুদ্ধ।
ছুই তন্ত প্রবল মদন তর্দ্ধ।
ছুইক অধ্রামৃত হুইকের পান।
গোবিনদ্দাস কহে হুই সে স্কোন॥

ব--> (১০৯) একাল্ল পদের তায়োদশ পদ

209

নটরাগ

শ্রামর অঙ্গে অনন্ধ তরন্ধিম ললিত-ত্রিভঙ্গিম-ধারী। ভাঙ-বিভঙ্গিম বঙ্গিম চাংনি বঙ্গিম-ভঙ্গি নেহারি॥ রসবতি সঙ্গে রিশিকবর রায়।
অপরূপ বাস-বিলাস কলারসে
কত মনমথ মূরছায়॥
কুস্থমিত কেলি- কদস-কদস্বক
স্থরচিত শীতল ছায়।
বান্ধ্লিবন্ধু মধুর অধরে ধরি
মোহন মূবলি বাজায়॥
কামিনি-কোটি- নয়ন-নিল-উতপলপরিপূজিত মৃথ-চন্দ।
গোবিন্দাস কহ ও পুনি রূপ নহ
জগ-মান্স-শশ-কন্দ॥

শক্দাথ ি অনঙ্গ তনঞ্জিম — কাম যেন তর্জিত চইতেচে । তাও — জা। বিভল্পি — ভালি। কেলিকদ্প-কদ্পক — কেলিকদ্প-সমূহ। বাল্ধলিবল্ধ — বাল্ধলিব বন্ধ (সদৃশ) অধর (উভয়ই লাল)। কামিনি কোটি নয়ন-নিল উভপল-পদি 'জিও মৃথ-চন্দ — শ্রীক্ষেণ্ডর মুখচন্দ্র থেন কোটি কামিনীর নয়নরূপ নীল পদ্মের দ্বারা পূজিত চইয়াছে। জগ্নান্ম-শশ-ফন্দ — জগতের মনরূপ শশক ধরিবার ফাঁদ।

১০৮ কেদার

স্থিগণ মেলি করত কত রঙ্গ।
কত রস গাওত নরনক ভঙ্গ।
কোই কোই নাচত কোই ধক তাল।
কোই বাজাওত যন্ত্র রসাল।
নাগর নাগরি ছহু ভেল ভোর।
হর্থি হর্থি স্থিগণ করু কোর।
বাচল প্রেম স্বহু স্থি জানি।
কুম্ম-শেজ বিছায়ল আনি।

নাগরি নাগর বৈঠল তায়।
স্থিগণ আন ছলে আন থলে যায়॥
নিতি নিতি এছন রস পরকাশ।
চরণ সেবন কক গোবিন্দাস॥

ব ১—৪৮, একাল পদেব আটচলিশ পদ। তক ২৮২৯
শাকাথি — নয়নক ভঙ্গ — কটাক্ষক্ষেপ। হৰ্ষ হৰ্থি — হুৰ্যে।

200

গান্ধার

তুহু 'ত হু মীলল রাধামাধ্ব उपकल जानम-कम'। ত্যাল জন্ত বেচল ' কনক লতায়ে রাত গ্রাসল চক ।। যৈছন কমলে ভ্ৰমৰা বহু মাতি। জনদে (বচল জয় তিভিত লভাবলি রতি-পতি বিদর্গ্নে ছাতি॥ নীলমণি রতন ক†ঞ্নে ভিন্ত বেচল বামর ভেল মুখ-জোতি। বিন্দু বিন্দু চোয়ত শ্রম-ভরে স্বেদ যৈছন জলদে বিথারল মোতি॥ নারি পুরুষ তুহ नथरे न। भातिएय অপরপ হুহু -জন-রঙ্গ। নিতি নিতি৺ ঐছন গোবিন্দাস কহ উপজয় রস-পরসঙ্গ^৯॥

ক. বি ১১০১ ভক ২৮৩১ কা ২১১ একালু প্রেন্থ উনপঞ্চাশ পদ। সং ২৬৪

পাঠান্তর—সং (১) তহু (২) আন আন ছন্দ (৩) তমাল বেঢ়ল থেন (৪) রাছ ধয়ল কিএ চন্দ (৫) 'ষৈছন' নাই (৬) জলদ কোরে কিএ (৭) নীলরতন-জড়িত কিএ কাঞ্চন (৮) আনন্দ উপজ্ঞে (১) কত কত রস পরসঙ্গ।

শব্দার্থ — কনক লতায়ে তমাল জহু বেঢ়ল—শ্রীকৃষ্ণরূপ তমাল বৃক্ষকে খেন শ্রীবাধারূপ স্বর্ণলতা দেবিয়াছে। চোয়ত—চুয়াইতেছে।

550

ললিভ

স্থানন্দ-নীর থতনে হরি বারত: স্থানক তিলক নিরমাই।

কুঞ্জিত লোচনে হরিম্থ হেরইতে থরহরি কাপয়ে রাই॥

দে**থ স**থি^৬ রাধা-মাধ্ব-নেহ।

নাগবি বেশ বনাওত নাগর ভাবে অবশ হুহু দেহ ॥

কোরহি খাতি পুনহু হরি সাজত পীন প্রোধর জোর।

ঘামল কর-পঞ্চজ জলে ধোয়ল

মুগমদ-চীত : উজোর॥

মরমক বেলি কহত তৃত আকুল

রোধল গদগদ ভাষ।

অধর বিলোকনে ইন্সিতে কি কহল

না বুঝল গোবিন্দলাস।

সা. প. (১) ২৭৯, ক. বি ১০৫১ স ৪৭৩, তক ২৭১২, সং ২৪৪, কী:১৯৬

পাঠান্তর—সং (১) বারই (২) দেখ দেখ (৩) -চিত্র।
ব্যাখ্যা—কেলিলিলাসের পরে শ্রীরাধাকে বিলায়
দিবার পূর্বে শ্রীকৃষ্ণ নিজের আনন্দাশ সংবরণ করিয়।
অলকাতিলকা নির্দ্ধাণ করিলেন। শ্রীরাধা চক্ষ্ কুঞ্চিত
করিয়া শ্রীকৃষ্ণের মূখ দেখিতে দেখিতে থরহরি কাঁপিতে
লাগিলেন। স্বি দেখ রাধামাধ্বের অপূর্ব্ব প্রেম। নাগর
নাগরীর বেশ বানাইলেন; ছুইজনেরই দেহ ভাবে অবশ
ছইল। কোলে দৃত করিয়া বাধিয়া (শাতি) পুনরায়
হরি পীনপয়োধর যুগল সাজাইতে লাগিলেন। ভাবের
আবেগে ভাহার করক্ষল ঘর্মাক্ত হইল এবং সেই জলে

মৃগমদের হারা অন্ধিত উজ্জ্বল চিত্র ধুইয়া গেল। মর্ম্মের কথা তৃইজ্বন পরস্পরকে বলিতে বলিতে আবুল হইলেন; তাঁহাদের গদগদ বাণী রুদ্ধ হইল। অধরপানে চাহিয়া উভয়ে ইঞ্চিতে কি বলিলেন তাহা গোবিন্দদাস বৃঝিতে পারিলেন না।

222

ভূপালী

আকুল কুটিল অলককুল সমরী।
সীথি বনাই বাদ্ধান্ত পুন কবনী॥
তহি সমরেহে দিলুরক বিন্দু।
কুদ্ধমে মাজি সাজহ মুথ-ইন্দু॥
এ হরি রতি-রস অবশ রসাল।
বিঘটিত লেশ বনাহ পুনবার॥
কাজরে উজোরহ চলাচল-ভ্রমনী॥
শীন-প্রোধরে থির কর আপি।
মুগমদে রঞ্জহ নথ-পদ ছাপিও॥
বিগলিত কত্ব-বলর্মণ মোর।
সীধেও পীন্ধায়হ ন্পুর জোর॥
মেটল যাবক পদে পুন লেগ।
গোবিন্দাস দেখউ পরতেক॥

त्रप्रक्षतौ—पृक्ष तक, क. ति २०६०, अभ २०१२, ग १६६१, ७४०२९७८, मा प. (१) २९७ को २०६

পাঠান্তর—স (২) নপুরেহ (২) ঝাপি (৩) চরণ। ব্যাখ্যা—বর্তুমান ও পরের পদে স্বাধীনভর্তুকার বর্ণনা করা হইয়াছে।

> সদা কান্ত করে যার আদেশ পালন। স্বাধীনভর্তুকা তারে কহে কবিগণ।

> > — রসমঞ্জী

শ্রীরাধা স্বাধীনভর্কা হইয়া বলিতেছেন—হে রুঞ।
আমার আকুল ও কুঞিত কেশপাশ সামলাইয়া ফের
কবরী বাধিয়া দাও আর সীথিও ঠিক করিয়া দাও।

বেধা সমান করিয়া সিল্বের বিন্দু দাও। আমার মুধচন্দ্র কুষ্ম দিয়া মাজিয়া সাজাও। হে রুফ, রতিরসে আমি অবণ ও অলস হইয়াছি, তুমি আমার বিশৃঙ্গল বেশ পুনরায় ঠিক করিয়া দাও। আমার লোচনরপ শুমরী কাজল দিয়া উজ্জল করিয়া দাও। আমার কানের গহনা কিশলয় ও চমরী হারা শোভিত কর; পীনপয়োধরে হির কর অর্পণ করিয়া চপল হইয়া করের অন্থিরতা ঘটাইও না) মুগমদের হারা এমন করিয়া রঞ্জন কর যেন নগচিত লুকাইয়া থাকে। আমার শঙ্গবলয় থসিয়া পড়িয়াছে; তাহা এবং ন্পুবজোড়া সোজা করিয়া পরাও। আলতার দাঁগ মুছিয়া গিয়াছে, ফের পায়ে উহ। আকিয়া দাও। গোবিন্দদাস প্রত্যক্ষ উহা দেখিতে পাইতেছেন।

গীতাবলীর

"পত্রাবলিমিহ মম হলি গৌরে।
রূপমণবিন্দুভিরপ্য শৌরে॥"
ইত্যাদি পদের ভাব লইয়া লেখা।

225

ভূপালী

এ ধনি এ ধনি করু অবধান।
কহ পুন কি করব অক্সচর কান॥
পহিলহি তোহারি বচন-পরমাণে।
কিশলয়ে সাজলো মদন-শয়ানে।
চল্রক-পরন সঘন ভলু দেল।
যতিথণে শ্রম-জল সব দ্রে গেল॥
বিগলিত চিকুর যতনে পুন সম্বরী।
বকুল-মাল সঞে বান্ধলোঁ কবরী॥
অপ্পনে রঞ্জিলোঁ এ তুহুঁ নয়না।
তামুলে পুরলো প্রজ-বয়না॥
মুগমদে লিথইতে উচ কুচ-জোর।
কাপে চপল কর-প্রবং মোর॥

ইথে যদি রোখবি কাঞ্চন-গোরি। গোবিন্দদাস গুণ গাবউ ভোরি॥

ক ২০।১৩, স ৪৭৫ পু:

ভকু ২৭৩৮, কী ১৯৫

পাঠান্তর—ক্ষ (১) বচন প্রমাণ (২) মদন শ্যান (৬) অতিথণে (৪) কর-প্রজ

ক্ষণদায় ক্রিয়াপদগুলি সাজস্ব, রঞ্জিই ইত্যাদিরপে ও তরুতে সাজলুঁ, রঞ্জিলুঁ রূপে আছে। পদামৃতসমূজের পাঠ মূলে গৃহীত হইল।

ব্যাখ্যা— রতি-সম্ভোগের পর শীক্তম্ব বলিতেছেন—
ফলরি শোন শোন, ইহার পর আর তোমান দেবক
কানাই কি করিবে বল। প্রথমেই তোমার কথা অন্তুসারে
(বচনপরিমাণে) কিশলয় দরো মদনশয্যা সাজাইলাম।
মুমুরের পাথা দিয়া (চন্দ্রক-পরন) তোমার দেহে জোরে
জোরে বাতাস করিলাম, তোমার শ্রু জল বিদূরিত হইল।
তোমার বিগলিত কেশপাশ যত্ন করিয়া সম্বরণ করিয়া
বুকুলফুলের মালা দিয়া কররী বাঁধিলাম। অঞ্জন দিয়া
ঘূই নয়ন রঞ্জি করিয়া দিলাম। হে কমল বদনি, তোমার
মুখে পান দিলাম। তোমার স্কউচ্চ কুচ্যুগলে মুগমদ
লেপিবার সময় যদি আমার করপল্লব চপল হইয়া কাঁপিয়া
থাকে তবে হে স্বাবণা গৌরি রাগ করিও না। রাগিলে
কিন্ত গোবিন্দাস তোমার গুণ গাহিবে।

220

তথা রাগ

ভূষে ভূজে ছন্দ- বন্ধ করি স্থন্দরি
ভামর কোরে ঘুমায়।
রতি-রসে আলিস হুহঁ তন্ত চর চর
প্রিয়-স্পি চামর চুলায়॥
স্থবাসিত বারিদ্ধার ভরি রাথত মন্দরে ১° চুহুঁজন পাশ।
মন্দির নীকটে পদ-তলে শুতলি ১২
অসুচরি ১২ গোবিন্দ্রাস॥

সা. প ১৮২-৫১ সংথাক পদ তক্র ২৭৪৫, সং ১৬৭ ব ১—৫১, ক. বি. ১১•৬ একাল্ল পদের শেষ পদ

পাঠান্তর—সং (১) অলসে (২) অবশ (৩) শৃতল (৪) মৃত্ (৫) রাধা (৬) তরুণ তমালে থৈছে (৭) অবশ (৮) নীর (৯) ঝারি ভরি সহচরি (১০) রাখল (১১) শৃতল প্রিয়স্থি (১২) সহচরি।

চিত্ৰগীত

>>8

অবনত আনন আচরে গোই।
আকুল অমল কমল যোই॥
আক্ষক অধিক আপনা থোই।
অনিমিথ নয়ন অনবরত রোই॥
অঘরিপু অছ অফুরাগিনি নারি।
অবহ অপেথ অবধি তোহারি॥
অফুপম অভরণ অঙ্গে নাহি ধরই
অলকত অঞ্জন অস্তর জরই॥
অকপট আলিঙ্গন থোরি।
অবনিক অঙ্গে অনক কগোরি॥
অহহ অভি অবনায়িভা গাত।
অমরবয়নি লে অনত উদিয়াত॥

অম্বুজ অমধু অনল জমু মানই। গোবিন্দাস এ হেন রস ভনই॥

ব ১ (১০৫) সা. প. (১) ১১৭ পদ

শব্দার্থ — গোই — গোপন করিয়া। যোই — যেমন। থোই — নিজেকে থোয়াইয়া। রোই — কাঁদিতেতে। জরই — জালাধরায়। অনত — অন্যত্ত।

'ব্যাখ্যা—গোপীরা আঁচলে আকুল অমলকমলতুল্য মুথ লুকাইয়া রাখিয়াছেন। অবিরত কাঁদিয়া কাঁদিয়া অন্ধেরও অধিক হইয়াছেন। তাঁহারা অঘারির প্রতি অফুরাগিণী হইয়া এখনও দেখিতেছেন যে তুমি কতদ্র উদাসীতের অভিনয় করিতে পার। তাঁহাদের কত অফপম অললার আছে, কিন্তু কিছুই পরেন না। এমন কি আলতা ও অজন ব্যবহার করা দ্রে থাকুক, উহা দেখিলেই তাহাদের অন্তর জালা করে। তাহারা অনঙ্গলায় মাটিতে লুটাইতেছেন, তোমার একটু আলিঙ্গন চাহিতেছেন। আহা, তাহাদের দেহ অতি অবনমিত হইয়াছে। সেই স্বস্থারীয়া যেন অন্তর চলিয়া যাইবেন অর্থাৎ পরলোকে গমন করিবেন মনে হয়। তাহাদের মৃথকমলে যেন একটুও মধুনাই—আগগুনের মত মনে হইতেছে। গোবিন্দাণ এই রস প্রকাশ করিতেছেন।

এই পদটী বরাহনগর গ্রন্থমন্দিরের ও সাহিত্য-পরিফদের পুথিতে "শরদচন্দ পবন মন্দ" এবং "বিপিনে মিলল গোপনারি" ইত্যাদি স্থপ্রসিদ্ধ রাদের পদের পরই আছে। উভয় পুথিতেই পদটীর আরম্ভ

পুনছ কহত গোকুলচন।
বিহিদি বিহিদি মধুর মন্দ ॥
কাহে বন্দব স্বন্দবিবৃন্দ
বন্ধত নাহি রাতিয়া॥

অর্থাৎ "বিপিনে মিলল গোপনারি" ইত্যাদি পদে এরিঞ্চ বলিয়াছেন যে, "এথানে অহা কেহ নাই স্বচ্ছন্দে তোমাদের মনের কথা বলিতে পার।" তাহার পরই "গোকুলচন্দ্র একটু মৃত্যক্ত হাদিয়া হাদিয়া বলিতেছেন—হে স্ক্রিগণ! বল না গো, কেমন করিয়া তোমাদিগকে বন্দনা করিব অর্থাৎ খুসি করিব। রাত যে শেষ হইয়া কুটিল কটাক্ষরপ কুত্মশরে আমার কি কি নাঘটাইতেছ। যাইতেছে।"

220

শ্রীরাগ

কামিনি কাম্ম কহল কত মোয়।
কোমল কেলি- কুত্হলে কমলিনি
কোনে কঠিন কক তোয়।
কালিন্দি-কূল কদম্মক কানন
কুসমিত কুঞ্-কুটার।

কাম-কলহকারি কপটে কলাবতি কা**হ্বক করহ** অগার॥

কর্ষতে কাস্ত কর্বি কুচ-ক্রুক কর্দি শয়ন কর্বারি।

ফুটল কটাখ- কুস্থম-শরে কোপিনি

কিয়ে কিয়ে না কর হামারি॥

করইতে কে'র কাঁপি করু কাকলি

কোকিল-কৃজিত-ভাষে।

কালি কুঞ্বনে কৈ তবে কি কহল কহত ন! গোবিদ্দাদে॥

71 81 ())—) 64

সা. প (১)—১৫৬ ক. বি. ১৬৮৭

ত্রু ৫৭৪

শব্দার্থ —কেলি-কুতৃহলে —কেলিকৌতুকে অর্থাৎ মজ। দেখিবার জন্ম। কোনে —কোন একজনে। কর্মিতে— আকর্ষণ করিবার জন্ম।

ব্যাখ্যা—হে কামিনি, কান্থ আমাকে কত বলিলেন—
তুমি কোমলস্বভাবা কমলিনী; মজা দেখিবার জন্ত কে
(মিছা কথা লাগাইয়া) ভোমাকে কঠিন বা কঠোরভাবাপন্না করিল? কালিন্দীর কূলে কদস্বনে কুস্থমিত
কুপ্তকুটীরে কলাবতী কপটে কামকলহ করিয়া কানাইকে
অস্থির করিয়াছে। কান্তকে খেন নিজের কাছে আরও
আরুত্ত করিবার জন্ত কবরি ও কুচের কাঁচলি হাত দিয়া
ঢাকিয়া শয়ন করিয়াছে। হে কোপিনি! ভোমার

কুটিল কটাক্ষরপ কুস্বমশরে আমার কি কি না ঘটাইতেছ!
তোমাকে (শ্রীকৃষ্ণ) যখন কোলে করিতে যান, তথন
তুমি কাঁপিয়া কোকিলকুজনের ন্যায় শব্দ করিলে। এ
সত্তেও গতকাল কুঞ্জবনে তোমাকে ছল করিয়া কে কি
বলিল তাহা গোবিন্দদাসকে বল না কেন? (বলিলে
তিনি মনে শাস্তির ব্যবস্থা করিবেন।)

220

সারঙ্গ

কুন্দন-কনক-কলিত কর-কদ্ধণ কালিন্দি-কূল-বিহারি। কুঞ্জিত-কচ কেশর-কুস্থ্যাকুল দ কুল-কামিনি-কর-ধারি॥ জয় জয় জগ্য-জীবন যত্ত্বীর।

জলধর জিতিয়৷ জোতি যছু মোহিত^২

যুবতিক-মূথ অগার॥
পছ্মিনি-পানি পরশে পুলকায়িত
পরিজন-প্রেম পদারি।
পহিরণ পীত পতনি পতিতাঞ্চল গ পদ-পঙ্কজ পরচারি॥
রমণী-রমন রতন গ-ক্ষিবানন রঞ্জি-বৃতি রদ-বাদ।

রসনা-ব্রোচন

রসিক-রসায়ন

রচয়ভি' গোবিন্দদাস॥

সা. প. (১)—৩৮ তক্ত ২৪২৮ ক. বি. ২৯৪৫ কী৪৫

পাঠান্তর—কী (১) কুস্মারুত (২) বিহুরি জ্বন্থ সোহত (২) নিপতিভাঞ্চল (৪) তরুণ (৫) রচতহি। শব্দার্থ—কুন্দন—উজ্জ্জন। কনক—স্বর্ণ। কলিত— নিম্মিত। কচ—কেশ। কেশর—বকুল ও নাগেশ্বর। পতনি—উত্তরীয়। রুচির—স্থলর। রসায়ন—আনন্দকর। রসনা—জিহ্বা। রোচন—ক্ষচিকর। ব্যাখ্যা— শ্রীক্লফের দানোচিত রূপের বর্ণনা।
শ্রীক্লফের হাতের কন্ধণ উজ্জ্বল স্বর্ণের দারা নিমিত।
তিনি যম্নার ক্লে বিহার করেন এবং তাঁহার চাঁচর
কেশে বকুলফুলের মালা। তিনি কুলবতীদের হাত ধরিয়া
থাকেন। জগতের জীবনস্বরূপ যত্বীরের জয় হউক।
মেঘজয়ী তাঁহার দেহের জ্যোতি দেখিয়া য়ুবতীকুল
অহির হয়। তিনি পরিজনের প্রতিপ্রেম বিস্তার করেন
এবং তাঁহার দেহ পদ্মিনী রমণীর করম্পর্শে পুলকায়িত
হয়। তাঁহার পরিধানে পীত উত্তরীয়, উহার অঞ্চল তাঁহার
পদপদ্দজের উপর লুটাইতেছে। রমণীদের নিকট মনোহর
রম্বতুল্য তাঁহার স্কর্মর মুগ অভ্রাগে রঞ্জিত ও রদের
বাসস্থলরূপ। রিদকদের নিকট প্রীতিকর ও জিহ্বার
ক্ষিকর এই গীত গোবিন্দ্রদাশ রচনা করিতেছেন।

229

মায্র

কুবলয়-কন্দল-কুপ্তম কলেবর
কালিম-কাপ্তি-কলোল।
কোমল-কেলি-কদম্ব-কর্থিত
কুণ্ডল-কাপ্ত-কপোল॥
জয় ড়য় রুফ্ রুফ্ রুম্ফ কমলেশ।
কালিয়-কেশি-কংস-করি-কর্যণ
কেশব কুঞ্জিত-কেশ॥
কুল-বনিতা-কুচ -কুম্বমাঞ্চিত
কুস্থমিত-কুস্তল-বন্ধ।
কালিমি-কমল-কলিত-কর কিশলয়
কৌতুক-কন্দল-কন্দ॥
কমলা-কেলি কল্প-কন্দ ॥
কমলা-কেলি কল্প-কর্মান্ধ
কামিনি-কোটি-করীক্র ।
রুপণ-কুপা-কর কলি-কল্মংক্য
কহ কবি দাস গোবিন্দ॥

अ २२∙, उङ्ग २४८१, को ७१ পাঠান্তর—কী (১) কুবলয় কুশ্বম কলেবর (২) কামিনীকুচ (৩) বুন্দ।

শব্দার্থ কুবলয় নীলপদা। কলল এক প্রকার
নীল রংয়ের ফুল। কালিম কুফবর্ণযুক্ত। কলোল করেলাল,
তরঙ্গ। করম্বিত নদিলিত। কল আকর, মূল।
কৌতুক-কলল-কল মজা করিয়া ঝগড়া লাগাইবার
মূল। কলি-কল্মংকম কলিম্পের পাপ যে নাশ করে।
রাধামোহন ঠাকুর 'কলিকল্মংকম'-এর অর্থ লিথিয়াছেন
'কলিকল্মং নাশ্ম'।

ব্যাখ্যা—নীল বংয়ের পদা ও কন্দল ফুলের মত যাঁহার দেহে কৃষ্ণকান্তির তরঙ্গ, যিনি কোমল কেলিকদম্বের কাছে দাঁড়াইয়া থাকেন, যাহার কুগুল আসিয়া প্রিয় গণ্ডদেশে পড়ে তেমনি কমলাপতি কৃষ্ণের জয় হউক, জয় হউক। তাহার কুঞ্জিত কেশ এবং তিনি কালিয় সর্পা, কেশিদৈত্য, কংসরাজা ও তাহার হস্তীকে কর্ষণ করেন। তাহার কুস্তলরাজি কুলকামিনীদের কুচের কুফুমের দ্বারা রঞ্জিত ও কুস্থমযুক্ত। তাহার করপল্লবে যম্নার ফোটা পদাফুল। তিনি মজা করিয়া ঝগড়া লাগাইবার মূল। তিনি লক্ষীর রমণ এবং কল্লতক্র মতন সকলের অভীপ্রস্বণকারী। কোটিকামিনীর নিকট তিনি যুথপতি করীক্রের স্থায়। কুগাই জনের প্রতি তুমি কুপা কর, কলিমুগের পাপ নাশ কর। ইহাই কবি গোবিন্দদাস বলিতেত্বেন।

226

সিশ্কুড়া

কাচ। কাঞ্চন-কাতি কমল-মূথি
কুল্মিত কানন জোই।
কুঞ্-কুটীরে কলাবতি কাতর
কান্ছ কান্ছ করি রোই॥
কি কহব কিতব কতয়ে কুল-কামিনি .
কঠিম কুল্ম-শর সহই।
করহি কপোল কঠ করি কুঞ্জিত
কালিন্দি-কুলমে রহই॥

সা. প. (১) ৩৩ ক. বি. ৩৪০, বু ৫ কর-কেয়্র কটি-কিন্ধিণিকস্কণ কাঢ়ল কণ্ঠকি মালা। কো জানে কুচ-ভটে কোন কামায়ল কাঁজরে কালিম হার।॥

কোৰ কান্ত-কথা কহি কান্দয়ে কাম-কলন্ধিনি গোরি।

কিঞ্চিত কাল কলপ করি মানয়ে গোবিন্দদাস পর্ভ ছোড়ি॥

সা. প. (১)—৯১ সা. প. ১৯•—১ স ৩৩৫ তক্ত ১৮৮৬

্ক. বি. ২৪৩৯

শব্দার্থ—জোই—চাহিয়া থাকে। কিতন—ছল, শঠ। কাঢ়ল—টানিয়া হটাইল। কামায়ল—নিশাণ করিল। কাজরে—কজ্জল দারা।

ব্যাশ্যা-ক্মলমুখী রাই, যাহার অধ্বের কাস্তি কাঁচা সোনার মতন, কুস্থমিত কাননের পানে চাহিয়া থাকে; কলাবতী কুঞ্কুটারে বিদিয়া কাতরভাবে কাল্ল কাল্ল করিয়া কানিছে। কি বলিব হে শঠ, সেই কুলকামিনী আর কত মদনের কঠিন কুস্থমণর সহ্ল করিবে? সে গালে হাত দিয়া গলা নামাইয়া যমুনার তীরে রহিয়াছে। হাতের কেয়র ও কম্বণ, কটিদেশের কিছিণা ও গলার হার টানিয়া ফেলিয়া দিয়াছে। কে জানে তাহার কুচতটে কাজল দিয়া কে যেন কালো হার আঁকিয়া দিয়াছে (কাজল-পরা চোথের জল বুকে পড়ায় এরূপ মনে হইতেছে)। সেই কাম-কলছিনী গোরী কেবল-মাত্র দ্মিতের কথা বলিয়া কাদে। নে গোবিন্দ্রামনে করে।

ভক্তিরসামৃতসিন্ধুতে (২।৪।১৬৬) চিস্তাদশার লক্ষণে বলা হইয়াছে যে, ইহাতে দীর্ঘবাস, অধােমুথে থাকা, মাটাতে লেখা, বৈবর্ণ্য, অনিদ্রা, বিলাপ, উত্তাপ, রুশতা, বাপ্স, দৈয় প্রভৃতি হয়।

উজ্জ্বনীলমণিতে ব্যভিচারিভাবপ্রকরণে চিন্তাদশার দংজ্ঞায় বলা হইয়াছে যে, ইটের অপ্রাপ্তি ও অনিষ্টের প্রাপ্তিই চিন্তাদশার কারণ। 779

কুটিল কুন্তল কুন্ত্ম-কাচনি কান্তি কুণলয়-ভাগ।

কুঞ্জিতাধর কুম্দ-কৌমূদি কুন্দ-কৈরব^২-হাস॥

কা**ন্ন** কুল কাননে কুঞ্জে কুঞ্জ-বাজ।

কামিনী-কুচ- কুন্ধমাঞ্চিত কাম-কোটি বিরাজ॥

কনক-কিম্বিণি কম্বণাঙ্গদ কুগুলাঞ্চিত অংস।

কোক-কোকিল কণ্ঠ-কুণ্ঠক কাকলী-কৃত-বংশ॥

কেশ্রী কটি কম্ব-কণ্ঠক ^০ কল্প-কেশ্র-দাম।

(কলি) কাল-কালিয় কবলকম্পিত দাস গোবিন্দ নাম॥

পাঠান্তর—(১) কোরক (কী) (২) কেলিকোকিল (ম) (৩) কন্ধর (ম) কুণ্ঠক (কী ।

শব্দার্থ — কুস্থম-কাচনি — ফুলের সজ্জা। কুবলমভাদ — নীলোংপলের দীপ্তি। কৈরব— শালুক ফুল।
কুগুররাজ — গজরাজ। অংদ — স্বন্ধ। কোক — চক্রবাক।
বংশ — বাশী। কঞ্জ — পদ্ম।

ব্যাখ্যা— শ্রীক্ষেরে চাঁচর কেশে কুস্থমের সজ্জা; তাঁহার অঙ্গকান্তিতে নীলোৎপলের দীপ্তি। তাঁহার কুঞ্চিত অধরে হাদি দেখিয়া মনে হয় যে, চাঁদের জ্যোৎসা অথবা কুল ও কৈরব ফুল ফুটিয়াছে। কানাই যম্নার তীরবর্তী কাননের কুঞ্জে গজরাজস্বরূপ। রমণীদের কুচকুস্থমে তাঁহার দেহ রঞ্জিত; সেই দেহে যেন কোটি কাম বিরাজ করিতেছে। তাঁহার পায়ে সোনার কিছিণী, কহণ হস্তে ও স্কুদ্শে কুওল শোভা পাইতেছে (কুওল কর্পে থাকে,

কিছ লম্বা বলিয়া উহা যেন প্রায় কাঁধের কাছে আদিয়াছে)। তাঁহার ম্বলীর কাকলী চক্রবাক ও কোকিলের কণ্ঠকে সঙ্ক্চিত (পরাক্ষিত) করে। কটিদেশ তাঁহার দিংহের মতন, কঠ শছের মতন এবং পলের কেশরসমূহে যেন দেহ স্থাভিত। কলিকালরূপ কালিয়-দর্পের করলে পড়িয়া কম্পিত হইতেছেন গোবিন্দদাস নামে কবি

320

মঙ্গল ওজরী রাগ

থিভিতলে স্তলি বালা।

থণ্ডিত মোতিম মালা॥

থদল কবরি কেশপাশ।

থরতর বিরহ হতাশ॥

থঞ্জন নয়নি ধনি রাই।

ক্ষীয়ত তুবা পথ চাই॥

থল সঞ্জে পিরিভিক সাধে।

থোয়ল কুল মরিয়াদে॥

থেনে থেনে তুয় গুণ গায়েং।

থপুর কপুর নাহি ভায়েং॥

থলয় বলয় তুহাঁ হাথং।

থেদ সহই না জাতেং॥

থোজত গোবিন্দাশ॥

থোজত গোবিন্দাশ॥

সা. প. (১)—৯২, সা. প. ১৯০—২ ব ১ (৪২)

म ७०४

পাঠান্তর—ব পুথি (১) খনে খনে তুয়া গুণ গায় (২) খপুর কপুর নাহি খায় (৩) হাতে (৪) জাতে।

বে) খপুর কপুর নাহে খার (৬) হাতে (৪) জাতে।

শব্দার্থ-খণ্ডিত-ছিন্ন। খরতর-প্রবলতর।
কীয়ত-কীণা হইতেছে। খোয়ল-খোয়াইল। খপুরস্থপারি। খলয়-খালিত হয়। তনিক-জন্ন।
ব্যাখ্যা-বিরহিনী বালা মাটীতে শুইয়া আছে, দেখিয়া

মনে হয় যেন একটা ছিল্ল মতির মালা। তাহার কবরীর কেশপাশ খুলিয়া গিয়াছে; ঘোরতর বিরহ-অগ্নিতে সে সম্প্রা হইতেছে। সেই খঃননয়নী রাধা তোমার পথের প্রতীক্ষা করিতে করিতে ক্ষাণা হইতেছে। তোমার মতন খলের সঙ্গে করিবার জ্বন্ত সে কুলমর্য্যাদা হারাইল। সে থাকিয়া থাকিয়া তোমার গুণ গায়। কর্পূর স্থপারি প্রভৃতিতে তাহার ক্ষতি নাই। তাহার হই হাতের বালা খুলিয়া পড়িতেছে; সে আর খেদ সম্থ করিতে পারিতেছে না। তাহার তম্থ এমনি ক্ষাণ হইয়া গিয়াছে যে, অল্প অল্প নিঃখাদ পড়িতেছে কিনা তাহা গোবিন্দাদ অন্তদন্ধান করিতেছেন।

757

মলার

्गारंग्रं रगांच्य गृष् रगांभान।

গাওয়ে গমকে গওকিরি গুর্জুরি

গৌরি গোল গান্ধার॥

(भानी-(भान भवीभा-(भानक

গোকুল-গাম-বিহারি।

গুঞা গৈরিক গোরদ-গরভিত

গোরোচন-ক্রচি-ধারী॥

গহন-'গুহাগত গোচারণ-রভ

গো-দোহন-গতি-কারী।

গো-গিরিধারি গৃঢ় গরবাইত

গুরু-গৌরব-পরচারী ॥

গজ-গতি-গামি গান-গুণ-গুক্ষিত

গগনে চরয়ে স্থরবৃন্দ।

গো-রস-গাহি গবীখর:-নন্দন

গাওত দাস গোবিন্দ।

স।. প (১)—৫০ স ৪১২ ক. বি. ১১০, গো ৩২, রা २৯ তক্ত ১৩০৭

পাঠাস্তর—(১) গিরীখর (ভরু)

শব্দার্থ—গোচর—দৃষ্ট। গগুকিরি, শুর্জুরি, গৌরী, গোল, গান্ধার— রাগের নাম। গোপক—রঞ্জ । গোকুলগাম—গোকুল নামক গ্রাম। গৃঢ় গরবাইত—গৃঢ়
গর্কাযুক্ত। গগনে চরয়ে স্বর্ক—ভাহার আকর্ষণে
দেবগণ গগনে বিচরণ করেন। গহন—গভীর, অরণ্য।
শুন্দিত—গ্রথিত। গো-রদগাহি—হুদ্ধগ্রাহী। গবীশ্বননক্ষন—নক্ষনক্ষন।

ব্যাখ্যা—গৃঢ় রূপে গোপালদের দার। বেষ্টিত হইয়। কৃষ্ণ গোষ্ঠে দৃষ্ট ইইতেছেন। তিনি গণ্ডকিবি, গুর্জ্জরি, গোরী, গোল, গান্ধার প্রভৃতি রাগরাগিণা গাহিতেছেন। গোপগোপী ও গোসমূহের তিনি রক্ষক। তিনি গোকুল প্রামেই বিহার করেন। তাহার গলায় গুঞ্জার মালা, গায়ে ছ্প মিশান গোরোচনার র'ও গৈরিক। তিনি বনের মধ্যেকার গুহার মধ্যে থাকেন। যাহার। গোচারণরত এবং যাহার গোদোহন করেন তাহাদের তিনি উত্তমগতি-প্রদায়ক। তিনি গোবর্দ্ধন পর্কতিধানী, গৃঢ়গন্বিত এবং নিজের বিশেষ গৌরব প্রচারকারী। গ্রুপতির আয় তাহার চলন। থার গানে আরুষ্ট ইইয়া দেবগণ আকাশে বিচরণ করেন। যিনি তুগ্ধ ভালবাদেন দেই নক্ষনদনের কথা গোবিক্ষাস গান করিতেছেন।

গদগদ স্ববে অভিরামা। গাবই গিরিধর নামা॥ গোকুল-গোপী-বিলাপ। গোকুল-গোদ-হিয়া-ভাপ॥

সা. প. (১)—১৩ সা. প. ১১০—৩

স্ ৩৩৬ তক্ত ১৮৯০

শব্দার্থ- গৃহপতি - গ্রের কর্ত্তা। গৃহন- লোকের ভিড। গেহ- গৃহ। গৃহ- আগ্রহ। দিঠি- চক্ষ্। গীরত-খুলিয়া পড়ে।

ব্যাখ্যা— দেই গোপকিশোরী রাধা গুরুজনের গঙনাবাণী ও স্বামীর ঘোর গর্জনতিরদ্ধার মাথায় করিয়। (গণইতে) লোকারণ্য ও গৃহের আগ্রহ ছাড়িয়া, গোবিন্দের গুণ শারণ করিয়া করিয়া সারা রাত্রি ধরিয়া ক্রনন করে। তাথার নয়ন হইতে অশ্রুণারা পতিত হয়, গলার মণিখারও পদিয়া পড়ে। গোপনপ্রেমের জালায় সে বিষপান করিল। সে গদগদ স্ববে গিরিধরের নাম গান করে। গোকুলের গোপীর বিলাপ শুনিয়া গোবিন্দ্দাবের অন্তরে দহাপ উপস্থিত হয়।

>>>

গান্ধার

গুরুজন-গঞ্জন বোল।
গৃহপতি-গরজন ঘোর॥
গণইতে গোপ-কিশোরি।
গহন-গেহ-গহ ছোড়ি॥
গোবিন্দ গুণবতি সোই।
গুণি গুণি যামিনি রোই॥
গলত গলত দিঠি-ধারা।
গীরত গীম-মণিহারা॥
গুপত গুপত রদ-আংশ।
গ্রলছ ক্ষল গ্রাদে॥

33 9

গান্ধার

ঘন-শ্রামর-তম্ব তুহ' কিয়ে ভোরি।
ঘোর-বিরহ-জরে ম্রছিত গোরি॥
ঘন ঘন স্থলবি তুয়াপথ জোই।
ঘেরল সকল স্থাগণ রোই॥
ব্রত বৈছে পিঞ্জরমাহা সারি॥
ঘন ঘনাসর চন্দন হিয়ে লাই'।
ঘুমক সাধে শ্রন অবগাই॥
ঘাতক মদন ততহিঁ ভেল বাম'।
ঘর ঘর শবদে লেই তুয়া নাম॥

ঘাম-কিরণ সম মানই চন্দ।

ঘ্ণে বিন্ধল হিয়া পাঁজর-বন্ধ ॥

ঘন ঘন নিন্দই ঘন ঘনসার।

ঘুম বিহল দিঠি কারত অপার ॥

ঘোষ-যুবতিগণ-বিরহ-হতাশ।

ঘোষত পত্লায়ে গোবিন্দাস ॥

সা. প (১) ২৭৩ স ৩৪৬ ক. বি ২৪৪৯ ত ১৯১৪ ব ২৯ (কী. পুণি) ২৮৪ পত্ৰ

পাঠান্তর—সাহিত্য পরিষদের পুথিতে প্রথম তৃতীয় হইতে ষষ্ঠ চরণ; তার পর প্রথম তৃই চরণ। কীর্ত্তনানন্দের পুথিতে প্রথমে তৃতীয় ও চতুর্থ চরণ, পরে প্রথম ও দ্বিতীয় চরণ আছে।

(১) চন্দনে হিয় লাই—স (২) তহিঁ ভেল বাম-স (৬) বিহনে—ভক (৪) তুয়া পদে—ভক। শব্দার্থ—ভোরি—ভূলিল।জোই—ভাকাইয়াথাকে। ঘর মাহা—ঘরের মধ্যে। ঘূরত—ঘুবাফিরা করে। ঘাম-কিরণ—স্থ্যকিরণ। ঘনসার—কপূর। ঘোষত— ঘোষণা করিল।

ব্যাখ্যা—হে ঘনশামত ছা তৃমি কি তৃলিয়া গিয়াছ যে, গৌরী ঘোর বিরহজরে মৃচ্ছিত হইয়াছে ? সেই ফুলরী বারংবার তোমার পথের দিকে তাকাইয়া থাকে। তাহার সগীরা তাহাকে ঘিরিয়া কাঁদিতেছে। সে ঘরের মধ্যেও স্থির থাকিতে পারে না। থাঁচার মধ্যেকার পাখীর মতন ব্যাকুল হইয়া ঘুরাফেরা করে। একটু নিদ্রা য'ইবার আশায় বুকে ঘন করিয়া চলন ও কর্পুরের প্রলেপ দিয়া শয়ন করে; কিন্তু তাহাতেও জ্বাদ মদন বাম হইল (বিরোধ সাধিল)। তাহার কণ্ঠ ক্লম হইয়াছে তাই তোমার নাম করিতে ঘরঘর শব্দ হয়। চক্রকে স্থাকিরণের মতন মনে করে। তাহার পাজরের মধ্যে যেন ঘুণ বিধিয়াছে। সে ঘন কর্পুরকে নিলা করে। চোথে তাহার নিদ্রা নাই; ওগু অনবরত অশ্রধারা পড়িতেছে। গোপ-যুবতীদের বিরহ হুতাশের কথা গোবিন্দদাস তোমার পদে নিবেদন করিল।

ব্যাধির সংজ্ঞা—অভীষ্ট বস্তুর অলাভে শরীরের পাওুতা এবং উত্তাপকে শ্রীরূপ গোষামী উজ্জ্বনীলমণিতে (১৫।৯৮) ব্যাধির লক্ষণ বলিয়া নির্দেশ করিয়াছেন। ইহাতে শীত, স্পৃহা, মোহ, নিংখাদ ও পতনাদি প্রকাশ পায়। ভিক্তির্দায়তসিরুতে (২।৪।৯০ এবং এ২।১১৬) ইহার লক্ষণে বলা হইয়াছে ইহাতে স্তম্ভ, অক্সেশিথিল্য, খাস, উত্তাপ, ক্রান্তি প্রভৃতি প্রকাশ পায়। উজ্জ্বনীলমণিতে ব্যাধির উদাহরণস্বরূপ শ্রীরূপ গোষামী যে শ্লোক রচনা করিয়াছেন তাহার অমুবাদ করিয়া শচীনন্দন লিখিয়াছেন— দখীগণ সজল, নলিনীদল বিতরল, রাই শুতায়ই তাথে। অক্সকি তাপে, ধূলিসম হোরু, সো সব নলিনী কি পাতে॥ শীতল সরিজে, এক দখী বিজ্ঞাই, তবছ শুখাওত সোই। লেপন চন্দন, তবহি শুখাওত, মলিন রেণু সম হোই॥ মাধব, তুয় বিরহানলে রাধা।
জর জর অঙ্গ, হদয়বর কাতর, ক্ষণে ক্ষণে মনসিজ বাধা॥

— উब्बनहिक्का, शृः ३२२

25.8

স্থহই বাগ

চিত অতি চপল চরিত গতি তোরি।
চিন্তাচ্ছিত চম্পকগোরি॥
চাত্রি চারু চরিত নিজ থোই।
চৌদিশে চাহি চান্দ মুথ রোই॥
চল চল চঞ্চল-হাদয় মাধাই।
চূলকত চীত বিরহ জ্ঞরে রাই॥
চন্দন চান্দ চন্দনি নাহি ছোই।
চাঁচর চিকন চিকুর চয় কোই॥
চামর চীর পবন জ্বু দাব।
চামরি ভানে চমকি মুরছাব॥
চঞ্চরি রোলে চেল দেই কান।
চিন্হই চীত পুতলি অকুমান॥

চতুর চতুর ভূজ তুয় রদ আশে। চেতন বহায়ত গোবিলদানে॥

সা. প. (১)--২৫৪

স ৩৪°

শব্দার্থ—চুলকত—গণ্ড্যীক্বত (রাধানোহন)। চামর চীর পবন—কাপড় দিয়া বাতাদ (চামরবল্বজনিতপবনং দাবাগ্নিবি মহুতে)। চামরি—চমরী গাই (চামরি তদাথাভয়করজস্তমননে চমৎক্বতা—রাধানোহন)। চঞ্চরি—ল্রমর। চেল—কাপড়। চতুর চতুর ভুজ—(আপাতদ্ধিতে) হে চতুর চতুর জুজ, কিন্তু ক্রম্বকে চতুর্জি বলা গোড়ীয় রস-শাল্রের বিরোধী বলিয়া রাধানোহন ঠাকুর বিলিতেছেন—"হে চতুর চতুর্জ্জ চতুরেভ্যোত্পি চতুরেয় ভুজ কুটিল"—চতুরদের চেয়েও তুমি চতুর ও কুটিল।

ব্যাখ্যা—হে মাধব! তোমার চিত্ত অত্যন্ত চপল; চরিত্র ও ব্যবহারও চঞ্চল। দেই চম্পকতুল্য। গৌরী চিন্তার দার^{। মা}কান্ত। হইয়াছে। সে তাহাব চাতুর্য্য ও চাক তরিত্ব খোনাইল চারিদিকে ব্যাকুলভাবে চাহিয়া **है। मृ**युथ (तामन क्रिट्डिह। (२ ठक्ष्मक्रम् स्थित, भीघ শীঘ্র চল। রাই বিব জন্মন্ত। হইয়া চিত্তকে যেন গণ্ডযে পান করিয়া ফেলিয়াছে—অর্থাং মোহগ্রন্তা (বিচিত্তা-লক্ষণং মোহাত্মভাবো গ্রাজে—রাধামোহন) হইয়াছে। সে চন্দন ও চন্দ্রকিরণ ছোম না। কেহ তাহার কুঞ্চিত কেশের মধ্যে হাত বুলাইয়া দিতেছে। কাপড় দিয়া চামর-ব্যজনও তাহার দহা হইতেছে না-মনে হইতেছে ষেন দাবাগি। চমরী দেখিয়া সে যেন ভয়ে চমকিত হইয়া মৃত্তিত হইল। ভ্রমরের গুল্পনে কানে কাপড় দিতেছে। তাহাকে দেখিয়া মনে হয় যেন চিত্রে অঞ্চিত পুত্তলিকা। হে চতুরদের চেয়ে স্বচতুর কুটিল! ভোমার প্রেমের আশায় আশায় কোন মতে গোবিন্দদাশ তাহার চেত্ৰা বজায় রাখিয়াছে।

> ১২৫ বরাড়ী

ছোড়ল স্থময় কুস্থ্য-শ্যান। ছোয়ত হিমকর-কর ম্বছান॥ ছিরকত মলয়জে জলতহিঁ আগি।
ছটফটি শয়নে গোঙায়ই জাগি।
ছৈল কাম তুহুঁ সহজই ভোরি।
ছুটত কৈছে বিরহ-জরে গোরি।
ছলে যব কোই নাম লেই তেরি।
ছলছল নয়নে তাক মুখ হেরি।
ছাপি রহত কৈছে মরমক বোল।
ছীন কনক জন্ম দহনে উজোর।
ছাড়ল সলিল চলত জিউ আব।
ছীকনে কোই রহই জন্ম যাব।
ছদম ন কহয়ে দাস গোবিন্দ।
ছায়া এক তুয়া পদ-অরবিন্দ।

সা. প. (:)—>৫৫, ক. বি. ২৪৪৭ তক ১৯১১

শব্দার্থ—ছে রত—ছু ইলে। ছিরকত—ছিটাইলে। জলতহি আগি—থেন আগুন জলিয়া উঠে। ছৈল— ধুও। ছীন—ছিল্ল, স্কুতরাং মলিন। ছীকনে—হাঁচিতে। ছদম—ছদ্ম: এখানে সিখ্যা।

ব্যাখ্যা—শ্রীরাধা স্থময় কুস্মশ্যা ছাড়িয়াছে।

চাদের কিবণ ছুঁইলেই মুচ্ছা যায়। দেহে চন্দন ছিটাইলে
মনে হয় যেন আগুন জালিয়া দিল। শ্যায় শুইয়া
ছটফট করে ও গোডাইতে থাকে। হে ধুর্স্ত কানাই, তুমি
সহজেই আপন-ভোলা; গৌরীর বিরহজ্ঞর কেমনে ছটিবে?
কেহ মিথ্যা করিয়া ভোমার নাম লইলে (তুমি আসিয়াছ
বলিলে) ছলছল নয়নে তাহার মুখের পানে চাহিয়া
থাকে। কিরূপে মনের কথা লুকাইয়া রাখিবে ? মলিন
স্থাথগু যেমন দহনের ছারা উজ্জ্ঞল হয়, তেমনি ধুমায়িত
সাল্বিকভাবের পরিচয় পাওয়া যায় শ্রীরাধার ব্যবহারে।
দে জল পান করাও ছাড়িয়াছে; এই বার জীবন যাইবে;
শুধু যেন কেউ হাঁচিয়া বাধা দিয়াছে তাই প্রাণ যেন বাধা
পাইয়া যায় নাই। গোবিন্দাস মিথাা বলিতেছে না,
কেননা তোমার পাদপদের ছায়াই ভাহার একমাত্র
অবলম্বন।

মন্তব্য-এই পদটী বৈষ্ণবপদলহরী (৪৭৩) হইতে

লইয়া মথুরাপ্রসাদ দীক্ষিত লাহেরিয়াসরাই হইতে প্রকাশিত গোবিলগীতাবলীতে স্থান দিয়াছেন; তাহাতে 'ছ' অক্ষরের অন্প্রাসমুক্ত পদের তৃতীয় চরণে 'ছিরকত' স্থানে 'হিমকর' ওপঞ্চম চরণে 'ছৈল' স্থানে 'এখন' বসাইয়া অন্প্রাদের প্রাণসংহার করিয়াছেন। তিনি থাটি বাংলা শব্দ 'ছিবকতে'র মানে ব্ঝিতে পারেন নাই। 'ছৈল' শব্দ বিভাপতিতে ব্যবহৃত হওয়। সত্ত্বেও তিনি ব্ঝিলেন নাকেন জানি না। মৈথিলী সাহিত্যগ্রন্থ কাম্যালয়, ঘারভাঙ্গা হইতে প্রকাশিত 'শৃঙ্গারভজনে' (১৪৮ সংখ্যক পদ) 'ছিরকত' ও 'ছৈল' ব্যথা হইয়াছে।

25 8

তথা রাগ

জোয়ত পহ নয়নে বাক ন ।

বৈছন ভীত-পুতলি বল থীব।

যামিনি-যাম যাম-যুগ মনই।

জাগরে জাগি ভরমময় ভনই

জনেলু যত্পতি জলধর-ভাম।

জিবইতে যুবতি জপই তুয়া নাম।

যব কেহো লেপয়ে মলয়জ-পয়।

ফলতহি শতগুণ মদন-আতয়॥

যতনে শুতায়লু জলকহ-পাত।

জারি জারি ততহি ভসম ভই জাত॥

বাহা হিমকর ভেল দিনকর-রীত।

জানলু জগ মাহা সব বিপরীত॥

জান জগ-জীবন ইপে কহ চল।

যো কছু কহ সতি দাস গোবিন॥

সা. প. (১)---২৫৬

ন ১০০, তুক ১৯১২

শব্দার্থ — জোয়ত — নিরীক্ষণ করে। ভীত-পুতলি— ভিতে (দেওয়ালে) আকা পুতুল। জলক্ষহ-পাত — পদ্মের পাতা। জ্বরি জ্বি — জলিয়া। চন্দ — ছন্ম, চল, মিধ্যা।

ব্যাখ্য:—দে তোমার পথ চাহিয়া আছে, তাহার

চোথ দিয়া জল ঝরিতেছে। দেওয়ালে আঁকা পুত্লের
মতন সে স্থির হইয়া থাকে। রাজির প্রত্যেক প্রহর
তাহার নিকট হুইপ্রহর বলিয়া মনে হয়। জাগিয়া সে
ভ্রমময় প্রলাপ বলে। হে জলধরশ্রাম যত্পিতি! বৃঞ্জিলাম
যুবতী বাঁচিবার জন্ম কেবল তোমার নামই জপ কবিতেছে।
যথন কেহ তাহার গায়ে চন্দন নেপন কবে তথন যেন
মনে হয় মদনেব ভীতি শতগুণ বৃদ্ধি পাইয়া জলিয়া উঠে।
যত্ন করিয়া তাহাকে পদ্মপত্রে শয়ন করাইলে সেই পদ্মপত্র
ভংক্ষণাং ভত্ম হইয়া যায় (এমনই বিবহিলাব দেহের
উত্তাপ)। যেখানে চক্র স্থেয়ে লায় ব্যবহাব কবে
সেখানে বৃঞ্জিনাম জগতে সবই বিপরীত। তে জগতেব
জীবন, এই কথা যেন মিথা। মনে করিওন। গোবিন্দাস
যাহা কিছু বলিতেছে ভাহা সত্য।

বাধামোহন ঠাকুর এই পদে 'ভাত-পুতলি' শদ হইতে স্তম্ব কোন, বৈবর্গা প্রভৃতি উদ্দিপভাবের ই দিত পাইয়াছেন। তিনি ভক্তিবসাম্ভদিলু হইতে স্তদ প্রভাবের সংজ্ঞা দিয়াছেন—

> একদা ব্যক্তিমাপনাঃ প্রধাঃ দক্ষ এব বা। আরুচাঃ প্রমে ৎক্য স্তুদীপা হতি শ্রিক্তা ৮

> > 329

মলার

বার কর জলধর-ধার।
বাঞ্চা-পবন বিথার॥
বালকত দামিনি-মালা।
বামেরি ভৈ গেল বালা॥
বাটু কি কহব কানাই।
বারত তুয়া গুণে রাই॥
বান বান বজর নিসান।
বাঁপি রহত তুহাঁ কান॥
বিঞ্জিরি বাস্কর রাতি।
বাস্ক পহনে নাতি যাতি॥

ঝমরি দাছরি বোল। ঝূলত মদন-হিলোল॥ ঝটকি চলহ ধনি পাশ। ঝগডহি গোবিন্দাদ॥

সা. প. (১)—২৫৭, ক. বি. ২৪৩৩ স ৩২৮, তক ১৭৪১

— বি বি । বাধ—জগাল। বামরি—বামুরগান।
ব্যাখ্যা—বৃষ্টি করকার করিয়া পড়িতেছে। বাড়
ঘহিতেছে। বিছাৎ অনবরত (মালার্রপো) চমকাইতেছে।
তক্ষণী স্লান হইয়া গিয়াছে। তোমাকে মিছা কি বলিব পূ
তোমাকে অরণ করিয়া রাই কাঁদিতেছে। বান কান শক্ষে
বঙ্গ পড়িতেছে, সে ছুই কান চাপিয়া রহিয়াছে। বি বি
পোকা রাত্রে বাধার করিতেছে। আর জগাল সহা যায়
না। দাহ্রি কুমনি গান কবিতেছে, যেন মদনহিল্লালে
রাধা ক্লিতেছে। গোবিন্দ্রণ বাগড়া করিয়া বলিতেছে,
শাগ্র ভূমি ধনীব নিকট গাও।

শব্দার — বিথার — বিস্তৃত। কামেরি — মান। বিঞ্জির

226

ঝুরু গৌব কিশোর। বাকতে বিকেয়ে বাব বার লোচনে ঝুরি পুরব বদে ভোর॥ চম্পক গোর টাদ হেবি চমক্ই চতুর ভগবান্ চাহ। চলই নাহি পার্হ চলাইতে চরণে চকিত্হি চেত্ৰ চোৱাই॥ ছাপি কর্যুগল ছল্ছল নয়ন ছোডল রজনীক নিন্দ। কবহু ছুদ্ম ঐছন ছোড়ৰ নাহি কহতহি দাস গোবিন্দ।

> ১৩০৪ বঙ্গান্দে প্রকাশিত প্রাচীন কবির গ্রন্থাবলী, পুঃ ৩৬৩

১২৯ ধানশী

টারল হৈমন শিশিরক অস্ত।
টোয়ত অব ধনি সময় বসস্ত॥
টুটল তুয়া অবধিক পরথাব।
টলমল জীবন রহ কিয়ে সব॥
ঠামহিঁ ইহ যহপতি রহু ভোরি।
ঠেরত কৈছে সময় উহ গোরি॥
ডহডহ বিরহ সহই না পার।
ডারল মণিময় অভরণভার॥
ডবে নাহি ছোড়ত সহচরি সধ।
দুবত ধনি জনি মদন-তর্দ্ধ॥
দরচর লোচন-সর্বিজ জোর।
চরকত অহ্নিশি উত্পত লোর॥
টীট কাল্প তুহু কপট বিলাদ।
টীটে কি বোলব গোবিন্দাংদ॥

হা প (১)—২৫৮ ব. বি ২৪২৬ স্ ১১৯ ভিক ১৭১৮

শাবদার্থ—টারল—যাপন কলি। টোয়ত—থোজ করে। টটল—ভাঙ্গিয়া গেল, শেষ হইল। অবধিক পর মাব—থে অবধি (ফিরিবার শেষ দিন) করিয়া প্রস্তাব করিয়াছিলে। ঠামহি —য়ান, চাই। ঠেরত—ঠেলিবে, দ্ব কবিবে। ডহডহ—দগদগে (বিরহক্ষত)। ভারল—ফেলিয়া দিল। ডরে—ভয়ে। চরকত—চলিয়া পড়ে। টীট—ধুই।

ব্যাখ্যা—হেমন্থ ও শীতের শেষ কাটাইল। এখন ধনী বসস্তকাল খুঁজিতেছে (প্রতীক্ষা করিতেছে, তুমি বসন্তকাল নিশ্চয়ই আসিবে মনে করিতেছে)। তুমি খেদিন ফিরিবে বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলে সেদিন চলিয়া গিয়াছে। তাহার জীবন খেন টলমল করিতেছে—থাকে কি ধায় তাহার ঠিক নাই। এইখানে মুশ্ধ যত্পতি তুমি বসিয়া আছ? এই বসন্তকাল গৌরী কেমনে কাটাইবে? সে আর বিরহ সহ্থ করিত্বে পারিতেছে না।

সমস্ত মণিময় অলকার ভার মনে করিয়া ফেলিয়া দিয়াছে।
তাহার জীবন পাছে চলিয়া যায় এই ভয়ে স্থী তাহার
সঙ্গ ছাড়ে না। ধনী যেন মদনতরঙ্গে ভূবিয়া গেল।
তাহার নয়নকমলে অশ্রু চলচল করিতেছে। দিনরাত
উত্তপ্ত অশ্রুধারা পড়িতেছে। হে শঠ কৃষ্ণ, তোমার সমস্ত
বিলাদই কপট। এমন ধৃষ্টকে আর গোবিন্দদাস কি
বলিবে ?

১**৩**০ শ্রীরাগ

তাপনি-ভীর-ভীর তরু তরু তরলে

তরল-তরলতহি ছাহ।

তরুণ তমাল তরকি তোহে তরসিত

তরুণি তোহারি পথ চাহ॥

ক্রিভুবন-তিলক তুহিনকর তোহে বিফ

তপত তপন সম ভেল।

তোহে বিফ তিল-এক তলপে তরাসই

তোহারি অবধি কত গেল॥

তিমিত-তিমিত-দিঠে রোই।

তীতল তাল-বিজনে তরু তাপই

তরপিত তনিক না হোই॥

তোড়ল তাড় তড়ক তিয়াজল

তাড়ি তড়িত-ক্ষচি হার।

তিলে তিলে তরুণী তুয়া পথ হেরই

সা. প. (১)—২৫৯ ক. বি. ২৪৪৪

স ৩৪০ তুক ১৮৯৬

শব্দার্থ—তাপনি-তীর—যমুনাতীর। তরল-তরলতহিঁ ছাহ—তরল হইতে তরলতর অর্থাৎ অত্যন্ত চঞ্চল ছায়াতে। তরকি—সদৃশ। তরদিত—ত্তাসযুক্ত। তুহিনকর—চন্দ্র। তলপে—শব্যায়। তরাদই—তয় পায়। তিমিত—তিমিত। তীতল—ভিজা। তনিক—একটুও। তোড়ল—ভালিল। তাড়—বাহুর অলহার। তড়হক—একপ্রকার

গোবিন্দদাস কহ সার॥

গহনা। তিয়াজল—ত্যাগ করিল। তাড়ি—ত্যাগ করিয়া। তডিত-কচি—বিদ্যাতের মত বর্ণ।

ব্যাখ্যা—তরুণী যমুনার তীরে তীরে প্রত্যেক তরুর তলায়, তাহাদের চপল (ফ্রন্ড সরিয়া যাইতেছে এমন) ছায়ায় তরুণ তমালকে তুমি ভাবিয়া সতৃষ্ণভাবে তোমার পথ চাহিতেছে। তোমার বিহনে ত্রিভ্বনের তিলকস্বরূপ চক্র তাহার নিকট তপ্ত তপন সমান হইল। তোমার বিরহে শ্যায় একতিল সময়েও ভয় পায়। তোমার কিরিবার তারিথ কতবার বহিয়া গেল। সে তিমিত দৃইতে রোদন করে। জলসিক্ত তালপাথার বীজনে তাহার তত্ত্ব তাপ একটুও কমে না। সে গায়ের সব গহনা—তাড়, তড়ধ, বিত্যুৎবর্ণ হার প্রভৃতি সব খুলিয়া ফেলিয়াছে। প্রতিক্ষণে সে তোমার পথ চাহিয়া আছে। এই সার কথা গোবিন্দাস বলিতেছেন।

> 9>

থীর বিজুরি সম বালা।

বৈরজ রংই ন পার।

গল স্থা কিছুই ন জান।

থলে জলে দহই পরাণ॥

থোরহি বুঝবি মুরারি।

থীর না বান্ধে কুল-নারি॥

থাতি করত যব কোই।

থরহরি কাপই সোই॥

থাপি ধরণি তুয়া রেহ।

থোরত ধনি তহিঁ দেই॥

থানে থানে রহি রহি রোই॥

থাবরসম তুয় ভাষ।

থকিতত্ত গোবিন্দাস॥

সা. প. (১)—২৬০ সা. প ১৯০—১. म ७००

শব্দার্থ—থুল স্থথ—স্থল স্থথ, ইন্দ্রিগ্রাফ্ বস্ততে স্থা। থাটি—দার্চ্য, জোর। থবির—স্থবির। বাল— বালক। থাবর—স্থাবর। থকিত-স্থগিত, স্তম্ভিত।

ব্যাখ্যা—স্থির বিহাতের মতন বর্ণযুক্তা বালা আর ধৈর্য্য ধরিয়া থাকিতে পারিতেড়ে না। দে তুল বিষয়-ত্বথ কিছুই জানে না। ত্বে ও জলে সমভাবেই তার প্রাণ দক্ষ হয়। তুমি একট বুঝিয়া দেখ মুরারি। কুলবতী নারী স্থৈত বাধিতে পারিতেছে না। ধ্যন কেহ জোর করিয়া তাহার দার। কিছু করাইতে চায় তথন দে থবহুবি ্কা**পিতে থাকে। মাটাতে** তোমাব রূপের রেগামাত্র . অঙ্কন করিয়া তোমার শহিত মিলনেব ব্যাকুলতায় ভাহার্ই উপর সে নিজের দেহ স্থাপন করে (তব রেখামাত্রং কিঞ্চিৎ চিত্ৰং ধরণ্যা স্থাপয়িল মোহাবস্তে সমুদালাবয়ব-লিথনাসাম্থ্যাদিতার্থ: – বাধামোহন ঠাকুর বলিতেছেন যে, ভ্যিতে তোনার রেখাগাত্র চিত্র অধন করিয়•ট শ্রীরাধার এমন মোহ আরও গ্য় যে, তিনি তোমার সমগ্র অব্যব ংকিতে অসম্থ। হন।। ভোমার বিরতে স্থবির ৬ বালক সকলেই তানে তানে থাকিয়। কাদিতেছে। তুমি তে। এত শুনিয়াও কিছু ধলিতেছ না ^দেতামাৰ স্থাবর মুগু পি ঘটিল কি ্তোমার ভাব দেখিয়া গোবিন্দাস চমকিত, বিস্ময়ায়িত ২ই েডে।

১৩২

পাহিড়া

দারু-দারুণ- দয়িত-দূ্য্ণদলত দোলত হীয়।

হুসহ দোসর দগধ-দরপকদহনে দহ দহ জীয়॥

দেবকীস্কৃত দেব দেখলে।
দীন হুবরি রাই।

দেহ দীপতি দেখত দেখিয়ে

দিবদ-দীপক ছাই ॥

দক্ষ-দারুণ দূর দেশহি

দোখে দূখিত গোরি।

দৈব ত্রগং দোখ-দূমিত

হলহ দরশন তোরি॥

দেহি দীঘল দীঠে দেহলি

দামোদর দিশ দেখি।

দাস গোবিন্দ দিব দেই দেই

দীঘ দিনগণ লেখি॥

সা. প. (১) —২৬১ স –৩৪১ ক. বি ১৮৭৬ বুক ১৯০১

শক্ষাথ — দক্ষি-দক্ষণ—কাষ্ট অপেক্ষাও কঠিন।
দ্যিত-দ্যণ—কান্তের অপরাধ। দোলত—কম্পিত। তুসহ
দোসর—্যে দিতীয় ব্যক্তিকে সহ্য করিতে পারে না।
দগ্ধ-দব্পক—হর-কোপানলে যাহার দর্প দগ্ধ হইয়াছে
এমন মদন। দিব্দ-দ্যুপক—দিনের বেলার দীপের (মতন
মান)। ছাই—ছায়া, এখানে কান্তি। দেহলি—দরজার
চৌকাঠ।

ন্যাখ্যা—কাঠের চেয়েও কঠিন কান্তের দৃষ্ণ বা অপরাধের দারা দলিত (নিম্পেষিত) রাধার হৃদয় কম্পিত হুইতেছে। তাহার উপর আবার তঃদহ বিতীয় অথাং সহচর সেই পোড়া কন্দর্পের জালায় জীবন দক্ষপ্রায় হুইয়াছে। হে দেব দেবকীপুত্র, আমি দীনা ও তুর্বলা রাইকে দেখিলাম। তাহার দেহের দীপ্তি দেখিয়া দিনের বেলায় জালা দীপের মান কান্তির কথা মনে পডে। হে দৈতানাশক, তুমি দ্রদেশে রহিয়াছ, সেই তঃথে গৌরী তঃখিতা। দৈবদোষে আজ্ব তোমার দ ন পাওয়া কঠিন হুইয়াছে। হে দামোদর! সেদর দরজার চৌকাঠের দিকে দীর্ঘ দৃষ্টি দিয়া তোমার আসার আশায় রহিয়াছে। গোবিন্দদাস দিব্য দিয়া তাহার দারা দীর্ঘ দিনগুলি লিথাইতেছে—অর্থাৎ শীরাধাকে হতাশ হুইতে নিষেধ করিয়া কালগণনা করিয়া থাকিতে দিব্য দিতেছে।

200

তথা বাগ

বৈরজ না রহ স্থ-পরিষক।
ধ্যলহা ধ্যল না বহ সথি-অক॥
ধ্যল ধ্যল ধরল না বহ সথি-অক॥
ধ্যল ধ্যল ধরল ধরণি মাহা লুঠই।
ধাধ্যে চলত খলত মহি লুঠই॥
ধনি ধনি বীর ধরাধরধারি।
ধিক্ ধিক্ অবহাঁ জিয়তা উই নারি।
ধরই ন অভরণ দ্সর চীর।
ধোয়ত ধূলি নয়ন ঘন নীর॥
ধনি নহ ধীট চপল তুহাঁ কান।
ধ্তক চরিত সরল কিয়ে জান॥
ধ্রুব ধেয়ান কবহাঁ করু তোরি।
ধসহি ধরণি তলে মুরছিত গোরি॥
ধর্মে ধর্মে ধনি বহত নিশাস।
ধাবি কহত তোহে গোবিন্দাস॥

সা. প. (১)—২৬: ক বি. ২১৫৯ भ ः । १०० २०७२

পাঠান্তর—(১) জিয়ায়ে (তক)।

শব্দার্থ—স্থ-পরিষদ—স্থপর্যাদ বা স্থাপের গড়া।
ধমিল—কেশ। ধৃতক—ধৃত্রি। ধুকব—ধুব।

ব্যাখ্যা - শ্রিরাধা ভালো থাটে শুইরাও ধৈয়া ধরিতে পারে না। স্থীর কোলে তাহাকে ধরিয়া রাথা যায় না। তাহার ধূমবর্ণ কেশপাশ মাটাতে লুটাইতেছে। ৫২ বীর পর্বতধারী, তুমি ধতা ধতা (বিদ্রপে)! আর দেই নারীকে ধিক্ যে দে এখনও বাচিয়া আছে। দে অলগার পরিধান করে না; তাহার বস্ত্র মলিন। নয়নের ঘন অশুধ্লি ধূইতেছে। হে কানাই! স্তল্রী ধৃষ্টা নহে, তুমিই চপল। ধূর্ত্তের চরিত্র সরলা কি ব্বিবে থ তোমার আবার কবে ধ্বধ্যান ঘটিল অর্থাৎ মতিস্থির হইল থ গৌরী সহসা ভূমিতলে মূর্ক্তিতা হইয়া পড়িয়াছে। বহু পুণাফলে ধনীর এখনও নিঃখাস বহিতেছে। গোবিন্দদাস দৌড়াইয়া তোমাকে তাই বলিতে আদিয়াছে।

308

বরাড়ী

নন্দ-নন্দন নিচয় নির্থলুঁ নিঠুর নাগর-জাতি।

নারি নীলজ

নেহ-নিরমিত

নাহ নামে মিলাতি॥

নারহ নিরুপম

নিলয় নিচলহিঁ

নিন্দই নীরজ-দেজ।

নিভূত নীপ নি- কুঞে নিবসই

ন। সহ হিমক্ব-তেজ ॥

নয়ন-নীরদে

নীর নিঝরই

নীন্দ নহি তহি থোর।

নিবসি নূপুব

নিয়ড়ে নিক্সই

ন। ধন নিরমল চোল।

নহ ত নিক্রণ

নীতি নৌতৃন

নগর-নাগরি হেরি।

নিয়তে নিবেদই

নবিন নিজ-জন

দাস গোবিন্দ পেরি ।

সা প. (১)- ২১০ ক. বি. ২৪৪২ স ২১৮ ভুৱা ১৮৯৪

শকার্থ—নিচয়—নিশ্চয়। নির্থল — দেখিলাম।
নেহ-নির্মিত—ক্ষেইছারা নিশ্মিত অথাৎ প্রেম্ময়ী।
নিলাতি—গলিয়া থায়। নীরজ-দেজ—পদ্মপত্রের শ্যা।
নীল—নিজা। নহি তহি থোর—একট্ও তাহাতে নাই।
নিয়ত্তে—নিকটে। নিক্সই—খুলিরা। চোল—বধ।
নহ ত—হইও না। নবিন নিজ-জন—ন্তন প্রিচারক
(কবি স্বয়া)।

ন্যাখ্যা—হে নন্দনন্দন! নিশ্চয় ব্বিলাম (দেখিলাম)
বেষ, নাগবজাতি নিষ্ঠ্র। নারীও নির্লজ্জ (এইজগ্র বে, এমন
নাগরের সহিত প্রেম করে)। প্রেম দিয়াই বেন তাহাদের
দেহ গঠিত; নাথের নাম ভনিলেই বিগলিত হয়। সেই
বিরহিণী—অতুলনীয় ভবনেও নিশ্চলভাবে থাকে না;
পদ্মপত্রের শ্যাকেও নিন্দা করে। নিভ্ত কদম্বুঞ্জে বাস

করে, চল্রের কিরণ সহা করিতে পারে না। তাহার নয়নরপ মেঘ হইতে অবিশ্রান্ত বারিপাত হইতেছে। উহাতে একটুও নিজা নাই। সে নূপুর নিকটেই খুলিরা রাথিয়াছে। নির্মাল বস্ত্র সে পরিধান করে না। হে মাধব, তুমি নিত্যনৃত্র প্রনারীদের দেখিয়া নিদ্ধাণ হইও না। তোমার নিকট এই নিবেদন করিতেছে তোমারই নবীন পরিচারক গোবিন্দ্রাস।

মন্তব্য—উজ্জল-নীলমণিতে (১৫।২৫) উদেগদশার বর্ণনা করা হইয়াছে। ইহাতে দীঘনিঃখাস, চাঞ্চল্য, স্তম্ভ, চিন্তা, অঞ্চ, বৈবণা ও স্বেদাদি প্রকাশ পায়।

300 .

কল্যাণী

নাবদ নাল নয়ন নিন্দি নীরজ
নীকে নেহারণি ছল ।
নির্বিতে নিয়ডে নিত্তিনি নাঁচল
ক্ষত নাবি-নিবন্ধ ॥
নাচত নল-নলন নট-রাজ ।
নাগবি-নারি-নগবি নব-নাগবি
নিক্পম নটিনি-সমাজ ॥
নলিনী-নাহ-নন্দিনি-নিদ্ নীকট
নীপ-নিকুপ্ত-নিবাসি ।
নিতি নব-যৌবনি-নিদ্বনে নন্দিত
নিহত নিবাদন বাঁশি ॥
নামহি নাবি নিকেতনে না বছ
নৌতুন-নেহ-বিলাস ।
নিক্ত নিয় নিজ নাহ না হেরয়ে
নিয়মিত গোবিন্দাস ॥

শব্দার্থ—নীরজ—পদ্ম। নীকে—স্থলর। নেহারণি ছল—দৃষ্টির কৌশল। নিকসত—খুলিয়া যায়। নলিনী- নাহ-নন্দিনী— সুর্য্যের নন্দিনী ষমুনা। নিবাদন— উত্তমবাদন।

ব্যাখ্যা—পদ্মকে ধিকার দেয় এমন মেঘের মত শ্যামল নমন; তাহার দৃষ্টির ভঙ্গী স্থলর। তাহাকে দেখিফা কাছের নিভম্বিনী স্থির হুইয়া দাঁড়ায়, তাহার নীবিবন্ধ খুলিয়া যায়। নটর।জ নলনন্দন নাচ। ভোমার সামনে রহিয়াছে নারী, নাগরী ও নগরের নবনাগরীর অতুলনীয় নটিনী-সমাজ। তুমি খুম্নার নিকটে নীপকুঞ্জে বাস কর। তুমি নিভ্য নৃতন যুবতীদের রমণে নন্দিত। ভোমার বাশা নিভ্তে স্থলর বাজে। ভোমার নাম শুনিলেই আর নারী ঘরে থাকে না। নৃতন ভোমার প্রণয়-বিলাস। নারীরা নিজ নিজ পতির প্রতি দৃষ্টিপাত মাত্র না করিয়া ভাহাদিগকে নিলা করে। এই পদ গোবিন্দদাস নিশ্মাণ বা বচনা কবিভেছেন।

595

পছুমিনি পুন প্রবোধও ভোর। পীতাধবপদ-পক্জ প্ৰিহ্রি পামরি পাতরে রোয়॥ প্রচইতে পহিলে পাণি পালটায়সি পরিজন পর করি মান। প্রশি প্রিহার্সি পিয়-পরিবাদ পরে পাত্র পাচ বাণ॥ পিবিতিক পাতি পাঠে পরিহাসসি পহঁ-পরিণতি নাহি মান। পাছন-পুঙলি পর্থি পয়ে পেথলু পর-পীড়ন নাহি জান॥ পুরুষোত্মক প্রেম-প্রিরম্ভণ পুনবতি পাবই কোই। প্রাণ-পিয়ারি পদ্বি পরিপাল্ড গোবিন্দাস কহ তোই ॥

সা: প (১)--১৫৫ ক. বি. ১৬৫২ তক ৫৫৩

শব্দার্থ-পরবোধও-প্রবোধ দিতেছি। পাঁতরে-প্রান্তরে। রোয়-কাদে। পাণি পালটায়দি-হাত উন্টাপ্ত। পাহন-পথিক, অতিথি।

ব্যাখ্যা—হে পদ্মিনী! তোমাকে ফের বুঝাইতেছি।
পীতাম্বরের পদক্ষল ত্যাগ করিয়া পামরীও প্রান্তরে
কাঁদে। কথা জিজ্ঞাদা করিলে হাত উণ্টাও, নিজের লোককে পর বলিয়া মনে কর। দয়িতের সম্বন্ধীয় নিলা শুনিয়াই (উহার সত্যাসত্য বিবেচনা না কবিয়া)
তাহাকে ত্যাগ কর। পঞ্চবাণ পূর্ণ প্রবাদী হইতেছে (তুমি কন্দর্শকে নির্কাদিত করিতেছ)। পিরিতির পত্র (পাতি) পড়িয়াই পরিহাদ করিতেছ; প্রভুর প্রণতি গ্রাহ্ম কর না। প্রভুর কি হইবে তাহা ভাব না।
অতিথিরত্বকে পরীক্ষা করিয়া দেখিলাম, পর-পীডন সে
জানে না। পুরুষোত্তমের প্রেমালিঙ্কন কোন্ পুণারতী
পাইবে? প্রাণপ্রিয়ের পথ অন্সমরণ কব। গোবিন্দদাদও
তাই বলেন।

209

তথা রাগ

পুরুষ-উত্তম পর্থি পেথলু পুরুষ পাত্র-জাতি। প্যারি পামরি পিরিতি-পাবকে পৈঠে পতগৰু ভাতি॥ পৌর-পুনবতি পহিল প্ৰিচয় প্রাণ-পহঁ তুহুঁ ভোরি। পুরুব-প্রেয়নি প্রেম-পরবর্শ পন্থ পেথই তোরি॥ প্রচুর পরিমল পত্ব-পত্মজ-পরশে পীড়িত গাত। পডয়ে প্রিয়-স্থি-পায়ে পুন পুন প্রথব পাঁচশর-ঘাত ॥ পাপ পাউথ প্ৰৰ প্যাসিত পাপিহা পিউ পিউ ভাষ।

পুন কি পাণ্ডব পরম প্রিয়তম পুছত গোবিন্দদাস ॥

সা. প. (১)—-২৬৪ স ৩২৭ ক. বি. ২৪৩২ তক্ষ ১৭৪•

ব্যাখ্যা—হে পুরুষোত্তম! পরীক্ষা করিয়া দেখিলাম যে, পুরুষ পথিকজাতীয়—তাহারা একস্থানে স্থির হইয়া বসবাস করিতে পারে না। এদিকে পামরী প্যারী তোমার প্রেমবহিতে পতঙ্গের মতন প্রবেশ করিয়াছে। হে প্রাণের প্রভু, ভূমি নগরের পুণ্যবতীদের সঙ্গে প্রথম পরিচয়ের ফলে মত্ত ইইয়াছ; আর তোমার প্রেমপরবশ পূর্বপ্রেয়দী তোমার পথ চাহিয়া আছে। সে এতই সম্থয় যে, স্থগন্ধ পদ্ধ ও পদ্ধজের স্পর্শে শীতল হওয়া দূরে থাকুক আরও পীড়িত বোধ করে। সে পঞ্চশার মদনের প্রথর আঘাতে পুনঃপুনঃ প্রিয় সথীর পায়ে পড়ে (সথী যেন দ্য়িতের সঙ্গে মিলনের ব্যবহা করে, এই অন্থরোধ)। পাপ বর্ষাকালের প্রনে পিশাসিত হইয়া পাপিয়া পিউ পিউ রব করিতেছে। গোবিন্দদাস জিজ্ঞাসা করিতেছেন, পুনরায় কি পর্ম প্রিত্যকে পাইবে?

7.04

তিরোথা

ফাগুনে গণইতে গুণগান তোর।
ফুটি কুস্থাতি ভেল কানন-ওর॥
ফুল-ধন্ত লেই কুস্থা-শর সাজ।
ফুকরি রোগে ধনি পরিহরি লাজ॥
ফুকরি কহলুঁ হরি ইথে নাহি ছন্দ।
ফিরি না হেরবি রাই-ম্থ-চন্দ॥
ফোরল ছুহুঁ কর-মকরত বলই।
ফোরল নয়ন সঘন জল থলই॥
ফুয়ল কবরি সম্বি নাহি বান্ধ।
ফ্নি-পতি-দমন বোলি ঘন কান্দ॥

ফুটত হৃদয় নিদাকণ নেহ।
ফুতকারহি ধনি তেজবি দেহ॥
ফেরি না হেরবি সহচরিবৃদ্দ।
ফলব কিনা বুঝল দাস গোবিনদ॥

শব্দার্থ—কোরল-—ভাগিল। বলই—বলয়। ফুরল
—থোলা। ফনিপতি-দমন—কালিয়দমন কঞা ফাবল—
বিস্তুত; ইহাতে নিমেযশূত্য হচিত ১ইতেচে। ফুতকারহি
তেজাব দেহ—ফু দিলে প্রাণ হারাইবে (এমন হালকা, ফুরল হইয়াছে)।

ব্যাখ্যা-ফান্তনমাদে ভোমার গুণরাজি অবণ করিতে করিতে কাননপ্রান্ত কুন্তমে ভবিয়া গেল। প্রপ্রান্ত ন্দ্রন কুস্বমশরে সাজিল আমিল। স্থন্দরী লগ্ডা ত্যাগ করিয়া (উग्रामिनी ११मा) छ. ऋ खरत नामिर् नामिन। इर ২বি, আমি উল্লেখ্যৰে বলিতেছি, ইহাতে কোন ছলচাত্রী নাই—তুমি ফিরিয়া ত'ব ।াধার মুখচল দেখিতে পাইবে না। সে ছুই হাতের মরকভনির্মিত বলগ ভাঞ্চিয়াছে, নিমেষহান চক্ষ বিজ্ঞারিত কবিষা ভোগাব পথেব পানে চাহিয়া আছে আৰু ভাবার চোখ দিয়। অনবৰত জল পভিতেছে। সে তাহার উল্ল কবরা সামলাইয়া বাধে না; কিন্তু উন্নাদ-গ্রস্তা হঠ্যা উহাকে দাপ মনে করিয়া বলে-- হে কালিয়দমন, তুমি কোথায় রক্ষা কব। এই বলিয়া বার বাব জন্দন কবে। তাখাব ভগ্ন সদয়ে নিদ্রিক প্রেম। সে এমন ক্ষীণ। হট্যাডে যে, মনে হয় ফু দিলেই প্রাণত্যাগ করিবে। পুনরায় তুমি আর তাহার স্থীদিগকেও দেখিতে পাইবে না (কেননা, তাহারাও রাধার সঙ্গে সঙ্গে প্রাণভ্যাগ করিবে)। ইহা ফলিবে কিনা ভাহা গোবিন্দদাস ব্যিতে পারে।

মন্তব্য — রাধামোহন ঠাকুর লিথিয়াছেন—'ফুকরি রোই ধনি পরিহরি লাজ ইত্যেতাদৃশং ক্রন্নন্ উন্নাদং বিনান সম্ভবতীতি জ্ঞেয়ন্'। লাজা ত্যাগ করিয়া উক্তঃ-বাবে ক্রন্দন উন্নাদ-দশা ছাড়া সম্ভব নয়। ১৩৯

কেদার

বভল-বারিদ- বরণ বন্ধুর

বিজুরি-বিল**দিত বাস।**

বিকচ-বান্ধুলি- বলিত বারিজ

বদন-বেম্ব পরকাশ ।।

বিহরতি বুন্দাবনে বন্মালি।

বেঢ়ল ব্ৰজ-বধৃ- বুন্দ বিমোহিত

বোলত বলি বলিহারি॥

বকুল-বজুল- বল্লি-বলয়িত

বিলোল-বর্হাবতংম।

বিনল ভূষণ বেশ বাসিত

বেকত বাওত বংশ।

নিশদ বারণ- বাহু-বৈভব

প্ৰায়-বন্ধ **নিবন্ধ**।

বিবিধ বৈদ্যধি- বচন-বিবচন-বিবশ দাস গোবিক ॥

পাঠান্তর—(১) ব্বাহ্নগ্র ৪ (৯৯২—৩) পুথিতে ইহার প্র দুই চর্ণঃ

মাথহি মোর মুকুট মদমস্থর, মণ্ডল মণিনবমালা। মঞ্জিরে মঞ্চিম মহিমাময় গোলিনদাস গুণ গান॥ পদ এইখানেই শেষ।

শকার্থ — বারিদ—জলদ, মেঘ। বিকচ—প্রক্টিত। বারিজ—পদা। বিদ্ধ-বিদ্ধল, তেলাকুঁচার ফল (লাল)। বঙ্ল—বেতগাছ। বল্লি—বল্লী, লতা। বিলোল— স্চঞ্ল। বাওত—বাজায়। বারণ—হ্স্তী।

ব্যাখ্যা- রুর দেহের বং জলতর। থেঘের মতন, তাহার বসনে যেন বিজলি থেলিয়া যায়। প্রস্টুটিত বার্লিও পদ্মের মত তাহার মৃথ, ঠোট ত্থানি বিষফলের মত লাল টুকটুকে। বৃন্দাবনে বন্মালী বিহার করিতেছেন। ব্রজ্বধূপণ বিমোহিত হইয়া তাঁহাকে ঘিরিয়া ধরিলেন।

তাঁহার। তাঁহাকে বলিহারি দিতে লাগিলেন। তাঁহার মাথার চূড়ায় বকুল, বেতের লতা ও স্কচঞ্চল ময়্রের পুচছ। তাঁহার ভূষণসমূহ বিমল এবং বেশ স্থান্দিত। তিনি প্রকাশ্যে বংশী বাদন করেন। তাহার বাছ প্রকাশু হস্তীর শুণ্ডের ফ্রায়। তাহাতে বলয় পরিহিত রহিয়াছে। তিনি নানা প্রকারের স্থরদ বচন এমন করিয়া বলতে পারেন যে. গোবিল্লাস তাহা শুনিয়া বিবশ্হয়।

ময়্বের পাখা দিয়া বাতাদ করিলে দে সাপের বিষের
মত লাগিতেছে বলে। হে বলদেবের ছোট ভাই! নানারকমে প্রবাধ দিয়া ব্ঝিলাম যে, পূর্ণচন্দ্রম্থী বিনোদিনী
গোপী বিরহ্মন্ত্রে ড্বিতেছে। তাহার বলয় বাছলতা
হইতে থিয়া পড়িতেছে। দে বিপিনের চন্দ্রাতপে বিদয়া
বিলাপ করিতেছে। দে বেশভ্ষা করা ভূলিয়া গিয়াছে।
ব্রহ্মবধুর শয়া বিশৃদ্ধলা, দে মাটাতে লুটাইতেছে। তাহার
বাক্যাদি বন্ধ হইয়া গিয়াছে, মনে হয় দে পাগলিনী
হইয়া গিয়াছে। গোবিলদাশ এই রদগান করিতেছেন।

380

বাসিত বিশদ বাস-গেহে বৈঠত
বিজ-তবন বলি উঠই।
বিরিহা-বিরচিত বাজন বিজইতে
বিষধর-বিল সম বলই॥
বলাস্ক ব্যালহোঁ বছবিধ বোধি।
বরবিধু-বয়নি বিনোদিনি বয়বি
বৃডত বিরহ-পয়োনি
বিগলিত-বলয় বাছ বিস-বয়বি
বিলপই বিপিন-বিতান।
বিজুরল বেশ-বিলাশ বিলাসিনি
বছ বৈদ্যবিলাধ-বিধান॥
বজ বনিতা বজধা-তলে বিলুঠই
বিঘটিত বিমল শয়ান।
বিরমিত বচন বিচারই লাউরি
গোবিন্দদাস বস গান॥

मा. भ. (১)--२७७, क. वि २६६० १ ५६२. उन ४०२०

শব্দার্থ — বিশদ — নির্মাল । বাদিত — স্থবাদিত ।
বোধি — প্রবোধ দিয়া । বৃড়ত — ডুবিল । বল্লবি — গোপী ।
বল্লবি — লতা । বিছুরল — ভুলিয় । গেল । বিঘটিত —
বিশৃষ্থল । বাউরি — পাগলিনা । বিতান — চন্দ্রাতপ ।
ব্যাখ্যা — স্থাদিত নির্মাল বাদগৃহে বদিয়া আওনের
ঘর বলিয়া চীৎকার করিয়া উঠে (তাহার ভিতরের জালা
এত প্রবল যে, ঘর হুয়ার দব আওনের মত মনে হয়)।

185

ধানশী তিবোথা

প্রমাই ভবন-বনে জন্ত অপেয়ান।
ভাষেল ভয় গুল-পৌরব-মান॥
ভাষে ভরল মন হাসি হাসি রোই।
ভীত-পুতলি সম তুরা পথ জোই॥
ভাবিনি-ভ্ষণ ভালে বনমালী।
ভোগি কি বিছুবলি ব্রজ-ববনারী॥
ভরম্যি ভরম সদন মুখ গোই।
ভূলল তুয়া গুণে হরি হরি বোল।
ভীগল দিঠি-জলে নাল নিচোল॥
ভূবি বিবহ-জরে ভরি মুরছান।
ভূক-ভন্নতি ধনি তেজব পরান॥
ভাগ্যে জিবয়ে অব তুয়া রস-আশ।
ভগব ভোহাবি যশ গোবিন্দান॥

সা. প. (২)—১৬৭, ক. বি. ২৪৫০ স ৩৭২, উক ১৯২২

শব্দার্থ—জন্ন নেষন। অগেয়ান—অজ্ঞান। ভীত-পুতলি—দেওয়ালে আকা পুতৃল। জোই—চাহিয়া। ভালে—ভাল।বিছরলি—ভূলিয়া গেলে। গোই—গোপন করিয়া, লুকাইয়া। ফোই—য়ুলিয়া। ভীগল—ভিজিয়া গেল। ব্যাখ্যা—রাধা অজ্ঞানের (পাগলিনীর) মতন বনে ও বাড়ী বাড়ী ঘুরিয়া বেড়ায়। তাহার মনে আর গুরু-জনের প্রতি ভয় বা সম্মানবোধ নাই। ভাবে তাহার মন ভরিয়া গিয়াছে, তাই সে হাসিয়া হাসিয়া কাদে। আর দেওয়ালে আঁকা ছবির মতন তোমার পথপানে চাহিয়া থাকে। হে বন্যালী, তুমি ভাবিনীর ভূষণস্বরূপ, কিন্তু মত্ত হইয়া কি ব্রজনারীকে ভূলিয়া গেলে ? ভূলের ঘোরে মুথ লুকাইয়া, কেশ খুলিয়া সে মাটাতে শুইয়া থাকে। তোমার গুণে ভূলিয়া দে হরি হরি বলিয়া ডাকে। তাহার নীল সাড়ী নয়নজলে ভিজিয়া যায়। প্রবল বিনহজরে সে মৃচ্ছিত হইয়া পড়ে। জভ্রেই খেন স্থলরী প্রাণ ত্যাগ করিবে। দৈববলে তোমার প্রেমরসের আশায় সে এখনও বাচিয়া আছে। গোবিন্দদাস তোমার যশ গান করিবে (ধিদ তুমি শ্রীরাধাকে বাচাও)।

\$8\$

জ্যজয়ন্তী

মনুর মূরতি মূদির-মরকভ मुग्र भाइन छाना। মল্লি-মালতি-মালে মধুমত: মধুপ । মনগ্ৰ-ফান্দ। णांग द्रमत প্রহন্ত-শেখন শ্রদ-শশ্ধর হাস। **শঙ্গে শব**য়ুস क्रावन भग-वभ সতত স্থাময় ভাষ॥ চিকণ চাচর চিকুর চৃষিত চারু চক্রক পাতি। চপল চমকিত চকিত চাহনি চীত চোরক ভাতি॥ গিরিক গৈরিক গোরজ গোরচন গন্ধ-গরভিত বাদ।

গোপ গোপন গরিম গুণ-গান গাওয়ে° গোবিন্দ্দায়॥

সা প (১)—৫৯, ক বি ২৯৫৭ স ২৫৩, তক ১৩০৮, ২৪২৯ কাঁচণ

পাঠান্তর— তক (১) মধ্কর (২) মন্ত (৩) গাওত। শকার্থ — মৃদির—মেঘ। মলি—মলিক।। প্রঘড়— স্থাঠিত, সন্দর।

ব্যাখ্যা— শ্রীক্ষণের মধুর মৃত্তি মেঘবর্ণের মরকতের মতন। তাহার শোভা সকলকে মোহিত করে। গলার মালায় মল্লিকা ও মালতা, তাহাতে মধুমত্ত মধুকরগণ রহিয়াছে; মেন ভুটা মল্লথের ফাদ। স্থান্দরের স্থান্দরের হাসি যেন শরংকালের শশধরের জ্যোংসা। তাহার সকলের হাসি মেন শরংকালের শশধরের জ্যোংসা। তাহার ক্ষেত কেশ চুম্বন কথা দব সময়ই স্থ্যময়। তাহার ক্ষেত কেশ চুম্বন করিয়া যেন স্থানর চন্দ্র চন্দ্রপাতে কেশ চুম্বন করিয়া যেন স্থানর চন্দ্র ভ্রমাছে। কালিক আলম্বার)। তাহার চঞ্চল ও চনকিত চাহান দেখিল। মনে হয় যে, তিনি চিত-চোর। তাহার বত্ত্বে গিরির গৈরিক রং, গোব্লি ও গোবোচনার স্থানা। গোবিন্দ্রাম গোপের শ্রেষ্ঠ ও গোপন ওণ গান করিতেত্তে।

580

य र रे

মদনমোহন- মূরতি মাধব মধুর মধুপুর তোই। মূগধ মাধবি মানি-মানদ মিছই মারগ জোই॥ মিল-, মধুঝতু মল্লি মুকুলিত মঞ্জু মাধবি-কুঞ্। মেলি মধুকরি মুথর মধুকর মাতি মধু পিবি ওঞ্॥ মিহিরজা-মূত্ন মন্দ-মারুত মনই মনসিজ-শাতি। মহণ মলয়জে মুরছি মানিনি
মহি মাহা গড়ি যাতি॥
মহামণিময় মহগমগুলে
মলিন মুথ-অর্বিন্দ।
মরমে মুগয়তি মুদির-মনোহন
মোহিত দাশ গোবিন্দ॥

সা. প. (১)—২৬৮, ক. বি. ২৪২৮ স ৩২১, ত্রক ১৭২২

শব্দার্থ—তোই—তোমাকে, তুমি। মাধবী—
(এখানে) শীরাধা। মারগ—মার্গ, পথ। জোই—
চাহিয়া থাকে। মিহিরজা—হ্যাক্তা যম্না। শাতি—
শান্তি। মহি মাহা—মার্টার মধ্যে। মহগ—মহার্ঘ,
মহামূল্য। মুগয়তি—অন্তুসন্ধান করে।

ব্যাখ্যা—মদনকে মোহিত করিতে পারে এমন মৃতিধারী মাধব! তুমি মধুর মধুপুরে বিদিয়া আছ। আবি ওদিকে ভোমাব মুঝা মাধবী শ্রীরাধা ভাবিতেছে তুমি বুলি তাহার মান রাখিবে, তাই সে ভোমার পথের পানে রুখাই চাহিয়া আছে। বসত্তরতু আফিল, জলর মাধবীকুঞে মিলিকাফুল মুকুলিত হইল। ভুমর ভ্রমরী ওণ ওণ কবিয়া গান করিতে করিতে মুখর হইয়া মধুপান কবিয়া মত হইয়াছে। যমুনার মৃত্যুক্দ বাভাসকেও শ্রীরাধা মদনজনিত শান্তি বলিয়া মনে করে। কোমল চক্দনে মানিনী মুক্তা যায় ও ভূমিতলে গড়াগড়ি যায়। বহুমূল্য মণিময় অলহার-সম্হের মধ্যে ভাহার ম্থকমল মলিন হইয়া রহিয়াছে। সে জলদস্কর্দর ভোমাকে অভরে খুঁজিভেছে। গোবিক্দাস এই সব দেখিয়া মোহিত হইয়াছেন।

\$88

মায়ুর

মুধরিত মুরলি-মিলিত মুথ-মোদনে মরকত-মুকুর মৈলান। মানিনি-মান-মথন মৃচ্কায়নি

ম্নি-মানস মৃরছান ॥

মাই মোহন-ম্রতি ম্রারি ।

মনইতে মরমে মনোরথ-মাধুরি

মনমথ-মন মথ মারি ॥

মুক্লিত মল্লি মধুর মধু মাধুরি

মালতি-মঞুল-মাল ।

মল-মকরন্দ-মৃদিত মত্ত-মধুকর

মতিত মৌলি-মন্দার ॥

মাথহি মোর-মুকুট মদ-মন্থর

মণি-মঞ্জল মন মান ।

মঞ্জ-মঞ্জীর-মহিম মহিমাস্য

গোবিন্দাস গুণ গান ॥

সা. প (১)--১৬ ক বে. ৬০০, বু ৫ স ১৮১, ভাস ২৪২৬

के € 6

শক্তার্থ—মোদন—আমন্দ - উৎপাদন। মৈলান — মান। মূচকায়নি— ঈষং ংশ্রে। মোব-মুক্ট—ম্যবের মুক্ট।

্ ব্যাখ্যা—-শ্রিকফের মুখ্রিত (শ্রুষয়মান । মুরলিসংযুক্ত মুখেব আনন্দমর কপে মরকত দর্শণ মান হয়। তাহার থিতহাস্ত মানিনীদের মান হটাইয়া দেয়, চুনিদের মনও মৃচ্ছিত করে। ওগোমা কোথা যাব। মুরারির মোহন মূর্তি মনে জাগিতেই মন ম্থিত হয়, সেই মূর্তির মাধুয়া মন্মথকে পরাজিত করে। তাহার গলে মুকুলিভ মলিক। ও মধুমলিভার ফুন্দর মালা। ভাহার চূডায় (भोति) भूष्य-मनुभारत जनम '७ व्ययुक्त भक्त भनुकत শোভিত পারিজাত কুমুম (মন্দৈরালস্ত্যুক্তরর্থাং নিশ্চলৈ-র্করন্দেন পুস্পার্দেন মুদিতৈ ইষিতৈর্যন্তমধুকরৈর্যভিতং মৌলি-সম্বন্ধি মন্দারং পারিজাতরুত্বমং যক্ত স তথা)। তাঁহার মাথায় ময়রের মুকুট। মনে হয়, শ্রীকুঞ্জের মাথায় স্থান পাইয়াছে এই গর্কে মন্তর মণির দার। উহা শোভিত। ফুলর (মঞ্জু) নূপুরের (মঞ্জীর) মহিমায় গৌরবযুক্ত · গোবিন্দাস ওণ গান করিতেছেন।

380

<u>নারা</u>গ

রীঝলি রাজ-নগর মাহা ভোই।
রিদিণিসঙ্গে রঙ্গে মন নোই॥
রসময় রাস-রসিক ব্রজ-নারি।
রোই রোই ভূয়া পস্থ নেহারি।
রাধা-রমণ রতন ভূহাঁ দূর।
রবিজা-বোধে রমণিগণ কৃর॥
রাকা-রজনি রজনি-কর-জাল।
রোই রোই রোলত মরমক শাল॥
ঋতুপতি বাতি দিনহি দিন-হান।
রমবতি জাবরে কৈছে সে বান॥
রতিপতি-রোধে রহিত ব্য-রেশ।
রপনা-বোচন শ্রবং বিলাস।
রসনা-বোচন শ্রবং বিলাস।
সুচই রুচির পদ গোবিনদান॥

क. वि २४४१

সাধ্যা ভুক্ত ১৮৯০

শकार्थ—तीकाल — कहे घरेशा। ताक-नगत : मनुश्रुत।

८७ हिं- ८७ । प्राप्त । ८४ हिं -८४ । किला । तिका —

एयच्नशा यम्मा। ८४ (४ --७)८४ । तो ः। —शृशिभा।

भाल—भला, ताथा। फिन—फीन । तोन--तिना। ८४ (४ —

८४ (४ ।

ব্যাখ্যা—তুমি রাজ্বানী মণুপুবে বিদ্বাদিন পদে মন মাতাইয়া ফুর্ভিতে আছে। হে বাসর্বিক রসময়! এদিকে ব্রজনারী কালিয়া কাদিয়া তোমার পথপানে চাহিয়া আছে। হে বাধারমণ! হে বত্তবন্ধপ! তুমি দুবে রহিয়াছ, আর যম্নার তীরে বমণীরা কাদিতেছে। তাহারা পূণিমা-রাত্রির চন্দ্রের কিরণজালকে কান্দিয়া কান্দিয়া মন্মের বেদনা জানাইতেছেন। বসন্তের রাত্রি আজ নিতান্তই দীনহীন বোধ হইতেছে। প্রেমরদ বিনা রসবতী কিরূপে জীবনধারণ করিবে গ রতিপতি মদনেব রোধে পড়িয়া শীরাধা আজ কোন বেশভূষা করা ছাডিয়া দিয়াছেন, কেবলমাত্র তাঁহার অতুলনীয় রুপটুকুই অবশিষ্ট আছে। গোবিন্দদাস জিহ্নার রুচিকর, কর্ণের আনন্দন্ধনক স্থন্দর পদ রচনা করিতেছেন।

585

বনাবরি রাগ

ললিত কমল ফুল পালা।
লাগল বিরহক জালা।
লাগল লাবণি পোই।
লোব লহবি ভবে বোই॥
লালন কি বলব আন।
ললনা কঠিন পরান॥
লোক লাজ ভয় ছোড়ি।
নুড়ই মহাতলে গোরি॥
ললিত ললিত স্বরে রামা।
লোচনে নিমিথ নিকাই।
লোলি পড়লি মুবছাই॥
লাভ লহু বহত নিশাস।
লগতহি গোবিনদাস॥

311. 7 (2) -240

স. ১০৮

পাঠান্তর—সা. প পুথিতে প্রথম চরণ—লুনিক পুতলী সম বালা। (১) লপই [অর্থাৎ আলপই] মধুর তুয়া নামা।

শব্দার্থ—ললিত—স্থন্দর। থোই—থোয়াইয়া। লোর
—অশ্রজন। লালন—আদরের পাত্র। লুড্ই—লুটাইতেছে।
নিঝাই-—বন্ধ করিয়া। লোলি—চঞ্চনা। লথতহি—লক্ষ্য
করে।

ন্যাখ্যা— দেই বালা দেখিতে যেন একটা স্থলর কমল্
ফুল। তাহার বিরহজালা উপস্থিত হইল। সে লীলা ও
লাবণা সব হারাইয়া অঞ্জলের প্রবাহে কাঁদিতেছে। হে
আদরের পাত্র শ্রীকৃষ্ণ! কি আর বলিব, নারীর কঠিন
প্রাণ (তাই সে এখনও মরে নাই)। লোকলজ্জার ভয়

ছাড়িয়া সেই গৌরী এখন মাটীতে লুটাইতেছে। সে কেবল মধুর স্বরে তোমার মধুর নাম লইতেছে। চোথের নিমেষ বন্ধ হইয়া সেই চঞ্চলা মৃচ্ছিত হইতেছে। তাহার নিঃশ্বাস যে অল্ল অল্ল পড়িতেছে তাহা গোবিন্দদাস লক্ষ্য করিতেছেন।

289

কামোদ

শিশিরক শীত সমাপলি স্বন্দরি শোহন প্ররত-সন্দেশে। শ্ৰিকর-শীকর শার-শার-সম শার সহই স্বতন্ত্র শেষে॥ শুন শুন গাম সকল ওণবত। खबरे मशाम कि স্বসূথি সংখাধন স্থ্যায় সময় বসন্ত ॥ শীতন স্থরভিত সরস স্থারণে সতত সন্থাপই গাতে। স্বপন-সমাগম সাধে জ্বাম্থি শৃত্ই সরসিজ-পাতে ৷ স্থিনি-স্মাজে সাঁজ সঞে সো ধনি সগরিছ শরবরি জাগে। **শোঙরি স্থনে**হ সোহ∖গিনি **স**°শয় গোবিন্দদাস-দিঠি আগে ।

क. वि. २ ३२ ६

স ১১৮, তক ১৭১৭

শব্দার্থ—শোহন—শোভন, স্থলর। স্থরত-দলেশে --সন্তোগ-বিলাদের কথা। স্তন্ত-তন্ত স্থলরদেহা। শীকর —কণা। গাত—গাত্র।

ব্যাখ্যা— স্থনরী রাধা তোমার স্থনর সন্তোগ-বিলাদের আলোচনা করিয়া শীতঋষ্ঠ কাটাইল। শীতের শেষে বসস্তের আগমনে স্থনরদেহা শীরাধার তহু মদনের শরের জায় (দাহজনক) শর্ষরূপ চন্দ্রকিরণের কণাসমূহকে সহা করিতেছে। হে সকল গুণবস্ত ভাম, শুন। জিজ্ঞাসাকরি, এই স্থময় বসস্তসময়ে কি সংবাদ দিয়া স্মুখীকে

প্রবাধ দিব ? বসন্তের শীতল, স্থপন্ধ ও সরস বাতাস তাহার অঙ্গকে সন্তথ্য করিতেছে। সে যে একটু পদাপত্রে শয়ন করে, তাহাও এই আশায় যে একটু নিজা আসিলে যদি তাহার মধ্যে স্বপ্নে তোমার সমাগম ঘটে! কিন্তু নিজা তাহার আসে না। সন্ধ্যা হইতে সমন্ত রজনীই স্থীদের মধ্যে সেই স্থন্দরী গোবিন্দদাসের দৃষ্টির সামনে জাগিতেছে। তোমার প্রেম স্মরণ করিয়া তোমার সোহাগিনীর জাবন-সংশয় হইতেছে।

186

তথা বাগ

হিরণক হার হৃদয়ে নাহি ধরই।
হরি-মণি হেরি স্বনে জল থলই॥
হিমকর-কিরণহি সোন তহু দুইই।
হা হা শশি-মূথি কত ত্থ সহই॥
হল্পব-সোদর কিয়ে তুল ভোরি।
হেলে হারারিন হিরণমার গোরি॥
হরিণ-নয়ানি অব্ধি-দিন গণই।
হৈরইতে পন্থ নিমিথ যুগ মনই॥
হির হবি বোলি মুর্জি মাহি রহই॥
হবি হবি বোলি মুর্জি মাহি রহই॥
হবি হবি বেবালি মুর্জি মাহি রহই॥
হবি হবি বেবালি মুর্জি মাহি রহই॥
হবি হবি বেবালি মুর্জি মাহি রহই॥
হবি হবি বালি মুর্জি মাহি রহই॥
হবি হবি বালি মুর্জি মাহি রহই॥
হবল গেয়ান ভোহারি অভিলামে।
ভোত কি না বুবাল গোবিন্দাসে॥

সা. প. (১) -- ২৭২, সা. প. ১৯০ স ৩৫৪, তরু ১৯২৩ ---২৩

শব্দার্থ—হরি-মণি—হরিন্মণি, পারা। থলই—পতিত হয়।

न্যাখ্যা— শ্রীরাধা ধোনার হার আর বুকে ধারণ করেন না। হরি-মণি বা পালা দেথিয়া (তোমার সহিত নাম সাদৃশ্যে) তাঁহার চোথ দিয়া অনবরত জল পড়ে। চল্রের কিরণও তাঁহাকে দগ্ধ করে। হায় হায়, চক্রবদনী কত হংখ আর সহ করিবে। হে হলধরের ভাই ! তুমি কি মত্ত হইয়াছ ! (বলদেবের মত্ততা হুপ্রদিদ্ধ)। তুমি হেলায় হিরণ্ময়ী গৌরীকে হারাইলে। সেই হরিণনয়নী তোমার প্রতিশ্রুত অবধি-দিন গণনা করে; তোমার পথের পানে চাহিয়া চাহিয়া এক নিমেষকে এক এক যুগ করিয়া মানে। হদয়ের মধ্যে প্রেম , মর্মের কথা কাহাকে বলা গায় ? সে হরি হরি বলিয়া ভূমিতে মৃচ্ছিত হইয়া পডে। কণে কণে হাসিতে হাসিতে আনন্দিত হইয়া উঠিয়া বলে, ফেব সেই সোনার পুতুল মাটিতে লুটায়। তোমার সহিত মিলনেব অভিলামে তাহার সংজ্ঞা লোপ পাইল কিনা গোবিন্দ দান বুঝিয়া দেগে।

বাল্যলীলা ও গোষ্ঠ

289

,বভাগ

দেখ মাই মুশোমতী কোরে কানাই। তেজোম্য বালক বিজগত-পালক কি কহব তপের বডাই॥ পিন্ধন বদনে বানী মুখানি মুছায়ই বীজন কবয়ে মুখ-ইন্দু। সরোক্ত-লোচন কাজনে রঞ্জিত ভালে শোভে গোৱোচনা-বিন্দু ॥ সেবহু চতুত্ব থ শিব শুক নারদ যছ পদ অতুখন ভাবি। চরণে লুঠই **শে। পছ** গোণ্ডারিক বোয়ত হুধকি লাগি॥ ফিরি ফিরি গীরত চরণাঘাত করি মিনতি লাখ লাখ বেরি। গোবিন্দদাস কং কোই নাই সমুঝাই আপিং আপরসে ভোরি॥

শব্দার্থ — কি কহব তপের বড়াই — নন্দযশোদার তপস্থার কত বল যে এমন ত্রিজগংশালক পুত্র পাইয়াছিল। পিন্ধন বসনে রানী — নিজের পরনের কাপড় দিয়া। সরোকহ-লোচন — কমললোচন। সেবছ চতুমুখি শিব শুক নারদ যছু পদ প্রভৃতি — বাহার শ্রীচরণ সতত ধ্যান করিয়া ব্রহ্মা, শিব, শুক ও নারদ সেব। করেন। গোডারিক — প্রাম্য বালক। গাঁরত — প্রিয়া যায়।

200

তুড়ী

গোঠে বিজই ব্ৰজ্বাজ-কিশোর।
জননী-বিব্ৰচিত বেশ উজোব॥
আগে অগণিত কত গোধন চলিয়া।
পাছে ব্ৰজ-বালক হৈ হৈ বলিয়া॥
সম-বর-বেশ স্বহুঁ কবি ছাল্ল।
বাম-বামে চলু জাম্ব-চাল্ল॥
মউর-শিখণ্ড চূড়ে ঝলমলিয়া।
মণিমর কুণ্ডল গণ্ডে টলমলিয়া॥
শিব পব ছাল্ল অধব পর মুবলি।
চলইতে পল্লে ক্র্য়ে কত খুবলি॥
কটি-তটে পীত পটাম্ব বলিয়া।
মগ্ব-গতি চলু গজ্বব জিনিয়া॥
মণি-মঞ্বি বাজত ক্ণিকুনিয়া।
গোধনিক্লাস কহ ধনি ধনি ধনিয়া॥

সা প (২)-- ৪৯, গো ২৭ স ৪১১, তরু ১৩০**৬, কী ৩২০** ক বি. ১৫ সিদ্ধান্ত-চন্দ্রোদয় পু: ১৪৯

পঠিনত্ত -ক. বি. আরম্ভ—

শিক্ষা বেণু বেত্র বাধা কটিতে আঁটিয়া।

শাক্ষল রাথালরাজ সঙ্গে শিশু লইয়া॥

দিদ্ধান্ত-চক্রোদয়ে ইথার পর—

চলিতে চরণচিহ্ন পদ্ম পড়ি যায়।

লাথে লাথে অলিরাক্ষ মধুলোভে ধায়॥

বরাহনগর পুথি ৭খ (১১)

পীত পটাম্বর কটিতটে রনিয়া। গোবিন্দদাস বলে ধনি ধনি ধনিয়া॥

শব্দার্থ—বিজই—গমন করিতেছে। ছান্দ—শোভা।
শির পর ছান্দ—মাথার উপর বন্ধন (চূড়া)। ঘুরলি—
অভ্যাস, পুনঃপুনঃ সাধন।

ব্যাখ্যা— এছবাজের কিশোরকুমার গোঠে যাইতেছেন! তাঁহার জননী তাঁহার উজ্জ্ব বেশ পরাইয়া
দিয়াছেন। আগে আগে কত গোধন চলিতেছে। পাছে
পাছে এজবালকেরা হৈ হৈ করিয়া আসিতেছে; তাহাদের
শ্রীক্ষের সমান বয়স ও বেশের শোভা। বলরামের
বামে শ্রামচন্দ্র চলিতেছেন—তাঁহার মাথায় ময়রের
প্রেছের চূড়া ঝলমল করিতেছে। মণিময় কুওল গওদেশে
টলমল করিতেছে। মাথায় চূড়া বাঁধা; মুথে ম্রলী;
পথে যাইতে যাইতে ম্রলী বাজানো অভ্যাস করিতেছেন।
তাঁহার কটিতটে পীতবর্ণের রেশমী বস্ত্র; তিনি গজরাজের
গতি জিনিয়া মন্থর গতিতে চলিতেছেন। মণিময় নূপুর
ক্ষুরুত্ব বাজিতেছে। গোবিন্দাস ধন্য ধন্য বলিতেছেন।

303

গৌরী আরাধন ছলে চলু কাননে
জটিলা আদেশ পায়।
নানা উপহার স্থিগণ লেওল
হর্ষিতে সভে চলি ধায়॥
স্থান্ধরী উপনীত ধ্যুনাক তীরে।
নব নিকুঞ্চে কুস্তম সব বিকশিত
মধুলই বহই স্মীরে॥
ত্য়া আমোদে মাতি প্রবেশল কুঞ্চে
বাঁহা স্থিগণ মেল।
কুস্থম উঠায়ত সভে বন বিহরত
কর্তহি কৌতুক বোল॥
বৈছন স্ময়ে আদি ব্যুনাগর
দেখল কুস্থমবিলাস।

বঙ্গিম নয়নে কোনে ধনি প্রতি বদতহি গোবিন্দদাস॥

ক. বি. ২৯৮৩

>02

কালিয়অঞ্জন কান কুটাল হাস
কালিন্দি কুল নিশি রাস।
হরিচন্দনী ধনি কোনহি গাছসে
কুহ্নম কয়লি সব নাশ॥
স্থানরি কাহে আয়লি বন মাহ।
চন্দন সৌরভে মঝু কর্যুগ্বর
প্রবেশব তুয়া হিয়াছাহ॥
নথর বিষ দংশ তুহে দগধব
বিষ জান হরবি গেঞান।
দশন দিলোড়শ ভুজগ অধরে দানব
মূরছি পড়বি মহি ঠাম॥
তুয়া সহচরি সব দ্রহি ভাগব
অহিগণ গ্রজন শুনি।
গোবিন্দাস কহে সামাল গাকরিরাজ
গাজি যায়ল গ্রবিনি॥

ক. বি ২৯৮৪

ব্যাখ্যা— (গোপীরা ফুল তুলিয়াছে দেখিয়া) কালিয়দমনকারী কানাইয়ের মৃথে কুটিল হাস্ত দেখা দিল।
কালিন্দীর কুলে রাত্রিকালে রাস করিবার ইচ্ছা হইল।
হে হরিচন্দনবর্ণা স্থন্দরি! কোন্ ফুলগাছ হইতে এত ফুল
তুলিয়া নপ্ত করিলে? তুমি বনের মধ্যে কেন আসিলে?
চন্দনের সৌরতে আরুপ্ত হইয়া আমার যুগলকররূপ সর্প
তোমার ব্কের মধ্যে প্রবেশ করিবে। তাহার নথের বিষদংশনে তুমি দগ্ধ হইবে, উহার বিষে জ্ঞান হারাইবে।
আর ভুজ্প (এক অর্থে সর্প, অন্ত অর্থে লম্পট) ভাহার
বিশ্রেণটী দাঁত দিয়া তোমার অধর দংশন করিবে—তুমি
মূর্চ্ছিত হইয়া ভূমিতে পড়িবে। সর্পের গর্জন শুনিয়া
তোমার স্থীরা স্ব দূরে পলাইবে। গোবিন্দাস

বলিতেছেন, কিন্তু হে গোবিন্দ! তুমি সাবধান হও। গ্রবিণী রাধা ওঝা (গাক্ষড়িরাজ) সাজিয়া যাইতেছে— সে সাপকে দমন করিতে জানে।

200

কানাডা বা গোৱী

উছলি ভরু অম্বর গো-খুর-ধূলি घन १ राष्ट्रा त्रव रेट रेट त्राव। বেণু-বিষাণ-নিধান ধ্যাকুল সহে রঙ্গে^২ কত সহচর ধাব॥ বন সঞ্জে গিরিবরধর ঘর আভয়ে। জলদ হেরি জন্ম হর্ষিত চাত্তি গ এজ-রমণীগণ মঙ্গল গাওয়ে॥ কুটালি অলককুল গোরজ-মণ্ডিত বর্হা-মুকুট মনোহর⁸ ভাতি। বিপিন-বিহা ছরম ঘর্মাইত ঝামর নিল উতপল° দল কাতি॥ ললিত মণি-কুণ্ডল কিশলয়-বলিত মণ্ডিত গ্ওমুকুর উজিয়ার⁹। গোবিন্দদাস পছ নটবর-শেথর^৮ হেরইতে জগ ভরি মদন-বিথার॥

ক. বি. ৩০১, ক. বি ২৯৭১, ব ১ (৩৮) স ৪৫২, তরু ১৩১৮ একান পদের অষ্ঠতিংশ পদ, রাধা ৩১

পাঠান্তর—ক. বি. ২৯৭১ এর আরম্ভ—
বল সঞ্জে গিরিধর ঘরে অ†ওল।
জলদ হেরি জম্ম হরষিত চাতক
ব্রজ্বমণিগণ মঙ্গল গাওল॥

এখানে "বল সঞে" অর্থ বলদেবের সঙ্গে। তরুর পাঠে "বন সঞে" অর্থ বন হইতে।

(১) ঘনহ (তরু) (২) সব (তরু) (৩) তৃষিত চাতকী (স)
(৪) ছান্দ (স ও তরু) (৫) মুখচান্দ (তরু); নীল উতপল
চান্দ (স) (৬) সরস কপোলে দোলত মণিকুওল (স)

(৭) গণ্ডমুকুরে (তরু), গণ্ডযুগল উজিয়ার (স) (৮) জগ-মনমোহন (স)।

শব্দাথ — অম্ব — আকাশ। নিদান — নি:ম্বন, ডয়ার
মতন ঘোষণা করিবার বাভ্যয়। দঞে — হইতে।
গোরজ — গরুর পায়ের ধূলি। ছরম ঘরমাইত — শ্রমে
যাহার ঘাম বাহির হইয়াছে। গঙ্মুকুর উজিয়ার —
শ্রীক্রফের গঙ্দেশ দর্পণের মতন উজ্জল।

208

স্থানর ভামর অস।

রক্ষ পটাম্বর হার মনোহর

গোধ্লি-ধ্সর অক্ষ ॥

নব নব পলব- গুল্ছ স্থ্যপ্তিত

চূড় শিথপ্তক বেচল দাম।

মকরাকৃতি কুওল দোলত হেরইতে

মুরছি পড়ল কত কাম ॥

নবকুল মাল বিরাজিত উরপর

কিন্ধিণী রণরণি নৃপুর পায়।

গোবিন্দদাস পহা জগ্যনমোহন

বজ্যুবতী মন হর্থ চিত লাএ॥

मः ३०**१**

শব্দার্থ— চ্ড় শিখণ্ডক বের্ল দাম—ময়ুরের পাঁথার চ্ড়ায় নবপল্লবের মালা ঘিরিয়া দেওয়া হইল। উরপর— বক্ষের উপর।

300

গোরী রাগ

সন্ধ্যাসময় গৃহে আওল ষত্বপতি যশোমতি আনন্দটীত। প্রদীপ জারি থারি পর ধরলহিঁ আরতি করি কত গাওত গীত॥

বালকত ও মৃ্ধচন্দ্ৰ। ব্ৰহ্মনীগণ চৌদিগে বেডল হেরইতে রতিপতি পড়লহি ধন ॥ ঘণ্টা তাল মুদক বাজা ওত স্থিগণ ঘন ঘন জয় জয়কার। দেবগণ হব্ষিত বরিষত কুন্তম আনন্দ জগজন নগর বাজার ৷ মনোহর মুরছিত গ্রামর অক্সে বলি বনমালী আছান বিরাজ। গোবিন্দদাস কহে ও রূপ হেরইতে সংশয় যৌবনে পডলহি বাজ ॥

मः ३०४

গ্রীকুফের রূপ

200

<u> এ</u>বাগ

স্বরপতি ধন্নকি শিখওক চুড়ে।
মালতি-মুরিকি বলাকিনী উড়ে॥
ভালে কি কাপল বিধু আধ খওঁ।
করিবর-কর কিয়ে ও ভূজদওঃ॥
ও কি শ্রাম শটরাজ।
জলদ-কল্পতক তক্লি-সমাজ ।
কর-কিশলয় কিয়ে অক্লণ-বিকাশ।
মুরলী খুরলী কিয়ে চাতকভাষ॥
হাসকি ঝরয়ে অমিয়া মকরন্দ।
হারকি ভারক দোভিক ছন্দ ।
পদতল খুলল-কমল অন্তরাগ ।
ভাহে কলহংসকি নৃপুর জাগ॥
ক্যোবিন্দাস কহ কিয়ে মতিমন্ত ।
ভূলল যাহে বিজ্ঞাক বসন্ত ॥

সা. প. (১)—৪৪, ক. বি. ২৯৫৯ স ৪৫৯, তক্ত ১০৫০ ২৪৩৪ এবং ২৯৭০, গোৰ্দ্ধন পৃথি—পদ-সংখ্যা ২৪ কী ৪৩, গী ৫ পাঠান্তর—(১) বিধ্যার খণ্ড (কী) (২) রাজে (কী)
(৩) জলদকলপ তরুণিসমাজে (কী) (৪) জ্যোতিক ছন্দ
(কী) (৫) পদতল থলকি কি কমল ঘনরাগ (কী) (৬)
কলহংসক (সমুদ্র) (৭) গোবিন্দদাদ কহয়ে মতিমন্ত
(তরু)

শকার্থ—স্বপতি ধফু—ইল্রধফু, বামধফু। ঝুরি— চ্ড়ার মালা। ঝাপল—ঢাকিল। খুবলি—অভ্যাদ। ছন্দ —শোভা।

ব্যাখ্যা-- শ্রীক্ষের মাথায় ময়ুরের চূড়ায় কি ইন্তর্ধমুর উদয় হইল! ঐ চূড়ায় যে মালতীর মালা বহিয়াছে তাহা দেখিয়া মনে হইতেছে যেন বকী উড়িতেছে। কপাল দেখিয়া মনে হয় যেন দেখানে চাঁদের আধ্যান। উদিত হইয়াছে। বাহু দেখিয়া প্রশ্ন জাগে ও কি হন্তীর ভও। খাম নটরাজ যেন তরুণীদের মধ্যে কল্পতরু মেঘের মতন উদিত হইয়াছেন--ভাহাদের দকল বাদনা রদ্ধারা-দিঞ্চনে পূর্ণ করিতে পারেন। তাথার করপল্পবে কি বক্তিমাভ অরুণেব বিকাশ হইয়াছে! তিনি যে মুরলি-বাদন অভ্যাস কণ্ডেন ভাহা শুনিয়া মনে হয় যেন চাতকের ধ্বনি শুনিতেছি। হাসিতে কি অমৃত বারে, না, মধু বারে । তাঁহরে গলার হারে কি ভারার জ্যোতির শোভা। পদতলে কি স্থানর স্থাকমলের গাঢ় রং! পায়ের নুপুর-প্রনি শুনিয়া মনে হয় যেন কলহং সের ডাক শুনিতেছি। গোবিলদাদ বলেন এই রূপ দেখিয়া মতিমান আহ্মণ (কবি) রায় বসস্ত ভূলিলেন।

309

তথ। রাগ

আজু বিপিনে যাওত : কান

মূরতি মূরত কুন্তম-বাণ

জন্ম জলধর ক্ষির অছ

ভঙ্গি-নটবর শোহনি '

ইষত হসিত বয়ন-চন্দ'

ভক্দি-নয়ন-মরন ' ফ্ল্

विश् °- व्यथरत भूत नि- चृत नि ত্রিভূবন-মন-মোহনি ॥ কুম্ম-মিলিত চিকুর-পুঞ্জ চৌদিগ ভ্রমর ভ্রমরি গুঞ পিঞ্-নিচয়-রচিত্-মুকুট মকর-কুওল ভোলনি । চঞ্চল নয়ন খঞ্জন জোর স্থন ধাওত প্রবণ-ওর গীম শোহত রতন-রাজ মোতিম-হার লোলনি ॥ কটি পিত-পট কিকিনি-বাজ মদগতি অতি কুঞ্জ-রাজ জামু-লম্বিত কদম্ব-মাল মত্ত মধুকর ভোরণি^১ । তা কুণ-বরণ চরণ-কুণ্ ভরুণ-কে: ণি-কিরণ-গঞ্জ त्राविन्त्रताम-क्रम्य बङ्ग মঞ্মি"। বালনি।

সা. পা. (১)—৩৭, ক. বি. ২৯৫৪ তক ১৩০৫, সং ২২৪, কা ৩২

পঠি। তর— শং—(১) আওত (২) শোহনী (৩) হিসিত্যন্দ বয়নচন্দ্র (৪) বয়ন (৫) বিশ্ব (৬) মোহিনী (৫) দোলনী (৮) পীতধটি (৯) মদময়গতি (১০) জোরনী।
শব্দার্থ - কুন্ত্য-বাণ--মদন। শোহনি শোভমান।
ফল্ - ফাদ। মুরলি- মুরলী অভ্যাস বা আলাপ।
চিক্র — কেশ। শ্রবণ-ওর — কানের দিকে। শ্ম--গ্রীবা।
কুপ্রবাজ—গজ্শেষ্ঠ। কঞ্জ-পদ্ম।

ব্যাখ্যা—আজ মৃর্তিমান্ মদনস্বরূপ কানাই বিপিনে যাইতেছেন; স্থানর মেঘের মতন তাহার দেহেব বণ । তাহার নটবরভদী অভ্যন্ত শোভাময়। তাহার চন্দ্রবদনে শিতহাল্য যেন তরুণীদের নরন ও মরণের ফাদস্বরূপ; বিশ্ব-তুল্য অধ্বে ম্রলী-বাদন (বাদনের অভ্যান) ত্রিভ্বনের মন মোহিত করে। তাহার চারিদিকে ভ্রমর ও ভ্রমরী গুজরণ করে। ময়ুরপুছেদমুহ দারা রচিত মুকুট ও মকরকুওল

ত্লিতেছে। তাঁহার আকর্ণবিস্তৃত চঞ্চল চক্ষ্টী দেখিয়া থঞ্জনযুগলের কথা মনে পড়ে (চক্ষ্ যেন জতবেগে কর্ণের দিকে ধাবিত হইতেছে)। তাঁহার গলায় রত্মাজীশোভিত মোতির হার ত্লিতেছে। কটিতে পীতবাদ ও কিন্ধিণী। তাঁহার গতি মদমত হন্তীর মত। আজাফলন্বিত কদম্বের মালার পাশে মত্ত মধুকর ঘুরিতেছে। অকণবর্ণের চরণকমল ভক্ষণ সুর্যোর কিরণকে গ্রনা দেয়; স্থানর ন্পুরের ধ্বনি গোবিন্দাশের হৃদয় রঞ্জন করিতেছে।

306

দিন্ধুড়া

অঞ্জন-গ্ৰুন জগজনরঞ্জন জলদ-পুঞ্জ জিনি বরণা। অফণাকণ গল-কমলদলারুণ মঞ্জির-রঞ্জিত-চরণা॥ দেখ স্থি নাগ্র-রাজ বিরাজে। শুধই স্তপা-রস হাস বিকাসিত চাদ মলিন ভেল লাজে॥ इन्हीनत-वत्र-গ্রব-বিমোচন लाइन गनिषड-काला। বান্ধল কুলবভি ভাঙ-ভুজগ-পাশে কুল-দেবতি মন কান্দে॥ ভ্রমর-কর্ম্বিত জামু-বিলম্বিত (कलि-कम्प्रक भान। গোবিন্দদাস-চিতে নিতি নিতি বিহরই ঐছন মুরতি রস্পল।

ব্যাখ্যা—অগুনকেও গঞ্জন। দেয় এমন মেঘরাশির বর্ণকে জিনিয়া তাহার ভ্রনমনোহর বর্ণ। তাঁহার চরণ তরুণ অরুণ ও স্থলকমলদলের মতন রক্তবর্ণ; উহাতে আবার নূপুর পরা। স্থি, দেখ নাগরশ্রেষ্ঠ বিরাজ করিতেছেন। তাঁহার হাসিতে যেন বিশুদ্ধ স্থারস ঝরিয়া পড়িতেছে; চন্দ্র সেইজন্ম লজ্জায় মলিন হইল। শ্রেষ্ঠ কমলেরও গর্কথর্ককারী তাঁহার নয়ন যেন মন্মথের ফাঁদ। জ্রূপে নাগপাশে কুলবতীকে বাধিয়া ফেলিল, তাই কুলদেবতার মন কাঁদিতেছে। তাঁহার গলার কেলিকদম্বের মালা আজামুলম্বিত ও তাহার পাশে ভ্রমর গুঞ্জন করিতেছে। গোবিন্দিদাদের চিত্তে এক্সপে রসাল মূর্ত্তি নিত্য নিত্য বিহার করে।

606

সারক

মরকত-মঞ্জু-মুকুর-মুথ-মণ্ডল
মুথরিত-মুরলি-স্থান।
শুনি পশু পাথি শাথি-কুল পুলকিত
কালিন্দি বহই উজান ॥
কুঞ্জে স্থানর শুঃমরচন্দ্র ।
কামিনি-মনহি মুরতিময় মনসিজজগ-জন-নয়ন-আনন্দ ॥
তক্ত তম্থ লেপন ঘনদারচন্দন
মুগমদ-কুজ্ম-পঙ্ক ।
অলিকুল-চুম্বিত অবনি-বিলম্বিত
বনি বন-মাল বিটক্ক ॥
অতি স্থাকুমার চরণ-তল শীতল
জীতল শরদরবিন্দ ।
বায়সস্থোধ-মধুপ-অন্ত্সন্ধিত
নন্দিত দাদ গোবিন্দ ॥

সা. প. (;)—২৭, ক. বি. ৪¢

তর ২৪১৫, কী ৩৩, সমূদ ২৭ গীতচক্রোদয় পু ৬, বু পু ৪

মন্তব্য — গীতচন্দ্রোদয়, পদামৃতসমূদ ও পদকল্পতকর
ভণিতা মৃলপাঠে দেওয়া হইল। কীর্ত্তনানন্দে "কত কত
ভকত মধুপ অফুদন্ধিত নন্দিত দাস গোবিন্দ" পাঠ
আছে। উহাই বিকৃত হইয়া লহরীতে মৃদ্রিত হইয়াছে—
কত কত ভকত মধুপ আনন্দিত
বঞ্চিত দাস গোবিন্দ ॥

লহরী হইতে মৈথিল গোবিন্দগীতাবলী (২৬)তে ও শুক্লার ভন্নাবলীতে (২৷২৬) অহ্নবাদ করা হইয়াছে।

'কত কত মধুপ আনন্দিত বঞ্চি দাস গোবিনা।'

রাধামোহন ঠাকুর মহাশয় মূলে প্রদত্ত ভণিতার ব্যাগ্যা করিয়া লিখিয়াছেন—"'কৈ গৈ রৈ শব্দে' ইত্যশ্বাৎ ভাবে অন্। তেন সম্ভোষয়স্তি যে মধু-পাল্ডেরর্থাৎ তৎদৌরভাকুষ্টেরম্বেষিতাঃ নন্দিতা আনন্দিতা দাসা দাসতুল্যা গোবিন্দা গোপা যেন স তথাভূত:। যন্ধা নন্দিত দাস ইতি পৃথক্ পদম্। গোবিন্দ ইতি গোপর্মপঃ কোহদাবিতি ভাব:। পক্ষে শ্রীনরোত্তম-ঠকুবস্থ ভাতা শ্রীসম্ভোষরায়নামাদীৎ তেন শ্রীরাধাকান্ত-নায়্যা: শ্রীমূর্ত্তেরেভদ্রপদর্শনং কৃতা শ্রীগোবিন্দকবিরাজ-ঠকুরায় তম্বায়িতুং প্রার্থনা কুতা। অতন্তমাম দত্তম্।" অর্থাং—'কৈ গৈ রৈ শব্দে' এই গণস্থত্র অন্তুসারে শব্দার্থক রৈ ধাতুর উত্তর অন্প্রত্যয় দার। 'রায়' পদটি দিদ্ধ হয়। রায় অর্থাৎ শব্দের দারা সস্তোষিত করে যে মধুপগণ তাহাদিগের দারা অর্থাৎ চর্ণক্মলের দৌরভারুষ্ট ভ্রমরগ্র দার। অন্বেষিত ও নন্দিত কিনা আনন্দিত হইয়াছে দাস-রূপ গোবিন্দ কিনা গোপালগণ যংকর্ত্তক ভাদৃশ একুফ। অথবা 'নন্দিত দাস' পৃথক্ পদও রাখা যাইতে পারে। অপর প্রকে অর্থ – শ্রীসন্তোষ রায় শ্রীল নরোত্তম ঠাকুরের ভাতা; তিনি রাধাকান্ত নামক শ্রীমৃত্তির এই রূপ দর্শন করিয়া গোবিন্দকবিরাজ ঠাকুরকে উহা বর্ণনা করিতে অমুরোধ করায় কবিরাজ-ঠাকুর শ্লিষ্ট ভণিতায় সম্ভোষ রায়ের নামটি সল্লিবেশিত করিয়াছেন।

শব্দার্থ— মঞ্ — স্থনর। শাথিকুল—বৃক্ষসমূহ। তহু তহু—প্রতি অঙ্গে। বিটক—স্থনর।

ব্যাখ্যা— শ্রিক্তফের মুখমণ্ডল হৃন্দর মরকতনির্দ্মিত দর্পণের আয়; তাহাতে আবার মুবলার হৃতান বাজিতেছে। উহ। শুনিয়া পশুপাথী ও বৃক্ষরাজী পুলকিত হইয়াছে; কালিন্দী উজান বহিতেছে। শ্রামচন্দ্র কুঞ্জে বিরাজ্মান। তিনি জগতের সকল লোকের নয়নের আনন্দবিধায়ক; তিনি কামিনীদের নিকট মূর্ভিমান্ মদনহৃদ্ধণ। তাঁহার প্রতি অব্দেখন চন্দন, কুক্ম ও মুগমদ লেপন করা হইয়াছে।

তাঁহার স্থলর বনমালা ভূমি পর্যান্ত বিলম্বিত ও অলিকুলের
দারা চুম্বিত। তাঁহার অতি স্থলর চরণতল শীতল, উহা
শোভায় শরতের কমলকেও পরাজিত করিয়াছে। সম্ভোষরায় রূপ ভ্রমরের দারা অন্থসন্ধিত এই পদযুগল গোবিন্দদানের আনন্দ বিধান করে।

330

নটনারায়ণ

ভড়িত লত। জাফু নবনীরদ তমু পীত পতনি বনি ভাল। বলিত-অতি-আকুল মালতি-বকুল-মৌল-মিলিত বন-মাল ॥ (भथन् क। निम-कृन-निवाभि। হেলি কলপত্ত তকণী-মোহন বা ওয়ে বিনদিয়। বাঁশি॥ মণিময় অভরণ নূপুর রণবান মদন-মম্বর গতি-ভাতি। গীম-বিভঙ্গিম নয়ন-তর্জিম কত কুলবতি-মতি মাতি॥ ক্মলা-লালিত চরণ-কমল-মধু পাওয়ে দোই স্থজান। রাজা নরসিংহ > রূপনারায়ণ গোবিন্দদাস অহুমান॥

সা. প. (১)—২৯, সা. প. তক ২৪১৬ (২)—পৃ ৩৫, ব ৪ ৪

পাঠান্তর—(১) শিবদিংহ (ব ৪ ৬)
শব্দার্থ—নবনীরদ—নৃতন মেঘ। পতনি—উত্তরীয়।
মৌলি-মিলিত—মাথায় লাগিয়া আছে। বাওয়ে—
বাজায়।গীম-বিভঙ্গিম—গ্রীবার ভঙ্গি।বনি—দাজিয়াছে।
ব্যাখ্যা—শ্রীক্ষণ্ডের দেহের বর্ণ নৃতন মেঘের মতন।
তাঁহার পীত উত্তরীয় যেন বিদ্যুৎলতা; উহাতে তিনি
ভাল দাজিয়াছেন। তাঁহার মাথার বনমালা মালতী,

বকুল প্রভৃতি যুক্ত। দেখিলাম দেই যমুনার তীরনিবাসী তরুণীমনোমোহন কল্পত্র হেলান দিয়া বিনোদিয়া বাদী বাজাইতেছেন। তাঁহার অঙ্গে মণিময় অলঙ্কার; পায়ে নূপুর রুণুরুর বাজিতেছে; চলনভিদ্ধি মদনের উদয়ে মন্তর। তাঁহার গ্রীবার ভঙ্গি ও নয়নের তরঙ্গ কত কুলবতীর বৃদ্ধিকে মাতাইল। কমলা তাঁহার চরণ স্বো করেন। তাঁহার চরণকমলের মধু যে পায় সেই স্কুজন। রূপে নারায়ণতুল্য রাজা নরিসিংহ বা শিবসিংহ এইরূপ একজন ইহাই গোবিন্দাশ অন্তমান করেন।

মন্তব্য—নরসিংহ পকপল্লীর রাজা ছিলেন। নরোত্তম,
সাব্র কায়স্থ হইয়াও বাক্ষণদিগকে শিল্প করিতে ছেন শুনিয়া
ইনি সভাপণ্ডিত রূপচন্দ্র সরস্বতী ও অক্সান্ত পণ্ডিত দিগকে
লইয়া থেতুরিতে তাঁহার সহিত বিচার করিতে যান।
এদিকে নরোত্তমের বন্ধু রামচন্দ্র কবিরাজ তাঁহার ভাতা
গোবিন্দদাস কবিরাজ ও অক্যান্ত পণ্ডিত দিগকে বণিক্
সাজাইয়া হাটে বসাইয়া দিলেন। রূপচন্দ্র যথন হাটের
ভিতর বিয়া যাইতেছিলেন তথন তাঁহার। তাঁহার সহিত
বিশুদ্ধ সংস্কৃতে কথাবাতা বলেন ও শাবচর্চায় প্রবৃত্ত হন।
তাহা দেখিয়া রূপচন্দ্র ভাবেন, যে গ্রামের সামান্ত
দোকানদাবরাও এমন পণ্ডিত সেখানকার শ্রেষ্ঠ ব্যক্তি
নরোত্তম যে অসাধারণ পণ্ডিত হইবেন তাহা নিশ্চয়।
এই ঘটনা প্রেমবিলাদে (১৯ বিলাস) বণিত হইয়াছে।
নরসিংহ নরোত্তমের রূপ। লাভ করিয়াছিলেন। শিবসিংহ
পাঠ এখানে প্রক্রিপ্র।

297

কামোদ

নন্দ-নন্দন চন্দ-চন্দন গন্ধ-নিন্দিত-অঙ্গ। জলদ-হন্দর কম্ব-কন্ধর নিন্দি সিন্ধুর-ভঙ্গ॥ প্রেম-আকুল গোপ-গোকুল-কুলজ-কামিনি-কস্ত। কুহ্ম-রঞ্জন মঞ্-বঞ্ল-

कुक्ष-भिन्द मस्त्र ॥

গণ্ড-মণ্ডল বলিত কুণ্ডল

উড়ে চূড়ে শিখণ্ড।

কেলি-তাণ্ডব-

তাল-পণ্ডিত

বাহু-দণ্ডিত দণ্ড॥

কঞ্চ-লোচন

কলুষ-মোচন

শ্রবণ-ব্রোচন-ভাষ।

অমল-কোমল

চরণ-কিশলয়

নিলয় গোবিন্দদাস ॥

সা. প. (১)—৪৭, ক. বি. ৬৬৬ সমুদ্র ১৬২, তরু ২৪১৯ গো২৭, রা২৭ কী ৬৬

শব্দ থি কিন্তু শহা । কন্ধর — গ্রীবা। দির্ব — হতী।

মন্ত্র্ স্থান । বঞ্ল — বেত। কঞ্জ — কমল। কল্য — পাপ।

ব্যাখ্যা — চন্দ্র ও চলনের গন্ধকে নিলা করে এমন
নল-নলনের অন্ধ — এত লাবণ্যয় ও হুগন্ধি। তিনি মেঘের
মতন হারাইয়া দেয়। প্রেমে আকুল গোকুলের গোপকামিনীদের তিনি কান্ত। তাহার প্রমন্তর কুঞ্জ ত্লিতেছে
আর চূড়ায় ময্রপুক্ত উড়িতেছে। তিনি কেলিভাগ্রবে
ভাল দেওয়া বিঘের পণ্ডিত। তাহার বাছদারা দণ্ডও
(লাঠি) দণ্ডিত হয় — এমন হুল্ট্ বাহ্ন। তাহার নম্মন
কমলতুলা; বাক্য কর্ণের ভ্রিদায়ক ও পাপবিনাশক।
ভাহার চরণপন্নব নির্মাল ও হ্রকোমল এবং গোবিন্দদাদের
আশ্রেয়স্থল।

765

সার্গ

কুস্থমিত-কুঞ কলপতক্ল-কানন মণিময়-মন্দির মাঝ। বাদ-বিলাদ- কলা-উভক্ঠিত

মনমোহন নট-রাজ 🐇

গিরিবর-কন্দরে স্থন্দর খাম।

মোতিম-হার- বিরাঞ্জিত কন্ধর

কুপ্তর-গতি অমুপাম॥

व्हित्य-देवनग्रध- विद्याप-विशादम

বেণু বোলায়ত মন্দ।

কুঞ্র-গমনি

রমণিগণ ধাওত

বিগলিত নীবি-নিবন্ধ॥

কামিনী-কর-

কিশ্লয়-বলয়†ক্বিভ

রাতুলপদ-অরবিন্দ।

র†য়-বসস্ত

মধুপ-অহুদক্ষিত

নন্দিত দাস গোবিন্দ॥

সা. প. (১)—২৮, ক. বি. ২৯**৫**২

उक्र २६२२, की ८६

दुषु ४ भ

ব্যাখ্যা— সকলের মন মোহিত করেন এমন নটরাজ্ব কল্লভকর বনের মধ্যে কুল্মিত কুঞ্বে মণিময় মন্দিরের ভিতর রাগলীলাবিলাদ করিবার জন্ম উৎকৃতিত হইয়া আছেন। গিরিরাজের গুহার ফুন্দর শ্রাম গলায় মোতির হার পরিয়া থাকেন, তাহার চলনভিদ গজরাজের ন্যায়। অশেষ রুদের রুদিক, বিনোদনে পটু শ্রিক্লফ্ যথন ধারে ধারে বংশী বাদন করেন তথন গজগামিনী রুমণীরা দৌড়াইয়া তাহার কাছে পৌছিতে চায়—তাহাদের নীবিবন্ধ থসিয়া যায়। তাহার রাতুল পদক্ষল কামিনীর বলয়চিন্তিত করপল্লবের ছারা দেবিত। উহা রায়বস্ত্রূপ মধুকর খোজ করেন এবং উহাতে গোবিন্দোস আনন্দিত হন।

760

বেলোয়ার

কুবলীয় নীল-বতন দলিতাগুন
মেঘ-পুঞ্জিনি বরণ স্থানদ।
কুঞ্জিত কেশ-প্রচিত শিথি-চন্দ্রক
অলকা-বলিত ললিতানন -চান্দ।
আগতত রে নব নাগর কান।
ভাবিনি-ভাব-বিভাবিত-অন্তর
দিন রক্ষনী নহি জানত আান ॥

মধুরাধরহি হাদ অতি মনোহর
তহি অতি স্থাধুর মুরলি বিরাজ।
ভাঙ-বিভঙ্গম কুটল নেহারণি
কুলবতি উনমতি দুরে রাজ লাজ।
গজপতি-ভাতি গমন অতি মন্থর
মণি-মঞ্জীর বাজত কণ্যানিয়া।
হেরইতে কোটি মদন মুক্ছায়ট
গোবিন্দাদ কহট ধনি ধনিয়া।

সা. প. (১)—২২, বরাহ ২—(৭) তবং ১৪২ ০, কী ৪৬ সমূদ পৃঃ ১৪৮

পাঠান্তর—(১) ললিতানন্দ (তরু) (২) রতি-মনময় (তরু) (৩) গোবিন্দাসক ধনি ধনিয়। (কী)

मकाथ -- करलीय--- मीलार भल।

ব্যাখ্যা— শ্রীক্ষেরে জন্দর বণ নালোংপল, নীল্ডর, মর্দিত কাজল ও মেঘংম্থকে হাব মানাইয়া দেয়। তাহার চাঁচর কেশে ব্যাখা; তাহার ললিত রুগচন্দ্রে উপর কেশগুছে পড়িয়াছে। অন্তরাগিণী নারীদের ভাবের কথা যিনি মনে মনে চিন্তা করিতে করিতে বাতদিন কোথা দিয়া বহিয়া যায় জানিতে পারেন না এমন নব নাগর কানাই আদিতেছেন। তাহার মধ্র অধরে মনোহর হাসি আর স্থমধুর মুরলী। তাহার জভপিযুক্ত কুটিল চাহনি দেখিয়া কুলবতীরা পাগল হইয়া উঠে, তাহারা লক্ষা বিদক্ষন দেয়। তাহার চলন গজরাজের হায়ে মন্থর। মণিমন্ত্র নুপর তাহার পায়ের বংক্ত বাজে। তাহার কপ দেখিয়া কুলবতীর সাম্বা ক্রির বংগ্র বাজে। তাহার কপ দেখিয়া কোটিসংখ্যক কাম মুক্তা প্রাপ্ত হয়। গোবিন্দাস বলিতেছেন ধন্ত ধন্তা তিনি।

348

তথ্য রাগ

অরুণিত চরণে রণিত মণিমঞ্জির আধ আধ পদচলনি রসাল।

কাঞ্চন-বঞ্চন বদন মনোরম অলিকুল-মিলিত ললিত বন্মাল। ধনি ধনি আ'ওয়ে মদন-মোহনিয়া। অঙ্গহি অঙ্গ অন্ধ-তর্ত্তিম বহই ত্রিভঙ্গিম গ্রিম দোলনিয়। । মাঝহি খীণ পীন উর অম্বর প্রাতর-অরুণ-কিরণ মণি-রাজ। কুজর-করভ-করহি কর-বন্ধন মলয়জ কমণ বলয় বিরাজ ॥ অধর-স্থা ঝর মুরলি-তরঙ্গিণ বিগলিত রঞ্চিণি-জদয়-তুকুল। মাতল নয়ন ভ্রমর জহু ভ্রমি ভ্রমি উড়ি পড়ত শ্তি-উত্পল-ফুল। রোচন ভিলক চুড়ে বনি চন্দ্রক বেচ্ল ব্যনি-খন-মধুকর-মাল। গোবিন্দদাস-চিতে নিতি নিতি বিহরতি ইই নাগ্ৰবৰ ভক্ত ভ্ৰমাল ।

সা. প (ঃ)—-ংঃ স ক. বি. ২৯৬৪ ব বাং (৪৯)

সম্দ, ১৫৬ কী ৩৬, তক় ২৪২৪

পাঠান্তর—(১) ভালে বনি আওত (তরু) (২) রঙ্গিম ভঙ্গিম নয়ন নাচনিয়া (তরু)।

ব্যাখ্যা— শীরুফের অরুণ চরণে মণিময় নৃপুর বাজে;
ধীবে ধীরে তাঁহার গমনের ভঙ্গি মনোরম। তাঁহার
বসনের বং সোনার বংকে হার মানায়; স্কলর বনমালায়
ভানবকুল ঘিরিয়া থাকে। সেই মদনমোহন আদিতেছেন,
তাহার প্রতি অঙ্গে ঘেন কামদেব তর্গিত হইয়া উঠিতেছে;
তিনি ত্রিভগিমঠামে গ্রীবা ঘূলাইয়া থাকেন। তাঁহার
মাজা সক্র, বকঃহল স্কুল; তাঁহার বসন প্রাতঃকালের
ক্রেয়ের কিরণের মতন। তাঁহার হাতের দীপ্তি হন্তীর ও
হতিশাবকের করের তুল্য। উহাতে চন্দন, কঙ্কণ ও বলয়
শোভা পাইতেছে। অধ্বরূপ অমৃতপ্রবাহযুক্ত যে ম্বলীরূপ তর্গিণী (অর্থাৎ কুলকুলধ্বনি ও তর্গমুক্তা প্রবাহিণী)
তাহার ঘারা বিশিণীদের হৃদয়্বল (বুকের বসন অধ্বা

হদমের তুই তট) বিগলিত অর্থাৎ পতিত হইয়াছে। তাঁহার কর্ণে যে কমল আছে তাহাতে উন্মন্ত নয়ন ভ্রমরের মতনই যেন ঘুরিয়া ঘুরিয়া উড়িয়া পড়িতেছে। তাঁহার শিথিপুচ্ছ দিয়া নিশ্মিত চূড়ায় হন্দের তিলক; উহা রমণীর মনরূপ ভ্রমরের মালা ছারা বেষ্টিত। তরুণ তমালের মতন এই নাগরশ্রেষ্ঠ; ইনি গোবিন্দদাদের চিত্তে নিত্য নিত্য বিহার করেন।

360

শিক্ষ্ড়

চাঁচর চিকুর চূড়পরি চন্দ্রক
গুঞ্গা-মঞ্জুল-মাল।
পরিমল-মিলিত ভ্রমরিকুল আক্ল
ফুলর বকুল গুলাল॥
নিকে বনি আয়ে হে। নন্দ-ছুলাল।
মনমথ-মথন ভাঙ-যুগ-ভঙ্গিম
কুবলয় নয়ন বিশাল॥
বিহাধর পরি মোহন মুরলী
পঞ্চম বমই রগাল।
গোবিন্দলাল পত্ন নটবর-শেথর
শ্রামর তক্রণ ত্যাল॥

দা. প. (১)—৩২, রূপু**৫** ত্রু ২৪২৫, কী ৩৬ ক. বি. ২৯৪৭

পঠিষ্টের—(১) চূড়ে বণি (তরু)

শব্দার্থ — চাঁচর — কুঞ্চিত। চন্দ্রক — শিণিপুচ্ছ।
মঞ্ল — স্থন্দর। মাল — মালা। গুলাল — আবির।
নিকে — স্থন্দর। বমই — বমন করে।

766

তুড়ী

খ্রাম-স্থাকর ভূবন-মনোহর। বঙ্গিনি-শোহন-ভঙ্গি নটবর॥ সজল-জলদ-তত্ম ঘন রদময় জাত্ম ।
রূপে জিতল কত কোটি কুস্থ-ধৃত্ম ॥
থল-কমল-দল-অফল চরণ-তল ।
নথ-মণি-রঞ্জিত মঞ্জু-মঞ্জির-কল ॥
প্রেম ভরে অস্তর গতি অতি মন্থ্র ।
অধ্রে মুরলি-ধ্বনি মনম্থ-মন্তর ॥
অভিনব নাগর গুণ-মণি-দাগর ।
গোবিন্দাদ-চিতে নিতি নিতি জাগর ॥

সi. প. (১)—8 · ক. বি. ২৯২৮ সমূল ৪০৯, তর ২৪৩০ কী ১৭

মন্তব্য—রাধামোহন ঠাকুর বলেন এটা গোষ্ঠোচিত রূপের বর্ণনা।

শব্দার্থ — রিন্ধনি-শোহন-ভঙ্গি নটবর — রিন্ধণীদের মনে শোভার মত গতিভঙ্গীর দারা নটবরের মতন (রিন্ধণীনাং মনিসি শোহন শোভা ইব ভঙ্গা গতিভঙ্গানটবর ইবেত্যর্থ:)। কুল্মবন্থ — কলপি। মনমথ-মন্থর — মন্মথের মন্ত্র। মঞ্জু — ক্লর। মঞ্জির — নৃপুর। কল — অব্যক্ত মধ্র ধ্বনি।

339

তথা রাগ

রাধা-রমণ রমণি-মনমোহন

বৃন্দাবন-বন-দেব।

অভিনব-স্থ-রনিক

স্থনাগরিগণ-ক্ত-দেব॥

ব্রজপতিদম্পতি-হৃদয়ানন্দন

নন্দন নবঘন-শ্রাম।

নন্দীশ্ব-পুর পুরট-পটাম্বর

রামান্ত্জ গুণ-ধাম॥

গোবর্জন-ধর ধরণি-স্থাকর

মুথরিত-মোহন -বংশ।

ব্রীদাম-স্থাম-স্থল-সথ স্করত

চক্তক-চাক্ক-বতংশ॥

কালিয়-দমন গমন-জিত-কুঞ্জর
কুঞ্জ-রচিত-রতি-রক্দ ।
গোবিন্দদাদ-হৃদয়-মণি-মন্দির
অবিচল মুরতি ত্রিভঙ্গ ॥

সা. প. (১)—৪৩ ক. বি. ২৯৬০ मभूष २७४, उङ्गर४७) की २०

পাঠান্তর—(১) অভিনব রাদ রদিকবর নায়র (কী), অভিনব রাদ রদিক বর-নাগর (তরু) (২) মধুরিম (কী) (৩) স্থবল-স্থদস্পদ (কী) (৪) গুঞ্গারচিত অতি রঙ্গ (কী)।

শব্দাথ — বৃন্দাবন-বন-দেব — বৃন্দাবনের বনদেবতা শ্রীকৃষ্ণ। স্থনাগরিগণ-কৃত-দেব— ভাল নাগরীরা ধাহার দেবা করেন। হৃদয়ানন্দন— হৃদয়ের আনন্দ বিধানকারী। নন্দীখর-পুর-পুরট-পটাম্বর— নন্দীখর নামক নগরের স্বর্ণ-ঘটিত রেশমী হা ধাহার। নন্দীখর— মথুরার নিকট নন্দগ্রাম (ইহা যাবটের দক্ষিণে ও বর্ষাণের উত্তরে)। রামাকুজ—বলরামের ছোট ভাই।

১৬৮ শ্রী রাগ

তকু ঘন-গঞ্জন জকু দলিতাঞ্জন।
কঞ্জনয়ানি-নয়ন-ললিতাঞ্জন॥
নন্দ-স্থনন্দন ভূবন-আনন্দন।
নাগরি-নারি-হৃদয়-ঘন-চন্দন॥
লোচন-খঞ্জন-জ্প-অভুরজন।
কুল্বতি-যুবতি-ব্রতভ্য়-ভঞ্জন॥
বগাবিন্দাস ভন রসিকরসায়ন।
রস্মতু ভূপতি রূপনারায়ণ॥

সা. প. (১)--৩০

उंश २८२०

ব্যাখ্যা— জীক্নফের দেহের বর্ণ মেঘের বর্ণকে গঞ্জনা দেয়। উহা থেন কাজল মর্দ্দন করিয়া তৈয়ারী করা হইয়াছে। তিনি কমলনয়নাদের চোথের ফ্রন্সর কাজল- তুল্য। তিনি নন্দের স্থনন্দন জগতের আনন্দদানকারী এবং নাগরীদের হৃদয়ের ঘনচন্দনস্থরপ। ধঞ্চনের স্থায় তাঁহার লোচন, যাহা জগতের প্রীতি সম্পাদন করে ও কুলবতী যুবতীদের পাতিব্রত্য-ব্রতের ভয় ভঞ্জন করে। গোবিন্দদাস বলেন যে, রিসকদের আনন্দজনক (রসায়ন) এই পদে রাজা রপনারায়ণ আনন্দলাভ কর্লন।

るもん

ধানশী

অভিনব-নীল-জলদ তম্ব চর চর **পिञ्च-**युक्त भित्त माञ्जनि तत । বদন বিভূষণ কাঞ্চনবঞ্চন মণিনৃপুব কণুঝরু বাজনি রে ॥ क्य क्य क्य-क्र-लाह्न-कान्त । রাধা-রমণ বৃন্দাবন-চান্দ॥ इंन्मीवत-गुश-হুভগ বিলোচন অঞ্ল⁸ চঞ্চল কুন্থম-শরে। অবিচল-কুল-রমণী-গণ-মানস জর জর অন্তর মদন-ভরে॥ আজামু-বিলম্বিত বনি বনমাল পরিমলে অলিকুল মাতি রহু। বিশ্বাধর পর মোহন মুরলী গাওত গোবিন্দাস পহ।

সা. প. (১) ২১ ক বি. ৪৩১ তক্ন ২০, কী ৩১, সমূল ২১০ রা২ (১) ক্ষণদা ৩০

পাঠান্তর—(১) কাঞ্চনবদন রতনময় অভরণ (ক্ষণদা ও কী) (২) 'মণি' শব্দটী ক্ষণদাতে নাই (৩) বাজ্বয়ি বে (কী)(৪) অঞ্চল' শব্দটী কীর্ত্তনানন্দে নাই।

ব্যাখ্যা— শীক্ষের তহু যেন ন্তন নীল মেঘের মতন চল চল; মাথায় তাঁহার ময়্রপুচ্ছের মৃকুটের লাজ। তাঁহার বদন ও অলকার স্বর্গকেও হারাইয়া দেয়; পায়ে মণিময় নুপুর রহুমুহু বাজে। বৃন্ধাবনের চন্দ্রস্কাপ জগক্ষনেয়

লোচনের ফাঁদ রাধারমণের জয় হউক। কমলের স্থায় তাঁহার স্থলর চক্ষ্র্যের প্রাস্ত মদনপ্রভাবে চঞ্চল। যে সমস্ত কুলরমণীদের পাতিব্রত্য অবিচল তাঁহাদেরও মন মদনাবেগে জর জর হয়। তাঁহার আজাফলম্বিত বনমালার সৌরভে অলিকুল মাতিয়া রহে। তাঁহার বিশ্বতুল্য অধরে মোহন মুরলী—গোবিন্দদাসের প্রভু গান করেন।

290

মযুর

কানড় কুহ্ম কোমল কাঁতি ।
মাথে মউর শিখণ্ডক পাঁতি ॥
আকুল অলিকুল রঙ্গনক শাল ।
চন্দন চান্দ বিরাজিত ভাল ॥
মদন মনোহর শুরতি কান ।
হেরি উনমতি গুবতিপরান ॥
ভাঙ বিভঙ্গিম লোচনলোর ।
নাসা উন্নত মোতিম জোর ॥
বিশ্বিম আমিয়া মিঠি বোল ।
কাঞ্চন কুণ্ডল গণ্ডহিলোল ॥
মণিময় অভরণ অঞ্চ বিরাজ ।
পীত নিচোল উহি পরি সাজ ॥
অরুণ চরণে মণি-মঞ্জীর বায় ।
গোবিন্দদাস চিতে আন নাহি ভায় ॥

मा. প. (১)—২¢, রা পৃ ২

তরু ২৪১৪, গীত ৬

পাঠান্তর—(১) তরুতে — কলল কুত্বম স্বকোমল কাঁতি; গীতচন্দ্রোদয়ে—কুলল কুত্বম স্বকোমল কাঁতি (২) বকুলকিমাল (গী) (৩) বিমোহন (গী) (৪) হেরত উনমত (গী)।

শব্দার্থ—কানড়—নীলোৎপল। কাঁতি—কাস্তি। পাঁতি—পংক্তি, দল। ভাল—কপাল। লোর—অশ্রুজন। মোতিম ক্ষোর—মুক্তার যুগল (নাসিকার অলহারে মুক্তা- যুগল)। গীম—গীবা। বায়—বাজে। আন নাহি ভায়— অন্ত কিছুই মনে লাগে না।

293

স্থহই বাগ

উদ্ধর জ্লধর শ্রামর অক'।
হিলন কলপতক ললিত ত্রিভক।
ম্রতি-মদন-ধহু ভাঙু বিভক।
বিষম কুত্মশর নয়নতরক।
জ্য় যতুকুল-জলনিধি-চন্দ।
ব্রজকুল-গোকুল-আনন্দকন্দ।
জ্যু হুধাময় মধুরিম হাদ।
জ্যুজনমোহন ম্রলিবিকাশ।
চূড়হি উড়এ ক্রচির শিখণ্ড'।
টলমল কুণ্ডল চলচল গণ্ড'।
অবনি⁸-বিলম্বিত বনি বনমাল।
মধুকর ঝক্ক ততহি রসাল।
তক্কণ অকণকচি পদ্যুরবিন্দ।
নথম্পি নীছনি দাস গোবিন্দ।

সা. পু. (১)— ৪৬, সা. প. (২)— সমৃদ্র ৩৭৮, তরু ১৯ পু ৩৮, রা ২৬, ক. বি. ৩৩৩

পাঠান্তর—(১) ক. বি.তে শ্রাম নব জলধর অঙ্গ;
লহরীতে—অভিনব জ্বলধর অঙ্গ; তরুতে আরম্ভ—
জয় জয় য়য়য়য়য়ৢল জলনিধিচনা। ব্রজকুল গোকুল আনন্দবান্দ॥
সাহিত্যপরিষদের পুথিতে আরম্ভ—
কাজর জলধর শামর অঙ্গ। হেলি কলপতরু ললিত ব্রভঙ্গ।
(২) চ্ড়ার উপরে মন্ত ময়ুরশিথও (৩) ঝলমল কুওল
চরচর গও (৪) আজাহা।

শব্দাথ — উজর — উজ্জ্ব । হিলন কলপতক — কল্পবৃক্ষে হেলান দিয়া ললিত ত্রিভঙ্গ মৃত্তিতে দাঁড়াইয়াছেন । যতুকুল-জ্বনিধি-চন্দ — যতুকুলরপ সমৃত্ত হইতে যে চন্দ্রের উদয় হইয়াছে । আনন্দকন্দ — আনন্দের মৃলস্করণ । ক্চির শিথও — স্কর ময়্রপুছ্ছ । পদঅরবিন্দ — পদক্ষণা ।

392

কামোদ

ম্থমণ্ডল জিতি শারদ স্থাকর
তম্ব-ক্ষিতি তরুণ তমাল।

চূড়া চারু শিথণ্ডক মণ্ডিত স্বালতি-মধুকর-মাল ।

বংই ত্রিভঙ্গ ভূবন-মন-মোহন
মধুর মুবলি করু গান॥

টলমল অলক তিলক ঝল-ঝলকই
ভাঙুক ধমুয়া ধুনান।
কুলবতি-বরত-বিমোচন-লোচন
বিষম-কুত্তম-শর-বাণ॥
বার্দ্ধলি বরু অধরে মধু মাথন
মধুর মধুর মুব হাস।

বছু আমোদে মদন মদ-মন্থর
ভণতিহাঁ, গাবিন্দাদ॥

সা. প. (১)—২৬, ক. বি. ২৯৪৬, গীতচন্দ্রোদয় পূ ৭, তক ২৪৪২ রাধা ২ (৬) ক্ষণদা ২৯।৩

পাঠান্তর—(১) শরদ—তরু (২) মণ্ডিত মধুকর (ক্ষণদা) (৩) বেঢ়ল মালতীমাল (ক্ষণদা)।

শব্দার্থ — জিতি — জয় করিয়। (শরৎকালের চন্দ্রের শোভাকে পরাজিত করিয়াছে শ্রীক্বফের ম্থমণ্ডল)। তফ্রন্ধি — দেহের কাস্তি (তরুণ তমালের কাস্তিকে পরাজিত করিয়াছে)। মাল—মালা।ধনি ধনি—ধত্য ধত্য। বনি—মাজিয়াছে। ধয়য়া—ধয়ক। ধ্নান—কম্পন। বরতবিমোচন—ব্রতভঙ্গকারী।

290

শ্রী রাগ

চিকণ কালা, গলায় মালা, বাজন নৃপুর পায় চূড়ার ফুলে, ভ্রমর বুলে, তেরছ নয়ানে চায়॥ কালিন্দীর ক্লে, কি পেথলুঁ সই, ছলিয়া নাগর কান।

ঘর মু যাইতে, নারিলুঁ সই, আকুল করিল প্রাণ॥

চাঁদ ঝলমলি, ময়র পাথা, চূড়ায় উড়য়ে বায়।

ঈষৎ হাসিয়া, মোহন বাশী, মধুর মধুর বায়॥

রসের ভরে, অঙ্গ না ধরে, কেলিকদম্বের হেলা।

কুলবতী সতী, যুবতী জনার, পরাণ লইয়া থেলা॥

শ্রবণে চঞ্চল, মকর কুওল, পিন্ধন পিয়ল বাদ।

রাতা উতপল, চরণযুগল, নিছনি গোবিন্দাস॥

সা. প. (১)—৬৫ পদ বরাহনগর ৪ (৩)—৫৭ পদ গীতচন্দ্রোদয় ২২৫, তরু ২২৫

গ্রীরাধার রূপ

198

বেলোয়ার

ধনি ধনী রাধাণ আওয়েং বনি ব্রজ-রমণীগণ-মুকুট-মণি। অধর স্থরঞ্গী রসিক-তর্কিণী রমণী-মুকু ট-মণি বর-তরুণী। পীন-কুচ-ভারিণী ফুল-ধন্থ-ধারিণী কাচলি পর° নীলমণি-হারিণী॥ কনক-স্থদীপ মণি বরণ বিজুরী জিনি জলধর-বাসিনী গ রূপ-শোহিনী। কেশরী ডমক জিনি অভিশয় মাঝা ক্ষীণী রশনা-কিঙ্কিণী-মণি মধুর ধ্বনি॥ গুরুয়া নিতম্বিনী বিলোলিত বরবেণী উক্-যুগ° স্থবলনী ছবি-লাবণি। মরাল- মনী ধনী বৃষভাহ-নূপ-তনী গোবিন্দদাস-পছঁ-মন-মোহিনী॥

পঠিন্তির—কীর্ত্তনানন্দে—(১) রাধে (২) আছে (৩) উপরে (৪) রাগিণী (৫) ভূরুযুগ। ব্যাখ্যা—ব্রজ্বমণীদের মুকুটমণিরূপা স্থন্দরী রাধা ধয়া

कर्मा ३७११, की २२

সাজিয়া আসিতেছে। তাঁহার অধর লাল ও রসিকের নিকট রসতর ক্লিণীস্থরূপ। তিনি রমণীদের মুকুটমণিরূপা শ্রেষ্ঠ তরুণী। তিনি ফুলধন্থ ধারণ করিয়াছেন; স্থুল কুচ্মুগের ভার তিনি বহন করেন; কাঁচুলির উপর নীলমণিহার ধারণ করিয়াছেন। তাঁহার বর্ণ স্থবর্ণ দীপের ও মণি ও বিদ্যুতের জ্যোতিকে পরাজিত করে; তিনি যেন মেঘের কোলে বিদ্যুৎরূপে বাস করেন ও শোভা পান। তাঁহার মাজা ক্লীণতায় সিংহের মাজা ও ডমরুকে পরাজিত করে। তাঁহার কিহিণী ও কটিভূষণ-রচনার মণি মধুর শব্দ করে। তাঁহার গুরু নিতম্বের উপর বেণী লম্বিত। উরুদ্বয় স্থগঠিত (স্থবলনি)। ব্যভান্থতনয়া গোবিক্লদাসের প্রভুর মনোমোহিনী।

390

যতি শ্ৰী

আওয়ে কুল্লমে বনি রাই রমণী-মণি
ধনি ধনি ব্যভাল-নবীন-তনী।
অরুণ বসন বনি বরণ-হিরণ-মণি
অবনী উয়ল জল্ম থির-দামিনী, ॥
বদন চান্দ ছনি বচন অমিয়া-বকণি
হরিণী-নয়নী সঙ্গে প্রাণ সহচরী গণি।
অরুণ চরণে মণি নৃপুর রণঝনি
মুগধ-গমনী ধনী গোবিন্দাস ভণি॥

সা. প. (১)—৫৬, ক. বি. ৩৯১ কণদা ২৭।৭, কী ৯৯, গীতচন্দ্ৰে: বাধা—৩৭ সংখ্যক পদ, গো ১১ দয় পু ২৫৬

পাঠান্তর-রাধাকুও পুথিতে (১) থীর সোদামিনী।
শব্দার্থ-কুস্থমে বনি-ফুলে সাজিয়া। তনী-তনয়া।
থির-দামিনী-স্থির বিত্যং। ছনি-ছানিয়া, মথিয়া।

395

কিবা সে রাধার রূপ কিবণ তার অপরূপ ছটায় গৌর নিধুবন।

তাল তমাল বেল সব তক্ত গৌর ভেল গোর ভেল নিকুল-কানন ॥ গৌর সব স্থিগণ গৌর নন্দনন্দন জগত গৌর সম ভেল। গৌর বনের ফুলফল গৌর যমুনা-জল রাই রূপে সব গৌর হইল। কি আনন্দ বুন্দাবনে হেরি রাই চান্দ বদনে বিনোদ নাগর হরষিত। শুক শারি আদি যত গুণ গায় অবিরত রব শুনি অঙ্গ পুলকিত। জয় রাধে শ্রীরাধে রব চারিদিকে কলরব আনন্দ্রাগরে সবে ভাসে। কিবা অতি অমুপাম স্থিস্থ রাধাভাম হেরইতে গোবিন্দদাসে॥

পণ্ডিতবাবাজী মহোদয়ের পুথি

মন্তব্য— শ্রীগোরাঙ্গের ভাব ও তত্ত্বের দার। এই পদ অফ্প্রাণিত। শ্রীরাধার রূপের ছটায় নিধুবন, তাল ও তমালের ক্রায় ক্লফ্বর্ণ বৃক্ষসমূহের কথা দূরে থাকুক, স্বয়ং নন্দনন্দন গৌরবর্ণ হইলেন।

399

সিন্ধুড়া

শরদ-স্থাকর-মণ্ডল-মণ্ডনথণ্ডন বদন-বিকাশ ।
অধরে মিলায়ত খাম-মনোহরচীত-চোরায়নি হাস ॥
আজু নবস্থাম বিনোদিনি রাই।
তত্ম তত্ম অত্ম-যুথ-শত-সেবিত
লাবণি বরণি না যাই॥
কবরি-বকুল-ফুলে আকুল অলিকুল
মধু পিবি পিবি উতরোল।
দকল অলক্ষতি কহণ ঝক্কতি
কিহিণি রণরণি বোলা॥

পদ-পদ্ধজ পর মণিময় নৃপুর রণঝন খঞ্জন-ভাষ । মদন-মুকুর জিলু নথ-মণি-দরপণ নীছনি গোবিন্দাস ॥

সা প (১)—৫৫, ক. বি. ৪৮ রাধা ৩৬, গো ১০ তর ১০৫৫ এবং ২৪৬৩, কী ৯৮ সং ৩৫৬, সমুদ্র ৪৬১

পাঠান্তর— দং—(১) খণ্ডন মদন-বিকাশ (২) মিলাওত (৩) চোরাওন (৪) আজু বনি নবশ্যাম (৫) পরি

(৬) পুরিত খঙ্গন-ভাষ (৭) মদন অঙ্গুর।

ব্যাখ্যা— শ্রীরাধার অভিসারোচিত রূপ বর্ণনা করিতে যাইয়া কবি বলিতেছেন যে, তাঁহার মৃথমগুলের শোভা শরৎকালীন চন্দ্রের শোভাকে থণ্ডন করে। তাঁহার মৃথের স্মিতহাস্থা খামের মনোহর চিত্তকে হরণ করিয়া লয়। আজ খামবিনোদিনী রাই নৃতন করিয়া সাজিয়াছেন। তাঁহার এতে অঙ্গে থেন শত শত অনহের যূথ সেবা করিতেছে। তাঁহার লাবণ্য বর্ণনা করা যায় না। তাঁহার কররীতে বকুল ফুল, তাহাতে অলিকুল আকুল হইয়াছে ও মধু পান করিয়া বরোল হইয়াছে। তাঁহার সকল অলম্বার তাহার মণিময় ন্পুর থয়নের শব্দের মতন শব্দ করিতেছে। তাঁহার পদন্ধ থেন মণিময় দর্পণ বা মদনের মৃকুর। তাঁহার নির্মঞ্জন করেন গোবিন্দাদ।

296

শ্ৰী বাগ

মূরতি শিক্ষারিণি রাদ-বিহারিণি
মণিময়-ভূষণ-ভূষিত-অক্সী ।
মধুরিম হাদিনি রদময়-ভাষিণি
দশন-কিরণ-মণি-মোতিম-বক্ষী ।
জয় জয় জয় বৃষভামু-কিশোরী ।
কোবোচন-ক্চি-বোচন-ধারী ।
চমকিত শ্বন্ধন গতিজ্ঞিতি লোচন
মনম্থ-মন্মথ ভাতি ।

নাচত ভঙ্গিনি ।

কালিয়-দমন-দমন মদে মাতি ॥

ত্থাম-মনোহর মনমদ-কুঞ্জর

কুচ-কনকাচল বিহরত দেখি ।

নীল নাচোলে বাঁপি তহি বান্ধল
গোবিন্দাস যুগতি না উপেথি ।

পাঠান্তর—বাধাকুণ্ডের পুথিতে—(১) মণিময় ভূষণ অঙ্গ (২) মতিম রঙ্গ (৩) গোরচন রুচি চোরণ গৌরি। (৪) নাচত রঙ্গিণী (৫) ঝাপতহি বদন (৬) গোবিন্দদাসক গতি না উপেথি। গোবর্দ্ধনের পুথির আরম্ভ— জয় জয় জয় বৃষ্ভান্ন কুমারি।

শব্দাথ—মুবতি শিক্ষারিণি—মৃত্তিমতী শৃক্ষাবরসস্বরূপিণা। দশনকিরণ—দন্তের জ্যোতি। গোরোচনার তুল্য।রোচন-ধারী—তাঁহার দীপ্তি (কচি) গোরোচনার তুল্য।মনমথ-মনমথ ভাতি—মন্মথের মনমথনকারী যে
শ্রীকৃষ্ণ তাঁহার মনকে আবার মথন করে এরূপ শোভা।
কালিয়-দমন-দমন মদে মাতি—কালিয় নাগকে দমন
করিয়াছেন যে শ্রীকৃষ্ণ, সেই শ্রীকৃষ্ণকে দমন করিয়াছেন
সেই গর্কের মাতিয়া (শ্রীরাধার জ্ররপ ভূজিকানী শ্রীকৃষ্ণকে
পরাজিত করিয়া যেন কালিয়দমনের প্রতিশোধ লইয়াছে
এই গর্কের নাচিতেছে)। গোবিন্দদাস যুগতি না
উপেথি—মঞ্জরীভাবে গোবিন্দদাস যেন শ্রীরাধাকে যুক্তি
দিয়াছিলেন যে, তিনি যেন নীলসাড়ীতে কুচরূপ কনকপর্বাত ঢাকিয়া বাঁধেন। সেই যুক্তি শ্রীরাধা উপেকা
করেন নাই।

292

মালশী

জয় জয় ' বৃধ- ভাম্থ-নন্দিনী শ্রাম-মোহিনি রাধিকে ।

কনয়-শতবাণ-কান্তি কলেবর-কিরণ-জিত-ক্যলাধিকে॥ বিজুরি কত জিনি ভঙ্গি সহজই কাম কত শত মোহিতে। জিনিয়াফ ণিবনি বেণি লম্বিত কবরি মালতি-শোহিতে^৩ ॥ খন্ত্ৰন-গল্পন নয়ন-অঞ্জন বদন কত ইন্দু নিন্দিতে। মন্দ আধ হাসি কুন্দ পরকাশি বিজুরি কত শত ঝলকিতে॥ রতন-মন্দির মাঝে স্থন্দরি বসনে আধ মুখ ঝাপিয়া। দাস গোবিন্দ প্রেম মাগয়ে সোই চরণ সমাধিয়া॥

১२७ मम्म ১०७, उक्त २१७७, की २৮

পাঠান্তর-বৃন্দাবনের পুথি ও পদামৃতসমুদ্রে-

- (১) জয়তি জয়
- (২) পরবর্তী চার পঙ্ক্তির হলে : থঞ্জন গঞ্জন নয়ন রঞ্জন বদন কোটীলু নিলিকে ॥ ভালহি সিলুর বিন্দু চন্দন কুটিল কুস্তল মন্তকে ।
- (৩) মালিকে। ইহার পর নিমের পঙ্ক্তি ওলি—

 মন্দ মৃত্হাস অনিয় পরকাশ

 কাম কত শত মোহিতে।

 কনয়া দশ বাণ জিনিয়া স্থবরণ

 বিচিত্র অম্বর অঙ্গেতে॥

 কমলদল জিনি ও পদতল ধনি

 রতন মঞ্জীর পাদকে।

 গোবিন্দদাস তথি মাগয়ে ভক্তি

 নমো নমো দেবী রাধিকে॥

শব্দার্থ —কনয়-শতবাণ-কান্তি কলেবর—শতবার বিশোধিত করিলে স্বর্ণের বর্ণ যেরূপ উচ্ছল হয় সেইরূপ কান্তিবিশিষ্ট কলেবর। কলেবর-কিরণ-জিত-কমলাধিকে — সেইরূপ কলেবরের কিরণের ছার। জিত কমলা অপেক্ষা শ্রেষ্ঠা যিনি। জিনিয়া ফণি বনি বেণি লম্বিত—তাঁহার লম্বিত বেণী যেন শোভায় দোহল্যমান সর্পকেও হারাইয়াছে। বনি—সাজিয়া। মন্দ আধ হাদি ইত্যাদি —তাঁহার ঈষং হাস্তে যেন কুন্দপদ্মের প্রকাশ হইয়াছে, সেই হাসিতে কত শত বিহাৎ যেন চমকাইতেছে। চরণ সমাধিয়া—চরণের ধ্যানে সমাধিভাব পাইয়া।

360

তুড়ী

ধনি কানড-ছাদে বাঁধে কবরী। নব-মালতি-মাল তহি উপরী॥ দলিতাঞ্ন গঞ্ কলা কবরী। থেণে উঠত বৈঠে উড়ী ভ্রমরী॥ धिन मिन्दूत-विन्दू ननां विनी। অলকা ঝলকে তহি নীলমণী॥ তহি শ্রীখণ্ড কুণ্ডল ভাঙ-পাতা। ভুক-ভঙ্গিম চাপ ভুজঙ্গ-লতা॥ ন্যুনাঞ্চল চঞ্চল খন্ধবিটা। তহি কাজর শোভিত নীল-ছটা॥ তিল-পুষ্প সমান নাসা ললিতা। কনকাতি ভাতি ঝলকে মুকুতা॥ धनि ञ्चनत्र भातम-इन्द्र-गूरी। মধুরাধর-পল্লব বিম্বল্থী ॥ গলে মোতিম-হার স্থরক মালা। কুচ-কাঞ্ন-শ্রীফল তাহে থেলা। নব-যৌবন-ভার-ভবে গুরুয়া। তঁহি অঙ্গে স্থলেপন গন্ধ চুয়া॥ খিণ উদর পাশে শোভে ত্রিবলী। কটি কিঞ্চিণী জাহু হেম-কদলী। পদ-পৰুজ পাশে শোভে আলতা। মণি-মঞ্জির জোডলমল্ল পাতা॥

নথ-চন্দ্ৰ-ছটা ঝলকে অমুপাম। হেবি গোবিন্দান ভহিঁ পরণাম।

ক. বি. ৮০

ত্রক ২৪৬৮

শব্দার্থ—কানড় ছাদে—কর্ণাইদেশীয় কেশবিতাস-প্রণালীতে। ইহাতে কুণ্ডলিত সাপের আকারে বন্ধ থোঁপা। ষোড়শ শতাব্দীর বাংলাদেশে এই ধরণের চুল বাঁধার ফ্যাশন ছিল। যথা চৈততামঙ্গলে (আদি ৪।১৩৫)—

> কোনো রামা পরে নেতের কাঁচুলি। কানড় ছাঁদে বাঁধে থোঁপা॥ গঞ্জ কলা কবরী—কবরীবন্ধনের ক

দলিতাগন গঞ্জ কলা কবরী—কবরীবন্ধনের কলাচাতুর্য্য ব্রুমন যে, মর্দিত কজ্জলকেও উহা গঞ্জনা দেয়। বনী—
দাজিয়া। প্রীথও—চন্দন। ভাঙ্-পাতা—জর পাতা,
জর রেথা। ভুক্ক-ভঙ্গিম চাপ ভুজ্ঞ্গ-লতা—জর ভঙ্গিমা
ভূজ্ঞ্জিনীর মত বক্ত। থঞ্জরিটা—থঞ্জন-পাথী। মধুরাধর-পল্লব বিষ্কৃত্তিন মধুর অধরপল্লব বিষক্ষলের মত দেখা
যায়। কূচ-কাঞ্চন প্রাক্তল—কূচ দেখিয়া মনে হয় যেন
দোনার বেল ফল। মণি-মঞ্জির তোড়লমল্ল পাতা—
মণিময় নূপুর ও কতে।ড়ল (পায়জোর বা তোড়া)
নামক চরণের অলম্বার। মল্লতোড়লকে তোড়লমল্ল করা
হইরাছে। আকবরের সেনাপতি তোড়রমল গোবিন্দ্রাণের
সমকালে বাংলায় প্রতিপত্তি বিস্তার করিয়াছিলেন। ইহা
তাহারই ইঞ্কিত কি ?

76.7

কামোদ কন্দৰ্প

ধনি ধনি কো বিহি বৈদগধি-সাধে।
মদন স্থা-রদে যো নিরমাওল
তুয়া মৃথ-মওল বাধে॥
ভালে আধ-ইন্ অমিয়া অগোরল
ভাতু তিমির ঘন ঘোর।
কিরণ-বিকাদিত শ্রুতি-কুবলয় পর
ধাবই নয়ন-চকোর॥

নাদা-শিধর সম্থে উদিত পুন

সিন্দ্র-ভান্ন উজোর।

অহনিশি বদন-কমল তহিঁ বিকদিত

ভাম ভমর নাহি ছোড় ॥

অরুণ-কিরণ পুন অধরে হৈরি হেরি

হার-তরঞ্জিনি-কুল ।

কুচযোগ-কোক শোক নাহি জানত
গোবিন্দাশ কহ যে ফুর ॥

সা. প. (১)—১০৪, ক. বি ৭৪ কণদা ১৫।৭, সমৃদ্র ৪৬০ রাধা ১১৩. গো ২৬ তক ১০৩৪, কী ১০৪ লহবীতে পুঃ (৩০৯) আরম্ভ—ইন্দু অমিফা ব্যান অগোরল।

পাঠান্তর—(১) ভাল (তরু ও কী) (২) ভাণ্ডু (তরু)
(৩) পরি (তরু) (৪) উপরে পুন উদিত (ক্ষণদা)
(৫) ভ্রমরা (ক্ষণদা) (৬) অধর (ক্ষণদা) (৭) তীরে
(তরু ও কী) (৮) ধীরে (তরু ও কী)।

শব্দার্থ—বৈদগধি—বিদগ্ধতা বা বসজ্ঞতা। নিরমাওল
—নিশাণ করিল। অগোরল—অবরোধ করিল বা বাথিল। ভাঙ়—জ। শ্রুতি-কুবলয়—কানের নীলোৎপল। কোক—চক্রবাক।

ব্যাখ্যা—হে রাধে! রসজ্ঞ বলিয়া খ্যাতিলাভের আকাজ্যায় কোন্ বিধি কামস্থারস দিয়া তোমার এমন ম্থমণ্ডল নির্মাণ করিল? (এ সে অরসিক বৃদ্ধ ব্রহ্মার কাজ নহে—ইহাই ধ্বনি। রাধামোহন বলেন: অনেক ব্রহ্মাণ্ডের অনেক বিধাতা আছেন—ইনি তাঁহাদের মধ্যে কে?) তোমার কপালে আর্ধ ইন্দ্র অমৃত এবং ভ্রম্পালে ঘোর অন্ধকার সঞ্চিত রাথিয়াছে (চল্রের জ্যোৎমা এবং তাহার পাশেই ঘোর অন্ধকার); তোমার ললাট্রমপ চল্রের কিরণে প্রস্কৃতিত কর্ণের নীলোৎপলের উপরে তোমার নয়নরমপ চকোর ধাবিত হইতেছে। তোমার নাসিকারপ শিথরের সম্মুথে সিন্দুরবিন্দুরপ ভান্থ উজ্জ্ঞল হইয়া রহিয়াছে। সেধানে দিন ও রাত্রে সমভাবে ভোমার ম্থরমপ কমল ফুটিয়া রহিয়াছে (সাধারণ কমল রাত্রে মৃদিত থাকে)। ঐ বদনকমল শ্রামর্মপ ভ্রমর পরিত্যাগ করে না। তোমার মৃক্তাহাররূপ তটিনীর তীরে কুচ্ছয়রূপ

চক্রবাকযুগল সব সময়ে একত্রে থাকে, তাহারা তোমার অধরে অরুণকিরণরূপ লালিমা দেখিয়া শোক জানে না। গোবিন্দদাস স্পষ্ট করিয়া ইহা বলিতেছেন। (রাধামোহন ঠাকুর বলেন যে, অধরারুণের সর্ব্বদাই উদয়, সেইজগু রাত্রি হয় না এবং চক্রবাকযুগলও শোক জানে না।)

১৮২ শ্রীরাগ

এ ধনি না করু পদাহন আন। এতহু নেহারি মুগধ মধৃস্দন দিন রজনী নাহি জান। সিন্দুর তরুণ অরুণ-রুচি-রঞ্জিত ভাল স্থাকর কাঁতি। তিমির ঘন চুম্বিত দো ঘন চিকুর-ইহ অতি অপরপ ভাতি॥ কমল কিয়ে কুবলয় লোচন-যুগল খঞ্ন চাক চকোর। পড়ত কিয়ে সংশয় কাজর জালে ততহি ভ্রমই অলি জোর॥ তবহু যে হাসি অধর দরশায়সি অঙ্গণিম কোমুদী-কাঁতি। মোহিত জনকে কি ফল পুন মোহন গোবিন্দদাস নাহি ভাতি ॥

সা. প. (১) — ১০৬ তক্ন ১০৩৫ সহরীতে (পৃ ৩৬৭) ও বহুমতীর বৈঞ্ব মহাজন পদাবলীতে (পৃ ৫৪) আরম্ভ 'এ ধনি রূপ নাহি সহয়ে নয়ান'। প্রকৃত পাঠ বিকৃত হইয়া ঐরূপ হুইয়াছে।

শব্দার্থ-প্রসাধন, সাজ। আন-অক্ত। কান্তি-কান্তি। দরশায়দি-দেখাও।

ব্যাখ্যা—হে স্থলরি! আর কোন সাজসজ্জা করিও না, তুমি যেমনটা আছ তেমনি দেথিয়াই মৃথ্য মধুস্থলন কোথা দিয়া রাতদিন চলিয়া যাইতেছে বুঝিতে পারেন না। (তোমার ক্লপের এমন বৈচিত্র্য যে, মনে হয় চন্দ্র ও স্থ্য একসংক উদিত হইয়াছে)। কপাল যেন চন্দ্র আর
তাহাতে সিন্দ্র-বিন্দ্রন তরুণ অরুণ। (কিন্তু চন্দ্র ও
স্থ্য একসংক উদিত হইলেও) তোমার ঘন কেশরাশিকে
যেন গাঢ় অন্ধর্কার চ্ন্নন করিয়াছে—একি আশ্রুণ্য
ব্যাপার। তোমার নয়নদ্ম কমল কি নীলোৎপল, থঞ্জন
কি স্থলর চকোর তাহা বৃঝি না। তোমার নয়নের
যে অমরযুগল অমণ করিতেছে তাহা কাজররূপ জালে
পড়িংব এই সংশয় মনে জাগিতেছে। এত আশ্রুণ্য ব্যাপার
দেখাইবার পরও যে রক্তাভ অধরে হাস্তরূপ জ্যোৎস্নাশোভা দেখাইতেছ, তাহাতে গোবিন্দদাস বৃঝিতে পারেন
না যে, যে ব্যক্তি আগেই মোহিত হইয়াছে, তাহাকে
আবার মোহিত করা কেন ?

>~ o

বিহাগড়া

এ ধনি আঁচরে বচন বাঁপাও ।
ল্বধল মধুপ চকোর বিধুন্তদ
অনত অনত চলি যাও ।

ম্থ-মওল কিয়ে শরদ-সরোক্ষহ
ভালহি অটমিক চন্দ ।

মধুরিপু-মরমে ভরম যাই। ঐছন
ভাহে কি গণিয়ে মতি-মন্দ ॥
জনি কহ গরবে পাণিতলে বারব
ও থল-কমল উজোর ।
তহি নথ-চাঁদ-ভরম ভরে ঐছন ও
তহি পড়ত জনি ভোর ॥
ভাঙু-ধলুয়া কিয়ে হুতকু ধুনায়িদ
যছু শরে গিরিধর কাঁপ।

সো কিয়ে অতকু-পতগ-শিরে ভারদি
গোবিন্দাদা-হিয়ে ভাপ ॥

সা প. (১)—১•৫ রাবা ১১৪ ব ৪ (৩) ৯৪

সম্দ্র ৪৬৩, তর ১০৩৮ কী ১০৫ পাঠান্তর—সা. প. আরম্ভ—হন্দরি আচরে বদন ঝাপাও (১) ঝাপাউ (তরু) (২) ঘাউ (তরু) (৬) আকুল (বরাহ)।

শব্দাথ — বাঁপাও — আবৃত কর! বিধুন্তদ — রাহ।
আনত — আত্তা। দরোক্তহ — কমল। ভাল — কপাল।
আটমিক — অষ্টমীর। বারব — নিবারণ করিব। ভাঙুধছ্মা — জরুপ ধছ়। ধুনায়দি — কাঁপাইতেছ। আতৃত্ত
কলপণ। কিন্তু এই পদে প্রথমে রাহর কথা বলা
হুইয়াছে বলিয়া এখানেও রাহকে বুবিতে হইবে।
বিষ্ণু চক্রের ঘারা রাহর মন্তক ছেদন করিয়াছিলেন,
দেইজ্বা দে আত্ত্ব (আত্ত্ব: রাহ্ব: বিষ্ণুচক্রচ্ছেদেন
শিরোরপশ্য তদ্দেহাভাবাং — রাধামোহন)। পত্রপ —
পত্রদ।

ব্যাখ্য'--হুদরি! আঁচলে মুথ ঢাকো, লুবা ভুঙ্গ, চকোর ও রাহু অন্তত্ত চলিয়া যাউক। তোমার মুখমগুলে যে শরংকালের কমল (ভূদ্বের আকর্ষণ) ও কপালে অষ্টমীর চাঁদ (চলে ... ও রাহুর আকর্ষণ)। তোমাকে দেখিয়া মধুরিপু শ্রীক্লফেরই মনে এরপ ভ্রম হয়, তাহাতে ভৃষ্ণ, চকোর, রাছ প্রভৃতি মন্দমতির যে ভুল হইবে তাহাতে আর বিচিত্র কি ? তুমি হয়ত গর্বভরে বলিবে যে, ভৃষ্ণচকোরাদি আক্রমণ করিতে আসিলে তুমি হাত দিয়া নিবারণ করিবে; কিম্ব তাহাতে উন্টা উৎপত্তি হইবে; কেননা তোমার হাত উজ্জ্বল স্থলকমল ও করনথকে চন্দ্র মনে করিয়া তাহারা হয়ত পুনরায় উহাদের উপর পড়িবে। স্থীর এইরূপ ঠাটা শুনিয়া শ্রীরাধা জ কম্পিত করিলে, স্থী বলিতেছেন, হে স্বতম্ন, তোমার জরপ ধহ কি জন্ম কম্পিত করিতেছ? যে কটাক্ষণরে স্বয়ং গিরিধারীর ত্থায় বীর-শ্রেষ্ঠ কম্পমান, সেই শর কি মদনের ভাষ দামাভ প্রাণীর উপর নিক্ষেপ করিবে নাকি? এই কথা ভাবিয়া গোবিন্দদাদের মনে বড় কষ্ট হইতেছে।

जूननीय :

আঁচরে বদন ঝাঁপায়হ গোরি।—(বিভাপতি)

2F-8

তথা রাগ

পেথলু অপরুব রামা। কুটিল কটাথ লাথ শর বরিখনে মন বান্ধল বিহু দামা॥ পহিল বয়দ ধনি মুনি-মনমোহিনী গজবর জিনি গতিমনা। কনকলতা তমু বদন ভান জ্ব উয়ল পুনমিক চন্দা॥ কাঁচা কাঞ্চন গাঁচ ভরি দৌ কুচ চুচুক মরকত শোভা। কমল কোৱে জম্ব মধুকর শুতল তাহিঁ রহল মনলোভা॥ বিছাপতি পদ মোহে উপদেশল রাধা রদময় ফন্দা। গোবিন্দদাস কহ কৈছন হেরল त्या दश्ति नागरत्र थन्ना॥

সমৃদুপৃ ৯৯, কী ১১৮

শব্দার্থ—মন বান্ধল বিজ্ দামা—বিনা রজ্জুতে মনরূপ বিংশ্বকে বাঁধিল। কি দিয়া বাঁধিল ? না কটাক্ষরূপ লক্ষ্ণর বর্ষণ করিয়া পিঞ্জর বানাইয়া বাঁধিল। কুটিলকটাক্ষ্ণরূপ: শবং বৃষ্টিরূপং নিক্ষিপ্য পঞ্জরং রুত্থা অভিচঞ্চল-মন্মনোবিংশ্বন্ধনং তন্মিন্ পঞ্জরে বিনা রজ্জা রুত্বতী—রাধামোহন)। ম্নি-মনমোহিনী—দাধারণ লোকের কথা দ্রে থাকুক, ম্নিজ্গনের মনও যিনি মোহিত করেন। কনকলতা তক্ম—কনকলতার মতন তন্মী। ভান—মনে হয়। উয়ল—উদিত হইল। সাঁচ—দত্যই। চূচুক মরকত শোভা—স্থাবর্গের কুচের অগ্রভাগন্থ রুক্ষ্বর্গ বিলিয়া উহাদের শোভার সহিত মরকতের তুলনা করা হইয়াছে। কমল কোর জন্ম ইত্যাদি—কুচন্বয়কে কমলের সঙ্গে ও চূচুক্ম্মকে সেই কমলের উপর শুইয়া আছে এমন মধুক্ররূপে কল্পনা করা হইয়াছে। মোহে উপদেশল

— আমাকে উপদেশ করিল। রাধা রসময় ফলা—রাধা ষেন রসময় ফাদ।

তুলনীয়: বিছাপতির "অপরূপ পেথলু বামা কনক-লতা অবলয়নে হরিণী হীন হিমঠামা।"

26-6

বেলোয়ার

মঞ্চরণযুগ যাবকরঞ্জন থঞ্চন গঞ্জন মঞীর বাজে। নীল বদন মণি কিছিণী রণরণি কুঞ্জর দমন গমন ক্ষীণ মাঝে॥ সাজলি খাম বিনোদিনী রাধে। অঙ্গহি অঙ্গ অনঙ্গ তরঙ্গিম মদনমোহন ছাঁদে। কনককটোর চোর কুচকোরক কোব উজোর মোতিম দাম। বিজুরীপরি মণিময় ভূজ্যুগ থির কঙ্কণ ঝনকিতে চমকিত কাম॥ স্থারস নিরসন মনোরম হাস দশনজ্যোতি জিত মোতিম কাতি। লোল মণিকুণ্ডল মুভগ কপোল দশ দিশ ভরল নয়ান শরপাতি॥ यंशिन कवत्री ভালে অলকাবলী ভাঙ ধহুয়া জহু মনমথ সেবি। গোবিন্দান क्रमरम व्यवधातन **शिकांत्र (मर व्यक्षित्मती**र ॥

ক. বি. ৩৯৩

শকার্থ — মঞ্ — ফলর। যাবকরঞ্জন — আলতায় রাজা।
মঞ্জীর — নৃপুর। কুঞ্জর দমন গমন ক্ষীণ মাঝে — শ্রীরাধার
মাজা ক্ষীণ, আর তাঁহার চলন গজরাজের চলনভঙ্গীকেও
হারাইয়া দেয়। কনককটোর চোর—বেন সোনার বাটি
চুরি করিয়া আনিয়া বুকে বলাইয়া দেওয়া হইয়াছে।
কোর—কোলে, এখানে বুকে। কুচকোরক—কুচরুপ কলি।
লোল—চঞ্চল, দোত্লামান। শিকার দেব অধিদেবী—
মৃত্যিতী শৃকারদেবের অধিদেবী যেন।

গ্রীরাধার পূর্ব্বরাগ

169

তোডী

শিখণ্ডক-মণ্ডিত চূড়য়ে মালতী মাল। মত্ত মযুর পাতি মন্ত মধুকর গুঞ্জকেততহি রসাল। পরিমলে মাতি সজনি ! পেখলু বরজকিশোর। পিবইতে বদন-স্থাকর-মাধুরি ভুলল নয়নচকোর॥ **नौनक्षनम्**टरू ভাঙ মদনধন্থ নয়নকমল ফুলবাণ। গুরুকুল গৌরব সংশয় রহল পরাণ॥ জরজর লাজ্যে টলমল দোলত কাণে। মণিময় কুওল মদন মকর জহ হেরইতে কুলবতী- মীন গ্রাস্যে গোবিন্দ্রাস্থ প্রমাণে॥ **गी उहात्या** प्रय ५ २०६, व्य ७२ সা. প. (১)--**৬**8, ক. বি. ৩০০৫ तांधा ८०, त्या ४२

শব্দার্থ — পাঁতি মন্ত মধুকর — মধুপানোয়ন্ত ভ্রমরসমূহ।
বদন-স্থাকর-মাধুরি ইত্যাদি— শ্রীকৃষ্ণের বদনরূপ চল্লের
মাধুর্যাস্থা পান করিতে করিতে শ্রীরাধার নয়নক্রপ চকোর
মৃগ্গ হইল। ভাঙ মদনধয়— শ্রীকৃষ্ণের ভ্রমুগল যেন
মদনের ধহা। নয়নকমল ফুলবাণ— আর নয়নরূপ কমল
যেন সেই ধহার ফুলবাণ। মীন গরাসায়ে— কুলবভীক্রপ
মংস্থাকে মণিময় কুণ্ডলরূপ মকর যেন গ্রাদ করিতে
আসিতেছে।

369

শ্রীরাগ

मञ्जल जनधद

অঙ্গ মনোহর

ছটায় চাহিল নহে ।

ঈষত হাসিয়।

মনের আকুতি

অৰুণ নয়নে কহে ।

কি আজু পেখলুঁত

বিনোদ নাগর

কেলি-কদম্বের তলে।

রূপ নির্থিতে

আঁথির লাজ

তাসিল আনন্দ-জলে॥

ফুল-মালা গ দিয়া

কুন্তল টানিয়া

ময়্ব-পুচ্ছের ছাঁদে[°]।

রঞ্জিণী-লোচন

খঞ্জন বাধিতে

পাতিল ' বিষম ফাঁদে॥

মকর-কুওল

অনঙ্গ দেবিয়ে

গণ্ডে দরপণ ভাগে।

ভালে সে পান

দেখি প্রতিবিদ

গোবিন্দদাস অনুমানে ॥

সা. প. (১)—৬২, ক. বি.

ক্ষণদা ১৯1৪, তক্ত গীতচক্রোদয় ১৭০

৩০০৪, রাধা ৪৩, *গো* ৪২

পাঠান্তর—গীতচন্দ্রোদয়ে (১) ছটা যে চাহিল নহে (২) চাহে (৩) কি পেথলুঁ বর (৪) মালতি-মালা।

(१) ठांत्म (७) পড़ित्न (१) গণ্ড।

শব্দাথ—ছটায় চাহিল নহে—এমন উজ্জ্বল জ্যোতিঃ যে তাকান যায় না। মকর-কুগুল অনঙ্গ দোলয়ে— এখানে অনঙ্গ মানে অঙ্গহীন রাহু; মকরাঙ্গিত কুগুল ছলিতেছে। গণ্ডে দরপণ ভাগে—গণ্ডদেশ দর্পণের ন্থায় মফণ ও উজ্জ্বল।

766

শ্রী বাগ

মরকত-দরপণ বরণ উজোর। হেরইতে প্রতি অঙ্গ অনঙ্গ আগোর^১॥ না বুবল কি কহল অরুণ নয়ান।
হানল অতয়ে কুফ্ম-শরবাণ ॥
এ দথি কাহে ভেটলুঁ নন্দ-নন্দনা।
মন্দির গহন দহন ভেল চন্দনা॥
তৈথনে দথিন পবন ভেল বাম।
সহই না পারিয়ে হিমকর-নাম॥
শাজহ শেজ কমলদল পাতি।
কুলবতী যুবতি লেউ নিজ শাতি॥
তাহি রহল মন লোচন লাগি।
ধৈরজ লাজ গেল হুহঁ ভাগিং॥
কী ফল একল বিকল পরাণ।
গোবিন্দান কহ মীলব কান॥

ক. বি. ৫১ রাধা ৪১, সা প (১)---৬৭

ক্ষণদা ৭া৩, গীতচক্রোদয় ২৬• তরু ৭৫, সং ৩৫৩

পাঠান্তর—(১) প্রতি অঙ্কে অনক অগোর (গী)
(২) ধৈরজ লাজ দুরে গেল ভাগি (ক্ষণদা)।

শব্দার্থ—অনঙ্গ আগোর—কামদের যেন অধিকার করিল। অতয়ে—এইজন্ম। গহন—অরণ্য। হিমকর—চন্দ্র। শাতি—শাস্তি। একল—একাকী।

ব্যাখ্যা— শ্রীক্লের উজ্জ্লবর্ণ দেখিয়া মরকতনির্মিত
দর্পণের কথা মনে হয় (ঐ বং এমন স্থচিক্কণ য়ে, উহাতে
প্রতিবিম্ব দেখা যায়)। তাহার প্রতি দৃষ্টি পড়িতেই য়েন
মদন আদিয়া আমার প্রতি অঙ্গ অধিকার করিল। তিনি
অঙ্গণনয়নের ইঙ্গিতে কি বলিলেন তাহা বুঝিলাম না;
কিন্তু তাহার দিকে তাকাইবার ফলে মদনবাণে বিদ্ধ
হইলাম। আমি কেন নন্দননকে দেখিলাম! এখন ষে
আমার ঘর বন বলিয়া মনে হয়; চন্দনলেপনেও শরীর
মেন দয় হয়। দেখার সঙ্গে সঙ্গে পবন তাহার
দাক্ষিণ্য ত গ করিয়া আমার প্রতি বিরূপ হইল। এখন
আমি চাদের কিরণ সহ্থ করা দ্রে থাকুক, তাহার নামও
সহিতে পারি না। কমলদল দিয়া এখন শ্রা বিছাও,
কুলবতী তরণী হইয়া প্রেম করার শান্তি ভোগ করি।
সেই নন্দনন্দনকে দেখা মাত্র ভাঁহাতেই ওধু লোচন নহে
মনও যেন লাগিয়া রহিল। ধৈয়্য ও লক্ষা উভয়ই পলায়ন

করিল (তাই প্রকাশ করিয়া তোমাকে বলিতে পারিতেছি।
আমি অধীরা হইয়া তোমার আশ্রয় লইতেছি, কোনরূপে
মিলন ঘটাইয়া দেও এই ইক্বিত)। একাকী যে আর
বাঁচিতে পারি না, পরাণ বিকল হইয়াছে। গোবিন্দদাস
সাস্থনা দিয়া বলিতেছেন—ধৈগ্য হারাইও না, কাহ্য
তোমার মিলিবে।

তুলনীয়: পভাবলীগৃত জয়স্তের পদ—

অকস্মাদেকস্মিন্ পশ্বি সথি ময়া যাম্নতটীং
ব্রজ্ঞা দৃষ্টোহয়ং নবজলধরশ্রামলতহা:।

স দৃগ্ভস্যা কিংবাহকুকত ন হি জানে তত ইদং
মনো মে ব্যালোলং কচন গৃহক্তো ন লগতে॥

যম্নার তটে যাইতে যাইতে সহসা পথে নৃতন মেঘের
মতন শ্রামস্তি ইহাকে দেখিলাম; তিনি নয়নভঙ্গি করিয়।

কি যে করিলেন জানি না (তুলনীয়—না ব্ঝল কি
কহল অরুণ নয়ান)। কিন্তু সেই হইতে আমার মন চঞ্চল

হইয়াছে, ঘরের কাজ আরু করিতে মন বসিতেছে না।

749

বরাড়ী

শুনইতে চমকই গৃহপতি-রাব।
তুয়া মঞ্জির-রবে উনমতি ধাব॥
নাহ না চিহ্নই কাল কি গোর।
জ্বল নেহারি নয়নে ঝকু লোর॥
কাঁহা তুহুঁ গৌরী আরাধলি কান।
জ্বানলুঁ রাই তোহে মন মান॥
স্বামিক শয়ন-মন্দিরে নাহি উঠই।
একলি গহন কুঞ্জে মহি লুঠই॥
পতিকর-পরশে মানয়ে জ্ঞাল।
বিজ্বনে আলিক্ষই তক্ষণ তমাল॥
ম্রলি-নিদান শ্রবণ ভরি পিবই।
শুকুজ্বন-বচন শুনই নাহি শুনই॥

এছন যতত্ত্ব মরম অভিলাষ। কতত্ত্বিবেদিব গোবিন্দদাস॥

সা. প. (১)--৮৪, ক. বি. ৫৩ রাধা ৭২, বু ১১ গীতচন্দ্রোদয় ২১৫, সম্দ্র ৫১ তক্ত ৩৯. কী ৮৩

এই পদের রূপান্তর:--

গান্ধার

নয়নক কোণে না হেরি নিজ নাহ।
জলধর হেরি সজল-দিঠি চাহ।
না উঠই স্বামি-শয়ন-পরিযক।
বিলুঠই লোরে নয়ন মহি পক।
মাধব তুয়া প্রেম কহন না যায়।
অবিচল কুলবতি তুয়া গুণ গায়।
গৃহপতি নাম শুনি চমকিত গাত।
তুয়া গুণ-গণ শুতি শুতি অবগত।
গুরুজন-বচন শ্রবণে নাহি শূনই।
বংশি-নিদান অমিয় সম মানই।
তুয়া ভানে শ্রামর সথি করু কোর।
নিশি দিশি ন তেজই নীল-নিচোল।
কত কত ঐছন মন-অভিলাষ।
কতয়ে নিবেদব গোবিনদাদ।

অ. ৬৭

শকাথ — গৃহপতিরাব — গৃহস্বামীর শক (শুরু গৃহেরই স্বামী; নিজের স্বামী বলিয়া তাহাকে মানিতে চাহে না— এই ধ্বনি)। মঞ্জিররবে—নৃপুরের ধ্বনি পাইলে। উনমতি ধাব—পাগলিনী হইয়া মিলনের জন্ম দৌড়ায়।

ব্যাখ্যা— শ্রীক্ষের নিকট যাইয়া দখী শ্রীরাধার পূর্ব্বরাগের গাঢ়তার কথা নিবেদন করিতেছেন। ক্বফ! তুমি বোধ হয় গৌরীকে (এক অর্থে শিবপত্নী, অগ্র অর্থে গৌরাঙ্গী রাধা) আরাধনা করিয়াছিলে—তাই শ্রীরাধা তোমাকে প্রিয়তম বলিয়া মনে মনে জানিতেছে। সে গৃহস্বামীর শব্দ শুনিলেই চমকিয়া উঠে (পাছে তাহার সহিত কথাবার্তা বলিতে হয়, এই ভয়ে); অথচ তোমার নূপুরের শব্দ শুনিলে পাগলিনী হইয়া তোমার দিকে ধায়। সে পতির দিকে একবারও দৃষ্টিপাত করে না, এমন কি

দে কালো কি ফর্সা তাহাও জানে না; কিন্তু তোমার সহিত বর্ণ-সাদৃশ্যের জন্ম মেঘ দেখিলৈ চোথ দিয়া অশ্রু-ধারা বহিতে থাকে। দে স্বামীর শয়নমন্দিরের সিঁড়িতেও পা ফেলে না, কিন্তু তোমার সঙ্গে মিলিবার জন্ম একলা কাননকুঞ্জের মধ্যে যাইয়া মাটীতে লুটায়। স্বামীর হাতের স্পর্শকে জ্ঞাল মনে করে, আর তোমার সঙ্গে মিলিত হইবার আকুল আগ্রহে তরুণ তমালকে গাঢ় আলিঙ্গন করে। মুরলীর ধানি কান ভরিয়া যেন পান করে; গুরু-জনের বচন শুনিয়াও শুনে না। এই প্রকার তাহার মনের যত অভিলাষ, তাহা স্থীর্কা। গোবিন্দাস কত নিবেদন করিবে। এখানে গোবিন্দাসই স্থীর ভূমিকা লইয়া শ্রীকৃষ্ণকে শ্রীরাধার ভাব জানাইতেছেন।

200

পঠমঞ্জরী

লোচন: ভামর বচনহ' শাম্ব ভাগের চাক নিচোল। হৃদয় জনি খামর ভাগ্মর হার শ্রামর সথি করু কোর॥ মাধব ইথে জনি বোলবি আন। অচপল কুলবতি-মতি উমতায়লি কিয়ে তুহু খোহিনি জান। মরমহ° ভামর পরিজন পামর ঝামর মুখ-অরবিন। ঝর-ঝর লোর্হি লোলত গকাজর বিগলিত লোচন-নিন্দ ॥ রজনি উজাগর মনমথ সাগর নাগর তুহ[†] পুন⁶ ভোর।

গোবিন্দাস কতত্ আশোয়াসব . মিলবত্ নন্দকিশোর॥

সা. প. (১)—৮৫, ক. বি. সমূল ৫০, তর ৪০, কী ৯১ ৬২, বু ১২, রাধা ৭৩ পাঠান্তর—তক (১) লোচনে (২) বচনহি (৩) মরমহি (৪) লোলিত (৫) কিয়ে।

ব্যাখ্যা—গ্রাধার অহুরাগন্ধনিত লাল্যা, উদ্বেগ ও জাগ্যা দশার কথা স্থী মাধ্বকে জানাইতেছেন। হে মাধব। ভাগমরূপে তুময়তাজ্বল শ্রীরাধা চোথে কাজল দিয়। কালো করিয়াছে, তাহার মুথে শুধু শ্রামনাম, অঙ্গে স্থন্দর শামবর্ণের দাড়ী। তাহার গলার হারও খামবর্ণের (বোধ হয় নীল রংয়ের কোন ফুলের বা রত্বের); বুকে শ্রামল মণি ধারণ করিয়াছে আর শ্রামবর্ণের কোন স্থীকে আলিঙ্গন করিতেছেন। এই স্ব ভ্রিয়া তুমি মাধব যেন অভ কিছু বলিও না। অচপল-মনস্বা কুলবতীর কুলধর্ম রক্ষা করা কর্ত্তব্য বটে, কিন্তু তোমার কি মোহিনী-বিতা জানা আছে থে, তাহাকে একেবারে পাগল করিয়া দিয়াছ। (পাগল না হইলে কি তোমার বংয়ের সহিত সাদৃভ থাকায় কালো অঞ্জন, কালো সাড়ী প্রভৃতি পরে? দে তোমার অঙ্গপর্শ লাভ করিবার জন্ম অধৈর্ঘ্য হইয়া উঠিয়া লালদাবশে এরূপ করিতেছে—ত্বয়ৈব কিয়ে কা অনিকাচনীয়া মোহনোচ্চাটনাদিবিতা জ্ঞায়তে, অন্তথা তস্থা এতাদুশী দশা ন সম্ভবতি। তৎ কুতো ভবত্যা জ্ঞাত-মিত্যত আহ লোচন খামর ইত্যাদি যত উদ্বেশেন কাল-বিলম্বাসহিফুত্যা তদ্ৰ্বসাজাতোন লোচনাদৌ কজ্জলাদিক-মন্শীলয়তি। অত্র তু বুদ্ধিপৃঠ্বক তদন্শীলনেন তদ্ভাস্তি-দশাকথনং স্থানিবন্তম্—রাধামোহন)। ভাহার হৃদয়ে খাম কিন্তু পরিজন পামর, তাহাদের গঞ্জনায় তাহার মুখ-কমলও ঝামার মতন কালো হইয়া গিয়াছে। তাহার স্থলর কজলরেখা অশ্রধারায় মুছিয়া যাইতেছে। চোখে তাহার ঘুম নাই। মন্নথ যেন তাহার নিকট সাগর-স্বরূপ হইয়াছে।

166

বরাড়ী

নিশসি নেহাবসি ফুটল কদম। করতলে বদন সঘন স্থানস্থা। থেনে তহু মোড় সি করি কত ভক।
অবিরলত-পুলক-মুকুলে ভক্ত অক।
এ ধনি মোহে না করু আরু ছল।
জানলু ভেটলি খ্যামর চন্দ।
ভাব কি গোপসি গুপত না বহই ।
মরমক বেদন বদন সব কহই।
যতনে নিবারসি নয়নক লোর।
গদগদ শবদে কহসি আধ বোল।
আন ছলে অকনদ আন ছলে পন্থ।
স্থান গতাগতি করসি ও একান্ত।
হুরে রছ গুরুজন গৌরব ও লাজ।
ব্যাবিন্দাস কহ পড়ল অকাজ।

সা. প. (১)— ২৮, রাধা ৬৯ তরু ৭০, সমুদ্র ৩৩, কণদা ২৫।৩ ক. বি. ২৮৮৮ ও ৩০০৩. সং ১৯০, গাঁ ১২৯

পঠিন্তর—গী (১) সঘনে (২) খনে (৩) অবিরত (৪) মুকুল (৫) আন (তরু) (৬) গোপত নাহি রহই (৭) বদনে (৮) আঙ্গন (১) সঘনে (১০) কহদি (১১) গৌরব গুরুজন (তরু)।

ব্যাখ্যা—হে রাধে! তুমি দীর্ঘনিঃখাস ছাড়িয়া ফুটস্ত কদবের পানে চাহিয়া থাক (প্রস্টুতি কদবের মতন তোমারও দেহে রোমাঞ্চ হয় বলিয়া অথবা কদস্বৃক্ষতলে তোমার প্রিয়তমকে দেখিয়াছিলে বলিয়া)। পুনঃপুনঃ (সঘন) গালে হাত দিয়া বিসয়া থাক। ক্ষণে ক্ষণে কত ভলীতে অল মোড়া দিতেছ। ক্রমাগত পুলকে তোমার অল ভরিতেছে। স্থলরি! আমাকে অলপ্রকার বলিও না। আমি বৃঝিতেছি যে, তোমার সলে শামচাদের দেখা হইয়াছে। তুমি ভাব গোপন করিতেছ কেন? গোপন থাকিবে না; তোমার মুখ দেখিয়াই বুঝা যাইতেছে যে, তোমার মর্ম্মে কি বেদনা তুমি ভোগ করিতেছ। তুমি যত্ন করিয়া নয়নাশ্রু বন্ধ করিয়া নয়নাশ্রু বন্ধ তোহা করিতেছ; আর গদ্গদেশরে আধবোল বলিতেছ। এক ছলে একবার পথের দিকে যাইতেছ, আবার অল্প ছলে আর একবার পথের দিকে যাইতেছ। এই যে তোমার একা একা বারংবার

ষাতায়াত ইহাতেই গোবিন্দদান ব্ৰিয়াছেন যে, তোমার মনে আর গুরুজনের প্রতি গৌরববোধও নাই, লজ্জাও নাই। একেবারে অকাজ ঘটিল।

মন্তব্য—ডাঃ শশিভ্বণ দাশগুপ্ত এই পদটীর ভাবের সহিত শাঙ্ক ধরপদ্ধতির নিম্নলিথিত শ্লোকের (১০৯৫) তুলনা করিয়াছেন (শ্রীরাধার ক্রমবিকাশ): গোপায়ন্তী বিরহজনিতং তৃঃথমগ্রে গুরুণাং কিং ত্বং মুগ্ধে নয়নবিস্ততং বাম্পপুরং রুণগে। নক্তং নক্তং নয়নসলিলৈরেষ আর্দ্রীকৃতন্তে শবৈয়কান্তঃ কলয়তি দশামাতপে দীয়মানঃ ॥ অর্থাৎ গুরুণণের সামনে বিরহজনিত তৃঃথ গোপন করিতে করিতে হে মুগ্ধে, কেন তৃমি নয়নবিগলিত বাম্পপ্রবাহকে রুদ্ধ করিতেছ ? রাজিতে রাজিতে নয়নসলিলের দ্বারা আর্দ্রীকৃত এই যে তোমার শয্যাপ্রান্ত ষাহা তৃমি রৌদ্রে দিয়াছ—তাহাই তোমার দশার কথা বলিয়া দিতেছে ॥ তৃইটী কবিতার ভাবের মধ্যে কিন্তু আকাশ-পাতাল তকাৎ রহিয়াছে।

১৯২ গান্ধার

उन्छन मञ्जन জ্বদ তমু শোহন মোহন অভরণ সাজ। অরুণ-নয়ন-গতি বিজুবি-চমক জিতি দগধল কুলবতি-লাজ ॥ সজনি ' যব ধরি পেথলু কান। তব ধরি জগভরি ভরল কুত্ম-শর নয়নে না হেরিয়ে আন। বিহসি তমু মোড়ই মঝুমুখ দরশি বিগলিত মোহন বংশ। না জানিয়ে কোন মনোরণে আকুল किन्नग्रम्तिकक मःन॥ জলতহি অমুখন অভয়ে দে মরু মন 🖰 দোলত চপল পরাণ।

গোবিন্দদাস মিছই আশোয়াসল অবহুঁনা মীলল কান।

সা. প. (১)—৫৯, ক. বি. ৫১ রাধা ৮০, গো ১১ তরু ৭৩, সম্জ ৪২,ক্ষণদা ২৫।৪ কী ৬৫, সিদ্ধান্তচক্রোদয় ১২৮

পাঠান্তর--(১) যাইতে (ক্ষণদা ও তরু)।

ব্যাখ্যা-- শ্রীক্ষের চলচল সজল জলধরের মতন স্থন্দর দেহ; তাহাতে মনোহর অলম্বার শোভা পাইতেছে; তাঁহার কটাক্ষদৃষ্টি বিহ্যাতের দীপ্তিকে পরাজিত করিয়া *কুলবতীদের লজ্জাকে দগ্ধ করিল (বিহাৎ কেবল বৃক্ষাদি বস্তুকেই দগ্ধ করিতে পারে. মনোগত ভাবকে পারে না. কিন্তু শ্রীক্ষের কটাক্ষ মনের কোণে অবস্থিত লঙ্জাকেও পুড়াইয়া ফেলে-ইহাই তাহার উৎকর্ম)। স্থি। যে সময় হইন্তে কানাইকে দেখিয়াছি দেই সময় হইতেই সমস্ত জগৎ ষেন মদন পূর্ণ করিয়। রাথিয়াছে—চোথে আর অন্ত কিছুই দেখিতে পাই না। কানাই আমার মুখপানে চাহিয়া অকমোল দিলা একটু হাসিলেন, তাঁহার অধর হইতে ভাবাবেগে মোহন মুবলী পড়িয়া গেল। জানি না কোন অভিলাষে আকুল ২ইয়া তিনি কিশলয়দলে দংশন করিলেন। সেইজন্ম আমার মন সব সময়ে জলিতেছে—চপল পরাণ ত্রলিতেছে। গোবিন্দাদ মিথ্যাই আশাদ দিলেন-কই এথনও তো কানাই আদিয়া শ্রীরাধার সহিত মিলিত হইলেন না।

মন্তব্য — তুলনীয়: গীতাবলীর
অদশদশোক-লতা-পল্লবময়মত হু-সনাতন-নর্মা।
তদহমবেক্ষ্য বভূব চিরং বত বিশ্বত-কায়িক-কর্মা॥
অর্থাৎ অতহু-সনাতন-নর্মা ইনি অশোকলতার পল্লবে
দংশন করিলেন, তাহা দেখিয়া আমি বহুক্ষণ প্যান্ত সকল
কাঞ্জ ভূলিয়া (মন্ত্রমুধ্ধের মতন) রহিলাম।

১৯৩ ধানশী

চুড়ক চুড়ে শিখণ্ডি শিখণ্ডক মণ্ডিত মালভি-মাল⁾। সৌরভে উনমত ভ্রমরা ভ্রমরি কত ২ চৌদিশে করত ঝঙ্কার॥ সজনি ! কোক হ° কাম অনক। কেলি-কদম্ব-ডলে সোরতি-নায়ক পেথলু নটবর-ভঙ্গ। কতভ্বিষমশর " নয়ন-তৃণ ভর সঞ্চক ভাও-কামান। নাগরি-নারি মরম মাহা হানই লথই না পারই আন ॥ শ্রুতি-মূলে চঞ্ল মণিময় কুণ্ডল দোলত মকর-আকার। গোবিন্দদাস অতয়ে অমুমানল মদনমোহন অবতার।

সা. প. (১)—৬১, ক. বি. ৪৩, সমূদ ৪০, তরু ৭৪, গীত-বাধা৪১, গো১২, বৃচ চল্লোদ্য ১৩০

পাঠান্তর—গা (১) চ্ড়ে শিখণ্ডি-শিখণ্ডক মণ্ডিত মালতী মধুকর মাল (২) মধুমত্ত ভ্রমর ভ্রমরী কত (৩) কহে (তরু) (৪) বিষমকুস্থমশর।

ব্যাখ্যা— শ্রীক্লফের চূড়ার চূড়ায় অর্থাৎ মাথার উপর
ময়্রের পুচ্ছ; উহা মালতীর মালায় শোভিত। তাহার
হুগন্ধে উন্মত্ত হইয়া কত ভ্রমর ও ভ্রমরী চারিদিকে ঝকার
করিতেছে। স্থি! কে বলে যে, মদনের অক্স নাই!
আমি যে দেখিলাম সেই রতিনায়ক (এক অর্থে কামপত্নী
রতির দয়িত, অন্ত অর্থে আমার মনের প্রীতির নায়ক)
কেলিকদম্বের তলে নটবরভন্নীতে দাঁড়াইয়া আছেন।
তাঁহার নয়নরপ তূণে কতই দারুণ কটাক্ষরণ বাণ
ভবা রিচিছি; আর উহার তুই চারিটী ভ্রমণ ধহুতে
সঞ্চরণ করিতেছে আর নাগরীদের মর্ম্মের মাঝে আঘাত,
করিতেছে— অন্তে তাহা দেখিতে পায় না। মদনদেবকে
মকরকেতন বলে; ইহারও কর্ণমূলে মণিময় মকরের
আকারযুক্ত কুণ্ডল ছলিতেছে। কবি গোবিন্দাণ এইজন্ত
অহুমান করিতেছেন বে, ইনি মদন নহেন, কিন্তু মদনকে
সোহিত করিতে পারেন এমন অবতার।

798

ধানশী

ভোরি রন্দাবনে কাঞ্চন গোরী খেলই সহচরি মেলি। ভুয়া দিঠি মীঠি গরলে ২ ভমু জারল তৈখনে শ্যামরি ভেলি॥ মাধব, সো অবিচল কুল-রামা। মরমহি গোই রোই দিন যামিনি গুণি গুণি তুয়া গুণ-গামা॥ মুগধ-মতি পরিজন গুরুজন অবুধ অলখিতে^১ বিষম বেয়াধি। কি করব ধনি মণি-ময় মহৌষধি লোচনে লাগল সমাধি॥ থেনে খেনে অঙ্গ-ভঙ্গ তম্ব মোডই কহত ভরমময় বাণী। চমকি তফু বাপিই খ্যামর নামে গোবিন্দদাস কিয়ে জানি ॥

সা. প. (১)—৮৭, ক. নি. ৬০ গীতচক্রোদয় ১১৮, সমৃদ ৫৬ রাধা ৭৫, বৃ. ১১ তক ১৬৬, কী ৯০

পাঠান্তর—গী (১) তুয়। দিঠে মিঠি গরলে (২) অলখিত।

ব্যাখ্যা—দোনার চেয়েও উচ্ছলবর্ণা এই গৌরী বালিকামাত্র। দে সহচরীদের সঙ্গে থেলা করে, অতএব তাহার মদনাবেশের কাল উপস্থিত হয় নাই (সাকাঞ্চনাদপি গৌরাসী ভোরি বাল্যন্ত বলনাদ্বিহলা অতঃ হতরাং শ্রীকুলাবনে সখীভিঃ সহ খেলাসক্তচিত্তা সতীবিহরতি অতো মদনাবেশকালো ন রতঃ—রাধামোহন)। কিন্তু তোমার কটাক্ষরপ মিঠাবিষে তাহার তন্তু তংক্ষণাং জরজর হইল—সে শ্রামবর্ণা হইল। মাধব! সেকুলবতী রমণী, অবিচল তার কুলধর্ম। কিন্তু সে দিন-রাত্রি তোমার গুণগ্রাম শ্বরণ করিয়া করিয়া অতিশন্ত গোপনে রোদন করে। গুঞ্জনেরা বুরিতে পারে না, পরিজনেরাও অবুরা, তাই তাহার বিষম ব্যাধির শ্বরণ কেহ

দেখিতে পায় না। তাহারা হয়তো মন্ত্রত্ত অথবা ভাল ঔষধ আনে, কিন্তু ভামের নয়নে নয়ন লাগায় দে যে চোপ বৃদ্ধিয়া সমাধিস্থের ভায় জড় হইয়া থাকে। কখনও কখনও হাত-পা ইতন্তত: চালনা করে, যেন কোন অঙ্গের উপর আর তাহার কর্তৃত্ব নাই (ক্লেণে ক্লেণে স্তন্ধীভূতহন্তপাণাত্ত-বয়বন্ত বৈবশ্যেনেতন্তত-চালনং তথা ভ্রমময়বাণীতি অভাঙ্গভাব:—রাধামোহন)। সে ভ্রমময় বাণী (প্রলাপ) কহিতেছে। কেবল তাহার জ্ঞানসকারের চিহ্ন দেখা যায় তথন যথন কেহ তাহার কর্পে ভামনাম বলে—তথন সে চমকিয়া গায়ে কাপড় দেয়। গোবিন্দদাস অভ্য কোন প্রকারে আর জানিত্র পারেন না।

396

শ্রী রাগ

নীলরতন কিয়ে নব ঘন ঘটা।
লিখিলে লখিল নয় দে না অক ছটা'।
কদম্বের কুঞ্জে কেবা শ্রাম চিকনিয়া'।
রূপ দেখি আইফু জ্বাতিকুল মজাইয়া॥
চূড়ার উপরে মন্ত ময়য়য়র পাখা।
মদন-মহেক্র-ধয়ু কিবা দিল দেখা॥
বদন-কমল কিয়ে প্ণমিকে। চন্দ।
অধর কিশলয় কিয়ে বান্ধলি বন্ধা'॥
তাহে অতি স্বমধ্র ম্রলীক গতানে।
ভূলল আঁথির লাজ সাম্বাইল গকালে॥
নয়ন-য্গল কিয়ে ভ্রমর বিরাজ ।
অলথিতে দংশয়ে যুবতি-হিয়ামাঝ॥
গোবিন্দদাস কহে দে না দিঠি-বিষে।
না পিলে অধর-স্থা কেবা জীয়া আইসে॥

সা. প. (১)—৬৩, ক. বি. ৫৫ কী ৬৭, কণদা ২২।৪, সমুদ্র ৩৮ রাধা ৪৪, গো ১২, বৃণ গীতচন্দ্রোদয় ২১৪

পাঠান্তর—(১) লখিল নহে দে আক্ষের ছটা (ক্ষণদা); লখিল নহে দে না আক্ষের ছটা (গী)

(२) कमश्राज्ञाराज महे श्राप्त किकिनिया (क्रांगमा) (७) प्रथत वीधूमी किरम्न किम्मम-इंग्नि (क्रांगमा); प्रथत स्विम्मम्य वीधूमि वस्त (गी) (४) म्त्रमीत (४) माञ्चाहेन (७) मञ्ज ष्यमि ताक (गी)।

ব্যাখ্যা-হায় স্থি! কদম্বের কুঞ্জে কে সে চিকণকালা? তাহার রূপ দেখিয়া জাতিকুল খোয়াইয়া আদিলাম। ভাহার অঙ্গের কান্তি কি ইন্দ্রনীলমণির ছটা ? না, উহা তো কঠিন। বোধ হয় ইহা এক নবীন ও অপুর্ব্ব মেঘ-সমূহের দীপ্তি। চেষ্টা করিলেও উহা দেখা যায় না। তাহার চূড়ার উপরে মত্ত ময়ুরের পাথা। মদনের ধহুক, না, ইন্দ্র-ধহু দেখা দিল ? তাহার বদন কি কমল, না, পূর্ণিমার **ठ**न्छ ? अश्रत कि िशां छ।, ना, वांशुनि कृत ? अश्रत आवात স্থমধুর মুরলীর ধ্বনি। ঐ স্বর কাণে প্রবেশ করায় আমি চোথের লজার মাথা থাইলাম। তাঁহার নয়নয়ুগলে কি ভ্রমর রহিয়াছে ? অলফ্যে যুবতীর অন্তরের মধ্যন্তলে দংশন ু করিল। কিন্তু ভ্রমর এ নহে, কেননা ভ্রমরের বিষ একেবারে মর্শ্বের মর্শ্বন্থলে যাইয়া পৌতে না। গোবিন্দদাস বলিতেছেন ঐ দৃষ্টির বিষ হইতে বাচিবার একমাত্র উপায় হইতেছে তাঁহারই অধরম্বধা পান করা। (সাপে কামড়াইলে কখন কথন সাপুড়েরা মুখ দিয়া বিষ চ্যিয়া লয়)

> ১৯৬ ধানশী

ধনশা
কুঞ্চিত অলক উপরে অলি মাতল
মৌলিক মালতী মালে।
চূড়া চিকুর চাক শিথিচন্দ্রক
অর্দ্ধক চাক কপালে॥
সথি বড়ই বিনোদিয়া কান।
কুটিল কটাথে লাথ লাথ কুলবতী
ছাড়ল কুল-অভিমান॥
মরকত মঞ্ মৃকুর মৃথমণ্ডল
কাম-কামান ভুকভঙ্গি।
মলয়া চন্দন ভালে বিলেপন

যাহা দেখি চান্দ কলমী।

পীতবদন মণি অভরণভূষিত উরে লম্বিত বনমালে। গোবিন্দদাস কহ অপরূপ হেরলু বিজ্রী তক্ষণ তমালে॥

গীতচভোদয় পু ১৫৭, को १৮

শব্দার্থ—মোলিক—মাথার। মরকত মঞ্ মুকুর মুখমণ্ডল—তাঁহার মুখমণ্ডল যেন মরকতমণি দিয়া তৈয়ারী
স্থানর দর্পণ। কাম-কামান—কামের ধন্থ। যাহা দেখি
চান্দ কলঙ্কী—তাঁহার কপালে চন্দন; কপালের শোভায়
পরাজিত হইয়া চক্র কলঙ্ক ধারণ করিয়াছে। উরে—
বৃকে। বিজুরী তরুণ তমালে—কবি রাধারুক্তের মিলন
দেখিয়া বলিতেছেন যেন তরুণ তমালে বিত্যুৎলতা শোভ।
পাইতেছে।

১৯৭ ধানশী

তুক্ত মণিমন্দিরে রক্ষিনি সঙ্গে দশ দিশ হেরইতে রামা। কো জানে কি থেনে তোহে দিঠি লাগল মুরছি পড়ল সোই ঠামা। মাধব কি তুয়া নয়ন সন্ধান। লাজ-কুচ-কঞ্ব ১ কুল-গিরিরাজ ভেদি মরম সঞে হান॥ তুয়া বিরহানলে জলত কলেবর मघन नुर्रहे भिष्ठ भन्ना। তোহে চঢ়ব জানি তুহুঁ স্থপুরুখমণি ধনিবধ-বিপুল-কলফা॥ কতহি আশোয়াসল্ সহচরি মেলি^৬ বেদন কোই না জান। তোহারি পরশ বিনে গোবিন্দাস ভণে কৈছনে রহত পরাণ॥

मा. প. (১) ৮৮, क वि. ७२ वू ১२, त्रांश १७ গীতচক্রোদয় ১৫৩, ক্ষণদা ১১।৪ কী ১৩, সং ১৬৩ পাঠান্তর—(১) লাজঘন কঞ্ক—গী ও ক (২)
পথে—গী (৩) বিরহ বিধানলে—গী ও ক (৪) সঘনে
লুঠয়ে—গী (৫) চঢ়য়ে—গী ও ক (৬) সব স্থী মেলি—
গী; সব সহচরী মিলি—ক (৭) আশোয়াসই—গী;
আশোয়াসব—ক (৮) গোবিন্দদাস ভণ তোহারি পরশ বিন—গী; গোবিন্দদাস ভণ, তোহারি পরশপণ, নহে
কৈছে রহত পরাণ—ক।

ব্যাখ্যা-- শ্রীরাধা দখীর দক্ষে উচ্চ মণিমন্দিরে দাঁড়াইয়। দশদিক দেখিতেছিল, কে জানে কি ক্ষণে তোমার উপর দৃষ্টি পড়িল; আর দক্ষে সঙ্গেই সেই স্থানে দে মুচ্ছিতা হইয়া পড়িল। মাধব ! তোমার কি অব্যর্থ নয়ন-সন্ধান ! কুলরপ গিরিরাজে দে কামিনী অবস্থিতা ছিল, তাহার উপর আবার লজ্জা ও কুচরূপ বর্ম ছিল তাহার পরিধানে, তবু তোমার নয়নশর যাইয়। মর্মন্থল বিদ্ধ করিল। এখন তোমার বিরহরূপ বিষের আগুনে তাহার দেহ জলিতেছে। দে বারবার ভূমিত্ব কর্দমে লুটাইতেছে (ঠাণ্ডা হইবার আশায়)। মাধব, তুমি স্বপুরুষদের শিরোমণি; তোমাতে राम यन्तरीरक वर कतिवात नात्रियक्रभ विभूत कनक ना লাগে। আমরা সহচরীরা মিলিয়া তাহাকে কত আখাদ দিলাম; কিন্তু তাহার যে কোথায় বেদনা তাহা তে জানি না। গোবিন্দদাস বলেন, তোমার স্পর্শ বিনা তাহার জীবন কিরূপে রহিবে ? ('তোহারি পরশপণ' পাঠে মানে হইবে সে পণ করিয়াছে ভোমার স্পর্শ না পাইলে প্রাণত্যাগ করিবে।)

> ১৯৮ ধানশী

ত্য়া অপরূপ রূপ হেরি দ্র সঞে
লোচন মন হুহঁ ধাব্।
পরশক লাগি আগি জলু অন্তর
জীবন বহ কিয়ে যাব '॥
মাধব! ভোহে কি কহব করি ভিছি।

প্রেম অগেয়ান দহনে ধনী পৈঠলি

জম্ব ভম্ম দহই পতাদী ॥

কহত সম্বাদ কহই না পারই
কাহে বিশোয়াসব বালা।

অম্থন ধরণী শয়নে কত মেটব
মৃতমু অভমুশর জালা॥

কালিন্দী-কূল-কদম্ব কারি।

গোবিন্দদাস কহই অব মাধব

কৈছে জীয়ব বরনারী॥

সা. প. (২)—২০, সা. পা গীতচক্রেদিয় ১৪০, সমুদ্ ১৬২ (১)—৮৬ ক. বি. ২৯০৩ ও ৬২ ক্ষণদা ১৪।৪, তরু ১৫৮ বৃ ১২, রাধা ৭৪

পাঠান্তর—(১) জীবন রহত কি যাব—ক্ষ (২) দহত —তফ ও ক্ষ (৩) কহই নাহি জানই—ক্ষ (৪) মিটব— ক্ষ (৫) কদম্বক—তফ , কদম্বকো—ক্ষ (৬) ন্য়ন—ক্ষ (৭) কহত—ক্ষ।

ব্যাখ্যা-শ্রীরাধার অসহনীয় তুঃধ দেখিয়া স্থী মাধবকে বলিতেছেন—তোমার অপরূপ রূপ দূর হইতে দেখিতেই স্থন্দরীর নয়ন ও মন উভয়ই তোমার প্রতি প্রধাবিত হইল; তোমার স্পর্শলাভের জ্বল্য অন্তরে যেন অগ্নি প্ৰজ্ঞলিত হইল। তাহাতে জীবন যায় কি থাকে বলা যায় না। (তোমার স্পর্ণামৃতবর্ষণেই ঐ অগ্নি নিৰ্কাপিত হইতে পাৱে—অন্য উপায়ে নহে।) মাধব! তোমাকে ইঙ্গিত করিয়া আর কি বুঝাইব ? শ্রীরাধা প্রেমজনিত মোহরূপ অগ্নিতে প্রবেশ করিয়াছে; যেন পতকী অগ্নিতে দেহ পুড়াইতেছে। এরাধা তোমার কাছে সংবাদ পাঠাইতে চায়; কিন্তু কথা বলিতে যাইয়াও বলিতে পারে না। কুলবতী সে কাহাকেই বা বিশাস ক্রিয়া এই পরকীয় প্রেমের কথা বলিতে পারে? (অবশ্রকথনীয়মপি বিখাসপূর্ব্যকং ন কথয়তি যতঃ কুলান্দনা। অতঃ স্তরাং তংকৃতাহতমুশরজালা কথং দুরীভবিম্বতি—রাধামোহন।) তাই দে সর্বাদা মাটীতে শয়ন করিয়া থাকে; কিন্তু তাহাতে কি স্থলর কামদেবের

299

ধানশী

সজনি। মরণ মানিয়ে বহু ভাগি। কুলবতী তিন পুরুষে ভেল আরতি জীবন কিয়ে স্বথ লাগি॥ খ্যাম হু' আখর পহিলে শুনলু হাম ৈতগণে মন চুরি কেল। মুকলি আলাপই না জানি কোন এছে চমকই শ্রুতি হরি নেল। পটে দরশাওলি নাজগনি ে ড ৬ হ নব জলধর জিনি কাঁতি। চকিত হইয়া হাম যাহা যাহা ধাইয়ে তাহা তাহা রোধয়ে মাতি॥ কহয়ে শুন স্বন্দরি গোবিন্দাস অতএ করহ বিশোয়াস। মুরলীরব তাকর যাকর নাম পটে ভেল সো পরকাশ।

ক. বি ৪৪৪

গাঁতচক্রোদয় ২৪০

পাঠান্তর—ক. বি. পুথিতে আরম্ভ—পহিলে শুনিলু হাম ইত্যাদি। শেয়ে ভণিতা—

এক পুরুথে তিন অমুমানিয়ে
মরমে কয়লি তুহুঁ ভেদ।
গোবিন্দদাস কহে পহিল সম্ভাবণে
টটব বিরহ বিচ্ছেদ॥

ব্যাখ্যা—স্থি! আমার মরণই ভাল (মরণকে আমি সৌভাগ্যের ফল বলিয়া মনে করি)। আমি কুলবতী রমণী; আর আমার কিনা তিনজন পুরুষে অহরজি ঘটিল! এ জীবনে আর কি স্থ! প্রথমে আমি শ্রাম এই তুই অক্ষর শুনিলাম; নাম শুনিয়াই আমার মন চুরি গেল। তার পর কোন একজনের মুরলী আলাপ শোন। মাত্র আমি বিশ্বিত হইলাম – আমার কান যেন সে চুরি করিয়া লইল (অর্থাৎ আমার কানে মুরলীধ্বনি ছাড়া আর কিছুই শুনিতে পাই না)। তার পর আবার তৃতীয় একজনের সঙ্গে প্রেম। কে যেন চিত্রপটে তাহার নবজলধরকে হারমানানো কান্তি দেখাইল। তাহা দেখিয়া বিশ্বিত হইয়া আমি যেখানে যেখানে পলায়ন করি, দে যেন দেইখানেই মত্ত হইয়া আমার দামনে দাঁড়ায়, আমার পথ রোধ করে। গোবিন্দদাস বলিতেছেন, স্থানি, আমার কথা বিখাদ কর, যাহার নাম শুনিয়া মৃগ্ধ হইয়াছ তাহারই মুবলী তুমি শুনিয়াছ, আব চিত্রপটে তাহারই ছবি দেখিয়াছ—স্থতরাং একজনেই তোমার প্রেম হইয়াছে, তিনজনে নহে।

নন্তব্য — তুলনীয়: বিদশ্ধমাধব—

এক স্থা শ্রুতমেব লুম্পতি মতিং ক্লফেতি নামাক্ষরং

সাল্রোনাদ-পরম্পরাম্পনয়ত্যন্তস্ত বংশীকলঃ।

এষ স্লিগ্ধ-ঘন-ছাতির্মনিদি মে লগ্ন: সক্ষমীক্ষণাৎ

কষ্টং ধিক্ পুরুষত্তয়ে রতিরভ্রুত্তে মৃতিঃ শ্রেমদী॥

অর্থাৎ—সথি! এক জনের কৃষ্ণ এই ছুই অক্ষর নাম
কর্ণে প্রবেশ করিয়া মতি বিলুপ্ত করিয়াছে, অন্ত একজনের
বংশীধ্বনি অত্যন্ত উন্নাদদশা ঘটাইতেছে, আবার আর

এক স্লিগ্ধমেঘহাতি পুরুষকে দেখিয়া আমার মনের মধ্যে

তাঁহার চিত্র লাগিয়া রহিয়াছে। হা কষ্ট! হা ধিক্!

তিনজন পুরুষে প্রেম করার চেয়ে মৃত্যুও ভাল।

যত্নন্দনদাদের পতাত্বাদ—
কৃষ্ণ তু আগর, অতি মনোহর, পহিলে শুনিল কার।
তাতে গরাসল, মতি যে সকল, ধরম করম আর॥
সই গো কহিন্থ এ তোহে সার।
এ তিন পুরুষে চিত্তের আরতি, কি কাজ জীবনে আর॥
আন পুরুষের বংশী মনোহর, শুনিল মধুর গান।
তাতে পরমাদ, চিত্ত উনমাদ, আন না শুনরে কান॥

এ চিত্রপটেত, নবীন মূরত, নবঘন জিনি তছ।
ইহার দরশে, পরম হরিষে, মগ্ন ভেল মন জহু ॥
এ দব শুনিয়া, দখীগণ হিয়া, হরিষ পায়ল অতি।
এ যহুনন্দন, দাস তহি ভণ, ভালে দে চিস্তিত মতি॥

200

বরাড়ী

মধ্র মধ্র ত্য়া রূপ।
জগজনলোচন-অমিয়া-স্কুপ॥
কপ চাহি গুণ নহে উন।
শো তম্ন তেজবি কাহে মহী করি শূন॥
মুন্দরি মোহে না কহ আন ছন্দ'।
হাম বলি যাও ত্য়া মুখচন্দ॥
তবহু শফল দিনত মোর।
বাই শুতব যব কামুক কোরত॥
হাম পৈঠব কালিন্দী বারি।
তবহু মনোরথ পূরব তোহারি॥
যতনত করব হাম দোই।
কামু বৈছে ত্য়া বশ হোই॥
গোবিন্দাসত জালত পরাণ॥
ত্য়া বিণু কামুক জলত পরাণ॥

क. वि. ६६

ক্ষণদা ৪।৬, তরু ৪৬, সমূদ **৬৬** গাঁতচক্রোদয় ২৪১

পাঠান্তর—

(১) ইথে নাহি হয় আন ছন্দ (ক্ষণদা), মোহে না কর আন ছান্দ—(তরু) (২) ক্ষণদায় ইহার পর অতিরিক্ত ছুই চরণ—

> ষতন করব হাম সোই। হরি বৈছে তুয়া নয়ন-পথ হোই॥

- (৩) তহু (৪) ঘৰ তুহুঁ বৈঠৰি কাহক কোৰ
- (৫) যতন করৰ ইত্যাদি ছুই চরণ কণদায় নাই।

(৬) ক্ষণায় ভণিতা:

গোবিন্দদাস পরমাণ। তুয়া বিনা কাম কি ধরয়ে পরাণ॥

শব্দার্থ—জগজনলোচন - অমিয়া - স্বরূপ—পৃথিবীর লোকের চক্র নিকট অমৃতস্বরূপ আস্বাছা। রূপ চাহি গুণ নহে উন ইত্যাদি—তোমার রূপের চেয়ে গুণও কম নয়। এমন রূপগুণবতী তুমি পৃথিবী শৃহ্য করিয়া দেহ ত্যাগ করিবে কেন? হাম বলি যাও তুয়া মুখচন্দ—আমি তোমার মুখচন্দ্রের বলিহারি যাই। গোবিন্দাস ভানে জান ইত্যাদি—গোবিন্দাস খ্ব ভাল করিয়াই জানে যে, তোমার জন্ম কাছ্রও প্রাণ আকুলি-বিকুলি করিতেছে।

२०३

শ্বণে শুনলু হাম কানক নাম।
ধারল চপল নয়ন তুছ ঠাম ॥
চিরদিন ফণি মণি-মওল ঠাম।
পেথলু নটবর সো ঘনখাম ॥
এ সথি! কো জানে পুন কথি লাগি।
তদবধি হৃদয়ে জলত মঝু আগি॥
মোরে হেরি কফ ছিরিদামক কোর।
তৈছন করইতে মঝু মন ভোর॥
হহঁ ভূজ বন্ধন হহঁ কফ কেরি।
মঝু লোচন ঝফ সো মুখ হেরি॥
নারী শুনয়ে খবে তৈছন খোগ।
জানলু তবহি জনম ফল ভোগ॥
অতয়ে সে কি ফল জীবন পাপ।
গোবিন্দাস কহ মিটব সন্থাপ॥

গীতচন্দ্রোদয় ২৫৭

ব্যাখ্যা—কাহর নাম যথন আমি কানে শুনিলাম তথন্ট আমার চঞ্চল নয়ন তাহার পানে ধাবিত হইল— চিরকাল সর্পতি মণিসমূহের আধারস্থান বলিয়া জানিতাম; কিন্তু নটবরবেশী ঘন্তামকে দেখিয়া সে ধারণা দ্ব হইল— (তাঁহার অংক বছ মণির শোভা)। দখি! জ্ঞানি না কেন, কিদের জ্ঞা, দেই হইতে আমার অন্তরে যেন আগুন জ্ঞানিতেছে। তিনি আমাকে দেণিয়া শ্রীদামকে আলিকন করিলেন, সেইরূপ করিবার জ্ঞা আমার মন উন্তর্গ্ত হইয়াছে। তুই বাহতে বন্ধন করিয়া তুইজনে খেলিতে লাগিলেন; তাঁহার মুখপানে চাহিয়া আমার নয়ন দিয়া বারিধারা বহিতে লাগিল। কোন মেয়ের যদি এমন দৈবযোগ ঘটে তাহ। হইলে জন্ম ভরিয়া তাহার ফল ভোগ করিতে হয়—জানিলাম। দেইজ্ঞা বলিতেছি আমার পাপজীবন রাখিয়া কি ফল! গোবিন্দাদ সাস্থনা দিয়া বলিতেছেন, তোমার দহাপ নিশ্চয়ই দ্র হইবে—দয়িতের সঙ্গে অবশ্রই তোমার মিলন ঘটিবে।

মাধবীর স্থান্দে মন তৃপ্ত হয়, কিন্তু আজ দ্য হইতেছে।
মালতী দেখিয়া নয়নাশ্রু বহিতেছে। অগ্নি স্পর্শ করিয়া
লোকে যেমন চমকিয়া উঠে, যুথিকা ফুল ছুইয়া আমি
সেইরকম করিতেছি। তোড়তে কুম্দ সঘনে কর কাঁপি—
কুম্দ ফুল তুলিতে ঘাইয়া বারবার হাত কাঁপিয়া উঠিতেছে।
গরল দরিথ বরিথে মকরন্দ—কমল আজ বিষের মতন
মধু বর্ষণ করিতেছে। গোবিন্দ কহ দিনকর পরিণাম—
গোবিন্দদাস শ্রীরাধাকে স্থ্যপূজা করিতে উপদেশ
দিতেছেন। স্থাপূজার ছলে কাননে শ্রীক্লেফের সঙ্গে
মিলন ঘটতে পারে।
তুলনীয়: বিভাপতি—

শব্দার্থ-আজু ভেল আন-আব্দ অশুরকম হইল।

তুলনীয়: বিভাপতি—
কুস্থমিত কানন হেরি কমলম্থি
মৃদি রহএ ছই নয়ান।
কোকিলকলরব মধুকরধ্বনি শুনি
কর দেই কাঁপল কান॥

202

পুনঃশ্রী

এ সথি! কহইতে কহই না জান।
সো ফুলবন কাহে আজু ভেল আন "
মাধবী-পরিমলে মরু মন দহই।
মালতী হেরি নয়নজল গলই॥
যূথিক পরশে চমক জন্ম আগি।
রক্ষণ সক্ষে অক্ষে জন্ম আগি॥
তোড়তে কুমৃদ সঘনে কর কাপি।
কমলকে নামে জীউ দেই ঝাপি॥
গরল সরিথ বরিথে মকরন্দ।
নিশি দিশি কিশলয় লাগল ধন্দ॥
সহই না পারিয়ে অলিকুল রোল।
কোকিল কলরবে অতি উতরোল॥
দক্ষিণ পরন কাহে ভেল বাম।
গোবিদ্দ কহ দিনকর পরণাম॥

গাঁতচন্দোদয় ২৫৭

২০৩

তোড়ী

মুক্তি যদি বলোঁ পাসরো কান মনে শে না লয় আন। মুখ না হেরিলে তিল আধ তার নিবারে বারে নয়ান ॥ পরানের সই শুন শুন শুন কামুর পিরিতি কাজে। ভেল পরাধীন তুক ন ধন কি আর করিবে লাজে॥ পরাণ উছলে খামের নামে দে ঐছন পড়ল অকাজে। ষদি ভূমিতে না চাইো কাহর বচন কানে দে মুরলী বাজে॥

ষদি চলিতে না চাহোঁ কানাইর পাশে
চরণে থির না বান্ধে।
গোবিন্দদাস কহে কাহুর লাগিয়া
ভালে সে পরাণ কান্দে॥

সা. প. (১)—১৪৫ বরাহনগর ৪ (৩)—১৪৭ তক্ষ ১০০

২ ৽ ৪

স্থহই

আধিক আধ আধ দিঠি অঞ্চলে যব ধরি পেখলু কান। কত শত কোটি কুম্বম-শবে জরজর ' রহত কি যাত পরাণ॥ সজনি! জানলু বিহি মোহে বাম। দউ লোচন ভরি যো হরি হেরই তছু পায়ে মঝু পরণাম ॥ স্বয়নী কহত কান্ত ঘন খামর মোহে বিজুরি সম লাগি। বদবতী তাক পর্দ-র্দ ভাদত ১ হামারি হৃদয়ে জলু ব আগি। প্রেমবতী-প্রেম नां शि की छे उक्र চপল জীবনে রাথত মঝু সাধ। শ্ৰীবন্ধত জানে গোবিন্দদাস ভণে রসবতি রস মরিয়াদ ॥

সা. প. (১)—১৪২ গীতচক্রোদয় ২৭২, তরু ২৩৪ বৃ ১৮, রাধা ১১০, গো ২৫ কী ২৪৬

পাঠান্তর—(১) মাগয়ে—গী (২) জহু—গী
(৩) গোবিন্দদাস ভবে কহই শ্রীবল্পভ
জানই রসমবিয়াদ—গী।
ভাবার্থ—শ্রীকৃষ্ণের রূপের এমনই প্রভাব যে, অর্দ্ধেকের
অর্দ্ধেকের অর্দ্ধেক চক্ষুর কোণ দিয়া (সারা নয়ন মেলিয়া

নহে) যথন হইতে শ্রীক্লফকে দেখিয়াছি, তথন হইতেই কত শত কোটি কন্দর্পের পুষ্পবাণে জব্জবিত হইয়াছি। এই ষম্বণায় আমার প্রাণ রহিবে কি যাইবে বুঝিডে পারিতেছি না। স্থি! বুঝিলাম বিধাতা আমার প্রতি বিরপ—আমাকে ক্ষমতা খুব কমই দিয়াছেন। অত্যে হুই চোথ ভরিয়া হরিকে দেখিয়া থাকে, আমি তো পারি না; একটু অপান্দৃষ্টিতে দেখিয়াই আমার এই ফল হইয়াছে। স্তরাং যাহারা হুই চোথ ভরিয়া হরিকে দেখিতে সমর্থ তাহাদের পায়ে আমার প্রণাম। যাহারা স্থনয়নী (যাদের ভাল চোথ আছে) তাহারা বলে কানাই দেখিতে মেঘের মত খ্রামল। আমার তো ভাল চোথ নাই, তাই আমার কাছে তাঁহার রূপ বিহ্যৎতুল্য মনে হয়—আমার নয়ন ধাঁধিয়া যায়। যাহারা রুদ্বতী তাঁহারা কামুর স্পর্শরদে আনন্দর্শাগরে ভাদে, আমার অঙ্গে একটু স্পর্শ লাগিলে আমার ফায়ে যেন আগুন লাগিয়া যায়। প্রেমবতীরা প্রেমের জন্ম জীবনত্যাগ করেন কিন্তু আমার চপল জীবন ধারণেই সাধ। সতীশচন্দ্র রায় মহাশয় লিখিয়াছেন—"চপল শব্দের ধ্বনিদারা কবি বুঝাইতেছেন ८४, জीवन চিরস্থায়ী না হইয়া চঞ্চল ও বিনশ্বর হওয়ায় শ্রীরাধার হৃদয়ে গভীর আক্ষেপ রহিয়াছে; কারণ জীবন অনস্ত হইলে, তিনি অনস্তকাল ধরিয়া শ্রীক্লফের প্রেমরদের আস্বাদন করিতে পারিলে, বোধ হয় কিঞ্চিৎ ভৃপ্তিলাভ করিতে পারিতেন।"

গোবিন্দদাস ভণিতায় বলিতেছেন যে, শ্রীবল্পভ রসবতীর রসমর্থাদা জানে। কবি বল্পভের ভণিতায় (যাহ। বিভাপতির পদ বলিয়া সারদাচরণ মিত্র মহাশয় প্রকাশ করিয়াছেন) পাওয়া যায়:—

জনম অবধি হাম ও রূপ নেহারলুঁ
নয়ন না তিরপিত ভেল।
লাথ লাথ যুগ হিয়ে হিয়ে রাথলুঁ
হৃদয় জুড়ন নাহি গেল॥

শ্রীরাধার মর্য্যাদার প্রমাণস্বরূপ উক্ত পদকেই যদি গোবিন্দদাস লক্ষ্য করিয়া থাকেন তাহা হইলে ঐ স্থবিখ্যাত পদটা বল্লভেরই রচনা বলিতে হয়। 200

শ্রী গান্ধার

আঁচরে ম্থশনী গোয়।
বার বার লোচনে রোয়॥
কারণ বিহু খণে হদই।
উতপত দীঘ নিশদই॥
ভান স্থলর খাম।
প্রেমকো ইহ পরিণাম॥
তাতল তহু নহি ছোটই।
দতত মহী-তলে নুঠই॥
কাহকো কছু নাহি কহই।
কো অছু বেদন সহই॥
জগভরি কুলবতী বাদ।
কাংদেই কহব সম্বাদ॥
গোবিন্দদাস আশোয়াসে।
জীবই তুয়া অভিলাবে॥

সা. প. ১-- ১০

সমূদ ৬২, তরু ১৭৪ গীতচন্দ্রোদয় ২৩৪, ক্ষণদা ১২।৪

শব্দার্থ — গোয় — লুকায়। রোয় — কালে। কারণ বিল্প খণে হৃদই — বিনা কারণে হাসে; ইহা উন্নাদদশার লক্ষণ। উত্তপত দীঘ নিশসই — তাহার দীর্ঘশাস উত্তপ্ত। তাতল তক্ত্ব নহি ছোটই — গায়ের গরম কথনও কমে না, তাই সেঠাওা হইবার জন্ম সর্বাদা মাটীতে লুটায়। কো অছু বেদন সহই — এত বেদনা সহ্ম করিয়াও শ্রীরাধা জীবিত আছেন, অন্তে হইলে পারিত না।

মন্তব্য—সথী শ্রীরাধার উন্নাদদশা ও ধৈর্য্যশীলত্ব ঘোষণা করিতেছেন। গোবিন্দদাস জীবই তুয়া অভিলাষে বলিয়া 'তদেকশরণত্ব' জানাইতেছেন। শ্রীলরাধামোহন ঠাকুরের দীকা—"এতাদৃশোন্মাদদশায়ামিপি স্বস্থ্যা ধৈর্যাশালিত্বং তদেকশরণত্বং চ আঁচরে মৃথশশীত্যাদিনা কথয়তি। যত্তপি পূর্বপূর্বদশায়াং শ্রীরাধিকায়াভ্রদেকশরণত্বং তথাপি বৈষ্প্রাদশায়াং পুনবিশ্বরণাদি-প্রকারেছ্য জাতা সান ভূতা অত এতদ্দশায়ামপি দার্চ্যেন

তদেকশরণঅমৃক্তম্। 'কারণ বিহু খন হসই' ইত্যনেন উন্নাদো ব্যক্ষ্য: অত্রাট্রহাসো নটনমিত্যাদি রসামৃতিসিদ্ধুক্ত-তলক্ষণাৎ। স্থলরখাগ ইত্যত্র স্থতিঃ স্পষ্টা। নিন্দাপক্ষে স্থলরোহপূর্বঃ খামঃ কালন্তস্মাদন্তর্বহির্মলিন ইতি ভাবঃ। তথা 'প্রেমক ইহ পরিণাম' ইত্যনেন তন্ত্যাঃ প্রেমঃ পরিণাম-দশা অত্যুৎকটোৎকটদশা ভূতাহবিদগ্ধস্থ তব প্রথমদশাপি নেতি ভাবঃ। 'তাতল তহু নাহি ছুটই' ইত্যনেন তাপোহপি আদিপদেনাস্থামৃভাবঃ। 'সতত মহীতলে লুঠই' ইত্যনেন বিপরীতক্রিয়া বোধ্যা।"

২০৬

ধানশী

স্থানির ধরবি বচন হামার।
কান্তক প্রেম-রতন পুন গোপবি
বেকত করবি কুলাচার॥
ব্যৈরজ লাজ করণ তুয়া সমৃচিত
শূনবি গুরুজন-ভাষ।
আপনক মান আপে পুন রাথবি
বৈছে নহত উপহাদ॥
তুয়া সম কো পুন আছয়ে ত্রিভ্বন
কুলশীলবতি গুণবস্ত।
গ্রাহন ত্রুঁ কুল হেরইতে উজোর
ধন-জন গৌরব অস্তর
আনত দেয়বি চীত।
গোবিন্দাদ কহ এছে প্রেম নহ
অন্তরাগ-গতি বিপরীত॥

ক. বি. ৭৭

मम्म २८६, उक १६०, की २१७

ব্যাখ্যা—সথা শ্রীরাধাকে উপদেশ দিতেছেন—স্থলরি, আমার কথা শুন। কাহুর প্রেমরূপ রত্ন গোপন করিয়া রাখিবে; বাহিরে কুলাচারের প্রতি নিষ্ঠা প্রকাশ করিবে। তুমি ধৈর্যা ও লজ্জা হারাইতেছ, কিন্তু তোমার কর্ত্তব্য হইতেছে থৈষ্য লক্ষা রক্ষা করা এবং গুরুজনের কথার বশ হইয়া চলা। নিজের মান নিজেই রক্ষা করিও, যাহাতে উপহাদ না ঘটে। তোমার মতন কুলে ও শীলে গুণবতী আর ত্রিভ্বনে কে আছে? এইপ্রকার পিতৃকুল ও যামিকুল উভয়ই কাহার উজ্জ্বল? ধনজন ও গৌরবের এতাদৃশ পরাকাষ্ঠা আর কাহার আছে? ভাবের অঙ্কুর যখনই অস্তরে দেখা দিবে, তখনই অন্ত দিকে মন দিয়া মনকে সংঘত করিও। গোবিলদাদ দ্যীব এই দ্ব উপদেশের প্রতিবাদে জানাইতেছেন যে, প্রেমের স্বভাব ঐরপ নহে, অঞ্রাগের গতি বিপরীত, উহাতে বাধা দিতে গেলে উহা আরও প্রবল হইয়া উঠে।

२०१ इक्षर स्वर

তথা রাগ

মুখ হিজরাজ অলক কুলব্ঞিত শ্ৰুতি অবগাহক দীঠে। দশনগণ নিবমল অবনত ভাহ শুক্সম ভাধন মীঠে॥ মুনিগণ অবিশেষ। মাধব তোহে জিতএ কৈছে কামিনী নিক্রুণ কাম মোহে কহবি ও উপদেশ ॥ পহিলহি স্বামি-বিমুখ হাম শৈশব অব যৌবনভয় মানি। মুর্লিক সান বুঝই নাহি পারিএ নয়ন বয়নে কহ বাণী। মন্দির ছোডি অতএ বনে আওলু তুহু সহজ্বই বনবাসী। রতিপতি জিতি থৈছে তুয়া কিবিতি[°] গোবিন্দদাস পরকাশী॥

সা. প. (১)—१७, क. বি. ৬৯৭ সংকীর্ত্তনামৃত ৪২ গো ১৫, বরাহ ১ (৫), রাধা ৬৫

পাঠান্তর-না. প. পুথিব আবন্ত-মাধব! তোহেঁ

মূনিগণ অবিশেষ। (>) করবি—বরাহনগর পুথি পৃ: ২০ (২) পিরিভি—সংকীর্ত্তনামৃত।

শব্দার্থ— দ্বিজরাজ—চন্দ্র। শ্রুতি অবগাহক দীঠে—
আকর্ণবিস্তৃত নয়ন। দশনগণ—দস্তপংক্তি। ভাপন—
বাক্য। নিকরুণ কাম—মদন করুণা জানে না। জিতএ—
জয় করে। নয়নে বয়নে কহ বাণী—শুধু মুথ দিয়াই কথা
বলে না—নয়নের দৃষ্টিভিদিতেও মনের ভাব প্রকাশ পায়।

ব্যাখ্যা--- শ্রীরাধা শ্রীরুক্ষকে বলিতেছেন যে, হে মাধব! তোমার সঙ্গে মুনিদের অবিশেষ অর্থাৎ পার্থক্য নাই। তাহার ছয়টি কারণ—(১) তোমার মুথ চন্দ্রস্কপ (লেখ-মূলক ধ্বনি—(দ্বিজ্ঞেষ্ঠ) (২) অলক (চুর্ণ কুন্তল) কুল-বঞ্চিত অর্থাৎ যূথভাষ্ট (শ্বেষমূলক ধ্বনি-মুনিদের তায় সঙ্গবিহীন) (৩) দৃষ্টি শ্রুতিম্পর্শী (ধ্বনি-বেদ-পারদর্শী) (৪) আনত ভাঙ অর্থাৎ বংশীর উপর দৃষ্টি স্থাপিত বলিয়া ভ্রমুগল আনত (ধ্বনি--বিনয়ে অবনত) (৫) দশনগণ অর্থাৎ দস্তরাজী নির্মাল (৬) ভাষা অর্থাৎ বাকা ভকপক্ষীব বাকোর তায় মিষ্ট (ধ্বনি—ভকদেবের দারা কথিত শ্রীমন্তাগবতের ক্রায় মিষ্ট)। তোমার সঙ্গে মুনিদের যথন এতগুলি সাদৃত্য আছে তথন তুমিই আমাকে উপদেশ দিবার শ্রেষ্ঠ পাত্র। কি বিষয়ে উপদেশ ? এ বিষয়ে যে কামিনী (অর্থাৎ কামযুক্তা নারী) নির্দ্ধয় কামকে কিরূপে জ্বয় করিতে পারে। (শ্রীরাধার বাক্যেব ধ্বনি এই যে, এক্লিফ্ট প্রীরাধাকে কামদেবের নির্দিয় উৎপীড়ন হইতে বক্ষা করিতে পারেন—তাই তিনি তাঁহার কাছে আসিয়াছেন।) শ্রীক্লফ উত্তরে বলিতে পারেন যে. তুমি তোমার স্বামীর কাছে এ বিষয়ে জিজ্ঞাদা করিলেই পার। এই আশকা করিয়া শীরাধা বলিতেছেন—আমি ছেলেবেলা হইতেই স্বামীর প্রতি বিমুধ; তাই এথন যৌবন উপস্থিত হওয়ায় ভীত হইয়া তোমার কাছে উপদেশ লইতে আসিয়াছি। শ্রীকৃষ্ণ যদি বলেন যে, আমি তো মুরনীর ধ্বনির দারাই তোমাকে বলিয়াছি। তাহার উত্তরে যেন রাধা বলিতেছেন যে, মুরলীর ওনব অস্পষ্ট কলধ্বনি বুঝিতে পারি না, ভুমি চোখের ও মৃথের ভাষায় (নয়নে বয়নে) স্পষ্ট করিয়া বল (বে, আমি ভোমাকে ভালবাদি)।

তুমি তো মুনিদের মতন সহজেই বনবাসী, তাই ঘর ছাড়িয়া।
(মন্দির ছোড়ি) বনে আসিলাম। গোবিন্দাস স্থীভাবে
ব্যঙ্গ করিয়া বলিতেছেন যে, রতিপতি কন্দর্পকে জয় করিয়া
শীরুষ্ণ যে কীর্ত্তি স্থাপন করিয়াছেন ভাহা তিনি প্রকাশ
করিতেছেন—ব্যঞ্জনা এই যে, কামদমনে শীরুষ্ণের যে
নিপুণতা তাহা স্থীদের কাহারও অজ্ঞানা নাই। তাই
তাহার। শীরাধাকে শীরুষ্ণের নিকটে উপদেশ লইতে
পাঠাইয়াছেন। সতীশচন্দ্র রায় মহাশয় রুত ব্যাখ্যা
"প্রাচী" বৈশাধ ১৩৩১ সংখ্যায় দ্রন্থী।

২০৮ বরাডী

মাধ্য ধৈরজ না কর গমনে। তোহাবি বিরহে ধনী অন্তর জর জন ্বাল্স মীলন শমনে॥ ধুলি-ধুসর ধনী ধৈরজ না রহ ধরণী শুতল ভরমে। মুকত কবরী ভার হাব তেয়াগল তাপিত তিসিত পরাণে॥ বিগলিত অম্বর সমর নহে ধনী স্ব-স্ত। স্থবে নয়নে। কমলজ কম্লেই কমলজ বাাঁপল সোই নয়ন-বর বহুনে ॥ মা বোলই ধনী ধরণী-তলে মরছলি প্রাণ প্রবোধ না মানে। কহই চতুরি ধনী আর কিয়ে হোয় জানি

রাধা ৭৯, ক. বি. ২৯০৬ তর ১৬৩, কী ৯৩

শব্দার্থ— ধৈরজ না কর গমনে— যাইতে বিলম্ব করিও না। মানদ মীলন শমনে—তোমার বিরহে জরজর হইয়া রাধা মৃত্যুর সহিত মিলিত হইবার দংকল্প করিয়াছে। তাপিত তিদিত প্রাণে—তাহার প্রাণ তথ্য

(भाविकनाम भन्नभारत ॥

ও তৃষিত। অম্বর—বস্ত্র। স্থ্ব-স্তা প্রবে নয়নে—চোথে স্থব অর্থাৎ দেবতাদের অন্তর্ম গিরিরাজের কন্তা স্থরধূনী বহিতেছে। কমলজ কমলেই কমলজ নাঁপল—স্কুলর পদ্দুলা নয়নকমল হইতে জাত কমল অর্থাৎ জলদ্বার। কমলজ অর্থাৎ জলজাত বদনকমলকে ঢাকিল। 'চোথের জলে মুথ ভাসিয়া গেল।

200

শ্রী রাগ

কিরূপ দেখিত্ব মধুর মুরতি পিরিতি রসের সার। এ তিন ভুগনে হেন লয় মনে তুলন। নাহিক তার॥ বড বিনোদিয়া ' চুড়ার টালনি কপালে চন্দন চাঁদ। জিনি বিধুবর বদন সুন্র ভূবন মোহন ফাঁদ। অহ চর চর নব জলধর বরণ চিকণ কালা। রতন কাঞ্চন অঙ্গে আভিরণ মণি নুকুতার মালা॥ জোড়া ভুক যেন কামের কামান (क ना किन नित्रभान। ও রাঙা নয়নে তেরছ চাহনি বিষম কুহ্ম বান ॥ কি কালা কাজৰ কি কালিন্দী জল কি কালা উৎপল দাম। নীল ন্বঘ্ন নহে নিরূপণ বরণ চিকন খাম ॥ দেখিলু তাহারে কত পরকারে লখিতে নারিম কি। মোর বোলে যদি নহে পরতীত চল দেখাইয়া দি॥

মণি আভরণ রতন নৃপুর পিন্ধন পিয়ল বাস। রাতা উতপল চরণ যুগল নিছনি গোবিন্দদাস॥

তরু ৩৫, গী ১৬১

এমন কঠিন নারীর পরাণ বাহির নাহিক হয়। নাজানি কি জানি হয়ে পরিণাম দাস গোবিন্দ কয়॥

छतः ১৫२, शी ১७२, ममूछ ७१

পাঠান্তর—(১) ইহার পরে তরুতে নিম্নের অংশ মাত্র আছে:— স্থুনর অধর মধুর মুরলী হাসিয়া কথাটি কয়।

দ্বিজ ভীমে কহে ওরপ নাগর দেখিলে পরাণ রয়॥

230

ত্রী রাগ

তর তর কাঁচা অঙ্গের লাবণি অবনী বহিয়া যায়। ঈষত হাগির তরঙ্গ-হিলেগলে মদন মুক্ছা পায় ॥ কি খনে দেখিলু কি বা সে নাগর देधतुष्क द्रश्ल मृद्र । চিত বেয়াকুল নিরবধি মোর কেন বা সদাই ঝুরে॥ হাসিয়া হাসিয়া অঙ্গ দোলাইয়া নাচিয়া নাচিয়া যায়। বিষম-বিশিথে নয়ান-কটাথে পরাণ বিন্ধিতে ধায় ॥ মালতীফুলের মালাটি গলে হিয়ার মাঝারে দোলে। উডিয়া পডিয়া মাতাল ভ্ৰমরা ঘুরিয়া ঘুরিয়া বুলে ॥ ফোটার ছটা কপালে চন্দন লাগিল হিয়ার মাঝে। না জানি কি বাাধি মরমে বাধল না কহি লোকের লাজে।

222

এ দথি হেরি রতন মোহে ধন্দ।

নো সামরি কিয়ে খ্যামর চন্দ॥
কালি যে পেখলু কালিম সাজ।
গুরুজন আগে দথিগণ মাঝ॥
কোন কলাবতী সামর কাঁতি।
মিললি রাই সঞ্চে কত ভাঁতি॥
অরুণ পটাম্বরে বাপই অন্ধ।
বুঝই না পারিয়ে বচন বিভঙ্গ॥
কাজরে উজ্লোর দিঠি অতি বন্ধ।
ফুলর সিন্দুর সি'থি উজ্লোর।
হেরইতে চিত চোরাগুলি মোর॥
গোবিন্দদাদ কহই দতি গোরি।
চাঁদ স্থা বিমু জিয়ে কি চকোরী॥

সা. প. (১)—১৪৪, রাধা ১১২ গোবর্দ্ধন পুর্থি ২৫, বু ১৮

ব্যাখ্যা—রূপরত্ব দেখিয়া আমার মনে ধাঁধা লাগিল।
ওকি শ্রামলী না শ্রামচন্দ্র ? কাল যে একজনকে শ্রামবর্ণের
সক্ষায় সক্ষিত দেখিয়াছিলাম—দে তথন গুরুজনের
সামনে স্থীদের মধ্যে ছিল। রাইয়ের সাথে কোন
শ্রামলকান্তি কলাবতী কোন ছল করিয়া মিলিত হইল
কি ? আজ সে অরুণ পট্যাম্বরে দেহ আবৃত করিয়াছে;
তাহার কথা-ভলি ব্বিগ্রুত পারিতেছি না। তাহার নয়নে
উজ্জল কজ্জল, দৃষ্টি বহিম, কর্ণের আভরণে যেন সৌন্দর্য্যের
তর্ত্ব, স্থার সিশ্বে সিণি উজ্জল। দেখিয়াই আমার

মন ভূলিয়া গেল। গোবিন্দদাস বলিতেছেন, সত্যই গোরী, চাঁদের স্থধা ছাড়া কি চকোরী বাঁচে ?

रेख्यसङ् जिनिशा ८म ज्क-सङ्- इति। ८गोविन्ममास्त्रतं भन करतं निष्यो।

@ 222

২১২ শ্রী রাগ

ভালে সে চন্দন চান্দ কামিনী মোহন ফাঁদ আন্ধারেতে করিয়াছে আলা। মেঘের উপর কিবা সদাই উদয় করে নিশি দিশি শশী যোল কলা॥

সই কিবা সেই নয়ান-নাচনি। আঁথির কিলোলে মোর প্রাণ পুতলী দোলে দিতে চ! হাঁ যৌবন নিছনি॥

কিবা দে চূড়ার ঠাট দশ-নথ-চান্দ-নাট অপ- শানী বাজাইতে।

বেরইতে সেই মুথ মনে হয় যত স্থথ
জিতে কি পারিয়ে পাশরিতে ॥
কুলশীল যত ছিল মনে লাগে তাহা গেল
দেখিয়া বারেক সেই রূপ।
গোবিন্দাদের চিতে ঐছন লাগয়ে

নব অমুরাগের সরপ।

€\$ € \$3

২১৩ স্বহই

হোর কি দেখি গো বড়াই কদম্বের তলে।
তড়িত জড়িত থৈছে নব জলধরে॥
ভামচান্দের উপরে ধবল চান্দের কলা।
তাহার উপরে শোভে তিমিরের মালা॥
তাহার উপরে কিবা ইন্দ্রধন্থ সাজে।
এমন অন্তত রূপ কেবা দেখিয়াছে॥

শব্দার্থ—তড়িত জড়িত থৈছে নব জলধরে— শ্রীক্লফের বর্ণ নবীন মেঘের মতন, আর তাঁহার পীতবাস যেন বিদ্যুৎ। ধবল চান্দের কলা ইত্যাদি—মুকুটের ময়্বপুচ্ছে অঙ্কিত চন্দ্রের কলা। তাহার উপর নীল পটভূমি ও ইন্দ্রধন্থ—সমস্তটাই শিথিপুচ্ছের বর্ণনা।

\$\$8

কি পেথিলু বরজ রাজকুল নন্দন ভাগোতে বহল পরাণ। নির্থিতে রুপনিধি আমারে না দিল বিধি প্ৰতি অঙ্গে অধিক নয়ান॥ একে চিকনিয়া তহু কাঞ্চ আভরণ কিরণে ভূবন উচ্ছোর। হেবইতে লোচনে লোর প্রসারল না চিনিলুঁ কালা কি গোরা॥ সহজ দৃগঞ্চল অফণ কঞ্চল তাহে কত ফুলশর সাজ। শামরূপ মাধুরি ন। হেরিলু দিঠি ভরি শেল রহল হৃদি মাঝ ॥ সরস কপোলে লোলমণি কুণ্ডল ঝাঁপই দিনকর ভাগ। ওরপ বিলাদ আশ ভরি না পেথলুঁ হুখী বড় গোবিন্দদাস ॥

ক. বি. ৩৬০

220

ষে দিগে পদারি আঁথি দেথি ভামময়। কুলবতী-বরত ধৈরজ নাহি রয়॥ কত না যতনে মৃদি ছুটি আঁথি।
নবীন ত্রিভঙ্গরপ হিয়ামাঝে দেখি।
কি হৈল অন্তরে সই কি হৈল অন্তরে।
আজি হৈতে সথি মোর সাধ নাহি ঘরে।
নিরবধি শ্রামনাম জপিছে রসনা।
এতদিনে অযতনে পুরিল বাসনা।
প্রাণের অধিক কান জানিলু নিশ্চয়।
গোবিন্দাসেতে কয় দুঢাইলে হয়॥

व्य २०१ (शनतमात)

236

শলাব

কালা কেলি-কদন্থ বনে ও না নব মেঘের কোডা মেঘের উপরে চাঁদ তাহে কমল জড়া॥ কিয়ে কমল দোলে রে নাটুয়া থঞ্চন পাখী। ঘর সরবস যৌবন দিয়া ভামরূপ দেখি। কেহ কেহ বলে আবে ভন প্রাণ স্থি। কেহ বলে দণ্ডেক দাঁড়াও রূপ দেখি॥ চলিতে না চলে পদ যাইব কেমনে। কুলের গৌরব মোর গেল এত দিনে ॥ তুলনা দিবার নাই বরণ চিকণ কাল।। ঝলমল করে কত নানা ফুলের মালা। অলকা আবৃত মুখ মকরকুওল। খ্যামতহ বিরাজিত করে ঝলমল॥ নবজ্লধর অঙ্গ পীতবাস তায়। মধুর মুরলী রবে পাষাণ মিলায়॥ ভূবন মোহন রূপ নারি পাদরিতে। চল দেখি ভামরূপ না পারি রহিতে॥ গোবিনদাস শুনি আনন্দিত মন। সঙ্গে সাজিল ধনির প্রিয় স্থীগণ॥

239

স্বহিনী

কি হেরিলাম কদম্বের তলে।
বামপাশে দাঁড়ায়েছে হেলে॥
উহার গলে দোলে বনফুলের মালা।
পুঞ্জে পুঞ্জে তঁহি অলি করে থেলা॥
কিবা সে কুঞ্চিত কেশের বেণী।
মন্দ মন্দ ছলিছে আপনি॥
উহার করেতে মোহন বানী।
ম্থে মৃত্যুন্দ মধুর হাদি॥
ললিত ত্রিভঙ্গ শ্রাম রূপ।
অলকা আবৃত চাঁদ মুখ॥
গোবিন্দাস গুণ গায়।
শ্রাম বিনে আন নাহি ভায়॥

প্ৰামূত্যাধুৰা ২০:৫১

226

রাধে দেথ এক ম্রতি মোংন।
অনেক যতন করি লিখিয়া অ্যানাছি গো
একমনে কর দরশন॥
কানড় কুস্থম জিনি দলিত অঞ্ন গো
নব জলধর জিনি ছটা।
কটিতে কিন্ধিনি পীতাম্বর পহিরণ গো
ভালে শোভে চন্দনের কোটা॥
চাচর চিকুর চুড়ে শিথিপুচ্ছ উড়ে গো
গলে দোলে বনফুলের মালা।
বিষাধরে বংশী কত তানে গায় গো
চরণে নূপুর করে আলা॥
আার কত ভিন্ধ তার লিখিতে নারিম্থ গো
লিখিব কতেক পরকার।
গোবিন্দদাস কহে এসে উচিত গো
করিতে গলার মণিহার॥

পণ্ডিত্তবাৰাজী মহোদয়ের পুৰি ক. বি. ৪৬৮

মন্তব্য — শ্রীরূপ গোস্বামী বিদগ্ধমাধবে বিশাখা কর্তৃক শ্রীক্তফের চিত্র অন্ধন ও শ্রীরাধাকে প্রদর্শনের কথা লিখিয়াছেন।

> ২১৯ স্বহই

রূপ হেরি আঁখি মোর পুন নাহি নেওটই মন অনুগত নিজ লাভে। অপরশ দেই পরশস্ত্রথ সম্পদ খ্যামক সহজে সভাবে॥ পিরীতি মুরতি বরদাতা। প্রতি অপে অথিল অন্ধ-স্থ্রথ-সায়র নায়র নির্মিল ধাতা ॥ लीला-लावनि অবনী অলগত কি মধুর মহর গমনে। লহু অবলোকনে কত কুলকামিনী শুত্লি মন্সিজ শয়নে ন হৃদয় মাঝে পৈঠল আর এক অণুরূপ देशवय न। श्वतः श्रीवतः । না জানি কি হয়ত গোবিন্দদান কহ তক্ত তক্ত মিলনে॥

বুরাই ৭খ (২৫২)

শব্দার্থ—নেওটই—কেরে। অপরশ দেই পরশস্থ সম্পদ—শ্যামের সহজাত অভাব এই যে, তাহাকে স্পর্শ না করিয়া কেবলমাত্র দেখিলেই অথবা তাহার কথা চিন্তা করিলেই স্পর্শজনিত স্থসম্পদ্লাভ হয়। সায়র—সাগর। নায়র—নাগর।

ঐীক্লফের পূর্ব্যরাগ

220

সুহই

ষ্ছু কর উপরে, চিরদিন গিরিবর, থির রহু ছাতিক ভাতি। হরি হরি তছু তহু, তুহারি পরশ বিহু, কুহুম পরশে টুটি যাতি॥ যতু পদনধমণি, পরশে কাল ফণী, গরল হরল যতু গন্ধ।

শো অব নলয়, সমীর ডরে জলই, নীল নিচোলে তহু বন্ধ॥

যতু মুখচান্দ, হাস অমিয়া রসে, লে সে গরাসল আগি।

গোবিন্দদান কহ অবহু সোই পত হিমকর ভয়ে রঙ্গ ভাগি॥

সা. প. (১)—১০৩, রাধা ৮৯

কীর্নানন্দ ১৫৯

ব্যাখ্যা— যে শ্রিকফ গিরিরাজ গোবদ্ধনকে ছত্তের মতন দীর্ঘকাল স্থির করিয়া হাতে ধরিয়াছিলেন, হরি হরি আজ তাঁহার দেহ তোমার স্পর্শ বিনা অর্থাৎ তোমার বিরহে কুল্লম ছোরাইলেও যেন ভাঙ্গিয়া পড়িবে মনে হয়। যাহার পদনখনণির স্পর্শে, এমন কি গদ্ধে কালিয়ের মতন কালদর্পের বিষ নই হইল, আজ তিনি মলয় সমীরের ভয়ে অস্থির, নীলবল্প দিয়া গাত্র আবরণ করেন। (রাধিকার সাড়ী নীল বলিয়া কফও নীলবল্প পছল করেন।) যিনি অবলীলাক্রমে হাসিতে হাসিতে অগ্নি ভক্ষণ করিয়াছিলেন, আজ তিনি চল্লের কিরণও গায়ে লাগিলে অন্ধ দক্ষ হইবে এই ভয়ে পলায়ন করেন। গারিকদাস ইহাবলেন।

২২১ স্বহই

রতন মন্দির মাহ। বৈঠলি স্থন্দরি

দখি সংগ্রহ বদ পরধায় ।

হসইতে থদরে কত যে মণি মোতিম

দশন-কিরণ অব ছায় থ ॥

শুন সজনি কহইতে না রহে লাজ।

দোবর নারি হামারি মন-বারণ

বান্ধলি কুচ-গিরি মাঝ ॥

মরু মুথ হেরি ভরম ভরে স্থনরি

কাঁপই কাঁপল দেহা।

কৃটিল কটাখ- বিশিথে° তত্ন জ্বজ্ব জীবনে না'বান্ধই থেহা। করে কর জোরি মোরি তত্ন-বল্লবি মোহে হেরি স্থি করু কোর।

গোবিন্দদাস ভণ তেঞি নন্দ-নন্দন ⁸ দোলত মদন-হিলোর ॥

সা. প. (১)—৬৮, ক. বি. ৩০১১ রাধা ৫৩, গো ১৩, বু ৮ তক ৫৮, সং ৩০, কী ১৩১ সিদ্ধান্তচন্দ্ৰোদয় ১২৯, গী ৩৬৬ ক্ষণদা ১১।৩

পাঠান্তর— দিদ্ধান্তচন্দ্রোদয়ে (১) রতন মন্দিরে মাঝে স্থন্দরী দথীদঞে রদ পরথাই (২) অবছাই (৩) বিষে।

শব্দার্থ—রস পরথায়—রসপ্রভাব, রসের কথা আলোচনা। হসইতে থসয়ে ইত্যাদি—হাসিতে তাঁহার কত মিন্ফুলা ঝরিয়া পড়ে আর তাঁহার দস্তের কিরণ-ছটায় ঐ মিন্ফুলার ক্যোতিঃ আচ্ছাদিত হয় (ছায়)। মন-বাবণ—মনক্সপ মাতঙ্গ বা হস্তী। ঝাঁপই ঝাঁপল দেহ—আবৃত দেহ পুনরায় আবৃত করে, ভাল করিয়া ঢাকে। কুটিল কটাখ-বিশিখে—কুটিল কটাক্ষণরে। থেহা—ধৈয়া। মোরি ভক্ত-বল্লবি—তাহার ভক্লভায় মোডা দিয়া। দোলত মদন-হিলোব—মদন-হিলোবে দোলেন।

२२२

গান্ধার

কালিদমন দিনমাহ।
কালিদ্যিন কুল কদস্বক চাহ॥
কত শত প্ৰজ্ঞ নব-বাল। ।
পেথলু জন্ম থির বিজ্ঞ্জিক মালা॥
তোহে কহে। স্থল সান্ধাতি।
তবধরি হাম না জানো দিন রাতি॥
তহি ধনি-মণি তুই চারি।
তহি পুন মনমোহিনি এক নারী॥
সোরহ মরু মনে পৈঠি।
মনসিজ্ঞ-ধ্যে খ্য নাহি দীঠি॥
অন্থ্য তহিক স্মাধি।
কো জানে কৈছন বিরহ-বিয়াধি॥

দিনে দিনে থিন ভেল দেহা। গোবিন্দদাস কহ এছে নব নেহা॥

সা. প. (১)—৬৬, ক. বি. ৫৬ পৃ রাধা ৪৯. গো ১৩ গাঁ ৩৮১, সম্দ্র ৮৯ তক ৫৬. কী ১১৩

পাঠান্তর—গী (১) কদম্বকি (২) নব ব্রজবালা।
শব্দার্থ—মাহ—মাঝ। ছাহ—ছায়। সাক্ষাতি—
বন্ধু। তবধরি—সেই হইতে। পৈঠি—প্রবেশ করিয়া।
তহ্নিক—তাহার। সমাধি—ধ্যান।

ব্যাখ্যা—যে দিনের মধ্যে কালিয়দমন করিয়াছিলাম সেই দিনেই কালিন্দীর তীরে কেলিকদম্বের ছায়ায় স্থির বিহাতের মালার স্থায় কতশত নবীনা ব্রজ্ঞবালাকে দেখিয়াছিলাম। তোমাকে বলিতেছি, বন্ধু স্থবল! সেই হঠতে আমি দিনবাত কোথা দিয়া যাইতেছে বুঝিতেছি না। সেই নবব্রজ্বালাদেব মধ্যে তুই চারিজন স্থল্বরীশ্রেষ্ঠ! আছেন, আবার তাহাদের মধ্যে এক নারী আছেন যিনি আমার মনোমোহিনা। তিনিই আমাব অন্তরে প্রবেশ করিয়াছেন। তাহারই জন্ম মদনের প্রভাবে আমাব চোথে নিজা নাই। তার কথাই সব সময় ধ্যান করি। কে জানে বিরহ-ব্যাধি কিরূপ ? তাহা কি এইরূপ অসহ্য ? আমার দিনে দিনে দেহ শ্বীণ হইল। গোবিন্দাস বলিতেছেন, নতন অন্থরাগের ধারাই ক।

220

বরাডী

কতয়ে কলাবতী যুবতি সুনুব তি
নিবস্ট গাকুল মাহ।

হবি অব হাসি বভ্সে পুন কাহকে
কুটিল নয়নে নাহি চাহ॥
কুলবি অতয়ে করিয়ে অছমান।
ভভখনে স্বামি-বরত নিল কান॥
তুয়া নিজ নাম গাম ঘন গাবই
সো এক-আখর-রহং।

শুনইতে রাতি রতন রতি রাতৃল
চমকই তোহারি আতক ॥

তুয়া ওণ-গাম নাম ঘন গাবই

অবেকত মৃকলি-নিশান।

সহচরি-কোরে ভোরি তোহে ডাকই

গোবিকলাস প্রমাণ ॥

সা. প. (১)—১০০, ক. বি ৬১ প গী ৩৮০, ক্ষ ১৭৮৬, সমূদ ১১০ গো ১৬, রাধা ৮৬, বৃ ১৪ তর ৬০, সং ১৭, কী ১৫২

মন্তব্য – কালিদাস নাথ তাঁহার গ্রন্থে ১১ সংখ্যক পদরূপে এইটা দিয়া পাদটীকায় লিখিয়াছেন—"এই পদটী অন্ত কোন পুথিতে নাই।" কিন্তু এটা স্থ্পসিদ্ধ পদ, সব সঙ্কলনেই আছে।

পাঠান্তর—(১) নিবসতি—গী ও তক (২) রভসরসে কাহক—গী (১) রক।—গী (৪) আশদা (৫) কী নিজ—গী (৬) সহচর কোরে--কী।

ব্যাখ্যা—গোকুলের মধ্যে কত যুবতী আছে, তাহার। কেবল তক্ষা নহে বিবেধ কলায় অভিজ্ঞা, তাহার উপর স্কলরী। তাহারা হতচিত্রা হইয়া হরির নিকট আদে, কিন্তু হরি তাহাদের কাহাব ও পানে হাসিয়া তাকান না : যদি কথনও তাকান দে শাধারণ দৃষ্টিতে, রভদেব জন্ম নহে। (শ্রীগোবিন্দাস আহ গোকুলে কতি যুবতয়ঃ সন্তি ন কেবলং যৌবনদ্ধিতাঃ অপিত কৌশলবতাঃ ন কেবলং পুনস্তদ্-দাবত্যঃ স্বমূর্ত্তয়োহপি। আয়া হতচিত্তোহপি হরিরতাসাং চিত্তং হরতি অত: দর্কাস্তন্ত্রিকটমাগচ্ছন্তি দ তু হাস্তা্কুতা রভদনিমিত্তং পুন: কামপি ন পশুতি কিন্তু যদি কদাচিদপি পশ্যতি তং দাহজিকং ন তুরসোপযোগীতি রভদ-শব্দেন পুন: শক্নে চ ধ্বনিতম্। -- রাধামোহন।) স্থলরি, মনে হইতেছে তুমি শুভক্ষণে পতিব্রতার ধর্ম ত্যাগ করিয়াছ; কেননা তোমার জন্ম শ্রীকৃষ্ণ নারীত্রত গ্রহণ করিলেন। (যাহাকে পাইবার জন্ম ত্রিভ্বনের নারীরা আকুল, যাহাকে স্বয়ং রমাদেবী খুঁজিয়া ফিরেন, তিনি তোমার প্রতি কায়-মনোবাক্যে আগক্ত হইয়াছেন)। যদি তুমি বল যে, তিনি আমাকে এত ভালবাদেন তাহার প্রমাণ কি ? তাহার প্রমাণ এই যে, তিনি তোমার নামধাম বারবার গাহিতেছেন।

রাধানোহন বলেন যে (ভাষাবেগে) স্বরভঙ্গ হওয়ায় নিজের ম্থে গান না করিয়া ম্বলীর ঘারা গান করিতেছেন। বিনি এক অক্ষরের জ্ব্য ভিথারী (রস্ক) হইয়াছেন অর্থাৎ তোমার রাধানামের আত্য অক্ষর 'র'শকটি শুনিলেই আনন্দে অস্থির হন এবং 'রাতি', 'রভন', 'রতি', 'রাত্ল' প্রভৃতি শক্ষের 'র' অক্ষর শুনিলেই ব্রি রাধার নাম শোনা হইবে ভাবিয়া তোমার কথা শুনিবার জ্ব্য উৎক্ষিতহন। শ্রীকৃষ্ণ তোমার নাম ও গুণগ্রাম কতই না গান করিতেছেন। শ্রীরাধা বলিতে পারেন যে, এতই যদি গান করেন তো আমি শুনিতে পাই না কেন? তাহার কারণ যে, মুরলী-শক্ষ অব্যক্ত রহিতেছে—কেনন।তোমার বিরহে শ্রীকৃষ্ণ উচ্চস্বরে গান করিতে পারিতেছেন না। তিনি তোমার সহচরীর ক্রোডে ম্র্ছিত হইয়াও তোমাকেই ডাকেন। গোবিন্দদাস ইহার সাক্ষী।

228

যাহা যাহা নিকসই ' তম্ব তম্ব-জোতি।
তাহা তাহা বিজুরি চমক মতি ' হোতি॥
যাহা যাহা অরুণ চরণে চল চলই।
তাহা তাহা থল-কমল-দল খলই॥
দেখ সথি কো ধনি সহচরি মেলি।
হামারি জিবন সঞে করতহি খেলি॥
যাহা যাহা ভঙ্র ভাঙ় বিলোল।
তাহা তাহা উছলই কালিনি-হিলোল॥
যাহা যাহা তরল বিলোচন পড়ই।
তাহা তাহা নীল উতপল ভরই॥
যাহা যাহা হেরিয়ে মধুরিম হাস।
তাহা তাহা কুন্দ কুম্দ পরকাশ॥
গোবিন্দাস কহ ম্গধল কান।
চিনলছত বাই চিনই নাহি জান॥

সা. প. (১)—৭২, ক. বি. ৫৭ পৃ রাধা ৫৬, গো ১৪

भी ७४२, क ३२।७, मध्य ३६ मः २७, की ३७७, उन्न ४५ পাঠান্তর—(১) নিকদরে—তরু (২) চমকময়—তরু (৩) চিনি লছ—তরু।

শব্দার্থ — তহু তহু-জ্যোতি — দেহের ক্ষীণ জ্যোতি।
থল-কমল-দল — স্থলকমলের দল বা পাপড়ি অথবা স্থলপদ্দসমূহ। ভছুর ভাঙু — আকুঞ্চন ও প্রদারণ করা যায়
এমন জ। বিলোল — স্বচঞ্চল।

ব্যাখ্যা-- যেখানে যেখানে শ্রীরাধার অঙ্গের জ্যোতি: (বন্ত্রাদির ভিতর হইতে বাহির হইতেছে বলিয়। ক্ষীণ) নিৰ্গত হয়, দেখানে দেখানে মনে হয় যেন বিছাৎ চমকাইয়া গেল। যেথানে যেথানে তাহার বক্তাভ চরণ পতিত হয় (চল চলই—থামিয়া থামিয়া যেন নাচেব ভঙ্গিতে চলে), সেখানে সেখানে যেন স্থলকমলদল পডিয়া থাকে। হে স্থি! দেখ কোন ফুল্বী যেন তাহার সহচরীর সঙ্গে মিলিয়া আমার জীবন লইয়া থেলিতেছে। তাঁহার আকুঞ্চন-প্রসারণদীল ক্রর চঞ্চল ভঙ্গি যেথানেই হয়, সেখানে যেন যমুনার তরঙ্গভঙ্গি দেখা যায়। যেখানে ষেখানে তাহার চোগ পড়ে, সেগান সেধান যেন নীল উৎপলে ভরিয়া যায়। যেথানে তাহার মধুর হাস্ত দেখি, সেখানেই যেন কুন্দ কুমুদ প্রভৃতি প্রকাশ পায়। গোবিন্দাস বলেন, কানাই মুগ্ধ হুইয়াছেন, কিন্তু রাধাকে তিনি চিনিতে পারিয়াছেন কিনা জানি না।

মন্তব্য— বিভাপতির নিম্নলিখিত পদটার অন্তকরণে, গোবিন্দদাস এই পদ লিখিয়াছেন—

জহাঁ জহাঁ পদ-জুগ ধরই।
তহি তহি নবোকহ তরই॥
জহাঁ জহাঁ ঝলকত অন্ধ।
তহি তহি বিজুৱি তরক॥
কি হেরল অপরপ গোরি।
পইঠল হিয় মাহ মোরি॥
জহাঁ জহাঁ নয়ন-বিকাদ।
তহি তহি কমল পরকাদ॥
জহাঁ লছ হাদ-দকার।
তহি তহি কমল পরকাদ॥

জহঁ লহ হাদ-সঞ্চার।
তহিঁ তহিঁ অমিয়-বিথার॥
জহা জহা কুটিল কটাথ।
ততহি মদন-সর লাথ॥
হেরইতে সোধনি থোর।
অব তিন ভুবন আগোর॥
পুন কিএ দরসন পাব।
তব মোহে ইহ তুথ জাব॥
বিভাপতি কহ জানি।
তুয়া গুণে দেয়ব আনি॥ (৬১৯)

२२७

স্থহই

চম্পক দাম হেরি চিত অতি কম্পিত: লোচনে বতে অহুরাগ। জাগ্যে নির্ভুর ত্য়া রূপ অন্তরে ধনি ধনি তোহারি সোহাগ ॥ ব্যভাম-নন্দিনি জপয়ে রাতি দিনি ভর্মে না বোলয়ে আন। লাগ লাগ ধনি বোলয়ে মধুর বাণি সপনে না পাত্যে কাণ ।। রাকহিধাপ্র বাহই না পারই ধারা ধরি বহে লোর। সেই° পুরুষ মণি লোটায়ে ধরণি পুণি কে। কহ আরতি ৩এ॥ গোবিন্দদাস তুয়া চরণে নিবেদল কাত্তক সকল সমাদ। নীচয়ে জানহ তছ ছগ-গওক কেবল তুয়া পরদাদ॥

क. ति. ১७৮७

গী ৩০৪, ক্ষণদা ৫।৬, সম্দে ১১৫ তরু ৮৯, কী ১৫৩ পাঠান্তর— ক. বি. পৃথির পাঠ আরম্ভ—
হরি বটে তুহু ভেল ভাগি।
রাতি দিবদ হরি আন না ভাবিয়ে
কাল বিরহ তুয়া লাগি॥

ক. বি.-র অভাভ পাঠান্তর—(১) সঘনই মূরছই (২) তছু পানে না পাতই কান (৩) রসিক।

শব্দার্থ—চম্পকদাম হেরি ইত্যাদি—চম্পকদাম দেখিয়া ঞ্রীক্রফের চিত্ত অত্যস্ত কম্পিত হয় এবং নগনে তার অমুরাগ দেখা দের (কারণ রাধার গায়ের রং চম্পকের মত্ত্রা)। ধনি ধনি তোহারি সোহাগ—ধত্য ধত্য তোমার প্রেম। নীচয়ে জানহ—নিশ্চয় জানিও। তুয়া পরসাদ—তোমার প্রসাদ বা ক্রপা।

226

আড়ানা

কাঞ্চন-যৃথি-কমল-ময় গোবি ।
নির্মই মূরতি যতন করি তোরি ॥
তুয়া অফ্ভাবে আলিঙ্গই তায় ।
পো তত্য-তাপে ভদম ভই যায় ॥
তান তান অহে ব্যভাত-কুমারি ।
তুয়া বিরহানলে জলত মূরারি ॥
বামর নীল-উতপল-দল অঙ্গ ।
লোরে না হেরয়ে নয়নতরঙ্গ ॥
বিগলিত মূরলি খুরলি রক্ত দ্র ।
অফ্থন মদন-দহন ভরিপূর ॥
বিছুরল পিঞ্জ-মুকুট পরিপাটি ।
সহচর মেলি মরত জিউ ফাটি ॥
জীউ রহত অব তুয়া রদ-আলে ।
তোহারি চরণে কহে গোবিন্দাদে ॥

সা. প, (১)---৯৪, ক. বি ২৮৮৯ রাধা ৮০, বু ১৩ গী ৩২৭, সম্কু ১১৮, তক্ ৯০ ক: ১৫৬. সং ৩৫

গীত্বৰ, সমজা১১৮, তুকুন

পঠিান্তর—স।. প.—(১) কাঞ্চন জ্যোতি কুন্ত্ম সম

ব্যাখ্যা—হে গৌরি! শ্রীকৃষ্ণ ভোমার মৃত্তি স্বর্ণযুথি (সোনার বর্ণের যুঁইফুল) এবং কমল ফুল দিয়া যত্ন করিয়া নির্মাণ করেন। তোমার কথা মনে করিয়া 🖺 কৃষ্ণ দেই মূর্ত্তি আলিঙ্গন করেন, কিন্তু তাঁহার বিরহজনিত তক্তাপ এত বেশী যে, তাহাতে উহা যেন পুড়িয়া ছাই হইয়া যায়। তে বুষভান্তনন্দিনি, তোমার বিরহানলে মুরারি জলিতেছেন। নীলোংপলসমূহের মতন তাঁহার অঙ্গ ঝামার মত হইয়া গিয়াছে: চোথের জলে তাঁহার দৃষ্টি ঝাপদ। হইয়াছে। মুনলীর আলাপ বা অভ্যাদ (খুরলি) করা দূরে থাকুক, সব সময়ই তিনি মদনানলে পরিপূর্ণ (তাই হয়তো হাত হইতে মুরলীটা খদিয়া পড়িতেছে)। তাহার অত আদরের যে ময়্রপুচ্ছের মুকুট তাহাও তিনি ভুলিয়া গিয়াছেন। বুক ফাটিয়া তিনি মরিতে ব্দিয়াছেন। আর তাহার স্হিত সম্বেদনায় স্থারাও মরিতে যাইতেছেন। কেবলমাত্র তোমার আশাতেই এখনও ভাহার প্রাণটা আছে। এই কথা তোমার চরণে গোবিন্দাস নিবেদন করিভেছেন।

২২৭

ञ्चर्

গহন বিরহ-গহ লাগি।
রক্জনি পোহায়ই জাগি॥
করতহি তোহারি ধেয়ান।
নীঝরে ঝরই নয়ানে॥
এধনি জনি কহ আন।
তো বিহু আকুল কান॥
শীতল পীত নিচোল।
তোহারি ভরমে কক কোর॥
শো রস পরশ না পাই।
মুক্ছিত ধরণি লোটাই॥

মন মাহা মদন-তরক।
ঘন ঘন মোড়ত ত অক।
কহত ভরমময় ভাষ ।
না বুঝল গোবিন্দাস।

সা. প. (১)---৯৫, রাধা ৮২ গী ৩২৫ সমূদ্র ১১৯, তর ৯১, বু৯১ কী ১৫৭

পাঠান্তর—ন। প. আরম্ভ—গহন বিরহক আগি।
গী—(১) বিয়াকুল (২) মুকছি (৩) মোড়ই—গী
ও তক (৪) কহতহি গদগদ ভাষ।
শব্দার্থ —গহন—(১) নিবিড় (২) কানন। লাগি—

শকাখ — গংন — (১) নিবিড় (২) কনিন। লাগি — (১) জন্ম (২) লগ্ন হইয়াছে। মাহা — মধ্যে। নিচোল — বস্থ।

ব্যাখ্যা— শ্রীকৃষ্ণ গাঁচ বিরহক্ষণ কুগ্রহের দ্বারা আকান্ত হইয়া জাগিয়া রাত্রি কাটান অথবা বিরহত্তনায়তার জন্ম তিনি কানন রাধাময় দেখিতেছেন; কাননে শ্রীরাধার বিরহরূপ কুগ্রহ শ্রীকৃষ্ণে লগ্ন হইয়াছে বলিয়া তিনি জাগিয়া থাকেন। রাধে! শ্রীকৃষ্ণ তোমারই ধ্যান করেন, অঝোরে তাহার নয়ন দিয়া অশ্রুপড়ে। স্থান করেন, অঝোরে তাহার নয়ন দিয়া অশ্রুপড়ে। স্থান করের, অঝোরে তাহার নয়ন দিয়া অশ্রুপড়ে। স্থানীত পীত বস্ত্রকে গৌরাঙ্গী তুমি মনে করিয়া আলিঙ্গন করেন। কিন্তু জড় বস্ত্রের মধ্যে কোনই সরস স্পর্শ অন্তত্ব করিতে না পারিয়া মৃচ্ছিত হইয়া মাটীতে লোটান। তাহার মনের মধ্যে মদনতরক; বারংবার তিনি অক্সমোডা দেন; অময়য় কথা বলেন। কি বলিতেছেন তাহা গোবিন্দদাস ব্রিতে পারেন না।

২**২৮** আভানা

মৃদিত-নয়নে ' হিয়া ভূজযুগ চাপি। শৃতি রহল ' তহি "কছু না আলাপি॥ পরসঙ্গে কহলহি নামহি তোরি ।
তবহি মেলিয়া " আঁখি চাহে " মোরি " ॥
তবহি মেলিয়া " আঁখি চাহে " মোরি " ॥
তবহি মেলিয়া " আঁখি চাহে " আন ছন্দ ।
তোহে অহ্বত ভেল শ্রামব-চন্দ ॥
যোই নয়ন-ভঙ্গি না সহে আনক ।
সোই নয়নে " প্রবে লোব-তবক ॥
যোই অধ্বে সদা মধ্বিম হাস ।
সোই নিরস ভেল দীঘ নিশাস ॥
বিত্যাপতি ভণ মিছ নহ ভাখি।
গোবিন্দদাস কহ তুহুঁ তঁহি স্থি " ॥

ক. বি. ১৬৮৯ এবং ২৮৮৭

গী ৩২৬, সমূদ ১০৯, তক্ত ৯৩ কী ১৪৮

পাঠান্তর—(১) মৃদিত নয়ানে—গা (২) শুতি বহল হরি—গা; শৃতি বহল হরি—তরু (৩) তোরি—গা (৪) মেলি—গা (৫) বহে—গা (৬) মোরি—গা (৭) স্থন্দরী—গা ও তরু (৮) নয়নশরে—গা (নিশ্চয়ই এটি ভুল পাঠ—অর্থসঙ্গতি হয় না) (১) তুহু স্থী সাধী—গা।

ব্যাখ্যা-নয়ন মুদিয়। বুকে বাহুছয় চাপিয়া এরুঞ দেইখানে শুইয়া থাকিলেন—কোন কথাবার্তা বলিলেন ন।। প্রসঙ্গজ্মে ভোমার নাম করিলে তবে তিনি চোথ মেলিয়া তাকাইয়া আমার মুখের পানে সপ্রশ্ন দৃষ্টি নিক্ষেপ করিলেন। স্থন্দরি, এই ব্যাপার সত্যই; আমি বানাইয়া বলিতেছি না। তোমাতে খামচক্র অন্তর্যক্ত হইয়াছেন। যাহার নয়নভঙ্গী কামদেব প্রয়ন্ত সহ্য করিতে পারে না. তিনি এগন অবোর ধারায় কাদিতেছেন। যে অধরে সব সময় মধুর হাসিটী লাগিয়া থাকিত, এখন তাহা দীর্ঘনি:খাদের উত্তাপে শুকাইয়, নীর্দ হইয়াছে। বিভাপতি বলেন, এ কথা মিথাা নহে; গোবিন্দদাস বলেন —নহেই তো, আপনিই তাহার দাক্ষী। রাধামোহন ঠাকুরের ব্যাখ্যা—বিভাপতিরহং মিথ্যা ন ভণামি। ভো গোবিন্দাস ! তত্র বং সাক্ষী, অতন্তদম্বাগোহন্তি নান্তীতি কথয়। পক্ষে বিভাপতি ঠক্করস্য গীতপূরণং গোবিন্দদাস-কবিবাজেন ক্লভমিতি গম্যতে।

২২৯ ধানশী

নিরমল-বদন কমল-বর-মাধ্রি হেরইতে ভৈগেলুঁ ভোর। অলখিতে রঙ্গিণি ভাঙ-ভুজঙ্গিনি মরমহি : দংশল মোর॥ भक्षि, यर ধরি পেথলু রাই। মদন মহোদধি নিমগ্ৰ ম্যুম্ৰ আকুল কুল নাহি পাই॥ রঞ্জিম° হাসি বিলোকন চঞ্চল भना भनि (या निक्रि तनन। কিয়ে অমুবাগিনি কিয়ে বিবাগিনি ব্যাইতে সংশয় ভেল॥ মরমক বেদন মবম্হি জান্যে সদ্য ক্ৰম তহি চাই'। গোলিন্দাস ৪২ ক' নিভি নৌতন লাগয়ে রসবতি বাই।

সা প (১)—৬৭, গো১০ ত্রু ১৯৭, ন ৩, ব; ১০০ বারা ৫১, ক বি প ৫৬, রুচ প্রাণ্ড ক্ষ্ম ১৬১২

পাঠান্তর – গী — (১) মরমে দে (২) বি ্ম — গাঁও তরু (৩) ঠাই (৪) কংই।

ব্যাখ্যা— শ্রীবাধার নির্মাল ও শ্রেষ্ঠ কমলরূপ বদনের মাধ্যা দেখিয়া আমি পাগল হইলাম। সেই বঙ্গিণীব জ্রুলতারূপ সপিণী অলক্ষ্যে আমার মধ্মের মাঝারে দংশন করিল। (সে যে কথন জ্র নাচাইয়া কটাক্ষপাত করিয়া আমার অন্তরে যেন সাপের বিষের জ্রালা ঢালিয়া দিল তাহা আমি ব্রিতে পারি নাই।) স্থি, যেদিন হইতে রাধাকে দেখিয়াছি, সেইদিন হইতে আমার মন মদনমহাসারে ভ্রিয়াছে—কাজেই আমি আকুল হইয়াছি, ক্ল আর দেখিতে পাই না। সে যে চোথের কোণে যেন একটু রক্ষীন হাসি হাসিয়া আমার প্রতি দৃষ্টি ক্ষেপণ করিল তাহাতে আমি ব্রিতে পারিলাম না সে আমার প্রতি জ্যুরাগিণী কিল্লা বিরাগিণী। আমার

মর্মের যে বেদনা তাহা মর্মই জ্ঞানে, অন্তে কি বৃঝিবে?
কিন্তু শীরাধার নিকট আমি একটু সদয় হৃদয় চাহিতেছি।
কবি গোবিন্দলাসের প্রভূর নিকট রসবতী রাধা রোজাই
যেন নিত্য নৃতন প্রতিভাত হন।

২ ១0

ধানশী

বতন-মঞ্জি ধনি লাব্নি-সায়র অধরহিঁ বান্ধুলি রঙ্গ। দামিনি বালকই ১ দশন-শাতি কত হস্ইতে অমিয়া-তর্**ষ**। স্থী তে শ্বাইতে পেখলু রাই। মোহে' হেবি জনবি ভরমহি চঞ্চল চকিত চমকি চলি যাই॥ পদ ৬ই চাবি চল্ই বর নায়রি রহই । নিমিগ শর জোরি। বিষম-বিশিথ-শর অসুরে জার জাব সরবস লেয়লি মোরি। গুতি মতি ধাধ্য মনু মন গুণ যশা (लहे हनन वन वोना⁹। গোবিন্দাস কহ" বুঝাই না পারিয়ে জপতহি তুয়া গুণ-মালা॥

क. वि. २२२५

मभूष २००, उक ३ १२, की ३२६

পাঠান্তর— তরু (১) ঝলকত (২) সজনী (৩) মুঝে (৪) রহলি (৫) যশগুণ (৬) স্থধি (৭) লেই চললি সব বালা (৮) কণত অব মাধব।

ব্যাখ্যা— স্ক্রী যেন একটি রত্নের মৃকুল অথবা লাবণ্যের সাগর, তাঁহার অধর বাঁধুলি ফুলের মত লাল টুকটুকে। দন্তের কান্তি দেখিয়া মনে হয় যেন বিদ্যুৎ চমকাইতেছে; হাসিতে ষেন অমৃতের লহরী থেলিতেছে। স্বি! রাধাকে পথে যাইতে দেখিলাম। আমাকে দেখিয়া স্ক্রী ষেন ভুল করিয়া একবার চঞ্চল দৃষ্টি নিক্ষেপ করিয়া, পরমূহুর্জেই চমকিত হইয়া চলিয়া গেল। আবার সেই শ্রেষ্ঠা নাগরী তুই চার পা চলিয়া মূহুর্জকাল যেন আমার প্রতি নয়নবাণ নিক্ষেপ করিয়া দাঁড়াইল। সেই বিষম শরের জালায় (বিশিথ ও শর উভয়ই সমান অর্থবাচক। বোধ হয় কবি বলিতে চাহেন যে, স্থলরী একটিমাত্র শর নহে, শরে শরে কৃষ্ণকে জর্জন করিয়া দিল) আমাকে জর্জন করিল; আমাকে শরাহত করিয়া আমার সর্বস্থ লুটিয়া লইল। আমার গুণ, যশ, ধৈগ্য বৃদ্ধি, দৃঢ়তা (ধাধদ) দব লুগুন করিয়া লইয়া বালা চলিয়া গেল। (গ্রীকৃষ্ণ অন্থরাগে অধৈগ্য হইলেন; যাহা তাঁহার করা উচিত নহে এমন কাজও করায় তাঁহার গুণ যশ প্রভৃতি লোপ পাইল।) গোবিন্দদাস শ্রীরাধার কাছে যাইয়া মাধবের এই ভাবের কথা বলিয়া জানাইতেছেন যে, মাধব দব সময়ই তোমার গুণসমূহের কথা জপ করেন।

205

কামোদ

প্রনে উল্টায়ল কাঞ্চন-ক্যল ঐছন বদন সঞ্চার। পালটি পুন বিদ্ধল সর্বস লেই রক্ষিণি বন্ধ নেহার॥ সজনি কো দেই দাকণ বাধা। আধ নাহি পুরল নয়নক সাধ ' পালটি না হেরলুঁ রাধা। কুচ-গিরি কাঁচর ঘনঘন আঁচর হাসি হাসি তহি পুন হেরি। জ্জুমঝুমন হরি কন্য়া-কুম্ব ভরি মূহরি রাখল² কত বেরি॥ ষৰ মন বান্ধল ই ক্রিয়ে ° ফাঁফর তাহি' মিলল আন আন।

কাঠক পুতলি ঐছে মৃকছায়ত^৫ গোবিলদাস প্রমাণ ॥

সা. প. (১)— ৭১, রাধা ৫২ তরু ২০০, সং ২৩, কী ১২০ ক. বি. ১৯ পৃ গী ৩৮৪, সমূল ১০১

পাঠান্তর—গী—(১) নয়নক সাধি (২) রাথলি—গী ও তরু (৩) ইন্দ্রিয়গণ (৪) তাহে (৫) তাহে মন মুরুছিত।

শব্দার্থ—বন্ধ নেহার—বন্ধিম দৃষ্টি, কটাক্ষ। ঘনঘন

—ঘন অর্থাৎ মেঘ, তাহার মত নিবিড় অথবা
বারংবার। কাঁচর—কাঁচুলি। মুহরি—শিলমোহর
করিয়া।

ব্যাখ্যা—শ্রীরাধার মুখ দেখিয়া মনে হয় যেন সোনার কমল বাতাদে উলটাইয়াছে। আমার সর্বস্থ হরণ করিয়া ফের সেই রঞ্গীর বন্ধিম দৃষ্টি আমাকে বিদ্ধ করিল। স্থি! কে যেন ভীষণ বাধা দিতেছে, তাই প্রাণ ভরিয়া রাধাকে দেখিতে পাইলাম না। নয়নের সাধ অদ্ধেকও না প্রিতে সে চলিয়া গেল, পুনরায় আর তাহাকে দেখিলাম না। মেঘের ভায় নিবিড় বস্তাঞ্চল তাহার কুচর্গারির কাঁচুলি হইল—সে হাসিয়া হাসিয়া সেই কাঁচুলির দিকে তাকাইতে লাগিল। মনে হইল যেন আমার মনকে চুরি করিয়া কনকরুভসদৃশ কুচয়ুণ্রের মধ্যে উহা রাথিয়া বারংবার তাহা শিলমোহর করিয়া রাখিল (আমার পক্ষে সেই চুরি-করা মন উদ্ধার করা আর সভব নহে ইহাই ধ্বনি)। (তুলনীয়:

পদ্মা-পয়োধর-তটী-পরিরস্ত-লগ্ন-কাশ্মীর-মুক্তিতমুরো মধুস্থদনস্ত।

গীতগোবিন্দ-প্রথমদর্গ।)
আমার মনকে যথন বন্দী করিল, তথন চক্ষু কর্ণ প্রভৃতি
অন্তান্ত ইন্দ্রিও ফাঁফর হইল, মনের সহিত তাহারাও
একে একে যাইয়া বন্দিত্ব স্বীকার করিল। ইহা যে
আশ্চর্যান্তনক নহে তাহার প্রমাণ এই যে, কার্চপুত্তলিকার ন্তান্ন হদয়শ্ন্ত হইয়াও গোণিন্দদাস মৃচ্ছিত
হইতেছেন।

২৩২ বরাজী

সহচরি মেলি চলল ১ বররঞ্জি নি कालिकी कत्रहे भिनान। কনয়া' শিরিষ-কুম্ম জন্ম তন্ত তন্ত্ৰ-ক্চি पिनकत-कित्र**ा** रेमलान ॥ শুন সজনি, সোধনি চীতক চোর। চোরিক পন্ত ভোরি দরশায়ল গ **४ व न मानक अत्र ॥** চলতি অতি মন্তব কোমল চরণ উত্তপত বালুক বেল। সজল দিঠি-পদ্ধত হেরইতে হামারি ছত্পাছক করি নেল। চীত নয়ন যব ত্ত দে চোনারলং मुन क्रमग्न वर गानी । মনমথ পাপ দহনে তম্ম জারল গোবিন্দদাস ভাল জানি ।॥

সা. প. (১)—৭০, ক. বি. ৫৮ পু সম্দ ৯০, ট্ক ২০৪, কী ১২৬ গো১৪, রাধা ৫৫, রু৮

পাঠান্তর—তরু-—(১) চললি (২) কাঞ্চন (৩) দর-শাগালি (৪) মনু (৫) চোরাগালি (৬) মান (৭) জান।

ব্যাখ্যা—সগীদের সঙ্গে মিলিয়। সেই রঙ্গিশিশের্ছ।
যন্নায় স্থান করিতে গোলেন। তাহার দেহের কান্তি
যেন সোনার শিরিষ ফুলের মতন, কিন্তু সুযোর কিরণে
তাহা মান হইয়াছে। স্থি! শোন, সেই স্থানরী কিন্তু
চিত্তচোর। সে চঞ্চল কটাক্ষে আমাকে মোহগ্রন্ত করিয়া কি করিয়া চুরি করিতে হয় তাহা দেখাইল (আগে মোহিত করিয়া পরে চুরি করা খুব সহজ্ঞ)। সে উত্তপ্ত বালুকা-আন্তীর্ণ বেলাভূমিতে তাহার কোমল চরণ ফেলিয়া ধীরে ধীরে যাইতেছে; তাহার ছঃখ দেখিয়া আমার চক্ষ্ সজল হইল। তাহাতে মনে হইল সে যেন আমার সেই সজল চক্ষ্কে পাত্কার্মপে ব্যবহার করিয়া ইাটিতে লাগিল। সে আগে আমার চিত্ত চুরি করিয়াছিল, এখন নয়নও চুরি করিল; এখন আমার হৃদয় শৃত্য মনে হইতেছে। তাহার উপর আবার পাপ মদন যেন আমার দেহকে আগুনে পোড়াইতেছে। গোবিন্দদাস একথা ভাল করিয়াই জানে।

२७७

এ দৃতি স্থন্দরি করু অবধান।
রাই দরশন বিনে না রহে পরাণ॥
তুহুঁ সে চতুর দৃতী কি কহবি হাম।
এছে করবি যাথে সিদ্ধি হউ কাম॥
বহুত যতন করি বুঝায়বি তায়।
নহে যদি পরবোধ ধরিবি তার পায়॥
রিশ্বির কহিল দৃতি দাস হব তোর॥
গোবিন্দদাস কহে মনে অভিলাম।
সোধনী লাগি অব তরুতলে বাস॥

সিন্ধায়চক্রোদয় ১৩৮

শব্দার্থ—দোধনী লাগি অব তক্তলে বাস—আগে তে। আমি ঘরেই বাস করিতাম, সেই স্বন্ধরীই আমাকে ঘরছাড়া করিয়া তক্তলে বাস করাইতেছে।

২৩৪ ধানশী

শুন শুন স্থলর নাগর-রাজ।

গা ধনি বৈঠয়ে শুরুজন-মাঝ ॥

মৃগধি গোঙারি কবহু নাহি দক।

শুনইতে রোখব ঐছন রক্ষ॥

বিপরীত বাণি কহলি তুহু মোয়।
কৈছনে ঐছন দক্ষতি হোয়॥

ইথে এক অফুভব আছ্য়ে তায়।

বিহি যদি তাহে কছু কর্মে সহায়॥

र्शाविमनात्मत्र भनावनी ७ छाहात युग

মাধবি-কৃঞ্জ কুস্থম অন্থপাম। তাঁহা তুছ যাই অব করহ বিশ্রাম। হাম অবং ধাইয়ে রাইক ঠাম। গোবিন্দদাস কহত প্রমাণ।

उक् २३०, की ३७७

পাঠান্তর—কী—(১) ∙বৈসে রহু (২) ম্গধ (৩) যব।

ব্যাখ্যা—হে নাগররাজ শোন শোন—যে স্থন্দরীর প্রেমে তুমি অন্থক্ত হইয়াছ সে গুরুজনদের মধ্যে থাকে। সে কলাবতী নাগরী নয়, নিতান্তই সরলা গ্রামের মেয়ে, ক্ষমণ্ড কাহারও সহিত মেলামেশ। করে নাই। প্রেম করে নাই। তুমি তাহার সহিত মিলিতে চাও এরপ করে নাই।) তুমি তাহার সহিত মিলিতে চাও এরপ কথা শুনিলে সে খ্ব রাগ করিবে (রোগব)। তুমি আমাকে উন্টা কথা বলিলে, এরপভাবে মিলন কি কবিয়া হইবে? তবে এক উপায় আছে, যদি তাহাতে বিনি সাহায্য করেন। তুমি মাধবীকুয়ে (যেথানে অতুলনীয় কুয়ম ফ্টিয়াছে, সেইখানে) যাইয়া অপেক্ষা বা বিশ্রাম কব। আমি এখন রাইয়ের কাছে যাইতেছি। (যদি কোনছলে তাহাকে পাঠাইতে পারি।) গোবিন্দান ইহাব সাক্ষী।

200

মাধব কী কহব দো বরনারি।
গুরুজন নয়ন নয়নে রহে স্কুলরি
নব যৌবন মূদি ভারি॥
দিবসক মাঝ বাহির নাহি হোয়ত
দিনকর-কিরণ তরাস।
ননিক পুতলি জম্ আতপে মিলায় তাহ
মিলব হুকুল পীতবাস॥
এহি বচন শুনল যব মাধব
শুতল কুঞ্জ কুটীর।
গর গর অস্তর বচন নাহি আয়ত
বার বার নয়নক নীর॥

সহচরি গোরি করে ধরি মাধব মাজত আনন চন্দ। দাকণ মদন দ্বিগুন তত্ম দগধল গোবিন্দদাস পরবন্ধ॥

ক. বি. ১৪৭১

শব্দার্থ — গুরুজন নয়ন নয়নে ইত্যাদি— দে গুরুতর
নবযৌবনে চিহ্নিত (মুদি ভারি) হইয়া গুরুজনের চোথে
চোথে থাকে। দিনকর-কিরণ তরাস—রোদ্রের তাপেপাছে রং মলিন হইয়া যায়। পরবন্ধ—প্রবন্ধ, অন্তর্গান,
চেষ্টা।

২৩৬

নিকুঞ্জ মন্দিরে

কেদাব

মঞ্জ বঞ্ল-

সোঙ্বি সো গুণগাম। জপয়ে মন্তরে মণম অন্তবে একলি ভোগাবি নাম॥ বামা হে, তেজহ কপট ছন্দ। • মদন-হিলোলে তো বিহু দোলত नम-नमन हम ॥ হিম হিম-কর সলিল-শীকর निम्हें के लिमी-छीत्। পরশে মুরছই সর্স চন্দ্র সজল জলত চীর। কবহু উঠত কবৰ্ত বৈঠত পথ হেরত তোর। অমল কমল নয়ন-যুগল সঘনে গলয়ে লোর। এতহ যতনে পুরুষ-রতনে চিতে নাহি বিশোয়াস। গহন-বিবহ-मश्राम मश्र কহই গোবিন্দাস।

রাধা ৮১, বু ১৩

গী ৩২৭, ভক্ল ২১৭

শব্দার্থ — মঞ্ল — হলর। বঞ্ল — বেতদ। সোঙরি

—শারণ করিয়া। জপয়ে মন্তরে — মন্ত্র জপ করার আয়

গোপনে ও একমনে। হিম হিম-কর —শীতল চক্র। সলিলশীকর — জলকণাসমূহ। নিন্দই কালিন্দী-তীর — যমুনার
তীরকে নিন্দা করে (কারণ, তোমার সঙ্গে সেথানে দেখা
হইয়াছিল, তাই সেথানকার কথা মনে হইলে সন্তাপ বেশী
বাড়ে)। সজল জলত চীর — সজল বস্ত্রখণ্ড তাঁহাকে
ঠাণ্ডা না করিয়া আরও যেন দগ্ধ করে — এমনি তাঁহার
সন্তাপ। এতহু যতনে পুরুষ রতনে ইত্যাদি — এমন
পুরুষরত্র যিনি তোমার জন্ম কত যত্র বাচেষ্টা করিতেছেন,
তাঁহাকেও তুমি মনে মনে বিশ্বাস করিতে পাব না।
গোবিন্দদাস বলিতেছেন যে, সত্যই প্রগাচ বিবহ-অণ্ডিত
মাধ্ব দগ্ধ হইতেছেন।

মন্তব্য- এবংশর রাধানাম জপ কবার ভাব গীতগোবিদের পঞ্চম দর্গের নিমোদ্ধত শ্লোক হইতে লওফা—
পূর্ব্দ যত্র সমং ব্য়া বতিপতেরাসাদিতাঃ দিদ্ধনশুন্দিরের নিকুল্প থ নহাতীথে পুনর্মাধরঃ।
ধ্যায়ংখামনিশং জপর্যাপ তবৈবালাপ-মন্ত্রাক্ষরং
ভূয়স্থং-কুচ-কুভ-নির্ভর-পরীরস্ভায়তং বাঞ্জি॥
পুনবায় "হিম হিমকর দলিল-শাকর" ইত্যাদির সহিত
গীতগোবিদের চতুর্থ দর্গের নিমোদ্ধত শ্লোকের সাদৃশ্য
লক্ষণীয়—

নিন্দতি ত্রুনমিন্দ্কিবণমন্ত বিন্দৃতি খেদ্যধীব্য । ব্যাল-নিল্য-মিল্নেন গ্রলমিব কলয়তি গ্রুব-স্মীর্ম॥

209

<u>শ্রীরাগ</u>

চান্দ নেহারি চন্দনে তম্ন লেপই
তাপ সহই না পার।
ধবল নিচোল বহই নাহি পারই
কৈছে করব অভিসার॥

হৃন্দরি তো বিহু আঠুল কান'। বিরহে ক্ষীণ তমু অমুখন জর জর জিবইতে° বিহি ভেল বাম। যতনহি মেঘ-মল্লার আলাপই তিমির-পয়ান⁸ গতি আশে। ততহি উডি যাওত আ'ওত জলদ উত্তপত দীঘ নিশাসে॥ তুয়া গুণ নাম গাম জপি° জীবই বহু পুলকায়িত দেহা। ইহ অপরূপ নহ গোবিন্দদাস কহ াহা ইহ নব নেহা ।॥

পাঠান্তর—কণদায়—(১) তোহে লাগি সম্পাদল্ কান (২) অন্তথন আকুল (৩) অব ইথে (৪) তিমির-৬পত (৫) ওণগান নাম জপি (৬) কিয়ে না করু নব লেহা।

ব্যাখ্যা-মাধ্ব চন্দ্রকিরণে শাতল না হইয়া সম্ভপ্ত হন. তাই চন্দনেৰ দ্বাৰা দেহ লেপন করেন: কিন্তু ভাহাতে তাপ আবত বৃদ্ধি পায়। তিনি এমন ত্ৰাল হইয়া পডিয়াছেন যে, শুল্ল উত্তরীয়থানাও বহন করিতে পারেন না। তিনি অভিদারে কেমন করিয়া যাইবেন ? স্থলরি! তোমার বিরহে কানাই আকুল। তাহার শরীর ক্ষীণ হইরাছে, উত্তাপে সক্ষদা দেহ জজ্জর। এখন বিধাতা তাহার প্রতি বিরূপ, তিনি বার্চেন কিনা সন্দেহ। মেঘে আকাশ ঢাকিয়া গেলে তিমিবাভিনার করিবার স্থবিধা হইবে ভাবিয়া একিফ যত্ত্বের সহিত বংশীতে মেঘমলার রাগ আলাপ করেন, ভাহাতে মেঘের উদয় হয় বটে, কিছ তাহার উভপ্ত দীর্ঘনি:খাদে দে মেঘ তথনই উড়িয়া যাইতেছে। দেইজকত তাঁধার পক্ষে অভিনারে যাওয়া সম্ভব হইতেছে না। তাই তিনি তোমার নাম জপ করিয়া বাঁচিয়া আছেন। (ভাহা না হইলে বিরহে মরিয়া যাইতেন।) তিনি তোমার গুণগানও করিতেছেন। তাহাতে তাঁহার দেহ রোমাঞ্চে ভরিয়া ষাইতেছে। গোবিন্দদাস বলিতেছেন, ইহা বিচিত্র নহে; নব অন্তরাগে কি না হয়।

206

স্বহই

কিয়ে হিমকর-কর কিয়ে নিঝর বর কিয়ে কুম্বমিত পরিবন্ধ। কিয়ে কিশলয় কিয়ে মলয় সমীরণ জলতয়ে চন্দ্ৰ-পদ। অব অবধারলু রে কামু তুয়া পরশক রঙ্ক । ভোরি মুকছায়ই নায়রি-কোরে অপরপ মদন-আতিক ॥ জন্ম নব জলধর ধরণি লোটায়ই আকুল চিকুর বিথারি। নয়ন ঘন বরিখয়ে রাধানামে আরতি কহই না পারি॥ ধনি ধনি তুহ ধনি রমণি-শিরোমণি কান্ত দে খাহে একন্ত। তুয়া পদ-পঙ্গজ ভালে নাহি ছোড়ই গোবিন্দাস মতিমন্ত ॥

সা. প. (১)—১•১, ক. বি. তরু ২১৯, গীত ২৮, ক্ষ ২২/৫ ২৭৯০, রাণা ৮৫, বু ১৪

পাঠান্তর—(১) নিরঝর—তক (২) জলতহি—গী ও তক (৩) অব আধারলুঁরে ইত্যাদি তক ও সমুদ্রে আছে, কিন্তু গীতচন্দ্রো—স্থলরি! কান্তু জীয়ে তুয়া পরসঙ্গে; কণদায়—স্থলরি! কান্তু তয়া পরশকো রহ (৪) তে। বিন্তু মুক্ষছই—তক (৫) অপরপ নয়ন-তরকে—গী (৬) তোহারি—গী ও তক।

ব্যাখ্যা—মাধবের অঙ্কে চন্দনপত্ন লেপন করিলেও তাহা আগুনের মতন জালা দেয়। এরূপ অবস্থায় চন্দ্রের কিরণ কি করিবে কিম্বা পর্বতে যে নির্বর আছে তাহার শীতল জল আনিয়া তাঁহার উপর প্রক্ষেপ করিলে (নির্বরস্থ অতি- সিম্বস্থ পর্বতম্বপ্রবাহস্থ নির্জ্জনবনে নায়কস্থ তত্ত্ব গমনা-দামর্থ্যাৎ জলমানীয় পুনদত্তক্ত অবক্ত প্রবাহকাপ্যকিঞ্চিৎ-করতম্। এবমর্থে "প্রবাহে নির্মরে ঝর" ইতি ত্রিকাণ্ডস্মরণে-২পি ন পৌনকক্ত্যম—রাধামোহন) অথবা পর্যাঙ্গের কুস্থম**ম**য় শ্যায় শ্য়ন ক্রাইলে কি হইবে? এখন নিশ্চিতরূপে বুঝিতে পারিলাম যে, কানাই তোমারই স্পর্শের ভিথারী (রঙ্ক = দরিদ্র)—চন্দনাদির নহে। তিনি এমনিই প্রেমোন্মত্ত त्य, ज्या नातीत त्काल छहेशां अन्तित छत्य पृष्टा यान । ইহাতে প্রমাণিত হয় যে, তিনি তোমারই স্পর্শের কাঙ্গাল, অন্তের নহে। তাঁহাকে দেই অবস্থায় দেখিয়া মনে হয় যেন নবজলধর মাটীতে লুটাইতেছে; তাঁহার কেশরাজি বিশৃঙ্খল। তাঁহার আত্তির কথা বলা যায় না, রাধা-নাম শুনিলেই তাঁহার নয়ন হইতে ঘন বর্ষণ হয়। ধন্ত ধতা তুমিই ধতা হে রমণীদের শিরোমণি, কেননা কাহুর গ্রায় বল্লভ একান্ত তোমারই। সেইজ্বল মতিমন্ত অর্থাৎ স্থচতুর গোবিন্দদাদ তোমার চরণ ছাড়িবে না, ষতক্ষণ ন। তুমি অভিদারে যাও (মাধবের অভিদারে যাওয়ার সামর্থ্য নাই, স্থতরাং ভোমাকেই যাইতে হইবে। গোবিন্দ-দাদো মতিমান খদভিদারং বিনা খচ্চরণং ন ত্যজ্তীতি ভাব:--রাধ্যমোহন)।

5.02

শ্ৰী রাগ

আজু যে। পেখলুঁ গোরি কিশোরী।

ত্রি কুবন থাঁর বিজুরি কি জোরী॥
ভোগি-ভোগপর কনয়। সরোক্তহ
ভিথি পর খন্ধন-খেল।।
বিধুস্কদ-ভাত্মক কবলে মদন-ধন্ধ
দরশনে মনমথ গেলা॥
ভক নব হেরি বিশ্ব পর ধাওত
মোতিম দেখি মন-ভঙ্গে।
ভাবণে না শোহত দেই রজনিকর
ভারক বেচল অক্ষে॥

কনয়া-ধরাধর কুচ-যুগ মন্থর
কেশরি-পতি গতি থোর।
রণিত মনোহর পদযুগ-নূপুর
গোবিন্দদাস তহিঁ ডোর॥

বু ২৬৭

অ ৬ ১

শব্দার্থ-ত্রিভূবন থীর বিজুরিকি জোরী-সেই গোরীর দঙ্গে তিভুবনে স্থির বিজুরিরই একমাত তুলনা হইতে পারে। ভোগি-ভোগপর—(গ্রীবাবিলম্বিত বেণী-রূপ) সাপের ফণার উপর। কন্য়। সরোক্ত—(বদনরূপ) সৌনার কমল। তথি পর গঞ্জ-থেল।—দেই বদনের উপর নেত্ররপ গঞ্জনের ক্রীড়া। বিধৃষ্কদ ইত্যাদি—(কেশরপ) রাছর কবলিত (সিন্দুর বিন্দুরূপ) ভাতর কবলে (জরপ) মদন-ধন্ন পতিত হইয়াছে দেখিয়। নিজ্ধক রক্ষার জন্ম নত্রণ উপস্থিত হইল। (মায়িকার তাদৃশ অদ্বত শোভা দর্শনে আমার চিত্তে মূম্মথ সমূদিত হুইল —সতীশচন্দ্র বায়)। শুক নব হেরি ইত্যাদি—(নাদারূপ) ভকপক্ষী (ওষ্ঠাধরক্র সর্ম বিম্বফল) দেখিয়। উহার উপর ধাবিত হয়। (কিন্তু উহার কোমল বীজসমূহের স্থলে) ভঙ্ক ও কঠিন (দন্তপ:জিক্সপ) মুক্তারাজি দেথিয়া ভগ্নমন। হয়। শ্রবণে না শোহত ইত্যাদি—কানে তুই (কুওলব্ধপ) চন্দ্র শোভা পাইতেছে; তারকারাজি অঙ্গ বেষ্টন করিল। তাহাব কুচ্যুগ যেন দোনার পাহাড়; তাহার মন্ত্র গতিভঙ্গি সিংহরাজের গতিকে লাঞ্চিত করে। পদ-যুগের নৃপুরের শব্দ মনোহ্র। তাহাতে গো।বৈন্দাদ মত্ত হইয়া আছেন।

২৪০

ধানশী

রাইক রূপ মরমে জব লাগল
মাধব আত্র ভেল।
মলয়জ মাল কুস্থম তৃণ তামূল
সহচরি করে ভরি দেল।

পহচরি বহুত যতন করি কহবী। যো কিছু বচন কহই বর রঙ্গিণী সকল আপন করি সহবী॥ তুয়া পথ হেরি রহলু হাম কুঞ্জে यत षानि भिना अति ताहै । তাকর দরশনে^৫ পুরব মনোরথ তব হাম জীবন পাই ॥ **ভ**নল সহচরি ^৭ মাধব ৬-বচন হাসি কহত মৃত্ভাষ্ট। আদ্বুক রজনী হুহু জ্বনে মিলায়ব কহতহি গোবিন্দদাস:॥

क. वि. ६१

म_{् ७२}, की ३६९

পাঠান্তর—(১) কর—কী (২) মুখ—সং (৬) কুঞ্বন্দ্র—নং (৪) ভার—কী (৫) সে। মুখ দরশনে—কী (৬) এতেক—কী (৭) শুনল যব সংচরি—সং (৮) কহত্তি গদগদ ভাষ—সং

(৯) আজুক রজনী দোহে স্বথে বঞ্বি চলত্হি গোবিন্দাস—সং।

শব্দাথ—মলয়জ মাল কুল্লম তৃণ ভাষুল—চন্দন, মাল্য, ফুল, ভাষুল অভুরাগ জানাইবার জন্ম ও নিজের দৈল্ল জানাইবার জন্ম তৃণ। সকল আপন করি সহবী—
সে ভোমার দৃতিয়ালীতে বিরক্ত হইয়া কিছু কড়া কথা বলিলেও নিজেব কাজ মনে করিয়া সহ্ম করিও; চটাচটি করিও না।

285

স্বহই

বাধানাম আধ শুনি চমকই ও
ধরই না পারই অন্ধ ।
লোচন-লোর- লহরী ভরে আকুল
কো কছ প্রেম-তরক ॥
ফুন্দরি ! দ্ব কর হাদয়কো বাধা ।
রাধামাধব তুয়া অবধারলুঁ
মাধবকি তুহুঁ বাধা ॥

ভোহারি সম্বাদ স্থারসে উনমত
হিসি হিসি ঘন তম্থ মোর।
লেখত পাতি দেখত নাহি কাজর
গদগদ রোধল বোল॥
গীমকিং ভঙ্গে পদ্ম দরশাওল
ত্বাঁ দিঠি-পদ্মজ মৃদি।
গোবিন্দদাস কহই ধনি ধনি তৃহ্ঁও
সমুঝ্য ইন্ধিত শুধি⁸॥

পাঠান্তর— সা. প. আরম্ভ—রাধ বচন আগতনি। সম্দ্র—(১) চমকিত (২) গীমক (৩) কহয়ে শুন ধনি ধনি (৪) সম্ঝবি ইঙ্গিতে সোধি।

ব্যাখ্যা—মাধব রাধানামের রা মাত্র শুনিয়াই চম্কিয়।
উঠেন, অঙ্কের পুলক সম্বরণ করিতে পারেন না। নয়নের
জ্বলের তরঙ্গভরে তিনি আকুল হইয়। উঠেন—প্রেমতরক্বের কথা কে বর্গনা করিতে পারে ? তুমি নিশ্চিতরূপে
জানিলে যে, রাধারই মাধব আর মাধবেরই তুমি রাধা।
তোমার সংবাদরূপ স্পধারস্পানে সে উন্মন্ত হইয়। হাসিয়া
হাসিয়া বারবার অঙ্গনোড়া দেয়। সে পত্র লিখিবে,
কিন্তু ভাবাবেগে কালি কোথায় দেখিতে পায় না, গদ্গদস্বরে কথা বলিতে বলিতে তাহার বাক্রোধ ঘটে। সে
গ্রীবাভক্ষি করিয়া হই নয়নকমল মুদিয়া পথ দেখাইল
(নয়ন বন্ধ করার ইন্ধিত এই যে, রাত্রি অন্ধকার হইলে
যেন স্ক্রী অভিসার করে)। গোবিন্দদাস বলেন, ধয়
তুমি স্ক্রী। এই ইন্ধিত ভাল করিয়া বৃঝিয়া দেখ।

२8२

🗐 রাগ

কত কত ভ্বনে আছুয়ে বর নাগরি
কে না করই অভিলাষ।
থো পুরুষ রতন যতনে নাহি পাওই
সো তুয়া দাসকি আশ॥

সন্ধনী আর কত সাধসি মানে। লোরে লাঞ্চদি রসময় লোচন অহভূয়ি সহসি পরাণে।। যাকর মুরলী আলাপহি কত কত কুলরমণীগণ ভোর। তোহারি প্রেমভএ বাত না কহতহিঁ অতএ কি মানসি থোর।। ' প্রেমকি দহন প্রেমপয়ে শীতল আনহি হোয়ত আন। চন্দনি তাপই চন্দন চন্দ্ৰ গোবিন্দদাস রস্গান ॥

সং ৩৪

শব্দার্থ—সো তুয়া দাসকি আশ—সে তোমার দাস হইতে চায়। রসময় লোচন লোবে লাঞ্চি—সেই রসময়কে নয়নজলে লাঞ্চনা করিতেছ। অসভৄয়ি সহসি পরাণে—তাহা অস্কুভব করিয়াও তুমি প্রাণে সহ্ করিতেছ। অতএ কি মানসি থোর—ইহা কি অল্প বলিয়া মনে কর? প্রেম-কি দহন প্রেমপয়ে ইত্যাদি—প্রেমের যে জলন তাহা প্রেমের মিলন দারাই শীতল হয়। অতা জিনিস অতাপ্রকার হয়—য়েমন সে জালা মিটাইতে চন্দন ও চন্দ্রকিরণ প্রয়োগ করিলে তাহাতে তাপ বৃদ্ধিই পাইবে। গোবিন্দাস এই রস গান করিতেছেন।

289

তথা রাগ

তক্ষতলে বৈঠই পন্থ নেহারই
নয়নে গলই বহু লোর।
বাই বাই করি কত না ফিরই হরি
মনমাহা দেয়ই কোর॥
স্থানরি তোর বড়ি হৃদয় পাষাণ।
তুয়া লাগি মদন- শরানলে পীড়িত
জীবইতে সংশম কাহু॥

সহজ্ঞ কমলদল তাহি মলয়ানিল
অগোরে লেপিত খ্রাম অক।

চমকি চমকি হরি উঠই কতেক বেরি
হা হত মদন-তরক্ষ॥
ভন দথি রে ধনি রমণী-শিরোমণি
জাই কি ভেটহ কাহ্ন।
গোবিন্দদাদ কহে তুরিতে নডু ফুন্দরি
কাহ্ন ভেল বহুত নিদান॥

সং ৩৬

শব্দার্থ—কত না ফিরই—কত ঘুরিয়া বেড়ায়। মনমাহা দেয়ই কোর—মনে মনে তোমাকে আলিঙ্কন দেয়।
হা হত মদনতরঙ্ক—মদনতরঙ্কে দে জলিতেছে। বহুত
নিদান—কানাই একেবারে শেষ অবস্থায় আছে।

\$88

সুহই

চন্দন-চান্দ লিখি চ্পই কাচ্চ।
লাজে কমলম্থি তেরছ বয়ান ॥
কিশলয়দলে কক দশনকি ঘাত।
কিশলয় হেরি ধনি হেঠ রছ মাথ ॥
ঘন নথরেথ দেই কনয়া কটোর।
উহুঁ উহুঁ করি ধনি মোড়ই কোব॥
চম্পকদাম আলিক্ষই কান।
লাজে গোরি স্থেথ হরল গেয়ান॥
নীল পীত কিয়ে গলিত পিধান।
গোবিন্দদাস ঘুহুঁ ক গুণ গান॥

জীসজনীকান্ত দাদের পু"ধি (পুঃ
১•৪) হইতে ডঃ সুকুমার দেন
কতৃ কৈ নৃতন পদ বলিয়া সাহিতাপরিষংপত্রিকায় (৩৬ থও)
প্রকাশিত।

ব্যাখ্যা—ইঞ্চিতে মনের অভিলাষ জানাইবার জ্ঞা কানাই চন্দন দিয়া চাঁদ অঙ্কন করিয়া চাঁদমূথ মারণ করিয়া

সং ৯২ এবং ১৮٠

চুখন করে; তাহা দেখিয়া স্থলরী কমলম্থী লজ্জায় মৃথ বাঁকায়। নবপল্লবদল দাত দিয়া কাটে, স্থলরী সেই কিশলয় দেখিয়া মাথা হেঁট করে। একটি সোনার বাটীতে বার বার নথের রেথা অন্ধন করে। স্থলরী ভাহা র্ঝিতে পারিয়া যেন আঘাত পাইয়াছে, এইভাবে অঙ্গ মোড়া দেয়। চম্পকবরণীর কথা ভাবিয়া কানাই চম্পকদামে আলিঙ্গন করে, তাহা দেখিয়া গৌরী আনন্দে যেন চেতনা হারায়। একজনের নীলবসন, অপরের পীতবসন যেন খুলিয়া পড়ে। গোবিন্দদাস ছুইজনের গুণগান করেন।

₹8¢

ধানশী

তক্ষক চি-হারী কিরণ-মণি-কাতি।
পহিরল নীলবসন কত ভাতি॥
এহো নেহারি কি বিজুবিক রেহা।
লাজে লুকায়ল সঘন মেহা॥
দেখ দেখ স্থবল বিপিনে কোন গোরী।
বলকয়ে চিত চোরায়লি মোরি॥
খজন-গজন লোচন জোর।
থৈছে চিত্রগতি চাক্ষ চকোর॥
হেরি হেরি অতয়ে করিয়ে অহমান।
খজন খজ ভেল চলই না জান॥
চলইতে কল্প বুলু মজির বোলই।
মনসিজ মন্ত্র বেকত জল্প ভনই॥
ইথে কৈছে ধৈরজ্ঞ ধরবহি কান।
গোবিন্দাশ এতহু নাহি জান॥

ক. বি. ২৯৯৯

की ३३8

ব্যাখ্যা—মণির কিরণের কাস্তি হার মানিয়াছে স্থলরীর তন্ত্র কাস্তির কাছে। সে কত কায়দা করিয়া নীল দাড়ী পরিয়াছে। এ কি বিহ্যাংরেখা দেখিলাম? দেব কি লজ্জা পাইয়া দঘন মেঘে লুকাইল? স্থবল, দেখ দেখ বিপিনে কোন গৌরী বলপ্র্কক আমার চিত্ত চুরি

করিয়া লইল। তাহার নয়নযুগল খঞ্জনকে গঞ্জনা দেয়;
সেই নয়নদ্বয় দেখিয়া মনে হয় খঞ্জন যেন খোঁড়া হইয়াছে,
চলিতে পারে না, তাই স্থলরীর নয়নরূপে অবস্থান
করিতেছে। চলিবার সময় তাহার নৃপুরে রুফুঝুফু শব্দ
হয়, তাহাতে মনে হয় যেন মদনের মন্ত্র ব্যক্ত করিয়া
বলিতেছে। ইহাতে কানাই কেমন করিয়া ধৈর্যা ধ্যকিবে? গোবিল্লদাস একথার কোন উত্তর জ্বানে না।

২৪৬ ধানশী

এ ধনি এ ধনি বচন শুন।
নিদান দেখিয়া আইছ পুন॥
দেখিতে দেখিতে বাড়ল ব্যাধি।
যত তত করি নাহি ঔষধী॥
না বান্ধে চিকুর না পরে চির।
না করে আহার না হয় থির॥
সোনার বরণ হইল শ্রাম।
সোঙরি সোঙরি তোহারি নাম॥
স্বতল ভূতল সোঙরি রাধা।
কহই বচন না বৃঝি আধা॥
ভূলাথানি দিল্ল নাকের কাছে।
দেখিল্ল কেবল সোয়াদ আছে॥

আছয়ে দোয়াদ না রহে জীব।

বিলম্ব না কর মোহর দিব॥

গোবিন্দদাদের বিরহ-বাধা।

ইহার ঔনধ কেবল রাধা।

को ३६३

শব্দার্থ—নিদান—শেষ অবস্থা। আইছ—আদিলাম।
না বান্ধে চিকুর—শ্রীক্ষফের লম্বা লম্বা চুল, তাহা আঁচড়াইয়া
সজ্জিত করে না। স্বতল—শুতল, শুইয়া থাকে। সোয়াদ
—শাসমাত্র। না রহে জীব—ইহাতে কিন্তু জীবন
ধাকিবে মনে হয় না। মোহর দিব—আমার দিব্যি।

289

ত্রী রাগ

সহজই শ্রাম হুকোমল হুশীতল

দিনকর কিরণে মিলায়।

গো-তহু-তাপ লব নাহি পরশিতে

মলয়জ পদ্ধ শুখায়॥

সজনী কত সম্বায়ব নীত।
কাহু কঠিন পথ কয়ল আরোহণ

গণি গণি তোহারি পীরিত॥
অহুক্ষণ নয়ানে নীর নাহি তেজই

বিরহ আনলে হিয়া জারি।
পাবক পরশে সরস দারু জহু

একদিকে নিকসয়ে বারি॥
নবীন নলিনদল কত না বিছায়ব
শুতলি অতি অবসাদে।
গোবিন্দাস কহ চামর ঢুলাইতে

অধিক বাড়য়ে পরমাদে॥

কা ১৫৯, ক্ষণদা ৭।৫

পাঠান্তর: ক্ষণদা—(১) জ্ঞানদাস কহে চামর ঢুলাইতে অধিক উপজে পরমাদে।

ব্যাখ্যা—ভামের তক্ত সহজেই স্থাতিল ও ননীর মত স্থকোমল, রৌদ্রের তাপে যেন গলিয়া যায়। সেই তক্তর তাপ এখন এমন বেশী হইয়াছে যে, চন্দনপদ একট় ভাঁয়াইতে না ছোঁয়াইতে শুকাইয়া যায়। স্থনরি! তোমাকে রোজ রোজ (নীত=নিত্য) কত ব্যাইব। কানাই তোমার প্রেম শ্রনণ করিয়া কত কঠিন পথে আরোহণ করিয়াছে। তাহার লয়নে কখনও জলধারার বিরাম হয় না; বিরহ অনলে তাহার অন্তর জলিতেছে—যেমন ভিজা কাঠের একদিক্ জলে, অন্তদিক্ হইতে জল বাহির হয়। নব নব কমলদলে কতবার শ্রমার রচনা করি, কিন্তু তাহাতে দে অবসম হইয়া শুইয়া থাকে। গোবিন্দদাদ বা পোঠান্তরে) জ্ঞানদাদ তাহার বিরহায়ি উপশম করিবার জক্ত চামর চুলাইতে লাগিলেন, কিন্তু

তাহাতে বিপদ আরও বাড়িয়া গেল: আগুন আরও জোরে জনিতে লাগিল।

₹86

ধানশী

শুনইতে মাধব বিরহ বেয়াকুল কম্পই ভান্থ-কিশোরী। লোচন লোবহি ভিগল অম্বর অঙ্গ সম্বরি নাহি পারি॥ স্বন্ধী চলতই কাত্ত্ক পাণে। থৈছে চাতকিনী হেরি নবাম্বদ ধায়ই পরম পিয়াদে॥ চির চিকর কিছই নাহি সম্বরু পথ বিপথ নাতি জানে। বিপুল নিতম ভরে গতি অতি মন্তব নিমিখ কোটা যুগ মানে যোপদ নব নব কমল স্বকোমল ধরণী পরশে ভয় লাগে। সো অব কণ্টক স্প্রট বাট্ছি রোপি ধায়ল অসুরাগে : বিরহে বিমোহিত ভূতলে সোগুই যাহা নব নাগর কান। সোই কুঞ্জে ধনি দৃতি আগে কবি হেরি রহু কমল ন্যান। প্রিয় সহচরী শ্রবণতি কহততি এ ব্ৰজ্ঞ-জীবন কান। আয়ল তোহারি প্রাণপ্রিয়ে রাধিকে হেরহ মেলিয়া নয়ন। বাইক নাম প্রবণে যব শুনল হেরইতে রাইক অঙ্গ।

গোবিন্দদাস কহ বিরহ দূরে গেও

উপাল প্রেমতরঞ্জ

শব্দার্থ — কম্পই — কাঁপিতেছেন। ভাম-কিশোরী— ব্যভাত-নন্দিনী বাধা। যৈছে চাত্কিনী ইত্যাদি-নতন মেঘ দেখিয়া পরম তৃষ্ণা লইয়া চাত্রকিনী যেমন তাহার পানে ধাবিত হয় তেমনি সবেগে রাধা শ্রীক্লফকে দেখিতে চলিলেন। নিমিথ কোটা যুগ মানে—হুন্দরী নিতম্বভরে জোরে চলিতে পারিতেছেন না, গতি মন্থর হওয়ায় দেরী হইতেছে, আর প্রত্যেক নিমেষকালকে তিনি কোটা যুগ বলিয়া মনে করিতেছেন। কণ্টক সঙ্কট বাটহি-कर्छकोकीर्ग मक्षर्वभग्न भएथ । उथनन-उथनिया उठिन. উদ্বেল হইল।

২৪৯

ধানশী

রসবতি সরস পরশ মুখবঙ্কে। কি করব চন্দ্র ইন্দ্রন পক্ষে॥ শীতল কর-কিশলয় যাঁহ। আগি। কী ফল ভাহা ভক্ত কিশ্লয় ভাগি॥ শুন শুন রমণিশিরোমণি রাধে। তো বিহু কাহু ক সব ভেল বাধে। পছমিনী কোরে যো তাপ না তেজ। কি ফল তাঁহি ক্যলদল সেজ। বিধুমুখী চুম্বনে যাহে না সোহাই। কি করব ভাহা বিধুকিরণ বিপাই ॥ এতদিনে দূরে গেল সব তৃথ ভান। জানলু অব তুয়া অহুচর কান॥ অতয়ে দে নাগরি জানি কহ আন। ্ৰেবৈন্দাস তোহারি গুণ গান॥

বরাহনগর ৪ (৩) ৪৬

পদামৃতসমুদ্র ১১৭, কী ১৫২

क. वि. ७১, मा. প.

(১)-৯৬, রাধা ৮৩, বু ১৪

ব্যাখ্যা-মাধবের প্রাণ শ্রীরাধার অঙ্গর্মার লাভ করিবার জন্ম ব্যাকুল হইয়াছে। তাঁহাকে শাস্ত করিবার জন্ম চন্দ্রকিরণ ও ঘনচন্দ্রপদ্ধ প্রয়োগ করিয়া লাভ নাই. কেননা তিনি অন্ত রসবতীর সরস স্পর্শ পাইলেও মুথ বাঁকাইয়া লন। যেথানে শীতল করপল্লব তাঁহার গায়ে বুলাইলে তিনি আগুনের ছোঁয়া লাগিতেছে মনে করেন, দেখানে তরুর নব পল্লব ভাঙ্গিয়া কি লাভ ? রমণীশ্রেষ্ঠা রাধা, শোন শোন, তোমা ছাড়া আর সব কিছুকে কানাই বাধা মনে করেন। অন্ত পদ্মিনীর কোলে তাঁহাকে শোয়াইয়া দেখা গিয়াছে যে, তাঁহার তন্তর তাপ কমে না; স্ক্তরাং কমলদলের শ্যায় শোয়াইলে কি ফল হইবে ? বিধুমুখীদের চ্মন যেথানে শোভা পায় না, সেথানে চন্দ্রকিরণকে নিলা করিয়া (বিগাই) লাভ কি ? এতদিনে সব তৃংথের কারণ দ্র হইল; বোঝা গেল যে, কানাই তোমার অন্তর। অতএব এখন আর তৃমি যেন কোন ওজর আপত্তি করিও না; মাধ্বের সঙ্গে মিলিত হও। তাহা হইলে গোবিন্দান তোমার গুণগান করিবে।

সো পদকমল হাদয়ে করি লেব। গোবিন্দাস যব অমুমতি দেব।

ক. বি. ৩০০০

গীতচক্রোদয় ৩৫৬

পাঠান্তর—'গো' পুঁথি (১) যব করু (২) রদিম জাদ বিথারল পীঠ।

শব্দাথ — অলিসঞে—স্থীদের সঙ্গে। গীম মোড়াই
—গ্রীবা বিষিম করিয়া। লোলিত— তুলিতেছে। তরকই
কাঁতি—কাস্তি যেন তলকিয়া পড়িতেছে, প্রবাহিত
হইতেছে। ফাঁসক ভাঁতি—কেশজাল যেন ফাঁস বা ফাঁদের
মতন। চিতমুক্তি কিয়ে রহলহি লেখি—সে কি মানবী না
চিত্রে অন্ধিত মৃত্তি ? যাবক শোভা—আলতার সৌন্দর্যা।
গোবিন্দদাস যব অনুমতি দেব—যথন গোবিন্দদাস অনুমতি
দিবেন তথন।

200

ধানশী

করি: জলকেলি অলিসঞে বালা। হেরলু পথে জম্ব চান্দকি মালা॥ অপরপ রপ নয়নে মঝু লাগি। অন্তথন মাধুরী মরমহি জাগি॥ এ স্থি। এ স্থি। মোহে হেরি রাই। বিহসি বহলি ধনী গীম মোডাই ॥ সোমুধ ঝলমল নিরমল জোতি। লোলিত নাসক বেশর মোতি॥ রঙ্গ অধ্রপর চরকই কাতি। মদনমোহন থৈছে কাঁসক ভাতি॥ বৃদ্ধিম কেশ বিপারল পীঠে। চকিতহি মঝু মন লাগল দিঠে॥ ঐছে স্থকেশিনী হাদ নাহি দেখি। চিতমুক্তি কিয়ে রহলহি লেখি॥ পদন্ধ অঙ্গুরি যাবক শোভা। দশনথ ভয়ে চান্দ অরুণহ লোভা॥

203

धाननी

যদ্র। যাইতে পথে রসবতী রাই। ় দেখিয়া বিদরে হিয়: দোয়াথ গনা পাই।। কি বা খণে আল দোই কৈ দেখিত ভারে। ওরপ লাবনি ধনি। নয়নে উপরে ॥ মেলিয়া দীঘল কেশ ফেলিয়া নিভাষে। চলে বা না চলে রাই° রস অবলম্বে । তাহে মুখ মনোহর ঝলমল করে। কাম চামর করে পূর্ণ শশধরে॥ তাহে অতি বিরাজিত ঘাম বিন্দু বিন্দু । মৃকুতা ভূষিত যেন পূণমিক হলু॥ यन यथुद शंग विनाम व्यथदत । সেই সে সমাধি বহু মরম ভিতরে॥ फूप्रन नीनिम तान त्राट आंध छेत्त । আধ গিরি মাঝে যেন নবজ্ঞলধরে॥ উর আধ পরে লোলে মুকুতার হারে। ऋष्मक भिश्रत रयन ऋतधुनी धारत ॥

মঝু মন রহি তহি করত সিনান। গোবিন্দদাস কহে ইহ প্রথান॥

ক. বি. ৫৬, রাধা ৫০

क ১৮।०, भी ७६७, मः २८ को २२०

পাঠান্তর—ক্ষণদায় (১) সন্ধিত (২) আইজ স্থি (৩) বনি নয়ন উপরে (৪) ধনী (৫) তথি বিরাজই শ্রম ঘর্ম বিন্দু বিন্দু।

শব্দার্থ— কাম চামর করে পূর্ণ শশ্ধরে—কামদেব যেন
চন্দ্রকে চামর করিতেছেন। রাধার মুখ যেন পূর্ণ শশ্ধর
অপর কেশ চামরতুল্য। সমাধি রহু—ধ্যানে থাকুক।
ফুয়ল নীলিম বাস—বোলা নীল বসন (আঁটসাঁটি নহে)।
রহে আধ উরে—অদ্ধেক বক্ষের উপরে থাকে। আধ গিরি
মাবো যেন নবজলধরে—বক্ষের অনাবৃত অদ্ধেক অংশ যেন
পর্কাতের অর্চ্নংশ আর নীলবসন হইতেছে নবজলধর।
লোলে—দোলে।

202

গুঞ্রী

কাষ্ঠক মৃথে শুনি গদগদ ভাষ।
মিলল সংচরী রাইক পাশ॥
'অন্দরী কুশল পুড়ই হসি থোরি।
দথী কত নয়নে নগন্যুগ জোরি॥
শুন শুন এ বৃষভান্ঠ কুমারি।
তুরা বিশ্ব আকুল রসিক মুরারি॥
দেই দরশ তুত্ত সরবস্থ নেলি।
ভিলে ভিলে ভাক কৈছে মভি ভেলি॥
তুয়া রূপ নিরমিয়া দেয়ই কোর।
হেরইতে লোচনে গলহিত লোর॥
কহই না পারই মদন হুভাশা।
কতয়ে যতন ক্রু গোবিনদাস ॥

গাঁত্ৰত কী ১৪৭

পাঠান্তর-কী (১) কাহুক বচন শুনি (২) তৃতীয়

ও চতুর্থ চরণ 'কী'-তে নাই (৩) গলতহি (৪) ছতাশে (৫) চামর ঢুলায়ই গোবিন্দদাদে।

শব্দার্থ — নয়নে নয়নযুগ জোরি — মনোযোগ আকর্ষণের জন্ম চোথে চোথ রাথিয়া। তিলে তিলে তাক কৈছে মতি ভেলি — তিলে তিলে তাহার সম্ভন্ধে তোমার কি রকম বৃদ্ধি হইল ? দেয়ই কোর — আলিঙ্কন দেয়।

200

যব বিহি বালিদঞে লেহ ঘটায়ল ধবদঞে মাধবী বাদ। আপ মৃক্থপন আপে ঘটায়ল মধুপকি ভতহি ওদাস। মাধব! না কর মনোরথ-বাধ। মাধবী মনুপ এ ক্ৰিছি ভিন নছ भगरा श्वर भार ॥ মুকুলিত হোত যবহি মধুমাধবী ধর রহু ভুজহি পদারি। সে মধু পিবইতে খ্যাম ভ্রমরবর কৌনে বিঘিনি করু পারি॥ মুম উপদেশ শ্রবণে নাহি ভনহ করহ স্বদৃঢ় বিশোয়াদ। যোগি ধরম থৈছে সময়ে সোহায়ত° কহতহি গোবিন্দদাস।

र्जी ४००, की ५०७

পাঠান্তর—কী (১) তহি (২) ধরবহু (৩) সহায়ত।
শব্দার্থ—লেহ ঘটায়ল—প্রেম ঘটাইল। ধবসঞে
মাধবী বাস—স্বামীর সঙ্গে মাধবীর একত্র বাস।

ব্যাখ্যা— যথন বিধাতা বালার দক্ষে তোমার প্রেম ঘটাইল, তথন স্বামীর দক্ষে মাধবী একত্র বাদ করিত। বিধি নিজের মূর্যতা নিজেই প্রকাশ করিল; ভ্রমর কি তাহাতে উদাদ থাকে ? মাধব! নিজের মনের অভিলাধে ব্যাঘাত করিও না। মাধবী ও ভ্রমর কথনও পৃথক

থাকিতে পারে না; সময় আসিলেই তোমার সাধ পূর্ণ হইবে। মধুমাধবী যখনই পুশিত হয় তথনই অবশ্য তাহার স্বামী আলিমনের জন্ম বাছ প্রদারণ করিবে, কিন্তু মাধবীর মধু পান করিতে শ্যামরূপ ভ্রমবরের কে বিন্ন ঘটাইতে পারে ? আমার উপদেশ তুমি এখন কানে তুলিতেছ না; কিন্তু হৃদ্ বিশ্বাস রাথ যে, এই সময়ে, যখন মাধবী মৃকুলিত হয় নাই, তখন তাহার প্রতি যোগীর মতন উদাসীনতা প্রদর্শন করাই শোভা পায়।

208

তিরোখা ধানশী

স্থা রমণি জনম ধনি তোর।

সবজন কারু কারু করি ভাবরে

শো তুয়া ভাবে বিভোর ॥

চাতক চাহি তিয়াসল অমৃদ

চকোর চাহি রহু চন্দা।

তরু ললিতা অবলম্বন করি

মরু মনে লাগল ধন্দা ॥

কোশ পদারি যবহু তুহু আছলি

উরপর অম্বর আধা।

শো সব সঙরি কারু ভেল আরুল

কহু ধনি কারু ভিল আরুল

কহু ধনি কারু ভিল আরুল

কহু ধনি কারু ভিল আরুল

কহু ধনি কারু ভাল না

কিঞ্চিত কাল কলপ করি মানই

গোবিন্দাশ প্রমাণ ॥

সমূদ্র ১১১ কী ১৪৮ তক্ষ ৬১

পাঠান্তর—কী (১) সথি (২) 'কোন সমাধা'র পর
নিম্নলিখিত চারি চরণ কীর্ত্তনানন্দে অতিরিক্ত—
কব তুহু হসইতে দশন দেখায়লি
করে কর জোরি হিয়া মোরি।

অলখিত দিঠি করি হৃদয় পদারলি পুন হেরি দথি করি কোর॥

ব্যাখ্যা—জনম ধনি তোর—তোর জন্ম ধন্ত। চাতকই
চাহি ইত্যাদি—এ যে দেখিতেছি দব উন্টা। চাতকই
জলধরের দিকে তৃষ্ণায় আকুল হইয়া চাহিয়া থাকে, এখন
শ্রাম জলধরই চাতকের জন্ম তৃষিত হইল; চাঁদ চকোরের
পানে চাহিয়া রহিল। বৃক্ষই লতিকাকে অবলম্বন করিল।
উরপর অম্বর আধা—বুকে অর্দ্ধেক কাপড়। কোন
সমাধা—কাম্বর আকুলতার সমস্যা সমাধান হইবে কিরূপে?
তাকর অস্তর ইত্যাদি—তাহার অস্তর যে দব সময়ই
দগ্ধ হইতেছে তাহা বিভাপতি ভাল করিয়া জানেন।
গোবিন্দদাস সাক্ষী দিতেছেন যে, মাধ্বে রাধা-বিরহে
অল্পকালকেও কল্পকাল বলিয়া মনে করেন।

মন্তব্য — এই পদটি পদকল্পতক্ষতে (৬১) শুধু বিভাপতির ভণিতায ছাপা হইয়াছে। উহার ভণিতা— হৃদয় পুতৃলি তুহুঁ সো শুন কলেবর কবি বিভাপতি ভণে॥

200

ধানশী

এ স্থি। অপরূপ পেথলু রামা। কুটিল কটাখ-লাখশর বরিষণে মন বাঁধল বিহু দামা॥ মূনি-মনমোহিনী পহিল বয়স ধনী গছবর-গতি জিনি মন্দ।। কনকলতা তমু বদন ভান জমু **উग्नन পু**ণমিক চन्ना ॥ সাঁচ ভরি দৌ কুচ কাঁচা কাঁচন চুচুক মরকত শোভা। মধুকর শুতল ক্মলকোরে জ্ঞু তাহে বহল মনলোভা।

রাধা রসময় কন্দা।

বিছাপতি পদ

মোহে উপদেশল

। গোবিন্দদাস কহ কৈছন হেরব যোহেরি লাগল ধন্দা॥

গী ৩৮৩

শব্দার্থ—মন বাঁধল বিষ্ণু দামা—বিনা বজ্জুতে মন বাঁধিল। কনকলতাতমু—তাহার দেহ কনকলতার তুল্য। বদন ভান জম্ব উয়ল পুণমিক চন্দা—বদন দেখিয়া মনে হয় যেন পূণিমার চাঁদ উঠিয়াছে। কাঁচা কাঁচন—কাঁচা সোনা। সাঁচ—সভাই। চুচুক মরকত শোভা—কুচের অগ্রভাগ ঈগৎ ক্ষথাভ বলিয়া উহার সহিত মবকতের শোভার তুলনা করা হইয়াছে। কমলকোরে জন্ম মধুকর শুতল—কুচের সহিত পদ্মের তুলনা ও মধুকরের সহিত চুচুকের তুলনা করা হইয়াছে।

পাঠান্তর—ক. বি. পুঁথির আবস্ক —নবীন নলিনীদল জিনি ভন্ন কোমল আগোর লেপই অঙ্গে চমকি চমকি হরি।

- (১) তুয়া গুণ অন্তরে মনহি নিরস্তর জ্বপইতে আকুল গান ৷ ক. বি.
- (২) চম্পক দলে দেই কোর—ক. বি. (৩) হানত—ভক্
- (৪) দ্তিক বচন শুনি রমণী শিংরামণি
 বচনামৃত কক পান।
 গোবিন্দাস কহে ত্বিতে চল ফুন্দরি
 কান্ত ভেল বড়ই নিদান॥ ক. বি.
 শব্দার্থ—জীবইতে সংশয় কান—কানাই বাচে কি না
 বাচে সংশয় হইতেছে। তুয়া ভাবে তক দেই কোর—
 রাধা মনে করিয়া তককেই আলিক্ষন করে।

২৫৬

:ठभक्षती

স্বনরি! তুহা বড়ি সদয় পাষাণ। তুয়া লাগি মদন-শরানলে পীড়িত জীবইতে সংশয় কান '॥ বৈঠই ভক্নতলে পন্ত নেহারই নয়নে গলয়ে ঘন লোর। রাই রাই করি সঘনে জপয়ে হরি তুয়া ভাবে তরু দেই কোর ।। भौजन निनीमन তাহে মলয়ানিল আগোরে লেপই খ্রাম অঙ্গ। চমকি চমকি হরি উঠতহি কত বেরি দাহত[°] মদন তরঙ্গ ॥ রমণীর শিরোমণি চলহ বিপিনে ধনী ভেটহ নাগর কান। কহই শুন স্থন্ধি গোবিন্দদাস কামু ভেল বছত নিদান⁸॥

২৫৭ বরাড়ী রাগ

অচপল চীত বতন তোহে সোঁপল
জীবন জাত না তারি।
পরবশ দেহ পরশ দ্র বহ
অভয় না রোথবি গোরি॥
ভান ভান কাছ লিখল তোরে রাই।
দিন ঋতু আধ মদন শর তারবি
হামারি বচন হেন লাই॥
ইহ নবরাগ দহন পুন ভাবিনী
ত্বরি জন্ন তহু জারি।
লোচন মৃদি মনহি মন বারবি
থাবশি রসে বস বারি॥
যো তুয়া লোচনে উজর কাজর
সো জনি চলবি বিমোই।

গোবিনদাস কহই ধনি বিরম্হ।

লোরে মিটই জনি সোই॥

ক. বি. ১৬৮৫

গী ৩৮৯, তর ১২৮

সা. প. (১)—২৪৪

ব্যাখ্যা—দৃতী শ্রীরাধাকে বলিতেছেন শ্রীকৃষ্ণ তাঁহার অচপল চিত্ত (অত্যে যে হৃদয় আসক্ত নহে এবং হইবে না) ভোমাকে সমর্পণ করিয়াছেন, তাঁহার জীবন এখনও যায় নাই—অর্থাৎ তিনি বিরহে মৃতপ্রায় হইয়াছেন। তোমার বশে তাঁহার দেহ, কিন্তু তুমি তাহাকে স্পর্শ করা দূরে থাকুক, অভয়দানও করিতেছ না। হে গৌরি, অস্ততঃ অভয় দাও -- আখাদ দেওয়া বন্ধ করিও না। রাই, শোন শোন, কাম তোমাকে লিথিয়াছে। আমার মনে হয় যে, তুমি বুঝি দব দময়ই তাহাকে মদনশর মারিতেছ। হে ভাবিনি! এই নব অনুৱাগের জালায় তাহার তুর্বল দেহ খেন জ্বলিয়া যাইতেছে। চোপ বুঁজিয়া মনকে মনে মনে নিবারণ করিও, আর একটুথানি তাহাকে স্পর্শরদ দান করিও: নাহয় রদকে আর অগ্রদর হইতে দিও না। তোমার চোথে যে উজ্জল কজ্জল তাহা দারা যেন তাহাকে विसाहिक कविशा यहित। त्राविक्ननाम वर्लन, ट्र হৃদ্রি, ক্ষান্ত হও, আর বেশি উদাদীকা দেখাইলে শেষ পর্যান্ত তোমার চোথের কাজল নয়নজলে মৃছিয়। যাইবে।

206

বালা ধাননী

হেরইতে হেরি না হেরি।
পুছইতে কহই না কহ পুন বেরি॥
চতুরী সধী সঞে বসই।
রস-পরিহাসে হসই না হসই॥
পেথলু ব্রহ্ম নব নারী।
তরুণিম শৈশব লথই না পারি॥
হদয় নয়ন গতি রীতি।
সো কিয়ে আন নহত পরতীতি॥
ইছন হেরইতে গোরি।
হঠ সঞে পৈঠল মনসাহা মোরি॥

তবহিঁ কুন্থমশর জোরি।
ছুটল বাণ ফুটল হিয়ে মোরি॥
গোবিন্দদাস চিতে জাগ।
চান্দকি লাগি সুরজ উপরাগ॥

সা. প. (১)—৬৯, ক. বি ৩০১৫ রাধা ৫৪, গো ১৩, বু ৮ शै 8∙8, मम्स २०, मः २৮ की ১১३

শব্দার্থ—হেরইতে হেরি না হেরি—যেন দেখিয়াও দেখে না। পুছইতে কহই না কহ—জিজ্ঞাসা করিলে কথনও উত্তর দেয়, কথনও দেয় না। রস-পরিহাসে হসই না হসই—কথনও হাসে, কথনও বা হাসে না। তক্ষণিম শৈশব—বয়ঃসদ্ধি। মনমাহা—হৃদয়ের মধ্যে। চাল্ফি লাগি স্রজ উপরাগ—চল্রের জন্ত (রাধার বদন স্থাকরের জন্ত) স্থ্য খেন রাভগ্রন্থ হইয়াছে।

202

ধানশী

কাম কথা শুনি গদগদ ভাষ।
মীলতি গহচরি রাইক পাশ ॥
কহতহি সহচরি শুন বর-গোর।
তুয়া লাগি হালত নন্দ-কিশোর॥
তুয়া রূপ নিরথই তরু দেই কোর।
হেরইতে গলতহি লোচন লোর॥
যব নহি স্কুলরি করবি পয়াণ।
তব জিউ তেজব নাগর কান॥
সহই ন পারই মদন হতাশ।
চামর ঢুলায়ত গোবিন্দাস॥

সিদ্ধান্তচক্রোদয় ১৩৮ অ ৭২

পাঠান্তর-সিদ্ধান্তচন্দ্রোদয় (১) কাসুক বচন ভনি,

(২) মিললি।

শব্দার্থ — হালত—কাঁপিতেছে।

200

মায়ুর

আজু মুঞি পেখন্ত রাই।

দরশনে নয়নে

নয়নশর হানল

বিরস না ভেল মুখ চাই॥

গৌর বরণ তত্ত্ নীলপট উড়ল

কুচযুগ কনয় কটোর।

উরপর কুচক

হার বিরাজিত

যুবজন চিত চকোর॥

বিপুল নিতম্ব

জ্বন অতি স্থন্দর

কেশরী জিনি কটিদেশ।

কমল চরণযুগ

যাবক রঞ্জিত

জগজনমোহন বেশ॥

পিঠ্ছী পরে বেণী বিরাজিত জম্ম ফণী

চলতহি মণি ধরি পাশে।

বিদগধ নাগরী মরু মন আকুল

মুরছল গোবিন্দদাদে॥

ক. বি. ৪৯০

লছৰী ২০১

শব্দাথ -- যুবজন চিত চকোর-- চন্দ্রের জ্বল্য চকোরের স্থায় যুবজনের চিত্র তাহার জন্ম উৎস্থক হয়।

२७5

ধানশী

না করি শিরে দেও হাত।

অস্তর জরজর দ্বিগুণ উতাপই

শুনইতে কাহ্ক বাত॥

পহিলে নয়ন মন তুহক গমন ধনী

তেসর চিত পরাণ।

× × ×

পিরীতি পবন দাকণ অব জানলু পরশিতে বিঘটল অঙ্গ।

ও তিন আগর মনে জনি রাথিদি

স্বপনে করসি জন্ম সঙ্গ।

বিরহ-বিঘানলে

জলত কলেবর

मघत्म नूर्वहे भशी-भक्ष।

তুহু রমণী-মণি তোহে চড়য়ে ধনি

কাম্ব-বধ বিপুল কলগ ॥

সব স্থী মেলি কভ ছ আশোয়াসলি

বেদন কোই না জান।

গোবিন্দাস কহ তুহারি পরাণ পণ

নহে কৈছে রহত পরাণ॥

বহুমতী সংস্করণ ১৭

শব্দার্থ —পরশিতে বিঘটল অঙ্গ—প্রেম স্পর্ণ করিতেই যেন অঙ্গভঙ্গ হইল। স্বপনে কর্মি জন্ম সঙ্গ—স্বপনেও যেন সঙ্গ করিও না।

३७३

রাই অচেতন

নির্থিতে সহচরি

অন্তরে করয়ে বিচার।

খ্যাম অবশ তাহ। রাই ভ**রসে** ঞিহা

আর কি করব পরকার॥

ঐছে কহল ধনি দেহ চন্দন আনি

রাই নৃথে দিঞ্যে নীর।

डेर्र डेर्र सम्बद

ভাম রদে আগরি

করে ধরি পহিরল চীর॥

মলয়জ নীর পবনে

ভেল শীতল

রাই সচেতন ভেল।

তৈখনে সহচরি

রাইক কর ধরি

শ্রাম সম্ভাষণে চলল ॥

খাম পাশ মিলল যব স্থন্ধরি

রসবতি হ্বনাগরি রাধা।

মৃতসঞ্চীবনী ধনি পরশহি নাগর

খণ্ডিত মনসিজ বাধা॥

নাগরি নিরথিতে রসময় নাগর উঠল কুঞ্জবিহারী।

রাইক রূপ নিবিড় আলিক্ষ্ট গোবিন্দদাস যাউ বলিহারী॥

ক. বি. ৫৬৬

শব্দার্থ —রাই তরদে ঞিহা—রাই এথানে ভয় পায়। স্থাম রদে আগরি—স্থামের প্রেমের রদে সকলের অগ্রসণ্যা।

২৬৩

দ্তিম্থে শুনইতে বাইক চরিত।

সব অঙ্গ পুলকিত চমকিত চিত॥

কি কি বলি প্রেমে ভেল ভোর।
কংইতে গদগদ কণ্ঠ হি লোর॥

সঙরিতে প্রেম অবশ ভেল অঙ্গ।
অন্তরে উপজল মদনতরঙ্গ॥

চলইতে পদ্যুগ থর থর কাঁপ।

হেরই লোর নয়ন্যুগ ঝাঁপ॥

এছন কুঞ্জে মিলল বাইপাশ।

দ্রেহুঁ দ্রে বহু গোবিন্দাস॥

क. वि. ८०३

2 48

কাহক প্রবোধ করি সহচরি যাই।
তুরিতহি মিলল রসবতী ঠাই ॥
ত্যামদৃতী দেখি রাই লহু লহু বোলে।
আদরে অহুসারি বসায়ল কোলে॥
কাহে আগুলি দৃতী নাগর ছোড়।
অকপট কহবি না রাখবি ঘোর॥
চতুরা সহচরী আদর জানি।
মরম নিবেদল লহু লহু বাণী॥

তুরিতহি করলি কালিন্দী দিনান।
তব তোঁহে হেরল নাগর কান॥
মোহে পুছল সোই রদিক মুরারি।
হাম কহল বৃষভামু-কুমারি॥
তুয়া নাম শুনিতে অবশ ভেল সোই।
গোবিন্দাস নিবেদল তোই॥

ক. বি. ৫০৩

200

তথা রাগ

তুয়া মুথ চন্দ্ৰ কোটি জিনি শোভিত লোভিত কাহ্ন চকোর।

ও মুথকমলে চপল মন ভূবল তাহে কি ভমরা আন ভোর । স্থন্দরি উপেথবি' গাফণ লাজ।

মনমথ্যস্ত্র পঢ়াওব নিরজনে ইথে বিধি মিলা ওবং কাজ॥

গিরিবর কুঞে^ণ রঙ্গে তৃহ^{*} অভিসর

মদন-গেহ দরশাব।

থাহা রহত মহা- মনমথ পঞ্র ^৬ তাহা মলয়গণ ধাব^৭॥

মদনক চীর পীর কর অম্বরণ

হৃদয় উঘারি পিন্ধান ।

ত্তক হানয় ' পক করি জোড়ব

গোবিন্দদাস পরমাণ॥

রাণা ৭০ সং ১২২, আ ৬৯

পাঠান্তর—অ (১) বৃড়ল (২) ভ্রমর অলি ভোর (৩) উপেথলি (৪) মিলায়ল (৫) গিরিবর তৃক্ষ (৬) থাঁহা মনমথধব রহত নিরন্তর (৭) মল্য়ানিল-গণ ধাব (৮) ফুল্বি (২) ক্লি উদ্ঘাট্য বাণ (১০) হৃদ্য অব।

শব্দার্থ — তুয়। মৃথ চন্দ্র কোটি জিনি ইত্যাদি — তোমার মৃথের শোভা কোটিচন্দ্রের শোভার চেয়েও বেশি তাই কানাইরূপ চকোর লুক হইয়াছে। মনমথমন্ত্র পঢ়াওব ইত্যাদি— আমি তোমাকে মন্মথের মন্ত্র নির্জ্জনে পড়াইব, তাহাতে বিধির ইচ্ছায় কার্যসিদ্ধি হইবে। গিরিবর কুঞ্জে ইত্যাদি— গোবর্দ্ধন পর্কতের কুঞ্জে তুমি অভিসার কর, সেইখানে মদনগৃহ দেখাইব। যেখানে মহামন্মথের পাঁজর থাকে অথবা পাঠান্তরে যেখানে মন্মথের স্বামী বা মন্মথরূপ স্বামী থাকে।

অনুরাগ#

২৬৬

তুড়ী

তেরি মুগচন্দ্র-স্থারদ-লহরা-কিরণং ভুবন উদ্বোর। তিরপিত চাহি চকোরিণি কামিনি লোচন নি প দিশি ভোর॥ সজনি অব হাম না বুঝি বিধান:। অতিশয় আনন্দে বিধিন ঘটাওল হেরইতে বারয়ে নয়ান॥ দাঞ্প দৈব কয়ল হুহুঁ লোচন তাহে পলক নিরমাই। তাহে অতি হরিষে এ হুহু দিঠি পুরল কৈছে হেরব মুখ চাই॥ তাহে গুৰু চুৰুজন লোচন কণ্টক সঙ্কট কতত্ত বিথার। কুলবতি বাদ বিবাদ করত কত ধৈরজ লাজ বিচার॥ সবহু উপেথি **যাই বন পৈ**ঠব কাম গীমে করি হার। নিরজনে রাতি দিবস স্থথে হেরব এহি দঢ়ায়লু সার॥

সর্বাণা অমুভূত প্রিয়তমকে যে নবনবায়মান রাগ অনমুভূতরূপে প্রতী
মান করায় তাহাকেই উদ্ঘলনীলমণিতে অমুরাগ দংজ্ঞা দেওয়া হইয়াছে।

কি করব আন ধরম-করম মত
জীবনহীন জহু দেহ।
গোবিন্দদাস ভণ মনমথ-মোহন
মিলনে কিয় করু কেহ।

ত্র ৭৭৯ কী. ২৭৩

পাঠান্তর—কী (১) সজনি হাম নহি ব্বিয়ে বিধান।
শব্দার্থ—হেরি ম্থচন্দ্র ইত্যাদি—ম্থরপ চল্লের স্থারদের যে তরঙ্গ তাহার কিরণে ভূবন উজ্জ্ল। দারুণ দৈব
কয়ল ছহুঁ লোচন ইত্যাদি—সহস্র লোচনেও য়হাকে
দেখিয়া তৃপ্তি হয় না, তাঁহাকে দেখিবার জন্ম বিধি মাত্র
ছইটি আঁখি কেন দিলেন, তাহাতে আবার পলক
দিয়াছেন, স্তরাং অপলকে ম্থ দেখা যায় না। আনন্দের
আতিশয্যে দেই নয়ন আবার অশ্রুতে ভরিয়া গেল,
কিরপে ম্থের পানে চাহিয়া দেখিব ? ভাল করিয়া কি
দেখারই উপায় আছে ? গুরুজন ও তুর্জন রূপ কত কণ্টক
ও সঙ্কট বিন্তীণ রহিয়াছে। গামে করি হার—গলার হার
করিয়া। জীবনহীন জন্ম দেহ—কামুই আমার জীবন, সে
ছাড়া আমার দেহ যেন জীবনহীন হয়।

२७१

ধানশী

রূপে ভরল দিঠি সোঙ্বি পরশ মিঠি পুলক না তেজই অঙ্গ।

रूपक मा ८७वर मन

মধুর মুরলী-রবে জাত পরিপ্রিত না ভনয়ে আন পরসঙ্গ ॥

সঙ্গনি অব কি করবি উপদেশ।

কান্থ-অন্ত্রাগে মোর তন্ত্রমন মাতল

না গুণে ধরম ভয়-লেশ ।

নাসিকা সো অঙ্গ সৌরভে উনমত

বদন" না লয়ে আন নাম।

নব নব গুণগণে বাদ্ধল মনু মনে

ধরম রহল ° কোন ঠাম ॥

গৃহপতি-তরজনে

গুরুজন-গ্রজনে

অন্তরে উপজয়ে হাসা।

তহি এক মনোরথ জনি হয়ে অনরথ

পূছত গোবিন্দদাস ॥

সা. প. (১)--->s৮, ক. বি. ১২৩

ट्क १२8, সমূদ २**8**७

পাঠান্তর—তক (১) লব-লেশ (২) নাদিকা হে। দে অঙ্গের (৩) বদনে (৪) রহব (৫) কো উপজ্য়ে হাদ (সমুদ্র)।

ব্যাখ্যা-মাধবের রূপে আমার নয়ন ভরিয়া গেল (মেই রূপ ছাড়া আর কিছুই চোথে দেখিতে পাই না); তাহার স্থমিষ্ট স্পর্শের কথা স্মরণ করিয়া দেহ পুলকিত হইল এবং সে রোমাঞ্চের আর শেষ হয় না। কানেও আমি আর অন্ত কিছু শুনিতে পাই না, কেননা তাহার মধুর মুরলীর শব্দে আমার কান ভরিয়া রহিয়াছে। স্থি! এখন কি আর উপদেশ দিবে ? আমি এখন স্পষ্ট বলিতেছি যে, কাছুর প্রেমে আমার তরু ও মন মাতাল হইলা উঠিয়াছে; আমার মনে আর লেশমাত্র কুলধর্ম লোপ পাইবার ভয় নাই। আমার নাকে ভগু শ্রিক্তফের অঙ্গ-গন্ধই লাগিয়া আছে, তাহাতেই দে উন্মত্ত; মুখও আর অভা নাম লয় না। এককের নৃতন নৃতন ওণসমূহ আমার মনকে বাঁধিয়া ফোলল ('গুণ' শব্দে বজ্জ ও বোঝায়)। ধর্ম কোথায় পড়িয়া রহিল। গৃহস্বামীর তৰ্জন, গুরুজনের গর্জন শুনিয়া মনে হাসি আদে (কেননা, ব্যর্থ তাহাদের প্রয়াস)। গোবিন্দদাস স্থীভাবে শ্রীরাধাকে **জিঞাসা করিতেছেন, তোমার একমাত্র এই অভিলাষে** অনৰ্থ ঘটবে না তো?

২৬৮

বরাড়ী

কাঁহা কুম্দিনি কাঁহা উন্নল হিমকর কাঁহা কমলিনি কাঁহা হর। বাট-ঘটিত কর পরশন দরশন পরিবাদহি জ্বাপুর॥ মাধব দেখ তুহুঁ ভামর মেহ। তুর সঞে গরজি পরজি দরশাওত ঐছন মোর-সিনেহ॥

জ্বগ মাহ ভ্রমর- পিরিতি বহু মানিয়ে যো পরিমল-রদে ভোর।

ঘন-কণ্টকময় কেতকি-মধু পিবি ফিরি ফিরি রহত অগেংর॥

्रायात्रायात्र वर्ष अत्यात्र ॥

বিদগধ আগে মৃগধ-কুল-কামিনি

বচন-রচন নহি জান।

গোবিন্দাস কহ ধনি বিরম্হ জনি আন কহত হয়ে আন॥

সা. প. (১)— ৭৮, ক. বি. ৬৫ অ. ৭১ র'শ ৬০, বৃ ১০

ব্যাখ্যা--কোথায় বা থাকে কুণুদিনী আর কোথায় বা উদিত হয় তাহার প্রণয়ী চন্দ্র কোথায় কমলিনী আর কোথায় স্থাঁ তথাপি পথে চক্র ও স্যোর কিরণের অথবা হাতের স্পর্শ পায় কুমুদিনী ও কমলিনী, দেই কলফে জগং ভরিয়া গেল। মাধব, তুমি ভামল মেঘ দেখ; দূর হইতে গরজাইয়া গরজাইয়া নিজেকে দেখায় আর ময়র তাহার প্রতি প্রেম দেখাইয়া নাচিয়া উঠে; আমারও প্রেম দেইরপ। জগতের মাঝে ভ্রমরের প্রীতি বহুস্থানে নিবদ্ধ হয়; সে পরিমলরদে উন্মত্ত হয়। অথচ বার বার ঘুরিয়া ফিরিয়া নিবিড় কণ্টকময় কেয়া-ফুলের মধুপান করিয়। সেই ফুলকে আগলাইয়। রাথে (অর্থাৎ সে মালতী, মাধবী প্রভৃতি হুগন্ধি পূপের গন্ধে ও খাদে তৃপ্ত না হইয়া কণ্টকময় কেয়াফুলের মধু থাইতে চায় ও তাহাকেই আগলাইয়া থাকে।। তোমার মতন বদিকের কাছে আমি মৃধা (সরলা) কুলকামিনী কথায় পারিয়া উঠিব না। গোবিন্দাস বলিতেছেন, ফুন্দরি। এখন থাম । এক বলিতে যেন খার না হয়।

২৬৯

কিশোর বয়স মণি কাঞ্চন আভরণ ভালে চূড়া চিকণ-বয়ান। হেরইতে রূস-

সায়রে মন ডুবল

বহু ভাগ্যে রহল পরাণ॥ স্থি রে খ্রামবন্ধু পন্তকি মাঝ।

একে হাম অবলা,

একেল। জলে যাইতে

বিসরল সব গৃহকাজ॥

नशान-मन्तान-वान,

তক্ত মোর জডজড

কাফ বিনি অবলম্বে।

বদন খদয়ে ঘন

পুলকে পুরল মন

পানি না পুরিন্ন কুণ্ডে॥

ঘরে নহে ঘোর সম

নিশির স্বপন হেন

আরতি তাক কহনে না যায়। (भौविन्ममीम कर्ट्स

পুন ধনি স্থন্দরি

বাস করত তক-ছায়॥

क. वि. ১৪১ -

শব্দার্থ — হেরইতে রদ-দায়বে ইত্যাদি—দেই চিকণ কালার রূপ দেখিতে দেখিতে মন রুসের সাগরে ভূবিল। বিসরল সব গৃহত ল—ভাহাকে দেখিয়া ঘবের সব কাজ ভূলিলাম। পানি না পুরিত কুণ্ডে—জল ভরিতেই গিয়া-ছিলাম, কিন্তু জল ভরা আর হইল না; কেননা, মন পুলকে ভরিয়া গেল। ঘর নহে ঘোর সম –ঘর যেন অরণ্যের মতন। রাত্রিকালের সপ্রের মত উহ। অলীক মনে হয়। আরতি তাক কহনে না যায়—আমাব মনের থে আর্ত্তি তাহা আমার দয়িতকে বলা যায় না। গোবিন্দাস কহে—গোবিন্দদাস স্থীভাবে উপদেশ দিতেছেন যে, তুমি ঘর ছাড়িয়। তরুতলে বাস কর, তাহা হইলে কানাইয়ের সঙ্গে তোমার মিলন হইবে।

290

ভন ভন স্থন্দরি বিনোদিনী রাই। তোমা বিনা নাহি জানি তোমারি দোহাই॥ তোমা বিনা যেদিকে চাই সেই দিগ আদিয়ারা। মন-তুথ-মোচনি নয়নের তারা।

তোমার লাগিয়া রাধে বুন্দাবন করিলাম। গাইতে তোমার গুণ মুরলি শিথিলাম। তুয়া নাম জপি রাধে বীজমন্ত্র করি। তুয়। পুণ্যফলে আমি জগতের হরি॥ জগতে জানয়ে তুয়া অন্তগত কান। গোবিন্দদাস ইহ আছয়ে প্রমাণ॥

क. वि २०१६

শব্দার্থ-মন-ত্থ-মোচনি নয়নের তারা-রাধা, তুমি আমার মনের তুঃথ-দূরকারিণা, তুমি আমার নয়নের তারা। গোবিন্দাস ইহ আছয়ে প্রমাণ-রাধে! তুমি কামুর আহুগত্যে অবিধাস করিও না, কেননা গোবিন্দদাস তাহার সাক্ষ্য দিতেছে।

295

বানশী

ভুনইতে অমুখণ যছ নব গুণপুণ

প্রবণ নয়ন ভৈ গেলা।

দৰশনে ভাকর এ হেন লোর ঝর

নয়ন প্রবণ সম ভেলা॥

হরি হবি কি ভেল দারুণ কাজ।

না জানিয়ে কো বিহি বিঘণ বাঢ়াওল

কান্ত-সমাগ্র মাবা।

যা সঞে কেলি-কলা-রস-লালদে

লাথ মনোরথ কেল।

ভাকর পাণি-পরশে তকু পরবশ তবহি বিচেত্ন : ভেল ॥

হিল। খন-সার হার নাহি পহিরলুঁ যাক পরশ-রস-আশে।

জীউ নাহি নিক্সয়ে ভাক বিছেদে কহতহি গোবিনদাসে॥

সা. প. (১)—১৪৬, ক. বি. ১২৬ তরু ৯০১, কা ২৭২, সমুদ্র ৪২৩

পাঠান্তর—(১) অচেতন—তরু।

ব্যাখ্যা--সব সময় তাহার নৃতন নৃতন গুণ শুনিতে ভানিতে মনে হয় যেন তাহাকে চোথের সামনে দেখিতেছি —ভাই শ্রবণ (কান) নয়ন হইল। আর যথন তাঁহার দর্শন পাই, তথন নয়ন হইতে এত পুলকাশ্র বারিতে থাকে त्य, कि इहे प्रिथिए शाहे ना, खबु এक है। मः स्वात थाक त्य, দয়িতের নিকটে আসিয়াছি—স্থতরাং নয়ন হয় সে-সময় কানের মতন। হরি হরি কি দারুণ ব্যাপার ঘটিল। জানি না কোন্ বিধাত। কানাইয়েব সহিত মিলনের সময় বিদ্ন সৃষ্টি করিল! যাহার সহিত কত রকমে কেলি করিব এই লালসায় কত কত অভিলাষ কবিয়াছিলাম. তাহার হাতের পরশটি যেমনি আমার গায়ে লাগিল অমনি আমার দেহ আর আমার বশে বহিল না, আমি চেতনা হারাইলাম। হায় হায়। যাহার স্পর্শ পুরাপুরি পাইব বলিয়া বুকে চন্দনটুকু পর্যান্ত মাথি নাই, হারটি পর্যান্ত পরি নাই, তাহার বিচ্ছেদে আমার প্রাণ এখনও বাহির হইল না গোবিন্দাস এ আক্ষেপে আর কি বলিয়া সান্ত্ৰা দিবে ?

२१२

কামোদ

নব নব গুণগুণ শ্রবণ-রসায়ন নয়ন-বদায়ন অস। রভদ-সম্ভাষণ হৃদয়-বৃস্থায়ন পরশ-রসায়ন সঙ্গ ॥ এ দপি রসময় অস্তর যার। শ্রাম স্থনাগর সব ওণ আগর ১ কে। ধনি বিছুরয়ে পার॥ গৃহপতি-তরজন গুরুজন-গরজন কুলবভি-কুবচনভাষ। স্বহ**্পুন** মেটই ° যত প্রমাদ মধুর-মুরলি-আনোআসং॥ দিবস দীপতুল কিয়ে করব কুল প্রেম-প্রবনে ঘন দোল"।

গোবিন্দদাস যতন করি রাখত লাজক জালে আগোর॥

সা. প. (১)—১৪৭, ক. বি. ১২৭২ তক ৯০২, কী ২৭২, সম্দ ২৪৫
পাঠান্তর—(১) গুণ গণ সাগর—তক (২) গঞ্জন
—তক (৩) সবহুঁপহুঁ মেটব—কী (৪) মুবলী বস
আশোয়াস—কী (৫) প্রেম-পরশে ঘন ডোর—কী।

ব্যাখ্যা—মাধবের নৃতন নৃতন গুণের কথা শুনিয়া কর্ণ হুপ্ত হয়; তাঁহার অঙ্গ নয়নের রদায়ন—আনন্দকারক অথবা সঞ্জীবনী ঔষধতুল্য। তাঁহার পরিহাদ-সন্তাষণ অস্তরেব রদায়নস্বরূপ। আব তাহার দক্ষ স্পর্শরদায়ন। সথি! যাঁহার হৃদয়ই বদময় দেই দকল গুণে অগ্রগণ্য শ্রাম স্থনাগবকে কে এমন স্থলরী আছে যে ভুলিতে পারে? আমাকে গুকজনেরা গর্জন করিয়া ভয় দেখান, গৃহস্বামী তর্জন করিয়া শাদায়, কুলনারীবা গালি দেয়, এদব বিপদ আমাব দূর হইয়া যায় মধুর মুরলীধ্বনিব আখাদে (দেই আখাদে আমি কোন কিছুই গ্রাহ্যের মধ্যে আনি না)। প্রেমের বাতাদে দিবদদীপতুল্য কুলধর্মকপ প্রদীপকে লক্ষ্যার জ্বালে যুত্ত করিয়া আগলাইয়া বাথিবে।

২৭৩

স্বহই

সো কুলবতি অতি তুলহ গতাগতি
পতি-ত্রমতি খুর-ধার।
পাপিয় পিরিতি এত হ াহি সম্বায়ে
দোসর মদন গোঙার॥
সজনী রাই সহজে পরতম্ব।
গহন-বিরহ-গহ কবছ দূর নহ
ইথে কি আছয়ে মণিমন্ত্র॥
দরশনে নহাব নয়ন ভরি তিরপিত
পরশনে না রহে গেয়ান।

তাহে বিহু তহু মন

কহত কিয়ে সমাধান । ॥

বিছ্রণে মরণ মরম মাহা পৈঠত প স্বপনে না হেরয়ে আন।

অমিলন মিলন হুহু ভেল সমতুল গৌবিন্দদাস ভালে জান॥

মা. প. (১)—১৪৯

उक २३०, का २५८, ममुम् ४२६

পাঠান্তর—(১)

তব বিহু দরশন জর জর জীবন কহ দথি কি এ সমাধান—সমূদ্র

(২) বিছুরত মর্ম—তরু (৩) পেঠহ^{*}—সমুদ্র।

ব্যাখ্যা-স্থি! সেই কুলবতীর পক্ষে বাহিরে চলাফেরা করা হল্ল ভ (হলহ), কেনন। ভাহার হুম্মতি সামী জুব-বার। ফুবের মতন তাহার মূথে ধার; খুব কটু কথা শলে), কিন্তু পাপ প্রেম তো এত বোরো ন। তাহার আবার বন্ধ দ্টিশছে গোয়ার মদন। কি জালা। শই! আমাদের নাইয়ের তো স্বাধীনভাবে কিছু করার উপায় নাই, দে যে ঘরের বৌ। অথচ তাহার মন হইতে নিবিড় বিরহরপে গ্রহের আক্রমণ কথনও দূর হয় ন।। বল না, উহা দূর করিবার কোন মন্ত্র কি ওঁধধ পাওয়া যায় কিনা। স্থীর এমন মৃদ্ধিল যে, দর্শন্সময়ে নয়নের হৃপ্যি করিয়া দেখিতে পায় না (নয়ন অঞ্পূর্ণ হইয়। যায়) আর স্পর্শস্থ উপভোগ করিবে কি? কান্তকে টোয়া মাত্র সে জ্ঞান হারায়। তাহাব বিরহে স্থীর তক্ত, মন ও প্রাণ জরজর। বলতো এর কি উপায় করা যায় ? যদি তাহাকে ভুলিয়া যাইতে বল, তাহা হইলে বলিতেছি যে, সে তাহার দয়িতকে ভুলিবে তথনই যথন মরণ আধিয়া তাহার মর্মের ভিতর প্রবেশ করিবে। সে যে স্বপ্নেও অন্তকে দেখে না; তাহার পক্ষে কি ভোলা সম্ভব ? স্থীর এমন সৃষ্ট অবস্থা যে, অমিলনেও তাহার প্রাণ যায়, আবার মিলনকালেও দে জ্ঞান হারায়; স্বতরাং মিলন অমিলন তাহার কাছে সমান হইয়াছে। গোবিন্দদাস সে কথা ভালভাবেই জানে।

298

ধানশী

পিরিতিক রীত কোন অবগাহই সহজই বৃদ্ধিম সোই।

নোরস-ধাধসে ধ**দ ধদ অভ**র পাজর জব জব হোই॥

সঙ্গনি তোভে কহি কান্ত্ৰ নেহা।

যত যত নীৰ চীতে মঝু উঠয়ে

ভাবিতে আকুল দেহা।

পরবশ হোট যোই ধনি জীবট

প্রেম-বিলাসক আবে।

দ্রশন ফুলহ দুরে রহু লালস

নিচয়ে মরণ অভিলাষে॥

মবমক বোল কহত হিয়া ডোলত

কে। কহ জনি পরিবাদে।

গোবিন্দাস বচনে হাম ভুললু

তে ভেল এত প্রমাদে ।

ক বি. ১০০ তক ৯৪০

শক্তার্থ—অবগাহই—তলাইয়া দেখে বা বুরে। বিষম গোই—তাহার বাঁকা রীতি (উজ্জ্জ্লনীলমণি অফুসারে সাপের মত বাঁকা গতি)। ডোলত—দোলে, কাঁপে। ধাধ্যে —আকাজ্জ্বায়। ধদ ধদ অন্তর—বুক ধড়ফড় করে। নীত—নিত্য। পরবশ হোই ঘোই ধনি ইত্যাদি—যে নারী পরবশ (পরের অধীন) হইয়াও প্রেমবিলাদ করিবার আশায় বাঁচিয়া থাকে, তাহাকে শেষ পর্যান্ত মরণই কামনা করিতে হয়, কেননা তাহার লাল্যা মেটা দ্রে থাকুক দিয়তের দেখা পাওয়াই ত্লভি হয়। জনি পরিবাদে—পাছে কল্ক দয়।

290

একলা যাইতে যম্না ঘাটে। পদ্চিহ্ন মোর দেখিল বাটে॥ প্রতি পদচিহ্ন চুম্বয়ে কান।
তা দেখি আকুল বিকল প্রাণ॥
নাসা পরশিয়া রহিল দুরে।
লোক দেখিলে কি বলিবে মোরে॥
হাসি হাসি পিয়া মিলল পাশ।
ভা দেখি কাঁপয়ে গোবিন্দাস॥

ভুকু ৬৯২ কী ২৯০

শব্দার্থ নাদা পরশিয়া রহিল দ্রে নাদা স্পর্শ করিয়া মাধব ইন্ধিতে বুঝাইলেন যে, তোমাকে না পাইলে আমার খাদ আর বহিবে না। তা দেখি কাঁপয়ে গোবিন্দদাদের বুক কাঁপিতেছে।

মিলন ও সম্ভোগ

২৭৬ ধানশী

সজনি কাহে মিনতি কক্ন মোহে।
হম নহি জানিয়ে প্রেম কি নেহে॥
কৈছন কান্থ নয়নে নহি হেরি।
ভনইতে অস্তর কাপয়ে মোরি॥
দ্বতর পশ্ব কৈছে হম যাব।
হম গোঙারি নহি জানিয়ে ভাব॥
সহচরি কহতহি স্থানরি নারি।
তুয়া লাগি আকুল বদিক ম্বারি॥
কোকিল-কলরব ভন যব কানে।
চমকি উঠত বছ হরল গেয়ানে॥
এতহ ভনল যব সহচরি-বোল।
হরি-অভিদার চলু বিদিণি ভোর॥
গোবিন্দাদ কহয়ে রদ-সার।
সহচরি কুঞ্ কয়ল অভিদার॥

শব্দার্থ—হম নহি জানিয়ে প্রেম কি নেহে—আমি বালিকা, প্রেমই বা কাকে বলে, ত্নেহই বা কি জিনিষ, কিছুই আমি জানি না। হম গোঙারি—আমি গ্রাম্যা।

२११

শ্রীগান্ধার

চলহ তুলহ কুল-রামা।

উর বিল্প শেজ পরশ নাহি দেয়বি
তব তুল্থ বিদগধ-নামা॥
গুরুজন-নয়ন চৌকি ঘন দশ দিশ
অহনিশি রহত অগোর।

সো সব বারি আনি তোহে সোঁপলু
যণ অপযশ অব তোর॥
স্বিগণ জীবন ধনি সরবস ধন
তম্ভ জম্থ নব-নবনীত।
তুল্থ গিরিবর-ধর এ অতি কাতর
ইথে লাগি চমকয়ে চীত।
স্থিগণ মাঝে বিদিত তুয়া গুণ-গণ
পুন জনি কর পরকাশ।

স্পি কর-তালি তরল দেই হাসব
কহতহি গোবিন্দ দাস॥

C511 23

শব্দাথ — উর বিষ্ণু শেজ পরশ ইত্যাদি—তুমি ইহাকে বৃকের উপরই রাখিও, শয্যায় যেন শুইবার অবকাশ দিও না, তবেই তোমাকে রসিক বলিব। অগোর—গুরুজন চোথে চোথে আগলাইয়া রাথে।

২৭৮ শ্রী রাগ

তুয়া গুণে কুলবতী- বরত-সমাপনি গুরু-গৌরব-ভয় ছোড়ি। গুরুজন-দিঠি- কন্টক তরি আওলি মন্হিঁ মনোর্থ ভোরি॥

শুন মাধব! তোহে সোঁপলু ব্ৰহ্নবালা। মরকত মদন কোই জন্ম পূজই দেই নব-কাঞ্চন-মালা॥ তুহু অতি চপল চরিত জমু ষটপদ কমলিনী বিপিন-গেয়ারী। মুতুল শিরীষ কুম্বম জন্ম তোডবি লছ লছ করবি সঞ্চারি॥ তরুণী সমাজে শুনি জন্ম চরজন হাসি না দেই করতালি। দৃতীকে। মিনতি এতহ তুয়া পদ-তলে গোবিনদাস বলিহারি॥

সা. প. (১)—১০৮, ক বি ৯৩৭ ক্ষহান, কী ১০৭ রাধা ১১৭, বু ১ন, গো ২৭

২৭৯

কেদার

কাত বদন হেরি উছলিত অন্তর লাজে বসনে মুগ ঝাঁপি ।। नेयमवरला करन লোচন ছল ছল কেলি সমাগমে কাঁপিং॥ দেখ স্থি রাইক চঙ্গ। কাত্মক অদরশে খণে বিয়াকুল দরশনে এছন রঙ্গ ॥ রাই বদন হেরি न्त्रधन भाधत (काद्य देवर्शशिन दर्शात्री। কুচ কর পরশনে চমকি উঠয়ে ধনী চুম্বনে বহু মুখ মোরি॥ দৃঢ় পরিরম্ভণ ভূজে ভূজ বন্ধন অধরে অধর রস নেল। পূরল মনোরথ গোবিন্দদাস পছ নব নব সঙ্গম ভেল।

ক. বি. ২৯২৪ এবং

20

भी १२०, उक् १४२, की २६

পাঠান্তর—(১) বদন মূথ ঝাঁপি—কী, তরু (২) কাঁপ —তরু (৩) দেখ দথি বাধা মাধব বঙ্গ—গী (৪) কাছক আদরে—কী (৫) দরশনে ইহ চিত বঙ্গ—গী।

ব্যাখ্যা—প্রথম সমাগমের আনন্দ ও লজ্জায় কানাইয়ের মৃথের পানে তাকাইতেই শ্রীরাধার স্থাদয়ে ভাবাবেগ উছলিয়া উঠিল; কিন্তু লজ্জায় তিনি মুখ ঢাকিলেন। একটু তাকাইয়াই চোথ ছলছল করিয়া উঠিল; কেলির কথা ভাবিয়া বৃক কাপিয়া উঠিল। সথি! রাইয়ের ঢ়ং দেখ। কাছকে একটু না দেখিলে যে ব্যাকুল হইয়া উঠে সে এখন দেখা পাইয়া ঐরকম রং করিতেছে।

260

শ্রী রাগ

ত্বত-তিয়াদে ধরল পছঁ পাণি।
করে কর বারই তরল-নয়ানি ॥
হঠ পরিরম্ভণে পরশই গাত।
নহি নহি বোলি ধুনাওই মাথ॥
অভিনব মদন-তরঙ্গিলী রাই।
শ্রাম-তরঙ্গ রঙ্গে অবগাই ॥
চুম্বনে সকুচই লোচন তার।
পিবইতে অধর রচই সিতকার॥
নথর পরশে ধনি চমকই গোরি।
দশইতে চমকি উঠই তহু মোড়ি।
কহইতে কহ গদ গদ পদ আধ।
অন অন মনে মনসিজ উনমাদ ॥
তৈথনে রোথত রাই পরসাদ।
গোবিনদাস কহ রসমরিয়াদ॥

স. প. (১)—১২০, ক. বি. ৮৯ সং ৪৬, গী ২৫১, সম্ভ ৭২ বৃ ১৫ ক্ষ ৫)১০, তরু ৫৬, ১৩০

পাঠান্তর—(১) পরশিতে (২) ঢুলায়ত—গী ও সং (৩) খ্রাম-তরকে অঙ্গ অবগাই—গী (৪) আনো আন মনে মনসিজ উনমাদ—সং।

मकार्थ—वात्रहे—वांधा मिल। তत्रल-नशांनि—यांशांत নয়ন চঞ্চল। পরশই গাত-গাত্র স্পর্শ করে। ধুনাওই-মাথা নাড়ে। অবগাই—অবগাহন করিয়া। সকুচই— সংকোচিত করে (নিষেধের উদ্দেশ্যে)। দশইতে-দশনদারা চিহ্নিত করিবার সময়। রোখত-বন্ধ করে।

বসিতেছেন না। স্থী যখন প্রস্থান করিল, তথন তাহার সহিত ফিরিয়া যাইতে চাহিলেন, কিন্তু পটে আঁক। ছবিতে ভ্রমর যেমন নলিনীকে শুধু আগলাইয়া রাখে জ্রীকৃষ্ণ সেই-রূপ আগলাইয়া রাখিলেন। সম্ভোগ হইল না, কেননা কৃষ্ণের কামনা যেন রূপের কৃপে নিমগ্ন হইল।

26-5

রতির

ধরি দখি আচরে ভই: উপচন্ধ। रेवर्रि ना रेवर्रस्य इति-भतियह ॥ চলইতে আ'লি চলই পুন চাহ। র্ম-অভিলামে আগোরলং নাই ॥ नुवधन गांधव म्गिधिन नावि। ও অতি বিদুগধ এ অতি গোঁয়াবি॥ পরশিতে তর্মি কর্হি কর ঠেলই। হেরইতে বয়ন নয়ানে জল গলই ॥ হঠ পরিরম্ভণে থরহরি কাপ। চ্ন্তবের বদন পট্যান্তবের ব্যাপ ॥ শ্তলি ভীত পুতলি সম গোরি। চিত-নলিনী অলি রহত আগোরি। (गांविन्ननाम करहे পরিণাম⁹। রূপক কুপে মগন ভেল কমে।

मा. भ. ১- : ३४, क. वि. ४२ গো ১৬, বু ১৫

তক্ল ১০০, সং ৮৭, কী ১৬১ मयुष्त ३२२, कर्मा ३१३३

পাঠান্তর-কণদা (১) ভরি (২) অগোরল (৩) মৃগধল (8) मग्रम-सन (१) पंदीकाल (५) तहनि (१) कह हेट পরিণাম।

শক্ষার্থ —ভই উপচ্য — জড্মড় হইয়া। পরিয়ন্ধ— পर्याकः। আগোরল-আগলাইল।

ব্যাখ্যা—শ্রীরাধা স্থীর প্ররোচনায় শ্রীক্লফের সহিত প্রথম সমাগমের জন্য গিয়াছেন। কিন্তু স্থীর আঁচল ধরিয়া ব্দুড়সড় হইয়া আছেন। শ্রীহরির পর্যাক্তে বদিয়াও তক (১) নিবদয়ে নরপতি পতিভয় লাজ। (এখানে

26-2

বরাডী

অভিনব গোরি বসতি পতিগেই। ঘর সঞ্জে কর্ষয়ে নয়ল সিনেই ॥ নিরসয়ে নব রতিপতি ভয় লাজ । দূতিক পৈঠহ³ এহেন কাজ। কি কহব এ স্থি ক্হনে না জান। প্তিল স্মাগ্ম বাধা কাছ ৷ যব ধনি কুঞ্জে কান্ত সঞে ভেট°। সচকিত নয়নে বয়ন কল হেট॥ দোপলে। খন তুর করে কর আপি। সাধ্যে ধাধ্যে ধনি ছহু কাপি। থব তুওঁ আতিল ১ মদন শ্রনে। না জানিয়ে তব কিয়ে কর° পাঁচবনে ॥ গোবিন্দদাস কহ তহু সে শিয়ানি। হরি কোরে গোঁপলি হরিণ-নয়ানি ॥

3 30

ख्य ३३६, मा ba, की ३१b

পাঠান্তর-ক্রণদায় আরম্ভ

কি কহব রে স্থি কহন ন। জান। পহিল সমাগ্ম রাধা-কান ॥ यत (मार्च करत कत्र (मार्भन व्यापि। সাধ্যে ধাধ্যে তুহু ভত্ন কাপি॥ যব দোহাঁ নয়নে নয়নে ভেল ভেট। সচকিত নয়নে বয়ন কর হেট ॥

নিবদয়ে নিশ্চয়ই ছাপার ভুল, 'নিরদয়ে'ই ঠিক পাঠ। এই পাঠে অর্থ হইবে—নৃতন অন্তরাগ রাজভয় ও পতিভয় এবং লজাকে নিরদন করিয়াছে।)

- (২) পৈঠয়ে (৩) যব ছুভ নয়নে নয়নে ভেল ভেট
- (৪) দোপনুঁ(৫) ধয়ল ছহু কৈ তত্ম কাপি (৬) পাওল
- (৭) কয়ল।

শব্দার্থ— ঘর সঞ্জে করণয়ে ইত্যাদি—তাহার নবীন অন্ধরাগ তাহাকে ঘর হইতে টানিয়া আনিল। নবীন মদন ভয় ও লজ্জাকে নিরস্ত করিল। হরি কোরে সোপলি—বোবিন্দদাস অন্ধর্যাগ করিয়া স্থীকে বলিতেছেন, তুমি তো হ্রচতুরা, তবে কেন হরি অর্থাৎ সিংহের কোলে হরিণ-নয়ানীকে সম্পূর্ণ করিলে ১

২৮ ৩

ধানশী

রাধ। ম. . । পহিলহি মেলিং। দর**শন** তুলহ দুরে বহু কেলি । হোসি দর্শি মূখ আংগোনল গোনি। দেওল রভন করল পুন চোরি। অঞ্চল পর্নিতে চঞ্চল কাত। রাই করল পদ আধ প্রান্। "অস্কুভৰ ব্ৰাইতে অবন্তব্য়নী। চকিত বিলোকিত নথে লিথে ধর্ণা। বিদগধ মাধ্ব অহুভব জানি। বাইক চর্লে প্রার্ল পাণি॥ করে কর বারইতে উপজল প্রেম। দারিদ ঘট ভরি পাওল হেম॥ মাতল মনসিজ তুরে রহু লাজ। অবিরত কিংকিণী কম্বণ বাজ। ভনই না পাবই লছ লছ ভাষ। তুঁছ মুখ হেরইতে উপজ্ঞল হাস। ঘাম বিন্দু মুখ স্থন্দর জোতি। কনয়-কমল মাঝে পড়ি গেল মোতি॥ কুচ্যুগ কনয়-ধরাধর জানি।
হৃদয়ে পড়ল বলি পত দিল পাণি॥
বাপল গিরিধর ঝাঁপল গোরি।
গোবিন্দাস লগই পত ভোরি॥

. গী২৪২, সং ৯৯

পাঠ। ন্তর—গী—(১) পহিলহি রাধামাধব মেলি (২) পরিচয় (৩) তৃতীয় ও চতুর্থ চরণের পরিবর্তে একাদশ ও দাদশ চরণ—

> হাসি দরশি মুখ আগোরলি গোরী। দেই বতন পুন লেওলি চোরি॥

(৪) **স্থ্য** ও অষ্ট্য চরণের স্থলে তৃতীয় ও চতুর্থ চরণ—

> অন্ধনয় কলয়িতে অবনত বয়নী। চাকিত বিলোকনে নথে লিথু ধ্বণী॥

গীতচন্দ্রোদরে পঞ্ম, ষষ্ঠ ও ব্রোদশ হইতে দাবিংশ চরণ নাই। উহাতে মাত্র চৌদ চরণ ত্রাধ্যে শেষ ছুই চরণ—

> ঐছন নিকপম পহিল বিলাদ। আন্দে হেরত গোবিন্দাস॥

শব্দার্থ—দর্শন ত্লহ দূরে রহু কেলি—শ্রীরাধা ঘোগটায় মুথ ঢাকিয়। রাগিয়াছেন, তাই তাহাকে দর্শন করাই ছল্লভ হইয়াছে, কেলি করাব কথা দূরে থাকুক। হাসি দরশি মুথ ইত্যাদি—একটু হাসিয়া মুথ দেখাইয়া ফের আচ্ছাদন করিল। তাহাতে কবির মনে হইতেছে ধেন প্রদত্ত রত্ব ফের চুরি করিয়া লইল। (রত্র দেওয়া হইয়া গেলে তাহার উপর আর কোন সত্ব থাকে না, তাই উহা ফেরত লইলে চুরি করা হয়)। করে কর বারইতে ইত্যাদি—হাতে হা ঠেকাইতে মাইয়া যে স্পর্শ ঘটিল তাহাতেই প্রেমের স্পন্দন জন্মিল। শ্রক্ত করিছের তাহাতে এমন আনন্দ, হইল যে, মনে হয় কোন দরিদ্র ব্যক্তি সহসা একটা ঘটে তরা সোন। পাইল। বাঁপল গিরিধর বাপল গোরি—গিরিধর যেন ঝাপ দিয়া পড়িয়া গৌরীর দেহকে নিজ্ব দেহের ঘারা আবৃত করিলেন। গোবিন্দদাস লখই পছঁ ভোরি—গোবিন্দদাস প্রভূব এই মন্তভা লক্ষ্য করিতে লাগিলেন।

মন্তব্য—কেলি-বিলাদের সময় সধীরা বাহিরে চলিয়া যান। কিন্ত সেবাপরায়ণা মঞ্জরীরা দেখানে থাকিয়া চামর-ব্যক্ষনাদি সেবা করেন। তুলনীয় নরোত্তম ঠাকুর মহাশয়ের—

> কবে বা এমন হব ছুহু মুখ নিরখিব লীলা বদ নিকুঞ্জ শয়নে।

> > (প্রার্থনা—তরু ৩০৬৯)

অথবা---

কুষ্মক নব দলে সেজ বিছায়ব
শয়ন করাব দোহাকারে।
ধবল চামর আনি মৃত্মৃত্বীজব
ছরমিত হুহুঁক শরীরে।
(তক্ত ৩০৭৪)

২৮৪ ধানশ্রী

নব অহবাগিণী নব অহবাগ।
মীলল তক তহ' গলে গলে লাগ॥
তহি এক হৃদ্ধবিং প্রম রসাল।
হৃহ গলে দেওল এক ফুল নাল॥
টুটব ভয়ে হুহ পড়লহি বন্ধেং।
দৈবং ঘটাওল প্রেমনিবন্ধং॥
হৃতিমুখং হেরইতে উলসিত ভেল।
দোহে মালতীমালা হৃতিগলে দেলং॥
বাহু পদারিজা দোহে দোহা ধক।
হুহ অধ্যামুতে হুই মুখ ভক্দ॥
হুবে গেও বেণু শিখণ্ড পীত্বাসং॥
হুই ওণ গাওত গোবিন্দাসং॥

ক. বি. ৮৪

उक् १६२, मः ১७७

পাঠান্তর—তক্ষ (১) ছহু তন্ত্ (২) রন্ধিনি (৬) পড় এক বন্ধ (৪) দৈবে (৫) প্রেম আনন্দ (৬) স্বি-মৃথ (৭) দোহে মেলি মালা সেই স্বি গলে দেল (৮) ছুরে

গেও মউর শিখও পিতবাস (৯) দ্রহিঁ দূরে রছ গোবিন্দাস—সং।

260

বালা ধানশী

পহিলহি রাধামাধব মেলি।
পরিচয় তুলহ দুরে রহু কেলি॥
অহ্নয় বলয়িতে ২ অবনত বয়নী।
চকিত বিলোকনে নথে লিখু ধরণী॥
অঞ্চল পরশিতে চঞ্চল কান।
রাই কয়ল পদ আধ পয়ান॥
বিদগধ নাগর অহুভব জানি।
রাইক চরণে পদারল পাণি॥
করে কর বারিতে উপজল প্রেম।
দারিদ ঘট ভরি পাওল হেম॥
হাসি দরশি মুখ আগোরলি গোরী।
দেই রতন পুন লেওলি চোরি॥
উছন নিক্রপম পহিল বিলাদ।
আনন্দে হেরত গোবিন্দান॥॥

সমূদ ৭০, তরু ৫২, কা ১৭০

মন্তব্য—২৮৩ সংখ্যক পদের সহিত অনেকাংশে এই পদের মিল দেখা যায়।

পাঠান্তর--(১) করইতে-- সমুদ্র।

শব্দাথ — পহিলহি রাধামাধব মেলি ইত্যাদি—
শ্রিরাধামাধবের প্রথম মিলন। তাঁহাদের বিলাস দুরে
থাকুক, আলাপ-পরিচয় করাই কঠিন হইল (কেননা,
শ্রীরাধা নিতান্ত মুগ্ধা বালিকা)। চকিত বিলোকনে নথে
লিথু ধরণী—মাথা হেঁট করিয়া পদনথ দিয়া মাটিতে আঁচড়
কাটিতেছেন, অথচ নয়ন সতর্ক হইয়া আছে, পাছে কোন
দিক্ দিয়া মাধব আদিয়া তাঁহাকে ধরেন। রাইক চরণে
পদারল পাণি—শ্রীরাধাকে অহ্ননয় করিবার জ্ঞা মাধব
তাঁহার পায়ে ধরিতে গেলেন। করে কর বারিতে ইত্যাদি
—শ্রীকৃষ্ণকে রাধ্ব চরণম্পর্শরূপ অহ্নচিত কার্য্যে বাধা

দিবার জন্ম হাত বাড়াইলেন। উভয়ের করস্পর্শ হওয়ায়
শ্রীরাধার স্বেদ কম্প পুলক প্রভৃতি দান্তিক ভাবের উদয়
হইল।

২৮৬

ধানশী

পহিল সমাগম রাধা কান। অতি রুসে নিমগন ভেল পাঁচবাণ ॥ হুছ মুখ দরশনে হুছ কে। বিলোকনে আনন্দ-নীর নির্বাপই রে। আরতিয়ে পরশিতে : কুচ-কনকাচল গিরিবব-ধর-কর কাপই রে॥ তুত পরিরন্ত্রণে হুত্ তহু পুলকিত षकरर कम हिला छहे (तरं। আৰাপই লভ লভ গদগদ ভাগে চুম্বনে নয়ন চুলাওই রে॥ ত্হঁর**সে** ভাসি তুহু অবলম্ম বঙ্গ-তর্দ্ধিত অঙ্গ তুর্ রে। নব নাগরী সঞে নাগর-শেখর चूनन (गोरिन्ममांग पर्च (त ॥

সা. প. (১)—১২৩, ক. বি. ৮৯ শংশদা ১১।১১, সমূদ্ ৪৬৯. ত্ৰু বাধা ৯৭, গো ২১, ব ১৬ ২৭৫, সং ২০১, কী ১৭০

পাঠান্তর—তরুতে (১) আরতি পরণিতে (২) হিলায়ই বে। পদামৃতসমুদ্রে—'আরতিয়ে পরণিতে' হইতে 'অঙ্গ হিলাওই বে' পর্যান্ত নাই।

শব্দাথ — আরতিয়ে পরশিতে ইত্যাদি—মাধব শ্রীরাধার কুচরূপ কনক-পর্কত স্পর্শ করিবার জন্ম আতি প্রকাশ করিতেছেন, কিন্তু যিনি গিরিরাজ গোবর্দ্ধনকে ধারণ করিয়াছেন, আজ শ্রীরাধার কুচ ধারণ করিতে তাঁহার হন্ত কম্পিত হইতেছে।

२४१

তথা রাগ

রাই-কাম্থ বিলসই নিকুঞ্জ-ভবনে।
নিয়ানে নয়ানে দোঁহার বয়নে বয়নে॥
তথ সঞ্জে স্থা ভেল তৃত্ত্ অতি ভোর।
হোর দেথ এ সথি রাই ভাম-কোর॥
দোহ দোহ অধরে কয়ল মধুপান।
চান্দ চকোরে যেন মিলায়ল আন॥
ভূজে ভূজে মীলল পরাণে পরাণ।
গোবিন্দাণ নিগৃত্বস পান॥

ত্রু ৪৬২

শব্দার্থ--মিলায়ল আন--পরস্পর মিলন হইল।

266

করুণ কেদার

উলসিত লোচনে কিয়ে শুভ দর্শনে তুহু দোহা হেরি মুখ-ছান্দে। তৃষিত চাতকী নব জলধরে মিলল ভুকিল চকোর চারু চান্দে॥ আধ নয়নে হুহু রূপ নেহারই চাহনি আনহি ভাতি। রদের আবেশে হুহু অঙ্গ হেলাহেলি বিছুরল প্রেম-সাঙ্গাতি॥ গোরী পরশে দেহ শ্রাম স্থময় দেহ भिनायन (यन कांচा ननी। রাই তা ধরিতে নারে আউলাইল আনন্দ ভরে শিরিষ কুম্বম কোমলিনী ॥ অত্শী কুস্থ্য স্ম খাম স্নায়র নায়রী চম্পক গোরী। চাদ আগোরল নব জলধরে জহু

এছে বহল খ্রাম কোরি॥

বিগলিত কেশ- কুস্থম শিথি-চন্দ্ৰক বিগলিত নীল নিচোল।

তুহু ক প্রেম-রসে ভাগল নিধুবন

উছলল প্ৰেম-হিলোল ॥

ত্ত রনে ভাসি ত্ত অবলম্বই

হুহু মুথে মৃত্ মৃত্ হাস।

নব নাগরী সঞে

তেও নাগর শেথর ভূলল গোবি-দদাস ॥

> পণ্ডিত বাৰাজী মহোনয়েৰ পুঁপি ৫৭

শকার্থ—বিছুরল প্রেম-সাঙ্গাতি—প্রেম-মিলনে যে কামক্রীড়া হয় তাহা উভয়েই ভূলিয়া গেলেন। নব জলধরে জফু চাঁদ আগোরল ইত্যাদি—ভামরূপ নবজলধর যেন শ্রীরাধারূপ চল্রকে আক্রাদন করিল। এই রূপে গোরী ভামক্রোড়ে, রহিল। (এগানেও কামক্রীডায় অনাগ্রহের পরিচয় পাওয়া যায়।)

२४२

স্থিনী

কদস্মৃল মণ্ডপে হবি।
নবীন নারী দঙ্গেতে করি।
স্থরম্য নর্ম নির্জ্জন বনে।
বিরাজিত ব্রজ্ঞান্তনা দনে।
ব্রুষভান্ত-রাজ-নন্দনী বামে।
ক্রেশারী নব্য যৌবনী বরা।
নীলরাগ-অম্বর-ধরা।
প্রফ্ল হেম পঙ্কজ কিয়ে।
বৃমস্ত ভূক মাধুরী পিয়ে॥
নবীন নীরদ যেন বিধু।
গোবিন্দদাদ পিবই মধু॥

পব্জিত বাবাজী মহোদয়ের পুঁণি ১৭

শব্দার্থ-প্রফুল হেম পক্ষ কিয়ে ইত্যাদি-- শ্রীরাধাই এথানে অগ্রদর হইয়া মাধবের সৌন্দর্য্য উপভোগ করিতেছেন। মাধব যেন ঘুম্নত ভ্রমর আর শ্রীরাধা সোনার প্রকৃটিত পক্ষজ।

220

তথা রাগ

দেখ বাধামাধৰ মেলি।
মুক্তি মদন-বস-কেলি॥
ও নৰ জলধর-অঙ্গ।
ইহ থিব-বিজুরি-তবঙ্গ॥
ও বর-মরকত-ঠান।
ইহ কাঞ্চন দশবাণ॥
ও মত্ত মধুকর-বাজ।
ইহ নৰ পছমিনি সাজ॥
ও নৰ তক্তণ তমাল।
ইহ হেম-যূথি বসাল॥
ও মুখচন্দ্র উজোর।
ইহ দিঠি লুবধ চকোর॥
অক্ষণ নিয়ড়ে পুণ চন্দ।
গোৰিন্দ্ৰাস বহ ধ্ধা॥

माः श. ३३७, क. ति. २००१

ত্রু ১৪৮ এবং ১০৭০

পঠি। তার—সা. প. এবং তরুর (১২৭২০) আগরস্থ— 'ও নব-জলধর-অঙ্গ।

শক্দার্থ—মুকতি মদন-রদ-কেলি—মদনের রদকেলির বিগ্রহ বা ম্ভিম্বরপ , মদনের রদবিলাদ যেন মুর্ভি পরিগ্রহ করিয়াছে। ও নব জলধর-অঙ্গ ইত্যাদি— ভামের হইতেছে নবীন মেঘের বর্ণ আর রাধাকে দেখিয়া যেন মনে হয় বিত্যুতের প্রবাহ হির হইয়া আছে। কাঞ্চন দশবাণ—দশবার যে সোনাকে বিশোধিত করা হইয়াছে, তাহার মত উজ্জ্বল বর্ণ। অরুণ নিয়ড়ে পুণ চন্দ— শ্রীরাধার সিন্দুরবিন্দু হইতেছে অরুণ আর শ্রীক্তঞ্বের কপালে খেত চন্দনের বিন্দু হইতেছে পূর্ণচন্দ্র। অরুণ পূর্ণচন্দ্রের নিকটে

থাকে না, কিন্তু এথানে উভয়ের একত্রে অবস্থান দেগিয়া त्गिविन्ननाम छक रहेशा तहित्नन।

१कऽ

(API)

রাধা মাধ্ব কুঞ্ছি পৈঠল রতি-রণ-রঙ্গ রসালা। কে কিল-কলরব বণ-বাজন ঘ্ন বাসক মধকরমালা। সজনী হেরি ছুত্দিঠি বাপ। মনমথ-সমরে কুজনশ্ব কো কহ সোহরি সোহরি জিউ কাপ ॥ প্রিক্তি রাই নয়ন-শরে হানল আকুল কুঞ্ক রাজ:। পাণে ধনী বাদ্ধল? ভূজ্যুগ-বরুণ

করণ জদয়ক সাবা॥ রোখলি রাই তাহি পুন হবি-উবে কুচ-কাঞ্ন-গিরি হান। সো গিরিধর থর^০ নথরে বিলাবল বিচলিত মানিনি মান ॥ শ্ম-ভবে হুহু হুহু অধর-মধু পিবই ହୁଙ୍ଷ ବ ହୁଡ଼ প୍র শংস।

তুওঁ হুওঁ গণ্ড- মুকুরে নিজ্ছাহ ছেবি ভরমহি তুহু করু দেশ ।

সিক্র-দহন-বাণ হেরি মাধ্ব मुगम जनाम निवाछ।

পিঞ্চ-যুকুট-ভয়ে বেণি-ভুজঞ্জিনী तिनुर्रेष्ट्रे गिर् गिष्ठ् गिष्ठे ॥

মাতল মদন-রাজ-মদ-কুজর

অলক-অঙ্গুশ নাহি মান।

ভোড়ল নিবি-বন্ধ নিজপর হুহু নাহি জান।

গীমক বন্ধন^

রতি-রণ তুমূল পুলক-কুল-সঙ্গুল ঘন ঘন মঞ্জির বোল। निक भएन भनन পরাভব পাওল কুণ্ডল গণ্ড হিলোল। কিন্ধিণি বাৰুক অন্থন কন্বণ রতি-জয়-মঙ্গল তুর। মকর গড়ি যাওত মনমথ-কেতু-

গোবিন্দ্রাস কহ কর। মা প (১)—১২৬, মা প उन ३१४९, का ३४४ (২)—৬৭, ক. বি. ১৯০ यहर्गात २०१३०

ৰাধা ১৯

পাঠান্তর—ক্ষণদার আরম্ভ— সজনি! হেরি হেরি তুও দিঠি বাপ। মন্মথ-সম্বে কুন্তুম-শর কো কহ সোধরি সোধরি জিউ কাপ।

- (১) আকুল কুঞ্কো রাজ-ক্রণদা (২) পাশে ধরি বানল — তরু (৩) - গিরিধর বর—তরু
- (৪) তুওঁ তুভাগও মুকুরে হেরি ভরস্ট নিজ ছায় হুছ করু দংশ-ক্ষণদা
- (१) তোডল নীবি-নিগড গাঁম বন্ধন-ক্ষণদা।

ব্যাখ্যা--- শ্রাধা ও মাধ্ব রতিরণের রঙ্গভূমিস্বরূপ মনোহর কুঞ্ প্রবেশ করিলেন। কোকিলের কলরব ও ভ্রমণপংক্তির বাধারই যেন ঘন রণবাছ বাজাইতেছে। স্থি, উভ্যেপ যুদ্ধ দেখিয়া ভয়ে আমার চোথ বন্ধ হইয়া যাইতেছে। কে বলে যে, মন্মথ-সমরে কেবল ফুলের বাণ মারে ৮ সেই ভীষণ যুদ্ধের কথা মনে করিয়া আমার প্রাণ কাপিতেছে। প্রথমেই রাধা আকুল কুঞ্বে রাজার প্রতি নয়নবাণ হানিলেন। তারপর মাধ**ব ভুজ্যুগরূপ** বরুণপাশ দিয়া রাধাকে নিজের কঠিন বক্ষের মধ্যে বাধিয়া রাখিলেন। তাহাতে ক্রন্ধ হইয়া রাধা হরির বুকে কুচরূপ সোনার পাহাড়ের আঘাত করিলেন। তাহাতে শেই গিরিধর (পাহাড় ধরিয়া থাকা **যাহার অভ্যাস** ইহাই ধ্বনি) খর নখরে দেই প্রত বিদারণ করিতে লাগিলেন। তাহাতে মানিনীর মান বিচলিত হইল। শেষে উভয়েই প্রাস্ত হইয়া ক্লান্তি অপনোদনের জন্য অধরমধু পান কারতে লাগিলেন। ছই যোদ্ধাই সমান উদার, তাই উভয়েই উভয়ের প্রশংসা করিতে লাগিলেন। কিন্তু উভয়েরই গণ্ডস্থল দর্পণের মত মস্থা, তাই তাহাতে নিজ নিজ প্রতিবিদ্ধ দেখিয়া ভ্রমে পরস্পার পরস্পারকে দংশন করিতে লাগিলেন। মাধব দিল্বরপ জলন্ত বাণ দেথিয়া কপালের মুগমদের ফোঁটারূপ মেঘের ছার। ঐ আগুন নিভাইলেন। ময়র সাপ থায়, তাই কুফের মাথার ময়ুরের মুকুট দেখিয়া রাধার বেণীরূপ স্পিণী মাটীতে গড়াগড়ি যাইতে লাগিল। মদনরাজের মত হস্তীরূপ শ্রীক্লম্ম মাতিয়া উঠিলেন; রাধার অলকরপ অন্ধশ মারিয়াও তাঁহাকে স্থির করা গেল ন।। রাধার নীবিবদ্ধ খুলিয়া গেল, কুফের গলায় বাধা উত্তরীয় বা পীতবাদ খুলিল: ছুই জনেই নিজ পর জ্ঞান হাবাইলেন। দেহে পুলক জাগিতে লাগিল; তুমুল রতিযুদ্ধ হইল, ঘন ঘন নূপুর বাজিতে লাগিল। অহমাব হইয়াছিল বলিয়া মদন পরাজিত হইল। রাধার কন্ধণ ও কিমিণী জ্যুস্চক ভেরীবাতের মতন ঝহার দিল আর মদনরূপী কুফের কর্ণের সকরকুওল গড়াগড়ি গেল।

\$95

শুনইতে সব অঙ্গ উলসিত মোর।
তেটব সমর ধীর সথি তোর ।
সঙ্গক বন্ধ হলয়ে মন্ত আছ।
আগে তুল্থ সরবি সরব হাম পাছ॥
এ সথি রঞ্জিণা তুল্থ নাহি ভরবি।
হামারি বীরপণ হেরি কিয়ে মরবি
সিংহ মতক কুরঙ্গ নহে কোই।
অতুপতি কোটা ছোটা করি মান।
মনমধ কোটা মধন হাম কান॥
কি করব অলিকুল মন্ত উচার।
ভাম ভ্রমর ধাহা করল বিহার॥

অবলা কি করব রণ রণক্ষীনা। সহচরীগণ যুগতি-বিহীনা॥ কিয়ে ছিয়ে ফুলধমু কুমুমক বাণ। হিয়া মণি কিরণহি করব মৈলান। ভাঙ টান মনু বিশিথ কটাথ। বরিখনে জর জর করব হি তাথ॥ ভূজযুগ পাশে করব হিয় বন্ধ। গিরব গিরায়ব করি কত ছন্দ॥ সোধনী করব হব কঞ্চ সন্না। নগর ক্লপাণে করব হাম ভিন্ন। নিবদয় হৃদয় কপাটক চাপে। লাযৰ কুচগিরি আপন প্রভাপে॥ মানর্থ জঘন কর্ব আবলাস। যুঝাব যুঝায়াব করি কত দম্ভ॥ নব পল্লব জিনি অধর স্বধাতে। করব বিখণ্ডন দশন বিঘাতে ॥ ত্র যর দৈর কর্ব বিপর্ণতে। ঐছন যুক্তি ক্রল হাম চিতে॥ সরবস দেই লেয়ব তছু শরণে। প্রাণ পরাজিত সোপব চরণে॥ জনমে জনমে পদ সেবন আশো। গোবিন্দাস চিতে বড়ই উল্লাসে ॥

স¦প(২) -৮2

60 1 13

মন্তব্য—কীর্তুনানদের পাঠ ছুলে পরিপূণ। সা প পুথির পাঠ দেওয়া হইল।

ব্যাখ্যা— নিরাধার দথীব প্রতি মাধবের উক্তি। তোমার দথীর দক্ষে আজ (রতি) যুদ্দে দেখা হটবে শুনিয়া আমার দকল অঙ্গ উল্লাপত হটতেছে। দঙ্গ হইলে কি রঙ্গ করিব তাহা আমার মনেই আছে। তুমি আগে দরিয়া ষাইও, তার পর আমি অগ্রদর হইব। দথি গো, তুমি তোর কিনী। তুমি ভয় পাইও না যেন। কিন্তু আমার বীরত্ব দেখিলে তুমি হয়তো মরিয়াই ষাইবে। আমি দামান্ত দিংহ, বা কুরঙ্গ নহি, আমি তিন ভ্রনের মধ্যে নোহন ও শোভন হত্তী (ক্রফ); কোটি বদন্তকে আমি অল্পকণহায়ী বিদয়।

মনে করি (এমন দীর্ঘস্থায়ী আমার বিহার)। আমি কোটি
মন্মথকে মন্থন করিতে পারি এমন কানাই। ইতার পর
কি করিয়া শ্রীরাধার সঙ্গে শ্রীরুফ বিলাদ করিবেন তাহার
বর্ণনা।

২৯৩

কেদার

সৌরতে আগরি वरि खनावती কনকলতা সম সাজ। হরিচ দন বলি কোরে আগোবল কুজে ভুজন্ম-রাজ। অব কিয়ে করব উপায়। কল হলগ কোৱে ছোডি মুগ্ৰী স্থী প্ৰন যুগতি না জুবায়॥ চক্ৰক চাক ফণাগণ মণ্ডিত . व-वियभाक्त मार्र। লুবধ অন্তমানিয়ে রাইক অধ্ব मनगक मःभन भौर्ठ ॥ শীত কিয়ে ভীত একু সন্দেহ পুল্কিনী কাপ্ট রাই। মেলি সবহু স্থী গোবিন্দ্ৰাগ কহ ব্ৰাহ প্ৰশ অবগাই॥

(४) २२, वृ ५७, क वि. २० भ ५२, छक ३०५, की ५१১

ব্যাখ্যা—স্থপদে অগ্রগণা নাণিকা-শিরোমণি তথী রাধা স্থলতিকার মতন শোভা পাইতেছেন। ভূজদরাদ্ধ লম্পটশ্রেষ্ঠ অথবা দর্পরাদ্ধ) কুঞ্জের মধ্যে রাধাকে হরিচন্দন অর্থাং খুব স্থাদ্দি শ্বেত মনে করিয়া কোলে আগুলাইলেন (দাপ চন্দনতকতে থাকিতে ভালবাদে)। এখন কি উপায় করিব? কালদর্পের (ক্লফ্রপ লম্পটের) কোলে মুগ্ধা দথীকে ছাড়িয়া চলিয়া যাওয়া ঠিক হইবে না (এই ছল করিয়া দথীরা গোপনে থাকিয়া রাধামাধ্বের লীলাবিলাদ দেখিতে লাগিলেন)। চূড়ার চক্রক অর্থাৎ

ময়্র-পুচ্ছরূপ যে ফণাগণ শোভা পাইতেছে তাহাদেরই বিষম বিষের প্রভাবে রাধার দৃষ্টি অকণ হইয়াছে। কিন্তু আশ্চয্যের ব্যাপার এই যে, সর্পের দংশনে ভীত না হইয়া রাধার অধর ভূজখরাজেব দশনের (দত্তের) স্বমিষ্ট দংশনের জন্ম ব্ট্রাছে মনে হইতেছে। রাধামোহন ঠাকুর লিথিয়াছেন যে, স্থী গোপনে-- "ক্লণং স্থিতা শ্রীক্ষক্ষপর্শাদিনা পূর্দারাগভনিতত্বংখরহিতাং বিলসোন্ম্থীঞ্চ পাটবেনাহুমীয় আননাধিমগ্লা সতী এক্ষত্জ্বস্থ পরমান্ততবিষামূতদায়কলীলয়ং চন্দ্রকেত্যাদিচরণেন ব্যন্তি নবকালকট গ্রাসাদতিবিষ্ম। অর্থাং ক্ষোভিতাকণবৰ্ণ। দৃষ্টিযক্ত দূরাং কিঞ্চিদ্দৃষ্টিপাতেন যো গ্লাপিত আদীৎ স শ্রীমত্যা অধর: তস্ত্র দশনস্ত্র দ'শনামূতেন লুবা: প্রফুল্ল: সংবৃতঃ। ভুজন্বস্ত হেবং কুত্রাপি ন শ্রয়তে। অতঃ প্ৰমাত্ত্ত্ব্।" একটি মাত্ৰ সন্দেহ জাগিতেছে যে, রাধা থে পুলকাঞ্চিত দেহে কাপিতেছেন তাহা তয়ে কি শীতে ? রাণাগোহন ঠাকুর স্থাদের এই সন্দেহ দেখিয়া অহুমান কবেন যে, শ্রীক্রফের সঙ্গে তাখাদের কথন ও সঙ্গম ঘটে নাই, তাই এমন অনভিজ্ঞের মতন সন্দেহ-প্রকাশ। গোবিন্দ।স কবিরাজ ভাই পরিহাদ কবিয়া বলিভেছেন যে, সব স্থীরা মিলিয়। শ্রীক্লফের অঙ্গম্পর্শরপ রস-সাগরে অবগাহন করিয়া স্থির কর কেন লোকে কাপে ?

\$ 58

ভাটিয়ারি

তয় তয় মীলনে ইপজল প্রেম।

মবকত থৈছে জড়ায়ল হেম।

কনক-লতবেলি তয়ণ তমাল।

নব-জলধরে জয় বিজুরি রদাল॥

কমলে মধৃশ থেন পাওল সঙ্গ।

ত্ত্তয় পুলকিত প্রেম-তরঙ্গ।

মাতল মধুশ জয় করলহি পান।

গোবিন্দদাদ ত্ত্ক গুণ গানা।

ক. বি ১০৬৭, ২৪৯৮ ও ৯০, তরু ২৬৪ বরাহনগর পু^{*}ণি ৯—পদ ১৩ পাঠান্তর—বরাহনগর পুঁথি (১) ছহু ক দরশনে (২) ভূঙ্গ (ইহা ভূল পাঠ, কেননা মধুপ শব্দ পূর্ব্বেই রহিয়াছে) (৩) প্রবল মদন-তরঙ্গ (৪) গোবিন্দদাস কহে ছহু সে স্কোন।

ক. বি. পুঁথির আরম্ভ-- তুহু তফু মিলল উপজ প্রেম। শেষ-- গোবিন্দাস পহু রসিক ফুজান ॥

শব্দার্থ – মরকত থৈছন বেঢ়ল থেম — শ্রীকৃষ্ণ মরকত বর্ণের, তিনি হেমাঙ্গী রাধাকে বেষ্টন করিলেন।

२केए

বিহাগডা

হহঁ জন নিতি নিতি নব অহুরাগ।
হহঁ রূপ নিতি নিতি হহঁ হৈয়ে জাগ॥
হহঁ মৃথ চুম্বই হহঁ করু কোর।
হহঁ পরিরম্ভণে হহঁ ভেল ভোর॥
হহঁ হহেঁ বৈছন দারিদ-হেম।
নিতি নব আারতি নিতি নব প্রেম॥
নিতি নিতি ঐছন করত বিলাস।
নিতি নিতি হেরই গোবিন্দাস॥

क. वि. २०১०

च्छ ३७०

শকার্থ—তৃহ রূপ নিতি নিতি তৃহ হিয়ে জাগ—
উভয়ের অন্তরে উভয়ের রূপ নিতা নিতা জাগে। তৃহ
তৃহে বৈছন দারিদ-হেম—দরিদ্র ব্যক্তির নিকট বেমন স্বর্ণ আত্যস্ত আদরের হয় তেমনি উভয়ের নিকট উভয়ে আদরের হইল।

২৯৬

তথা রাগ

কুটিল কটাখ-বিশিপ ঘন বরিধনে

তুর কফ বিবিধ তরক।

নিজ তমু ঔষধি সরস পরশ-বধিলেশে থকিত কক অক ॥

স্থলরি পীতাম্বরি তুই ভেলি।

একলি হিলোলি শাসান-সম্বর্গনর হরি লেলি ।

ত্ব-অবগাই অন্তর মাহা মন্থর

মদন কমঠ অবগাহি ।

উচ-কুচ-মন্দর হার-ভূজগ-বর

মেলি মথন নিরবাহি ।

অধর-স্থা পিয়-প্রেম লছমি হিয়

বাহিরে নথ-পদ-চন্দ।

প্রতি-তন্ম ভাব রতন পরিপ্রল

গোবিন্দাস বহু ধনা ॥

वाधा ३०० ८५॥ २८

সম্প্রঃ ৭, তর ৭০৫

को >8°

পাঠান্তর—কী'র আরম্ভ এ ধনি পীতাম্বরী তুহু ভেল। (১) এক হিলোলে (২) নেল (৩) অবগাহ (৪) নিরমাহ (৫) রতনে।

মন্তব্য—বিপরীত রতি সন্তোগাল্তে তাড়াত।ড়ি পীতবাস পরিধান করিয়া রাধা স্থীদের নিকট আসিলে তাহারা বিদ্রূপ করিয়া শ্রাসমূদ্রমন্তনের কথা বলিতেছে।

ব্যাখ্যা-নামচন্দ্র যেমন তীক্ষ্ণ শর বগণ করিয়া
দাগবের তরঙ্গ দ্র করিয়া নিশ্চল করিয়াছিলেন, রাধে,
তেমনি তুমি বারংবার কুটল কটাক্ষরণ শর বগণ করিয়া
ভামের তরঙ্গ বা চাঞ্চলা দ্র করিয়াছ। তোমার নিজের
দেহরূপ মহৌষধির স্পর্শরূপ দধিবিন্দুরারা উহার দেহ
হিলিত করিয়াছ। দোমাল্য একবিন্দু দধির স্পর্শে বহু
হুয় জ্মাট বাধে; শ্রিক্রফ বোধ হয় রাধার দধিবিন্দুরূপ
অঙ্গস্পর্শপ্তণেক্ষীরোদদাগরের জল স্তন্তিত করিয়াছিলেন।)
হুন্দরি! তুমি পীতাম্বরী হইলে! তুমি একলাই ভামরূপ
রস্মাগর মন্থন করিয়া তাহার সমস্ত সার হরণ করিলে।
তুমি ভামরস-দাগরের তুর্গম অন্তরের মধ্যে মন্থরগতি
মদনরূপ কৃর্মে চড়িয়াছ। তোমার উচ্চ কুচরূপ মন্দর
পর্বত ও হাররূপ বাহ্নকি সর্পের হারা মন্থনকার্য্য
নির্কাহ করিয়াছ। এই মন্থনের ফলে উঠিয়াছে তোমার
ভ্রম্বন্ধা, ভোমার হৃদয়ে প্রিয়ত্মের প্রেমরূপ লক্ষ্মী,

হদয়ের বাহিরে অর্থাৎ বক্ষে নথচিক্রপ চন্দ্র; এবং তোমার প্রতি অঙ্গে পুলককম্পারপ দাত্তিক ভাবরূপ রত্বরাজী। দেবাস্থর মিলিয়া দন্দ্র মন্থন করার ফলে স্থা, লক্ষ্মী, চন্দ্র, রত্বরাজী প্রভৃতি উঠিয়াছিল; কিন্তু তুমি একাই মথন করিয়া এই দব প্রকাশ করিয়াছ দেখিয়া গোবিনদাদ স্তম্ভিত হইলেন।

239

ভূপালী

হিম-ঋতু-নিশি দিশি দিশি বহ বাত।
হিমকর-শীকর-নিকর নিপাত॥

১৮ন-জলধি-জলে তহি দেই কাঁপ।
মিলল শু।ন-তছ্ থরহরি কাঁপ॥
ব্দেরি হরে কর কপট শয়ান।

নাল ি .চালে নিচল ভেল কান॥
বালমল মন্দির মণিমর বাতি।
ব্থমর শেজ বিদীঘল বাতি॥
তুই হেন নাগরি হরি হেন নাহ।
ধনি ধনি মন্সিজ-রদ নির্বাহ।
শুর্মি হাদি গোরি ততু মোড়॥
হরি পরিপূরিত মান্স-কাম।
কোবিল্নাস গাওয়ে শুণ্গাম॥

সাপ (১)---১৯২, ক. বি. ১৪১ সমুদ ১০৭ তক ০০৯ বৃহৰ

শব্দার্থ—দিশি দিশি বহ বাত—চারিদিকে এলোমেলো বাতাস বহিতেছে। হিমকর-শীকর-নিকর—শিশিরবিন্দু-সমূহ। নিপাত—পড়িতেছে।

ব্যাখ্যা—শীতের রাত্তি, চারিদিকে এলোমেলো হাওয়া বহিতেতে, শিশিরবিন্দুসমূহ পড়িতেছে। এমন রাত্তিতে স্থাম মদন-সমূদের জলে ঝাঁপাইয়া পড়িলেন (অর্থাং মন্ত্রের প্রভাবে এভিদারে বাহির হইলেন)। তিনি থবহবি কাঁপিতে কাঁপিতে শ্রমতীর কুঞ্জে উপস্থিত হইলেন।
তাহা দেথিয়া স্থী বলিতেছেন—স্থানির, কপট নিজা
ত্যাগ কর, তোমার নীল সাড়ী দেথিয়া কানাইয়ের গতি
স্থিণিত হইয়াছে। মিলনের উপযোগী এমন স্থান্তর পরিবেশ।
মণিমাণিক্যের ত্যাতিতে কুঞ্জ-গৃহ ঝালমল করিতেছে।
স্থাময় শ্যা। স্থানির বিত্তি। তোমার মত নাগরী আর
হরির মতন নাথ। স্থান্তরী এখন মন্মথর নির্কাহ কর।
স্থীর এইরূপ কথা শুনিয়া মধুর হাসিয়া গৌরী পাশ
দিবিলেন। হরির মনস্কামন। পুণ হইল। গোবিন্দাস
উভয়ের গুণগ্রাম গাহিতেছেন।

২৯৮

কেদার

ত্থ জন আওল কুঞ্জ মাহ।

অপরপ হুই জন বদ নিববাহ ॥

কার কার বরিথে গগনে জল-ধার।

দামিনি দহই কালকে জনিবার॥

কুঞ্জে মাঝে কৈঠি এক ঠাম॥

তুহু তন্তু মীলল মনমথে মাতি।

তুহু পরিরন্তা সমরক ভাতি॥

অপরুপ হুই জন নিধুবন-কেলি।

গোবিন্দাদ হেরই দথি মেলি॥

566 BE

মন্তব্য-ব্যা-মিলনের চিত্র।

499

কিবা শোভা রে মধুর বৃন্দাবনে। রাই কান্থ বদিল রতন সিংহাসনে॥ রতনে নিম্মিত বেদী মানিকের গাঁথনি। তার মাঝে রাই কান্থ চৌদিকে গোপিনী॥ হেমবরণী রাই কালিয়া নাগর।
সোনার কমলে যেন মিলেছে ভ্রমর ॥
ললিতা বিশাথা আদি যত স্থিপণ।
আনন্দে দোহার রূপ করে নিরীক্ষণ॥
ছই কান্দে ছহঁজন ভূজ আরোপিয়া।
রাই বামে করি নাগর ত্রিভঙ্গ হইয়া॥
ডালে বিদ ছহঁরূপ দেখে শুক শারি।
আনন্দে ঘনাঞা নাচে ময্রা ময়্রী॥
গোবিন্দদাদ কহে রূপের মাধুরী।
নবীন জলদ কোলে থীর বিজুরী॥

পদামূভমাধুরী ৩।৪৪ :

900

ভাটিয়ারি

वृक्ता विभित्न विरुव्रहे गांधवी गांधव मिल्हा। হুহ গুণ হুহ জন গ† ওত স্বলবিত চলত নৱন গতি ভাতিয়া ৷ শ্বণ যুগলে কুওল শেহিই নব কিশলয় তোড়িয়া। হুত কান্দে হুত ভুজ শোভই চুম্বই ম্থশ্শি মোডিয়া। মত্ত কোকিল ম্রলি তাহে বায়ে নাচত শিথিগণ মাতিয়।। তেজি মকরন্দ ধাই বেঢ়ল মুধর মধ্কর-পাতিয়া॥ কুন্ত্ম বরিষণ সকল স্থিগ্ণ আনন্দে ও রসে ভাসিয়।। मान लांकिक কৰহিঁ হেরব

ও রদ-দায়র গাহিয়।॥

क. वि. ৮৮

उक्न ३४००, की २२२ সম্পূर्

পাঠান্তর—(১) দায়রে—ভঞ্

শব্দার্থ—নব কিশলয় তোড়িয়া—নব পল্লব তুলিয়া ছই কানে কুণ্ডল করিয়াছেন, তাহাতে অপূব্দ শোভা হইয়াছে।
মধুকর পাতিয়া—ভ্রমরপংক্তি। ও রস-সায়র গাহিয়া—
ঐ রসসাগরে অবগাহন করিয়া (গাহিয়া)।

905

ধানশী

মরুপদ দংশল মদন-ভূজক।
গরলহি ভরল অবশ ভেল অদ ॥
তুওঁ যদি স্থানির করসি উপায়।

মূগধল জন তব জীবন পায়॥
পহিলহি ঝারবি দীঠি পদারি।
করে কর পঞ্নে ভাব সন্তারি॥
শ্রমজল অদ্ধৃহি করবি বিথার।
কুচ্মুগ-কলদে করবি পানি-দার॥
থর নথ-রঞ্জনি ভূয়া নথ মানি।
বারবি নিরবিষ উর পর হানি॥
যতনে অধর ধরি অধর-রদ দেবি।
অধরক দংশন অধর-বিষ নেবি॥
রক্ষনি উজাগরি রহবি অগোরি।
গোহবিন্দাশ ওণ গাওব ভোরি॥

क. वि. २६७৮ छ २৯৮८, वांषा १० छङ्ग ५-१७, समझ २०५

মন্তব্য-সর্পদ শনের পর ওঝার। বিষ ঝাড়ে। তাহাদের ক্রিয়াদির দৃষ্টান্ত দিয়া শ্রীকৃষ্ণ বিপরীত রভি প্রার্থন। করিতেছেন। নথ-রঞ্জনি--নক্ষণ।

৩০২

खर्ह

সংক্ষে অনঙ্গ ভুজপনে দংশল

মঝু মন-মলগ্ন-সমীরে।

তুয়া শীতল দিঠি- কমলে জুড়ায়ত

কাজর-গরল অধীরে॥

হরি হরি তোহে কি দোখব রাধে। গাঁহা গাঁহা জিবইতে ধায়ে তপন-জন তাহাঁ তাহাঁ বিহি করু বাদে॥ ভাগে পড়ল কুচ তুহিন ধরাধ্বে মুক্ছত তেঁ পুন জীব। তাই। পয়ে উজোর হার-ভুজগ-বব বেণি-ভুজঞ্চিনি-পীব॥ অধন-তথাকণ শ্বাদ স্মীরণ-দশন-কির্ণ ম্লি-রাজ। জীবন বাগইতে ম্বি-মস্ত্ৰ-মহোম্ধি গোবিন্দাস কং কাজ ॥

সাপ (২)--৮২, বারা ৬২, ক. বি. ৩১

4 5b, 43 97° 2 2b9

শকার্থ—দোখন - দোষ দিন। তালে পডল—ভাণ্য-বশে পাওয়া গেল। তিনি ধরাধন—তুরাবশুম প্রোচ্চ।

SOR

কিশোরি কিরণে তুহেঁ অতি ভেল ভোর কনক লতিক। রাই নাগরের কোর ॥ রাই মুখ বামে মুরলী করি করে। তিলে দশ বার চাঁদ মুখানি নেহারে॥ নীলপীতবাদ দেখি কুঞ্রের ভিতর। অরুণের কাচে খেন নব জলধর॥ তুহু জনার প্রেম দেখি সব গোপীগণ। রাধা ভোমার তুমি রাধার একুই জীবন॥ দেখিয়া তুহার রূপ অতি রুদে ভোর। গোবিন্দাদের মনে যুগল কিশোর॥

ই সহনীকান্ত দাদেব প্ৰতি (৪১ প্রঃ)।

শব্দার্থ—কিশোরি কিরণে—অর্থ বুঝা গেল না। ছহু জনাব প্রেম দেখি ইত্যাদিতে গোপীগণের পরে 'বলে' এই শব্দ উহু আছে।

600

নিধুবনে শ্রাম বিনোদিনি জোর।
বিধির অবধি তুইাকার রূপে স্থের নাহিক ওর ॥
আধ শিবে শোভে মউর মুকুই, আদ শিরে শোভে বেনি।
কনক কমলে থৈছে বিরাজিত ফনি উপারল মনি॥
আদ শ্রবনে মকর কুওল, আধ মরকত ছবি।
আদ কপালে চান্দের উদয় আদ কপালে রবি॥
আদ পহিরণ হিরণ কিরণ আদ নীলমনি জ্যোতি।
আদ অঙ্গে বন্যালা তুলে আধে বিরাজিত গজমোতি॥
মন্দ মলয় শীতল পবন তরুলতা উড়ে বায়ে।
নিকুঞ্জ দারে বাহির নিকটে গোবিন্দাস গুণ গায়ে॥

মন্তব্য—এটা যুগল বিলাদের পদ। শ্রীসজনীকান্ত দাদের পুঁথি (পৃঃ ৩৬-৩৭) হইতে ডঃ স্কুমার দেন-কর্তৃক দাহিত্যপরিষংপত্রিকার ৩৬শ থণ্ডে প্রকাশিত।

200

কেদার

বাচল রতিবসং বৈঠল ছুহু জন মোছই আননচন্দ্। তুহুঁজন বদনে তাবুল হুহ দেওত বদন ঢুলাওত মন্দ॥ ত্তু মুখ ত্তু রহু চাই। আহা মনি মরি বলি আনন চুম্ই পুন পুন হছ নিরছাই । নীল^ত ত বসনে শোহত ছহু তম্ব মণিময় আভরণ সাজ। ব্দিক্বর নাগরি ৈ্যছন র্মিক তৈছন বিদগধরাজ। কতহিঁযতন করি বিধি নির্মাওল হুহু তমু একুই পরাণ।

বিকশিত কুন্নমে শোভিত নব পল্লব গোবিন্দাস গুণ গান ॥

क. वि. ১১०६, तू ६०

সং ১৫৩, ২৪০, ২৬৫ কী ২১৭

পাঠান্তর—ক. বি. (১) রভিরণ (২) বদন ঘন চুম্বই (৩) তুহে দোহা তম্ম নিরছাই।

মন্তব্য—সংকীর্ত্তনামৃত অপেক্ষা ক. বি. পুঁথির পাঠ উৎক্ট।

শব্দার্থ—বদন চুলাওত মন্দ—শ্রমজনিত ঘর্ম দ্র করিবার জন্ম বদন দিয়া হাওয়া দেওয়া হইতেছে। হাতের কাছে পাথা ছিল না তাই বদনকেই পাথার কাজ করিতে হইতেছে। নিরছাই—নির্মন্তন করে।

906

<u> শ্রীরাগ</u>

দেখ দখি যুগলকিশোর ।

কালিন্দিকুল গৈ নিকুঞ্জ ওর ॥

রসময় গৈ সা নিক্সম লাবণি

মরকত কাঞ্চন বাঁতি ।

নারী পুরুষ ত্ত্ঁ গলখই না পারিয়ে

উচ্চে পরিরম্ভণ ভাতি ॥

ঘন ঘন চুমন গলুবধ বদন তৃত্ত্তি

বিগলিত স্বেদ উদ্বিন্দু ।

সেরইতে মরমে গভরমে পরিপূরিত গৈ কো বিধু-মণি কো ইন্দু ॥

সিন্দুর অঞ্চণ চরণ বিধু মগুল

স্ঘন উদিত এক সঙ্গ ।

গোবিন্দ্দাস কহ সব গল্পক্ব নহ

রাধামাধ্ব বঙ্গ গ ॥

সাপ (১)—১২১

क्रवान २ जा: ६, म्यून ४१)

পাঠান্তর—(১) দা, প ও সমৃত্রে আরম্ভ—পেধনোঁ। রে দ্বি যুগল কিশোর; ক্ষণদায় আরম্ভ—কি পেথলুঁ রে দবি যুগল কিশোর (২) তীর—স (৬) সমবয়—ক্ষ; নবনব
—স (৪) কোই—ক্ষণদা (৫) ঘন ঘন চুম্বনে—স
(৬) হেরি হেরি মরমে—ক্ষণদা (৭) ভরম পরিপ্রিল—ক্ষ

(b) खर (शिल-म (a) नर-म (bo) तकि-का।

শব্দার্থ—কালিনীক্ল নিকুঞ্জক ওর—যম্নার তীরবন্তী কুঞ্বের দিক্। নারী পুরুষ তৃহঁ লথই না পারিয়ে—কে পুরুষ, কে নারী তাহা বৃঝিতে পারা যাইতেছে না, এমনি কেলিবিলাদের ধারা। হেরইতে মরমে ভরমে পরিপূরিত —দেখিতে দেখিতে ভ্রম জন্মে কেবা বিদুম্নি (চন্দ্রকাস্তমনি অর্থাৎকৃষ্ণ) আর কেই বা ইন্দ্ (চন্দ্রম্থী রাধা)।

909

কেদার

রতি-রণ-রঙ্গ

ভূমি বৃন্দাবন

রণ-বাজন পিকুরাব।

চচল মনোরথে

দোসৰ মনমথে ১

পরিমলে অলিকুল ধাব॥

(मथे त्राधामाध्य (मनि।

হিছ কর চপল চিরিত নাহি সম্ঝিয়ে

কিয়ে কলহ কিয়ে কেলি॥

জর জর চন্দন কবরি কুচ-কঞ্চক

বিপুল পুলক ফুল-বাণ।

ত্ত নৃপুর-ধনি ত্তমণি-কিছিণি^১

কন্ধণ-বলয়া-নিদান॥

ত্হ ভূজ-পাণকরি ত্হ জন বন্ধন

অধর-হুধা করু পান।

আকুল বসন চিকুর ° শিথি-চন্দ্রক গোবিন্দদাস রস গান॥

সাপ (১)—১২৫, ক. বি. ৯০ বু১৬, গো২২, রাধা ৯৮ क्राना २२।२७, ममूज ४१० उक्त २४२, को २०२, मः २०७

পাঠান্তর--সমূদ্র (১) তৃহঁ চঢ়ল মনমথ মদ কুঞ্জরে (২) দেখ দথি (৩) তৃহঁক চপল (৪) ঘন নৃপুর-ধনি, ঘন

মণি-কিঙ্কিণি বান্ধই (৫) তৃহঁ ভূজপাশে তৃহঁকে ঘন (৬) বসন মণি অভরণ।

শব্দার্থ—রণ-বাজন পিকুরাব— রতিরণে কোকিলের ধ্বনি রণবাত্যের কাজ করিতেছে। কিয়ে কলহ কিয়ে কেলি—ইহারা তুইজন কেলিবিলাস করিতেছেন কি কলহ করিতেছেন বৃঝা যায় না। আকুল বদন চিকুর শিখি-চক্রক—বদন, কেশপাশ ও ম্যুরপুচ্ছের চূড়া আকুল অথাৎ বিপর্যান্ত হইল।

906

কেদার

দবশনে নয়ন নয়ন-শরে হানল ।

ভূজে ভূজে বন্ধন বাণি ।

অভরণ-হীন তত তত্তত পরশিতে

বিপূল-পূলক-ভরে কাঁপি ॥

দেখ স্থি! রাধা-মাধ্ব-রক্ষ ।

রতি-রণ লাগি জাগি ছ্ছ খামিনী
না হেরিয়ে জয়-ভঙ্গ ॥

ন। হেরিয়ে জয়-ভঙ্গ ॥ ঘন ঘন চুধন ° তুহুঁভেল অচেতন অধর-স্থারদে মাতি।

প্রেমতরক্ষে তহু মন পূর্ল⁶

তুবল⁶ মনমথহাতী ।

বদনহি গদগদ আধ আধ পদ^৬

মদন-মূরছন বাণী।

তুহঁ তুহঁ মরমে মরমে ভাল সমূঝই গোবিন্দাস কিয়ে জানি॥

পাঠান্তর—সমূদ্র (১) দরশনে নয়নে নয়নশর হানই (২) আপি (৩) চুম্বনে (৪) তত্ত তত্ত্ব পূরল (৫) বৃবল (৬) গদ গদ আধ আধ পদ বদতহি।

শব্দার্থ—না হেরিয়ে জয়-ভঙ্গ—এ যুদ্ধে কাহারও
আর জয় হইতেছে না, কেহ রণে ভঙ্গও দিতেছে না।
দীর্ঘকালম্বায়ী যুদ্ধ।

S . 3

কামোদ

আদরে আগুসরি রাই হৃদয়ে ধরি জান্থ উপরে পুন রাথি। নিজ পীত নিচোলে ' চরণ্যগ' মোছই হেরইতে চির থির জাঁথি॥ সঙ্গনী পিরিতি মুরতি অধিদেবী। সব তুথ মেটই যাকর দরশনে সোই আপনে করু সেবা॥ নিব্হি ভীতল হিমদম শীতল নিজ করে মোছই মুখ । বদনে তাম্বল পুরি আঙ্গুলে চিবুক ধরি পুছুই পম্বকি দুখ ॥ সহজ নলিনীদলে মৃত্মৃত্বীজই মধুর সন্থাষ্ট কাহ। গোবিন্দ্রাস কহ নাহ বৃদিকপুণ

ক. বি. ৮১৭, রাধা ৯৪

তর ৭৫৪, স্ ২৩৩, কী ১৯২ রসমঞ্জরী ৪৮, সমুদ্র ১৪৬

পাঠান্তর—ক. বি. পুঁথির আরম্ভ—গিরিধর পিরিতি মূরতি অধিদেবা। (১) নিজ কর কমলে--ক. বি. (২) চরণনীর— ন. বি. (৩) করতলে মাজই মুধ—ক. বি.।

র।ইকে অমিয়াসিনান॥

শব্দার্থ—নিজ পীত নিচোলে ইত্যাদি— শ্রীকৃষ্ণ নিজের কাপড় দিয়া শ্রীরাধার চরণযুগল মূছাইয়া দিতেছেন আর তাঁহার মুথের পানে দীর্ঘকাল ধরিয়া স্থিরদৃষ্টি নিক্ষেপ করিয়া আছেন। গোবিন্দদাস কহ ইত্যাদে—গোবিন্দদাস বলিতেছেন যে, নাথের বিদগ্ধতায় রাই যেন অমৃতসাগরে স্নান করিয়া উঠিলেন।

930

ভূপালী

মদন মদালদে স্থাম বিভোৱ।
শশিম্থী হাসি হাসি কক কোর॥
নয়ন ঢুলাঢুলি লছ লছ হাস।
আক হেলাহেলি গদ গদ ভাষ॥
নিরসি অধর-মধু পিবি অগেয়ান।
মদন মহোদধি ডুবাওল কান॥
ঘন ঘন চুম্বই নাহ বয়ান।
সরসিক্ষ চান্দ মিলন ভেল ভাগ॥
নিবিড় আলিকনে প্লকিত অক।
অপরপ বতি-কেলি মনসিজ-ভক ॥
দ্রে গেও ময়্র-শিধও পীত বাস।
দোহ রপ নিছনি গোবিন্দাস॥

क्रमा २०१३०, को २३२

পাঠান্তর—কী (১) ডুবল (২) রন্ধ।
শব্দার্থ—লহ লহ হাস—অল্ল অল্ল হাস্ত, মৃত্হাসি।
সরসিজ চান্দ মিলন ভেল ভাণ—শ্রীরাধার বদনকমলে
শ্রীক্তন্ধের ম্পচন্দ্র মিলিল। মনে হয় ধেন কমলে ও চল্রে
মিলন হইল। সাধারণতঃ স্থ্যের সন্ধেই কমলের মিলন
ঘটে, চন্দ্রের সন্ধে মিলন অত্যন্থ বিশায়কর।

922

কামোদ

দেখ দেখ বাধা মাধ্ব সক।

হুহুঁ হুহুঁ মিলনে আনন্দ বাঢ়ল মনে

হুহুঁ মেনে ও উদিত অনক ।

হুহুঁ ক্ব পরশিতে সপুলক দোহে তুহু

হুহুঁ জুহুঁ আধু আধু বোল।

কিহিণী নূপুর বলয় মণি-ভূগণ

মঞ্জীর-ধ্বনি উত্তরোল।

রাই-কাছ-আলিজন নীলমণি-কাঞ্চন
হেরইতে লোচন ভোর।
আবেশে অবশ ত্তঁ তহু ভেল আকুলও
জলধরে বিজুরী উজোর॥
ঘন ঘন চুম্বনে ত্তঁ মুখ দরশনে
মন্দ মধুর মৃত্ হাস।
ভাম তমালং কনক লতা বেঢ়ল
নিছনি গোবিন্দাস॥

ক্রণদা ২৬।১১, কী ১৮৭, অ ৭৭

পাঠান্তর কী—(১) ছত্ ছত্ —কণদা (২) মনে উদিত অন্দ—কী (৩) আবেশে অবশ তহু অতি আকুল—কী (৪) শ্রাম তমালে।

শব্দার্থ—রাই-কাহ্-আলিগন নীলমণি-কাঞ্ন— ভাগরূপ নীলকান্তমণির মত আর রাইয়ের রূপ কাঞ্নের মত।

< >>

শীরাগ

'তুহুঁ মুখ দরশি বিহিদ ছহু লোচন শাওন বরিখত নীর। হৃদয় হুহুঁ জোরত আকুল হৃদয় তুহু জন এক-শরীর॥ সঞ্জনি না বুঝল মরমক ভাব। তুহঁ তুহঁ সরবস রস-ভরে পরবশ निवमन किरम भवशांव ॥ নিজ্ব-কর-কমলে চিবুক তুহুঁ পরশই কহইতে না ফুরই বাণি। দারিদ রতন যতনে জমু সম্বরু সতত হৃদয়ে ধরু পাণি॥ চরণ কমল তুহঁ নিজ-কর-পল্লবে পরশি স্তত ধরু আশ। কবহি দুর দ্র অহমানই উন্মত চিত-অভিলায।

দ্রশন পরশ সরস ত্তু মানই

ত্তু রস-সায়র ভান।

কিয়ে দারুণ কিয়ে দ্র-অবগাহন

গেলহি সো ভেল আন ॥

ত্তু ক বিলাস কলাবস হেরইতে

অনন্ধ তেজই অভিমান।

গোবিন্দদাস ভণ ত্তু রস-ধারণ
পাপ রজনি অবসান॥

की ३४१, अ १४

শব্দার্থ — নির্মান — নির্ব্ত হইল, ক্ষান্ত হইল। পর্থাব

 শব্দার, প্রমন্ধ। না ফুরই বাণি—কথা বাহির হয় না।
 গোবিন্দদাস ভণ — গোবিন্দদাস বলিতেছেন উভয়েই রস
 ধারণ করিয়া আছেন অথচ পাপ রজনীর অবসান ঘটিল।
 রাত্রি ভাড়ণ কাড়ি শেষ হইয়া যাইতেছে বলিয়া উহাকে
 পাপরজনী বলা হহয়াছে।

959

ধানশী

যব ধনি কান্ত কয়ল তহি কোর।
নব মেঘ দেথি জন্থ চাতক জোর॥
রসবতি বসিক-শিরোমণি রায়।
মনরথ সিধি বিধি প্রল তায়॥
নাগরচিতে পুন আরতি বিলাস।
অন্তমতি-অন্তরে ধনি মৃত্ বাস॥
লীলা লাবণি আনন্দ দান।
রসিক-শিরোমণি আনন্দ সিনান॥
ত্ত রসে ভুলল ত্ত করি কোর।
বেগবিন্দাস হেরি আনন্দ বিভোব॥

কী ১৯৩, অ ১০৫

পাঠান্তর-(১) যেন-কী

শব্দার্থ—নবমেঘ দেখি জায় চাতক জোর—নৃতন মেঘ দেখিয়া চাতক-দম্পতি খেরপ আহ্লাদিত হয়, রাই ও কায় পরস্পরকে পাইয়া তেমনি আনন্দিত হইলেন। নাগরচিতে পুন ইত্যাদি—নাগরের মনে পুনরায় বিলাস করিবার আর্ত্তি (আরতি) জ্বাগিল এবং স্কুলরীও মৃত্ হাসিয়া হৃদয়ের অভিলাষস্চক অ্সুমতি জ্ঞাপন করিলেন।

958

বিভাগ

কুহ্ম তুড়ি ছত্ত দেজ বিছায়ল ভতল নিভূত নিকুঞে। মধুমত ভ্ৰমন্ত্ৰী মৃত্ মৃত্ ঝাইক বিক্ষিত ফল ফুল পুঞ্জে ॥ বিনোদিনী রাধা মাধবকোরে। তমালে বেচল জন্ম ক্ৰক লভাবলি তুহরপ এতিহু উজোরে॥ कवि यव श्रुक्तिशी ভূজে ভূজে বন্ধ শ্রামক কোরে ঘুমায়। রতিরদে অবশ তুহুক ভুফু জ্বে জ্ব প্রিয় স্থি চামর চুলায়॥ স্থবাদিত নীর ঝারি ভরি দহচরি রাথত তুহু জন পাস। মন্দির নিকটে আন থলে ভতলি সহচরি গোবিন্দাস॥

की २५%

শকার্থ—মন্দির নিকটে আনথলে স্কতলি—পদকর্তা গোবিন্দদাস এখানে মঞ্জীভাবে বলিভেছেন যে, তিনি রাধাক্তফের শয়নমন্দিরের নিকটেই অন্য স্থলে শুইলেন। প্রয়োজন হইলেই আসিয়া তাহাদের সেবা করিবেন।

9:0

নাগধুন

স্থীগণ মেলি করল প্রান।
কৌতুকে কেলি কুগু-জ্বগান॥
জন্মাহা পৈঠল স্থীগণ মেলি।
ত্ইজন সমর কয়ল জলকেলি॥
বিথরল কুস্তল জর জর জঙ্গ।
গহন সমরে দিল নাগর ভঙ্গ॥
স্থীগণ বেচল নাগরচন্দ।
গোবিন্দাস হেরি রহু ধন্দ॥

१ : - ३२

সং ১০০, ১৮৮, ২১৬, ২৬৬, ২৯০, ৩৫১, আ১১৭

633

রতি অবদানে

ভাম হিয়ায়

শৃতলি ইন্দুগি বালা।

মরকত মদনে

কোই জন্ম পূজন

দেই নব চম্পক্মালা ॥

ভামি বয়ানপর

বয়ান বিরাজ্

হিয়াপর কুচগিরি সাজে।

কনক কুন্ত জন্ম

উলটি বৈদায়ল

মানে মহোদ্ধি মাঝে॥

জীবন তম্মন

ভূজে ভূজে বন্ধন

অধরহি অধর মিশলি।

বেচুল মুণাল

হেম নীলমণি জ্বন্থ

বারুলী খুগ রসাল ॥

ঘন দোদামিনী তু

হকুলে ছকুলে জগু

হছ জন এক পটবাস।

চরণ বেঢ়ি চাক

অরুণ সরোক্ত

मधुकद शाविक्ननाम ॥

পণ্ডিত বাৰাঞ্জী মহোদয়ের পুলি

শব্দার্থ—মরকত মদনে ইত্যাদি—ক্নঞ্চের বুকের উপর রাই শুইয়া আছেন; দেখিয়া মনে হইল খেন মরকতনিম্মিত মদনকে (খ্যামকে) কেহ খেন টাপার মালা (রাধা) দিয়া পূজা করিল।

e39

সিকুড়।

জালাদহি জালাদ বিজুরি দিঠি তাপক মরকত কনয় কঠোর।

এ ছুহু ভুতু-মন-নয়ন-রুসায়ন

নিরুপম নওল কিশোর॥

দেখ দখি রাধামাধ্ব-ভাতি।

কো বিহি নিরমিল কোন ঘটাওল

খ্যামর-গোরি-সঙ্গাতি॥

যব হুহু হুহু হেরি নয়ন-অঞ্লি ভরি

আন-আন পিবইতে চাহ'।

তম্ব তম্ব পৈঠত সঘন আলিগনে

কৈছে হোয়বত নিরবাহ।।

আরতি অধর-স্থারদ পিবি পিবি

হুহু ক পিরিতি উন্মাদ।

গোবিন্দদাস কহ অধিক রস-আবেশে

কিয়ে না করু পরমাদ॥

সা প. (১) ১১৪, ক. বি. ২৫৯৯ এবং ৭৪ मधुष ३२९, उन ३०९७ म: २०८, की २১२

পাঠান্তর—(১) জলধর জলদ—সং (২) হহু পিবইতে ছহু চাহ—সং (৩) হোয়ত— কী (৪) আরতি এ অধর স্থধারদ পিবইতে—সং।

শব্দার্থ—জলদহি জলদ ইত্যাদি—নবীন কিশোর ও কিশোরী নিরুপম; তাহাদের তুলনা নাই। যদি জলদের সঙ্গে খামের তুলনা কর, তবে বলিব জলদ জল দিয়া দেহ ভিজাইয়া দেয়। রাধার সঙ্গে বিজুরীর তুলনা দেওয়া ধায় না, কেননা উহাতে চোধ গাঁধিয়া ধায়, চোধের কট হয়। মরকত ও কনকের দঙ্গে ক্বফ ও রাধার তুলনা হয় না, কেননা উহারা করিন, কঠোর আর ইহারা তহু, মন ও নয়নের পরম তৃপ্তিকর। কোন ঘটাওল—ভামের দঙ্গে গৌরীর প্রেম কে ঘটাইল ?

236

তিরোতা

তে।ড়ি সব স্থীগ্ৰ কনকে কুম্বন সরস সম্ব করু তাই। মারত বদন নেহারি কুত্বম পুন পোহত সব কর মাই॥ (किकिन मगद्रक (किन। ন্ত্ৰল ক্ৰিপোৱি কিশোর নয়লবর লালত। স্থীক্ষন মেলি॥ মণিময় ভূষণ তম্বতি শোভন বান বান মঞ্জিব বাজ। গোবিন্দাস কহে রম্বি-শিরোম্বি জীতল মন্মথ্যাজ।

ক. বি. ২০ স: ৩১৭

শব্দার্থ-সিথীর। ফুল ভোডাছু ড়ি করিয়া সরস যুদ্দ করিতেছেন। মারত বদন—মূথে ফুল ছু ড়িয়া মারিল। নেহারি কুম্বম পুন - সকলেরই হাতে কুম্বম ফের শোভা পাইতেছে দেখিয়া বলিয়া উঠিল—থেই মা!

979

চলল ' মন্দিরে নওল কিশোরি।

হেরই হরিম্থ অলস বিলোচনে '

চেতন রতন চোরাওলি গোরি॥

ঝামর বদন ভাম ঘন চুম্বনে
প্রাতর-মধুর ' শশধর কাঁতি।

চম্পক মাল লিভ করে বারই
পরিমলে ল্বধলা মধুকর পাঁভি॥
বিগলিত কেশ বেশ সব খণ্ডিত
নখপদ-মণ্ডিত হৃদয় নিহারি।
পীত বসনে চমকি তম্ম ঝাপই
রস-আবেশে চলু চলই না পারি ॥
লহু লহু হাণি সম্ভাষই সহচরি
সচকিত লোচনে দশ্দিক চাই।
গোবিন্দাশ কহই জনি গুরুজন জাগব
চলহ তুরিতে ঘর যাই॥

সাপ (১) ১০॰, ক. বি. ১১১ সমুদ্র ২০৭, তক ১০৯১, ২৭৫৫ বৃহহ

পাঠান্তর—কী (১) চলিলছ; চললহি (তরু)
(২) বিলোচন (২) পুদর (৪) চলই নাহি পারি (৫) ঘরে।
শব্দার্থ—চেতন রতন চোরাওলি গোরি—গৌরী
হরির মৃথ অলদ দৃষ্টিতে দেখিয়া তাঁহার চেতনারূপ রত্ব
চ্রি কবিয়া লইল। ললিত করে বারই—গৌরীর গলায়
চাপার মালা, তাহার প্রতি লুর হইয়া ভ্রমরের দল আদিয়া
আক্রমণ করিতেছে, আর দে তাহার স্থান্দর হাত দিয়া
তাহাদিগকে বাধা দিতেছে (বারই)। নথপদ-মিওত
হাদ্যা—তাহার বুকে নথের চিহ্ন শোভা পাইতেছে। জনি
গুরুজন জাগব—গুরুজন যেন না জাগো।

স্বয়ংদোত্য

€20

ধানশী

ম্বলী-মিলিত অধর নব পল্লব
গাওত কত কত রাগ।
কুলবতি হোই মন্দির ছোড়ি আয়েলোঁ।
সহই না পারি বিরাগ॥

মাধব ভোহে কি শিখায়ব গান। গৌরি আলাপি শ্রাম নট সঞ্চক তব তোহে^২বিদগধ জান ॥ মুর্লি ছোড়ি য্ব° মধুর আলাপবি তেশর জন জনি জান। কণ্ঠ হি কণ্ঠ মেলি অব সমুঝিয়ে ষতি খণে হোত স্কঠান # নিবজন জানি क्रमस्य व्यवशांत्रवि ঐচন গুণবতি ভাষ। থৈছে নাহি হোয়ত' গুণিজন-লাজ কহতহি° গোবিন্দদাস॥

সাপ (১) --৭০, রাঝ ৫৮ সমুদ্র ২২২ , তক ৬২১ গো:৪, ক. বি ৬৫ সং:১১৪, ১১৭

পাঠান্তর--(১) আয়লু -- সং (২) তুহ -- তর (৩) অছ --- তরু (8) কবহি নাহি হোয়ত-সং (a) বদতহি-- সং। ব্যাখ্যা—তোমার মুরলীদংযুক্ত নবপল্লবতুল্য অধ্ব কত কত রাগ (রাগরাগিণা ব। অন্নরাগ) গাহিতেছে. তাই কুলবতী হইয়াও আমি ঘর ছাড়িয়া আদিলাম— কেননা আমি বিরাগ (উদাধীতা অথবা রাগরাগিণীর বাতিক্রম) সঞ্চ করিভে পারি না। মাধব তোমাকে আর গান করা কি শিখাইব ? প্রথমে গৌরী রাগিণী আলাপ করিয়া পরে শ্রাম ও নটরাগ বিস্তার কর, তবে জানিব তুমি পণ্ডিত বটে; অথবা হে নটবর শ্রাম, যথন তুমি গোরীর (আমার) সহিত রদালাপ করিয়া সঞ্চরণ বা চলাফেরা করিবে, তথন তোমাকে রদিক বলিয়া জানিব। মুরলী ছাডিয়া যখন মধ্ব বাগ আলাপ করিবে, তখন ষেন ততীয় ব্যক্তি শুনিতে না পায়; গলায় গল। মিলাইয়া দেখিব যতক্ষণ না জ্বনর হয় (তুমি আর আমি এক সঙ্গে গলায় পলা মিলাইয়া অবাক্ত মধুর স্থরে গান অভ্যাদ করিব, যতক্ষণ না গানটা ফুলর-রূপে মভ্যাদ হয়।) গুণবতীর এইরূপ বাক্য নির্জ্জনে মনে বৃঝিয়া দেখিও যাহাতে গুণীঞ্নের কাছে লজ্জা না পাও।

623

বরাড়ী

মনমথ-মকর ডরহি তর-কাতর
মরু মানদ-বাধ কাঁপ।
তুয়া হিয়° হার-তাটনি তট কুচ-ঘট°
উছলি পড়ল দেই ঝাপ॥
ফুলরি সম্বক্ষ কুটিল কটাথ।
কলদিক মীন বড়িসি তি কিয়ে ডার্মি
এ অতি কঠিন বিপাক॥
পুন দেই ঝাপ পড়ল যব আকুল
নাভি-সরোবর মাহ।
তাহি রোমাবলি-ভুজ্গি-দঙ্গ ভয়ে
ত্রিবলি-বেণি অবগাহ॥
তাহি ফিরত কত কত্ত্ মনোরথ
দৈবক গতি নাহি জান।
কিকিণি-জালে পড়ত ভেলণ সংশয়
রোবিন্দাদ রদ গান॥

সা. প (১) —৮১, বৃ১**১** রাধ। ৬৮

ত্র ৬২৩, জনদা ২১,৭ সম্দ ১১৪

পঠিয়ন্ত্র— ক্ষণদা (১) তুয়া হিয়া (২) ঘটে (৬) অব (৪) তহি (৫) দৈবকো (৬) যব।

ব্যাখ্যা—মাধ্য জীরাধাকে বলিভেছেন— আমার চিত্তরূপ মংস্থা (ঝ্য) মন্যথের যে বাহন মকর তাহার ভ্রের কাঁপিতেছিল; সেই অবস্থায় তোমার বৃক্তর হাররূপ নদীর তীরে কুচরূপ কলসী দেখিয়া উছলিয়া পড়িয়া বা উল্লিখ্য হার্যা তাহার মধ্যে জীবনরক্ষার জন্ম ঝাঁপ দিল। ফুল্বি! এখন তোমার কুটিল কটাক্ষ সম্বরণ কর— আর উহা প্রয়োগ করিবার প্রয়োজন নাই। যে মাছ কলসীর মধ্যেই চুকিয়াছে তাহাকে ধরিবার ক্ষম্ম আবার বৃড়িশি ফেলিতেছ, এ ত বড় কঠিন বিপদ্। ভোমার কটাক্ষরূপ বড়শির ভয়ে আমার মনরূপ মীন আকুল হইয়া ক্ষের তোমার নাভিদরোব্রে ঝাঁপাইয়া পড়িল। ধেখানে আবার রোমাবলীরূপ স্পিনীর ভয়ে ত্রিবলী-রূপ

দকীর্ণ জ্বলপ্রণালীর (বেণি) মধ্যে অবগাহন করিল।
সেখানে ঘূরিতে ঘূরিতে তাহার কত কত ইচ্ছা হইতে
লাগিল। কিন্তু দৈবের গতি কে জানে ? দেখানে
আবার তোমার কটির কিন্ধিনীরূপ জালে পড়িয়া তাহার
জীবনসংশয় হইল। গোবিন্দদাস এই রসের গান
করিতেছেন।

923

শ্রী রাগ

মদন-কিরাত >-কুস্থম-শর দাকণ
বুন্দাবন-বন-মাঝ।
তেঞি আকুল হরি তোহারি শরণ করি
পরিহরি পৌক্ষ লাজ॥
এ ধনি তুয়া দিঠি অথির সন্ধান।
মনমথ মার্ণিরতে জোড়ি নয়ন-শর
হানল হামারি পরাণ॥
ত্তা শরে জর জর জীবন অন্তর
কীয়ে করব নাহি জান।
নিজ যশ চাই রাই অব দেয়বি
অধর স্থারস-পান॥
মণিময়-হার-তরঞ্জিনি-ভীরহি
কুচ-কনকাচল-ছায়।
ক্রিছে তপত জনে গুপতে বাগবি তব
গোবিন্দাম যশ গায়॥

সা. প. (১) - ৮০, রাধা ৬৭ ক. বি. ৭৪২ उक् ७२७ २, मः ३८, मिक्तां छ চক্রোপয় ১৪১, কণদা २२।२ ममुम २२৮

পাঠান্তর—(১) দিদ্ধান্ত-চক্রোদয়ে 'মদন কিরাত' ছালে 'মদন কি বাত' ছাপা হইয়াছে। (২) গোপতে—
ভক্ষ।

শব্দার্থ — কিরাত — ব্যাধ। অথির সন্ধান—অন্থির সন্ধান; একজনকে মারিতে আর একজনকে মারিয়া বস।

ব্যাখ্যা-মদনরূপ ব্যাধের কুস্থমশর বৃন্দাবনের বনের মধ্যে নিতান্ত দারুণ বা ভীষণ। তাহাতে ব্যাকুল হইয়। আমি হরি আমার নিজের পৌরুষ পর্ব ও লজ্ঞ। ত্যাগ করিয়া তোমার আশ্রয় গ্রহণ করিলাম। তুমি আখিতকে বাঁচাইবার জন্ম মদনকে তোমার কটাকশর দিয়া মারিতে উগত হইলে; কিন্তু তোমার দন্ধান এখনও স্থির হয় নাই, তাই মন্নথকে মারিতে যাইয়া আমারই প্রাণের উপর উহা হানিলে। এখন আমি মরথের শরে ও তোমার শরে জর জার হইয়া মারা যাই। কি করিব জানি না। তুমি যদি নিজের য়শ রক্ষা করিতে চাও তো তোমার অধর-স্থারদ দিয়। আমাকে বাঁচাও। (তোমার বাণে যে আহত হইয়াছে তাহাকে বাঁচানে। তো তোমারই কাজ।) আমাকে ভোমার মণিময় হাররূপ নদীর ভীরে ভোমার কুচরূপ পর্বতের ছায়ায় গোপনে রাথিয়া এই বাণদগ্ধ জনকে বাচাইও—ভাষা হইলে গোবিন্দদাস ভোমার যশ ঘোষণা কবিবে।

৩১৩

তথা রাগ

কনকলতা কিয়ে বিকশল পত্মিনি
কিয়ে মহি বিজুরি উজোর।
কুঞ্-কৃটিরে কিয়ে উয়ল হিমকর
হেরইতে আয়লুঁ ভোর॥
স্থানরি ভোহারি চরিত বিপরীতে।
কাজর-গরলহি ভরল নয়ন-শর
হানলি অস্তর চীতে॥
তব অগেয়ানে কয়লি তুহুঁ এছন
অব স্থপুরুধ বধ জান।
উচ কুচ-চৃত্বক সরস পরশ দেই
উদ্ঘাট্ছ দিঠি-বাণ॥
আশ-পাশ হাসি দরশায়সি
কতিধনে রাথবি পরাণ।

বিঘটল সময় পালটি নাহি আয়ত গোবিল্দাস প্রমাণ ॥

সা. প. (১)—৮৩, ক. বি. ৬৪ তরু ৬২৪, সমূদ ২১৫ এবং ২৯৮৬, বৃ ১১

ব্যাখ্যা-এক বিচিত্র ব্যাপার ঘটিয়াছে দেখিয়া আমি মৃগ্ধ হইয়া আদিলাম। স্বৰ্ণভাতে কি পদাফুল ফুটিল ? (স্বৰণা দেহলতাতে বদনকমল ফুটিয়াছে। তাহা আশ্চর্য; কেন না, পদ্ম পাঁকেই জ্বেম)। কিয়া ভূমিতে উজ্জ্ব বিদ্যুতের বিকাশ হইয়াছে ? (শ্রীরাধা মাটীর উপর দিয়া চলিয়া যাইতেছেন, মনে হয় যেন বিহাৎ)। কিম্বা কুঞ্জকুটীরে চন্দ্র উঠিল ? কিন্তু স্করি! ভোমার চরিত্র ও ব্যবহার অম্ভুত! আমি বিশ্বিত হইয়া দেখিতে আদিলাম, আর তুমি কি না আমাকে তোমার কজলরপ বিষে পরিপূর্ণ নয়নশরে আমার মনে ও হৃদয়ে আঘাত করিলে ্ বোধ হয় তুমি অজ্ঞাতে (অগেয়ানে) বা না বুঝিয়া এরূপ করিয়াছ, কিন্তু এখন এই ভালমাত্রষ যে মারা যায়। তাহার বাঁচিবার একমাত্র উপায় হইতেছে তোমার উচ্চ কুচরূপ চুম্বকের দর্দ স্পর্শ দিয়া ভাহার বৃকে বেঁধা কটাক্ষবাণ বাহির করা। (চ্ছকের টানে লোহার শর বাহির হইয়া আদিবে)। তুমি হাসিয়া আশা দিয়াছ, কিন্তু ভগু আশায় কি হইবে ? ষে স্থােগ চলিয়া যায় ভাহা আর ফিরিয়া আদে না। গোবিন্দ্রাস তাহার সাক্ষ্য দিতে পারে।

> ৩২৪ ধানশী

কানন কুষ্ম তোড়িদি কাহে গোরি।
কুষ্মহিঁ নিরমিত দব তহু তোরি।
আনন হেম-দরোকহ-ভাদ ।
দৌরভে খ্রাম-ভ্রমর মিলু পাশ।
নয়নযুগল নীল উত্তপল জোর।
দহজে শোহায়ল খ্রবণক ওর।

অপরপ তিল-ফুল স্থললিত নাস।
পরিমলে জিতল অমর-তরু-বাস॥
বার্কুলি মিলিত অধর হাঁহা হাসও।
মুকুলিত-কুন্দ-কুম্দ পরকাশ॥
সব তরু ফুটল চম্পক গোর।
পানিক তল থল-কমল উজোর॥
গোবিন্দাস অতয়ে অসুমান।
পৃত্ত পশুপতি নিজ তরু দান॥

সা- প. (১)—৭৯. ক. বি. ৬৩ তক ৬২৯, সং ৯৪, সমুদ্র ২১৯ রাধা ৬৬, বৃ ১০

পঠি ন্তর— সং—(১) আনন হেম-কমল পরকাশ (২) শোহায়ন (৩) অধর বান্ধুলী মিলিত জ্বেভ হাস।

ব্যাখ্য:—শ্রীকৃষ্ণ বাধাকে ফুল তুলিতে দেখিয়া বলিতেছেন-বাগানের ফুল তুলিয়। আবার তুমি কি করিবে ? গৌরি ৷ তোমার সমস্ত অঙ্গপ্রতাঙ্গই তো ফুল দিয়া তৈয়ারী। তোমার মুগথানিতে সোনার কমলের কান্তি; তাহার স্থান্ধে শ্রামরূপ ভ্রমর আসিয়া তোমার পাশে মিলিয়াছে। তোমার নয়নদ্ব নীল উৎপলের মত; তাহা আকর্ণবিস্তৃত, তাই মনে হয় যেন সহজ সৌন্দর্য্যে উर्ट। कर्लित श्रीखामार्थ मीलांश्यन मामक कर्नकृत्वत ग्राप्त শোভা পাইতেছে। তোমার নাদিকা অপুর্ব্ব তিল ফুলের তায় স্থলর; তাহার দৌরভে পারিজাত হার মানে। তোমার অধরই বাঁধুলি ফুল। তাহার হাসিতে যেন মুকুলিত কুন্দ ও কুমূদ ফুটিয়া উঠিতেছে। ভোমার দকল অঙ্গই ফুটস্ত চাঁপার দলের মতন গৌরবর্ণ। আর করতল যেন উজ্জ্বল স্থলকমল। দেইজন্ম গোবিন্দদাদ অমুমান করিতেচে যে, তুমি তোমার নিজের দেহ দিয়া পশুপালক শিব বা কৃষ্ণকে পূজা কর।

> ূ হ ভূপালী

পতি অতি ছ্রমতি কুলবতী নারী। স্বামি-বরত পুন ছোড়ি না পারি॥ তেঁ রূপ যৌবন একু নহ উন।
বিদিপৰ নাহ না হোয় বিণি পূণ॥
এ হরি অতয়ে দেখায়বি পয়।
প্রুব পশুপতি গোরি একয়॥
সহজে বধু-জন গতি-মতি-হীন।
ঘর সঞ্জে বাহির পয় না চীন॥
না মিলল কোই বনহিঁ বন আন।
অমুসরি মুরলি আয়লোঁ এহি ঠাম॥
আয়লোঁ দ্র পুরব নিজ সাধে।
একলি বোলি করহ জনি বাদে॥
তুল্ল যৈছে গোরি আরাধলি কান।
গোবিন্দাস তাহে পরমাণ॥

সা. প. (১)—48, ক. বি. ৬৫ তর ৬০০, শম্দ্ ২১৮ গো ১৫, মান্ত্

ব্যাখ্যা-- প্ররাধা বাকোর কৌশলে প্রক্রফকে লীলা-বিলাসে প্রবৃত্ত করিতেছেন। আমার স্বামী অতিশয় হুর্মতি, তবুও আ... কুলবতী নারী বলিয়। স্বামীর সেবা-রূপ ব্রত একেবারে ত্যাগ করিতে পারি না। আমি রূপে বা যৌবনে কম নই: কিন্তু আগার পুণাবল ছিল না বলিয়া আমার ভাগ্যে রসিক নাথ জুটে নাই। এইজন্য অর্থাৎ পুণাদঞ্যের অভিপ্রায়ে আমি নির্জ্জনে গৌরী ও পশুপতি (অথবা আমি গোরী পশুপালক শ্রীকৃষ্ণকে পূজা করিব)। হরি আমাকে তুমি দেই নির্জ্জন স্থানে ঘাইবার পথ দেখাইয়া দাও। আমি তো পথ চিনি না. কেননা বধুজনেরা একে অল্পদ্ধি তাহাতে আবার তাহার। ঘর হইতে বাহির হয় না। শুধু বন আর বনের মাঝ দিয়া আধিলাম, তাই পথ জিজ্ঞাদা করার মতন কাহারও দেখা পাইলাম না; ভাগু তোমার ম্রলীর ধানি অন্সরণ করিয়া এখানে আদিলাম। এতদূর আদিলাম, কেননা निष्कत माथ পূर्व कतित (পূজ। कतित हेरा ताहित्तत कथा, ভিতরের অর্থ অন্ত)। তুমি যেন আমাকে একা দেখিয়। দেই পূজায় বাধা ঘটাইও না। গোবিন্দাস বলিতেছেন त्य, त्र त्रोति! जुमि भिवशृकात ছल त्य कानाहै एत्रवे পঞ্চা করিয়াছ তাহার সাকী আমি।

৩২ ৬

ইমন কল্যাণ

মসু মৃথ বিমল-কমল-বর-পরিমল
জানলুঁ তুইঁ অতি ভোর।
স্বামিক নিয়ড়ে কতহুঁ করু কলেবর
না জানি কৈছে দিল তোর ॥
দ্বে রহু শ্রাম ভ্রমর-বর রায়।
স্বামিক সেবন করইতে ঐছন
জানি করহ অন্তরায়॥
এতহুঁ তিয়াদে হোত যব আকুল
কী ফল মন্দিরে গুলু।
তাঁহি চলহু যাহা কুন্তুম বিথাবল
মঞ্জুল মাধবি-কুলু॥
এতহুঁ সঙ্গেত কয়ল যব কামিনি
কাম্ম চলল দেই ঠাম।
গোপ গোঙাৰ ভ্রমর বহু থে।ছত

সা প. (১)-৭৭ ক. বি. ৬৫ বৃ ১০, গো ১৫ বাধা ৬২ ৰক ৬৪৬ স্মৃত্র ২১৭

ব্যাখ্যা—একদিন রাত্রিকালে শ্রীকৃষ্ণ রাধার পতিগৃহের নিকটে শাইয়া ভ্রমরের মতন গুজনধ্বনি করিয়া
দক্ষেত করিতে লাগিলেন। তথনও রাধার স্বামী জাগিয়া
আছেন। তাই রাধা কৌশলে যেন একটা ভ্রমরকে দম্বোধন
করিয়া মিলনের উপায় দক্ষেতে বলিলেন। আমার মুথের
স্থান্ধকে তুমি মনে করিয়াছ বুঝি স্থলর পদ্মরাজ্বের
গন্ধ—নি স্মই তুমি মণুপানে মত্ত হইয়াছ বলিয়া এমন
ভূল করিয়াছ। আমার কাছে স্বামী আছেন, তব্ও
এত কলরব করিতেছ; তোমার মনে কি আছে কে
জানে? ওহে শ্রামভ্রমর! দুরেই থাক। ঐরক্ম গুজন
করিয়া আমার স্বামিদেবার বিদ্ন করিও না। তুমি যদি
তৃষ্ণায় এত আকুল হইয়াছ তো আমার বাড়ীতে গুজন
করিয়া কি লাভ হইবে? তুমি দেইখানে চলিয়া যাও

বেখানে কুন্থমান্তীর্গ স্থানর মাধবীকুঞ্জ আছে। (সেখানে আমার জন্ম অপেক্ষা কর, আমি স্থ্যোগ পাইলেই আদিতেছি, ইহাই ধ্বনি)। কামিনী (কামযুক্তা নারী) যখন এইরূপ সঙ্কেত করিল, তথন কানাই সেইখানে চলিলেন। আর রাধার স্থামী বেচারা নিতান্তই গ্রাম্য গোপ বলিয়া মনে করিল সভ্যই বৃঝি একটা ভ্রমর তাহার কাছাকাছি শুঞ্জন করিতেছে। তাই সে রাধার কথা শুনিয়া ভ্রমরের খৌজ করিতে লাগিল। গোবিন্দদাস এই রসগান করিতেছেন।

মন্তব্য—এই স্থানর পদটী জ্রীরূপ গোস্বামীর উদ্ধব-সন্দেশের নিম্নলিখিত শ্লোকটীর ভাব লইয়। লেখা:

মছক্রান্ডোক্লহ-পরিমলোক্সভ দেবাত্বক্রে
পত্যা: কৃষ্ণভ্রমর কুরুষে কিন্তরামমন্তরায়ম্।
তৃষ্ণাভিস্তং যদি কলক্ষত ব্যগ্রচিত্তন্তলাগ্রে
পুলো: পাণ্ডুচ্ছবিমবিরলৈগাহি পুলাগকুঞ্ম্॥

939

তথা রাগ

পাপ চকোর ठान विन धा**उ**न মধুকর কমলিনী ভানে। আচরে ঝাপি বদন তেই পুছিয়ে তোহে পরপুরুষ কি ঠামে ॥ মাধব ম শ্ব মনে এ বড়ি দক্তে । বীক্ষই জগজন[্] কী ফল মনমথ কাঁহা পুন তাকর গেহ। কি করই সো পুন वीक्दरे यह यन কৈছে কুহুম শব জালা। একহি না জানিয়ে কৈছে যুড়া ওব ' क्रिकि कर् मृगिधिनी वाना॥

সহচরি মেলি হাদি মৃশ মোড়ই
উত্তর না দেয়° কোই।
গোবিন্দদাদ মোহে উপদেশল
অতয়ে দে পুছিয়ে তোয় ॥

সা. প. (ক) -৭৫, রাধা ৬০ সং ১২১. স্ম ৭০ গো ১৫, ক. বি. ৬৫

' পাঠান্তর—অ—(১) ধাবই (২) ঠানে (৩) কীফল জগ-মন মনমথ বিজয়ে (৪) জুড়াবত (৫) দেওই (৬) অতয়ে পূছ্উ তোই।

ব্যাখ্যা-মাধব! তুমি পরপুরুষ (শ্রেষ্ঠ পুরুষ); তাই তোমার কাছে দলেহ নির্মনের জ্বল্য মূপে কাপড দিয়া জিজাদা করিতেছি (তুমি পরপুরুষ তাই তোমার কাছে মুখ ঢাকিয়া জিজ্ঞাসা করিতেছি)-- পাপ চকোর চাঁদের জন্ম ধায় কেন ? ভ্রমরই বা কমলিনীর জন্ম ছুটে কেন ৷ মন্মথ জগতের লোকদের বিদ্ধ করে কেন ৷ শেই মন্মথ থাকে কোথায় ? যার মন সে বিদ্ধ করে সেই বা কি করে ? লোক খে কুস্থমশরজালা বলে দেটাই বা কিরূপ ? সে জালা জুড়াইবারই বা উপায় কি ? (এইটাই আ্রান্ত প্রায় — আরু সব ইহার ভূমিক।।) এই কথা জিজাসা করিতেছি বলিয়া তমি আমাকে যেন বোকা মেয়ে বলিও না। দখীরা হাদিয়া মুখ ফিরাইল, কেহই উত্তর দিল না। গোবিন্দাদ আমাকে উপদেশ দিয়াছেন, তাই তোমাকে এই প্রশ্ন জিজ্ঞাদ। করিতেছি। কবিই যেন শ্রীরাধাকে বলিয়াছিলেন যে, শ্রীক্লের কাছে যাইয়া জিজ্ঞান। করিয়া এস যে, কুমুম্পরের জালা মিটাইবার উপায় কি ?

৩২৮

মূগ্ধিনি নারী মান না জানয়ে না জানয়ে হ্বত বিলাস। কেবল তোঁহারি পিরিতি রস লালসে মিলল পহিল সম্ভায়॥ মাধব! তোহে কি ব্ঝিয়ে হেন রীত।
বিনি দোষে বাণী কাহে উপেথলি
না ব্ঝিয়ে তোহারি পিরিত॥
আঁচর বদনে দেই খিতিতলে বৈঠই
বচন কহিতে নাহি জানে।
মালতি ভ্রমর মিলন নহি হেরসি
মাতসি নলিনী মধু পানে॥
নব রস রঙ্গ তাহে শিথাওবি
পিরিতি করবি নির্মাদ।
গোবিন্দদাস ভণি সিক শিরোমণি
মিলল রাইক পাশ॥

तममञ्जूती भूँ थि ১৮

51 590

মন্ত্রক; - দুখী মুগ্ধা নাগ্নিকাকে মাধবের হাতে সমপুণ করিয়া তাঁহাকে এই উপদেশ দিতেছেন। পাঠান্তর- --গোপালদাস ভণ---অ

.025

যম্নাক তাব বন বানীরকুঞ্জ।
পুলকিত তরুবর কিশলর পুঞ্জ।
মাধব বিদগধ বার।
মকু মন উল্পিত তহি পরি ধার॥
আকুল নাগর বদল দোট ঠাম।
পুরল স্কুলরি মনোরথ কাম॥
ক্ষে হেরি মাতল তুত মন ভোর॥
অবলা চরিত নাহ ভাল জান।
গোবিক্দাস তুত্ক শুণ গান॥

রসমঞ্রীপুঁথি ২০

শকার্থ-বানীরকুঞ্জ--বেতসকুঞ্জ।

990

গান্ধার

কালিয়-দমন জগতে তুয়া ঘোষই
সহ>রি শুনইতে কাণে।
তুয়া সঞ্জে বাদ করিয়া ধনি আওত
মনমথ চঢ়ই ঝাপানে॥
মাধব অতয়ে কহিয়ে তুয়া লাগি।
ত্বিবলিক মাঝে লোম-ভুজিদিনী
হেরইতে তুহুঁ জনি ভাগি॥
নয়ন-কমলপর যুগল-ভুজগবর
কাজর-গরল উগারি।
মদন-ধনতরি আপে যব আওব
সো বিথ তবহি না সারি॥
বেণি-ভুজগবর পিঠপর দোলত
চিরদিন ভুথিল পিয়াসে।
শুনইতে নাগ-দমন-তক্ত কম্পিত
কহতহিঁ গোবিন্দাসে॥

क. वि. १९ (१वर २ ४७४) जामा ८८ ্ক ১০৫২

ব্যাখ্যা—ে নেকালে মাচার উপর চড়িয়া সাপুড়েরা পরম্পরের সহিত প্রতিযোগিতা করিয়া যে বিষাক্ত সাপের থেলা দেখাইত তাহাকে "বাপান চড়া" বলিত। স্থী রাধারুফ্রের সম্ভোগের সহিত বাপান চড়ার তুলনা করিয়া বলিতেছেন—তুমি কালিয়সাপকে দমন করিয়াছ এই তোমার থাতি শুনিয়া আমাদের সথী শুরাধা মন্মথের বাপানে চড়িয়া তোমার সহিত লড়িতে আসিয়াছেন। সেইজন্ম মাধব তোমাকে বলিতেছি শুন আমাদের স্থীর বিবলীর থাবো যে লোমরূপ স্পিণী আছে তাহা দেখিয়াই যেন তুমি পালাইও না। তাহার পদ্মলোচনের উপর তুই হ্র যেন তুই শ্রেষ্ঠ সাপ; তাহারা কচ্জলরূপ গরল বমন করিয়াছে। সে বিষ সরানো তোমার তো কর্ম নছেই, মদন ধন্মন্তরিরও নহে। রাধার কাছে আর এক সাপ আছে তাহার বেণী; তাহা তাহার পিঠের উপর দোলে;

উহা অনেকদিন ধরিয়া ক্ষার্ত্ত ও পিপাসিত আছে। এই সব কথা শুনিয়া নাগদমনকারী ক্ষেত্র দেহ কাঁপিতে লাগিল (ভয়ে না কামে?) গোবিন্দাস ইহা বলেন।

503

তথা রাগ

রাইক আগমন বাত। ভনইতে উল্পিড গাত। ভাহে কহই নব-কাম। নাগ-দমন মঝু নাম॥ খগপতি রহ মরুপাশ। স্বহু দে কর্ব গ্রাম। বিকট মকর পুন হোর। এক না রাথব সোয়॥ দৈব করগ্নে যব আন। দ-শয়ে হামারি বয়ান ॥ বসন্:-ধনস্থাৰি আগে তহি পুন অমিয়া লাগাবে॥ নিরবিষ হোগৰ ভাষ। জাতব এ হিত উপায়॥ এত শুনি সহচরি গেল। গোবিন অন্তমতি দেল।

क. (व. ५१

च्क ३०००

শব্দার্থ— আগের পদটার উত্তরে ক্লফ এটা বলিতেছেন। উলসিত গাত – দেহ উলসিত হইল। নাগদমন—কালিয় দর্পকে দমন করিয়া নাগদমন নাম হইয়াছে। খগপতি — গরুড়, দর্পের শক্র। বিকট মকর—কুণ্ডলরূপ মকর। দেই মকর রাধার দব দাপ খাইয়া ফেলিবে। রদনাধনস্তরি—রাধার রদনারূপ ধল্পবি অমিয়া লাগাইয়া বিষ নষ্ট করিয়া দিবে।

७७३

শ্ৰী রাগ

অধর-স্থা-রদে লুবধক মান্স তমু পরিরম্ভণ চাহ। মুখ-অবলোকনে অনিমিখ-লোচনে কৈছে হোয়ত নিরবাহ॥ দেখি স্থি রাধা-মাধ্ব-প্রেম। দরশন মানই তুলং রতন জমু পরশন গাঁঠিক হেম॥ আনন্দ-নীরে নয়ন যব বাপেয়ে তবহি পদারিতে বাহ ৷ কাপয়ে ঘন ঘন কৈছে করব পুন স্তরত-জনধি অবগাহ॥ মধ্রিম হাস-স্থা-রদ ববিখণে গদগদ রোধয়ে ভাষ। চির্দিনে মিল্ন লাখ গুণ নিধুবন কহতহি গোবিন্দাস॥

4. 4 20:9

ভাৰ ১৯৮৮, স্মুদ ১৮১

ব্যাখ্যা—অস্বের গভীর প্রেম কামতৃফাকে পরাতৃত করিয়াছে। তাই কবি বলিতেছেন গে, শ্রাক্ত্য অধর-প্রধা পান করিয়া লুক হইয়া দেহালিধন চাহেন বটে, কিন্তু শ্রীরাধার মৃথের পানে চাহিতেই তাহার নয়ন একেবারে নিমেষ ফেলিতে ভুলিয়া যায়। এমন করিয়া শুবু তাকাইয়া থাকিলে কাষ্য (সপ্তোগ) নিকাহ হইবে কিরূপে? স্থি, রাধামাধ্বের অপূর্ল প্রেম দেখি। গাঁটে সোনার স্পর্শ পাত্যা সত্ত্বেও ছল্লভ রত্ত্বের যেন দেখা পাইয়াছে এরূপভাবে তাকাইয়া আছে। হোতের কাছেই সম্ভোগের উপকরণ থাক। সত্ত্বেও শুবু পদ্দেশরের প্রতি দেখিতে থাকা কেন?) দেখিতে দেখিতে আনন্দাশতে নয়ন ভরিয়া আদে, চোথে দেখিতে পাওয়া যায় না; তথ্ব যেন বাহু বাড়াইয়া ছুইতে চায়। ছোয়ামাত্র উভয়েই সারিক ভাবাবেগে কাঁপিতে থাকে। ইছারা সম্ভোগের

বর্ষণে এমন গদ্গদ হইয়া পড়ে যে, বাক্যক্রণ হয় না। রতি-সম্ভোগ অপেক্ষা চিরদিনের এরপ মিলন লাখগুণ ভাল গোবিন্দাস বলেন।

999

কেদার

আধ আধ অন্ধ মিলল রাধা কান্তু।
আধ-কপালে শনা আধ-কালে ভান্ত ॥
আধ-গলে গজ মোতি আধ বন মালা।
আধ নব গৌর-তন্তু আধ চিকণ কালা? ॥
আধ-অন্ধে পীত্রাদ আধ নীল দান্তি।
আধ-ভূজে বলয়া আধ-ভূজে নীল চুড়ি॥
আধ-অন্ধে হিলাহিলি ঘেরাঘেরি বাতঃ
গোবিন্দ কহে চান্দ গ্রাদল রাহ॥

4 11. 68 61 2

अ ५७

পাঠান্তর—(১) ইহার পণে পণ্ডিত বাবাজাব পুথিতে অতিরিক্ত

(২) আধ শিরে শোভে চুড। আধ শিরে বেণা। অধ গৌর তন্ত আধ নালমণি॥

900

সই বড়ই লাগল ধন্দ।
ইন্দু কুন্দ মেং বিজুবি
চকোর জনরবন্ধ॥
সই দেখিতে লাগয়ে সাব।
ভান্ন তিমির গরুড় সাপিনী
নীলবরণে চাদ॥
সই কি আর কহব কথা।
ভক বিশ্ব চোরহি রহল
এসব জোরক ধাতা॥

সই দেখত এসব মেলি।
নাগর নাগরি রসের সাগরি
করব অফুপ কেলি॥
সই করহি ফচির রাস।
মদন ধহুটি লই পাঁচবাণ
কহুই গোবিন্দাস

ক. বি. ১৪০৭

শব্দার্থ—ইন্ কুম্দ ইত্যাদি —চক্রের সঙ্গে কুম্দিনীর, মেঘের সঙ্গে বিহ্যুতের, চকোর ও চাদের, কমল ও ভ্রমরের মিলন দেখিতে ইচ্ছা করে।

500

বিভিন্ন তুম্ল পুলককুল সঙ্গল

গণ মঞ্জীর বোল ।

নিজমদে মদন পরাভব মানল

কুওল গও হিলোল ॥

অকুগন কহণ কি হিণী ঝাহক

বভিজয় মঙ্গল তুব ।

মনমথ কে ও মক্রগতি আওত

গোবিন্দাস কহ ফুর ॥

গোবন্ধনের পুথি ২০

૭૭૯

ত্তজন যহি বন কৌতুক মাজি।
নাগর সম্থ সমরশরে বাজি॥
চলি পড়ল যব অচেতন হোই।
মনমথে ঝাড়ি জিয়ায়ল রাই॥
ত্তজন সারি উঠল যব তাই।
বিন বাদ কিছিণি সব দশ মাই॥

ত্ত জন করে ধরি যম্নাক তীর।
নাহি উঠল ত্ত মৃছত নীর॥
সথিগণ বসন জোগায়ল পাশ।
পহিরল ত্তজন নিজ নিজ বাস॥
বৃন্দা নানা উপহার আনি দিল।
হরষিতে ত্ত বসি ভোজন কেল॥
আচমন করি ত্ত তাম্ল নেল।
প্রণমিয়ে স্করি স্থি সঙ্গে গেল॥
স্থাসকে মিলল নাগর যাই।
নিজগৃহে প্রবেশল স্থি সঞ্জে রাই
নিজালয়ে বৈঠল আসন পাশ।
চরণ সেবন করু গোবিনদাস॥

ক. বি. ২৯৯০

909

সহচরি সঙ্গে রঙ্গে চলু মাধব রাধা মিলনকী আশ। প্রেম পুলক ভেল অঙ্গ অনঙ্গ রদে মনমথ তহু পরকাশ ॥ কেলি কদম নিভূত নিকুঞ তহি চিনহতে নাগর রাজ। রাইক প্রেমহি সোঙরিতে সো হরি মুরছি পড়ল তহি মাঝ॥ বছত যতন করি তবহু সহচরি চেতন করায়লি কান। নির্বিতে অপরূপ আচরে পবন নাগর হরল গেয়ান। দোই কুঞ্চে রাখি খ্যাম অবশ দেখি রাধা মন্দিরে গেল। গোবিন্দদাস ভন রাই অচেতন

সহচরি অস্তরে শেল।

মজ্জব্য — প্রেমের আবেশে একদিকে নায়ক-শিরোমণি শ্রীকৃষ্ণ অন্তদিকে নায়িকা-শ্রেষ্ঠা শ্রীরাধা মূর্চ্ছিত হইয়া রহেন; পরস্পারের দৈহিক মিলন সম্ভব হয় না।

90b

কেদার

গুকজন পরিজন ঘুমাওল জান।
সময় জানি ধনি কয়ল প্রান॥
নিভ্ত নিকুঞে মিলল বর কান।
দাকণ মদন পাওল সমাধান॥
হল অধ্বামৃত হল করু পান।
টাদ চকোর জন্ত মিলল ন্য়ান॥
তন্তু তন্তু মীলল প্রাণে প্রাণ।
গোবিদ্দাস নিগৃত রস গান॥

ক. বি. ১১৫

'७क २४३४, को २३८

e ৩৯

নিরমল রাভি বৈঠল হুত জন মোছই হুহু মুখচন। গ্ৰাপুল তুভ দেয়ল তুহুজন বদনে বসন ঢুলায়ত মন্দ। হুছ মুখ হুছ রহি চাই। বদন ঘন চুপ্ত আহামরি বলিয়া হুত্ত তহু বিলুঠাই ॥ শোভিত ভেল হুহু তুহু নীলপীত বদনে মণিময় আভরণ সাঞ্চ। যৈছন বৃদিক त्रभग तम-भागती তৈছন বিদগধ-রাজ।

কতছ যতন করি বিহি নিরমায়ল

হন্ত তম্থ একই পরাণ।

বিকশিত কুত্ম শোভিত নব পল্লব

গোবিন্দদাস পরমাণ॥

বন্ধ ৪৫০

980

ও নব নাগর বৃদ্ধের আগর আগোর সকল গুণে। আদ্ব পিরীত **দো সব চরিত** ঝুরিয়া মরি যে মনে॥ পিরীতি বল কত না ছল সে কি নাশে আকুতি সাধে। মান নংশিয়া মধুব ভাষিয়া হাসিয়। মরম বাঁধে॥ **সে** মোব কোলেতে করিয়া ভাবিয়া বদনে বদন দিয়া। মধুব চুপিয়া বিধু বিভন্বিয়। পরাণ লইল পিয়া ॥

ও দিঠি চাতুরী মৃথের মাধুরী
লহরী কত বা আর ।
এ স্থা শুনিতে ঝুরিয়া মরুয়ে
দাস গোবিন্দ ছার ॥
বঙ্গদশন ১৩১৭, অগ্রহাযণ

৩৪১ কামোদ

করতলে কুক্ষে সো মৃথ মাজল অলক তিলক লিখি ভোর। সজল বিলোচন ঘন ঘন হেরইতে ভাথই গ্দগ্দ বোল। ধনি ধনি বমণী-শিরোমণি বাই।
লোচন ওত করত নাহি মাধব
নিশি দিশি বস অবগাই॥
লোচন-থঞ্জন অপ্পনে বঞ্ছই
নব কুবলয় শ্রুতি-মূলে।
অতসী-কুহ্ম গোরী ললিত হৃদয়ে ধরি
কুপণ হেম সমতুলে॥
যাবক চিত্র চরণ পর লেথই
মদন-পরাজয় পাতি।
গোবিন্দদাস কহই ভেল কায়কো
লিথইতে আরকত ভাতি॥

भा. १. (১)—२४० क्यां ३१।३०, की ३৯१

মন্তব্য — শ্রুকঞ্ শ্রীরাধাকে সাজাইতেছেন।
শব্দার্থ — ভাপই — কহে। লোচন ওত — চোথের
আড়াল। রস অবগাই — প্রেমরসে অবগাহন করিয়া।
অতসী-কুস্থম — তিসি বা মসিনার নীল ফুল; অতসী
কুস্থমের মতন রং থাহার অর্থাং শ্রীকৃষ্ণ। গোরী ললিত
হাদয়ে ধরি — গৌরীকে স্থানর বুকে রাথিয়া। যাবক চিত্র
— আলতা দিয়া আঁকা ছবি। মদন-পরাজয় পাতি — মদন
যুদ্ধে পরাজিত হইয়া লিথিত পত্র।

985

কামোদ

ধনীমূথ পদ্ধজ কুদ্মে মাজই
বিদগধ বর কান।
বচইতে সিন্দুর গরগর অস্তর
অঝরে ঝরে নয়ান॥
দেখ স্থি রাধামাধ্ব মেলি।
তৃহু স্থ্-সাগরে আনন্দে ভাসল
তৃহু বসে নিমগন ভেলি॥

বয়ন কঠোর কোর কুচমণ্ডল পদে বিদগধি সাজ। মুগমদ খচিত অঙ্গক করু পল্লব মুগধল মনসিজরাজ। আনন্দনীর নয়ন ভরি আয়ত কাঁচলি করি নিরমাণ। তছ পরি কিন্ধিণী নীলবসন মণি হেরইতে হরল গেয়ান। চরণ পর রঞ্জ মঙ্গল মঞ্জীর মকুর ধর নিজ পাশ। নিজ তমু হেরি হাসি তোহে দোঁপল **ट्यून (१) विकास मा**

ক. বি. ১০৪৮

মন্তব্য—শ্রীরাধাকে বিদায় দিবার পূর্ব্বে শ্রিক্রঞ্চ দাজাইয়া দিতেছেন। এক একটি অঙ্গে দাজ করা হয়, আর বিদায়ের কাল ঘনাইয়া আদিতেছে ভাবিয়। শ্রীক্রফের চক্ষু সঞ্জল হইয়া উঠে।

অভিসার

280

শ্রী রাগ

কুঞ্চিত-কেশিনি নিরপম-বেশিনি রঙ্গত-কেশিনি তালিনি রে।
অধর স্থরন্ধিনি তালিনি রে।
অধর স্থরন্ধিনি কর নব বলিনি রে॥
স্থলরী রাধে আওয়ে বনী।
ব্রহ্ম রমণীগণ-মুকুট-মনি॥
কুঞ্চর-গামিনি চমক-নেহারিনি রে।
অভরন-ধারিনি নব অভিসারিনি
ভামর-স্থলম্ব-বিহারিনি রে॥

নব অহুরাগিনি অথিল-সোহাগিনি পঞ্চম রাগিণী মোহিনি রে। রাস-বিলাসিনি হাস-বিকাশিনি গোবিন্দদাস চিতশোহিনি রে॥

সা. প. (১)– ৫২, ক. বি. ৩৭০ তরু ২৭০, কী ৯৭, সমূদ ২২০ রাধা—৩৩, গো ১০

' পাঠান্তর—ক, বি. পুথিতে আরম্ভ:
স্থানর রাধে আএল বনি।
ব্রহ্ণ রমণিগণ মুকুটমনি॥
কুঞ্জর-গামিনী ইত্যাদি।

বৈষ্ণবপদলহনীতে আরম্ভ—স্কুলরী রাধা আওয়ে বনি।
শক্ষার্থ—কুঞ্চিত-কেশিনি ইত্যাদি—শ্রীবাধার কেশ
কুঞ্চিত, তাহার বেশের তুলনা নাই, তিনি রসের আবেশে
পরিপূর্ণা, উৎকট্ট ভঙ্গীকারিণী, তাহার অধর লাল ট্রুট্কে,
প্রতি অঙ্গে কান্তির তরঙ্গ বহিয়া ঘাইতেছে যেন; আর
তাহার সঙ্গে আছে নব-যৌবনা বিলাসিনীরা। জ্নুরী
রাধা সাজিয়া আদিলেন (আওয়ে বনী)। রুঞ্র-গামিনি
ইত্যাদি—গজরাজের মতন তাহার চলনভঙ্গী, মতির
মালা (দাম) তাঁহার গলার, তাহার নয়নে যেন বিচ্যুৎ
পেলিয়া যায়। পঞ্চম রাগিণী মোহিনি রে—পঞ্চম স্বর
('পা' স্তর) প্রতি ও আনন্দের উদ্দীপক; শ্রীরাধা পঞ্চম
বার্গিণীর তায় মোহিনী। শোহিনি—শোভিনী।

988

ভূপ।লী

পৌথলি বজনি পবন বহে মন্দ।

চৌদিশে হিম হিমকর করু বন্ধ ।

মন্দিরে রহত সবহু তন্তু কাঁপি।

জগজন শ্য়নে নগন বহু ঝাঁপি॥

এ সথি হেরি চমক মোহে লাই।

এছে সময়ে অভিসাবল রাই॥

পরিহরি তৈছন স্থ্পময় শেজ।
উচ কুচ-কঞ্ক ভরমহি তেজ।
ধবলিম এক বদনে তত্ম গোই।
চললিহ কুঞ্জে লথই নাহি কোই॥
কোমল চরণ তুহিনে নাহি দলই।
কণ্টক বাটে কতিছাঁ নাহি টলই॥
গোবিন্দদাস কহ ইথে কি সন্দেহ।
কিয়ে বিঘিনি গাহা নুতন নেহ॥

সাপ (১)—১৭৫ ⁵ক্ষ.বি ৭৹ এবং ৭৮ তরু ৩২৬, কী ২১৮, সমৃদ্র ১৩৮

পাঠান্তর—বাধামোহন ঠাকুর স্বয়ং পাঠ ধরিয়াছেন
—'চৌদিশে হিম হিমকন বন্ধ' কিন্তু টীকায় পাঠাতর
ধরিয়াছেন—'চৌদিশে হিমকর কর হিমনন্ধ।'

মন্তব্য -পৌষমাদে জ্যোৎস্মাভিদারিকা শ্রীরাধিকার বর্ণনা। পৌষমাদেব রাজি, ধীরে ধীনে বাতাস বহিতেছে। হিমকর যে চন্দ্র (আজ সার্থকনামা) সে চারিদিকে খেন হিমকে কন্দ্র কিনা লাখিকাছে। ঘরে বিদিয়া থাকিলেও সকলের দেহ কাঁপে; পৃথিবীর সকলেই শুইয়া পড়িয়াছে, চন্দ্র বন্ধ করিয়া আছে। সথি, এমন সময়ে রাধা অভিসারে বাহির হইল দেখিয়া আমার আশ্চর্য্য লাগিতেছে। পরম স্থুখময় শ্যা ত্যাগ করিয়া, ভল করিয়া স্থু-উচ্চ শুনের কাঁচুলি ছাড়িয়া একথানি মাত্র সাদা কাপড়ে দেহ ঢাকিয়া কুজে চলিল। (জোৎসারাত্রে সাদা কাপড়ে গা ঢাকিলে লোকে ব্ঝিতে পারিবে না)। কেহ তাহাকে দেখিতে পাইল না। তাহার কোমল চরণ তুষারে দলিত হয় না, কাঁটা-বিছানো পথে তাহার পা একটুও টলে না। যেখানে ন্তন অন্ধরাগ দেখানে কি আর কেউ বিদ্বের দ্বাল প্রতিহত হয় প

980

কেশার

হিমঋতু-যামিনি যাম্ন তীর। তরল লতা-কুল কুঞ্জুকুটার॥ তহি তত্ব থির নহে তৃহিন সমীর।
কৈছে বঞ্চব শুন শ্রাম-শ্রীর॥
ধনি তৃহঁ মাধব ধনি তৃয়া নেহ।
ধনি ধনি সো ধনি পরিহরি গৈহ॥
কুলবতি-গৌরব কঠিন কপাট।
গুরুজন-নয়ন সকল্টক বাট॥
কো জানে এতহুঁ বিঘিনি অবগাই।
উছন সময়ে মিলব তোহে রাই॥
ইথে যো পূরব হুহুঁ মনকাম।
তাকর চরণে হামারি পরণাম॥
গোবিন্দ্দাস তবহুঁ ধরি জাগ।
কাহে নাহি জিনয়ে নব অন্তরাগ ॥

পাঠান্তর—(১) পরিহর—তরু (২) তুও জনি তেজহ নব অমুরাগ—তক।

ব্যাখ্যা—শীতের সময়কার রাত্রি। যমুনার ভীরের কুঞ্জকুটীরের লতাসমূহও যেন শিশির পড়ার ফলে তরল হইয়া গিয়াছে। এই পরিবেশের মধ্যে ঠাতা হাওয়া বহিতেছে, তাহাতে শরীর স্থির থাকিতেছে না। এমন কাল কেমন করিয়া কাটাইব, হে খ্যানশ্রীর! ধতা তুমি মাধব, ধতা ভোমার প্রেম. যে প্রেমের আকর্ষণে এমন রাত্রে স্থন্দরী তাহার গৃহ ছাড়িয়। তোমার কাছে আদিয়াছে। দেও ধন্য ধন্য। বাডীর কঠিন দরজা অথবা পথের কাঁটাকে সে গ্রাহ্য করে না; কুলবতীর কুলগৌরব ও গুরুজনের সতর্ক-দৃষ্টিরূপ কাধাকেও দে কপাট ও কণ্টকের মতনই অগ্রাহ করে। কে ভাবিয়াছিল যে, এত বিদ্ন কাটাইয়া এমন সময় রাই তোমার দঙ্গে মিলিত হইতে পারিবে ? এমন শীতের সময় যে তুইজনের মনস্বামনা পূর্ণ করিতে পারিবে তাহার চরণে আমার নমস্কার। গোবিন্দান সেই হইতে জাগিয়া আছে। নব অন্তরাগ সকল বাধা পরাজিত করিবে না কেন ?

ORG

কামোদ। কানডা অম্বরে ডম্বর ভক্ত নব মেহ। বাহিরে তিমির না হেরি নিজ দেহ। অন্তরে উয়ল শ্রামর ইন্দু। উছলল মনহি মনোভব-সিন্ধু॥ অব জনি সজনী করহ বিচার। 🖲ভ খন ভেল পহিল অভিদার॥ মুগমদে তফু অফুলেপহ মোর। তহি পহিরায়হ নীল নিচোল ॥ কী ফল উচ-কুচ-কঞ্ব-ভার। ছুর কর সৌতিনি মোতিম-হার॥ তুহু স্থি দেখহ দেহলি লাগি। গুরু জন অবহু ঘুমল কিয়ে জাগি॥। চল্টতে দীগ ভরম জনি হোয়। (गाविन्ममान मदक ठल (गाय ॥

সা. প. (১)--১৬৬ ক. বি ৬৯ व २१, ब्राधा ১১৮

उक् ७४२, ००७ की ३७०

নম্দ ১৪৩

শব্দার্থ-- অম্বরে-- আকাণে। ডম্বর--- সমূহ (মেঘদল)। উय्रन—উদিত হইল। দেশহ দেহলি লাগি—বাডীর দেউড়িতে যাইয়া দেখ।

ব্যাখ্যা-বর্ণায় তিমিরাভিদারে যাইতে প্রস্তুত হইয়া রাধা বলিভেছেন—আকাশ নৃতন মেঘের দলে আচ্ছন্ন হইল। বাহিরে এমন অন্ধকার যে, নিজের দেহও দেখা यात्र ना । किन्छ व्यन्तर्द त्य शांभकांत्रत्व उत्तर रहेल । कांत्रत উদয়ে সমুদ্র উচ্ছলিত হইয়া উঠে এতো জান। কথা: তাই আমার মন্মথরূপ দিন্ধু উদ্বেল হইয়া উঠায় তরঞ্ভঞ্চের বেগ যেন আমাকে সামনে অভিসারে ঘাইবার জন্ম ঠেলিয়া দিতেছে। এখন যেন দ্থী আবার যাওয়া সক্ত হইবে কিনা এসৰ বিচার করিতে বসিও না। এখন প্রথম অভিসারে ষাইবার শুভক্ষণ উপস্থিত হইয়াছে। (আঁধারে এখন কেহ আমাকে দেখিতে পাইবে না: আর দেখিবেই বা কে? এমন ঘনঘটাচ্ছল আকাশ দেখিয়া পথে কি

আর কেউ আছে?) তথাপি কৃষ্ণবর্ণ মৃগমদ কন্থুরীতে ' আমার দেহ অমুরঞ্জিত কর। (আমার গৌরবর্ণ যাহাতে ঢাকা পড়ে; আর মুগমদের গুণ হইতেছে দয়িতের কামবর্দ্ধন করা।) তার উপর নীল সাডী পরাইয়া দাও। আবার কাচলি পরাইতে যাইতেছ কেন ? একেই তে। উচ্চকুচের ভারে যাইতে বিলম্ব হইবে, আবার ভারবৃদ্ধি কর কেন ? না, না, সখি, মোতির মালা পরাইও না ; (ও যে আমার সতীন হইয়া ক্ষেত্র আলিঙ্গন লাভ করিবে, আমি তাহা সহা করিতে পারিব না: আমার দেহ ও আমার প্রিয়তমের মধ্যে কোন কিছুর যেন আবরণ না থাকে)। স্থি। একবার ঘর হইতে দেউড়ী পর্যান্ত যাইতে ঘাইতে চারিদিকে ভাল করিয়া লক্ষ্য করিয়া এদ তো এখন গুরুজন ঘুমাইয়া পড়িয়াছেন কি জাগিয়া আছেন। গোবিন্দদাদ দেখিলেন যে, একে জাধার রাত্রি, তাহাতে আবার শ্রাধা বড়ই উত্লা হইয়াছেন। ইহাতে দিগ্রুম হইবার আশস্কা আছে, তাই তিনি গোপনে গোপনে তাঁহার সঙ্গে চলিলেন।

989

বেলোয়ার

যাবক-রঙ্গন ক জ চরণযুগ গঞ্জন গঞ্জন মঞ্জির বাজে:। কিং কি ণি-রণরণি নীল বসন মণি-কুঞ্জর-গ্যন-দ্মন । থিন মাবো॥ সাজলি খ্রাম-বিনোদিনী রাধে। তরঞ্জিণী রঞ্জিণী **শঙ্গ হি রঞ্জ** মদনমোহন মনমোহিনী ছান্দে ॥ टात्र क्रांचित्र क्रिक्रे क्रिक् কন্ট-কটোর-জোরে উজোরল মোতিমদাম। বিজ্বরি পরি মণিময় ভজ্যগ থীর কৰণ ঝনকিতে চমকিত কাম।

মধ্বিম হাস স্থাবস নিরমন পদান জোতি জিতি মোতিম কাঁতি।

স্থাব কপোল লোল মণিকুওল

দশদিশ ভবল কুস্ম শবপাতি॥

ঝাপল কববি ভালে অলকাবলি ভাউ ধন্তয়া মনমথ দেবি ।

গোবিন্দাস হৃদয়ে অবধাবল

যুৱত শিক্ষার দেবি অধিদেবি ॥

ক্ষা প (১)-৫০ ক বি. ৭২ বাবা ৩৮, গো ১১ ফাণদা ১০:৬, সমৃদ ৪৬২ তক ১০৩৭ সং ৩৫৭, কা ১০০

পঠিত্তর—(১) বাজ (২) কুজর দমন গ্রমন—তক ও রাধামোদ- েল পাঠান্তর (৩) রাধামোহনগত পাঠান্তর— অনন্ধ হি অঙ্গ অনন্ধ তরঙ্গিম, কোটি মদন মনোনোহিনী ছান্দে (৪) জোর ---সং (৫) পরিমল—সং (৬) নয়ন - তক (৭) তিলকাবলি- াং (৮) ভাও গছয়া জন্মনম্থ সেবি— সং (৯) দেব অধিদেবি– সং।

শক।থি—কঞ্চরণযুগ—কমলের মতন চরণযুগল। যাবক-রজন--আলতাপরা। মজির--নুপুর। কুজর গমন-দমন থিন মাবে: -শ্রিবাধার মাজা সক ও তাহার চলনভঙ্গী গজরাজের গ্রমভঙ্গীকে হারাইয়া দেয়। মদন্মোহন মন্মোহিনী ছান্দে—মুল্নকে মোহিত করিয়াছেন যে শ্রীকফ, তাহার মনকে মুগ্ধ কণিয়াছে এমনই শ্রীরাধার (बांडा (डाम)। कनक-कटंगेंव-(डांव कुंडरकांवक-(डांट्य —কুচকলি ডুইটি দেখিয়া মনে হয় যেন কেহ একজোড়া দোনার বাটা চরি করিয়। আনিয়া বুকে বুপাইয়া দিয়াছে। মোতিমদাম-মতির মালা। উজোরল-উজ্জল। ভূজযুগ থীর বিজ্বরি—ভূজযুগ দেখিয়া মনে হয় যেন বিত্যুৎ স্থির হুইয়া রহিয়াছে। দশন-জোতি জিতি মোতিম কাঁতি —দক্ষের জ্যোতি: মোতির কান্তিকে পরাজিত করিয়াছে। ভালে অনকাবলি ইত্যাদি—কপালের উপর অলকগুচ্ছ উডিয়া পডিতেছে এবং জ্রূপ ধহুক যেন মন্নথের দেবা অথবা সাহাঘ্য করিতে উত্তত হইয়াছে।

986

মলার রাগ

কী করা মৃগমদ লেপন তোর ।
কী ফল পহিরবি নাল নিচোর ।
শরদ-চান্দ-মৃথি এ তুয়া হাস।
বিঘটল তিমির ভেল পরকাশ।
এ সথি ধরবি হামারি উপদেশ।
যব অভিসারবি হরিক উদেশ।
আচরে ঝাপউ আনন চন্দ।
দূর কর কামিনী কিম্নিণী বন্ধ ।
দূরকর কামিনী কিম্নিণী বন্ধ ।
নূপুর-ম্থ ভরি তূলক পুঞা।
মন্থরগতি চলু কেলি-নিকুঞা।
চলইতে চৌকি নগরপুর মানা।
জনি মণিকঙ্কন কিম্নিনিবাছ।
তিমির পস্থা যব হোত সন্দেহ।
গোবিন্দ্দাসক সঙ্গে করি লেহ।

সা. প. (১)—১৬৭, ক বি. ৬৯ সমূদ .৪০, কী ১৮০ - এবং ৭৭

পাঠান্তর— মা. প. আরম্ভ — কি অব মৃগমদলেপনে ভোর। সমূদ (১) ভোর (২) নিচোল (৬) মন্দ (৪) প্রস্থা

ব্যাখ্য:— শ্রীরাধা ৩৪৬ সংগ্যক পদে বলিয়াছেন যে, মুগমদে তফ অফুলেপহ মোর। তহি পহিরায়হ নীল নিচোল॥

তাহার উত্তরে দথী বলিতেছেন—তোমাকে মৃগমদ লেপন করিয়াই বা কি হইবে? আর নীল দাড়ী পরাইয়াই বা কি ফল? তোমার মৃথথানি যে শরংকালের চাঁদ আর তাহার হাসিতে দমস্ত অন্ধকার দ্র হইয়া যায়, তোমার দেহও যেন প্রকাশ হইয়া পড়ে। তাই বলিতেছি দথি, আমার কথা শোন। যথন হরির উদ্দেশ্যে অভিদারে যাইবে তথন ম্থচক্রটী তোমার আঁচলে ঢাকিও। আর কিছিণীবন্ধ দ্র করিয়া দিও, নৃপুরের ম্থ তূলা দিয়া বন্ধ করিও; তার পর ধীরে ধীরে কেলি-নিকুঞ্লে যাইও।

চমকিত হইয়া (চৌকি, চৌঙকি) নগর ও পুরের মাঝখান দিয়া যাইতে যেন মণিময় কশ্বণ ও কিছিণী বাজিয়া না উঠে। আঁধারে যাইতে পারিবে কিনা এই সন্দেহ যদি হয়, তবে গোবিন্দদাসকে সঙ্গে লও, সে পথ চিনাইয়া লইয়া যাইবে।

७8৯

এ রাগ

নিরুপম কাঞ্চন-ক্ষচির কলেবর
লাবণি বরণি না হোই।
নিরুমল বদন হাস-রস-পরিমলে
মলিন স্থাকর অম্বরে রোই॥
আজু বনি নব রঞ্জিণি রাই।
সঙ্গিনি সকল শিক্ষারিণি সাই॥
লোল অলক তিলকাবলি রঞ্জিত
সীথহি কাঞ্চন কমল উজোর।
লোচন-মধুকরি চলত ফেরি ফেরি
শতি-কুবলয়-পরিমলে কিয়ে ভোর॥
শ্রামর-চাত-চোর কুচ-কোরক
নীল-নিচোল-কোরে করু বাস।
যাবক-রঞ্জিত অরুণ চরণতলে
জিউ নিরুমঞ্জব গোবিন্দ্রাস॥

শব্দার্থ— ক্রচির কলেবর — স্থানর তন্ত্র। লাবণি বরণি না হোই—তাহার লাবণ্যের কথা বর্ণনা করা যায় না। নির্মল বদন ইত্যাদি— জ্রীরাধার নির্মাল বদন ও হাস্তাবদের সৌরভে পরাজিত হইয়া মলিন চক্র আকাশে যাইয়া কাঁদিতেছে। লোল—চঞ্চল।

900

ঞী রাগ

চলু অভিসারে বিনোদিনী রাধে নব নব রঞ্জিণী সাথে। বাম শ্রবণমূলে শতদল কমল ১ বীজই ধন্তশর হাথে। ভ্ষণ করি স্থন্দরি কুঞ্জর দর্শন মদন জিনিতে ধনী সাজে। পহিরম ধৌত বসন কটি-বন্ধন কটিতটে কিঞ্জিণী বাজে॥ কপালে সিন্দুর নিন্দু ছুরে রবিকীরণ চারি পাশে মলয়জ বিন্দু। হেরইতে লাজ-শায়ণে রবি ডবল দিনে দিনে থিন ভেল ইন্।। নব নব রঙ্গিণী চামর চলায়ভ জয় দিয়া বন পরবেশ। হেরইতে হুহুঁ মুখ হুহু ভেল আকুলং বলিহারি গোবিন্দাস ॥

সৃ ৪৫, % ৮º

মন্তব্য— শ্রীসজনীকান্ত দাসের পুঁথি (পৃ: ১০৭) হইতে ড: স্কুমার সেন কভৃক সাহিত্য-পরিষৎ-পত্রিকায় (৩৬ খণ্ডে) প্রকাশিত ; কিন্তু পদটা পূর্বেই সংকীন্তনামূতে (৪৫ সংখ্যা) মুদ্রিত হইয়াছে। ঐ পুঁথির পাঠ মুদ্রিত পাঠ অপেক্ষা ভাল।

পাঠান্তর— শংকীর্ত্তনামূতের পাঠ (১) শতদল মালভী (২) করিবরগতি ভূষণ পরি স্থন্দরি (৩) দোহে দোহা হেরইতে চিত ভেল দোসর।

শব্দার্থ—বাম শ্রবণমূলে ইত্যাদি—বাম কানে শতদল
পদ্ম অলন্ধার হইয়াছে। বীজই ধন্দর হাথে—শ্রীরাধার
হাতে যেন ধন্দক ও শর রহিয়াছে, তাহাতে কুফকে জ্ব
করা যায়। কপালে সিন্দুর বিন্দু ইত্যাদি—কপালে যে
সিন্দুরের বিন্দু আছে তাহার শোভা রবির কিরণকে এবং
চন্দনবিন্দুর শোভা চন্দ্রকে পরাজিত করিয়াছে। সেইজ্বয়

থেন হ্যা সাগরে ডুবিয়াছে আর চক্র দিন দিন ক্ষয় প্রাপ্ত হয়।

200

ধাননী

চাদবদনী চললি অভিসার।
নব নব বঞ্জিনী বস পরচার ॥
কপুর চন্দন অঙ্গে বিরাজ।
অবিরত কঙ্কণ কিন্ধিণী বাজ॥
চরণ নৃপুর বাজত কর্ফ কুত্ত।
মদনবিজ্বী বাণ হাতে ফুল্মগু॥
রুন্দাবিপিনে ভেটল শ্রাম বাই।
নব নব কোকিল পঞ্চম গাই॥
ধনা মুখ হেরি আকুল ভেল কান।
দ্রতি দ্বে রহু গোবিন্দাস॥
দুরতি দ্বে রহু গোবিন্দাস॥

कं! २०६

শকার্থ—রস পরচার—প্রেমবস প্রচার করিয়া। মদন-বিজয়ী বাণ ইত্যাদি—-তাহার হাতে থেন ফুলগত রহিয়াছে, তাহাতে এমন বাণ বহিয়াছে থে, তাহা দিয়া মদনকে জয় করা যায়।

902

ধানশী

আজৃ শিশ্ববি ধনি বে চলু বালা।

যুবজন-হাদয়ে কুস্ম-শর-জালা॥

থাসি দেখাওয়ে মূখ দশনক জ্যোতি।
পঙারক মাঝে গাঁথল গজ-মোতি॥

চাঁচর চিকুর উলটি উরে পড়ই।
জন্থ কনরা-গিরি চামর চরই॥
চঞ্চল-কুটিল-দিঠে হেরই বাট।
বিকচ-কমলে জন্থ পঞ্জন-নাট॥
যৌবনমদে গতি মন্তর ভাতি।
জন্ম মত্ত কুগুরগতি মদে মাতি॥
মিলল কুজে ধনি নাগর পাশ।
ধেরত আনন্দে গোবিদ্দাস॥

क वि. १ ५२, द्वीदा ८१

<u>ე</u> შა გა გ

পাঠান্তর-(১) আজু লো -ক. বি.।

শব্দার্থ—শিকাবে—সাজিয়া। যুবজন-ফ্রন্মেইত্যাদি—
তাহাকে দেখিলেই যেন যুবকের ফ্রমে মদনজালা উপস্থিত
হয়। প্রাধ্রক মাঝে ইত্যাদি—প্রবালের মধ্যে মধ্যে
যেন গজমতি গাথিয়া দিল। অধর লাল টুক্টুকে বলিয়া
তাহার সঙ্গে প্রবালের তুলনা, আর দাঁত শুল বলিয়া উহার
সহিত মূল্যবান্ গজমক্তান উপমা। উরে পড়ই—বুকের
উপর পড়িয়াছে। চরই—চলিয়া পড়িয়াছে। চঞ্চলকুটিল-দিঠে ইত্যাদি—শ্রীরাধা চঞ্চল বদ্ধিম দৃষ্টিতে পথ
দেখিতেছেন, মনে হয় যেন প্রস্কৃটিত কমলে (বদনে)
বঙ্গন (নয়ন) নৃত্য করিতেছে।

900

তথা রাগ

মন্দিব-বাহির কঠিন কবাট।
চলইতে শঙ্কিল পিগল বাট॥
তহি অতি দরদর: বাদর দোল।
বারি কি বারই নীল নিচোল॥
এ স্থি কৈছে করবি অভিসার।
হরি রহ মানস-স্তরধুনি পার॥
ঘন ঘন ঝন ঝন বজর নিপাত।
ভানইতে শ্রেণ মরম জরি বাত॥

দশ দিশ দামিনি দহন বিথার। বহুরুতে উচকই লোচন তার॥
ইপে জনি অব তুহুঁত তেজবি গেহ।
প্রেমক লাগি উপেথবি দেহ॥
গোবিন্দদাস কহ ইথে কি বিচার।
ছুটল বাণ কিয়ে যতনে নিবার॥

মা. প. (১)—১৬৮

उक् २८१ की ३८३, म्यम ३८८

क. वि. ७৯

পাঠান্তর—তরু (১) ত্রতর (২) স্থানরি (৩) ইথে যব স্থারি ।

শব্ধার্থ—শঙ্কিল – শঙ্কাযুক্ত, ভয়পূর্ণ। বারই — নিবারণ করিতে পারে। মানস-স্থরধুনি—গোবর্ধন গ্রামের মানস-গন্ধা। উচকই—উচ্চকিত হয়, উৎপীডিত হয়।

ব্যাখ্যা-বর্ধার তুর্দিনে দ্রীরাধা অভিসারে যাইবার জ্ঞ তৈয়ারী হইতেছেন দেখিয়া দুখী তাহাকে নিবুত্ত করিবার জন্ম বলিতেছেন—ঘরের বাহিরে স্থদ্য কপার্টে বাহিত্রে যাইবার পথ '' বে বহিয়াছে। কৰ্দ্দমাক্ত পথ বাাছদর্পাদি ভীতিজনক জন্তুতে পরিপূর্ণ। তার উপর আবার জোরে বৃষ্টি হইতেছে ও বাতাদ বহিতেছে। তোমার মাধার নীল সাজীর অবওর্গন আছে বটে. কিন্তু তাহাতে কি জল ঠেকায় ? ইহার মধ্যে তুমি কি করিয়া অভিসার করিবে ? হরি যে অনেক দুরে মানসগরার পারে রহিয়াছেন। ঘন ঘন বজু পড়িতেছে, কড কড শব্দ হইতেছে; শুনিলেই কাণ ও প্রাণ ষেন জলিয়া যায়। চারিদিকে বিত্যতের জালা, তাহাতে চোধ ধাধিয়া যায়। এ-রকম অবস্থায় যদি ঘর ছাড়িয়া বাহির হও, তাহা হইলে প্রেমের জন্ম **(मह উপেকা कवा इहेरव। शाविक्तांत्र वर्तान, এकि आं**व এकট। युक्तियुक्त कथा शहेल? (य तान এकतात हाड़ा इरेग्नारफ, जारा कि जात क्यांता यात ? जीताधात मन ষধন গিয়াছে, তথন কি আর দেহকে ধরিয়া রাখা ষাইবে ?

908

ধানশী

কুল-মবিয়াদ

কপাট উদঘাটলু

তাহে কি কাঠকি বাধা।

নিজমরিয়াদ-

শিক্ষু সঞ্জে পঙরলু

তাহে কি তটিনি অগাধ।॥

সহচরি মঝু প্রিখণ কর দ্র।

কৈছে হৃদয় করি

পন্থ হেরত হরি

সোঙরি সোঙরি মন ঝুর॥

কোটি কুস্থম-শর

বরিথয়ে যছু পর

তাহে कि जनम-जन नाति।

(अंग-प्रंग-प्र

যাক হাদ্য সহ

তাহে কি বজরক আগি॥

যছু পদতলে নিজ

জীবন সোঁপলু

তাহে কি ওম্ব অমুরোধ।

গোবিন্দদাস

কহই ধনি অভিসর

সহচরি পাওল বোধ।

मा. ९. (১)—১७२, क. ति. ५৮ का २०४५, की २०२, मगुन् २८६

পাঠান্তর--- সা. প. আরম্ভ - কুলবতি কঠিন কপাট।
শব্দার্থ-- পওরলু -- পার হইলাম। পরিখণ পরীক্ষা
করা।

ব্যাখ্যা – পৃদ্দপদের দ্থার যুক্তির উত্তরে শ্রীরাধা বলিতেছেন—কঠিন কপাটের কি ভয় দেখাইতেছ ? আমি যথন কুলম্য্যাদার দরজাই খুলিয়া ফেলিয়াছি তথন দামাত্য কাঠের দরজা আর আমাকে কি বাধা দিবে? নিজের আয়্রদমানরূপ দাগর (অথবা ম্যাদা অর্থে দামা পরিয়া কুলবদ্রূপে আমার যতদ্র যাওয়াউচিত, তাহার দীমারূপ দম্দ্র) উত্তীব হইয়াছি, তথন আর মানদগঙ্গার অগাধ জলের ভয় কি দেখাও? দ্যি! আমাকে আর প্রীক্ষা করিও না। স্থদয়তে কি করিয়া নিরত করা যাইবে? আমাকে যে যাইতেই হইবে। আমার যে কেবলই মনে পড়িতেছে যে, এই ছ্দিনের ভীষণ রাজিতে হরি আকুল হাদয়ে আমার পথ পানে চাহিয়া আছেন;

সেই কথা মনে করিয়া তাঁহার হৃংথে আমার চোথ দিয়া যে কেবলই জল পড়িতেছে। আমি নীল সাড়ী দিয়া জল ঠেকাইতে পারিব না বলিতেছ। কিন্তু যাহার উপর মদন কোটি কোটি বাণ বর্ষণ করিতেছে, তাহাকে আর মেঘের জল স্পর্শ করিতে পারে? তুমি বজের অগ্নির কথা বলিরাছ। কিন্তু যাহার ছদয়ে প্রেমের আগুন জলিতেছে, সে কি আর বজের অগ্নিকে তয় করে? যাহার পায়ে আমার নিজের জীবন সমর্পণ করিয়াছি তাঁহার প্রতীক্ষা-তৃঃথ মোচন করিবার জন্ম যদি আমার দেহের নাশই হয়, তো হউক না কেন? গোবিন্দাস শ্রীরাধাকে বলিলেন, স্কলরি, তুমি অভিসারে অগ্রসর হও। তোমার কথায় দগী যাওয়ার থৌক্তিকত। বৃণিতে পাবিল।

900

শ্রী রাগ

স্তন্ধি ন করু পদাহন আন।
এতনি নেহাবি ম্গধ মধুস্দন
দীন রজনী নাহি জান॥
দিন্দুৰ ভরুণ অঞ্চল কচি রঞ্জি ভালে স্থাকৰ কাতি:।

সোমন চিকুর তিমির চয়ে° চ্রিত এহো অতি অপরপ হাতি ।।

লোচন যুগল কমল কিয়ে কুবলয়

থখন চাক চকোর। ালে পরল কিয়ে আকুল তাহি

কাজন জালে পরণ কিয়ে আকুল তাহি ভূমই অলি জোব॥

তবহু থে। হাসি অধবে দরশায়সি অরুনিম কৌমূদি কাঁতি।

মোহিত জন কী বিফল পুন মোহন গোবিন্দাস নাহি ভাতি ॥

সা. প. (১) ১০৬, গো২৬ সমুদ্ ৪৬০, কী ১০৫

পাঠান্তর-না. প. আরম্ভ-ধনি না করু পহাসন

আন। সম্দ্র ১) ভাঁতি (২) তিমির চয় (৩) এহো অপরূপ পর ভাঁতি।

ব্যাখ্যা---শ্রীরাধা একটু সাজিয়া গুজিয়া অভিসারে যাইবার আয়োজন করিতেছেন দেখিয়া স্থী বলিতেছেন — স্থলরি! আর প্রসাধন করিও না। এমনিই তোমাকে দেখিয়া মধুস্থদন এমন মৃগ্ধ যে, দিনবাতের প্রভেদ ভূলিয়া গিয়াছেন। আর ভুলিবেনই বা না কেন? ভোমার দেহেই যে এক সঙ্গে সুর্য্যের কিরণ ও চল্রের কাস্তি। ঐ যে দিন্দুরবিন্দু, উহাই তো তরুণ অরুণের লালিমায় রঞ্জিত, আর কপালে তোমার চক্রের কান্তি। কপালের উপর এলোগেলে৷ চল আদিয়া পড়িয়াছে, ভাহাতে মনে হইতেছে যেন চন্দ্রত্যা থাকা সত্ত্বেও অন্ধকারের দল আদিয়া তোমার কপালে চমু গাইতেছে। এ তো বড় আশ্চধ্যের ব্যাপার! তোমার যে নয়নযুগল তা কমল, না নীলোৎপল, না গঞ্জন, না চকোর ? চোপে থে কাজল পরিয়াছ, তাহাতে মনে হয় থে হুটী কমলই, কেননা কমলের জন্ম থেমন মধুকর ভাহার চারি পাশে গুরাফিরা করে, তেমনি ঐ কান্তলেরই জালে ভ্রমর পডিয়াছে। এর পবও যে আবার অরুণিম অধরে জ্যোৎসার মত শুদ্র হাসি দেখাইতেছ তাহাতে কি আর ভোমার কান্তের মাথা ঠিক থাকিবে? গোবিন্দদাসের তো মনে হয়, যে ব্যক্তি আগেই মোহিত হইয়াছে তাহাকে আবার মোহন করার প্রচেষ্টা বিফল।

> ৩৫৬ স্বহিনী

হরি অভিসারে চলল ব্রন্ধনারী।
গুরুত্বন গৌরব দ্বহি ডারি ॥
সধী সঞ্জে পুছত প্রেমকি বাত।
পুরুথক কবছ ন লাগয়ে গাত॥
সহচরী কহতহি শুন বর নারী।
হামু কহব ভোহে সো সব বিচারি॥

নয়নে নয়নে কভু না করবি মেলি। করে কর পরশিতে দেয়বি ঠেলি॥ পহিল মিলনে রহু অবনত মাথ। গোবিন্দাস তুহুঁ করি লেহ সাথ॥

क. वि. १६१

অ ৭:

পাঠান্তর 'অ'-র আরম্ভ— নব অন্বাগে চলল বর-নারি। পঞ্ম চরণ হইতে সপ্তম চর: পর্যন্ত 'অ' র পাঠ-— এধনি তোহে কহিয়ে উপদেশ। কামু সঞে না করবি বচন বিশেষ॥ বদনে বদনে জনি করইবি মেলি।

শব্দার্থ— দ্রহি ডারি - দ্রে ফেলিয়া দিয়া। পুছত প্রেম কি বাত ইত্যাদি— অনভিজ্ঞা মুঝা নায়িকা প্রেম করার রীতিনীতি জানে না বলিয়া স্থাকে জিজ্ঞাসা করিতে লাগিল। পুরুষের দেহ তাহার দেহে কথনও মিলিত হয় নাই। গোবিন্দদাস তুর্ভ করি লেহ সাথ— কথন কিরূপ ব্যবহার করিতে হইবে তাহা আর কত শিখিবে ? তাহার চেয়ে স্থীরূপে গোবিন্দদাসকে সঙ্গে কবিয়া লও। সে ঠিক সময় কি কি করিতে হইবে বলিয়া দিবে।

909

কাথোদ

नीनिय युगयदन তহ্ব অহলেপন नीनिम शत উष्ट्रांतः। ভুজ্বুগ মণ্ডিত নীল বলয়গণে পহিরণ নীল নিচোল ॥ স্করি হরি-অভিসারক লাগি। গোরি ভেল খামরি নব অন্তরাগে কুছ-যামিনি ভয় ভাগি ॥ নীল অলকাকুল অলিকে হিলোলত নীল ভিমিরে চলু গোই। नौन ननिनि कर শ্রামর-সায়রে লগই না পারই কোই॥

নীল ভ্রমরগণ পরিমলে ধাবই
চললি অভিসার ।
কাই চললি অভিসার ।

সা. প (১)—১৭৩, (২) - ৮৬ ত্রা ৯৮৯ ক. বি. ৬৫১

পাঠান্তর—ক. বি (১) নীল নলিনীদল তম্ব অমুর ঃই নিলিম হার উজোর (২) গোবিন্দদাস সঙ্গে সব সহচরি রঙ্গে করলি অভিসার।

শব্দার্থ-পহিরণ-পরিধান। কুছ-যামিনি ভয় ভাগি-অমাবস্থার রাত্রির ভয় দূর কবিয়া। অলিকে-ললাটে।

ব্যাখ্যা— জীরাধা নব অভরাগে ভাম বা নীলবর্ণ ধর কিছুই ভাল বাধিয়াছেন। তাই আজ হরির অভিসারে যাইবার সময় নীলমুগমদ দিয়া দেহ অভরঞ্জিত করিলেন; উজ্জ্বল নীল হার পরিলেন, হাতের চ্ছিগুলিও নীল, পরণের শাড়ীও নীল। নব অভরাগে দেখিতেছি গৌরাদ্ধা ভামলী হইল। এই অমাবস্থাব রাজিতেও অভিসারে যাইতে তাহার ভয় করিতেছেনা। তাহার কপালে নীল চুল ছ্লিতেছে। দে গোপনে নীল ভিমিরে চলিয়াছে। দেখিয়া মনে হয় যেন ভামসাগরে নীল নলিনী বহিয়াছে। জাধারে নীল রং কেহ দেখিতে পাইতেছে না। নীল ভমরেরা গদে ছ্টিতেছে; তাহারা চারিদিকে ক্ষার করিতেছে। তাই গোবিন্দদাধ অভ্যাল করেন ধে, রাই অভিসারে চলিয়াছে।

906

COPTS

গুরুজন-নয়ন বিধৃস্থদ মন্দ।
নীল নিচোলে বাঁপি মৃথ-চন্দ॥
কুত্ত-যামিনি ঘন তিমির ত্রস্ত।
মদন-দীপ দর্শায়ল পদ॥

চলু গৰুগামিনী ' হবি-অভিসার।
গতি অতি মন্থর আরতি বিথার॥
রস-ধাধনে চলু পদ ত্ই চারি।
লীলাকমল তেজ্জল ' বর নারি॥
পরিহরি মৌলিক মালতি-মাল।
তেজ্জল মণিময় গীমক হার '॥
নব অন্তরাগ-ভরম-ভরে ভোরি '।
নিক্মে পীন পয়োধরে গোরি '॥
বেশ শেষ বছ নীলিম বাস।
মিললি নিকুঞে কহ গোবিক্দাস॥

সা. প (১)—১৭২ ক. বি. ৭৮, ব ১ কণ্দা ১৫।৬, তক ৯৯০, কী ১৮৯ সমস ১৪১

পাঠান্তব:—ক্ষণদা (১) চললি নিত্তিনী (২) তেব্ধলি (৩) তোডলি মণিমর গাঁমক হার (৪) নব অনুরাগে ভরমে ভেলি ভোর (৫) নিক্ষাস্থান-প্রোধর ক্ষোব।

শব্দার্থ—বিস্তুদ—রাহ। কুহু-যামিনী—অমাবস্থার রাত্রি। আরতি বিথার—অমুরাগ বিস্তার করিয়া। মৌলিক—মাথার।

ব্যাখ্যা-- শ্রীরাধার মুখথানি চন্দ্রের মতন। গুরুজনের নম্মনরূপ ছাই রাজ যেন তাহা কবলিত করিয়া বাণিতে চায়। তাই তিনি নীল সাড়ীতে উহা ঢাকিয়া অভিসারে বাহির হইলেন। অমাবস্থার রাত্রি, ঘন অন্ধকার যেন পুঞ্জীভূত হইয়া আছে, তাই গে হ্রস্থ। এমন অন্ধকারে মদনই প্রদীপ জালিয়া যেন পথ দেখাইতেছে। হরিব অভিসারে গঙ্গগমিনী চলিলেন। অম্বাগে তিনি আকুল, তাই গতি অভিশয় মৃত্। রুপের আকাজ্রায় (ধাধদে) ছুই চারি পা চলিয়াই ভার মোচন করিয়া হালকা হইবার অভিপ্রায়ে প্রথমে লীলাকমল ত্যাগ করিলেন; তার পর মাথার মালতীর মালা, তারপর গলার মনিময় হার। তিনি নব অম্বাগে পাগলিনী হইয়াছেন, তাই ভারি বলিয়া কুচ্যুগকেও নিন্দা করিলেন। সব ছাড়িয়া কেবল বেশের মধ্যে বহিল উাহার নীল সাডীখানি। তাহাই

লইয়া নিকুঞে কুফের সহিত মিলিলেন। গোবিন্দদাস ইহা বলিতেছেন।

610

পटंगङ्जी

অপর ভরি নব নীরদ কাপ।
কত শত কোটি শবদে জিউ কাপ।
তহি দিঠি জারত বিজ্বিক জালা।
ইথে জনি ছোড়বি মন্দির বালা।
ইছন কুন্ধে একলি বনমালি।
অন্তর জরা পদ নেহারি।
ভহি বরিগত অবিরত জলধার।
।
তহি বরিগত অবিরত জলধার।
।
উনি গুলি আকুল চলল মুরারি।
মীলল আধ পথেশ সো বর নারি।
পোবিন্দাদ কহই পুন ধন্দ।
প্রেম পরীগত মনম্থ মন্দ

সা. প. (১)—১৮৫, ক বি ৭১ তক ৯৯১, কী ১৮৪ এবং ৭৮, বৃ ৩

পাঠান্তর—কী (:) বাঁপি (২) কাঁপি (৩) জাক (৪) জর জর অন্তরে পন্থ নেহারি—কী। কীর্ত্তনানন্দে 'এছন' ইত্যাদি তুই পংক্তির পূর্বে 'ভ্রমই' ইত্যাদি তুই পংক্তি প'ওয়া যায়।(৫) আন্ধিয়ার—তক্র (৬) জ্লাধার —তক্র (৭) আতর মা ভেল পাতর বারি—কী (৮) পছে —তক্র (২) চন্দ—কী।

শব্দার্থ-পাতর-প্রান্তর, মাঠ। আঁতর-মধ্যে, মাঝে মাঝে।

ব্যাখ্যা—হুর্দিনে বর্ধার রাত্রিতে অভিসারে বাহির হইতে নিমেধ করিয়া সধী বলিতেছেন, আকাশ ভরিয়া

নুতন মেঘ সব কিছু ঢাকিয়া ফেলিয়াছে। কড় কড়, হড় হড় প্রভৃতি নানা বকম মেঘের শব্দে প্রাণ কাঁপিতেছে। তার উপর আবার বিহাতের জালায় চোখে জালা ধরিতেছে। এই রাত্রে যেন ঘর ছাড়িয়া বাহিরে যাইও না। আঁধার রাত্রি, সাপেরা চলাফেরা করিতেছে; তাহার উপর অবিরত জলধারা বর্ষিত হইতেছে। এ সময়ে কুঞ্জের মধ্যে একলা বসিয়া বনমালী জরজর অন্তরে (রাধার আসিতে কষ্ট হইবে ভাবিয়া) প্রপানে চাহিয়া আছেন। মাঠের মাঝে মাঝে জল জমিয়াছে। দেই স্কুমারী উহা কেমন করিয়া পার হইবে? এই কথা ভাবিয়া ভাবিয়া মুরারি আকুল হইলেন। তিনি আর হৃদ্যের ব্যাকুলতা সম্বরণ করিতে না পারিয়া পথে বাহির **इटेलन**। অर्फिक পথে अन्तरीत महिङ (पथा इटेन। গোবিন্দাদের মনে ধাঁধা লাগিতেছে—এত বিঘু সৃষ্টি করিয়া কি সেই হুষ্ট মূর্য প্রেমের গভীরতা প্রীক্ষা করিতেছে ?

940

कश्र**क**शरी

মেঘ-যামিনি চলল কামিনি পহিরি নীল নিচোল রে। সঙ্গে নায়ক কুন্তম-দায়ক ছোডি মঞ্জির লোল[ু] রে॥ গুরুয়া কুচভরে চলিতে উলট পদ পীন জঘনক ভার রে। হেরি দামিনি ফটিক-তরু জানি চমকি ধরু নিরধার রে॥ (मिश्र क्वि-मिन मी अन् अनि वाम कद एक्ट बांशि दि। সোই° ফণি-পতি জাগিয়া গুবতী সঘনে তমু উঠে কাঁপি রে॥

প্রাণ-বল্লভ

ভেটব ভবহ

পূরব¹ মনমথ আশ রে। ঐছন পাই গেহ সফল করু দেহ বদত গোবিন্দ দাস রে॥^৮

ক বি. ৭৯

তরু ৯৯৩, কী ১৮৩, সমুদ্র ১৪৫

পাঠান্তর—(১) চললি—তক (২) বোল—সমুদ্র (৩) চল—তক (৪) জানি—তক (৫) এহি—তক ; কী-তে— জানিয়া যুবতী বিষম তাহি পতি সঘনে তক্ন উঠে কাঁপ রে (৬) ভেটল—তক (৭) প্রল—তক (৮) এছন যছু লেহ সফল তছু দেহ ভণহ গোবিদ্দাস রে॥—কী

अकार्थ— लान - ठकन । नित्रधात — कनधातात्क । ব্যাখ্যা- মেঘলা রাত্রিতে নীল সাডী পরিয়া কামিনী অভিসারে বাহির হইল। তাহার সঙ্গে মদন পথ দেখাইয়। চলিল। নিঃশব্দে খাইতে পারিবে ভাবিয়া দে চঞ্ল নুপুর ত্যাগ করিল। পীন জঘন ও ওক কুচভারে ভাহার বাধ। হইতে লাগিল, প। যেন সামনে না যাইয়া পিছনে থায়। বিত্যুৎ চমকাইলে দে ভাবিল বুঝি ফটিকের রুক্ষ; এরূপ ভাবিয়া সে চমকিত হইয়। ভয়ে জলধারাকে ধরিতে গেল। সাপের মাথায় যে মণি জনিতেছে তাহাকে প্রজনিত দীপ মনে করিল এবং ভাহার আলোতে লোকে ভাহাকে দেখিয়া ফেলিবে আশ্রায় দে বামকরে ভাহা ঢাকিতে গেল। পরে যুবভী সাপের মাথায় হাত দিয়াছে বুকিয়া কাঁপিয়। উঠিল। ত্রতি রম্বরণ প্রাণবল্লতের সঙ্গে দেখ। হইবে ; মল্লথের আশ। পূর্ণ হইবে; এইরূপ ভাবিতে ভাবিতে কুঞ্চুগুহে উপস্থিত হইল। গোবিন্দদাস বলিতেছেন—এখন ভোমার (नर मक्न कता।

957

সিশ্বড়া

গগনহি নিমগন দিনমণি কাঁতি। লথই না পারিয়ে কিয়ে দিন রাতি॥ কছন জলদ কয়ল আদ্বিয়ার।
নিয়ড়হি কোই লথই নাহি পার॥
চলু গজ-গামিনি হরি-অভিসার।
গমন নিরঙ্গা মদন বিধার ।
চৌদিশে অথির পবন ভক্ত দোল।
জগভরি শীকরনিকর হিলোল॥
চলইতে গোরি নগর পুর বাট।
মন্দিরে মন্দিরে লাগল কপাট॥
যব ধনি কুঞ্জে মিলল হরিপাশ।
দূরহি দূরে রভ গোবিন্দাস॥

সা. প. (১)—১৮৭, ক. বি. ৭৯ বু ০ उक् ∾∾४, ममुफ २५५

পাঠান্তর—(১) আরতি বিধার---তরু (২) করু— তরু।

শকার্থ---নিরস্থা---জনিবার্য। শীকরনিকর --জল-কণাস্থ্য।

ব্যাখ্যা—ব শালের মেঘল। দিনে শ্রীরাধিকার দিবাভিদার বর্ণিত হইতেছে। সুর্য্যের রশ্মি (কান্তি) আকাশেই নিমগ্র হইয়াছে। দিন কি রাত বুঝা যাইতেছে না। মেঘে চারিদিক্ এমন আধার করিয়াছে যে, কাছের লোককেও দেখা যাইতেছে না। এমন সময়ে গজগামিনী দারে ধারে হরি-অভিদারে চলিল। তাহাকে যাইতেই হইবে (নির্দ্ধুণ); মিলনের জন্ম তাহার নির্তিশয় আর্তি। চারিদিকে রাভ বহিতেছে, পৃথিবীময় যেন জলের ছাট বহিয়া যাইতেছে। গোরী নগরের পথ দিয়া চলিতেছে; রাজ্বুদির ভয়ে ঘরে ঘরে দরজা বন্ধ হইল। স্করী মধন হরির নিকটে পৌছিল, তথন গোবিক্দাদ একটু দুরে দেবার জন্ম প্রতীক্ষা করিয়। রহিলেন।

৩৬২ ভূপানী

হরি রহু কাননে কামিনি লাগি। জাগরে জর-জর মনসিজ স্মাগি দাকণ গুৰুজন-নয়ন নিপাত।
না মিলল স্করী তৈ গেল পরাত॥
আজি ভেল ভালে কুঝটি-আজিয়ার।
এছে সময়ে ধনি চলু অভিসার॥
বিঘটি মনোরথ অবইতে কান।
ধনি চলু আন ছলে মাঘ-সিনান॥
যব ত্হু মীলল অন অন পস্থ।
দরশনে মীটল বিরহ ত্রস্ত॥
যব ত্হু হরপে তরপে কক কোর।
বিঘটি কি ঘটল চকোরক জোর॥
গোবিন্দাস হলহ রস গাব।
ভাকল গঠই মদন-পরতাব॥

সা. প. (১)—১৭৯, ক. বি. ৭১ ৩৭৭ রসমঞ্জীং , সমুদ্র ২৬৪ জিক ৯৯৬

শব্দার্থ — জাগরে — অনিদ্রায়। মনসিদ্ধ আগি—
মদনাগ্নি। পরাত — প্রভাত। কুঝটি-আদিয়ার — কুয়াসাজনিত অন্ধকার। বিঘটি — বার্থা অবইতে — আদিবার
সময়। হরথে — হর্ষে। তরখে — ত্রাসে। বিঘটি — বিচ্ছিন্ন।
কি ঘটল চকোরক জোর — চকোর-দম্পতীর কি মিলন
হইল ?

ব্যাখ্যা— মাঘমাদের কুরাদাময় অন্ধকার দকালে
শ্রীরাধার অভিগার বণিত হইতেছে। দারা রাভ ধরিয়া
হরি কামিনীর জন্ম কাননে মদনাগিতে জরন্ধর হইয়া
জাগিয়া কাটাইলেন। শ্রীরাধার গুরুজনদের দারুণ নয়ন
নিপাত যাউক (তাহারা রাধাকে দারা রাত চোথে চোথে
রাথিলেন), তাই দে হরির সহিত মিলিত হইতে পারিল
না। এদিকে প্রভাত হইয়া গেল। ভাগ্যবণে আজ্ব
দকালে র্ভ যণ কুরাদা ও অন্ধকার হইল। এই সময়ে
ফুন্দরী মাঘসান করিবার ছলে অভিসারে চলিলেন।
কানাই এদিকে মনের অভিলাব বার্থ হইল বলিয়া কুরু
হইতে ফিরিয়া আদিতেছিলেন, সেই সময় পথে পরস্পরের
দেখা হইল; দর্শনে দারুণ বিরহজালা মিটিল। তখন
উভয়ে উভয়কে আনন্দে অপচ অপরে পাছে দেখিয়া ফেলে
এই ভয়ে আলিকন করিলেন। চক্রবাক-দক্ষতী রাজিকালে

বিচ্ছিন্ন থাকিয়া কি দিনের বেলায় সম্মিলিত হইল?
গোবিন্দদাস এই ছ্ব্রুভি রস গান করিতেছেন—মদনের যে
প্রস্তাব ভাঙ্গিয়া গিয়াছিল তাহা আবার গঠিত হইল।

969

চলু গজ-গামিনি হরি অভিদার।
গমন নিরস্কৃশ আরতি বিথার॥
পদ্ধপিচ্ল পথ গুরুষা নিতম্ব।
পদ্ধ কত বেরি নাহি অবলম্ব॥
বিজুরি-জোতি দরশায়ল দেহ।
উঠইতে চাহে জ্লধারক থেহ॥
এছনে মীলল নাগর পাশ।
গোবিন্দাস কহ পূরল আশ॥

সা. প (১)—১৮৪

इंदर कि

শব্দার্থ—গমন নিরক্ষণ—ঘাইতেই হইবে, তাহাতে কোন বাধা মানিবে না। আবতি বিথার—আতি বা উৎকণ্ঠা প্রকাশ করিল। উঠইতে চাহে জ্লধারক থেহ— ক্লধার। অবলহন করিয়া উঠিতে চাহে।

9.58

কড়খা ধান্দী

হরি অভিসারে চলল বর স্কন্দরী
শীতল বৃন্দাবন মাঝ।
গুরুষা নিতম্ব ভবে চলই না পারই
বৈছে চলয়ে হংস-রাজ॥
থকে সে ভরুগ ইন্দু মলয়ক্স বিন্দু বিন্দু
কল্পরী ভিলক ভার মাঝে।
পিঠে দোলে হেম ঝাঁপা বিদ্যা পাটের খোপা
নাপায় মুকুত। ভাল সাজে॥

চৌদিগে রমণী শোভে নৃপুর কিছিণী বাজে

সভে চলে মদনতরকে।

যে দিগে পয়ান করে মদন পলায় ডরে

সৌরভে ভ্রমর যায় সঙ্গে॥

নবযৌবনী ধনি জগ জিনি লাবণি

কুঞ্জ বিজই ধনি রাধে।

গোবিন্দদাস চিতে খ্রামরূপ জাগয়ে

রক্ষে দাজল মন-সাধে॥

বরাহ ৭খ

950

ষ্থই

আজু কৈছে তেজলি গেই।
কো জানে কৈছন তোহারি সনেই ॥
গুরুজন ভয়ে কি না কাপ।
তুহু অহুরাগ সবহু দিঠি কাপ॥
তুহু " কৈছে হেরলি রাভি।
মরমহি উয়ল মনমথ-বাতি॥
দূতর পদ্ব সঞ্চার।
চচল মনোরথে ইথে কি বিচার॥
একলি আওলি এত দূর।
আগহি আগে কুহুম-শর শ্র॥
আপে করই তুহু কোর।
আবহি নাগর তুহু তুহু জোর॥
রাধা মাধব-ভাগ।
না বুবল মুগ্ধল গোবিন্দাস॥

সা. প. (১)—১৮৬, ক. বি. ৭২ তক ১০০০, কা ১০৪ এবং ৮১. বু ০ সমুদ্র ১৪৭

পাঠান্তর—তক্ষ—(১) কে জানে (২) সিনেহ (৩) ঘন আন্দিয়ারে (৪) কুহাঁ (৫) মীলল ছুহাঁজন।

শব্দার্থ— দনেহ—দ্বেহ, প্রেম। মরমহি উয়ল মনমথ-বাতি—আধারে পথ দেখার ভাবনা কি ? মর্মের ভিতরে মন্মথ যে বাতি জালিয়াছে। দূতব পদ্ব সঞ্চাব—যে পথে সহজে যাওয়া যায় না সেই পথ দিয়া চলিতেছে। আগহি আগে কুস্থম-শর শ্ব-—আগে আগে বীব মদন চলিয়াছেন।

૭૫૫

কেদার

কণ্টক গাড়ি কমল সম পদতল
মঞ্জির চীরহি থাপি।
গাগনি-বারি ঢারি করু পীছল
চলতহি অনুলি চাপি॥
মাধব তুয়া অভিসারক লাগি।
দ্তর পন্থ-গমন ধনি সাধ্যে
মন্দিরে খামিনি জাগি॥
করয়ুগে নয়ন মুন্দি চলু ভাবিনি
তিমিব-পয়ানক আলে।
কর-কহণ পণ ফলি-মুগ-বয়ন
নিখই ভুজগ-গুঞ্ পালে॥
গুরুজন বচন বলির সম মানই
আন শুনাই কহ আন।
পরিজন-বচন ম্গধি সম হাসই
গোবিন্দাস পরমাণ॥

সা, প. (১৮--১৭০ ক. বি. ৬৭ এবং ৬৮ বু.১ रक ३००३, समन ३८० को ३०३

ব্যাখ্যা—বর্ষার অন্ধকার রাত্রে শ্রীক্রফের উদ্দেশে কেমন করিয়া অভিসার করিতে হইবে তাহা শ্রীরাধা বাড়ীতে বসিয়া অভ্যাস করেন। এই কথা সখী মাধবকে জানাইতেছেন। শ্রীরাধা গৃহের প্রাঙ্গণে কণ্টক রোপণ করিয়া, নিঃশব্দে যাহাতে যাওয়া যায় সেইজ্লু কাপড় দিয়া নৃপুর বাধিয়া, কলসীর জল ঢালিয়া পিছল করিয়া, আঙ্গল টিপিয়া টিপিয়া চলা অভ্যাস করেন। হন্দরী বাড়ীতে রাত্রি জ্ঞাগিয়া তুর্গন পথে চলার অভ্যাস করিতেছেন। আধারে চলা অভ্যাস করার জ্লু হাত

দিয়া চোপ টিপিয়া ধরিয়া চলেন। পথে সাপের মাথায় মিণি জ্ঞালিলে তাহা ঢাকিয়া রাখিতে হইবে বলিয়া নিজের হাতের কৃষণ মূল্যস্বরূপ দিয়া সাপুড়ে (ভূজগ-গুরু)-দের নিকট সাপের মূখ বন্ধন করার কৌশল শিক্ষা করেন। গুরুজনের বাক্যে বধির সম ব্যবহার করিতেছেন—এক কথা শুনিয়া অত্য কথার জ্বাব দিতেছেন। পরিজনদের বচনে মুগ্ধার ত্যায় (যেন কিছুই না ব্রিয়া বোকার মত) হাসিতেছেন। গোবিন্দাস এইসব ব্যবহার প্রত্যক্ষ দেখিয়া প্রনাণ দিতেছেন।

মন্তব্য-এই অপূর্ব্ন পদটি যে ক্বীন্দ্রচন্মনুক্তয়ের (৫১৯) নিম্নলিখিত শ্লোক অবলম্ম করিয়া লেখা তাহা ডঃ শশিভূষণ দাশগুপু মহাশয় "শ্ৰীবাধার ক্রম-বিকাশ" গ্রন্থে দেখাইয়াছেন—মার্গে পদ্ধিনি ভোয়দান্ধ-নিঃশক্ষপংচারক' দয়িতস্ত গস্ত্ৰা মতিম। বস্তিম্ধেতি কুত্ব1 আন্ধানুদ্ধতনুপুরা করতলেনাচ্ছাত্ত নেত্রে ভূশা কুচ্ছাল্লরপদস্থিতি: স্বভবনে প্রান্মভাস্তি । অধাং—"প্রিল প্রে মেহান্তম্মার ভিতরে নিঃশব সঞ্চরণে আজ আমাকে দয়িতের বাসভানে যাইতে হইবে-এইরপ ন্তির করিয়া এক মুগ্ধা রমণী ন্পুর জান্ত পথান্ত উঠাইয়া লইয়া, নয়ন্যুগল করতলে ভাল করিয়া ঢাকিয়া অতিকষ্টে পদস্থিতি লাভ করিয়া নিজের ঘরেই পথের অভ্যাস করিতেছে।" এই শ্লোকে. কিন্তু, কণ্টক গাড়ার কথা, কন্ধণ ঘুষ দিয়া সাপের মুখ বাধা শেখার কথা এবং গৃহে গুরুজন পরিজনদের সহিত অন্তরাগিণীর বাবহারের কোন কথা নাই। 🕹 ভাবগুলি গোবিন্দাদেব মৌলকভার নিদর্শন।

959

ভথা রাগ

ভীতক চীত ভূজগ হেরি যোধনি চমকি চমকি ঘন কাঁপ। অব আদ্ধিয়ায়ে আপন তমু ছাপই কর দেই ফণি-মণি ঝাঁপ। শুন মাধব কি কহব তুয়া অহ্বাগ।
তুয়া অভিদাব বডদে বর নাগরি
জীবই বহু পুণ ভাগ॥
বো পদতল থল-কমল-হ্নকোমল
ধরণি-পরশে উপচন্ধ।
অব কণ্টকময় সন্ধট বাটহি
আয়ত যায়ত নিশন্ধ॥
মন্দির মাঝ সাঁঝে নাহি তেজই
দেহলি মানয়ে দূর।
অব কুছু যামিনি চলয়ে একাকিনি
গোবিন্দাস কহ ফুর॥

সা. প. (১) ১৮২ ক. বি. ৭২, বুও সমূল ১৪২, কী ১৯০ সং ৩৬৭, তক ১০০২

পাঠান্তর—কীর্ত্তনানন্দে আরম্ভ—মাধব কি কহব তুয়া অহবাগ। সংকীর্ত্তনানন্দে আরম্ভ—শুন মাধব কি কহব তুয়া অহবাগ।

শব্দার্থ—ভীতক — দেওয়ালের। চীত — চিত্রিত, আহিত। কর দেই—হাত দিয়া। পুণ ভাগ—পুণাের ভাগ্য। উপচন্ধ—জড়দড়। বাট—পথ। দেহলি—দেউড়ি ("দেহড়ীতি লােক প্রসিদ্ধিঃ"—রাধামােহন)।

ব্যাখ্যা—যে হৃদ্দরী সাধারণতঃ দেওয়ালে আঁক।
সাপের ছবি দেখিলেও চমকিত হইয়া ঘন ঘন কম্পিত হয়,
আজ সে আঁধারে নিজের দেহ লুকাইয়া অভিসারে
চলিয়াছে। পথে সাপের মনি জলিতেছে দেখিয়া তাহা
হাত দিয়া ঢাকিতেছে; পাছে এ মনির আলোতে লোকে
তাহাকে দেখিয়া ফেলে। মাধব! শুন, তোমার প্রতি
তাহার অফুরাগের কথা কি বলিব? সেই নাগরীপ্রেষ্ঠা
তোমার অভিসারের বসাবেশে এমন কাজ করিয়াও যে
প্রানে বাঁচিয়া আছে তাহা নিতান্ত প্র্কল্পরের পুণ্যের
ফল। যে নারী স্থলকমলরপ পদতল দিয়া হ্লেকামল ধরণীর
ম্পর্শেও জড়সড় হয়, এখন সে কটকয়য় সয়্টপূর্ণ পথে
নির্ভয়ে যাতায়াত করিতেছে। যে বাড়ীতে সন্ধ্যার পর
দেউড়িতে যাইতেও দ্বয়াত্রামনে করে, আজ্ব সে অমাবস্থার
রাত্রিকালে একাকিনী বনে আসিতেছে। গোবিন্দাস

ইহা স্পষ্ট করিয়া বলিতেছেন। ("অহো অস্থা অমুপমপ্রীতিঃ জীবনরক্ষণমপি নামুসন্ধত্ত ইতি ভাবং"—রাধামোহন। আহা। ইহার অতুলনীয় প্রীতি নিজের জীবনরক্ষা যাহাতে হয় তাহারও থোঁজ করে না)। তুলনীয়ঃ বিভাপতি ৩৩২—

দেখি ভবনভিতি লিখল ভূজগপতি
জম্মনে পরম তরাদে।
সে স্বদনি করে ঝপইত ফণি-মণি
বিহুদি আইলি তুঅ পাদে॥
নিঅ পরিহরি সঁতরি বিথম নরি
আঁগরি মহাকুল গারী।
তুঅ অম্বরাগ মধুর মদে মাতলি
কিছুন শুনল বর নারী॥

৩৬৮

গানার

যব ধনি ঘর সঞে ভেল বাহার।
বার বার বরিথে জলদ অনিবার ॥
কার ঠেলন নাহে ঘন আন্দিয়ার।
দিশ দরশায়ল মদন দিশার ॥
কি কংব মাধব পুণ-ফল ভোরি।
এতহুঁ দূর তরি ভোহে মিলু গোরি ॥
বালকত বিজুরি নয়ন ভক্ষ চহা।
চলতহি খলত সঘন মহি পদ্ম ॥
উঠইতে ফণি-মণি উজর হেরি।
কনক-দণ্ড বলি ধক্ষ কত বেরি ॥
জৈছনে দৌপল ভাবেং নিজ্ঞাদেহ।
অপক্রপ উছন ভোহারি স্থনেহ ॥
এতদিনে প্রেমক পরিচয় ভেল।
বাবিন্দাস ভারম দূরে গেলা॥

क. वि १३, तृ ७

সমূল ১৪৭, তর ১০০০ কী১৮৫

পাঠান্তর—কীর্ত্রনানন্দে আরম্ভ—কি কহব মাধব পুণ ফল তোরি। এতছ তুতর পথে তোহে মিলু গোরী॥ (১) চলইতে থুলই—তরু (২) দেশপলু—তরু।
শক্ষার্থ—দিশার—দিগ্দর্শক। চক—ভয়।

ব্যাখ্যা-স্করী গৃহ হইতে যথন বাহির হইল তথন মেঘ হইতে অনবরত ঝর ঝর ধারায় বৃষ্টি পড়িতেছে। চার-দিকে আঁধার যেন পুঞ্জীভূত হইয়। আছে—তাহাকে যেন হাত দিয়াও ঠেলা যায় না। এমন অবস্থায় দিগভ্ৰম হইতে পারে, কিন্তু মদন দিগ্দর্শক হইয়া পথ দেখাইল। মাধব। তোমার পুণাফলের কথা কি বলিব! এতদুর আদিয়া গৌরী তোমার সহিত মিলিত হইল (কত ভাগ্য করিলে এমদ অমুরাগবতীর দহিত প্রেম হয়)। ঘন ঘন বিহাৎ চমকাইতেছে, ভয়ে চোধ বুঁজিতে হয়। পথে চলিতে চলিতে ঘন কাদায় প। পিছলাইয়া যায়। আর সে উজ্জ্ঞল মণি যুক্ত দাপকে কনকদণ্ড মনে করিয়া কত বার তাহা ধরিয়া উদিয়া দাড়ায় (ভুল একবার নহে, বার বার হুইয়াছে; অভিনারিকার দেহাভিনিবেশ লোপ পাইয়াছে)। এইরূপে (আমাদের স্থা) ভোমাকে নিছদেহ সমর্পণ করিছ। অপ্রধ তোমার প্রতি তাহার হুগভার প্রেম। এতদিনে বুকা গেল সে ভোমাকে কত বেশী ভালবাসে। গোবিন্দদাসের মনেব এম দূর ২ইল।

೨೬ನ

বরাড়ী

মাথহি তপন তপত পথ-বালুক
আতপ দহন বিথার।
ফনিক পুতলি তত্ চরণ কমল জ্ঞ্
তবহি কয়লি আভিসার॥
হির হরি প্রেমক গতি অনিবার।
কাহ্য-পরশ রসে পরবশ রসবতি
বিছুরল সবহু বিচার॥
গুরুজন-নয়ন-পাশগণ-বারণ
মারুত-মণ্ডল-ধূলি।
তাঁহা পয় মেলি চলল বর নাগরি শৃষ্হি গেও সব ভূলি॥

কত কত বিঘনি° জিতলি অন্তরাগিণি সাধত° মনসিজ-মন্ত্র। গোবিন্দাস কহট অব সন্বউ হরি সঞে রসময় তন্ত্র॥

সা. প. (১)—১৭৭, ক. বি. ৬৭

সন্দু ২৬৯, তুক ১০০৪

পাঠান্তর—তক্ (১) দিনহি কয়ল (২) তা পয়ে মেলি চললি ব্যবঙ্গিনি (৩) যত যত বিঘনি (৪) সাধলি।

ব্যাখ্যা-মাধার উপর স্থ্য; পায়ের তলায় পথের বালু উত্তপ্ত , রৌদ্র যেন আগুনের ঝলক। জ্বীরাধার দেহ যেন ননীর পুতৃল, চরণ কমলের মতন ৷ তবুও সে এই আবেট্টনীর মধ্যে অভিসার করিল। হরি হরি প্রেমের কি তুর্জিয় গতি। কানাইয়ের স্পর্ণরদ লাভ করিবার আশায় যে পরবশ হইয়াছে এমন রদবতী দব বিচারবৃদ্ধি ভূলিয়। গেলেন। ওকজনের। তাঁহাকে নিজেদের নানারূপ পাশ দিয়া বাধিয়া বাথিয়াছিলেন, কিন্তু ঘূলি হাত্যাব ধুলা উড়িয়া তাঁহানের চোথে পভায় জীরাধা শহিবে যাইবার স্থয়োগ পাইলেন (ওরজনদের নয়নরপ পাশ নিবারণ করা হুইল), সেই ঘুণাবুঠের সহিত মিলিয়া বরুর ক্লিণী অভিসারে চলিলেন; ঘূণি হাওয়ায় পথও ভুল হইয়া গেল। কিন্তু অবশেষে অন্তরাগিণী যত কিছু বিঘু সব জয় করিলেন এবং মন্মথের মন্ত্র সাধন করিলেন। গোবিন্দলাস বলিতেছেন-এখন জীরাধা হরির দহিত রদময়তন্ত্র ব্ঝিয়া লউন। তুলনীয়: বিভাপতি—তপনক তাপে তপত मशै उन ।

990

কেদার

মণিময় নৃপুর ' যতনে আনি ধনি
সো পহিবলি নিজ ' হাতে ।
কিছিণি গীম-হাব বলি পহিবল
হার সাজায়লি মাথে ।

স্থি অপরূপ পেথলু আজ।
হরি অভিসারে ভরম-ভরে স্থলরি
বিছুরল সাজ বিসাজ ॥
ঘন আজিয়ার রজনি জনি কাজর
গরজত বরিথত মেহ।
বিষধর ভরল তৃতর পথ পাতর
একলি চললি তেজি গেহ॥
চড়ল মনোরথে দোসর মনমথ
পথ বিপথ নাহি মান।
গোবিন্দদাস কহ ইহ নব নাগরিশ

সা. প. (২) -- ১৭২, সা. প. (২) তক ১০০৮, কী ১৮৫ ৮৬, ক. বি. ৬৯ এবং ৭৯ সমূদ্র ১৪৫ রু ১

পঠি। ন্তর — কীর্ত্তনানন্দে আরম্ভ — সজনি অপরূপ পেথছ আজ। নব অফুরাগ ভরমে ভরে স্কলরী ॥ সা. প. আরম্ভ — মণিময় মঞ্জির যতনে আনি। তরু — (১) মঞ্জির (২) তুই (৩) হাত (৪) ম'থ (৫) স্কলির (৬) চঢ়লি (৭) পশ্ব (৮) কহই ব্রজনাগর।

ব্যাখ্যা— শ্রীমন্তাগবতে (১০।২৯) যেমন শ্রীক্ত ফের বংশীধননি শুনিয়া গোপীরা "ব্যন্তবন্তাভরণাং" হইয়া অভিসারে বাহির হইয়াছিলেন, তেমনি শ্রীরাধা মিলনের জন্ম আকুল হইয়া পায়ের মণিময় নূপুর যত্র করিয়া আনিয়া ছই হাতে পরিলেন। কিহিণীকে গলার হার করিয়া পরিলেন, আর হার দিয়া মাথা সাজাইলেন। আজ অপূর্ব্ব ব্যাপার দেখিলাম। হরি-অভিসারের ব্যগ্রতায় হন্দরী আজ সাজ-সজ্জা সব কিছু ভূলিয়া গেল। রাত্রির ঘন আজকার যেন কাজলের মতন, তাহার উপর আবার মেঘ গর্জন করিতেছে। ত্তুর পথ ও প্রান্তর বিষধর সর্পে ভরা। তার মধ্যে একলা বাড়ী ছাড়িয়া হন্দরী চলিল। সেনিজের মনক্রপ রথে চড়িল; সঙ্গে আছে তার মন্তর্ধ; কোন্টা পথ কোন্টা বিপথ কিছুই সে মানে না। গোবিন্দাস বলেন, এইরূপে নবনাগরী কানাইয়ের সঙ্গে মিলিত হইলেন।

जूननीय: वः नीवम्यात्र-

করেতে নৃপুর পরে জ্ঞে পরে তাড়। গলাতে কিছিনী পরে কটিতটে হার॥

993

ভূপাল

গুরু বুরু বুরু উজোর চন্দ।

ত্বজন-নয়ন পদহি পদ ফন্দ।

তৈছে অতি ত্বতের পদ্দ স্কার।

ততহি কলাবতি চলু অভিসার।

কৈ কহব মাধব প্রেমক বীত।

তুয়া অহবাগিনি ত্রিভ্বন জীত।

গাহা ধনি বাধসে ভাও পুনান।

সাধসে ধাওয়ে কতত পাচবান।

গোবিন্দাস কহ পুরল সাধ।

ক. বি. ৬৮, ৭৭ এবং ৮১ মা. প্ল (১)—১৮১, ব ৩ সমুধ্ ১৩৭, ৩ক ১০:৭, কা ২০৫ বসমঞ্জী ৭

পাঠান্তর — রসমঞ্জী ও কীর্ত্তনানন্দে আরম্ভ — কি কহব মাধব প্রেমক বীত। (১) রসমঞ্জী ও কীর্ত্তনানন্দে চতুর্থ চরণের পর —

প্রতি ভূজ ভূজগ বন্ধন করে ফারি।
চরণক ঘাতে কুলাচল ডারি।
তাহা কি করব লঘু মন্দির কপাট।
ভয়ে মরিয়াদ দিন্ধু দিই বাট॥

সতীশচন্দ্র রায় মহাশয়ের পদরসদার ও পদরত্বাকরের পুথিতেও ঐ পংক্তি চারিটি আছে।

ব্যাখ্যা—ক্যোৎসাভিদারের বিপদ্ অনেক। উজ্জ্বল চল্রের জ্বা গুরুজনকে বঞ্চনা করা কটকর। ফুর্জনের চোথ যেন পদে পদে কাঁদ পাতিয়া বদিয়া আছে। ঐরকম কঠিন পথে সঞ্চরণ করিয়া কৌশলবতী রাধিকা অভিদারে চলিলেন। মাধব! প্রেমের রীতির কথা কি বলিব! তোমার প্রতি অহুরাগিণী ত্রিভূবন জয় করিতে পারে। যেখানে ফুলরী ধাধসে অর্থাৎ দৃঢ়তার সঙ্গে জ্র-কম্পন করেন, দেখান হইতে কত শত মদন ভয়ে পলায়ন করে। সেই স্থন্দরী তোমার সাথে বিনা বাধায় কুঞ্জে মিলিল। (गाविन्ममान वलन, नव नाथ भूविन।

993

कलानी

সঙ্গে নব বৃদ্ধি গি বয়স সমান সাজলি খাম-দর্শ-রদ-লোভে। কোই রবাব মুর্জ সর্মওল বাণ উপাক হাত পর শোভে॥ ভালে বনি আওয়ে বুগভামতনি। অরুণ বিরাজিত চরণ-কমল-ভলে মঞ্জিক জিত মধুর-ধনি॥ গতি অতি মন্তর নৰ যৌৰন ভৱ মীল বসন মণি কিখিণি বোলে। গজ-অরি-মাঝরি উপরে কন্যা-গিবি বীচহি স্থাননি মুকতা-হিলোলে। জিনি মণি-কুওল ববি-মণ্ডল ছবি স্থন্ব সিন্দুর ভালিরে ভালে। গোবিন্দদাস কহ ভূলল অলিকুল বেচল কবরিক মালভী-মালে॥

J. 14. 99

শব্দার্থ—রবাব—এক প্রকারের বীণাযন্ত্র। মুদক অপবা পাথোয়াজ। সরমওল-অক্ত এক রকমের বীণা। উপান্ধ-এক রকমের বাছ্যস্ত। বনি আওয়ে-শাজিয়া আসিল। গজ-অরি-মাঝরি--গজের অরি সিংহ; তাহার মত মাঝা। উপরে কন্য়া-গিরি--উপরে কন্ক পর্বত তুলা কুচযুগ। বীচহি হ্বরধুনি মুকতা হিলোল— ুকুচযুগের মাঝখানে মৃক্তার হার দে৷খয়া মনে হয় ছুই পাহাড়ের মাঝথানে গলা।

CPO

শহরা ভরণ

এ ধনি পত্নিনি পড়ল অকাজ। জনি ভেটহ হবি কুঞ্ক[্] রাজ। তুহু গন্ধ-গামিনি মতি অতি ভোর। উচ কুচ-কুন্ত-গরবে নাহি ওর ॥ (योजन-भवर्त न। (व्यक्ति भव। পরিমলে বাসিত কর্সি দিগত ॥ যব ভোহে করব অরুণ দিঠি-ভঙ্গ। নিয়ভে না হেরবি সহচরি সঙ্গা সো ধর-নধর-পর্শ যব হোতি। এ কুচ-কুত্তে না রাথব মোতি॥ গত্তে কবৰ যৰ দশনক ঘাত। মুর্ছি পড়বি উহি° ধর্ণি নিপাত॥ शौविकनाम थवल शाहतात। অধর-স্থারদে পুনহি জীয়াবং ॥

मा. ११ (১)—১०१, तथा ১১५ छङ ४०१६, की ১०५ ক. বি ৭০ প. রু ১৯

পাঠান্তর—ক্ষণদা—(১) কুণ্ডকো (২) তব (৩) তবহি (৭) অধন-স্থা দেই তব হি জিয়াব—তর।

ব্যাখ্যা- শ্রীরাধা গ্রুগামিনী বলিয়া ভাঁহাকে গ্রু ভাবিয়া হরি (সিংহ) তাহাকে আক্রমণ করিবে এই জন্ম দুখা বলিতেছেন—ওগে। স্থানুৱা প্রিনি। বছই বিপদ দেখিতেছি। কুঞ্জের রাজা হরির (সিংহের) সহিত যেন দেখা করিও না। তুমি একে গজগামিনী, তাহাতে ভোলা-বৃদ্ধি। উচ্চ কুচকুত্তের জ্বল্ল গর্কের ভোমার শীমা নাই। যৌবনের গর্কে একেবারে পথ চোথে দেখিতে পাও না; ভোমার দেহে.. পরিমলে দিগন্ত স্থবাসিত হয়, স্বভরাং হরি (সিংহ) সহজেই বুঝিতে পারিবে ষে, কুছযুক্ত হন্তী আদিতেছে। দিংহ তোমার প্রতি রাগিয়া রক্তচক্রতে তাকাইবে (অথবা হরি যথন অন্তরাগভরে ভোমার পানে অরুণদৃষ্টিতে চাহিবে) তথন ভয়ে তোমার সব সহচরী थनाहरत-काहारक । निकटि एमिएए भाहरव ना। सह হরি (সিংহ) তাহার পর নথরের স্পর্লে তোমার কুচ- কুষ্ণের মৃক্তা (মোতি) রাখিবে না (সিংহপক্ষে—গজের কুষ্ণ বিদীর্ণ করিয়া মৃক্তা বাহির করিয়া লইবে)। সে যখন তোমার গণ্ডে দস্তাঘাত করিবে তখন তুমি মাটীতে মৃচ্ছিত হইয়া লুটাইবে। কিন্তু কবি বলিতেছেন, ভয় নাই—যদি এরূপ মরণতুল্য অবস্থাই ঘটে তাহা হইলে গোবিন্দদাস তোমাকে একটী মৃতসঞ্জীবনী ঔষধের কথা মনে করাইয়া দিতেছেন—সেটী হইতেছে শ্রীক্ষের অধর-স্থারস; উহা তোমাকে পুনরায় উচ্জীবিত করিবে।

৩98

ধানশী

মাধব কি কহব দৈব বিপাক। পথ আগমন কথা কত না কহয়ে হৈ . যদি হয় বয়ান লাখে লাখ। মন্দির তেজি যব পদচারি আয়ত্ নিশি হেরি কম্পিত অঙ্গ। তিমির ত্রস্ত পথ হেরই না পারই? পদ্ধুগে বেচল ভুজক ॥ একে কুলকামিনী তাহে কুছ-যামিনী ঘোর গহন অতি দূর। আার তাহে জ্লধর বরিখয়ে খরতর⁸ হাম রহব° কোন পুর॥ একে পদ-পশ্বজ্ব পদ্ধে বিভূষিত কণ্টকে জরজর ভেলা। তুয়া মুখ দরশনে দব হুখ পায়ত " চির ছ্থ সব । দূরে গেলা॥ ভোহারি মুরলী যব শ্রবণেশ প্রবেশন ছোড়লু গৃহ-স্থ-আশ। **শিষ্ক গুথ তৃণ-** ছঁকরি না গনলুঁ কহতহি গোবিন্দদাস॥

उक्र २०२, की ३৮६

পাঠান্তর—ভক (১) কহিব (২) আয় দু^{*} (৩) পারিয়ে (৪) বার ঝর (৫) যাওব (৬) তুয়া দ্বশন আশে কছু নাহি জানলুঁ (१) অব (৮) অবধারণে—কী (৯) বৈছন প্রায়হ তৈছনে দেখহ—কী।

মন্তব্য- তুলনীয়:

গগনে গরজে ঘন—বিষ্ঠাপতি

990

কামোদ

শ্রাম-অভিসারে চললি স্থনরি ধনি নব নব রঙ্গিণি সাথে।

বাম-শ্রবণ-মূলে শতদল পরজ কামজয়-ফুলধফু হাথে॥

ভালহি সিন্দুর ভান্ন-কিরণ জন্ম

তহি চাক চন্দন-বিন্দু।

মুখ হেরি লাজ্বদে সায়রে লুকায়ল

দিনে দিনে থীণ ভেল ইন্দু॥ করি-রদ-বিরচিত চারুভূষণ করে

মদন জিনিয়া ধনি দাজ।

চরণহি নৃপুর ম্থর ম্নাহর

রতি-জয়-বাজন বাজ্॥

ললিতাদি সথি মিলি মঙ্গল-হলাহলি

শ্রাম-দরশ-রস-আশে।

দোহে দোহ। হেরইতে তুহ চিত পুলকিত বলিহারি গোবিন্দদাসে॥

Ø 60

শব্দার্থ — কামজয়-দূলধন্ত হাথে — শ্রীরাধার হাতে এমন এক ফুলধন্ত আছে যাহা দিয়া কামকে জয় করা যায়। করি-রদ-বিরচিত—গব্দস্তনিম্মিত।

995

সজনি! আজুকত অপরূপ রক। রমণিক বেশ ধরি রসিক নাগর বর যায়ত দৃতীক সক্ষঃ

আ গুপদ বাম বামা-গতি চললি বামে পেখলু খাম। বামে ভুজে ঘন বদন উডায়ত বাম কুন্তলে অফুপাম ॥ পট্টাম্বর পরি অভিনব নাগরি তৈখনে করল পয়ান। **শী** থারি কাম সিন্দুর পরিহরি লগই না পারই আন ॥ মণিময় কলণ হুই ভূজে শোভল শম্ম শোভে তার মাঝে। এমন চতুর বর দেখি নাহি নাগ্র এ মহিমণ্ডল মাঝে । পদতলে অরুণ মুই দেখিলুঁ তে করিল অনুমান। চতুর শিরোমণি গোবিন্দদাস কং বাধা-মন্দিরে কবল প্যান ॥ মন্তব্য-- শ্রীসন্ধনী নাড দাসের পুথি (পু: ৫৬) ইইতে ড: স্থকুগার সেন কত্তক সাহিত্য-পরিষ্থ-পত্রিকার ৬৬ খণ্ডে প্রকাশিত।

999

বামকিরি রাগ

কি কহব রে স্থি রাইক সোহাগি।

যাকর দেহলি বদরি কোরে হরি
রন্ধনি পোহায়লি জাগি।

চাতক সম হরি সদ্ধেত রবইতে

হার থসাইতে রাধা।

কন্ধণ ঝনকিতে গুরুজন জাগল

পরি গেও দারুণ বাধা।

জরতী কহই ধনি কো বাহিরাওত
ভীত পুতলি সম দেহা।
লোরে পাথাওল পীন প্রোধ্র

মুগ্মদ কুশ্বুম রেহা।

বিঘটি মনোরথ আন চলত হরি

ইহ ত্তঁ সঙ্কেত রাখি।

কুত্মহার অফ" নুকুলিত সরসিজ

গোবিন্দাস রত্ত সাথি।

সা. প. (২)—৮২ রসমঞ্চরা (ভণিতাহীন) ক. বি. ৬২৯, ৬৪০ সমূল ২৭০, তরু ৭১৬

পাঠান্তর—(১) কোকিল সম হরি সক্ষেত রবইতে— সা. প. পুথির আরম্ভ (২) ননদিনি বলে—তরু (৬) মিটায়ল—তরু(৪) কুস্তমিত চারু উরে—ক বি. (৫) এক—তরু।

ব্যাখ্যা--রাইয়ের প্রেম ধন্ত ! শ্রীকৃষ্ণ স্বয়ং যাহার দেউড়ির কুলগাছে (অথবা "বদরি কোরে" বাদলার মধ্যে) সারারতে অপেক। করিয়। কাটাইলেন। হরি চাতকের মতন শক করিলে, রাধা দরজা খুলিতে গেলেন; কিন্তু দে সময়ে করণের শক হওয়ায় ওকজন জাগিয়া উঠিলেন—ভীষণ বাধা উপস্থিত হইল। বৃদ্ধা (শান্তড়ী) বলিলেন—"কে যায় বাহিরে ?" ইহা ভনিয়া রাধা ভয়ে একেবারে পুতুলের মতন হইয়। গেলেন অথবা দেওয়ালে আঁক। পুতুলের মতন হইয়া গেলেন। চোধের জলে তাহার পীন পয়োধরের উপরকার মৃগমদ ও কুম্বমের রেখা ধুইয়া গেল। মনোরথ বার্থ হইল দেখিয়া হরি একটা ফুলের হার আর মুকুলিত কমল সঙ্কেতরূপে রাধিয়া অক্তত চলিয়া গেলেন। (ফুলের হার ছাড়িয়া যাওয়ায় রাধা বুঝিতে পারিবেন যে, উহাতে শ্রীক্লফের সম্ভাপ-বৃদ্ধিই পাইয়াছে। আর মুকুলিত পদ্ম রাখার অর্থ এই যে, কাল এই পদ্ম প্রস্কৃটিত হইবে; স্বতরাং তিনি কাল আবার দক্ষেত্স্থানে আদিবেন।) গোবিন্দদাশ ইহার শক্ষী রহিলেন।

মন্তব্য—পভাবলী (২০৫) এবং উজ্জ্লনীলমণিধৃত হর নামক প্রাচীন কবির "সংস্কৃতীকৃত-কোকিলাদি-নিনদম্" ইত্যাদি শ্লোকের ভাব লইয়া এই পদটী লিখিত হইয়াছে। শ্লোকটীর ভাবার্থ এই প্রকার—কোকিলাদির নিনদছলে কংসরিপু (কৃষ্ণ) সংস্কৃত করিলে শ্রীরাধার বারংবার দ্বার খুলিতে যাইবার সময় শৃষ্ণ ও বলয়ের

শব্দ হইতেছিল; উহা শুনিয়া 'কে ও, কে দরজা খুলিতেছে' জরতীর এই প্রগল্ভ বাক্য বাহির হইলে শ্রীক্লফ ব্যথিত হৃদয়ে শ্রীরাধার প্রাঙ্গণকোণস্থ কুলগাছের তলায় রাত্রি প্রভাত করিয়াছিলেন।

JFC

ভাটিয়ারি

স্থলরী অভিসারে করল পরান। ঝাপল সব ভমু রঞ্গ পটাম্বরে কাছরে উদ্বোর নয়ান। মোতি নহ সমতুল দশনক জোতি হদইতে থদে মণি জানি। কাঞ্চন কির্ণ বরণ নহে সমতুল বচন কহয়ে পিকবাণী **॥** কর্পদথল-কমল-দলাকণ मकीत कर्त्र राज। গোবিন্দাস কহ রমণী-শিরোমণি জীতল মনোরথ-রাজ।

বরাহনগর ৬

শব্দাথ — দশনক জ্যোতি ইত্যাদি— দত্তের জ্যোতি
মতিকে হারাইয়া দেয়। হসইতে খদে মণি— শ্রীরাধা যখন
হাস্তা করেন তথন মনে হয় যেন মণিমৃক্তা করিয়া
পড়িতেছে। জীতল মনোরথ-রাজ— মনরূপ রথে যে রাজ।
বিদ্যা আছেন শ্রীরাধা দেই শ্রিক্ষকে জয় করিলেন।

GPC

রাকা নিশাকর কিরণ নিহারি।

যতনে পররে ধনি ধবলিম সারি॥

চন্দচন্দন লেপিত সব অঙ্গ।

সিত কুস্মাবলী হাস নব রঙ্গ॥

অব নব বৃদ্ধি নি করত অভিসার।
কুচ্যুগে সোহই মুকুতার হার॥
অভরণ স্বরণ শশিমনি সাজ।
পদগতি মহর জিনি হংসরাজ॥
মনোহর কুঞ্জ কুন্দ পরকাশ।
গোবিন্দদাস কহে মিলল ভামপাশ॥

রসমঞ্জরা পৃঃ ২

ব্যাখ্যা— এটা শুক্লাভিসারের পদ। শ্রীরাধা জ্যোৎস্নার রাত্রিতে সাদা চন্দনে দেহ লিপ্ত করিয়াছেন, তাহার উপর সাদা ফুলের সাজ পরিয়াছেন, সাদা মুক্তার মালা প্রভৃতি অলস্কার ধারণ করিয়াছেন, যাহাতে তাহাকে কেহ দেখিতে না পায়।

মন্তব্য—বিভাপতির শুক্লাভিদারের একটা পদের (১০১ মিত্র-মজুমদার সংস্করণ) অন্তদরণে এটা লিখিত হইয়াছে।

260

কুন্দ কস্তুমে ভরি কবরিক ভার।
কদয়ে বিরাজিত মোতিম হার॥
চন্দন-চরচিত কচির কপুর।
অঙ্গহি অঙ্গ অনঙ্গ ভরিপুর॥
চান্দনি রজনি উজারলি গোরি।
হরি-অভিসার-রভস রসে ভোরি॥
ধবল বিভূষণ অঙ্গর বনই।
ধবলিম কৌ মূদি মিলি তম্ব চলই॥
হেরইতে পরিজন লোচন ভূলই।
রঙ্গপুতলি কিয়ে রস মহাপুরই॥
পুরতি মনোরথ গতি অনিবার।
গুরুকুল-কটক কি করিয়ে পার॥
স্বত্ত-শিশার কিরিতি সম ভাস।
মিললি নিকুঞ্জে কহ গোবিন্দাশ॥

সা. প (১)---১৭৭ যু ১, ক. বি ৭২ এবং ৭৯

ক্ষণদা২৬৮, সমূদ্র ১৩৬ কা২১০, তক্ত ৩০৫

ব্যাখ্যা-এটাও শুক্লাভিদারের পদ। জ্যোৎস্বারাত্তি তাই এরাধা শুল্ল কুন্দকুস্থমে থোঁপা ভরিয়া লইলেন. যাহাতে মাথার কালে। চুলও দাদা ফুলে আচ্ছন্ন হয়। বুকে পরিলেন মতির হার। চন্দন ও হৃদর কর্পূরে অঙ্গ লেপন করিলেন; তাহাতে মনে হইল যেন প্রতি অঙ্কেই অনক ভরপুর। চাঁদনি রাতে হরির অভিসারের আনন্দে মত্তা গৌরীকে উজ্জল দেখাইতে লাগিল। তাঁহার বস্তুও ধবল, অলকারও ভাল ; দেখিয়া মনে হয় যেন তাহার দেহ ভাল চন্দ্রকিরণের দঙ্গে মিশিয়া চলিতেছে। তাঁহাকে দেখিয়া নুমত্যের কথা দূরে থাকুক, তাহার পরিজনদেরও ধাঁধা লাগিল –একি রাংয়ের পুতুলকে পারদের মধ্যে ডুবাইয়। তোলা হইয়াছে! অনিবাগ্য তাঁহার গতি; তাঁহার অভিলাষ পূৰ্ণ ১ইল। ওক্জন্ত্ৰপ কণ্টক কি ভাহাকে বাধা দিতে পারে ৮ কোবিন্দদাস বলেন, রাধা সম্ভোগসজ্জায় খেত-কীণ্ডি-রাশির তুল্য কান্তি লইয়া নিকুঞ্ উপস্থিত इडेल्ब ।

643

স্থানি তুরিভিটি করহ প্রান।
সবছ তিরিথ ফল স্থানি-স্থাদল
ভাত্তক কুণ্ডে সিনান ।
বছন বচন কহল থব সে। সংথি
শুক্জনে অত্যতি মালি।
বছ উপহার স্থকপূর চন্দন
লেওল ভাত্তক লাগি॥
সবই সথি মেলি দেই হুলাইলি
চলভহি পদ্ধক মাঝ।
সোন-স্থানি করি পথচাতুরি
মিলায়ল নাগর-রাজ॥
রাইক বদন-চান্দ হেরি মাধ্য
পূরল সব অভিলাধ।

ছহঁ দরশনে ছহঁ আবিতি নব নব কহতহিঁ গোবিন্দাস ॥

3. 32 0 °S

শব্দার্থ — স্থামি-স্মঙ্গল—ভাত্তর কুণ্ডে স্থান করিলে স্থামীর মঙ্গল হইবে।

৩৮২

ধানশী

সবহ বধৃজন চলু বুৰুবন গৌরি আরাধন লাগি। ঐছন নুগধ বচন রচন করি ১ গুরুজন অন্তমতি মাগি॥ হরি হরি কাই। শীথলি পরকার। জগজন বঞ্চি মীছ বচনামুতে দিনহি চলল অভিসার॥ বেশ বনা ওতি ' নন্দী **ভ**নাওতি^৫ চতুরি স্থীসঞে বাত। আজু নু গৌরি আরাধি মনোরথ পুরব ঃ পশুপতি-নন্দন হাত॥ কপূরিত তাম্বল বাপিত কুত্বম ভরি লেই চন্দন কটোর। গোবিন্দদাস পত্ত দরশা ওব জাহা নাহি কণ্টক আচোর॥ मध्म २१२, उङ्ग १८८ मा. भ. (:)--- ३१४, न् २

পাঠান্তর—ক. বি. পুঁথিতে প্রথম ছই কলি নাই। উহাতে আরম্ভ 'হরি হরি কাঁহা শীখল পরকার।'
(১) এছন বচন ধরণ ধরে স্করি—সং :২) গুরুজন বাঁচি মিছই বচনামতে—তরু (৩) কয়ল—সং (৪) বনাওত—সং (৫) শুনাওত—তরু (৬) আজু গৌরি আরাধি মনমধ পূরব—পদরসাগর।

की ७२३, मः २३७

শব্দার্থ—হরি হরি কাঁহা শীখলি পরকার—সথী রাধাকে বলিভেছেন, হরি হরি, কোথায় এমন চাতৃরি করা শিখিলে? সব লোককে মিছা মিষ্টি কথায় বঞ্চনা করিয়া দিনের বেলাতেই অভিসারে চলিল। বেশ বনাওতি ইত্যাদি—বেশ করিতে করিতে ননদকে শুনাইয়া শুনাইয়া চতুরা স্থীকে বলিলেন, আব্দ্ধ আমি গৌরী আরাধনা করিয়া নিজের মনোরথ পূর্ণ করিব, পশুপতি-নন্দনের (এক অর্থে গণেশ, অন্ত অর্থে রুষ্ণ) হাতও ভরিয়া দিব।

969

তুড়ী

দিনমণি কিরণ-মলিন মুখ-মণ্ডল ঘামে তিলক বহি গেল। তপত পথ-বালুক কোমল চরণ আতপ-দহন সম ভেল। হেরইতে শ্রামর চন্দ। কোরে আগোরি গোরি মুখ মোছত বসন চুলায়ত খন্দ ॥ কপ্র তামূল অধরহি দেয়ল চন্দন লেপই অন্ন। পরশে নব নাগরি স্থামর-অঙ্গ-বাচুল প্রেমতর্প। কুঞ্ কুটির ঘর সেজ মনোহর মধুকর শ্রুতিধর ভাষে। গোরি ভাম হহু করত কুতৃহলি কহতহি গোবিন্দদাসে ॥

ক. বি. ৮০ অ ৭৯

শব্দার্থ-গ্রীমকালে দিবাভিদার। তিলক বহি গেল
-তিলক মৃছিয়া গেল। আতপ-দহন সম ভেল-বালুও
বেন রৌদ্রের মতন পুড়াইতে লাগিল। মধুকর শ্রুতিধর

ভাষে—ভ্রমর ও শ্রুতিধর (যে একবার শুনিয়াই আবৃত্তি করিতে পারে) শুকপক্ষীর গুঞ্জনকাকলীতে।

9r8

পবন পরশে চলিত মৃত্ পলব
ভনইতে বলববালা সচকিত নয়নে
সঘনে ধনি নিরথয়ে।
জানলু আওল কালা।
মাধব সমঝাই তুয়া চতুরাই।
তমালকর্মপী আপন তম্থ ঝাপদি
রহত মোহে ছাপাই॥
বিলম্ব হেরি ফেরি সব কানন
পুন অম্বানত চিতে।
তোরল পম্ব অন্ত নাহি পায়ই
না বৃঞ্জু নাগর-রীতে॥
ন্পুর-বলিত-কলিত বর মাধুরী
ভনইতে শ্রবণে উল্লাস।
আগুসরি রাই কাম্ব অবলোকই
গাবই গোবিন্দাশ।॥

র্বম্পুরা ১০

ব্যাখ্যা—মৃত্ব পবন-হিল্লোলে লতার পলব সঞ্চলিত হইলে এরাধা সচকিত হইলা ভাবিলেন এই বৃঝি তাহার দয়িত আদিলেন, তাই বারবার দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিলেন আর বলিতে লাগিলেন—তৃমি আদিলে আমি জানিলাম। মাধব তোমার চালাকি ব্ঝিলাম। তৃমি তমালের মত নিজের দেহ ঢাকিয়া আমার কাছ হইতে লুকাইয়া বহিয়াছ। কিন্তু অনেকক্ষণ হইয়া গেল তব্ও কানাই আয়প্রকাশ করিলেন না দেখিয়া সমস্ত কানন ঘুরিয়া ভাবিতে লাগিলেন—এত পথ ভাকিয়া আদিলাম, অধচ তাহার দেখা নাই; তার কেমন নাগরপানা ব্ঝিলাম না। এই রকম ভাবিতে ভাবিতে নৃপুরের মধুর ধানি কানে

যাইতেই খুদীতে তাঁহার মন ভরিয়া গেল। রাধা অগ্রসর হইয়া কানাইকে দেখিতে পাইলেন—ইহা গোবিন্দদাস গান করিতেছেন।

960

চল চল বুন্দাবনে শ্রাম দেখি গিয়া। সব তথ পাশরিব চাঁদ নথ চাঞা ॥ যব ধনি সাজই ভেটইতে খাম। জগত মোহিনী ধনি অতি অফপায় ॥ নীলমণি চুড়ি হাতে কনয়া কহণ। ৩ ফ অন্থরাগে ধনি করিলা গমন : कृष्ध नत्रभारत यात्र भथीत्रभारत । মন অতি উল্পিত প্রেমের তবঙ্গে। ললিত - হাতে হাত দিয়া বিনোদিনী। नवर्यावनी धनि क। छ-भनरभा विनी ॥ মীলবসম অঙ্গে ধনির কবে কলমল। নব অ**মু**রাগ ভবে করে টল্মল। বুন্দাবনে আসি রাই চারিপানে চায়। মাধবীতকর তলে দেখে সামরায়॥ দোহে দোহা দরশনে ভাবে বিভোর। তুহু ক নয়নে বহে চরকত লোর। আদরে আগুসরি রাই লেই শ্রাম। সথীগণ হেরই অতি অমুপাম॥ করে ধরি রাই লয়া বদাইলা বামে। নিজ পীত বাদে মুছে রাই মুগ-ঘামে॥ পন্থ কি ছুখ পুছত বর কান। আমন্দে নিমগ্ন কিছুই না জান॥ স্থামের বামে বৈঠল রসের মঞ্জরী। (गाविन्नमाम भारत हजनमाधुती ॥

পদাসূতমাধুরী ২৷২৬

৩৮৬

দশমলার

দৃতিক বচন শুনি ধনি অমুরাগিণী ভেটইতে নাগর কান। স্থিগণ সঙ্গে **চ**ननि वत्रविक्री ওক্জন কোই নাহি জান। চঞ্চল লোচনে বন্ধ নেহারনি অভন শোভন তায়। নবংহীবন ভৱে গতি অতি মন্থরে হ সগমনে চলি যায় ॥ যমুনাক তীরে তুরিত ধনি আয়লি यादा रेवर्राल वत्रनाद । অনিমিধ লোচনে তুহু তুহা ধরশনে (गाविन्हाम विन योह ॥

প্রিভববোডী মঙোলমের পুথি

শকার্থ—শেভন—স্কর। তুরিত—শীদ্র। বরনাহ —শেষ্ঠ দয়িত। বলি যাহ –বলিহারি দেয়।

9640

তথা রাগ

কাননে সবহু কুত্ম পরকাশ।
শারি শুক পিককুল-মধুরিম-ভাষ॥
মউর মউরিগণ ঘন দেই নাদ।
শুনইতে কাতর ' ভেল উনমাদ॥
দেখ দেখ নাগররাজ।
চললহি সঙ্কেত-কুঞ্জক মাঝ॥
কিশলয়-পুঞ্জহি সেজবর কেল।
তঁহি পর বৈঠি ' পুন তর্ধিত ভেল
পথ হেরি আকুল বিকল পরাণ।
অবহু না স্কর্ধির করল পয়ান॥

অস্তবে মদন কয়ল পরকাশ। চৌদিশে হেরই গোবিন্দাস॥

সম্প্র ৪৫৯, তক ১০৫১, কী ৩১৩

মন্তব্য—১০৫ সংখ্যক পদের সহিত এই পদের মনেকাংশে মিল আছে।

পাঠান্তর—(>) তাকর—সমূদ্র (২) তিল একু বৈঠি
—সমূদ্র ।

শব্দার্থ—কিশলয় পুঞ্চি সেজবরু কেল—নবীন পল্লব দিয়া স্থানর শব্দা রচনা করিল। তর্থিত ভেল—ভীত হইল (খ্রীরাধার কোন বিপদ্ঘটিল ভাবিয়া)

চলইতে চরণে নৃপুর তহি বেলিত
স্থাধুর মধুর রসাল।
হংসগমনে ধনি আওল বিনোদিনী
দখীগণ করি লেই সাথ॥
রসিক নাগর বর বিদগধ শেথর
তুরিতে মিলাল ধনিপাশ।
তুহুঁ দোঁহা দরশনে উলসিত লোচনে
নির্ধই গোবিন্দদাস॥

পণ্ডিত বাবাজী মহোদ্যেৰ পুথি।

মাধুবী ৩।৪৫১

নিকুঞ্জধাম

ساسات

ময়ুর

নবংঘীবনি ধনি চলু অভিনার।
নবনব বঙ্গিণি বসের পদার॥
নীলবদন রাধার শ্রীঅঙ্গে দাজে।
কনক কিছিণি ঘন ঘন বাজে॥
চরণেতে নৃপুর বাজ্যে রফুরুয়।
মদন বিবাদি হাতে ফুল্ধয়॥
বৃন্দাবনে ভেটল শ্রামের রায়।
নর নব কোকিল পঞ্চম গায়॥
ছহু মুখ হেরইতে ছুহু ভেল ভোর।
গোবিন্দাশের স্থের নাহি ওর॥

রোহনগর ভাদণ

949

বৃষভাস্থনন্দিনী নব অন্ত্রাগিণী
তুরিতে করত অভিসার।
সন্দিনী রন্ধিণী প্রেমতর্দিণী
মন্দির হোই বাহার।

৩৯০

বেহাগ

জয় জয় বিজ্ঞাই কুঞ্চে কুঞ্চরবর-গমনী। ভরল অঞ্ সঙ্গে বরজ-রমণী 🦠 অতি নির্মল গ্ৰাম মণ্ডল শরদ তথদ যামিনী। নীলবসন বতন ভূগণ ঝলকত ঘন দামিনী॥ ছমিকি ছমিকি ববাব পাথোয়াজ ঠাম ঠমকি চলনি। স্বললিত বীণ। তাৰা নাৰা গান করত সম্বনী যায় ভেন্ন তালমান धनि धनि नवस्योवनी। ক্তু ক্তু ক্তু বুকু হু হু হু বাজত নূপুর কিঙ্কিণী॥

অন্তপাম স্বধশোহিনী।

গোবিন্দদাদের স্থথের নাহি ওর

হেবি খ্রাম-মনমোহিনী।

ব্রাহ্ ৭'(গ)---৫১

মিলল স্থাম

ব্যাঙ্।

শকার্থ—বিজই—গমন করে। কুঞ্জরবর-গমনী— গজগামিনী। কুঞ্জরবর—হস্তিশ্রেষ্ঠ। শোহিনী—শোভিনী। গোবিন্দদাস কহ অপব্লপ ভাঁতি। চৌদিশে বেচুল কুম্বমক পাঁতি॥

> গীতচক্রোদয় ২৫০ তর ১৪৮৯

শব্দার্থ-পিকু নিকু-স্থলর কোকিল। (নিকু= নীক-স্থলর)। নিসান-নিঃম্বন, শব্দ। দাহুরী-ভেকী,

বনবিহারাদি লীলা

260

স্বহই

শুমই গহনবনে গৌরকিশোর।
গদাধর সঙ্গে আজি আনন্দে বিভার
হেরত তরু তরু মৃত্ মৃত্ ভাষ।
বনশোভা কহইতে মনহি উল্লাস॥
কত কত কৌতুক করয়ে ত্হ মেলি।
গৌর গদাধন কহত রসকেলি॥
কত কত উপজল ভাব-তরঙ্গ।
গোবিন্দান তহি দেশত রঙ্গা!

বৰ্তি ৭ (হা--১১১

りわさ

ব্দস্ত বাগ

তক্ষ তক্ষ নব নব কিশলর লাগি।

স্কুল্ম ভবে কত অবনত শাধী॥

তহি শুক শারীক পিকু নিকু বোল।

কুল নিকুল ভ্রমব কক্ষ বোল॥

অপরপ শারন্দাবন মাঝ।

সব ঋতু সঞ্চে বসত ঋতুরাজ॥

বিকসিত কুবলয় কমল কদম।

মাধবী মালতী মিলি তক্ষলম॥

কাহা কাহা দার্বী উন্মত গান॥

কাহা কাহা চাতক পিউ পিউ ফুর।

কাহা কাহা ভ্রমত নাচয়ে ময়ুর॥

ಅನಿಲ

বিজন বনে বনে? ভ্ৰমই ছ্ছ।
দোহার কান্দে শোভে দোহার বাছ॥
দোহার রূপে নয়ন ভূলে।
কনকলতিকা রাই ত্যালের কোলে॥
দীপস্মীপে যেন ইন্দ্রনীল্মনি।
জলনে জ্ঞায়ল যেন সৌদামিনী।॥
বদনে বদন মেলি মদন জাগে।
আলিঙ্গন দিয়া কানাই কত ধন মাগে॥
ক্ষিত কন্য যেন কুন্দন হেমং।
তুলনা দিবারে নাহি দোহাকার প্রেমং॥
চান্দ উপরে চান্দ পিয়ে বসন্থা।
গোবিন্দাস কহে না ভাঙ্গিল কুধা॥

কী ২১৬, তক ৬৪৯

পাঠান্তর—'তক'তে আরম্ভ—ভূলে ভূলে রে দোঁহার রূপে। তক—(১) বীজই বনে বনে (২) কষিতে কষিল নহে কুন্দন হেম (৩) দোঁহাকার প্রেমের পরে—বদনে বদন দিতে মদন জাগে। আলিঙ্গন দিয়া গ্রাম কিবা ধন মাগে॥
শক্ষাথ—রাইকে কনকলতিকা, প্রদীপ ও সৌদামিনীর সহিত, ঐকুফকে তমাল, ইক্রনীলমণি ও জলদের সহিত তুলনা করা হইয়াছে। কষিত কনয়—কষ্টপাথরে ক্যাবিশুদ্ধ স্থবণ। কুন্দন হেম—উজ্জ্লল স্থবণ। চান্দ উপরে চান্দ—চাঁদের উপরে চান্দ—একের বদনচক্রের উপর অপরের মুখচক্র।

গোবিনদাসের পদাবলী ও তাঁহার যুগ

9860

পঠ্যপ্রবী

কুন্থমে ভরল নব পদ্ধব দোল।
মধু পিবি মধুকর মধুকরী ভোর ॥
তাহে কুহু কোকিল পঞ্চম গায়।
দোঁহার আরতি মৃত্ চন্দন বায়॥
পুনমিক রাতি মোহন ঋতুরাজ।
বৈদগধি বিদগধ মীলল স্থ্যাজ॥
নাহ নীলমনি বরণ স্কঠান।
রাই কাঞ্চন ম্কুর দশবাণ॥
দোঁহে দোঁহা হেরইতে ভৈ গেল ভোর।
রাই ভেল শ্রাম শাম ভেল গোর॥
আলিঙ্গন করইতে উপজ্জল হাদ।
ও রদ বলিহারি গোবিন্দাশে॥

मः : १२

শব্দার্থ-দোল-ছ্লিভেছে। নাহ-নাথ। মুকুর--দর্পণ।

960

বসস্ত

শিশিরক অন্তরে আপ্রের বসস্থ।
ফুরল কুস্থম সব কানন-অন্ত॥
শ্রীকুলাবন পুলিনক রক।
ভোরল মধুকর কুস্থমক সক॥
নব নব পল্লবে শোভিত ভাল।
দারী শুক শিক গাওয়ে রদাল॥
ভহি সব বিদ্নি মেলি এক সক্তে।
ভেটল নাগরি নাগর রক্তে॥
বিহরই কাননে গুগল কিশোর।
নাচত গাওত রক্ষিনি জোর॥

বাজত গাওত কত কত তান। গোবিন্দদাস অবধি না জান॥

€₹ 382V

৩৯৬

তুড়ি

ছহু কর অচেতন দেখি বনদেবী।
চেতন করাওল সমীবণ সেবি॥
কহতহি শুন শুন যুগল কিশোর।
ঋতুরাজ যো কিছু কহলহি থোর॥
আজু দিনহি হুহু স্থিগণ মেলি।
সকল করহ মোহে করি রসকেলি॥
শুনইতে আনন্দ সব জন গেল।
দাস গোবিন্দাস সৃষ্ধহি লেল॥

म्मूम ५ ७१

শব্দ (র্ধ — সমীরণ সেবি— বাতাস করা রূপ সেবার

ভারা। মোহে— আমাকে। দাস গোবিন্দদাস সঙ্গতি
লেল— সব স্থীরা রসকেলির সময় আসন্ত জানিয়। প্রস্থান
করিলেন। কিন্তু মঞ্জীভাবাপন্ন গোবিন্দদাস দাস্ত
করিবার জ্বন্ত সঙ্গে চলিলেন।

৩৯৭

ধানশী

কেলি অবশেষে ওাবরনাহ।

দথি দঞে কেলি-কুণ্ডে অবগাহ॥

তাহাঁ বিরচল অপরূপ জল-কেলি।

দথিগণ দক্ষে নাগ্রি একু-মেলি॥

দৌরথে ষৈছে যুঝত দউ বীর।

তৈছন দিঞ্জিত তুহুঁক শ্রীর॥

গোবিন্দদাস পছ কুগুক বাহ। অবসরে রাই কর ফ্ল-অভিবাহ

51)) b

শব্দার্থ—দৌরথে—দ্বিরথগুদ্ধে। দউ—তুই।

92F

খ্রামল হুন্দর রূপ অমিয়া রদের কৃপ হেরি রাধা পড়ল বিভোর। নিজ চিত্ত কুতৃহলে সন্ধিত হইয়া বোলে সাধু প্রাণ রহি গেল মোর॥ শিখণ্ড শিখর রুফ রাধারূপে সতৃফ উলটি ফিরাইতে নারে আঁথি। भनुत भनुत और কিবা হই উপনীত সেই সে পিরিতি তার সাথি॥ হেনই সময়ে আদি জটিলা ককণভাষী বধ লইয়া চলিলেন সাথ। বাই ছলে ফিরি ফিরি শো মুখ নির্থই ভালহি দেয়ল হাত॥ দরশনে না পূরল কাম। যে। মুখ দুর্শনে নিমিখ ঘন নিক্ট তাহে কি সহয়ে ঘটি যাম॥ গুরুজনে ছল করি কর্মণি মালা ছি ড়ি বিচিন্ই অন্তর-ভিয়াদ। একদিঠি ওকজনে আর দিঠি খ্যামপানে কি কহব গোবিন্দাস।

৩৯৯

প্ৰামু ভ্যাধ্ৰী ১০০ ৪১

কালিয় গঞ্জন কান কুটাল হাস কালিন্দি কুল নিশি বাস। হ্রিচন্দনী ধনী কোনহি গাছসে কুস্থম কয়লি সব নাশ॥ স্পরি কাহে আয়লি বনমাহ।
চন্দনসৌরভে মঝু কর যুগবর প্রবেশব তুয়া হিয়া ছাহ।
নথর বিষ দংশি তুহে দগধব বিষজ্ঞালে হরবি গেঞান।
দশন দিবোড়শ ভূজগ ধরি দংশব মুরছি পড়বি মহিঠাম।
তুয়া সহচরি সব দূরহি ভাগব অহিগণ গরজন্ শুনি।
গোবিন্দাস কহে সামাল গড়ড়িরাজ সাজ কয়ল গরবিনি।

ক, বি. ২৯৮৪

800

কামোদ মলার

ভামু-নন্দিনি न्यं-न्यम् রতন মন্দির মাহ রে। কেলি কুণ্ডক তীৰ শেভিত কল্পতক্-জ্ম-ছাহ রে॥ নীপ তক্ষবর পলব কুল-ভরে পরশি রহু সব নীর রে। কমল-মাধুরি ফুল মালতি वर्हे यन मभीव (व ॥ সারি ভক পিক গ†য়ত অলিকুল সতত নাচত মোর রে। রাই কামু ছহু ছাত খেলত হার রাখত হোর রে॥ চৌদিগে বেঢ়ল সবহু স্থিগণ বদন ভূগণ-সাজ রে। উদিত স্বধাকর থেছে জলধরে শোভিত উদ্ধূগণ মাঝ রে। রাই যব ধরি জিতল নাগর পঞ্চদশ ডাকে দান রে। কতহু রতি-পতি উদিত ভৈ গেল হেরি আকুল কান রে।

চুম্ব করইতে শ্রাম চঞ্চল করহি বারত গোরি রে। বোধে লোচন কমল কাহ্-মন **ज्ञ क**शनि क्रांति त्त ॥ রাই জীতল হঠহিঁ মাধ্ব ধয়ল রাইক হার রে। রোখে ধনি পুন হার ধরইতে টুটল ছহ কর মাল রে॥ হুহু ক ভিন্নিম মদন কলহে হেরি সখিগণ হাস রে। পুনহি থেলহ মাল ধরি কহ গাওত গোবিন্দদাস রে॥

Z 223

শকার্থ—কল্পত্র-জ্ম-ছাহ—কল্পত্রর ছায়ায়। হাত খেলত—পাশা খেলে।

বাসক-সজ্জা

805

অপরপ রমণী অভিলাষ।
সংগত কাননে শেক বিছাআই
কান্ত মিলন প্রতিআশ ॥
মৃগমদেচন্দন গন্ধ অন্তলেপন
বিক্ষিত চম্পক দাম।
খপুর কপ্র সম্পূট ভার রাথই
পূরব মনমথ কাম ॥
মঙ্গল কল্স পাশে ধরি রাথল
রাথল রক্তা রস্তা ঠামে ঠাম
রতন পদীপ নীপত্লে ভারল
চামর বীক্ষ অন্তপাম ॥

কনক দরপন-রতন পরিভাজন।
নিরমঞ্জন অভিলাগ।
সম্বাদ পাই মিলল বর নাগরী
কহলহিঁ গোবিন্দাস॥

রসমঞ্জরী ১৫

শব্দার্থ—কার মিলন প্রতিআশ—কারর সহিত মিলনের প্রত্যাশায়। থপুর—স্থপারি। সম্পূট—ডিবা। ঠামে ঠাম—স্থানে স্থানে। জারল—জালিয়া রাখিল। চামর বীজ অকুপাম—অতুলনীয় চামররূপ বীজন (পাখা)।

802

ধানশী

কনক মৃকুরে আপন মৃথ হেরি।
সহচরি আগে কংই বেরি বেরি॥
রিকায়র নাগর করি অফমান।
বিলস্ব কুজে আজু কুস্থা-শ্যান॥
উচ কুচ ফেরই নয়ন ফ্রন্থ।
উব পর লেপব চলনপদ্ধ॥
আয়র কন্ত পূর্ব অভিলাম।
পুন পুন নিবেদ্যে গোবিক্দাস॥

83 kg \

শকার্থ—কনক মুকুরে—দোনার দর্ণণে। থিঝায়ব— হুট হুটবে। উর পর—দুকের উপর।

800

ধানশী

সাজল কুন্থম সেজ পুন সাজই
জারই জারল বাতি।
বাসিত খপুরে কপুরে পুন বাদই
ভৈগেল মদন-ভরাতি॥

আজু রাই ' সাজলি বাসক-দেজ। মনমথ লাখ মনোরথে ধায়ল অঙ্গে অনুস নাহি তেজ[°]। ঘন ঘন অভরণ অঙ্গে চডায়ই থেনে থেনে তেজই তাই[°]। চমকি খেনে উঠিয়ি সচকিত নয়নে^৫ হেরই নিজ-তন্ত-ছাই ।। সম্ভাষ্ট সহচ্রি কাত্র বচনে কাহে বিলম্বায়ত কান। ' (গাবिनामाम क-হই অব শূনিয়ে সক্ষেত্ত-মূরলি নিসান॥

মা. প. (১) – ১৮৮ ক. বি ১০০ - ত্রু ২৫৭, স্তেড্য, জ্বল্ডিন্স গোর্জন পুরি ২৯, রু ২৬ - সমূল ১৫১

পঠি ভির---(১) বনা--- কণদা (২) মনোরথ ধাবই--কণদা ও ভক (৩) অঙ্গে অজে নাহি ভেজ- কণদা (৪) ছার--ক্ষ(৫) বিলোকনে--ভক (৬) ঘন-ভক (৭) ছার--ক্ষ।

ব্যাখ্যা-- প্রতীক্ষার অধীপতায় শ্রীবাধা স্থসজ্জিত
কুম্বন্ধ্যা। পুনরাম সাজাইতে লাগিলেন , জালানো বাতি
আবাব জালিতে লাগিলেন । ম্বাণিত স্পারি আবার
কপুর দ্বারা স্থগদ্ধ করিলেন । তাংগর মদনবেগ জনিত
ভ্রাম্ভি (ভর্নাতি) ইইতে লাগিল । আজ রাধা বাসকসজ্জার জন্ত সাজিলেন । লক্ষ্ণ লক্ষ্ণ মন্মথ মনোরথে
প্রধানিত ইইল ; তথাপি অন্ধ্য কান অঙ্গ ছাড়িল না ।
বারবার অলক্ষার পনিতেছেন, আবার ক্ষণে ক্ষণে উহা
ত্যাগ করিতেছেন । নিজের দেংক ছায়া দেথিয়াও
সচকিত ইইতেছেন । কাতরভাবে স্থীকে জিজাসা
করিতেছেন, কানাই দেরি করিতেছেন কেন ? গোবিনদাস
আখাস দিয়া বলিতেছেন যে, শোন ম্রলীর ধ্বনির দারা
তিনি সক্ষেত করিতেছেন ।

808

ধানশী

বাসিত বারি ক-পুরিত তাম্বল কুম্বমিত মদন-শয়ান। উদ্বোর দীপ স-মীপহি জারহ বিরচহ চাক বিতান ॥ স্থি হে কহই না যায়ে আনন্দ। ঋতু-পতি-রাতি অবহুনৰ নাগ্র মিলবহু ভামর চন ॥ কুম্বমিত মৌলির-শালক পরিমলে ভ্রমর ভ্রমরি রহু ভোর। সদন-মদালদে-দগরিহ যামিনি স্থা বঞ্চ হরি-কোর॥ মাগি নিব এক বরং বিহিপায়ে লাগি চেতন বহু মঝু দেহ। কংই হরি-পরশহি গোবিন্দ্ৰাস সো পুন হোত সন্দেহ_া

না. প (১)-- ১৮৯ কণ্টা ২০৮, সমুদ ১৫০ ক. বি. ১৮০ তুক ৩০৮ ব ২৬, গো ১০

পাঠান্তর—(১) মদন-মনোর্থে— ক্ষ ও তরু (২) এহি একু বর—ক্ষ।

শব্দার্থ—বাসিত—স্বাসিত। কর্প্রিভ তাম্ব্ল—কপূর দেওয়া পান। কুত্থতি মদন-শ্যান—মদনোৎসবের জন্ত রচিত পুন্পের দারা আকীর্ণ শ্যা। বিরচহ চারু বিতান— ক্ষুলর চন্দ্রাতপ (চাদোয়া) টাঙ্গাইয়া দাও। সবি হে কহই না যায়ে আনন্দ—শ্রীরাধার মনে কত আনন্দ যে আজ তাঁহার দয়তের সহিত পরিপূর্ণ মিলন ঘটিবে। এত আনন্দ নৈয়াজে পরিণত হইবে ইহাই বাসক্ষজ্জার মন্দান্তিক তৃঃপ (tragedy)। সগরিহ যামিনী—সারারাত। বিহিপায়েলাগি ইত্যাদি—আমার শুরু ভয় হইতেছে প্রিয়তমের দেখা পাওয়া মাত্র আমি আনন্দে জ্ঞান না হারাই; তাই আমি বিধাতার নিকট এই বর প্রার্থনা করিব যে, আমার দেহে সে সময়ে যেন চেতনা থাকে।

किं (गांविन्न नारमत मत्न এ मश्रक्क रचात्र मत्नर आहि। হরির স্পর্শ লাভ করিলে আর শ্রীরাধার পক্ষে চেতনা রক্ষা করা সম্ভব হইবে কি ?

800

তথা রাগ

কুলিশ-পাত শত ভূকগে ভরল পথ আর কত বিঘিনি বিধার। কুলবতি-গৌরব বাম চরণে ঠেলি কুঞ্চে কয়নু অভিসার॥ সজনি কী কল পাপ পরাণ। ষামিনি আধ অধিক বহি যাওত অবহু না মীলল কান। তত : ভেল অনুরুধ যতয়ে মনোর্থ কাম-পিরিতি অভিলাষে। না জানিয়ে কোন কলাবতি বান্ধল ভাঙ-ভুক্তবিনি-পাণে ॥ কুঞে বিপারল দারুণ ফুলশর মন্দিরে গুরুজন-গারি। কহয়ে তুহু সংশয় গোবিনদাস নিরদব রশিক মুরারি।

क. वि ३६० TA 385, A 350 পাঠান্তর -রসমঞ্জীতে আরম্ব-হরি হরি কী ভেল

वनमञ्जरी ३४, सम्ब ३४३

মা. প. (১)—১৯৮

পাপ পরাণ। যামিনী আধ অধিক বহি যাওত। ভুক্তে ভরল পথ ইত্যাদি। (১) স্ব—তরু।

ব্যাখ্যা—ব্যাকালে স্কেত্যানে শ্রীবাধা প্রতীকা ক্রিয়া রহিয়াছেন। তিনি মনে মনে ভাবিতেছেন-হায়। আৰু এই ঘোরতর বর্ষার রাত্রিতে কত শত বজ্রপাত হইতেছে, পথে কত সাপ, আরও কত রকমের বিপদ মাধায় করিয়া আমি কুঞ্জে অভিদার করিলাম; কিন্তু ভিনি কোথায় ? সপি! আর পাপ পরাণ রাধিয়া কি ফল? বাত্রিব অধিক অংশ কাটিয়া গেল, এখনও তো

কান্থ আদিলেন না। মনের আমার যত কিছু বাদনা ছিল, সব বৃথা হইল! আমার মনে ছুইটা সংশয় জাগিতেছে। হয়তো কোন কলাবতী কামিনী তাহার ভ্রন্ত্রপ ভূঞ্জিনী-পাশে কাহকে বাঁধিয়া তাহার উপর দারুণ ফুলশর মারিল; অথবা ঘরে গুরুজনের গালির ভয়ে তিনি আসিতে পারিলেন না। গোবিন্দদাস বলেন-না, না, শীঘ্রই রসিক মুরারি আসিয়া তোমার তুই সংশয়ই যে ভ্রাস্ত তাহা প্রমাণ করিবেন।

803

গান্ধার

সজনী করহ পয়ান। পম্মিলব তুয়া কান ॥ অন্তকুল হোয়ে বিধাতা। ত্বহি জিয়ব ধনি রাধা। সেজ সফল তুত জান। যেহি খনে করব শয়ান। যৌবন মন অভিলাষ। পুরুব স্তরত-বিলাস 🖟 আনন্দ-লোৱে ভরু আঁথি। পুলকে পুরব তমু সাথি॥ গোবিনদাস অমতাপে। ধনি জনি করয়ে বিলাপে॥

ভা ৮৩, রসমঞ্জী ১১

ব্যাখ্য | সুষ্ঠি, আর যে ধৈয় গরিয় প্রকিতে পারিতেছি না। তুমি যাও, দেখিয়া আইদ কান্তর কি হইয়াছে। হয়তে। তোমাকে স্বটা পথ যাইতেও হইবে না। পথেই কান্তর সঙ্গে তোমার দেখা হইবে। বিধাতা বেন অষ্ঠুকল হন! সত্য সতাই কাজু বেন আমার কুঞ্জের অভিমুখে আদিতে থাকেন। ভাহ। হইলেই রাধা বাঁচিবে। কানাই আসিয়া যথন আমার শ্যায় শয়ন করিবেন তথনই আমার শ্যা রচনা করা সফল হইবে—বৌবনের মনোভিলায স্থ্রত-বিলাদের বারা পূর্ণ হইবে। আনন্দ- ' জলে আঁথি ভরিয়া যাইবে। দেহের পুলক মনের আনন্দের

শাক্ষী হইবে। গোবিন্দাসের মনে অন্তাপ হইতেছে, হায়
হায়! শ্রীকৃষ্ণ যদি না আসেন তাহা হইলে স্থলরী যে
বিলাপ করিতে থাকিবে। তাহাকে যেন বিলাপ করিতে
না হয়।

809

গুর্জিগ্রী

ঘন ঘন নীপ স্মীপৃহি ভূনিয়ে শক্ষেত-মুরলী-নিসান। র্থি রহি বাম পয়োধর ফুরই ১ তেই বুঝি মিলব কান। দেশ স্থি ! পাপ চতুর্থীকো চাঁদ। হরি-অভিসার এহি বিলম্বায়ত পাতি কিরণময় ফাঁদ॥ মনহি মনোবথ চচল মনোভব° ধৈরজ ধরন না যাত। মণিময় হার ভার জন্ম লাগয়ে অভরণ দুর করু গাত। ধরণী-শয়নে একু মোহে শোহা ওত কুপ্ম-শয়নে জীউ কাপ। গোবিন্দাস কহ গহন-(প্রম-গহ দহনে দেওয়াওই ঝাপ।

সা. প. (১) ১৯১, ক. বি. ৭৭ শণদা ১৯১৯, সমূল ১৫১ এবং ১৪০, সু ২৭, গো ৩০

পাঠান্তর—সম্দ্র (১) পদই (২) মনমথ।

শব্দার্থ—নিসান—শব্দ। শোহাওত—শোভা পায়।
ব্যাখ্যা—প্রতীক্ষায় অধীর হইয়া শ্রীরাধা বলিতেছেন,
এই তো বার বার শুনিতে পাইতেছি কদম্পাছের কাছে
মূরলী সঙ্কেওধনি করিয়া বাজিতেছে। (সভ্যই কি
বাজিতেছে? না, তাঁহার মনে হইতেছে মাত্র?)। থাকিয়া
থাকিয়া আমার বাম কুচ স্পন্দিত হইতেছে। এতো
শুভ স্চনা। তাহা হইলে বুঝি কায় আসিবেন। সথি, ঐ

দেশ, চতুর্থীর চাঁদ আকাশ আলো করিয়া রাথিয়াছে।
এই বৃঝি নিজের কিরণজাল বিস্তার করিয়া হরির
আগমনে বিলম্ব ঘটাইতেছে (চাঁদের আলোতে আদিলে
পাছে লোকে তাহাকে দেথিয়া ফেলে)। মনই ধাহার রথ
সেই কাম আমার মনে চডিয়া বদিয়াছে; আর ধৈর্যা
ধরিয়া থাকিতে পারিতেছি না। মণিহারও এখন ভার
বলিয়া মনে হইতেছে; গা হইতে দব অলকার দ্ব করিয়া
ফেল। এখন ভূমিশ্যাই আমার শোভা পার; কুসুমশ্যার
প্রাণ কাঁপিতেছে। গোবিন্দাদ বলেন, গভীর প্রেমরূপ
গ্রহ তোমাকে আগুনে কাঁপ দেওয়াইবে দেখিতেছি।

806

কামোদ

বেশ বনি আয়লুঁ কান্তক সন্দেশে সংগ্ৰত-কেলি-নিকুঞ্জ। ভবি তফ জারই: মাধবি-পরিমলে ফুকরই মধুকর-পুঞ্চ॥ ভান সহচরি অবহুঁনা মিলল কান[ু]। পিরিতি অন্তরোধই: নীলজ চীত তে নাহি যাত পরাণ॥ কান্তক বচন-অমিয়া-রস-সেচনে বেচলুঁ তমু মন জাতি। নিজ-কুল-দৃষণ ভূষণ করি মানলু তেঞি ভেল^ও ঐছন শাতি॥ হিমকর-কিরণে গমন অবরোধল की कन ठलवर्ष (शरु)। যাই সাত জানউ গোবিন্দাস কহ ক। মুকি তেজল না নেহ'।

সা. প. (১)—১৯৪ কণাল ৮/১১, সমূদ ১৬০ তুক ৩৬১, স ৩৬৪

পাঠান্তর—(১) জারল—ক (২) শুন সন্ধনি আজু না মিলাব দারুণ কান—ক ; সন্ধনি না মিলল দারুণ কান— তরু (৩) নিলান্ধ চিত পিরীতি অমুরোধত—ক (৪) ডে ভেল—ক্ষ (৫) অমুরোধল—তক্ব (৬) মন্দির চলত সন্দেহ—ক্ষ (৭) গোবিন্দদাস কহই শুন ফুন্দরি, কামুকো এছন লেহ—ক্ষ

শব্দার্থ-কামুক সন্দেশে ইত্যাদি-কানাই থবর পাঠাইয়াছিলেন বলিয়া বেশ করিয়া সঙ্কেতস্থান যে কেলি-নিকুঞ্জে দেখানে আদিলাম। কিন্তু কানাই না আদায় মধুকরসমূহের গুঞ্চন ও মাধবীর স্থপদ্ধে একটুও আনন্দ পাইতেছি না; দেহ যেন জ্লিয়া যাইতেছে। স্থি! কানাই বড় ভীষণ লোক, তিনি কথা দিয়া কথা রাখিলেন না; এখনও আসিয়া মিলিত হইলেন না। আমার নিল্লুজ্ হদয় এমন লোকের প্রেমের প্রত্যাশা করে। সেই আশাতেই প্রাণ এখনও বাহির হইতেছে না। কাহর ব্যবহার তো এই, কিন্তু কথা ভারি মিষ্ট। সেই অমিয়া-মাধানো কথায় ভূলিয়া আমার ভন্ন মন জাতি সব কিছু তাহার পায়ে বিকাইয়া দিলাম। নিজের কুলের কলঙকে আমার অকের ভূষণ করিলাম। তাই এখন এইরূপ শান্তি পাইতেছি। বোধ হয় চাঁদের কিরণ উজ্জ্ব থাকায় কানাই আসিতে পারিতেছেন না। কে জানে কি হইল তার ? যাক, আর অপেকা করিয়া কি হইবে ? আমি বাড়ী कितिया याहे। लाजिनमान जनिट्ट्ह्न-ना, ना, कितिया ষাইও না; দূতী পাঠাইয়া সতা জানিয়া লও কাল প্রেম ত্যাগ করিল ন। কি ? (হিমকরকিরণেন ভস্তাগমনং ক্ষম অত্রাবস্থানস্থা কিং ফলং গৃহং পচ্ছাম ইতার্থেন ষ্তাপি বিপ্ৰলকাবস্থাং সূচয়তি তথাপি পুনদৃতীপ্ৰেষণ-কথনেন তদবস্থা [উৎকণ্ঠাবস্থা] স্পত্তীকু তা-বাধামোহন। मृতीপাঠানোতে বুঝা যাইতেছে যে, এই পদ বিপ্রলন। অবস্থার নহে; উৎকণ্ঠিতা অবস্থার)।

800

ভথা বাগ

কতহ' প্রেমধন হিয় মাহা সাঁচি। পরিজন '-নয়ন-পহরি কত বাঁচি। হাম বহু সংক্ষতে অনত বহু কান।
একলি কুঞ্জে কুহুম-শর হান॥
এ সথি হৃদয়ে জ্লত মঝু আগি।
কঠিন পরাণ বহুত কথি লাগি॥
যাকর লাগি মনহি মন গোই।
গঢ়ল মনোরথ না চঢ়ল সোই॥
কুলবতি-চরিত পিরিতি লাগি থোই।
হাহা হরি করি কাননে রোই॥
পম্ব নেহারি নয়ন লয় লাগি।
টুটত রজনি বাঢ়ত অভুরাগিও॥
অবহু না মীলল শ্রামর-কাতি।
গোবিন্দাস-পহুঁ দীগ-ভরাতি॥

제. প. (ɔ)-:> ɔ

मभूत ३६१, उन ०७२

পাঠান্তর—(১) তুরজন—তক (২) অহুরাগি—সমুদ্র। अकार्थ—माठि—मक्ष्य कविया। वं।िठ—वक्ष्मा कविया। অনত-অন্তর। আগি-আগুন। খোই-খোগাইলাম। ব্যাখ্যা-জনমের মধ্যে কত প্রেমধন দঞ্চিত করিয়া, পরিজনদের নয়নরূপ পাহারাকে বঞ্চনা করিয়া আমি দক্ষেত-স্থানে আদিলাম; কিন্তু কানাই রহিলেন অন্তত্ত্র। আমাকে একলা পাইয়া কুল্তম-শর যে মদন দে আমাকে পীড়ন করিতেছে। দথি! আমার অন্তরের মধ্যে আওন জলিতেছে। এ কঠিন প্রাণ আছে কি জ্লু ? যাহার জ্ঞত মনে মনে গোপনে মনোর্থ অর্থাং অভিলায় তৈয়ারী করিলাম, দে তাহাতে চড়িল না। কুলবতীর যে সচ্চরিত্রতা তাহা আমি পিরিতের জন্ম পোয়াইলাম। এখন হায় হরি! হায় হরি! করিয়া বনে বনে কাঁদিয়া বেড়াইতেছি। পথের দিকে চাহিয়া চাহিয়া আমার চকু লয় পাইতেছে। বাত্রি প্রায় শেষ হইয়া গেল। আমার অন্তরাগ অথবা অন্তরাগ-জনিত উৎকণ্ঠা বাড়িতেছে। এখন পর্যান্ত ভাম আদিলেন না। গোবিন্দদাদের প্রভূব দিগভ্রম হইল না ভো? তিনি আঁধারে পথ ভূলিয়া গেলেন না তো?

850

স্বহই

মধু-ঋতু রজনি উজোরল হিমকর

মলম-সমীরণ মন্দ।
কান্ত-আশোয়াদে চপল মনোভবে

মনহি বিথারল ধন্দ॥

সজনি পুন জনি সম্বাদহ কান।
কালিনি-কুলে অবত্ বিরহানলে

তেজব দুগধ প্রাণ॥

কিশলয়-দহন- শেজ অব দাজহ আহুতি চন্দন-পদা।

ছিজ-কুল-নাদ- মল্লে তক্ত জারব হুরে যাউ প্রেম-কলকা॥ চীত-বহুন ময়া কাল পাশে বুল

অবভ না মীলল ধোট।
পোবিন্দলাস কহট ধনি বিরম্ভ
আংশহি মণলব দোট।

সা.প. (১)- ১৯৫ - প্রপ্র ১৯(১ , ক্স ১১৬ ক.বি ১৪০ - সং ৩৬৪

পাঠান্তর—ক. বি. পুথি ও সংকীতনামূতে আরম্ভ —ঋতুপতিরতি রক্ষনী উজোবল।

ব্যাখ্যা—বসন্তকালেব রাত্রি, উচ্ছল চন্দ্রনোক,
মুদ্দমন্দ মলয় স্থান বহিতেছে। একে বাহিবে এত সব
উদ্দীপনার সামগ্রী; ভাহার উপব আবার কারুর আধাদবাণীতে চঞ্চল মদন মনে মনে গাঁধার হাই করিল। মনে
হইল সভাই সে আমিবে)। স্থিণ আব যেন কারুকে
থবর পাঠাইও না। আমাব প্রাণ ভো দ্র হইয়াছেই,
যেটুকু অবশিপ্ত আছে ভাহাও য্নুনার ভারে বিবহের
আগুনে পোড়াইয়া ফেলিব। কিশলয়-শ্যারপ আগুনের
চিতা সাজাও (কিশলয়-শ্যায় শুইয়া শ্রীঘতীর মনে হয়
যেন চিতাগ্রিতে শুইয়াছি); ভাহাতে চন্দনপ্ত আভতি
দাও; আর বিজকুল অর্থাৎ পক্ষাদের শ্রুমন্তে অর্থাৎ
নিনাদের মধ্যে (ত্রাহ্মণদের বেদমন্তের ধ্বনির মধ্যে—এই

ধ্বনি) আমি দেহ পোড়াইয়া ফেলিব। তাহা হইলে আমার প্রেমের কলঙ্ক বিদ্রিত হইবে। আমার চিত্তরূপ রত্ন কাহর কাছে গচ্ছিত রাথিয়া যাইব, কিন্তু এখনও যে সে আদিল না। গোবিন্দদাস বলেন, অমন দারুণ কর্ম হইতে বিরত হও। তিনি নিজেই আসিবেন।

822

ভূপালী

দেশ সধি অটমীক রাতি।
আগ রজনী বহি যাতি।
দশ দিশ অকণিম ভেল
অব হরি না মিলল রে।
বিহি মোরে বঞ্চল রে।
কাহে বনায়লু বেশ।
বিঘটন কাছকো সন্দেশ।
ধনী জনি হয়ে কুলনাবী।
কৈছনে ধরব পরাণ।
বো এত সহে ফুল-বাণ।
বোবিন্দাস যব্ জান।
অবতি মিলাওব কান।

সা. প. (১) -> ⇒ -ক. বি. ১৪ > রসমঞ্বী ১৭ কাণ্দা ৮/১০, সমুস ১৫৭

ব্যাখ্যা— রুষণ অষ্টমীর রাত্রিতে শ্রীরাধা শ্রীরুষ্ণের জন্ম সংক্ষত কুঞ্চে প্রতীক্ষা করিতেছিলেন। তিনি স্বধীকে বলিলেন — রাত্রির প্রথম অর্দ্ধে অন্ধকার ছিল— অভিসারের স্থোগ-স্থাধা ছিল, কিন্তু অর্দ্ধরাত্রির পর চন্দ্র উদিত হইল; দশদিক্ আলোকিত ইইল। এখনও হরি আসিলেন না। তাইার কি দোষ ? বিধাতাই আমাকে বঞ্চিত করিলেন, কেননা আমার ভাগ্য খারাপ। আমি কেন সাজসজ্ঞা করিয়াছিলাম ?

কামুর সঙ্কেত এই অঘটন ঘটাইল। আমি কাহাকেও

গালি দিব না; কুলনারী হইয়া কেহ যেন ধনী (এখানে পরের প্রতি অফুরাগিণী) না হয়। এত ফুলবাণের আঘাত সন্থ করিয়া কেমন করিয়া প্রাণ ধরিব ? গোবিন্দদাস যখন জানিতে পারিয়াছেন, তখন নিশ্চয়ই তোমার সঙ্গে কাফুর মিলন ঘটাইয়া দিবেন।

875

কামোদ

রমণি-সমাজে তুহারি গুণ ঘোষই তুহ ধনি মোহিনি বালা। মোহন করলি যে জগজন-মোহন সাজলি যৌবন-ডালা। সজনি অপরপ বাসর-পদার। বাসর-গেহ আজু লেহ বঢ়ায়ই পৃজ্ববি নন্দ-কুমার। ঘন পুন জঘন আসন নির্মাত্রল হিয় মাহ সেজ বিছাই। সরসহি চন্দনে কম্ল যে সঙ্গুল নাগর খ্রাম অবগাই ॥ পরিমলে লুবধ ভ্ৰমর জনি ধাওত ঐছন আকুল কান।

टा ४२

অবহি মাতায়বি

শব্দার্থ—জগন্ধন মোহন, মোহন করলি যে ইত্যাদি— শ্রীকৃষ্ণ জগতকে মোহিত করেন, তাঁহাকে শ্রীরাধা মোহিত করিয়াছেন।

গোবিন্দাস ভাবে জান ॥

অধরক মধুপানে

85.0

কেদার

কুঞ্জে কুন্তম হেরি পশ্ব নেহারই সহচরি মেলি আনন্দে। নিশি-দিশি রতন- প্রাদিপ কড জারত
ঝলমল করতহি ছলে॥
ফুন্দরি শেজ বিছায়লি রক্তে।
আয়ব মদন- বিনদ রস-গাহক
বিলসব বিনদিনি সঙ্গে॥
মৃগমদ চন্দন তহু পরিলেপব
গন্ধ মহোৎসব কুঞ্জে।
কোকিল ভ্রমর মনোহর গাওই
মূরছিত রতি-পতি-পুঞ্জে॥
কাতর-নয়নে সন্তাধই সহচরি

কাহে বিলমায়ত কান।

গোবিন্দদাস কহই অব না ভনিয়ে সঙ্কেত-মুরলি নিধান॥

⊠ ৮8

শকার্থ—প্রদিপ কত জারত ইত্যাদি—কত প্রদীপ জালিল। মদন-বিনদ রদ-গাহক—মদনকে থিনি মোহিত করিয়াছেন, দেই মদনমোহন তোমার রদের গ্রাহক হইয়া আদিবেন। মুরছিত রতি-পতি-পুঞ্জে—কোকিল, ভ্রমর প্রভৃতির ঝঙ্কার এত স্থানর যে, কেবল একজন নহে, কিন্তু দলে দলে মদন মৃচ্ছিত হইয়া পড়ে। কাহে বিলমায়ত কান—কাম্ন কেন বিলম্ব করিতেছে।

828

ধানশী

পরিজন-সকল মন্দির তেজি গেলছি
চান্দ-গহন দিন লাগি।
একলি মন্দিরে রহ বর-নাগরি
নিন্দ-ভরে যামিনি জাগি॥
বিদগধ মাধব রসিক হজান।
বাইক পিরিতি বিনতি নাহি জানসি
অবিলম্বে করহ প্যাণ॥

শব্দার্থ—চান্দ-গহন দিন লাগি—চন্দ্রগ্রহণের দিন বলিয়া বাড়ীর সকলেই বাহিরে গিয়াছেন। রাইক পিরিতি বিনতি নাহি জানসি—সথী মাধবকে যাইয়া বলিতেছেন যে, রাইয়ের ব্রাজ প তাহার মিনতি বা প্রার্থনা কি তৃমি জান না ?

অ ৮৬, রদমঞ্জী ১৪

8১৫ লি গান্ধার

ঋতুপতি রাতি উজোরল চন্দ।
মলয়-সমীরণ কুস্থম স্থগন্ধ॥
যামিনি আধ অধিক বহি গেল।
যতওঁ মনোরথ অনরথ ভেল॥
এ সথি হরি সঞ্জে কি কর্ম দন্দ।
আপন মনহি মনোত্ব মন্দ॥
সোমুথ হেরইতে না রহে মান।
তাকর বশ ভেল কঠিন প্রান॥
যাকর বচনে নাহিক বিশোয়াদ।
ভাহে কি সম্বাদ্ব গোবিন্দাদ॥

क. वि. ११ এवः ১৪১

ত্রু ৩১৪

শব্দার্থ— যতন্থ মনোরথ অনরথ তেল— আমার মনের সমস্ত বাদনা বিফল হইল। মনোভব মন্দ ইত্যাদি— ছষ্ট মন্মথ মনকে বিবশ করিয়াছে; তাই হরির মুথ দেখিলে আর মান করা সম্ভব হয় না। জীমন্তাগবতে গোপীগীতে

(১০।৩০।৬) শ্রীকৃষ্ণের স্মিতহাস্থাকে "মানিনীনামিতো দর্পহরস্মিতঃ" বলা হইয়াছে। যাকর বচনে নাহিক বিশোয়াস ইত্যাদি—গোবিন্দদাস দৃতী হইয়া শ্রীকৃষ্ণের সংবাদ আনিয়া দিতে পারেন বটে, কিন্তু যাহার কথায় বিখাস করা যায় না, তাহার থবর লইয়া কি দরকার ?

856

কেদার

দীপক জারল > উজোর শশধর অলি-কুল ঘাঘর রোল। হনইতে হরিণী নয়নে দরশা ওই ওহি ওহি পিক-বোল॥ ভন মাধব মনম্প ফিব্রত অহেরা। একলি নিকুঞ্জেধনী ফুল-শরে জর জর পম্ব নেহারই তেরা॥ তুহু অতি মহর চলবি ছুরস্তর মধু-যামিনী অতি ছোটী। ও ঘর বাহির করত নিরস্তর নিমিথ মানয়ে যুগ-কোটি॥ গলে लाहे रेवर्ठनि আশা-পাশ প্রেম-কলপতরু-ছায়। না জানি কি धवन भवन-कन পারই গোবিন্দদাস রস গায়॥

সা প. (১)—২•২ ক্লণদা ১৯৷১৩, সমূজ ১৫২ ক. বি. ১৪১

পাঠান্তর—(১) দীপ পন্ধারল—সম্ভ (পন্ধারল— প্রজালিত:—রাধামোহন)।

ব্যাখ্যা—হনইতে হরিণী নয়নে—হরিণীর নয়নের মতন
যাহার চক্ষ্ এমন নায়িকাকে মারিবার জন্ম নায়ক চোথের
দেখা ।দয়াছিল আর এখন কোকিলেরা ওহি ওহি শব্দ
করিতেছে। মনমথ ফিরত অহেরা—অদৃশুভাবে মন্ধ্রথ
চলাফিরা করিতেছে। তুই অতি মন্ধর ইত্যাদি—ভূমি বড়

আন্তে চল ; অনেক দ্র যাইতে হইবে : অথচ বসস্তকালের রাত্রি থুব ছোট।

P < 8

স্থহই

কণ্টকো কন্দ গে। যত্নক্ৰ হামারি গুপত রতিকান্ত। অবইতে যামিনী কো গ্ৰুগামিনী আগে আগোরল পয়। मझि । कारह वनायन (वन। কুমুমকো শেজ সাজি নিশি জাগরি অৰুণ উদয় অবংশয বেয়াধি সমাধ্ব কত কত মর্ম ধরণী-শয়ন করি দেব।। ঐছে না ছোড়ত চ্চল মনোরথ নিককণ মনম্থ-দেবা॥ রহত কি যাওত ফুল-শরে জীব পড়ি বহু প্রেমকো পকা। কাহকে। পিরীতি নহ গোবিন্দদাস কহ কেবল যুবতী-কলহা।

ু সা. প. (১)—-১৯৯ জনদা ২০৷১৽, সং ৩৭০ ক. বি. ১৪৩

ব্যাখ্যা—কপটকো কল—কপটের মূল। গুপত রতিকাস্ত—গুপ্ত প্রেমিক। অবইতে যামিনী—রাত্রিকালে
আমার কুঞ্চে আদিবার সময় কোন গজগামিনী বোধ হয়
আগেই তাহাকে পথে আগুলাইয়া লইয়া গিয়াছে। কত
কত মরম বেয়াধি সমাধব ইত্যাদি—মাটিতে লুটাইয়া
পড়িয়া আর কত কত মর্মব্যাধি সামলাইব ? যে মনোবান্ধা মনে জাগে, সে সহজে ছাড়ে না; কারণ মন্মধদেবের
মনে করুণা নাই। গোবিন্দদাস কহ ইত্যাদি—কবি
বলিতেছেন যে, কাহর এ তো প্রেম নহে, কেবল যুবতীদের
নামে কলক দেওয়া মাত্র। তাহাদের প্রেমের প্রতিদানে
তিনি প্রেম দেন না দেখিতেছি।

৪১৮ ধানশী

শেজ নব-কিশলয় উজোর রাতি বাসিত তামূল বারি। এহি উপচারে আজু হরি ভেটব এছন মর্ম হামারি॥ কি ফল বেশ-বনানি। শুন সহচরি কাত্ব-পরশমণি পরশ-রদ বাধত অভরণ সোতিনী মানি ॥ হুত মণি-কুণ্ডল তুহু মণি-কঙ্কণ হুত নূপুর ইহ রাখি। মুগ্মদ সিন্দ্র লোচন-কাজ্র পদ-যাবক রতি-সাথি॥ সো তত্ত্ব-পরশে পুলক জন্ম বাধত ইথি লাগি চমকে পরাণ। পোলिकनाम करहे थि। धनि धनि কাত্র-মর্ম তুর্জান॥

মা. প. (১)—১৭৬ কাল্ড ২০৯, সমূদ ১৫০ ক. বি. ১৪০ তুরু ২০৯, সং ১৯৪

ব্যাখ্যা—কাম্থ-পরশমণি ইত্যাদি—শ্রীরাধা উজ্জল
চাদনি রাত্রিতে নবকিশলয়ের শ্যা বিছাইয়া, ফ্রাসিড
পানীয় জল ও তাম্বল লইয়া শ্রীক্ষেরে প্রতীক্ষায় আছেন।
তিনি আজ কোন অলহার পরেন নাই। কেননা, কাম্ব যে
স্পর্শমণি, তাহার স্পর্শে সব সোনা হইয়া ষাইবে, স্তরাং
সোনার গহনা আর পরিয়া বি হইবে ও উহাতে তো
কেবল ক্ষেত্র স্পর্শলাভে বাধাই জ্মিবে। গ্রনা ক্ষেত্র
আলিক্ষন পাইবে বলিয়া রাধা উহাকে স্তীন মনে করেন।

828

মাধব ভক্তলে রাই। তুয়া পথ পুন পুন চাই॥ আঁচিরে করয়ে শ্যান।
কত সহে রদের পরাণ।
কাহে আনাঅলি তায়।
বেদন বুঝায়ে না জায়।
কোবিন্দাস অব-ভাস।
অব চলু রাইক পাশ।

तममञ्जती २०

শকার্থ—আনাঅলি—আনাইলে। ভাগ—ভাগ, বঁলিতেছেন।

850

স্হই

ভোহারি সংবাদে, জাগি মধুং যামিনী, (গৌৰী)। স্বামীক শংগ, সাম সঞ্জোভল গুক ত্রজন দিঠি চোরি। মাধব চলইতে জনি বিলয়াই।

কালিনীকল কুজে কুলকামিনী ভামিনী হয়। পথ চাহ॥

একলি মধেত নিকেতনে বৈঠলি

ন্ধতলে ম্থশশী লই।

ভোহে বিন্দু প্রভাহ জন্ম মান্ত বুগশত

ঐছন সময় গোই॥

হিয়া অভিলাষ হা**স কলে বো**য়ই কন্টি গণ্ঠি মুবছা**ন।**

হুয়ারদ পরশ আশে অব জীয়ই লোকিদ্দাদ প্রমাণ॥

সা. প. (১)—-ং ০ ক. বি. ১৪৬০

भाठित्वत-(১) भ्व-क. वि.

শব্দার্থ-স্থামীক শয়ন সীম সঞে ইত্যাদি—শ্রীরাধা স্থামীর শ্যাপ্রান্ত ২ইতে লুকাইয়া স্থাসিল। সে তুর্জন গুরুদ্ধনের দৃষ্টি কোনমতে এড়াইয়া স্থাসিয়াছিল। বিপ্ৰলব্ধা

823

চাঁদনি রন্ধনি উজাগরি নাগরি তোহারি পরশ রস সাধে।.

পাপ ননদগণ:

ওকজন পরিজন

কুঞ্জে গম্ন করু বাধে॥

এ হরি কত পরবোধব রাই।

কনয় পুতলি তহ' ঝামরি ভেল জহ'

প্রেমধ্য অবগাহি॥

নিগৰিত কবরী সম্বরি নাহি বান্ধই

ধরণি লোটায়ই রো**ই**।

পরবশ দেহ লেহ রস লালদে

জীবন দোঁপলি তোই॥

তা ৮৮

লাগ আশোয়াদ লথই নাহি পারিয়ে

বহত কি নহি নিশাস।

তোহারি নাম গুণ শুনি ভন্ন পুলকই কি কহব গোবিন্দাস ॥

ম¦ প. (১)—ং•৫ ; ক. বি া৯৬৭ দুলাবানর পু^{*}ধি ২২

পাঠান্তর— অ. আরম্ভ—

হরিণ নয়নি ধনি তেজি নিজ মন্দির

তুহারি পরশ-স্তথ সাধে।

(১) পহ্রিগণ (২) তকু (৩) জকু।

শব্দার্থ—কনয় পুতলি তহ ইত্যাদি—শ্রীরাধার গায়ের
বং ছিল দোনার মতন; কিন্তু প্রেমক্রপ ধ্মরাশিতে
অবগাহন করিয়া তাহার বর্ণ হইয়াছে ঝামার মতন।
প্রেমকে ধ্মের সহিত তুলনা করার মধ্যে বেশ বৈচিত্র্য
আছে। লেহ রস লালসে—স্বেহ বা প্রেমরসলালসায়।

8২২ বিহাগড়া

হরিণ-নয়নি তেজি নিজ মন্দির অবইতে সঙ্কেত ঠামা।

তৈখনে চান্দ উদয় ভেল দাকণ প্সারল কিরণক দামা॥ মাধৰ তোহে কি বোলৰ আন। বিষম কুম্বম-শরে পাজর জর জর ধনি জনি তেজই পরাণ ॥ মোতিম হার ভার হিয়ে জারই কর-কন্ধণ ভেল ঝন্ধ। সহচরি-কোরে ভোরি তমু মোডই লোরে ধরণি করু প্র॥ কিশলয় শয়নে থীর নাহি বাদ্ধই চন্দন প্রবে মুরছাই। গোবিন্দদাস কহই হরি অভিসক ষতিখনে জীবই রাই॥

क. वि. ১৪६, वृ २७

সমুদ্র ১৬৫, তরু ৩১৯

শব্দার্থ—পদারল—বিভূত করিল। কিরণক দাম।—
কিরণজাল। ধনি জানি তেজই পরাণ—এমন কর
বাহাতে স্থলরী প্রাণ না হারায়। কর-কহণ ভেল ঝহ—
ঝহ মানে জ্ঞাল; হাতের কহণকে জ্ঞাল মনে করিয়া
ফোলিয়া দিতে চার। চন্দন প্রনে ম্রছাই—চন্দনে ও
প্রন-বীজ্বনে অঙ্গ শীতল হয় না; স্থলরী মূর্চ্ছিতা হয়।
যতিধনে জীবই রাই—হে মাধব! যতক্ষণ রাধার জীবন
ধাকে তার মধ্যে তুমি অভিসারে যাত্রা কর।

৪২৩ গুৰুৱী

ঋত্-পতি-রাতি বিরহ-জরে জাগরি
দৃতী উপেধলি রামা।
প্রিয়-সহচরি বোলি মাহে পাঠায়লি
অতয়ে আয়লুঁ তুয়া ঠামা॥
তন মাধব কর জোড়ি কহলম তোয় ।
মনমধ-রঙ্গে তরঙ্গিত লোচন
নিমিধে না ছেরবি মোয় ॥

ত্র কর আলস আনহি লালস
চাতুরি-বচন-বিভঙ্গ।
বক্ষ জীবন হাম ডোহে নিরমঞ্চব
তবহুঁ না সোঁপব অঙ্গ॥
যাহে শির সোঁপি কোর পর শৃতিই
সো যদি কক্ষ বিপরীতে।
' পিরিতিক রীতি ক্রছে তব মিটব
গোবিন্দদাস রহু ভীতে॥

সা. প. (১)—২•১ কণদা ৮।১৩, তরু ৩২• সমূল ১৬১, রসমঞ্জরী ১৯

পাঠান্তর—ক্ষণদ। (১) বলি (২) কহিছোঁ মো তোয় (৩) মনমথ রঙ্গে (৪) তুহু না হেরবি মোয়।

ব্যাখ্যা- শ্রীকৃষ্ণ শ্রীবাধার স্থীর সঙ্গে সঙ্গম প্রার্থনা করায় স্থী তাঁহাকে বলিতেছেন--বসম্ভকালের রাত্রি। শ্রীরাধা বিরহজ্ঞরে জাগিয়া বসিয়া আছেন। তিনি সাধারণ কোন দৃতীকে না পাঠাইয়া আমাকে প্রিয় দথী জানিয়া পাঠাইয়াছেন, তাই না তোমার কাছে আসিয়াছি। মাধব। তোমাকে হাত জ্বোড করিয়া বলিতেছি-কামপূর্ণ চঞ্চল দৃষ্টিতে এক নিমেষের জন্মও আমার প্রতি দৃষ্টি দিও না। তুমি শ্রীরাধার নিকট যাইতে আলস্তবোধ করিতেছ, কিন্তু তাহা পরিহার কর ; অন্তের প্রতি লালসা ও চাতুর্য্যপূর্ণ বচনভঙ্গীও ত্যাগ কর। আমি বরং ভোমাকে প্রাণ উৎসর্গ করিব, তবুও দেহদান করিব না। আত্মসমর্পণ করিয়। যাহার কোলের উপর লোকে শয়ন করে দে যদি বিপরীত ব্যবহার করে, বা বিশ্বাস ভঙ্গ করে, তাহা হইলে প্রেমের বীতি এভাবে নষ্ট হইয়। যাইবে। এই ব্যাপার দেখিয়া গে।বিন্দদাস ভীত হইয়া বহিলেন। তুলনীয় উজ্জলনীলমণি-

দৌত্যেনাত স্কজ্জনত বহদি প্রাপ্তাম্মি তে দরিধিং
কিং কলপ্থস্থ ব্যক্তরমন্থ জগুচ্ছমূদ্যচ্চি ।
প্রাণানপ্যিতাম্মি সম্প্রতি ববং বৃন্দাটবীচক্র তে
ন ব্যতামদমাপিতপ্রিয়দ্যীকৃত্যাস্বন্ধাং তহুম্ ॥
পৃঃ ৬৬৪, বহরমপুর দং

্ত্রণং আৰু আমি স্বহুজ্জনের দৌত্যকার্ব্যে ভোমার

কাছে আসিয়াছি, তুমি কেন আমার প্রতি কন্দর্পের
ধন্থকের মন্তন ভয়ন্বর তোমার জ্রগুচ্ছ নিক্ষেপ করিতেছ ?
হে বৃন্দাবনচন্দ্র ! এখন বরং তোমাতে প্রাণ সমর্পণ করিতে
পারি, কিন্তু দেহদান করিতে পারি না, কেননা এই দেহের
দারা প্রিয়সখীর কোন কুতাই সম্পন্ন করা হয় নাই।

8\$8

শতুপতি-রাতি উজাগর জরজর দৃতিক নিকটে বোলাই। নিজ করে নেশ বনাই আদর করি স্থনরি নাগর নিকট পাঠাই॥ সহচরি চলি গেও খ্রামর পাশ। গলে অম্ব ধরি যুগল কর জোনি কহত : ধুরিম ভাষ॥ চল চল চতুর শিরোমণি নাগর অলস ১িংরি দ্রে। রাই তোহারি কুংগং স্ট লুটভ ব্দন ভিজায়ই লোৱে ॥ একলে বরনাগর বৃঙ্গ লৈ রহ্ম মগন ভরিপূর। করয়ে মন মান্স চঞ্চল চিত গদগদ বচন মধুর । পাক্ত কবি লেওল দৃতিক হাত কেশ ধরল একহাতে। হাত ছোড়ায়ই কত পরকার বেশ পণ্ডিত ভেল তাং ধাই চলি আয়লু ধস ধস জীবন বাই নিয়ড়ে উপনীত। অতএ আহ মানিয়ে গোবিন্দদাস দৃতিক দেখি বিপরীত॥

क. वि. ১६১२

মন্তব্য-এই পদটির ভণিতা দেখিয়া মনে হয় যে, প দৃতী শ্রীকৃষ্ণ কর্তৃক উপভূক্ত হইয়াছেন। 820

ধানশী

বারি ঝক্ল লোচনে পন্থ নেহারি অধর নিরস ঘন খাস। সঘন অবল্যই করতলে বদন গুনি গুনি জিবন নিরাশ। মাধব কাহে আশোয়াদলি রামা। সগরিত যামিনি জাগি পোহায়ল কামিনি সঙ্কেত ঠাম। ॥ হরি হরি বোলি ধরণি ধরি রোয়ত বোলত গদ গদ ভাগ। তোহারি ভরম ভরে নীল গগন হেরি বিহি সঞে মাগয়ে পাখ॥ কি করব চন্দ্র চন্দন-ঘন-লেপন - কিশলন কুন্তম-শয়ান। আন বেয়াধি আন পয়ে ঔষধি গোবিন্দ্রাস নাহি জান। नमूझ ১७৫, उक् ७७७

সা. প (১)—২০৪ সমূদ ১৬৫, তক ৩৬ ক. বি ১৪৫, বৃ ২৫

ব্যাখ্যা—নীল গগন হেরি ইত্যাদি—সধী আসিয়া শীকৃষ্ণকে শ্রীরাধার অবস্থা জানাইতেছেন যে, সে নীল আকাশের পানে চাহিয়া বর্ণনাদৃশ্যের জন্ম মনে করে তোমাকেই বৃঝি দেখিতে পাইল; তাই সে তোমার সহিত মিলিত হইবার আশায় (আকাশে উড়িয়া ষাইবার জন্ম) বিধাতার নিকট পাথা প্রার্থনা করে।

8१७

তথা রাগ

উতর না পাই যাই সথি কুঞ্চ হি
রাই-নিয়ড়ে উপনীত।
তোহারি সমাদ কহিতে ভেল গদগদ
হেরি চমকি ভেল ভীত॥

স্থন্দরি কাম মিলন ভেল ভঙ্গ। নিশি-পতি-কাঁতি মলিন অব হেরিয়ে **টুটল সব পরবন্ধ** ॥ পাই মন তুখচয় এত ভুনি রাই চললিহ অব নিজ গেহ। রজনি উজাগর নাহ পন্থ পর মীলল ঝামর দেহ। দুর সঞে নাগর রাই-বদন হেরি চমকি হেরি ভেল ভীত। গোবিন্দাস ভণ ७ नम-नमन ইহ কিয়ে পিরিতিক রীত॥

শব্দার্থ—নিশি-পতি-কাতি—চল্রের মতন কান্তি ছিল প্রীক্লফের, কিন্তু এখন তিনি রাধার বিরহে মলিনবর্ণ হইয়াছেন: তাঁহার দব অন্তর্গান বা চেটা (পরবন্ধ) নট হইয়াছে। রজনি উজাগর ইত্যাদি—শ্রীরাধা মাধবের হংবের কথা শুনিয়া তাঁহার কাছে যাইতেছিলেন, এমন সময় পথের মধ্যে দেখিলেন যে, শ্রীকৃষ্ণ আদিতেছেন। রাত্রি জাগরণের চিহ্ন তাঁহাব চোবেম্থে ও দেহের রং সভ্যই ঝামার মতন হইয়াছে।

829

ধানশী

মন্দির তেজি কানন মাহ পৈঠলু কান্থ-বচন প্রতি আংশ।
অভরণ বসন যে অঙ্গে চঢ়ায়লুঁ তামূল-কপুর-স্থবাসে॥
সন্ধনী সো মরু বিপরিত ভেল।
কান্থ বহল দূরে অনরথ আদি ছারে
মনমথ দরশন দেল॥
ফুলশরে জর জর সকল কলেবর
কাত্র মহি গড়ি যায়।

পরভৃত বোলে ভোলে সব অস্তর
উঠি বসি রজনি পোহায়॥
শীতল চন্দ গরল সম লাগয়ে
মলয়জ পবন হতাশ।
লোচন-নীর থীর নহি বান্ধই
কান্দই গোবিন্দাস॥

जा ५३

শব্দার্থ—কানন মাহ পৈঠলু ইত্যাদি—কাত্বর কথায়
বিশাস করিয়। আমি নিজের ঘর ছাড়িয়া বনের মধ্যে
আসিয়া প্রবেশ করিলাম। কাত্য রহল দূরে ইত্যাদি—কিন্ধ
কাত্বর পরিবর্ত্তে মন্মথ অনর্থের রূপে দারে আসিয়া দেখা
দিল। পরভূত বোলে ভোলে সব অন্তর—কোকিলের
ভাকে বৃক কাপিতে থাকে (উহা বিচ্ছেদের ব্যথাকে
আরও বাড়াইয়া দেয়)।

8২৮ গান্ধার

রজনি উজোরল চান্দে।
হেরি হেরি ধনি কান্দে॥
পরভূত লছ লত নাদ।
শুনইতে বড় পরমাদ॥
বিদগধ রসিক ম্বারি।
কাহে আশোয়াদলি নারি॥
ছটপদ ধরণি শয়ান।
কত সহ অবলা-পরাণ॥
নিমিথ কলপ কবি মান।
গোবিন্দাশ সব জান॥

ব্যাখ্যা—কাহে আশোরাসলি নারি—মাধব! কেন নারীকে আখাস দিয়াছিলে যে, তৃমি কুঞ্জে আসিবে? নিমিথ কলপ করি মান—এক নিমিষের বিরহকেও এক কল্প পরিমিত কাল বলিয়া মনে করে। তুলনীয় শ্রীচৈতশ্য-লিথিত "নিমেষেণ যুগায়িতম্।" 1

845

ভাষ্-কিরণ যছু অঙ্গ না পরশই

অঙ্গন বাহির ন যাতি।

শো আজ যামিনী কুঞ্জে একাকিনী

তিমিরে পোহায়ল রাতি॥

মাধব কোন করব ভোহে রোথ।

যাকর চাঁত পিরিতি লাগি দগধ্যে

শোপলি তাকর দোগ॥

তৈছন মধুর প্রেম তৃহঁ ছোড়লি

বেঁধলি হৃদয় মাহা শেল।

চপল পরাণ তেজব মানিনি

ইথে কিএ সংশয় ভেল॥

তৃহ নব নাগর নাগরিগণ মন্তিত

হথে করহ অব রাজ।

গোবিন্দাস কহই পুন মাধ্য
জনি করণ হেন অকাজ॥

সা প. (১)—১৫৩ ক. বি. ১৫১৯

শব্দার্থ—তোহে বোথ—তোমার প্রতি রোষ। সোপলি তাকর দোথ—তাহাকে দোয দিলে। বেঁধলি হৃদয় মাহা শেল—তাহার অন্তরের মধ্যে যেন শেল বিদ্ধ করিলে।

800

মঙ্গল গুৰ্জিরী

সংকত লাগি রজনি হম জাগরি
সহচরি-গণ করি সঙ্গ।
না জানিয়ে কাহে আজু বিঘটত হোয়ল
আন-আন রস-রঙ্গ।
সজনী নিশিক অবধি বহি গেল।
হরি পরিণাহ কাহ পর সাজল
মোহে দেই দারুণ শেল।

গুণ-মণি গুণহি লুবধ মন বান্ধল

বিপরিত-স্থরত-বিলাস।

উচ-কুচ-কঞ্ক বান্ধি হিয়া ঝাঁপল

দেই বাহু-যুগ-পাশ॥

দৃতিক হাতে পাতি লিখি পঠায়লি

কিশলয় কান্ধর-লোরে।

গোবিন্দদাস পত্ত অবহু না আগুল

কি পাই রহল তহি ভোৱে॥

অ ৮৫, বসমঞ্রী ২২

শকার্থ—বিঘটিত হোয়ল—বিনষ্ট হইল। নিশিক অবধি বহি গেল—রাত্রির যতক্ষণের মধ্যে আসার কথা ছিল, ততক্ষণ উত্তীর্ণ হইয়া গেল। হরি পরিণাহ, কাহ পর সাজল—মেঘ যেমন এক জায়গা হইতে সরিয়া অন্ত জায়গায় যায়, জারুফয়প মেঘাড়য়রও তেমনি অন্ত কোথায় যাইয়া সজ্জিত হইল—তাহাতে আমার বুকে যেন দাকণ শেল বিদ্ধিল। পাতি লিখি পঠায়লি ইত্যাদি—কচিপাতার উপর কাজল আর চোথের জল দিয়া পত্র লিখিয়া পাঠাইলাম।

895

কান্তর লাগিয়া, জাগিয়। পোহাইছ এ চারি প্রহর রাতি। নিক্ষ জানিল এতদিনে সই নিঠুর পুরুষ জাতি॥ যতনে সাজিলু ফুলের শেজ গদ্ধে মহ মহ করে। অঙ্গ ছটফটি দহন না যায় দারুণ বিরহজ্ঞরে॥ দাছরি বোলে মেঘ তুরু তুরু ঝিঝা ঝিনিঝিনি বোলে। ঘোর আন্ধিয়ারে বিজুরি ছটায় হিয়ার পুতৃলি দোলে।

क. वि. ১६১६

চিতের **আগু**নি চিতে নিভাইতে বেমত করে পরাণ।

কাহ্ব এমন চপল চরিত দাস গোবিন্দ গান॥

ক. বি. ১৫০০, সা. প.—(১) ১৯৭

8७३

দৃতিহিত ভাল মন্দ না জানিয়ে নাহ মগন প্রতিয়াশে। কেশ বিথারি চরণে পড়ি সাধলু সবিনয় মধুরিম ভাবে। কৈছে মনবথ কিছুই না জানিয়ে निक्य ना आयन नार। তব হাম কি করব ফিরি চলি আয়লু মনরথে পূরল দেহ। রাই কহত বাণি কে তব সঙ্গিনি চঞ্চল সো বরনাহ। তুয়া পানে চাহিতে আপুনি উপকার হামারি সমুখ ছাড়ি যাহ॥ কহিতে কহিতে ধনি লোচন পুন পুন ৰুক মুখ ভিজ্ঞল লোৱে। গোবিন্দদাস কহত পরবোধয়ি রাই ললিতা করু কোরে॥

800

ঘন ঘন দীঘ নিখাস ছোড়ত
চৌদিগে সহচরি যায়।
ভাষ ভাষ করি কোন ফুকারই
মুবছিত ধরণি লোটায়॥
তেজন মনিময় হার বিভূষণ
বসন ভূষণ করু দূর।

স্থি মুখ হেরইতে ছলছল লোচন
কাছ কাছ করি ঝুর ॥

হরি হরি কো দেই দারুণ বাধা।

হাহা হরি হরি কহতহি বেরি বেরি
বিলপতি রোদতি রাধা ॥

ললিতা কহত তুল্ল অবোধিনী হোয়লি
ভৈ গেলি বাউড়ি পারা।

পুন এক সহচরি ভেজি তাহে আনব
এছন প্রেমকী ধারা॥

রাই কহত যদি কহলহি ললিত।
তুল যাই আনহ কান।
ললিতা কহত কথা মঞ্রি যায়ন্ত্রন

ক. বি. ১৫১৬

808

ঐছ**ন শুন রূপ** মঞ্রি চলতহি পর্হ কর অসুমান। না জানিয়ে কোন কুঞ্জে হাম পায়ব ना छ। निरा की कदाव कान ॥ হুরি হুরি বিহি কিয়ে করয়ে নৈরাশ। এঁচন কহি এক কুঞ্চে প্রবেশল কান্ত্ৰ দ্রশন আশ। রদমগুরি রূপে কুঞ্জ আলোকিত চমকি উঠল তথি খাম। রাই আনায়ল বলি নাগর ধায়ল দৃতি করল পরণাম॥ রসমঞ্জরি কহে শুন মাধ্ব হাম নহে তোহারিক রাধা। গোবিন্দাস্ কহত পুনহি পুন প্রেম করবি তুহ বাধা।

₩. वि. ३६३१

থণ্ডিতা

890

শ্রী রাগ

ধ্বজ-বজাদৃশ-পদ্ধজ-কলিতম্।
বজ-বনিতা-কৃচ-কৃদ্ধ-ললিতম্ ॥
বন্দে গিরিবর-ধর-পদ-কমলম্ ।
কমলা-করকমলাঞ্চিত্রমলম্ ॥
মঞ্ল-মণি-নৃপুর-রমণীয়ম্ ।
অচপল-কুল-রমণী-কমনীয়ম্ ॥
অতিলোহিত্মতিরোহিত-ভাসন্ ।
মণ্-মণুপীকৃত-গোবিন্দাসম্ ॥

मा. প. (১) ५२ 🌙 इ.स ७१२, मभूम ১৬৮

অর্থ-ধ্বজ, বজ্র, অঙ্গণ ও পদাচিত্যুক্ত ব্রজবনিতার ক্রের কুষ্ণমে শোভিত, কমলাদেবীর করপদাে পূজিত গিরিধনের অমল ক্রমলে প্রণাম করি। উহ। মঞ্জুল মণি-মঞ্চীরে রমণীয় এবং অচপল কুল-রমণীগণের কমনীয়। ঐ পদ্যুগল স্থলোহিত ও অবিলুপ্ত কান্তিযুক্ত। উহার মধুর জমর গোবিন্দাস। রাধামোহন ঠাকুর এই পদ্টিকে ধণ্ডিতার পদ্বলিয়া নিমুলিথিতভাবে ব্যাখ্যা ক্রিয়াছেন—

হে গিরিধর, তুমি যে সামাল্য মন্থল নহ তাহা গর্গ
মূনিপ বাক্য হইতে জান। গিয়াছিল। তারপর আবার
গোরন্ধন গিরি ধারণ করিয়া তাহার প্রত্যক্ষ প্রমাণ
দেখাইয়াছ। এখন আবার বাঞ্চিতা নায়িকার কুচগিরি
ধারণদারা নৃতন মাহাল্যা প্রচার করিতেছ। তোমার
মতন দেবতার দক্ষে আমাদের মতন মানবীর ঘনিষ্ঠতা কি
সম্ভব ? তাই দূর হইতে তোমার পদকমলে প্রণাম করি।
তোমার পদকমল পূর্ব্বে ব্রহ্ম অর্থাং বৈকুণ্ঠস্থিত নায়িকাদের
কুচকুক্সমে শোভিত হইত। এখন গোষ্ঠবাসিনী তোমার
উপযুক্ত কোন দেবীর কুচকুক্সমে শোভিত হইয়াছে।
পূর্ব্বে ক স্থ্রিমল পদযুগ লক্ষীর করক্মলন্থারা অর্চিত
হইত। এখন ক ময়লা পদযুগ কমলা নামী যুণেশ্বরী
কর্ত্ব পৃঞ্জিত হইতেছে। তোমার প্রিয়তমার পদন্পুর
বদল হইয়া তোমার পায়ের শোভা বাড়াইয়াছে। উহা

কুলান্ধনাদের বাঞ্চিত হইয়া তাহাদের চাপল্য প্রকাশ করিতেছে। উহা তোমার প্রিয়তমার পদের অলক্তক-যুক্ত হইয়া লালবর্ণ ধারণ করিয়াছে। হে গোবিন্দ, নায়িকার দাসরূপে তুমি তাহাকে তোমার দেহকমলের মধুর ভ্রমরী করিয়া তুলিয়াছ।

80%

গান্ধার

শুন মাধব কোন কলাবতি সোই।
প্রেম হেম গহি আপন রঙ্গ দেই
এ হেন সাজায়লি তোই॥
নয়নক জ্ঞান অধরে ভেল বঞ্জিত
নয়নহিঁ তাম্বল দাগ।

সিন্দুর-বিন্যু চন্দন-ইন্দু ঝাপল
উর পর যাবক রাগ॥
মদন সোনার ভরি রূপ-লালসে
ভাহে দেয়ল নখ-রেহ।

কোন গোঙারি তোহে অব **পরশব** হেরি তুয়া ঝামর দেহ ৷

অব রস-লালস কিয়ে দরশায়সি নীলজ দেহ মৈলান।

গোবিন্দদাস কহ আপন পরশ দেহ হেম ধরউ নিজ কান॥

সা. প (১)—২১২

CPC-5077

পাঠাজর—দা. প. আরম্ভ—নয়নক অঙ্গনে অধর ভেল রঞ্জিও।

শব্দার্থ—প্রেম হেম গহি—প্রেমন্ধ্রপ স্বর্ণ লইয়া।
রঙ্গ—বং। উর পর—বুকের উপর। সোনার—স্বর্ণকার।
মৈলান—মান।

ব্যাখ্যা-মাধ্য অপর নায়িকার সজে বিলাস করিয়া শ্রীরাধার নিকট আসিলে তিনি মাধ্বের অধ্বে কাজলের চিহ্ন, নয়নে তাখুলরাগ, কপালে সিন্দুরবিন্দুর ছাপ ও

বক্ষে নথচিছ দেখিয়া বলিতেছেন—শুন মাধব! কোন্ কলাবতী সে, যে তোমার প্রেমরূপ সোনা চুরি করিয়া তাহার নিজের রং দিয়া তোমাকে এমন করিয়া দাজাইল? তুমি তাহার নয়ন চুম্বন করিয়াছিলে, তাই তাহার নয়নের কান্ধলে তোমার অধর রঞ্জিত হইয়াছে। দেও তার পান-থাওয়া লাল অধর দিয়া তোমার নয়ন চুম্বন করায় তোমার চোথের উপর তামূলের দাগ বহিয়াছে। তোমার কপালে ষে চন্দনবিনুরূপ চন্দ্র ছিল তাহা ঢাকা পড়িয়াছে ভাহার কপালের সিন্দুরবিন্দুর ছাপে। মদনরূপ স্বাকার বোধ হয় তোমার রূপলালদায় মত্ত হইয়া বুকে স্থলরীর নথের চিহ্ন লাগাইল। স্বর্ণকারেরা যেমন বিভিন্ন ধাতু মিশাইতে পারে, তেমনি খেন মদন স্বৰ্কার প্রেমিক-প্রেমিকার চিত্ত মিশাইয়া এক করিতে পারে—এই ব্যঙ্গনা। এখন এমন গ্রাম্যা কে আছে যে, তোমার এই ঝামার বরণ দেহ দেখিয়া উহা ছুইবে ? এখন তুমি ভোমার নিল্ল জ্ঞান দেহ লইয়া আর কি রসলালসা দেখাইতেছ ? গোবিন্দদাস শ্রীক্লফের পক্ষ লইয়া বলিতেছেন, ভাহার ভো লোহার মত বং হইয়াছে, তুমি স্পর্শমণি, তোমার স্পর্শ দিয়া আবার তাহাকে উজ্জ্বল সোনা করিয়া লও।

কত কত ভূবনে আছুয়ে রস নাগরি
তা সম পুণ্যবতি কোই।
পীতাম্বর তব নাম মিটায়ল
নীলাম্বর ধক্ষ সোই॥
সো বর নাগরি রসময় সাগরি
তোহু তাহু রস পরকাশ।
বাহা সোই নাগরি তাহা অব চল হরি
কহতহি গোবিন্দাস॥

कं. वि. ১৪৯७

শব্দ থি—নিম্বর বপু সিন্দুর মিটায়ল—ভোমার নিমের মতন কালো বরণ, এখন সিন্দুর লাগিয়া লাল হইয়াছে। অলিকে পৈঠল ভ্রমরা—কালো ভ্রমরা যেন লাল মৌমাছিবনে প্রবেশ করিয়াছে। যো মুখ হেরি খীণ শশ্ধর ইত্যাদি—যে মুখ দেখিয়া লজ্লায় চন্দ্র ক্ষীণতা পাইয়াছে, সেই মুখ এখন কাজরে মলিন হইয়াছে। নীলাম্বর ধরু সোই — ক্ষরীর নীলাম্বর পরিয়া তুমি আসিয়াছ, তাই তোমার পীতাম্বর নাম ঘৃচিয়া নীলাম্বর হইল।

809

রন্ধনি উজাগর, লোচনে কান্তর অধরহি ভেল ত দোঙর।। নিম্ব বপু সিন্দুর মিটায়ল অলিকে পৈঠল ভ্রমর।॥ মাধব চল চল কপট অনুবাগি। সো পুণ্যবতি হোয় যতনে আবাধব ষো বহু তুয়া মনে লাগি॥ যো মুখ হেরি খীণ শশধর সো মৃথ কাজবে মলিন। অকণ নয়ান কপটে কভ বাগবি প্রতি অনে রতি-রণচিহ্ন ॥

804

গান্ধার

করি কত বরিথসি আদরে বাদর বচন-অমিয়া-রস-ধারা। ডুবি মরত জ্ঞ ও রদ-দাগরে পুণ-ফলে পায়লু পারা ॥ মাধব বুঝলুঁ তৈছে অবগাহি। নাগরি লাখ ভরল তুয়া অন্তর কে। পরবেশব ভাহি॥ কী ফল ইঙ্গিত নয়ন-তরঞ্চিত সঙ্গিত মনমথ ফালে। তুহু নাগর গুরু মোহে পড়ায়লি কপট-প্রেমময় বান্ধে।

দূর কর লালস রসিক-শিরোমণি ব্রজ-রমণীগণ-দেবা। গোবিন্দদাস কতত্ত্তিণ গায়ত ° তুয়া চরণে মনু সেবা । ॥

মা. প. (১)—১৬৪ ক. বি ১৫০ कर्मा २०१६, मगुष ১१७

পঠিত্তির—ক্ষণদা (১) কত কত বরিখদি (২) ব্রালুমু
(৩) গাওিব (৪) ভোহারি চরণে রছ দেবা।

ব্যাখ্যা—মাধব, তোমার এখন কথায় অমৃতরদধার।

মরিয়া পড়িতেছে; আদর উছলাইয়া উঠিতেছে। তোমার

মরিয়া পড়িতেছে; আদর উছলাইয়া উঠিতেছে। তোমার

মরিয়া পড়িতেছে; আদর উছলাইয়া উঠিতেছে। তোমার

ফলে পার হইলাম। তোমার অন্তরের মধ্যে অবগাহন

করিয়া বৃঝিলাম দে, উহা এক আধজন নহে, লাখ নাগ্রীতে
পরিপূর্ণ, কংলর সাধ্যে আর দেই হৃদযের মধ্যে প্রেশ

করে পূ এখন আর চোখের হৃদ্যুত ইন্দিত করিয়া অথবা

মুরলীর গানরূপ মন্মথের কাদ পাতিয়া লাভ কি পূ তুমি

নাগর গুরু হইয়া শামাকে শিখাইলে কি করিয়া প্রেমের

ছলা করিতে হয়। হে ব্রজর্মণীদের দেবতা। রিসকদের

চ্ডামাণি! তুমি আমার প্রতি লালসা ত্যাগ কর।

গোবিন্দদাদ বলেন তোমার চরণেই আমার সেবা রহক,

তোমারই গুণ গাহিব—ছাক্তফের নহে।

805

বিভাষ

ভগমগ অরুণ উজাগরে লোচন
উরে নথ পরভিত রেখা।
বিত-রণে রমণি পরাভব মানই
দেয়ল রভি-জয়-লেখা॥
মাধব অব কি কহব তুয়া আগে।
না জানিয়ে রভি-রস ও স্থথ সম্পদ
কি ফল তুয়া অনুরাগে॥
বভি-রদে অলস অবশ দিঠি মন্থর
নিরবধি নিন্দক সেবা।

কোন কলাবতি করি কত আরতি
পূজল মনমথ দেবা॥
বচন রচন করি কিয়ে পরবোধসি
নিরবধি অস্তরে সোই।
গোবিন্দদাস কহ পরশ্-তূল নহ
পরশনে রস নাতি হোই॥

ক. বি. ১১৮

百年 かりつ

শব্দার্থ—উজাগরে লোচন—রাত্রি জাগিয়া তোমার চোথ লাল টকটকে হইয়াছে। উরে নথ ইত্যাদি-ভোমার বকে নথের চিচ্চ স্পষ্ট দেখা যাইতেছে। উহা দেখিয়া মনে হয় যেন বতিরণে পরাজয় স্বীকার করিয়া কামিনী ভোমাকে জয়পত্র লিথিয়। দিয়াছে (আর তুমি সগর্বে তাহা সকলকে দেখাইতেছ)। নিরবধি নিন্দক দোবা—চোপে এখন ঘুম থেন লাগিয়াই আছে। সেইজ্ঞ দৃষ্টি মন্তর ও অবশ , ভাল করিয়া তাকাইতেও পারিতেছ ন। কোন কলাবতি ইত্যাদি—কোনু কলাবতী নাগরী কত আতি বা ভক্তি করিয়া মন্মথের প্রজা করিয়াছিল; তাই সে তোমার মতন কামুক প্রণয়ী পাইয়াছে। এখন আর কতকগুলি চাট্বাক্য রচনা করিয়া **আমাকে কি** প্রবোধ দিতেছ ? তোমাব হৃদয়ে সেই নাগরীই নিরবধি বিরাজ করিতেছে। আমার স্থান কোথায় ? গোবিন্দদাস শ্রীরাধার পক্ষ হইয়া শ্রীক্লফকে বলিতেছেন, তুমি স্পর্শের যোগ্য নহ; ভোমাকে স্পর্শ করিলে কোন আনন্দ হয় না।

880

ভূপানী

প্রতি-অঞ্চে রতিচিক্ন আঁথি চুলুচুল।
থদিল কেশ-বেশ মালতি বকুল।
চল চল মাধব তোহে পরণাম।
গোঙাই সকল নিশি আমালি বিহান।
হাম রহল জাগি নিশি একস্বিয়া।
চাতুরি না কর চল শত্ঘরিয়া।

চল চল মাধব চল পুনরায়।
দগধ শরীর দগধ কত আর॥
চল চল মাধব চল নিজ বাস।
অতয়ে নিবেদল গোবিন্দদাস॥

7 A 15

শব্দার্থ-একসরিয়া—একা একা। শত্দরিয়া—এক ঘরে নহে, শত ঘরে যে বিহার করিয়া বেড়ায়।

887

বিভাষ

আকুল চিকুর চারু শিথি-চন্দ্রক ভালহি সিন্দূর দহনা।

চন্দন-চান্দ মাহা মৃগমদ লাগল
তাহে বেকত তিন-নয়না॥
মাধব অব তুহু শহর দেবা।
স্থাগর-পুণফলে প্রাতরে ভেটলু

দূরহি দূরে রছ দেবা ॥

চন্দন-বেণ্- ধৃসর ভেল সব তহ্ন সোই ভসম-সম ভেল।

তোহারি বিলোকনে মরু মনে মনসিজ মনরথ সঞ্জেজির গেল॥

তবহু[°] বসন ধর কাহে দিগম্বর শহর নিয়ম উপেথি।

গোবিন্দদাস কহই পর-অম্বর গণইতে লেখি না লেখি॥

বৃংং রদমঞ্জরী ৩৪, সমুদ্র ১৭০ সং ৩৭৮, তরু ৪০৫

পাঠান্তর—রসমঞ্জরীতে আরম্ভ—আজ হহঁ শহর দেবা। (১) মনমধ—সং (২) অবহু—সং।

মন্তব্য—এই পদটি সংকীর্ত্তনামূতে উদ্ধৃত নিম্নলিধিত প্রাচীন প্লোকটীর ভাব লইয়া লিখিত—

চ্ড়াচন্দ্ৰকমণ্ডিতালিকতটে সিন্দুরম্ফ্রাশিথা তত্বচ্চন্দনচন্দ্রমধ্যবিলসৎকস্থারিকা লোচনম্। তেন ত্রাস্ক[্]তব লোকদহনা দগ্ধঃ স মে মন্মথ-স্তদ্ধ্রাৎ প্রণমাম্যমাধ্বমহো ত্বামপ্যদিগ্বাসসম্॥

অর্থাৎ—তোমার চ্ডায় যে শিথিপুচ্ছ আছে তাহার ছারা আলঙ্গত ললাটদেশে দিল্পুরের ছাপই হইয়াছে শিথা; সেইরূপ চলনরূপ চল্লের মধ্যে শোভা পাইতেছে যে কফুরী তাহাই হইয়াছে নয়ন (শিবের তৃতীয় নয়ন); সেইজ্বতা তোমার মধ্যে দেখিতেছি লোককে দহনকারী ত্রাম্বকতা। আমার প্রতি অভিলাষ (মন্নথ) তাহাতেই পুড়িয়া গিয়াছে। সেইজ্বত দূর হইতেই দিগম্বর না হওয়া উমাধ্ব (উমার স্বামী) তোমাকে আমি প্রণাম করি।

ব্যাখ্যা--তোমার কেশপাশ আকুল (হইয়া জটার মতন দেখাইতেছে), চূড়ার উপর ময়ুরপুচ্ছ (সর্পের আকৃতি বিশিষ্ট শিবের মাথার সাপের মত); ললাটে সিল্র (তোমার প্রিয়ার কপালে কপাল লাগায় সিল্টরের দাগ লাগিয়াছে) অগ্নির মত দেখাইতেছে। ললাটের চন্দনের ফোটার মধ্যে কৃষ্ণবর্ণ মুগমদ্বিন্দু লাগায় উহা তৃতীয় নয়নত্রপে প্রকাশিত হইয়াছে। মাধব ! এখন তুমি শম্বদেব হইয়াছ। রাত্রিজাগরণরূপ পুণ্যের ফলে সকালে আজ আমার শিবঠাকুরের দর্শন মিলিল; অত বড় দেবতাকে কি কাছে আদিতে বলিতে পারি! তাঁহাকে দূর হইতেই আমার প্রণাম জানাইতেছি। (ঐকৃষ্ণ বলিতে পারেন, আমি যদি শিব তাহা হইলে আমার গায়ে ভন্ম কোথায় ? তাহার উত্তর এই যে) চন্দনরেণ্র বারা তোমার সকল অঙ্গ ধুসর হইয়াছে, উহাই ভম্মের মতন। ভোমার দৃষ্টিপাতেই আমার মনের মনসিজ কামদেবের সঙ্গে পুড়িয়া গেল (তুমি অত্য নারীর সম্ভোগ-চিহ্ন ধারণ করিয়া আদায় তোমার দম্বন্ধে আমার ধা কিছু অভিলাষ ছিল তাহা পুড়িয়া গেল)। তুমি সব দিক্ দিয়াই শহর, কেবল দিগম্বর শহরের রীতি লক্ষ্ম করিয়া কাপড় পরিয়া আছ কেন? তাহার উত্তরে গোবিন্দদাস 'লিখি না-লিখি' ভাবিয়া বলিতেছেন—ও কাপড়খানিও ভো ্উহার নিজের নয়; প্রিয়ার বসন পরিয়া আছেন।

তাহা থুব স্ক্ষ বলিয়া তাহাকে কাপড় বলিয়াই ধরা যায় না।

88\$

স্বহ

সহজেই গোরি রোথে তিন লোচন কেশরি জিনি মাঝা খীণ। হৃদয় পাহাণ বচনে অনুমানিয়ে শৈলস্ভাকর চীন ॥ সন্ধি অব তুহু চণ্ডি বিভগ : তুয়া নিজ কিঙ্কর যব হাম শহর দেওবি থোহে আধ অঞ্চ।। কালিঃ কুটিল ভার ভূজখ্ম: পথক তাকর দন্ত। পশুপতি দোথে রোথে নাহি সম্ঝিয়ে° , ୬ ଜଣ ଅଟ ଲିଅଟ । ভোহি জিয়াওবি দহন মনোভবে ইষত হাসি-বরদানে। वान भव थड़व তুয়া পরসাদে त्गाविक्तमाम भव्यात्।

সা. প. (১)—২০৯ সমূল ১৭১, তক ৪০৬, স ৩৭৯ ক. বি. ১৫১, বৃ ২০

পাঠান্তর—(১) ভাঙ়-যুগ ভঙ্গিম—৩ক (২) রোখ নাহি সম্বিয়ে—তক (৩) হাম নহ ভঙ্গ নিশুভ—তক (৪) খণ্ডয়ে—তক।

মন্তব্য—এই পদটা সংকীর্ত্তনামৃতধৃত নিম্নলিথিত শ্লোকের ভাব লইয়া রচিত—

গৌরী কেশরিমধ্যমা ত্রিনয়না রোষাকুলালোকনৈঃ
কাঠিভাধিদিতান্তিরাজ্বতনয়া কালী ক্রবোর্ভকতঃ।
তং চণ্ডীতি বিলোক্য মানিনি কথং ন স্থামহং শহরঃ
তন্মাৎ কামিনি শহরে পশুপতাবদ্ধাঙ্গমঙ্গীকুরু॥
অর্থাৎ —তুমি গৌরী, সিংহের মতন তোমার কটিদেশ;
কোধের শ্বারা আকুল দৃষ্টির জন্ম তুমি ত্রিনয়না; কঠোরতার

জন্ম প্রক্তিরাজের কন্তা বলিয়া বিদিতা; ক্রকুটীর কুটিলতার জন্ম কালী হইয়াছ। তুমি যথন চণ্ডী হইয়াছ, তথন আমি কেন শহর হইব না? সেইজন্ম হে কামিনি, শহর পশুপতিতে অর্জশরীর স্বীকার কর।

ব্যাখ্যা—তৃমি সহজেই গৌরী, এখন রোঘে যেন তোমার তিন চোথ হইয়াছে (ছুই চোথ দিয়া লোকে যাহা দেখিতে পায় না এমন সব জিনিষ তমি রাগিয়া আমার দেহে দেখিতেছ, তাই মনে হয় তোমার একটি তৃতীয় নয়ন হইয়াছে); গৌরীর মতন তুমিও দিংহকে পরাজিত করিয়াছ তোমার ক্ষীণ কটিদেশ দিয়া। গোরী পাষাণরাজ হিমালয়ের কলা, তুমিও বোধ হয় ঐ রকম কিছ হইবে, না হইলে তোমার জদয় এমন পাধাণের মতন হইল কি করিয়া? তোমার কথা **ভনিয়া মনে** হয় তোমার হৃদয় পাষাণ। স্বন্দরি। তুমি এখন চঙীর প্রকৃতি ধারণ করিয়াছ। আমাকে যথ**ন তুমি শহর** বলিয়া ঠিক কবিয়াছ আর তুমি যথন গৌরী, তাহা হইলে তোমার নিজ্ঞান আমাকে গৌরীর মতন অন্ধ অঞ্চ দিতে হইবে (হরগোরী যেমন একই তমু হন, আমরাও তাই হইব)। তোমার জ্রযুগলের ভঙ্গী কেমন কাল ও কুটিল দেখাইতেছে, উহাদের দম্ভ সম্বরণ কর; অর্থাৎ আমার প্রতি সরল নয়নে তংকাও—আমি তো ওছ নিওভ নহি যে, আমাকে বধ করিবে—আমি নিতান্তই পশুপতি (শিব অথবা গো-পালক), স্বভরাং বোকা মানুষ আমার দোষ দেখিয়া রাগ করা উচিত নহে। তোমার মনের মনোভব দগ্ধ হইয়া গিয়াছে বলিতেছ, ভাহাও পুনক্ষজীবিত ক্রা কিছু কঠিন নহে। একটু হাসিত্রপ বরদানে ভাহা জীবনলাভ কবিবে। তোমার ক্লপা হইলে সব বিপদ দূর হয়-গোবিন্দলাসই ভাহার প্রমাণ।

> ৪৪৩ বিভাষ ৮-৭৮ হুছয়ে জোহারি

নধ-পদ হৃদয়ে তোহারি। অস্তর জনত হামারি। অধবহিঁ কাজর তোর।
বদন মলিন ভেল মোর॥
হাম উজাগরি রাতি।
তুয়া আঁখি অফুণিম কাঁতি॥
কাহে মিনতি করু কান।
তুহুঁ হাম একই পরাণ॥
হামারি রোদন-অভিলাষ।
তুহুঁ ভেল গদগদ ভাষ॥
সবে নহ তহু তহু সঙ্গ।
হাম গোরি তুহুঁ শ্রাম-অঙ্গ॥
অতয়ে চলহ নিজ বাদ।
কহতহিঁ গোবিন্দদাদ॥

সা প. (১)—২১০, বৃ২৩ তক ৪২০, সং ৬৮০, সমুপ ১৭৪

মন্তব্য—এই পদটা সংকীর্ত্তনামূতে ধৃত নিম্নলিখিত প্রাচীন কবিতার ভাবায়বাদ—

তংপীনোরসি পাণিজক্ষতমিতো জাজলাতে মে মনঃ
অদ্বিম্বাধরচ্মি কজ্জলমিতঃ শ্রামায়িতং মে মৃথম।

যামিন্তাং মম জাগরাত্তব দৃশৌ শোণায়মানে ততো

দেহার্দ্ধং কিমু যাচদে হি ভগবদ্ধেকৈব যন্নে তহুং॥
অর্থাং—তোমার পীন বক্ষস্থলে নথক্ষত—এদিকে আমার
মন দাউ দাউ করিয়া জলিতেছে; তোমার বিম্বাধরকে
চূমন করিয়া কজ্জল বর্ত্তমান—এদিকে আমার মৃথ কালে।
হইয়াছে; রাত্রিতে আমি জাগরণ করিলাম বলিয়া তোমার
চোথ ঘূটী লাল হইয়াছে। দেইজ্বন্ত হে ভগবন্! তুমি
আমার দেহার্দ্ধমাত্র কেন প্রার্থনা করিতেছ ? আমাদের
ঘ্রুনের শরীর তো একই। অন্তর্বতিচিক্ত্থিতাপ্রকরণে
পত্রক্তিকর্ণামৃতের একটা শ্লোকেও এই রক্ম মর্মান্তিক
পরিহাসযুক্ত নায়িকার উক্তি দেখা যায়—

হংহো কান্ত রহোগতেন ভবতা বং পূর্ব্বমাবেদিতং
নির্ভিন্না তমুবাবয়োবিতি ময়। তজ্জাতমত্ত ফুটম্।
কামিল্যা স্মরবেদনাকুলস্থদা বং কেলিকালে কুতঃ
সোহত্যর্থং কথমল্পথা তুদতি মামেষ স্থদোষ্ঠবণং॥

212812

অর্থাং—হে কান্ত! তুমি পূর্বের গোপনে আমাকে যে

বলিয়াছিলে যে, আমাদের ছুইজনের দেহ পৃথক্ নয়, তাহা আজ স্পষ্ট জানিতে পারিলাম। তাহা না হুইলে কেলি-সময়ে মদনবেদনায় আকুল হৃদয়ে কামিনী তোমার ঠোঁটে যে ত্রণ করিয়াছে তাহা আমাকে কেন তীত্র ছুঃথ দিতেছে ?

ব্যাখ্যা—ভোমার বুকে নথের চিহ্ন, কিন্তু হাদয় জলিতেছে আমার। তোমার অধরে কাজলের দাগ, কিন্তু বদন মলিন হইল আমার। আমি রাত্রি জাগরণ করিয়া থাকিলাম, কিন্তু তোমার চোথছটী লাল হইল। কানাই, তুমি আমার অর্দ্ধান্ধ লাভ করিবার জন্ম আর ফিনতি করিতেছ কেন ? তোমার আমার তো একই প্রাণ। হুংথে আমার কাদিতে ইচ্ছা করিতেছে, কিন্তু বাক্য গদ্গদ হইয়াছে তোমার। একটা বিষয়ে কেবল উভয়ের মধ্যে পার্থক্য দেখিতেছি এই যে, তহুর সঙ্গে তহুর মিল নাই—আমি গৌরী, তুমি শামবর্ণ। অতএব এথন নিজের বাডী চলিয়া যাও, ইহাই গোবিন্দদাস বলিতেছেন।

888

চিঞ্লি তুহু স্বন্দরি কাহ নখ-চিহ্ন এহ নব কুন্ধম-বেহ। মরমে কিয়ে গঞ্সি কাজ্র-ভরমে ঘন মুগমদ-পদ এহ। कुन्न वि शक्ष शत्म नांशन धन्न। দোগ করি মানসি অপরূপ রোখে मिन्हि जक्ति मिठि मन्म ॥ বৈরি সম মানসি গৌরিক হেরি উর পর যাবক-ভানে। ইন্দু-মূপি নিন্দসি ফাগুক বিন্দু দিলুর করি অহুমানে॥ তোহ'বি সম্বাদে জাগি সব যামিনি ভৈ গেল অৰুণ নয়ান।

তুহঁ পুন পালটি মোহে পরিবাদসি গোবিন্দদাস পরমাণ॥

সা. প. (১)—২১১ ক বি. ১৫১, যু ২৩ ভক্ন ৪২৪, সং ৩৮১

মন্তব্য—উজ্জ্বনীলমণিতে ধৃষ্ট নায়কের উদাহরণে (পৃ: ৪৬) নিম্নলিখিত শ্লোকটী খদন্ত হইয়াছে। ইহারই ভাব লইয়া এই পদ লেখা—

নথান্ব। ভামে ঘনঘুস্ণরেখাততিরিয়ং
ন লাক্ষান্ত:ক্রে পরিচিন্ন গিরেগৈরিকমিদম্।
ধিয়ং ধংদে চিত্রং বত মুগমদেহপ্যঞ্জনতয়া
তরুণ্যান্তে দৃষ্টি: কিমিব বিপরীত। স্থিতিরভূং॥
অর্থাৎ—ভামের শরীরে নথের চিহ্ন নহে, নিবিড়
কুস্কুমরেখাসমূহ; হে অন্ত:ক্রো! ইহা লাক্ষা নহে,
চিনিয়া লও এটি গিরির গৈরিক। ইহা খুবই বিশায়কর
মনে হইতেছে যে, তুমি মুগমদকে অঞ্জন মনে কবিতেছ।
তুমি তরুণী, তোমার দৃষ্টি কি করিয়া এরূপ বিপরীত স্থিতি
লাভ করিল? ক দেখিতে মন্ত দেখিলে কি করিয়া ?

ব্যাখ্যা— তুমি নথচিছ কোথায় দেখিলে । স্বলবি!

এ যে নবকুদ্মের রেখা। কাজল মনে করিয়া তুমি
আমাকে মর্ম-গঞ্জনা দিতেছ, কিন্তু ইহা ঘন মৃত্যদের
চিছ্নাত্র। স্থলরি! আমার মনে ধাদা লাগিতেছে।
ভোমার ভীষণ রাগ হইয়াছে, ভাই দব কিছুই আমার
দোষ বলিয়া মনে করিভেছ। তুমি ভক্ণী; দিনের
বেলাভেই ভোমার চোথের দৃষ্টি থারাপ হইল। গৈরিক
দেখিয়া তুমি ভাবিভেছ এ বুঝি বুকে আলভাব দাগ—
স্থতরাং উহাকে শক্র বলিয়া মনে করিভেছ। হে চন্দ্রাননে,
তুমি ফাগুয়ার বিন্দুকে দিলুর অন্থান করিয়াছ। আর
আমার যে চোথ লাল দেখিতেছ ভাহার কারণ ভোমার
খবর লইবার জন্ম সারারাত্রি জাগিয়াছি বলিয়া।

880

বরাড়ী

শকর বরতে আজু পরবেশর্লো দারুণ গুরুজন .বাল। অতয়ে সে সরদ পরশ বিহি বাধল
কী ফল নয়নহি লোল।
মাধব তোহারি চরণে পরণাম।
ছিজ্পণ কঠিন মৌন মোহে লাগল
কহলত্ বিহি ভেল বাম।
দ্ব কর হার ভোহারি রচিত
অব রহ বেশক সাধ।
শ্রেণত্ একু কুত্ম যব হেরই
নন্দি করত পরমাদ।
এ মধু মাদ আশ হাম বঞ্চিত
জনি কহ কপট বিলাদ।
কর সক্ষেত কত্ত সমুঝাওব
কহতহি গোবিল্দাদ।

मभूत ३१२

শকার্থ-পরবেশলোঁ-প্রবেশ করিলাম, **আরস্ক** করিলাম। দ্বিজগণ কঠিন মৌন মোহে লাগল — **দ্বিজগণের** পক্ষেও কঠিন যে মৌনব্রত, আমি তাহা লইয়াছি। সম্বাওব ব্ঝাইব।

ব্যাখ্যা— শ্রীক্বফের ধৃষ্ট নায়কোচিত বাক্য শুনিয়া
শ্রীরাধা অতিশয় ক্রুদ্ধ হইলেও ধারত্ব অবলম্বনপূর্বক মৌন
রহিয়া করদক্ষতে বলিতেছেন— আজ আমি শঙ্করত্রত
আরম্ভ করিয়াছি। গুরুজনেরা ভাষণ বকাবকি করেন।
সেইজন্ম ভোমার সবদ স্পর্শে বিধাতা বাধা দিল। স্ক্তরাং
নয়নের জল ফেলিয়া কি লাভ ? আমি দ্বিজগণের পক্ষেও
যে মৌনত্রত পালন করা কঠিন, ভাহা লইয়াছি। বলিলাম
ভো বিধাতা বাম হইয়াছেন। তুমি ভোমার রচিত মালা
সরাইয়া লও; এখন বেশভ্ষা করার সাধ দ্রে থাকুক।
কানে যদি একটি ফুলও দেখিতে পায় ভাহা হইলে ননদী
প্রমাদ ঘটাইবে। এই বদস্তমাদের আনন্দ হইতে আমি
বঞ্চিত হইলাম। কেননা, আমার এই কঠিন ত্রভদশায়
ভোমার দক্ষে কথা বলাও নিষেধ। তুমি ষেন ছল করিয়া
বিলাদের কথা বলিও না। গোবিন্দদাদ বলেন, হাতের
সঙ্কেতে আর কত বুরাইব ?

88% (季)

রক্ষনী গোঙায়লি রতি-ফ্থ-সাধে।
বিহানে ভেজলি ভাহে কোন অপরাধে॥
সোই চণ্ডি তুহু শস্কর দেব।
তক্ষ-আধ দেয়ব তাহে যাই সেব॥
কি কহব যে সব কয়লি তুহু কাজ।
লাজ পায়বি অব রিন্ধিন-সমাজ॥
ভাগল সহচরি না বোলই কোই।
পালটি চলল মুথে আঁচের গোই॥
বসন হেরি অঙ্কে ভাঙ্কল হল।
পুন কি কহব ভোহে কৈতব ছলা॥
গোবিন্দাস চললি আগুলারি।
আয়ল মন্দিরে কোই লখই না পারি॥

ভুকু ৪০৭

88৬ (খ)

শ্রী রাগ

যামিনি জাগি অন্দ দিঠি-পক্ষজে কামিনি-অধরক রাগ। বান্ধুলি-অরুণ অধরে ভেল কান্তর ভাল পরি অলতক দাগ। মাধব তুর কর কপট ফুনেহ। কিয়ে দরপণে হেরি হাতক কৰণ চল তুহুঁ তাকর গেহ। স্থীর কলাবতি সো শ্বর-সমর-রভিরণে বিমুখ না ভেল। হানি উর অন্তর নথর কুপাণে প্রেম রতন হরি নেল। পুরুষে অব কো ধনি প্রেমধনহীন জানি করব বিশোয়াস।

গুণবিহু হার সাথি এক তুয়া হিয়ে দোসর গোবিন্দদাস॥

সং ৩৮২, সমুক্ত ১৭৭

ভক্<u>ক</u> ৪ • ৯

ব্যাখ্যা— রাত্রি জাগিয়া তোমার নয়ন-কমল অলস

হইয়াছে অর্থাৎ ঘুমে চুলুচুলু করিতেছে, তাহার উপর

আবার কামিনীর পান খাওয়া ঠোঁটের দাগ লাগিয়া
বিষয়াছে। যে অধর ছিল তোমার বাঁধুলি ফুলের মতন
লাল, তাহা এখন সেই কামিনীর চোধের কাজল লাগিয়া
কাল হইয়াছে। কপালে তোমার আলতার দাগ।
মাধব! এখন কপটপ্রেমে আর দরকার নাই। হাতের
কঙ্কণ কি আবার আয়নায় দেখিতে হয় নাকি ? তোমার
বেশভূষাতেই সব বুঝা গেল। তুমি তার বাড়ীতেই যাও।
সে রতিযুদ্দে ধীরা ও কৌশলময়ী; সে যুদ্ধে সে বিম্থ
হয় না। সে তাহার নথরূপ কুপাণ তোমার বুকের মধ্যে
হানিয়া প্রেমরত্ব চুরি করিয়া লইল। এখন সেই প্রেমধনহীন পুরুষকে কোন্ হুন্দরী বিশাদ করিবে? তোমার
বুকে যে বিনা স্তার হার(নথের চিহ্নের মালা) রহিয়াছে,
তাহাই দাক্ষী দিতেছে। আর দাক্ষী গোবিন্দাদ।

889

ধানশী

জানলুঁ রে হরি ভোহারি সোহাগ। ষাক্ব দেহলি রজ্ঞনি গোঙায়লি তাহি করহ অহরাগ। বেশ অথণ্ডিত রতি-রণ-পণ্ডিত ঘন ঘন মোড় সি অঞ্চ। বেকত উজাগরি তে অহুমানিয়ে বিঘটিত ভামিনি-সঙ্গ ॥ মতি অহুরূপ গতি এহ বচন সতি আৰু দেখলু পরতেক। বিহি তাহে বঞ্চ যো পরবঞ্চ তুরজন দেখি না দেখ।

তুহঁ রস-সাগর বিদগধ নাগর
হাম মৃগধিনি কুল-নারী।
গোবিন্দদাস কহই তুয়া হবি সঞে

অফুনয় বুঝই না পারি॥

সা.প (১)—২১৩, ক. বি ১৪৮ তক ৪২৫ ১৫•, বৃ ২৪

ব্যাখ্যা— শ্রীকৃষ্ণ প্রভাতে শ্রীরাধার কুঞ্ যে বেশে আদিয়াছেন তাহা বিপর্যন্ত নহে দেখিয়া শ্রীরাধার বিদ্রুপ করিয়া বলিতেছেন—হরি! তোমার প্রেম খুর ব্রিয়াছি। যার দেউড়ীতে রাত কাটাইলে তাহাকে ভালবাসা দেখাও, যাও। তুমি যে কেমন রতিরণে পণ্ডিত তা তোমার অথপ্ডিত (যাহা কোন প্রকারে বিশুশ্বল হয় নাই) বেশ দেখিয়া নুঝা যাইতেছে। ঘন ঘন অঙ্গ মোড়াম্ডি নিতেছ; ইহাতে তোমার রাত জাগা এবং নায়িকা-সন্তোগে অসামর্থ্যও নুঝা যাইতেছে। যার যেনন মতি, তার তেনন গতি হয়, এ বচনেব স্ত্যভা তোমার ক্ষেত্রে আছে প্রত্যক্ষ দেখিলাম। যে পরকে বঞ্চনা করে, বিধি তাহাকে বঞ্চিত করেন—ইহা তর্জনেরা দেখিয়াও দেখে না। তুমি হইলে রসের সাগর, রসিক নাগর, আমি বোকা-সোকা কুলবন্। গোবিন্দাস বলিতেছেন যে, হরির সঙ্গে তোমার অন্যন্ত ব্যায় না।

886

ধানশী

স্থিগণ মেলি বহু ভরছন কেল।
মানিনি ভানি কিছু উতর না দেল।
কোপে কহয়ে ভন নাগর কান।
এতক করায়িদ কাহে অপমান।
কাহে তুর্ছ পুন পুন দগধিদ মোয়।
মাহ চলি তুর্ছ ধাহা নিবদয়ে দোয়।

অতয়ে চলহ তুহুঁ যাহা নিজ বাদ। ঝুকি কহত বেরি গোবিন্দাদ॥

তক্ষ ৪২৮

শব্দার্থ—ভরছন—ভং দনা। যাহা নিবসয়ে সোয়— দে যেথানে বাদ করে। ঝুকি কহত বেরি—ঝোঁক দিয়া ফের বলিতেছেন।

688

ভূপালী

(রসম্যা) না কর পরের বোলে ইহা পর্তিত। না হয় করহ শাস্তি যে হয় উচিত॥ অস্ব আসিব বলি শুনি ব্ৰহ্নগাজ। রোথে রাথল মুঝে মন্দির মাঝ। আমার দিগুণ তুথ তোমার লাগিয়।। অত্য়ে অরুণ আঁখি রন্ধনি জাগিয়া॥ না জানিয়া না ভনিয়া বোল পরিবাদ। আপনার মনে জানি নাহি অপরাধ॥ শ্পথি করিয়া বলি কর অবধান। স্বপনেহ ভোমা বিনে নাহি জানি আন ॥ নয়ন অরুণ কোপে কাঁপে বর তত্ত। কুটিল ভুরুর ভয়ে ভাঁজে ফুল-ধন্ত॥ মিনতি করিয়া বলি বিনোদিনীর পায়। অমুগত জনে উপেগিতে না যুয়ায়। সমৃথ সহিতে নারি বিমুথ তোমার। হা^f যা সম্ভাষ গোবিন্দদাসে আর ॥

क्य ४२

শক্ষার্থ—পরতিত—প্রতীত, বিখাস। অন্তর আসিব বলি শুনি ব্রজরাজ ইত্যাদি—পিতা নন্দ শুনিয়াছিলেন বে, আমি কিছুক্ষণ বাদে আসিব, তাই রাগ করিয়া (রোধে) আমাকে ঘরে বন্দী করিয়া রাধিয়াছিলেন। 800

বিভাষ

এ ধনি জনি কহ কাফুক সন্দেশ। বেকত তুহারি মৃথ কহই সবহ তুথ की कल वहन विस्थय। সবহু কুহুমে রম সো ষ্টপদ্সম হম তাহে এ হেন গঙারি। জানি তিহ্নিক স্বধি আরতি পঠাওলুঁ তো হেন প্রাণ পিয়ারি॥ এ তুয় অধর ভ্ৰমর পয়ে দংশল लादि कांक्र अदि शंन। জানলু পছ ছবম জলে ধোয়ল অলক ভিলক দুরে গেল॥ কণ্টক হিয়ে লাগল নীল-নিকুঞ্জ ঝামর ভেলহি জোতি। গোবিন্দাস তণ আন করিতে আন বিহি সঞে কিয়ে নহি হোতি

সা. প. (১)—২১৫, বৃ ২৪

₹: :03

পাঠান্তর – সা প আরছ-—যোষ্টপদ সম স্বহু কুম্মে রম।

ন্যাখ্যা—শ্রীরাধা শ্রীকৃঞ্বের নিকট যে স্থাকে পাঠাইয়াছিলেন, দে উপ হুকা হইয়। আদিলে শ্রীরাধা বলিতেছেন— কাছর খবর যেন বলিও না, ভোমার মূখের ভাবেই ব্যক্ত হইতেছে যে, ভাহার কত হুংব হইয়াছে—আর কথা বলিয়া কি হইবে? দে শ্রমবের মতন দব ফুলেই রমণ করিয়। বেড়ায়; আমি আবার গ্রাম্যা, ভাই আমাকে মনে লাগে না। ভাহার মভিগতি জানি বলিয়াই ভোমার মতন প্রাণের দ্বীকে পাঠাইলাম। ভারপর তীব্র বিদ্রাপ করিয়া বলিতেছেন, আহা! ভোমার কত কই হইয়াছে। অধ্য শ্রমবে দংশন করিয়াছে, চোখের জলে কাজল ধুইয়া গিয়াছে, পথের শ্রমে ঘাম বাহির হইয়াছিল, ভাই ভোমার

অলকা-তিলকা বিল্পু হইয়াছে। কদমকুঞে বুকে কাঁটা বিধিয়াছিল তাই দেহের জ্যোতি সান হইয়াছে। গোবিন্দাস বলিতেছেন, কি করিবে ও বেচারা। এক করিতে যাইয়া অত্য ঘটিল। এক করিতে যাইয়া অত্য ঘটিল। এক পড়িলে কি-ই বা না ঘটিতে পারে ?

805

পঠমঞ্জরী

সবহঁ আপন ভবনে গেল।
স্বদনি-চিতে চমক ভেল॥
নাসা পরশি রহল ধনা।
ইযত হাসয়ে বয়ন-চন্দ॥
সথি হে অপক্ষপ বর-কান।
কাঁহা গেও মঝু সে হেন মান॥
যে কিছু কয়ল রসিক-রাজ।
কহিতে অবহুঁ বাসিয়ে লাজ॥
বিভাপতি কহে এছন কান।
দাস গোবিন ও রস ভান॥

ত্ক ৪০০

মান

802

<u>ভ</u>ীরাগ

দ্র সঞে নয়নে নয়নে জনি হৈরবি
নিয়ড়ে রহবি শির লাই।
পরশিতে নিরসি করহি কর বারবি
যতনে রোখ নিরমাই॥
স্থানির অভয়ে শিখায়ব ভোয়।
বিনহি মানে ধনি সোণ বছবলভ
কবছ আশন বশ হোয়॥

পুছইতে গোরি চমকি মৃথ মোড়বি
হসইতে জনি তুহুঁ হাস।
করইতে মিনতি শুনই নাহি শুনবি
কহবি আনহি আন ভাষ॥
পড়ইতে চরণে বারি দিঠি পরজে
পূজ্বি সোম্থচন।

গোবিন্দদাস কহ যাক হৃদয়ে রহ তাহে কি ' এতহ' পরবন্ধ।

সা. প. (১)—১৫০ , ক. বি. ৭৭ ্তক ৫২৭, আ ৯৯ জনদা ২০১৯

পাঠান্তর—(১) নাহি—তরু (২) শিংরি—ক্ষ (৩) কিয়ে—ক্ষ (৪) সে—ক্ষ।

শকার্থ—নিয়ড়ে—নিকরে। শিব লাই—মাথা নীচু করিয়া। রোথ নিয়মাই—রোধ নিশ্মাণ করিয়া, কুত্রিম কোধ দেখাইয়া।

ব্যাখ্যা-স্থী শ্রীরাধাকে মান করিতে শিখাইতেছেন, কেননা বিনা ম''ন ১ সই বছবল্লভ কগনও বশ হন না (বিনহি মানে ধনি, সো বছবল্লভ, কবর্ত আপন বশ হোয়)। শ্রীক্রঞ্ যথন আদিবেন, তথন যেন দুব হইতে ভাহার চোথের উপর চোথ রাখিও না-কেননা, নয়নে নয়নে মিলন হইলে তুমি যে তাঁহাকে দেখিবার জন্ম উৎস্থক তাহা প্রকাশ পাইবে। এক্রফ যথন কাছে আগাইয়া আসিবেন তথন মাথা নীচ করিয়া থাকিও। শিক্ষ ভোমার অঞ্চলপর্শ কবিতে আদিলে তুমি বস্ত হইয়া যত্ন করিয়া ক্রোধ স্বস্টি করিয়া (ক্রভিম কোপে) কর ছারা শ্রীক্রফের করকে নিবারণ করিবে অর্থাৎ ঠেলিয়। দিবে। হে গৌরি, কোন কথা জিজ্ঞাদা করিলে চমকিয়া উঠিয়া মুধ ফিরাইও। তিনি হাসিলে তুমি থেন হাসিয়া ফেলিও না। তিনি তোমাকে মিনতি জানাইলে তুমি যেন তাহা ভ্ৰিয়াও শোন নাই, এমন দেখাইবে। এক কথায় অন্ত কথা বলিও। যথন একুষ্ণ ভোমার পায়ে পড়িবেন তথন তুমি তোমার নয়নকমল ফিরাইয়া লইয়া তাঁহার মুখচন্দ্রকে পূজা করিও অর্থাৎ পায়ে না পড়া পর্যান্ত মান ছাড়িও না। গোবিন্দদাস বলিতেছেন, ষে

হাদয় অধিকার করিয়া আছে, তাহাকে কি এমন করা যায় ?

800

ধানশী

রাইক হাদয়

ভাব বৃঝি মাধ্ব

পদতলে ধরণি লোটাই।

ত্ই করে তৃই পদ

ধরি রছ ম¦ধব

তবহু বিমৃথি ভেল রাই॥

পুনহি মিনতি কক্ন কান।

হাম তুয়া অহণত তুহু ভালে জানত কাহে দগধ মঝু প্রাণ॥

তুহ[°] ২দি স্করি মঝু মুথ না হেরবি হাম যায়ব কোন ঠাম।

তুয়। বিহু জীবন কোঞে রাধব

ভে**জ**ৰ অ**পিন প**রাণ॥

এতহ মিনতি কান্ত যব করলহি

তব নাহি হেরল বয়ান।

গোবিন্দদাস মিছই আশোয়াসল

রোই চলল তব কান।

ক. বি. ১৫১

ক ৪ ক

শব্দার্থ—গোবিন্দাস মিছই আশোয়াসল—গোবিন্দদাস শ্রীকৃষ্ণকে আথাস দিয়াছিলেন যে, শ্রীরাধা নিশ্চয়ই
ক্ষমা করিবেন। কিন্তু সে আখাস যংন মিখ্যা প্রমাণিত
হইল, তথন কানাই কাঁদিতে কাঁদিতে চলিয়া গেলেন।

808

ভিরোখা ধানশী

রাই-অনাদর হেরি রিস্কবর অভিমানে করল পয়ান। নয়নক লোরে পথ লথই না পারই পীত-বাসে মুছই বয়ান॥ হরি হরি নিজ অপরাধ' নাহি জান।

পো হেন প্রেম গহি কথি লাগি নিরদল
কাহে কয়ল মুঝে মান॥

মোহে উপেখি রাই কৈছে জীয়ব

পো হুখ করি অহুমান।

রদবতি-হৃদয় বিরহজরে জারব

ইথে লাগি বিদরে পরাণ॥

রাইক দখাদ স্থধা-বদ-দিঞ্চনে

তহ্ব তিরপিত করু মোর।

গোবিন্দদান ঘব যতনে মিলায়র

তব যুশ গাওব তোর'॥

क. वि. ३६२

তক ৪৩১, সং ৩৮৭

পাঠ:ন্তর—(১) অপমান—দং

(২) নাগর করুণা, শুনি হিয়া কাতর গোবিন্দাস মন ভোর ॥—সং

শব্দার্থ—রাই-অনাদর—রাইয়ের কাছে অনাদর পাইয়া। সোহেন প্রেম গহি, কথি লাগি নিরদল— এরূপ প্রেম গ্রহণ করিয়া আবার কেন নিরস্ত হইল (ভালবাদা দিয়া আবার উদাদীন কেন হইল) ? রদবতি-হৃদয় বিরহজ্জরে জারব—রাইয়ের কাছে অনাদর লাভ করিয়া এরুফের নিজের জন্ম ঘতটা তৃঃখ হইতেছে, তাহার চেয়ে বেশী তৃঃখ হইতেছে রাধার জন্ম। তাহার হৃদয় যে বিরহজ্ঞালায় পুড়িয়া ঘাইবে।

800

নন্দ নন্দন ব্যাজভূষণ
শয়ন স্থময় শেজ।

কি থণে তুয়া সনে লেহ কয়লহি ই
সেস ব দ্বহি তেজ।
শুন ব্যভামু-নন্দিনি রাই।
শ্বনী-মণ্ডলে কিরিভি রাথলি
এ তুয়া মান বিথাই ॥

ষে তুহঁ তাকর বিরস আনন
হৈরি মুরছিত ভেল।
কৈছে পামরি বচন এছন
নিদয় অস্তর শেল॥
তোহারি নাগর ধ্লি ধুসর
সে নহে লাগই ভোয়।
বাম করতলে বদন লম্বিত
ধরণি লিখি লিখি রোয়॥
বে জন তুহুঁজন বেদন জানয়ে
তাকর অস্তর জান।

माम त्यां विन्म ख्टा^व ॥

রায় চম্পতি

সা. প. (২)—: ০৪ অ ৬৬ (পদরনসাব)

পাঠান্তর—(১) ব্রহ্মরাজনন্দন—দা. প. (২) লেহ করল হে—অ (৩) অবলা-মণ্ডলে—অ (৪) ভাল মতি দে বিথাই—অ

(৫) যে জন হুহু জন বেদন নাহি জানে
তাকর অন্তর জান।
(রায়) রামচন্দর বচন মানহ
দাস গোবিন্দ ভবে॥

ना ३५

বচন মানহ

মন্তব্য—এটি যে মানের পদ তাহা অ-ধৃত পাঠ '(s) ভাল মতি দে বিথাই' হইতে বুঝা যায় না। সা. প. পুঁথির পাঠ অনেক ভাল, উহাতে চম্পতি নামও উল্লেখযোগ্য।

800

🗐 রাগ

যে জন তুয়া সঞে অক সক্ষ হি
শয়নে সূপনহি ভোর।
চমকি উঠি ঘন কাঁপি মুক্ছল
আধ নাম লেই তোর॥

মানিনি দো কি হিয়া নাহি জ্ঞাগ। কতত্বককণে তাহে বোধলি অবহু ঐছে বিৱাগ॥

সে ত হৃ হৃদ্দর ধৃলি-ধৃদর

সে মুখ নিরদল ভেল।

এ হুখ কোনহি দেল।

হরিকি রিভি-নতি বিরহে জীবতি

তেজি ওদন পান।

তুহ সৈ হন্দরি ভেলি দ্রবি

এ বড় সংশয় মান।

দেহ তেন্দ্ৰবি

তাহে উপেথবি

তেজবি ওনব লেহ।

মধক উন্মত

অতয়ে না মানত

দ।স গোবিন্দ থেহ॥

ভুরু ৮৯৫

পাঠান্তর— ?, ফ্রথপদলহরী (৩৫৭ পৃঃ) ও বস্থমতীর মহাজন-পদাবলীতে (পৃঃ ৩৬) 'যে জন' স্থলে 'তেজল' ছাপা হইয়াছে। 'তেজল তুয়া সঞ্জে'র কোন মানে হয় না।

ব্যাখ্যা - যে শ্রীকৃষ্ণ তোমার অঙ্গসঙ্গ পাইয়া শয়নে ও স্বপনে উন্মত্ত হইয়। থাকে, যে তোমার রাধা নামের 'রা' অক্ষর মাত্র উচ্চারণ করিতে বার বার চমকিয়া উঠে, এমন কি কাঁপিয়া মৃচ্ছা যায়, তাহার কথ। কি তোমার মনে জাগে না ? দে কত করুণ নিবেদন করিয়া ভোমাকে ৰুঝাইল; ভৰুও এরূপ বিরাগ রহিয়াছে। সেই ফুল্ব দেহ এপন ধুলিতে বৃদর ও মুখ নীবদ হইয়াছে, তাহার ছুই চোপ দিয়া জল বহিতেছে। এ হঃথ তাকে কে দিল ? হরির নিয়ম এই যে, সে বিরহকালে অরজন ত্যাগ করে, তুমিও তো তুর্বল হইয়া পড়িয়াছ। তাহাকে যদি তুমি ভালই না বাদিবে, তাহা হইলে তার ছু:থে তোমার অঙ্গ कृष इम्र ८कन-- এই मः भग्न जामात मन कार्ता। यहि দেহ ভাগে ভাগে করিতে ইচ্ছা কর, ভাহা হইলে কিছ কৃষ্ককেও হারাইবে, এই নবীন প্রেমণ্ড হার ইবে। ভোমাদের তুইজনের गर्धा मधाऋ रव

কাম দে পাগল, দেইজন্ম গোবিন্দদাদ হৈৰ্য্য ধরিতে পারিতেছেন না।

849

তথা বাগ

চান্দ-বদনি তৃহ রামা।
কাহে ভেলি অতি বামা ॥
হাম চকোর তৃয়া আশে।
পিবইতে কক অভিলাষে ॥
তৃহ ধনি ভেলি বিপরীতে।
ত্রে গেল বিহি-বরণীতে ॥
অহুগত-কিন্ধর দোখে।
তৃহ নাহি সমুঝদি রোখে॥
যবহ উপেধবি মোহে।
মামু বধ লাগব ভোহে॥
জগভরি অপ্যশ গাব।
গোবিন্দ্লাস মরি যাব॥

ভুকু ৫০৮

শব্দার্থ- বামা-প্রতিক্ল। বিহি-বরণীতে-বিধাতা বচিত। দোখে-দোষে। বোখে-বোষে।

ন্যাখ্যা—ভোমার মুগচন্দ্রের স্থাপান করিবার অভিলাষে আমি চকোর হইয়াছি। কিন্তু তুমি আমার প্রতি বিরূপ হইয়াছ, বিধাতা আমাদের মধ্যে যে প্রেম রচনা করিয়াছিলেন তাহা দূর হইল। তুমি রাগ করিয়াছ তাই অনুগত ভূত্যের দোষের পরিমাণ ব্রিতে পারিতেছ না। আমার দোষ আছে স্বীকার করি, কিন্তু যতটা দোষ তুমি মনে করিতেছ ততটা নহে।

806

ত্রী রাগ

ত্রজন বচন শ্রবণে তুহ[°]ধারলি কোপহি রোধলি মোয়। তুয়া বিনে শয়নে সপনে নাহি জানিয়ে স্বরূপে কহল সব তোয়॥ মানিনি মোহে চাহি কর অবধান। করিয়ে তুয়া গোচরে দাকণ শপথি ষাহে তুহু পরতিত মান। মহেশ সম জানিয়ে কুচ-যুগ কনক ভা পর ধরি হাম পাণি। ঘটহি করি পরিথহ নহে জনি ধর্ম-উচিত কহিয়ে এই বাণী ॥ অন্তর মাহা জলতহি মনমথ-অনল তুহুঁ জমু কাঞ্চন-গোরি। দাহদে উঠায়ব আনলে হেম সাঁচি জানব তব মোরি॥ ভোহারি লোমাবলি কাল-ভূজকিনি হার তর্কিণি জানি। গোবিন্দাস ভণি পরশ করহ ফ্ণি নাহি জ্নি ডুবহ পানি ॥

পাঠান্তর—বৈষ্ণবপদলহ্বীতে (পৃ: ৬৫৫) এবং বস্ত্যতীর মহাজনপদাবলীতে (পৃ: ৬৬) 'ত্রজন বচন'

বস্মতীর মহাজনপদাবলীতে (পৃ: ৬৬) 'ত্রজন বচন' পাঠ বিকৃত হইয়া 'গুরুজন বচন' ছাপা হইয়াছে। গুরু-জনের বচনে শুরুক্ষের উপর রাগ করা অপ্রাদক্ষিক।

उक द व दे

শক্তার্থ—শ্রবণে তুহু ধারলি - তুর্জনের কথা তুমি কানে তুলিলে। কোপহি রোগলি মোয়—আমার প্রতি রাশ করিলে। বাহে তুরু পরতিত মান—যাহাতে তুমি বিশ্বাস কর। নহে জনি ধরম-ঘটহি করি পরিপহ—না হইলে ভোমার কুচকে ধর্মবটরুপে স্থাপন করিয়া আমার পরীক্ষা কর। মনমথ-অনল অন্তর মাহা জলতহি ইত্যাদি—ধর্মঘট পরীক্ষায় যদি ভোমার বিশ্বাস না হয় তো অগ্রিপরীক্ষা কর। (জলস্ক আগুনের ভিতর হইতে সোনা তুলিয়া আনিয়াও যদি হাত না পুড়ে ভাহা হইলে এই পরীক্ষায় উত্তীর্ণ বলিয়া গণ্য করা হইত।) আমার বুকের মধ্যে মদনের জলস্ক অনল, আর তমি হইলে সোনার মতন

গৌরী। আমি আমার বুকের আগুনের উপর ভোমাকে তুলিয়া ধরিব, তাহা হইলে আমার সভ্যতা জানিবে। যদি এসব পরীকাও তোমার পছনদ না হয়, তাহা হইলে আমি সাপের মাথায় হাত দিয়া কিমা গলার জল ছুইয়া পরীকা দিতে রাজী আছি। শ্রীরাধা বলিতে পারেন, সাপ কোথায় পাইব ? তাহার উত্তর হইতেছে, এই যে তোমার নাভির নিয়ের লোমাবলীই ভুজিনী-তুল্য। আর তোমার গলার হার হইতেছে তরিদ্ণী গলা। গোবিন্দাস বলিতেছেন, তুমি ঐ ভুজিনীই স্পর্শ কর, তাহানা হইলে গলার জলে পরীকা। দিতে গেলে জলে ভ্বিয়া যাইতে পার।

800

গান্ধার রাগ

মধুর মুবলী শব্দ কর্দি. নয়নে দর্গণি প্রেম।

ইষং হাদিতে অমিয় বব্ধি, বচনে বর্ষি হেম॥

এছে কুলশাল ধর্ম গ্রাদি, হর্ষি মৃগধি-নারী।
তব্দণীগণে তর্গা তর্দি, মদন দায়ার বারি॥
কায় হে বুকলোঁ চাতুরি তোরি।
অথলাভ লাভে কে। পুন বুডব দো ছুগ দাগর ভোরি।
কো কংই মালতা, কে। কহে মাধবী, এছন ভর্ম দোই।
দো পুন জানলোঁ শাম ভ্রমর, আপন নাহিক কোই॥
তবহুঁ মালতি কর্গুঁ পীরিভি, যাক্র নিজ্বশ দেহ।
সহজে পরশ-মৃগধ মাধবী, বিফল তাক্র নেই॥
অতএ আপনা আপনি মুক্ছল, দম্বিয়ে দ্ব কাক্ষ।
মুবছিত মারি কি ফল দাধব,।বৃদ্ধী মদনরাক্ষ॥
চলহ অ্লুর বিনোদ মন্দির, অ্লুর অ্লুরী পাশ।
তুহারি এদ্ব স্থানর চরিত, গায়ব গোবিক্ষদাদ॥
সা প্ (২)—১৩৫

ভূলিয়া আনিয়াও যদি হাত না পুড়ে তাহা হইলে এই শব্দার্থ—বৃড়ব—ভূবিবে। ভোরি—পাগলিনী। পরীক্ষায় উত্তীর্ণ বলিয়া গণ্য করা হইত।) আমার বৃকের ব্যাখ্যা—এটা অহেতুক মানের পদ। শ্রীবাধা বলিভেছেন মধ্যে মদনের জলম্ভ অনল, আর ভূমি হইলে সোনার মতন ় —ভূমি মধ্র ম্বলীধ্বনি করিয়া, চোপের দৃষ্টিতে প্রেম

দেখাইয়া, ঈষং হাদিতে অমিয় বর্ষণ করিয়া, বাক্যে যেন স্বৰ্ণ করিয়া সানন্দে মৃগ্ধা নারীদের কুলশীল ও ধর্ম প্রাদ কর। তুমি তরুণীদিগকে মদনদাগরের জলে যেন নৌকা করিয়া পার কর। কিন্তু কাত্ন, তোমার সব চাতুরি বুঝিলাম। এখন আর হুখলাভের লোভে পড়িয়া কে ঐ তৃঃখরূপ দাগরে পাগলিনী হইয়। তুবিবে ? লোকেদের মধ্যে কেউ বা বলে তুমি মালতীর, কেউ বা বলে মানবীর; এমব ভুল কথা। আমি ঠিক জানিয়াছি শ্রাম হইতেছেন ভ্রমরতুল্য; তাহার আপন বলিতে কেহ নাই (সে 📆 ंফুলে ফুলে মধু থাইয়া বেড়ায়)। মালতীই তাহা হইলে তোমার দঙ্গে প্রেম করুক, কেনন। ভাহার দেহ নিজের আয়ত্তে, আর মৃধা মাধবীণ দেহ সহজেই পরবৰ, স্কুতরাং ভাষার প্রেম বিফল (মাধবী প্রেমে নিজেকে হারাইলা ফেলে, সে^ট শ্ল ভোমার মতন লোকের সঞ্চে প্রেম তাহার মৃত্যুর করিণ হট্টো। হে জয়যুক্ত মদনরাজ। দে তো সব ব্যাপার বুঝিয়া নিজেই মুর্চ্ছা গিয়াছে; এখন আব মুর্চ্ছিত জনকে মারিয়া ি লাত ?

८५० ज्ञानी

ভোহারি কোর পর যো হরি ভোর।
ত্যা নাম লেই যবহঁ ভেল ভোব॥
কভিহুঁ গেলি বলি মুক্ত দেহ।
তুহুঁ পুন ভোরি না বান্ধলি থেহ॥
এ ধনি বিছুবলি দো দিন ভোই।
কৈছে রহলি এত মানিনি হোই॥
ডোহে না হেরি ভিল যুগ ছিল যাক।
দো বিরহানলে পড়ল বিপাক॥
ফুলপর তুয়া সঞ্জে শৃত্য়ে যেহ।
তুয়া আগে ধ্লি লোটায়ই সেহ॥
আকে না সহ ফুল মালতি-দাগ।
বিদ্ধয়ে মদন-বাণ তহি লাখ॥

কবহঁ নাহ তুয়া দ্ধ না জান। গোবিলদাস কহ তেজহ মান॥

তুরা ৫১৯

ব্যাখ্য।—সংগী রাধাকে শ্রীক্তফের প্রেমবৈচিত্ত্যের কথা শ্বরণ করাইয়া দিতেছেন। (প্রিয়ন্ধন কাছে থাকিলেও মনে হয় নাই। এইরপ ভাবে বিরহে আকুল হওয়ার নাম প্রেম-বৈচিত্তা

প্রিয়স্ত সন্নিকর্ষেহপি প্রেমোৎকর্ষস্বভাবত:। যা বিশ্লেষধিয়াতি: স্তাৎ প্রেমবৈচিন্তামিক্ততে ॥

— উজ্জননীলমণি)।

স্থানির ! হরি তোমারই কোলের উপর থাকিয়া তোমার
নাম লইয়া পাগল হইয়াছিল, কোথায় গেলে বলিয়া মৃচ্ছিত

হইয়াছিল, তুমিও পাগলিনী হইয়া ধৈয়া হারাইয়াছিলে, দেই দব দিনের কথা কি ভুলিয়া গেলে?
তোমাকে একতিল সময় না দেখিলে যে য়ৢয় য়ৢয়ান্ত দেখি
নাই মনে করিত, দে এখন বিরহানলে পড়িয়া বিপয়

হইয়াছে। যে তোমার দহিত ফুলশয়ায় শুইত, দে এখন
ধ্লিতে গড়াগড়ি যাইতেছে। যাহার দেহে মালতী ফুলের
দাগটীও দহ্ হইত না, তাহাকে এখন লক্ষ লক্ষ মদনের
বাণ বিদ্ধিতেছে। তোমার নাথ কখনও ছাখকে জানে নাই
(আর এখন এত ছাল পাইতেছে)। স্থতরাং তুমি মান
ভাগে কর।

852

জয়জয়স্তী

তুবিহু সুখময় শেজ ' তেজ**ল** নিন্দ ' চন্দন চন্দ।

ত**্ল ভূতল ফুয়ল কুন্তল**

কাম-চামর-বন্ধ।

তেজ দাকণ মান মানিনি

নাহ গাহক ভোরি।

তুহঁ সে মরকত- মুরতি মানহ কাঁচ কাঞ্ন-গোবি॥ নীল উতপল দাম-শামর
ধাম ঝামর দেহ।
কুহুম-শর ধব বরিধে ঝর ঝর
নয়ন শাঙ্কন মেহ॥
বিবহু মোহন প্রত্যা লোচন

বিরহ মোচন এ তুয়া লোচন কোণে হেরবি কান।

রায় চম্পতি বচন মানহ

দাস গোবিন্দ ভাগ॥

সা. প. (১) ১৫৬ বরাহ ৪।৯৯২ (৩৭ পৃ:) ক. বি. ১৬২৯ **उत्र ६७३, मम्**स ३२०

পাঠান্তর-ক বি. (১) শয়ন (২) নিন্দই।

ব্যাখ্যা—তোমার বিরহে ক্ষ হথময় শ্যা ত্যাগ করিয়াছে; চন্দন ও চাঁদকে উষ্ণ বলিয়া নিন্দা করে; মাটীতে অবিশ্বস্ত কেশে শুইয়া থাকে, তাহার চুলগুলিকে মনে হয় যেন কামের চামর। হে মানিনি! তুমি তোমার ছুজ্জয় মান ত্যাগ কর; নাথ তোমারই গ্রাহক। তুমি নিজে কাঁচা গোনার মতন কঠিন বলিয়া শ্রীক্ষের যে মনোমোহন মূর্ত্তি তাহাকে মরকতের গ্রায় কঠিন বলিয়া মনে কর। যাহার দেহের কান্থি ছিল নাল উংপলের মতন শ্রামন, সে এগন ঝামার মত কালো হইয়াছে। তাহার উপর যথন মদন অনিবার শরবর্ষণ করে, তথন তাহার নয়ন দিয়া বর্ষার মেঘের মতন জল পড়ে। তোমার এই নয়নের প্রান্ত দিয়া একবার তাহার প্রতি কটাক্ষ কর, ভাহা হইলে কানাইয়ের বিরহজালা দ্ব হইবে। গোবিন্দাস বলিতেছেন, রায় চম্পতির কথা ভনা।

শুন সন্ধনি কী ফল মানিনি-মানে।

ঢীট কানাই কতহ-ভঙ্গি জানত

কো করু কত অবধানে ॥

শ্রামবি হেরি স্থিক রাই পুছত

সো কহ ব্রজ-নব-রামা।

তুয়া স্থি হোত যতনে চলি আয়লি

কোরে কর্হ ইহ শ্রামা॥

করতহি কোরে প্রশ স্ঞে জানল

করতাহ কোরে পরশ সঞ্জে জানল কামুক কপট বিলাস।

নাসা পরশি হাসি দিঠি কুঞ্চিত হেরত গোবিন্দদাস॥

ক বি. ১৬৪৫

ত্র ৫০৬, সমুদ ২০০

শকার্থ—মহি লেখই—অক্তমনম্ব ইয়। মাটাতে আঁচড় কাটিতে লাগিল। টাট কানাই—গ্রন্থ কানাই। শ্যামরি হেরি ইত্যাদি— শ্রীক্লঞ্চ নার বৈশ ধারণ করিয়। আসিয়াছেন। শ্রীরাধা তাহাকে চিনিতে না পারিয়। স্থাকে জিজ্ঞাসা করিলেন, এই ব্রজ্বাসিনীটা কে? স্থা উত্তর দিলেন, এ তোমার সহিত স্থাত্ব হাপন করিবার জন্ম মত্ব করিয়। এখানে আসিয়াছে; এই শ্যামাকে আলিঙ্গন দাও। শ্রীরাধা তাহাকে কোলে লইয়াই স্পর্শের হারা জানিলেন যে, এ কাত্বই ছলনা। গোবিন্দাস নাকে আসুল দিয়া হাসিয়। নয়ন সম্কৃতিত করিয়া দেখিতে লাগিলেন।

830

বিহাগড়া

প্রেম আগুনি মনহি গুণি গুণি

এদিন যামিনি জাগি।

মদন-পঙ্ব- কুঞ্জে রোয়ই

ভোহারি রদ-কণ লাগি॥

কিফল সানিনি মান মানদি

কাঞ্জানদি ভোরি।

৪৬২ কামোদ

কাম উপেধি বাই মহি লেগই
মানিনি অবনত-মাধ।
নিরুপম নাবি- বেশ ধরি দো হরি
আয়ল সংস্থি দাধা

তুহঁ সে জলধর অঙ্গে শোভিত

বৈছন দামিনি গোরি॥

নওল কিশলয়- বলয় মলয়জ
পক্ষ পদজ-পাত।

নয়নে ছটফট লুটই মহিতলে
তো বিহু দহ দহ গাত॥

জানহ পুনপুন সো পিয়া পরিখন
সোই পুজে পাঁচ-বাণ।
প্রতাপ আদিত্য ও রস গাহক
দাস গোবিন্দ ভণে॥

সা. প. (১) ৯৯, ক. বি. ১৬০০ তর্গ ৫২৮, ক্ষ-(দ) ৯০০, স্বতচ বাবা ৮৭

পঠি জ্বি— পদকল্পতকর ক গ. চ পুথিতে প্রতাপ আদিতা : ল বায়চপাতি ও রস্প্রাহক আছে। সংকীর্ত্তনা-মতের পাঠ মূলে দেওয়া হইল। উহাই বিক্ত হইয়া তক্তে দাঁড়াইয়াছে—প্রতি-আদিত ও রস গাহক। মা. প. পুঁথিতে ভানতা—বস গোবিন্দ ও রস গাহক দাস গোবিন্দ ভণে রে॥ অধ্যাপক স্থপময় মুখোপাধ্যায় লিখিয়াছেন যে, শান্তিনিকেতনের শ্রীমতা নীলিমা বিশ্বাস সংগৃহীত একটি পুঁথিতে পাঠ আছে—

ও রসগাংক প্রতাপ আদিত্য দাস গোবিন্দ ভণে রে। বিরহ মোচন ও তুমা লোচন রোজ ধ্বের কান রে। রায় চম্পতি বচন মানিতে দাস গোবিন্দ ভণে।

— প্রাচীন বাংলা স'হিত্যেব কাল্জ্ম, পৃঃ ১৯৬ ব্যাখ্যা— শ্রীকৃষ্ণ মনে মনে প্রেমরূপ আওনের কথা শর্বণ করিয়া দিনরাত জাগিয়া আছেন আর কামদেবের পঞ্জর বা কয়েদথানা পর্লণ কুল্লে তোমারই প্রেমেব এককণা লাভ করিবার জন্ম কাদিতেছেন (যে কুল্ল ছিল পর্র আনন্দের নিকেতন, এখন তুমি না থাকায় ভোমার শৃতিটুকু শ্রীকৃষ্ণকে সেগানে কয়েদথানার মতন বাঁধিয়া রাথিয়াছে)। হে মানিনি! মান করিয়া কিলাভ ? কাল্লকে তোমারই বলিয়া জানিও। মেঘের কোলে যেমন দামিনী শোভা পায় তুমিও তেমন শ্রামজ্লধরের অঙ্গে শোভা পাও। তোমার বিরহে শ্রীকৃষ্ণ নৃতন কিশ্লয়ের বলয়

পরিয়া চন্দনপদ্ধ মাথিয়া ও পদ্মপত্তের শ্বাায় শুইয়া ছটফট করিতেছেন, মাটাতে লুটাইতেছেন; তাঁহার গা যেন পুড়িয়া যাইতেছে। তুমি জানিয়া গুনিয়াই কেন বারবার সেই প্রিয়কে পরীক্ষা করিতেছ? সে তোমারই জ্বন্থ পঞ্চবাণকে পূজা করে। গোবিন্দদান বলেন, প্রতাপাদিত্য এই রদের গ্রাহক।

848

গান্ধার রাগ

কত কত আদরে ভরি কক কোর।
ঘন ঘন চুমন কাঁহা নাহি ওর ॥
শুনইতে আন ধনি কিন্ধিণীরাব।
চপলচীত তুযা উহি পয়ে ধাব ॥
এ হরি কি ফল এছন নেহ।
বক বিশহানলে জারউ দেহ ॥
তৈথনে মকু মনে লাগল ধন্ধ।
দো পরিরন্তণ আনহি ছন্দ ॥
কহত ভরমময় মরমক বাণা।
অধরন্থধা ভেল কাঁজিক পানি ॥
অব কি হিদি হিদি পিরীভি নেহারি।
তোহে বিশয়াদ্ব কোন গোগুরি॥
গোবিন্দদাদ কংই দতি গোরি।
ম্বলীক সানে না হোত যব ভোৱি॥

মা. প. : (১৬০)

ব্যাখ্যা শ্রীরাধার সহিত কেলিবিলাসের সময়
শিক্ষফের মৃথ দিয়া সহসা চন্দ্রাবলীর নাম বাহির হইয়াছে।
তাহ'তেই ক্রুদ্ধা হইয়া শ্রীরাধা বলিতেছেন— তুমি এদিকে
তো আদর করিয়া আলিন্ধন কর, ঘন চুম্বনের আর শেষ
নাই, আর ওদিকে যেই অন্তা কোন নারীর কিন্ধিণীর শব্দ
পাইয়াছ, অমনি সেইদিকে দৌড়াও; কেননা তুমি চপলচিত্ত। হরি! এরকম প্রেমে কি লাভ? এর চেয়ে
বিরহের আগুনে জলিয়া মরা ভাল। আজে ভোমার

আলিঙ্গনের ধরনই আলাদা দেখিয়া তখনই আমার মনে সন্দেহ জাগিয়াছিল। তারপর তোমার অমময় মর্মবাণী শুনিয়া তোমার অধরের অমৃত যেন পাস্তাভাতের জলের মতন লাগিল। এখন মার হাদিয়া হাদিয়া ভালবাদার চাহনি চাহিতেছ কেন? তোমাকে আর কোন্ মূর্থ নারী বিশ্বাস করিবে? গোবিন্দদাস বলেন, গৌরি! কথাটা সভ্য বটে, কিন্তু যখন ম্রলীর শব্দ শোন তখন যে পাগলিনী হইয়া উঠ।

8**ং**৫ ভূপানী

তুই বহ গ্রবিনি বাদক গেহ।

সো ভিগি আওল শংগুন মেহ।

তুই শৃতলি হুখময় পরিষ্ক।

সো ভরি আওল পাতর প্রঃ।

এধনি দ্র কর অদময়-মান।
পুন-ফলে মীলল রদময় কান।
কামিনি কি ভেজই কাস্থক কোর।

ঘনঘন গবজন অস্র মাহ।

বরুহত কোনে এ হেন বর নাহ।

না জানিয়ে কোই আরাধলি কাম।

গোবিন্দাস দেখব ভব গাঁচ।

কাকর অস্কনে কো পুন নাচ।

গাবিন্দাস দেখব ভব গাঁচ।

সা প. (১)---১৬২ ;

3.75 alb

শব্দার্থ—ভিগি আওল—ভিজিয়া আদিল। পরিষদ্ধ
—পর্বান্ধে, খাটে। তরি আওল—উত্তীর্ণ হইয়া আদিল।
বরজত কোনে—কে বর্জন করে ?

ব্যাখ্যা—তৃমি এদিকে গ্রবিণী হইয়। বাদগৃহে বদিয়া আছ, ওদিকে সে প্রাবণের বাদলায় ভিজিয়া আদিয়াছে। তুমি তো মন্তা করিয়া পাটে শুইয়া আছ, তাহাকে প্রান্তবের পাক ভাকিয়া আদিতে হইল। এমন অসময়ে কি মান করিতে আছে? স্থানির, পুণ্যফলে এই রসময় কানাই মিলিয়াছে। নিশীথরাত্রি, বিদ্যুৎ চমকাইতেছে, এ সময়ে কি কামিনী কাস্তের কোল ছাড়ে? আকাশের মাঝে বার বার মেঘ গর্জ্জন করিতেছে, এ সময়ে এমন শ্রেষ্ঠ নায়ককে কে বর্জ্জন করে? এত বলা সত্তেও যদি শ্রিক্ষকে আদর করিয়া না লও, ভোমার বামতা বা প্রতিক্লতা বজায় রাথ, তাহা হইলে জানি না কোন্ কামিনী কামদেবকে পূজা করার ফলে শ্রিক্ষকে লাভ করিবেন? তথন গোবিন্দদাস সতাই দেখিবেন কাহার অঙ্গনে কে ফের নাচে? তথন ভোমাকেই দৃতী পাঠাইয়া ভাহাকে থোসামোদ করিতে হইবে।

810

ধানশী

হৃদয়ক মান গোপসি তুওঁ থোবি।
বুকলম গল-জন-বচনহি ভোরি।
কীফল মানিনি মান বাচাহ।
তাকর দরশ পরশ অবগাহ।
বিচারিতে দোম-লেশ নাহি তাই।
গুণ গণ ইছন কাহা নাহি পাই।
পোবিন্দদাস-বচন হিয় লাই।
অভিসর ইথে জনি কর বহুয়াই।

जुक ६५०, मम्म २०२

শব্দার্থ— ব্রুলম থল-জন ইত্যাদি — ব্ঝিতে পারিতেছি তুমি থলব্যক্তিদের কথায় ভূলিয়াছ। ইথে জনি কর বছুয়াই—ইহাতে যেন বডাই করিও না (আমি অভিসারে গেলে আমার লঘুত। ইইবে এরপ মনে ভাবিও না)।

859

তথা রাগ

স্থিগণ-বচন না শ্নল মানিনি বোগে চলত নিজ্বাস। সো বরনাগর কাতর অন্তর

হোড়ল তছু আশোয়াশ।

হিরি হরি সবহু আন-মত ভেল।

মনমথ-অমিয়া সিনায়ব সহচরি

ক্যায় দহনে দহি গেল।

কাতরে কুঞ্জ তেজি সব কলাবতি

মন্দিরে করল প্যান।

পশ্ব বিপথ কিছু লথই না পারয়ে

মানিনি মলিন ব্যান।

ভোপিনি তপত তৈলে জন্ম জারিত

বৈঠল মন্দিরে ধাই।

জাগিয়া রজনি পোহায়ল সহচরি

গোবিন্দদাস অবগাই॥

শব্দার্থ—বোথে চলত নিজবাস—বাগ করিয়া নিজের বডৌ চলিয়া গেল। আশোয়াস—আশাস, এগানে আশা। মনমথ-অমিয়া সিন ইত্যাদি—দগী বাধাকে মদনের অমৃতে স্নান করাইবে ভাবিয়াছিল, কিন্তু কটু আওনে যেন সব অভিলাধ পুডিয়া গেল। ভাপিনি তপত তৈলে জমু জাবিত—শিবাধা ভাপমূকা হইয়া (পুড়িমা) যেন গ্রম তেলে ভাজা হইয়া ঘবে ঘাইয়া বসিলেন। অবগাই—হদয়প্রম কবিল।

866

জग़**ज़**ग़रुी

প্রাণ-পিয়া-ত্থ শুনি ঞা শশি-মুথি পুছই গদ-গদ বোল। অমল কুবলয় নয়ন যুগলহি

গলয়ে ঝর ঝর লোর।

বেশ বিশাহন স্বহু বিছুৱল

চললি পরিথরি মান। তেজ্ঞল কুল-ভয় নাহি গৌরব মনহি জাগল কান॥ পীন পয়োধর

জ্বন গুরুতর

ভারে গতি অতি মন্দ।

আারতি অস্তর

পন্থ ত্রতর

বিহিক বিরচন নিন্দ ॥

গঢ়ল মনরথে

ठएन ऋक्ति

বিঘিনি বিপদ নাহি মান।

মিলল ভামিনি

কুঞ্জ-ধামিনি

দাস গোবিন্দ ভাগ॥

ক. বি ১৬৭০

তুর ৫৮০, সমুদ্র ২০৪

ব্যাখ্যা—মানভদ বর্ণিত ইইতেছে। প্রাণপ্রিয় প্রক্ষের তঃথের কথা শুনিয়া চন্দ্রবদনা প্রীবাধা গদ্গদম্বরে তাঁহাব বার্তা জিজ্ঞাদা করিতে লাগিলেন। নির্মাল নির্মাল প্রতি লাগিলেন। নির্মাল নির্মাল প্রতি লাগিল। তিনি বেশভ্ষা প্রদাধন প্রভৃতি দ্ব দ্লিয়া মান তাাগ পূর্বক চলিলেন। কুলের কলছের ভয় ছাড়িলেন, নিজের গৌবববোধও ছাড়িলেন—কেননা মনেব মধ্যে যে কানাই জাগিল। তিনি তাড়াতাড়ি ঘাইতে চান, কিন্তু পীনপয়োধর ও ওক্ন নিতম্বের ভারে তাহা পাবিতেছেন না। মনের ভিতর মিলনের আত্তি অথচ পথ ত্তুব, ক্তরাং বিধাতার স্কৃত্তিকে নিন্দা করিতে লাগিলেন। তিনি নিজের মনে মনে তৈয়ারী মনোরথে চড়িলেন—বাধা বিপদ কিছুই মানিলেন না। গোবিন্দদাদ বলিতেছেন ধ্য, ক্ষুন্তরী কুঞ্জধানে দয়িতের সঙ্গে মিলিত ইইলেন।

833

শ্রী রাগ

বদন না কর মলিন ছান্দ।
বাদে জিয়ায়িদ পুনিম চান্দ॥
অধর বানুলি মধুর হাদ।
নিরদ না কর দীঘ নিশাদ॥
রাই হে অব তেজহ মান।
চরণে লাগিতত্ সাধ্যে কান॥

চঞ্চল নয়ন খঞ্জন জোর।
ভাঙ্-ভূজকম বছ অগোর॥
কী ফল মোহে এতত গোষ।
জগতে বিদিত দাসক দোষ॥
বচন-অমিয়া যে জন জিয়ে।
মান-কুলিশ দরশাও কিয়ে॥
গোবিন্দদাস চিতে এই হাস।
এ জন কর্য়ে মান অভিলাষ॥

সা. প. (১) -- ১৫৭

उक् ८৮२, ममूम २०६

ব্যাখ্যা-শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে বলিতেছেন-তুমি মুখের শোভাকে দ্রান করিও না। কেননা, আমার উপর মান করিয়া যদি তুমি এরপ কর, তাহা হইলে তোমার সহিত তুলনায় পূণিমার চাঁদ (যাহা স্বভাবতঃ তোমার সৌন্দয্যের নিকট পরাজিত) জিতিয়া যাইবে। তোমার বাধুলিরূপ অধরে মধুর হাসি লাগিয়া থাকে, উহাকে দীর্ঘ নিংখাসের ছারা নীরদ করিও না। রাধে! তোমার পায়ে ধরিয়া কানাই সাধিতেছে, তুমি এখন মান ত্যাগ কর। তোমার নয়ন্যুগল পঞ্নের মত নাচিয়া বেড়ায়, কিন্তু জ্ঞারপ ভুজিনী উহাকে আগুলিয়। রাখিয়াছে (জ্রকুটা করিলে নয়নের স্বাভাবিক শোভা দেখা যায় না)। আমার উপর এত রাগ করিয়া লাভ কি ? এ দাদের দোষ তে: স্বাই জানে, তুমিও জান, স্তরাং ক্ষমা কর। যে ব্যক্তির জীবনধারণের উপায় হইতেছে তোমার বচনামূত পান করা ভাহাকে মানরূপ বজু দেখাও কেন? (কথা বন্ধ कति (व रा भावा याहेता) त्रातिक नात्र मत् এইছন্ত হাসি পাইতেছে যে, দ্রীক্লফ প্রেমনীলার বৈচিত্র্য-সাধনের জন্মই শ্রীরাধার মান কামনা করেন।

890

ৰী বাগ

হৃদ্দরি জানলু তুয়া হ্রভান।
হরি-উর-মুকুরে হেরি নিজ ছাহরি
তাহে দৌভিনি করি মান॥

কুহ্ম-শরে জর জর কানন-কুঞ পন্থ নেহারই তোরি। কাহে কমল-মূথি ভাগে মিলল পুন রোথে চললি মুথ মোড়ি॥ কত কত মুগধিনি এছে ভেল বঞ্চিত হরি পুন তাহে না লাগি। তুহু পুণবতি তোহে ওহি মানাওত কি কহব তোহারি সোহাগি॥ তে৷ বিহু শৃতল শীতল ভূতলে ছুরতর বিরহ-হুতাশে। তুয়া কর-সরস পরশে রিঝাওহ তোহে কহ গোবিন্দলাসে॥ मा. প (:)--- ३०४, क वि ३५५४

পাঠান্তর—সাহিত্য পবিষদেব পুথিতে "কানন কুঞে কুন্তম শবে" ইত্যাদি হইতে আরম্ভ এবং পঞ্চম চরণে "কুন্দরি জানলু তুয়া পুরভান" ইত্যাদি আছে।

শব্দার্থ ত্রভান—স্রম, বিপরীত ধারণা। উর- মৃকুরে—নিশ্বল বক্ষস্থলর দদর্শণে। নিজ ছাহরি - নিজের ছায়া। মানাওত—মানভদের জন্ম প্রবোধ দেয়। বিকাওহ—ক্সকর।

ব্যাখ্যা—হে স্থনবি । এখন বৃনিলে তো তোমার ভুল ? হরির বক্ষরণ দর্পণে তুমি তোমার নিজের ছায়া দেখিয়া সভীন বলিয়া ভাবিয়াছিলে। (শ্রীক্ষণ ভোমাকে ছাড়া আব কাহাকেও কি বৃকে স্থান দিতে পারেন ?) তিনি বনের ভিতর কুঞ্জে মদনবাণে জর্জারিত হুইয়া তোমার পথপানে চাহিয়া আছেন। যদি ভাগাবশে এমন দয়িত পাইলে, তবে হে কমলন্থি! রাগ করিয়া মুখ ঘুরাইয়া চলিয়া যাইতেছ কেন ? কত কত প্রন্ধী শ্রীক্ষণকে দেখিয়া মুখ হুইয়াছে, কিন্তু হরি তাহাদের কাহারও প্রতি অন্থবক হন নাই, স্বতরাং তাহারা বঞ্চিত হুইয়াছে। তোমার পুণার জোর আছে তাই শ্রীকৃষ্ণ তোমাকে মান ভাকার জন্ম দাধিতেছেন। তোমার প্রেমের কি ভাগা! তেশমার বিরহে শ্রীকৃষ্ণ ভীষণ বিরহ-জালায় মাটীতে শুইয়া আছেন। তুমি তোমার দরদ করের '

্ম্পর্শিন করিয়া তাঁহাকে ছাই কর, ইহাই ভোমাকে গোবিন্দাস বলিভেছেন।

895

শুন ধনি কহি তুয়া কানে।
জনি করু অরুণ নয়ানে॥
হরি-হিয় অধিক উজার।
জন্ম নিময় দো মুকুর॥
কাহ্ম কোরে নহ আন নারী।
প্রতিবিম্ব ভেল তোহারি॥
ইথে যদি তুহু করু আনে।
সবহু হদব তুয়া মানে॥
এহন কতিছু না দেখি।
অবিচারে নাহ উপেণি॥
দোষ দেখি দূষহ তাই।
গোঁ নাদ বাল যাই॥

دهه به

শব্দার্থ—জনি করু অরুণ নয়ানে ইত্যাদি—চোথ রাক্ষা করিও না যেন। হরির বুক অত্যক্ত উজ্ঞান, যেন মণি দিয়া তৈয়ারী দপণ। দোল দেখি দুষহ তাই—সত্য সত্য যদি কেহ দোষ করে, তবে তাথাকে দোষ দাও। গোবিন্দদাস তোমার বুদ্ধির বলিহারি দিতেছেন।

८१३

ভূপালী

রদবতি রাধা রদময় কান।
কোজানে কাহে কয়ল ছহু মান॥
তুহু অতি রোধে বিম্থ ভই বৈঠি।
তুহু চলল বৃন্দাবন পৈঠা ।
কি কহব দথি কহইতে হাদ।
কিয়ে কিয়ে না কফ মদনবিলাদ ।

লোচনলোরে ভোরি হুহুঁ পছ।
পাওল তিমির নিকুগ্ধক অস্তা।
হুহুঁ হুহুঁ পূছ্ইতে হুহুঁ মতি বাম।
হুহুঁ কয়ল নিজ নিজ স্থি নামত॥
ভরমে কহত হুহুঁ মরমক বোল।
সহচরি বলি হুহেঁ হুহুঁ কফ কোর॥
যব হুহুঁ মেলি আলিঙ্কন দেল।
গোবিন্দান কহ পুন্ধ কিয়ে ভেল॥

সা. প. (১)---১৬১

उत १२२, म्यूष २०१

পাঠান্তর—তক্ত—(১) চললী যনুনা জলে পৈঠা (২) অদভ্ত হৃহক বিলাস (৩) হৃহ সে কহল নিজ সহচরি নাম (৪) তব।

ব্যাখ্যা—এই পদটা অকারণ মানের। কামের বশে কি কি অন্তুত কাষ্য ইহার। ন। করেন ? অ'ধারের মধ্যে নিকুলের শেষ দীমায় যাইয়া উপস্থিত হইলেন। আঁধারে কেহ কাহাকেও দেখিতে পাইতেছেন না; তাই "কে ওখানে" "ফুবল নাকি »" "কে, ললিত।"—এইরূপে উভয়েই নিজ নিজ বন্ধুর নাম করিলেন আর স্থহদ্ভ্রমে তাঁহাকে অন্তরের দ্ব কথা বলিলেন, শেষে দেই ভ্রমের বশবতাঁ হইয়াই প্রস্পার আলিন্ধনবদ্ধ হইলেন। আলিন্ধন দিবার পর গোবিন্দ্রদাস জিজ্ঞাস। করিতেছেন, তারপর কি হইল ?

899

কেধার

ইহ মধু যামিনি মাহ।
কাংখ লাগি ' মান- দহনে তম্ম দহি দহি
হুহু মুখ ছুহু নাহি চাহ॥
উহ স্পুরুথ-বর ' বিদ্যধ-শেখর
এ অবিচল-কুল-বালা।
বিহি ও না জানল মদন ঘটায়ল
জম্ম জলধবে বিহুমালা॥

চাঁদ উদয়ে কিয়ে কুমুদিনি মুদিত চাঁদনি-বিমুখ চকোর। কথিছ' না পেখিয়ে এছন যামিনি কিয়ে বিহি-মতি অতি ভোর। তুহু তহু পরশে ক্ষণিক পরশ-রস জবু জলধরে বিত্মালা। ইছন কামিনি ও স্থপুরুখ-বর इइंक इनर् नव वाना ॥ শুনিয়া তুহু হর্ষিত সহচরি-বচন वृद्धं मूथ (इति वृद्धं शाम। তুহু ক অমুভব পুরল মনোরথ গোবিন্দদাশ পরকাশ ॥

नम्हराज, उक्त ७०२

পাঠান্তর—তরু—(১) কথি লাগি (২) "উই স্থারুথ-বর" ইত্যানি সমুদ্রে নাই। সমুদ্রে "তুই মুখ নাহি চাহ"-র পর আছে "চান্দ উদয়ে কিয়ে কুম্দিনী" ইত্যাদি। এই পাঠই সক্ষত মনে হয়।

শকার্থ—চাঁদ উদয়ে কিয়ে ইত্যাদি—চাঁদ উদিত হইলে কি কুম্দিনী চোধ বুজিয়া থাকে ? চকোর কি কথনও জ্যোংসার প্রতি বিনুথ হয় ? তুহ ওয়ু পরশে ইত্যাদি—তুইজনের তয়স্পর্শের ফলে ক্ষণিক স্পর্শের আনন্দ উহুত হইল, যেন মেঘে বিত্যুতের মালা প্রকাশিত হইল।

> 8**9**3 স্হই

কোরে রহিতে খো মানয়ে দ্র।
সো অব কৈছন ভিন ভিন কৃর॥
না ব্ঝিয়ে দাকণ প্রেম-তরঙ্গ।
করইতে আন আন ভেল রঙ্গ।
স্করি ঐছন সো করু মান।
পর-বেদন হিছে খো নাহি জান॥

তুয়া লাগি যো হরি করত ধেয়ান।

সো হথে তুহুঁ ধনি ভেলি অগেয়ান॥
ধরণি বিলম্বিত বিরস-বয়ান।
কাহে বাঢ়াহ অকারণ মান॥
ভাম-কলেবর ধূলিক সাত।
মলিন বদন ভেল দ্বর গাত॥
কমল-নয়ানে নীর ঘন গলই।
তোহার অরুণ দিঠি নিঝরহি ঝরই'॥
সো তত ছট-ফট মদনকি বাণে।
তোহারি মরম-তুথ মরমহি জানে॥
করণ-নয়নি ঠেঠং পিয়া পাশ।
চরণে লাগি কহ গোবিনদাস'॥

সা. প (২)—১০৪ ক. বি ১৬৬০ ত্রু ৬-৫

পাঠান্তর— সা প. পুথির শেষ চারি চরণ এইরপ :—
সোম্থ নিরস না কহ কনি।
ধরণী ল'ষিত তুহ বিরস বয়ানি॥
তেজি মান চল সোপত পাশ।
চরণে লাগি কয়ে গোবিন্দান॥

শব্দার্থ—কোরে রহিতে যে। ইত্যাদি—যাহার।
পরক্ষারের ক্রোড়ে থাকিলা ওদ্বে রহিয়াছে মনে করে, ভাহারা
এখন কেমন ভিন্ন ভিন্ন থাকিয়। কাদিতেছে! তুয়া লাগি
যো হরি করত ধেয়ান ইত্যাদি—ফুলরি! হরি ভোমার
জ্ঞা যে ধ্যান করেন এই স্থাই তুমি মজ্ঞান হইলে, ভাহার
ছংথের কথা ভাবিয়া দেখিলে না ? দে মাটীতে লুটাইয়া মুধ
ভার করিয়া আছে। কেন অকারণ মান বাড়াইতেছ ?
ভামের দেহ গ্লায় ধ্দরিত, তাহার মুধ মলিন, দেহ তুর্কল।
ভাহার কমলনয়নে অবিরত জল পড়িতেছে, ভোমারও
অঝোর ধারায় কাঁদিয়া কাদিয়া চোধ লাল হইয়াছে।

890

নিজ তত্ত জারি দহন সঞে কাজর স্থাম ভ্রমর সম ভেল। সো মৃথ হেরি সদয় তুহঁ হৃদরি
নয়ন কমল মাহা কেল ॥
মানিনি না ব্বািয়ে ভোহারি বিলাস।
যে দিঠি লাগি হাম পুন জলতহি
দাকণ বিরহ হুতাশ ॥
সথি সঞ্জে কত কহত যব হেরসি
বেরি একু নয়ন তরক্ষ।
সো কাজর সঞ্জে নিজ তহু পরিথিএ
কো অতি শাসর অগ ॥
রসবতী হৃদয়ে কবহু জনি প্রশ্রে
ঐচন বিরহ হুঁতাশ।
কর-অরবিন্দ প্রশি বকু প্রেথত
কহতহি গোবিন্দ্দাস।

না প. (১)— ১৫১ ববাহনগৰ পুঁগি ৪ (৩)— ১৬

ব্যাখ্যা - শ্রীক্ষণ শিশাকে বলিতেছেন, নিজের দেহ বিরহরপ আওনে পুড়েয়া যাওয়ায় কজলের তায় ভামবর্ণ ভ্রমরতুলা হইয়াছে। কাজলের সঙ্গে নিজের দেহ মিলাইয়া পরীকা করিয়া দেখ, কার বর্গ বেশী ভাম। কিন্তু ক্ষণ্ড রাধার আলিন্দন চাহিতেছেন না, কেননা তাহার কদয়ের সন্তাপে শ্রমতী জলিয়া যাইতে পাবেন, তাই করি গোবিন্দাস বলিতেছেন যে, আলিন্দন না করিয়া এবং করকমলস্পর্শে পরীক্ষা করিমা দেশ ভামেব বুকে কতথানি ভাপ।

893

তথা রাগ

মুঞি জানছ হরি রাইক পরিহরি
স্থপনহ আন না জান।
বিদগধ-বাদে কোই পরিবাদব
তেঞি কিয়ে তেজবি কান॥

স্থল বি নাগর নাহ স্থান।
কুম্বল-পিঞ্চেরণ নিরমঞ্জ

অব কিয়ে পাবিদি মান ॥

যাকর মূরলি আলাপনে কত কত
কুল-রমণীগণ ভোর।
ভোহারি-প্রেম-ভরে বাত না নিকসই

ততয়ে কি মানদি পোর॥
প্রেমক দহন প্রেমপয়ে শীতল
আন হোত নাহি আন।

কিশ্লয় মলয়জ চন্দনে দগ্ধই

গোবিশ্দাদ প্রমণে॥

না. প. (১)--১৬৩

তক ২০৩৯, সমুদ্র ২০৫, কংগদা

₹ • 18

পাঠান্তর—কণদাতে আরম্ভ—দেখ স্থি। নাগ্র নাহ ফুজান। সমূদ্রে আরম্ভ—দেখ স্থি নাগ্র স্কুজান। এই ফুই স্কুলনে প্রথম চারি চর্প নাই।

ব্যাখ্যা- আমি বেশ জানি যে, ইবি বাই ছাড়া আর কাহারও কথা স্থাও ভাবেন না। এরকম ক্ষেত্রে কেউ যদি তাহাকে রদিক নাগর বলিয়া অপবাদ দেয়, তাহা হইলে কি তুমি কানাইকে ত্যাগ করিবে? হে স্কন্ধি! তোমার নাগর স্থজন। তিনি তাহার মাথার চুল দিয়া তোমাব চরণ মুছাইলেন, তবে আর কেন মান করিয়া থাকিতেছ? বাহার মুবলীর ধ্বনি শুনিয়া কভ ক্লবতী নারী পাগল হয়, তিনি তোমার প্রেমভরে কথাটি প্যান্ত বলিবার শক্তি হারাইয়াছেন, একি কম কথা? প্রেমায়িব জালা প্রেম-জলেই শীতল হয়। অন্ত জিনিষ্ দিলে বিপরীত ফল হয়। তাই কিশলয়, মলয়পবন ও চন্দন-প্রয়োশে লালাবাড়ে; এ কথাব দাক্ষী গোবিন্দাদ।

899

ভূপালী

তেরছ নয়নে ধনি হেরই বামে। তহি নহি দেখল নাগর ভাষে। চমকি উঠই তব চৌদিশে হেরি।
স্থিগণ আড়ে নেহারত গোরি॥
যব নহি দেখল নাগর কান।
ছ্রহি দ্রে গেও রোথ সঞ্জে মান॥
তবহি করই ধনি কত অহ্বন্ধ।
হিয়পর জাগল সো ম্থচন্দ॥
স্থিরে পুছই তব কাহা মঝু নাহ।
কহইতে বাঢ়য়ে বিরহক দাহ॥
গোবিন্দদাস কহ কৈছন মান।
অবিচারে কাহে উপেথলি কান॥

ত্র ৯৪

শব্দার্থ—তেরছ নয়নে—বিষম দৃষ্টিতে। আড়ে— আড়চোখে। বোধ দঞে মান—বোধও দ্বে গেল, মানও দ্ব হইল।

896

কামে'দ

অস্তবে উথলল প্রেম-তরক।
গোই বোই চলু দোতিক সক॥
আগুদরি ধরতহি দোতিক পাণি।
মঝু লাগি যতনে কহবি দউ বাণি॥
ধনি যদি বোধে সহবি নিজ গায়।
ইথে লাগি তুহারি ধরত হম পায়॥
এত কহি নাহ দোতি হছ মেল।
কুঞ্জ-নিয়ড়ে আসি উপনিত ভেল॥
নাগর অক্স-গন্ধ ধনি তহি পাই।
ত্যিত চাতকি জন্থ চৌদিগে চাই॥
তৈথনে স্থম্থে আয়ল যব কান।
নাহ হেরি ধনি বাঢ়ল মান॥
গোবিন্দদাস কহ কি কহব হাম।
আপনে ভাক্স মানিনি-যান॥

3 A b

শব্দ প্রতি কোই চলু—গোপনে কাঁদিয়া চলিল। দউ বাণি—ছটী কথা। ধনি যদি রোথে ইত্যাদি—সেই হন্দরী যদি রাগ করিয়া ত্কথা শুনাইয়া দেয়, তাহা সহ্ করিয়া লইও।

895

ধানশী

নাগর পুন যাই পদ ধরি সাধই তবহু সদয় নহ বাই। আকুল চিত-মন ছল ছল লোচন কাতরে স্থি মুথ চাই॥ ললিতা ললিত বচনে কত বোলই ওন বুষভাত কুঙারি। কোন পরাণে তুহু নাহ উপেগলি কারণ বুঝই ন পারি॥ বিশাথা কহত নহত ইহ সমূচিত সে। বছ বল্লভ কান। ফিরি যব যায়ব থোঁজি ন পায়ব দগধবি হমার পরাণ॥ তুঙ্গ ভঙ্গি করি কহতহি বেরি বেরি হম সব নহি তুয়া কাজে। হিত কহিতে যদি অনহিত মান্দি ঘরে বদি করহ বিরাজ। চিত্রা চতুরি মধুর করি বোলই মানে বহলি তুরুঁ মাতি। তোহারি নাহ চরণে পড়ি কান্দই হেরইতে বিদরয়ে ছাতি॥ স্থদেবি সমুখে আসি বলে মোরা তুয়া দাসি ভন রাই কর অবধান। খেম অপরাধ পাদ ধরি সাধর্ট তেজ ধ্নি দাকণ মান। नवह नवी भिनि कवरे शूढांश्रमि কর পদ ধরি কত সাধে।

স্থিগণ লথে বচন তহি বোলই তবছ না মানই রাধে ॥ মন-অফরাগে ভরল বর-নাগর রোই রোই চলি ঘাই। আকুল নাগর অন্তর গর গর গোবিন্দদাদ রদ গাই॥

@ > 0 >

শব্দার্থ—দগধবি হমার পরাণ—তোমার দয়িত ফিরিয়া গেলে শেষে আমাদের প্রাণ জালাইয়া মারিবে। স্থি! তাহার পক্ষেই মান করা সম্ভব ধে ধৈর্যক্ষপ সোনা দিয়া হৃদয়রপ পাষাণ বাঁধিয়াছে। (অত্যন্ত কঠিনহৃদয়া নারীই হরির উপর মান করিতে পারে।) বিছরত মনে রভ জাগি—ভূলিবার চেটা করিলে আরও বেশী করিয়া মনে পড়ে। নিন্দল্ সপনে ইত্যাদি—
নিদ্রার মধ্যেও স্বপ্রে সে ছাড়া অক্সকে দেখি না। গোবিন্দদাস ব্লেন, এতো পরম সৌভাগ্যের কথা।

800

স্থহই

বারত নয়নলোরে পরিপূরিত

হৈগনে সো মৃথ চাহ।

দেয়ত ঘূ পলটি পুন আওত

মান কৈছে নিরবাহ॥

সজনী হরি সঞ্জে সো করু মান।

যে গুণবতি ধনি ধৈবজ-কাঞ্চনে

বান্ধল হৃদয়-পাষাণ॥

গুণি গুণি দোথ রোথ যব মানিয়ে

তৈথনে উপজ্যে হাস।

করইতে কঠিন বচন যব সাঁচিয়ে

নিকসই মধুরিম ভাষ॥

চলইতে অনত চরণ ফিরি আওত

বিছরত মনে রল্ জাগি।

নিলল্ সপনে আনি নহি হেরিয়ে

গোবিন্দাশ কহ ভাগি॥

অ ১ • •

ব্যাখ্যা-বারত নয়ন লোবে ইত্যাদি - যথনই তাহার মুখের দিকে চাওয়া হয় তথন চক্ষু জলে পূর্ণ হইয়া বাধা দেয়। ঘোমটা দিলে চকু পুনরায় ফিরিয়া আদে। 867

বাল: ধানশী

শজল পহজ-দল পত্মিনি আলী।
পরশিতে তর্সি চমকে বনমালী॥
দো তক্য ছটফটি হেরি হিয়-দাবে।
লেপইতে চন্দনে লাথ হয়ে বাধে॥
শুন শুন স্থলরি পড়লিহ চরণে।
না জানি কি হয়ে তুয়া বিরহক বেদনে॥
তিলে কত মুরছি পড়য়ে পছ ভোর।
অক্সংণ গলয়ে নয়নে বছ লোর॥
ফুকরি ফুকরি ঘন রোয়ই শুাম।
ঘর ঘর শবদে লেই তুয়া নাম॥
ভাহে বেঢ়ি রোয়ই প্রিয় স্থিগণ।
বৃঝি আওলুঁ হম তুহারি সদন॥
তুহুঁ মানিনি অতি করসি উদাস।
কিয়ে সমুঝায়ব গোবিন্দাস॥

সা. প. (२)-- ১ • ৪

ञ ১०७, गैडिहत्सामग्र २८०

ব্যাখ্যা—বনমালী বিরহে এমনই আকুল যে, সঞ্জল পদ্মের দল ও পদ্মিনীতুল্য স্থীকেও স্পর্শ করিতে ভয়ে চমকিয়া উঠেন। অতি কর্মি উদাস—অত্যন্ত ওদাসীক্ত দেখাইতেছ।

৪৮২ দেশকার

রাইক সংবাদ কে৷ আনি দেব এমন ব্যথিত কেহ নাই। মান ভরমে ভরে হাম চলি আয়ন্ত প্রাণ বহল তছু ঠাই॥ রাই আপন বিপদ নাহি মানি। হামারি অদর্শনে রাই কৈছে জীয়ব ধনী জনি তেজ্বয়ে পরাণী ॥ গুরুজন গণ্ডন ভঞ্জন লেওল নিজপতি বিবিধ বিধানে। হামারি কারণে ধনী এত তুথ সহতহি তবে করল তু মানে। রাইক গুণগান সোভরি দোভরি পুন তেজ্ব পাপ পরাণ। গোবিনদাস কহে ধৈর্য ধর চিতে

क. वि. ১६६२

ব্যাখ্যা—ধনী জনি তেজয়ে পরাণী—আমার নিজের ছংথের কথা গণন। করি না। আমার অদর্শনে রাই কেমন করিয়া বাঁচিয়া থাকিবে তাহাই ভাবিয়া আকুল হইতেছি।
সেই ক্দরী যেন প্রাণত্যাগ না করে।

রাই দনে মিলব কান॥

860

স্করি সঙ্গহি রাথবি কারে।
হাম অফুগত জন তুর। পদ দেবিব
সমীপে বহব নিশি দিনে॥
মুগমদচক্ষন অঙ্গহি লেপব
সীথেঁ দেওব সিকুরে।
বতন মঞ্জির চরণে পরাওব
কুঞ্জিত সঞ্জিত চীরে॥

তুয়া পদ পরশে ভাব যব হোয়ব যতনে নিবারব চীতে। গো:বিন্দদাস কহ কপট হুনাগর ছোড়হ ঝূটকি বাতে॥

স ৩৯২

ব্যাখ্যা— শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে অন্থনম করিয়া বলিতে-ছেন, হে স্করি! কানাইকে সঙ্গে রাখ। তুমা পদ পর্নশে ভাব যব হোয়ব—তোমার চরণ স্পর্শ করিলে আমার প্রাণ ব্যাকুল হইয়া উঠিবে ভোমার সর্কাঙ্গ স্পর্শ করিবার জন্ম, কিন্তু আমি কথা দিভেছি যে, ঐরপ ভাব মনে জাগিলে আমি ভাহা যত্ন করিয়া নিবারণ করিব। গোধিন্দাস বলিভেছেন, হে কপট স্থনাগর! এসব মিছা কথা বলা ছাড়।

863

মুকুট উতারি জটাজুট বান্ধল পৃথিরল ফটিক মাল। চলন উতারি ভ্ৰম চ্ছাওল বাউলবেশ বনাল 🛭 পীত্ৰট ছোডি কোপিন পহিৱল শভা কি কুওল কানে। ময়রক পুচ্চ হাত ধরি মাধ্ব আ এল শিশারব করতহি। গোরপ জাগাই জটিলা ভীথ আনি দেল। মৌনী ঘোগেশ্বর মাথ ঢুলাওভ বৃবল ভীথ নাহিঁলেল। কিএ তুহু মাঙ্গত জ্টিলা কহত যোগী কহত বুঝাই। তো বধু হাথ ভীগ হাম লেয়কি তুরতহি দেহ পাঠাই॥ পতিবছতা বিফ ভীপ যদি লেয় কি ষোগিবরত ভএ নাশ।

শ্রবণে তহু পুলকিত তাকর বচন धाहे कहन तपृथान ॥ ষারে যোগিবর শরির মনোহর कानी त्यान् जन्माता। প্রেম ভকতি করি রতন থারি ভরি ভীথ দেহ তছ ঠামে ॥ গোধুম চূর্ণ পূর্ণ করি থারহি রতন কটোরহি ঘিউ। করে কর জোডি লেহ করি ফুকরই তাহে হেরি থর থব জিউ॥ যোগী কহত হাম ভীগ নাহিঁলেয়ঞ্চি ও মুখ বচন এক চাই। যো অভিযান্ড नक-नक्त পत्र भाक करह पत याहै। হাসি হাসি হুৱ ঝাপল জানল ভেগধারি নটরাজ। গোবিনদাস কয় রসিক শিরোম্ন নাধল মানস কাছ।

পাঠান্তর-প্রথম চারি চলও সা. প. পুথি হইতে গৃহীত। তকতে আরম্ভ-গোর্থ জাগাই, শিশারব করতহি।

শকার্থ—গোবথ—গোরক্ষকদিগকে। জাগাই— জাগাইলা। পতিবরতা—পতিরতা।

860

ললিত। ললিত বচনে বহ কহলহি
ত্বন ব্যভাক কুমারি।
এ হেন সম্বাদ বাম পদে কাহে ঠেলসি
পুন নাহি পায়বি ফেরি॥
হাম তুয়া সন্ধিনি বন্ধিনি বসিকিনি
সে সব সময়ক সাথি।

আব তুয়া রীত চিত নাহি সম্ঝিয়ে
না ব্ঝিয়ে বচনক ভাঁতি ॥

কি কহব কি তোহে ককিলে কী হোয়ব
বাত না রাথবি মোর ।
ব্রহ্মকুল চাঁন চরণে ধরি লোটত
এ কিয়ে ত্রমতি তোর ॥

করে ধরি কত শত নীত ব্ঝায়লু
তবহু সদয় নাহি ভেল ।

হই অবনতম্থী নথে মহি লেখই
গোবিনদাদ চিত শেল ॥

क. नि. ১৬১৫

শব্দার্থ—রহ কহলহি—গোপনে বলিল। ককিলে কাহোয়ব—কি করিলে কি হইবে। নীত বুঝায়লু— নীতি কথা বুঝাইলাম।

865

গলে অম্ব ধরি জোরি যুগল কর
বিশাখা সথি পুন কছই।
হাম পব কহে তুয়া অফুগা কছইয়ে
মিচাই নিকটে তব রহই॥
মানিনি মান সমাপি সদয় হও
হেরহ নাহ-বয়ান।
খেনে দোষ বাত কত কও হোয়ত
জারেত সব দিন না রহে সমান॥
পুন অবধি ল রাই।
যে কয়লি সে কয়লি অব ঝুট নাহি সাজই
করে ধরি লাখ বুঝাই॥
এত শুনি রাই বদন ফেরি বৈঠল
বিশাখার বচন উপেখি।
নাস অঙ্গুলি করি সব স্থি রহতহি
গোবিন্দ্রাস্ দুরে দেখি॥

ক. বি. ১৬১৮

শব্দার্থ- গলে অম্বর ধরি--গলবন্ত্র হইয়া। নাস অঙ্গলি করি--নাসিকার উপর অঙ্গুলি দিয়া। আমরা এখন অবাক্ হওয়া অর্থে গালে হাত দেওয়া বলি, গোবিন্দদাস বহুস্থানে ঐ অর্থে নাকে হাত দেওয়া প্রয়োগ করিয়াছেন।

869

চিত্রা চতুরি চরণে ধরি রোওত
বর বর বর বরেরে নয়ান।
গদ গদ ভাস প্রকাশি কত কহতহি
রাই রহু মুদিত নয়ান॥
হরি হরি বন্ধর সমান হিয়া রাধা।
এ স্থুখ সম্পদ বিধি দেই লেওল
মিটল পিরিভক সাধা॥
সথি সব কাতরি উমরি বুমরি
কত রোওত লুঠত পদ আগে।
কত কত বচন রচন কাহ কেবল
মান সমাধি ভিথ মাগে॥
এতহি বিনয়ে ধনি নয়ান না হেরই
নাগরি চরণে পড়িয়াছা।
সথিগণ আদন রোল গোল ভেল
গোবিনদাশ কালে পাছা॥

ক. বি. : ৬১৯

শকার্থ—চিত্রা চতুরি—ফচতুরা চিত্রা। বজর সমান —বজ্রতুল্য। মান সমাধি ভিপ মাগে—সগীরা রাধার কাছে মান শেষ করা রূপ ভিক্ষা চাহিল।

86-6

চম্পকলতি অতি ধ্লহি ধ্দর
রাই চরণ ধরি মাথে।
লহু লহু বচনে কতন্তু কক কাকুতি
রাই দদয় নহু তাথে।

হরি হরি দাকণ মানিনি মান।
স্থিগণ বচন শ্রবণে নাহি শুন্ত
কিয়ে ইহ কঠিন পরাণ॥
বহি রহি রাই হুহুক্ত করতহি
ঘন ঘন দীঘ নিশাস।
ব্রাল রাই সঙ্গ নাহি হোয়ত
স্থি সব ছোড়ল আশ ॥
অফুক্ষণে রাই বনে বনে
হেরি নয়ন পুন মুদই।
চম্পকলতি অতি দ্রহি বৈঠল
গোবিন্দাস রস বদই॥

ক. বি. ১৬২•

শব্দার্থ—চপ্পকলতি—চপ্পকলতা নামে অষ্ট্রমথীর মধ্যে একজন। লহু লহু বচনে—মূহু বচনে।

848

বঙ্গদেবি সথি বঙ্গ ভঙ্গি করি
কহে কত বচন বদাল।
আহা মরি হরি পদতলে পড়ি বছ
মরু মনে বাজত শাল॥
হন্দরি তোহে উপদেশ কোই।
কো হেন প্রেম কাহে অবহেলে খোয়দি
বলি চরণে পড়ি রোই॥
এক বেরি হৃদয় দদয় তুছ হোয়ত
মনে করি তেজিয়ে মান।
পুন পছ গরবে গোয়ার মতি উলটই
মান ভেল মেক্ষ সমান॥
ক্ষেণে এক রাইক রোখ নাহি টুটত
দগধল সহচরি বৃন্দে।
বঙ্গদেবি কঙ্গে শিরপরি মারত
কি কহব দাস গোবিন্দে॥

क. नि. ১७२১

শব্দার্থ-পুন পছ গরবে গোঁয়ার মতি-প্রভু প্রীক্বফ গোঁয়ার, তিনি গর্কবশে মত বদলাইতে পারেন। মান ভেল মেক সমান-তোমার মান হুমেক পর্বতের মতন উচ্চ ও অলজ্মনীয় হইল।

800

হদেবি হ্নমতি অতি রাই সোহাগিনি
বৈঠল নিকটিছ যাই।
দহ দহ ক্ষিতিদহ কহি বচনামৃত
হাদি হাদাইতে রাই॥
হবি হবি রাধা দহজই বামা।
অহনিশি প্রেম কুটাল গতি যাকর
কি করব সহচরি নামা॥
কত প্রকার করি রাই মানাইতে
সো জহু কো কাহু কহই।
প্রেম অমিয়া রদ অবধি এই জানল
কো ধনি ইহ তুগ দহই॥
দ্ব পুর নাগরি তুল্প আদি করি
স্থিগণে লাগল ধন্দ।
হুদেবি দোহাগ অতি দ্রহি দ্রে গেও
গোবিন্দাশ অতি মন্দ॥

क. वि. ১५२२

প্রভৃতি সব নগরের নাগরী। নরোত্তম ঠাকুর মহাশয়ের প্রেমভক্তিচন্দ্রিকায় অষ্ট্রমথীর নাম— রাধিকার সধী যত তাহা বা কহিব কত মুধ্য সধী করিব গণন। ললিতা বিশাধা তথা চিত্রা চম্পকলতা রন্ধদেবী হ্লেবী কথন॥ তুক্রবিভা ইন্দুরেধা এই অষ্ট্র সথী লেখা এবে কহি নর্মস্থীগণ॥

শব্দার্থ—সব পুর নাগরি তুঙ্গ আদি করি - তুঙ্গবিভা

268

তুষ্বচন প্রকাশি তুঙ্গ দেবি সহি সহি বহি নাহি পারি। ঝোকি রোগি কত কহই বচন কট পুন পুন বাই নেহারি ॥ স্বন্ধরি কি তুহু নাগর আগে। ব্ৰহ্মকল-নন্দন পদতলে লোটত মান অধন ধন মাগে ॥ হাম সব সহচরি তমু মন দগ্ধিলি তুহ অতি মুগধিনি বালা। সাধের বন্ধুয়াঁ তোর কত ত্থ পাওত জারত বিরহক জালা॥ কি ধন লাগি তুল্ নাগর উপেথলি হাম দবে দেউলি পিঠ। আপন গুনাওন কছ নাহি জানসি বোলদি নাগর ঢিঠ ॥ এতক বছক বোল শুনি বর নাগরি না হেরল নাগর পানে। জানিলু তুহু সে মুগধি গোয়ালিনি গোবিনদাস প্রমানে ॥

ক. বি. ১৬২৩

শব্দার্থ—তুঙ্গবচন—উচ্চশব্দ। মান অধন ধন মাগে—
মানরূপ অধনকে ধন বলিয়া তাহা ভিক্ষা চাহিতেছে।
নাগর চিঠ—ধুই নাগর।

৪৯২

অবশেষে ইন্দুরেথি ধীরে ধীরে যাই
রাই নিয়ড়ে উপনীত।
কি কহব কহিতে বচন না ফুরই
রহু জমু ভীত চকিত ॥
জীরাধে চাহ হাদ খেলিয়ে বয়ান।
মান রতন লেই পর মহা বিরমহ
নাহ তুয়া করল পয়ান॥

শুন সব সহচরি ললিতাদি করি
গলহি অম্বর ধরি সাধে।
কত কত লাথ লাখ বচনে সব সাধিল
তবছ সদয় নহি রাধে॥
নীরব স্থিগণ বাক রোধ ভেল
নাগর গনল নৈরাশ।
সো পথে রোই রোই চলল বর নাগর
দেখত গোবিন্দাস॥

क. वि. ১७२८

मकार्थ—हेन्द्रिश्च—हेन्द्रश्च।

668

ऋश्

উপেখল রাই জানি বর নাগর মনহথে করল পরান। ছিয়ে ছিয়ে নিলজ পরাণ নহি রাথব মনহি কয়ল অনুমান। হেনই সময়ে দব দহচরি-মওলি ধাই আয়ল তছু পাশ। রহ রহ কাফে বিমুধ ভই যায়ব হম সব পুরায়ব আশ ॥ खन खन जब-यूवदाक। তুহু লম্পটপন কবহু ন ছোড়বি দগধবে রমনি-সমাজ। তুহারি চরণ ধরি সাধলুঁ কত বেরি বৈধিক দক তুহু ছোড়। চক্রাবলি-মুখ স্থা পায় মাতলি বচন না শূনলি মোর। উংকট শপথি করহ দ্বি-মণ্ডলি পুন হেন না করবি আর। রাই হমারি তুহে অফুকুল হোয়ব এথির বচন কহি সার।

পুন যাই পদ-তল ধরি কত সাধহ

হম সব কহব ব্ঝাই।
তৈথনে দলক বন্ধ সব মীটব

গোবিল্দাস বস গাই॥

ক. বি. ১৬১৪

図 > > >

868

রাই করল যব গাড়ই মান।

দ্রহি বৈঠল নাগর কান॥

কর-রেখা দেখি বন্ধু অবনত মাথ।

দ্তিক সংখাধি কহতহি বাত॥

কর-রেখা দেখি হাম করিফু বিচারি।

মরু পরমাযু আছে দিন গুই চারি॥

এতেক বচন শুনি কংগ বিনোদিনী।

কি কথা কহিলে ওহে শাম গুনমনি॥

যে কথা কহিলে বন্ধুনা কহিও আর।

মরু পরমাযু আদ তুরে দিন্ন দান॥

গোবিন্দাস করিয়া বড়াই।

বাধারুফ সম প্রেম কতু দেখি নাই॥

क वि. ३७११

মন্তব্য-নাধার মানভঙ্গ-চেটায় জীক্ষণ্ডের শেষ অস্ত্র হইল নিজের হস্তরেখা বিচার করিয়া বলা যে, আমার আর অল্পই আয়ু আছে। দেই অস্ত্রপ্রয়োগ ও ভাহার ফল এখানে বণিত হইয়াছে।

168

ধানশী

মাধব রাধা স্বাধীনা ভেল।
কত্ত যতনে কত পরকারে বুঝা ভুফ্
তবহি উত্তর নাহি দেল॥
তোহারি পরসঙ্গ শুনায় যদি ফুন্দরি
শুবণ মুদ্রে তুরু পাণি।

তোহারি পিরিভি কিরিভি করি মানই

সো অবলা পস্থ জানি ॥

তোহারি তাস্থল ধরল

মৃহ রাইক আগে ।

কোপে কমলম্থি পালটি না হেরই

রহই বিম্থ বিরাগে ॥

যে ব্ঝি কুলিশ দার তছু অন্তর

কোন মিটায়ব মান ।

গোবিন্দাদ কহ অন্তমানে ব্যাহ

আগে প্ধারহ কান ॥

ক. বি ১৬৯১

শব্দার্থ—সাধীন।—কাহারও কথা যে মানে না।
শ্বেণ মুদয়ে তৃত্ব পাণি—কথা বলিলে হাত দিয়া কান
বন্ধ বির বাহাতে কথা শুনিতে না হয়।

দক ৬ ধানপ্রী

শ্যামর তহু কিয়ে তিমির বিরাজ।
দিশূর-চিহ্ন কিয়ে আরকত সাঁজ।
তরল তার কিয়ে টুটল হার।
নথপদ কিয়ে নব শশিক সঞ্চার।
প্রাত্রে পহিল রজনী ভেল ভাগ।
পুন অন্থমানি হাম ভেল ভোগ।
টাট কানাই কয়ল মোহে কোর।
হাস-কুন্দে সবহুঁ ভেল আন।
মানিনি-মান গরব ভেল চ্ব।
নাগর আপন মনোরথ পুর॥
তবহুঁ কি জানব সো দিন রাতি।
গোবিন্দাদ কহু সমুচিত শাতি॥

সা. প. (১)—২১৪ বু২৪ তক ৩৮: এবং ৬১১, সং ৩৭¢ রসমস্করী ৩৭

শব্দার্থ-শতি-শন্তি। কোথাও কোথাও ঐ শক 'সাঁথি' লেখা হইয়াছে। রাতির সহিত 'শাতি'ই বেশ মেলে। ব্যাখ্যা—শ্রীক্ষের দেহে গত বন্ধনীতে শ্রীরাধার প্রতিপক্ষ নায়িকার সহিত (চন্দ্রাবলীর সহিত) বিহারের চিহ্নমূহ দেখিয়া বিশ্বিত হইয়া শ্রীরাধা বলিতেছেন-সামনে একি খ্রামতমু শ্রীকৃষ্ণকে দেখিতেছি, না অম্বকার বিরাজ করিভেছে ? একি সিল্রের দাগ, না প্রদোষের বক্তাভ শোভা ? তাঁখার গলায় একি ছিল হার দেখিতেছি, না তরল ভাবা (ষাহা স্থানচ্যত হইয়াছে) ? একি নগচিহ্ন না নবশশিকলার উদয় ৭ এইরূপ নানা দোষের আকর (তথবা নোষা, রজনী করে যে অর্থাৎ অন্ধকার) কুফকে দেখিয়া ধকালকে মনে হইতেছে রাতি। ফের ভাল করিয়া দেখিয়া মনে হইল কৃষ্ণ বটে, এবং আমি অচেতন হইলাম। ধৃষ্ট কানাই এই অব্দরে আমাকে আলিখন করিল। তথনও আমি মান করিবার চেষ্টা করিলাম , কিন্তু তাঁধার হাস্তকুমুদে সব ভুল হইয়া গেল। আমার মানিনীর মানগ্রর চুর্ণ হইল ৷ নাগ্র আপনার মনের অভিলাষ চবিতার্থ করিলেন। তথন আমি সম্ভোগ-রদে অচেতন হইলাম, তাই দিন কি রাত্রি কিছুই বুঝিতে পারিলাম না। গোবিন্দাস বলিতেছেন, ইহাই তোমার উচিত শান্তি।

কলহান্তরিতা

१६८

শ্রাম উপেধি রাই ক্ষিতি লেখত

অধােম্থে রায়ত তাঁহি।

রাইক পাশ দৃতী চলি আয়ত

হেরত পুন পুন চাহি॥

দৃতি কহত তব কহ কহ রে সধি

অব কাহে বােয়ত রাই।

হাম বড় ত্থিনি তুয়া মৃথ চাহত

তুয়া বিহু আার কোই নাই ॥

কহি এক অকপট মানে ভরল হাম
কভ দ্ধপে দাধল নাহ।
হাম নাহি পালটি নেহারলু দো মুধ
রোধে বিমুখ ভৈ গেহ॥
পিয়া দরশন বিফু অব জিউ নাহি রহে
নিরবধি মঝু মন ঝুর।
গোবিন্দদাস ধব আনি মিলায়ব
ভবহি মনোরথ পুর॥

क. वि. ১१১६

শস্তব্য—ইহার ভণিতাটী লক্ষ্য করিবার মতন।
গোবিন্দাস যদি দ্তীরূপে যাইয়া ঐক্ত ফকে আনিয়া মিলন
সংঘটন করান, তবেই মনোরথ পূর্ণ হইবে। ৫০৬ পদের
ভণিতাও ভাইবা।

৪৯৮ নলিভ বিভাস

ভাবই একাকিনি কামু উপেখি ধনি विवनशि मन्दिव विन। নয়নক নীর অবিবৃত গলভহি বদন-কমল যায় ভাগি॥ হেট বয়ানে রদবতী। চীতহি ভাবত পিয়াক গুণ যত নথে করি লিখতহি ক্ষিতি॥ আছয়ে হন্দরী বিরুদ বদন করি স্থিগ্ৰ মীলল পাশ। নাহ বিমুখ হেরি কান্দয়ে ফুকরি কহতহি গোবিন্দদাস॥

প্রিত ব্যবাদী মহোদয়ের পুণি

৪৯৯
ভিবোতিয়া হংই
সকল নয়নে বয়নি জাগি।
সেবলোঁ চহৰ হৃদয়ে লাগি॥

मकिन यमन (य पृ:थ (मन । মুরছি চেতন রতন লেল। এ স্থি এ স্থি তুহু সে জান। থৈছন সেবক নাগর কান॥ খলক বচনরচনে রাই। নিঠুর হৃদয়ে ভৈ গেল তাই। তুহ সে যতেক কহলি হিতে। অহিত অহিত কয়লি চিতে। অতয়ে সে ধিক মরম জানি। বিজন আভিলোমরণ মানি ॥ কাম সাগরে মরব হামে। জপত জপত বেকত নামে। যৈছনে পায়ব সো পদ রাভা। তৈছন যতনে সেবব ধাতা॥ যৈছনে পুরব মন উলাদ। করব ভৈছন গোবিন্দদাস ॥

क. वि. ३९८०

সমুদ ১৮৯, জা৯৫

ব্যাখ্যা— সজল নয়নে বয়নি জাগি ইত্যাদি— শ্রীকৃষ্ণ সারারাত্রি জাগিয়া সজল নয়নে আমার চরণ তুথানি বুকে ধরিয়া কত সেবা করিলেন ও সাধিলেন। দাকণ মদন বড়ই তুঃথ দিল, আমাকে মুচ্ছিত করিয়া আমার চেতনরূপ রত্ম হরণ করিল। তুহুঁ দে যতেক কহলি হিতে—তুমি হিতকথা অনেক বলিলে কিন্তু মনে করিলাম যে, উহা বুঝি অহিত ও অমঙ্গলকর। কাম-সাগরে মরব হামে—শ্রীকৃষ্ণের যে নাম জগতে ব্যক্ত সেই নাম জ্পিতে জ্পিতে আমি কামসাগরে প্রাণ বিস্ক্রন দিব।

000

ধানশী

যব তোহে কহলু বেরি বেরি।
রোথে রাতৃল দিটি রছ মুঝে হেরি॥
পায়লি সরবস তুহুঁ করি মান।
বিনি দোধে উপেধলি নাগর কান॥

অমিয়-বিরিথ তুর্ছ না চিনলি রাই।
পরিহরি পীযুষ পিয়লি বিথভাই॥
বিহি চির-পুণ্যে পরশ আনি দেল।
হেলে রতন-মণি চরণহি ঠেল॥
দোসরি কহলিহ করকশ ভাষ।
কৈছে মিলায়ব গোবিন্দাস॥

51 2.4

শব্দার্থ—তোহে—তোমাকে। রোথে—রোমে, রাগ করিয়া। রাতৃল দিঠি—রক্তনৃষ্টি। সরবস—সর্কম্ব। অমিয়-বিরিথ—অমৃতবৃক্ষ। করকশ ভাষ—কর্কশ কথা।

003

ধানশী

বাইক মনে বিবহ জানি সো দথি
্ললহি শ্রামর আগে।

দ্বহিঁ তাকর বদন হেরি নাগর
মানল আপন পোহাগে॥
অপরূপ প্রেমক রীত।
আদর বিনহি সোই বহুবল্লভ
তাকর নিকটে উপনীত॥
সোই কহুত তুলুঁ কৈছুন পীরিতি
রীতি বুঝুয়ে নাহি পারি।
সো যদি মান ভরমে ভোহে রোখল
তুলুঁ কাহে আওলি ছারি॥
আপনক দোয় জান্দি যদি মনমাং।
কাহে বাঢ়াওলি বাত।
গোবিন্দদাস তোহারি লাগি সাধ্ব
আপে চল্ছ মুমু সাথ॥

সমুদ্র ১৯৪, তরু ৪৪৪

পাঠান্তর—ভরুতে আরম্ভ—রাইক বিনয় বচন শুনি সো সথি।

শব্দার্থ—সোহাগে—সোভাগ্যে। তোহে রোখল— তোমার প্রতি ক্রোধ দেখাইল। মনমাহা—মনের ভিতর। কাহে বাঢাওলি বাত—কেন কথা বাড়াইলে?

মন্তব্য-পদাম্তমাধুরীতে (২।২২৬) 'সোই কছত ছহু কৈছন পিরিতি' স্থলে 'দৃতী কহত তুয়া কৈছন পিরিতি' আছে এবং তাহার পূর্বে নিম্নলিখিত অংশ আছে—

চটপটি ধূলি ঝাড়ি নাগর বৈঠল হরি দৃতী আন পথে গেল। দৃতী দৃতী করি বছত ফুকারই শুনি দুতী উত্তর না দেল। পুনহি ফুকারত কান। দৃতী কহত পুন মোহে কোন বোলাওত নাগর কহতহি হাম॥ इंश कारह देवर्रान মোহে বোলায়লি তুরিতে কহত তুহু মোয়। শ্ৰামা দ্বি মোহে ঐ বোলায়ত পুন আদি মীলব তোয় : ক্ষণ রহ রহ বলি পম্ব অগোরই বংত মিনতি করি ভাই। তুহঁ কি না জানসি আ'ণ্ড কি বাত মোহে উপেখল বাই॥

402

তিরোতিয়া ধানশী
সো দেখি বচনে নাগররাজ।
অহরে পায়ল বহুতর লাজ।
ইঙ্গিতে বুঝল তছু আশোয়াস।
মনমাহা হোয়ল অধিক উল্লাস।
তবহি সফল করি জীবন মান।
তাকর সঞে হরি করল পয়ান।
পদ্হি কত কত ভাবে বিভোর।
এছন পায়ল কুঞ্জক ওর॥

রাই হেরল যব সো মৃথ-ইন্দু।
উছলল মনহি মনোভব-দিরু॥
ভাঙ্গল মান বোদন হি ভোর।
কাছ কয়ল কোরে মোছই লোর॥
মান জনিত ছুখ সব দ্রে গেল।
গোবিন্দাস হেরি আনন্দ ভেল॥

সমুদ্র :৯৫, তরু ৪৪৫

পাঠান্তর—তঞ্তে আরম্ভ — দ্তিক বচন শুনি নাগর রাজ।

ব্যাখ্যা—ইকিতে ব্যল তছু আশোয়াদ—দথীর কথার ভাবে প্রকৃষ্ণ তাহার আখাদের আভাদ পাইলেন। রাই হেরল যব সো ম্থ-ইন্দু ইত্যাদি—প্রীক্ষের ম্থচন্দ্র দর্শন করিয়া প্রীরাধার মনের মন্মথ-সমুদ্র যেন উছলিয়া উঠিল। আর তাহাকে দেখিয়াই এবার মান ভাকিয়া গোল এবং তিনি কাঁদিয়া পাগল হইলেন। কোন কথাবার্ত্তার আর প্রয়োজন হইল না। প্রীকৃষ্ণ যে ফিরিযা আদিয়াছেন দেইটাই মানভ সার পক্ষে যথেপ্ত হইল। শ্রীরাধার ক্রেনন দেখিয়া শ্রীকৃষ্ণ তাহাকে কোলে করিয়া নয়নজল মুছাইতে লাগিলেন।

000

ञ्ड्

পহিলে নাহি হেরলুঁ আন্ধল প্রেমে সে। বল-বল্লভ কান। বাদ করি তা সঞে व्यान्त-मार्ध অহনিশি জলত পরাণ॥ সক্ষনী তোহে কহি মরমক দাহ। কাত্তক দোৱে যোধনি রোথই সে। তাপিনি জগ মাহ॥ বছত করি সাধলোঁ যো হাম মান কাহক বিনতি উপেথি। সো অব মনসিজ শরে ভেল জরজর তাকর দরশ না দেখি ৷

ধৈরজ লাজ মান সঞে ভাগল
জীবন বহত সন্দেহ।
গোবিন্দদাস কংই সতি ভামিনি
এছন কাহুক নেহ॥

সা. প (১)—২১৭ ক. বি ১৭০২, গো ৩১ তর ৪৩৩, সমুদ্র :৮৩

, ব্যাখ্যা— শ্রীক্ষের প্রেমলাভ করিয়াছি এই গৌরবে অন্ধ হইয়া আমি প্রথমে দেখি নাই যে, কানাই বহু-বল্লভ। ভাই আরও আদর পাইবার আশায় তাহার সহিত কলহ করিয়াছি, এখন দিনরাত্রিয়ে প্রাণজলিয়৷পুড়িয়৷যাইতেছে। দখি! ভোমাকে আমার অন্তরের জালার কথা বলি, শোন। কানাইয়ের দোফ দেখিয়া যে হুন্দরী রাগ করে সে জগতের মধাে সন্তর্থা। আমি কানাইয়ের মিনতি অপ্রায় করিয়৷ মানকেই বড় বলিয়৷ মনে করিলাম। এখন ভাহার প্রতিফল পাইতেছি। এখন আমি ময়থশরে জরজর হইতেছি। কিন্তু ভাহার দর্শন পাইতেছি না। এখন ভাগু যে আমার মান দ্ব হইল ভাহা নহে, ভাহার সহিত আমার ধর্ষা (প্রত্যাক্ষা করার ক্ষমতা) ও লক্ষাও পলায়ন করিল। গোবিন্দাস বলেন, হে হুন্দরি! ঠিকই বলিয়াছ। কাত্বর প্রেম এরকমই।

809

তথা বাগ

কুলবতি কোই নগনে জনি থেবই
থেবত পুন জনি কান।
কায় হেরি জনি প্রেম বাঢ়া ওই
প্রেম করই জনি মান॥
সজনি অত্যে মানিয়ে নিজ দোধ।
মান-দগধ জিউ অবহু না নিকসয়ে
কায় সঞ্চে কি করব রোধ॥
বো ময়ু চরণ- প্রশ-রস-লালসে
লাধ মিনভি মুঝে কেল।

তাকর দরশন বিনে তহু জরজর
পরশ পরশ-সম ভেল ॥
সহচরি মেলি লাথ সম্ঝাওলি ও
দো নাহি জনগো হাম ।
গোবিন্দদাস কহ সরস বচনামুতে
অব বাহুড়ায়ব ° কান ॥

সা. প. (১)—২১৯ ক. বি. ১৭১৬, গো ৩১ ত্র ৪০০, সমুদ্র ১৮৬

পাঠান্তর—তক্ত --(১) সহচরি মুবো লাথ সম্ঝাওল (২) তাহে না রোপলু কান (৩) পুন বাছড়ায়ব।

ভাবার্থ—কেহ যেন কুলবতী হইয়া পরপুরুষকে নয়নে না দেখে; দেখিলেও যেন কুফকে না দেখে। কাছকে যদি দেখিয়াও ফেলে, তাহার সহিত যেন প্রেম না করে। আর নিড়াই যদি প্রেম করে, তাহা হইলে মান যেন না করে। স্থি, এ।মি নিজের দোষ স্বীকার করিতেটি। মানসন্তপ্ত প্রাণ আমার এখনও বাহির হইতেছে না। কাছর উপর কি াগ করা যায় ? যে আমার চরণ স্পর্ণ কবিবার লালসায় লাখ মিনতি জানাইল, এখন তাহার দর্শন বিনা আমার দেহ জরজর হইল। স্পর্শমণির স্পর্ণ-লাভের ন্থায় তাহার সন্ধও ত্পাপ্য হইল। তোমর। স্বীরা মিলিয়া কত রক্ষে আমাকে ব্রাইলে। দে সব আমি ভানলাম না। গোবিন্দাস আশাক দিয়াবলিতেছেন, এখন সরস কথায় আমি কানাইকে এখনই ফিরাইয়া আমিব।

Cott

- ব্রাগ

ভনইতে কাম্ব ম্বলি-বৰ মাধুবি
থবণে নিবাবলোঁ তোক।
হেবাইতে ৰূপ নয়ন-যুগ কাঁপলো
তব মোহে বোথলি ভোর॥
ফুন্দরি তৈখনে কহলম তোয়।
ভরমহি তা সঞে লেহ বাঢ়াওবি
জনম গোঙায়বি বোয়॥

বিহ গুন পরথি পরক রূপ-লালসে

সে কাঁহে সোঁপলি নিজ দেহা।

দিনে দিনে থোয়সি ইহ রূপ লাবণি

জিবইতে ভেল সন্দেহা॥

যো তুহাঁ হৃদয়ে প্রেম-ভরু রোপলি
শ্রাম-জলদ-বস আব্দে।

সে অব নয়ন- নীর দেই সীচহ

কহতহি গোবিন্দাসে॥

দা. প. (১)--২০১, গো ১১

उक् ४०६, म् १६३६

नभूम . ৮ ७

— সংফেশতক।

ব্যাখ্যা—এরাধার কোন নুথরা স্থী এক্লিঞ্চ যে প্রেমের অ্যোগ্য তাহা দেখাইয়া বলিতেছেন-স্বি! যথন তুমি মুরলীর ধ্বনি শুনিয়া তাহার মাধুর্য্যে আরুষ্ট হইতেছিলে তথনই তোমার কান বন্ধ করার চেটা আমি করিয়াছিলাম। তাব পর যথন তুমি তাহার **রূপ দেখিতে** ব্যাপত হটলে আমি ভোমার নয়নদ্বয় আরুত করিয়া-ছিলাম। ভাহাতে তুমি পাগলিনী হইয়া মোহবংশ আমার উপৰ রাগ করিলে। হে ফুন্দরি, তথনই তো বলিয়াছিলাম যে, ভুল করিয়া ভাহার সহিত প্রেম করিতে অগ্রদর হইলে, কাদিয়া কাদিয়া জন্ম কাটাইতে হইবে। গুণ পরীক্ষা না করিয়া দেই একেবারে পর ব্যক্তির রূপে মুগ্ধ হইয়া ভাহাকে কেন শেহ সমর্পণ করিলে ? ভোমার এই অপরপ রূপ-লাবণ্য দিনে দিনে খোয়াইতেছ। এখন বাঁচাই দন্দেহের বিষয় হইয়াছে। তুমি খ্রামরূপ জ্বলধরের জল পাইবে এই আশায় হৃদয়ে প্রেমতক রোপণ করিয়া-ছিলে। এখন নয়নজলে ভাহা দিঞ্চন কর। হয়তো ভাহাতে উহা সঞ্জীবিত হইতে পারে—গোবিন্দদাস ইহা বলিতেছেন।

003

স্বহই

চরণে লাগি হরি হার পিন্ধায়ল যতনে গাঁথি নিজ হাথ²। সো নাহি পহিরলুঁ দুরহি ডারলু মানিনি অবনত-মাথ॥ সজনি কাহে মঝু চুরমতি ভেল^২। দগধ মান মঝু বিদগধ মাধবত রোথে বিমুখ ভৈ গেল। গিবি-ধর নাহ⁸ বাহু ধরি সাধল হাম নাহি পালটি নেহারি। হাতক লছিমি চরণ পর ডারলু অব কি করব পরকারি॥ দো বহু-বল্লভ সহজই তুল্লভ দরশ লাগি মন ঝুর। (गाविकामाम यव যতনে মিলায়ব তবহি মনোরথ পুর ।

मा. भ.--(১) २३४, क. वि. ১१०७ ख्क ८०५, म् ६३৮ मध्म ३৮४ निक्र १८५ स्ट नग्र ३८२

পাঠান্তর-সিদ্ধান্তচন্দ্রো (১) চরণে ধরিয়া হরি, হার পরায়লি, গাথি আপন নিজ হাত (২) স্থি হে, বিধি মোরে নিদারুণ ভেল (৩) বিমুখল মাধব (৪) গিরিধর মাধব।

ব্যাখ্যা—অন্তপ্তা শ্ৰীবাধা বলিতেছেন যে, অনেক ষত্র করিয়া মালা গাঁপিয়া হরি আমার পায়ে ধরিয়া সাধিয়া গলায় পরাইয়া দিয়াছিলেন; কিন্তু আমি মানিনী হইয়া মুখ নীচু করিয়াই (একবারও তাঁহার মুখের দিকে কিয়া মালার প্রতি না চাহিয়া) সে মালা না পরিয়া, দুরে ছুঁড়িয়া ফেলিলাম। সধি! আমাব এমন হুর্দান্তি কেন হইল ? আমার পোড়া মানের জালায় বিশেষ করিয়া **मध इ**हेग्रा (व्यथव। विमक्ष = तनिक) मांधव क्लांट्स विमुध ছইয়া ফিরিয়া গেল। অমন যে গোবর্দ্ধনধারী বীর নাথ আমার, তিনি হাতে ধরিয়া কত সাধিলেন; আমি একবার किविशास काकारेनाम ना। शास्त्र नन्ती भारत टिनिनाम. এখন কি করি ? তিনি কত জনের বন্ধত; তাঁহাকে পাওয়া वफु महस्र कथा नहर ; किन्ह उँ। शांक न। तिथिय। य चामात मन कांनिएएए। (शाविन्ननाम (त्राविन्नत नाम)

शुर्व इहेरव। अग्नः श्रीवाधारक अधारितमव मात्र व्यर्धार ं ভক্তের কুপার উপর নির্ভর করিতে হয়; কেননা, শ্রীক্লফ ভক্তেরই অধীন।

009

স্তুহ

নধর-ক্ষচি হেরইতে যাকর চরণ-মুক্ষতিত কত কোটি কাম। धृति लोगेश्वन সোমঝুপদ-তলে পালটি না হেরলোঁ হাম॥ সন্ধনি কি প্রচাম হামারি অভাগি। চান্দ উপেথলু ব্ৰজ-কুল-নন্দ্ৰ দাকন মানকি লাগি॥ কাতর দীর্মে মীঠ বচনামতে কতরূপে সাধল নাহ। সাম নাহি আনলো সোহাম শ্রবণ-ष्यव हित्य कुष-मध-मार ॥ দে হেন রদিক পিয়া বাহা রহ কাহা করু শোভরি সোভরি মন কর। গোবিন্দদাস কগ ত্রন বর নাগরি সোপহ তোহারি অদ্র॥

हुक 8৫७, म्: 8३≈, अभून ३৮७

ব্যাখ্যা- গাহার ছীচরণের নপের সৌন্দর্যা দেখিয়া কত কোটি সংখ্যক মদন মৃত্তিত হুইয়া পড়ে, তিনি আমার পায়ের তলায় মাটীতে পড়িয়া লু ইলেন; আমি ফিরিয়াও দেখিলাম না। দখি! আমার অভাগ্যের কণ্ আর কি জিজাদা করিতেছ ? ফুর্জিয় মানের জন্ম আদি ব্রক্তন-নন্দনরপ চন্দ্রকে উপেক। করিলাম। করণ নয়নে আমার পানে চাহিয়া চাহিয়া অমুতের মতন মিট বচনে নাধ আমাকে কড়ই না সাধিলেন। সে সব কথা আমি কানের কোণাতেই খান দিলাম না। এখন খেন তৃষের আগতনে যথন বত্ত করিয়া মিলন ঘটাইবেন তথনই মনের বাসনা ।ধিকি ধিকি জ্ঞলিয়া মরিভেছি। শেই রসিক দ্য়িত আমার কোথায় রহিলেন, কি করিতেছেন, তাহাই মনে করিয়া করিয়া আমার মন কাঁদিতেছে। গোবিন্দাস আখাস দিয়া বলিতেছেন, হে নাগরীশ্রেষ্ঠ। শুন, সে প্রভূ তোমার নিকট হইতে দূরে নাই।

000

কামু উপেথলু মোয়। অব তফু ঘন ঘন বোয়॥ (মোর তুথ কেহ নাহি জানে।) সো বহুবল্লভ সহজ্ঞি ভোর। কৈছনে বেদন জানব মোর ॥ চল্টতে চাতি তাহ। আদ্র ভক। সহই না প:রিয়ে মদন-তর্জ ।। এ স্থিত কাহে উপেথলো কান। না জানিব দগধি চলল মোহে মান । স্থিপণ পণ্টতে তুহু সে সেয়ানী। তোতে কি শিখায়ৰ চত্ৰিম ৰাণ্ডি । সহজ্ঞ হুচতুর গোপ কানাই। অবসর বুঝি করবি চতুরাই " মঝু এত আরতি দে। জনি জান। ইথে লাগি তুয়। পায়ে গোঁপলু পরাণ । অব বিরহে স্থি সে। পরবন্ধ। কান্তক যে হোয়ে নিরবন্ধ॥ জিবইতে এছে মিলয়ে কান। গোবিন্দাস কহে ভোহারি । গুণ গান ॥

সা প—(১) ২২১, ক. বি :৭১৮ রসমপ্রবী ৩৯, সমুদ্র ১৮৮ তক ৪৪৩, সং ৪২০

পাঠান্তর—এই পদের প্রথমে লিখিত তিন চরণ রসমঞ্জরীতে পাওয়া যায়। অকাতা গ্রন্থে 'দো বহুবল্লভ সহন্ধহি ভোর' হইতে আরম্ভ। অয়োদশ ও চতুর্দ্দশ চরণ কেবলমাত্র বসমঞ্জরীতে আছে।

ভক্-(১) বিবহ-ভবজ (-২) সধি হে (৩) ভক্তে

'সহজ্ঞই স্থচতুর' ইত্যাদি ছুই চরণ নাই (৪) ভব তুয়া।

ব্যাখ্যা-- শ্রীকৃষ্ণ বহু নারীর বল্পভ, সেইজ্ঞা সহজেই দে বিশেষ কোন নারীর কথা ভুলিয়া যায়; ভাই আমার এ বেদনার কথা কি করিয়া জানিবে? আমার ইচ্ছা হইতেছে তাহার কাছে ঘাই, কিন্তু গেলে পাছে আমার আদর বা গৌরব হানি হয় তাই যাইতে পারিতেছি না। দ্বি! কান্তকে কেন উপেকা করিলাম ৷ তথন তো বুনি নাই যে, মান আমাকে পুড়াইয়া মারিবে! আমার দ্বীদের মধ্যে তুমি চতুরা, ভতুরাং ভোমাকে আর চাতুরির কথা কি শিথাইব! সেই গোপ কানাই ভীষণ চালাক; সভরা বুঝিয়া স্থাজিয়া স্থোগমভন চাতুরি প্রয়োগ করিও। আমার যে এত কাতরতা হইয়াছে ভাহা সে যেন জানিতে না পারে। এইজন্ম ভোমার পায়ে প্রাণ সম্পূণ করিলাম। এখন এমন উপায় কর যাহাতে কাছকে পাইতে পারি। আমি মহিবার পূর্বেষ ধদি কাছর সঙ্গে মিলন ঘটাইতে পার, তবে গোবিক্লাস ভোমার গুণগান করিবে।

600

স্করি কত সম্বাত্র ভোয়। যতন করি তেজনি পায়লি রতন অব পুন সাধসি মোয়। স্থনাগরি পরিহ্রি কত কত গোপ-यव कुश भिनादि कान। ত্ব তুহু মান পরম ধন পায়লি না হেরলি কমল-বয়ান। বিনি অপরাধে উপেথলি মাধ্ব না বুঞ্জি আপন কাল। না জানিয়ে কোন কলাবতি-মন্দিরে অব রহু নাগ্র-রাজ ঃ ষাহে বিহু পল এক রহই না পারহ ভাহে কি এমন বেবহার।

গোবিন্দদাস কহ অব ধনি সম্ঝাল পুন হেন না করবি আর ॥

क. वि. ১৭১२

उक् ६१२, मः ६२२

শকার্থ-পায়লি রতন-প্রাপ্ত রত্ন। না জানিয়ে কোন কলাবতি-মন্দিরে-শ্রীকৃষ্ণ বহু-বল্লভ। তোমার দারা প্রতাধ্যাত হইয়া না জানি কোন্ কলাচাত্য্যসম্পন্না নাগরীর গৃহে সেই নাগরখের এখন গিয়াছে।

630

ধানশী

কহল মো থল-জন দোগল কান।
তুহুঁ অবিচারে বাঢ়ায়লি মান।
বোধে বিমুখ যব চলু বরনাহ।
অব কাতর দিঠে মঝু মুখ চাহ॥
মানিনি তোহে সম্বাভব কোই।
অব রহ নিরজনে বন মাহা রোই॥
সহচরি লাখ বচন করি ভঙ্গ।
হদয়ে ধরলি তুহুঁ মান-ভুজঙ্গ॥
কোন কুমতি দরশায়লি এহ।
জানলো গবলে ভরল তুয়া দেহ॥
মদন-কুমস্তে অথির ভেল দোই।
চললহি দংশি লথই নাহি কোই॥
ইথে বিষ্ণু নাগ-দমন-ব্যপান।
গোবিশ্দাধ মণি-মন্ত্রন। জান॥

সাপ. (১) ২২২ ক. বি. ১৭.৭ मभूम : ৮৫, उक्त ८ ३१, म: ४)२

মন্তব্য—বহুমতী সংস্করণে ১৩৫ সংখ্যক পদ, পৃ: ৩২)
প্রথম চরণের পাঠোদ্ধার না করিতে পারায় ছাপা হইয়াছে
—কোমল মাখন জহু দেখল কান। পদামৃতসমূদ্র ও
পদকল্পতকতে পাঠ আছে—কহলম খলজন, কিন্তু সাহিত্য
পরিষদের পুথিতে পাঠ—কহল মো খলজন।

ব্যাখ্যা—কহল মে। থলজন ইত্যাদি—আমি বলিলাম, ছুট লোকেরা কানাইকে দোষ দিল। তুমি সত্য বিচার না করিয়া তাহার প্রাত অভিমান করিলে। হৃদয়ে ধরলি
তুহু মান-ভূজক — সধীদের সব কথা অগ্রাফ করিয়া তুমি
তুরু মানরূপ সর্পকে হৃদয়ে ধারণ করিলে। সেই সর্পের
দংশনে এখন জরজর হইয়াছ। জানলোঁ গরলে ভরল তুয়া
দেহ ইত্যাদি— মানসপের দংশনে অস্থির হইয়া তুমি মদন
সাপুড়ের কাছে গিয়াছিলে বিষ ঝাড়াইতে; কিন্তু সে
তুরু কুমন্তই জানে; তাহার প্রয়োগে তুমি আরও অস্থির
হইয়া উঠিয়াছ। সকলের অলক্ষ্যে সর্প দংশন করিয়াই
চলিয়াছে। কবি বলিভেছেন যে, ইহার প্রতীকার
কোন ঔষধ বা মন্তের ছারা হইবে না; যিনি কালিয়নাগকে দমন করিয়াছেন, তাহার অধরস্থধানাই এ
বিষের একমাত্র ঔষধ। নাগদমন রসপানের বাহ্ অর্থ—
নাগদানার রস পান করিলে বিষদে। যাই হয়।

022

ধানগী

দৃতিক বাণী শুনি ধনি উলসিত

তুবই মদন-তংকে।

মূচ্কাই হাসি কংই তহি গদগদ

তুলুঁ সব জানসি বলে ॥

বো বর-নাগর শ্রাম।

বিদগধ রিসক-শিরোমণি মুকুটিহি

ক্রিন নহ তছু কাম ॥

ভেটবি শ্রাম-ধাম রণ-পণ্ডিত

তুহে কি শিখাওব নীতে।

রতি বিপরীত-রীত যদি দেখবি

সম্কবি আপন চীতে॥

চল চল দৃতি আগে তুহুঁ অফুসর

কুঞ্চি কাফুক পাশ।

করই শিকার চলহ বর নাগবি

ভনতহিঁ গোবিন্দদাস ॥

退費 2・8

675

বালা ধানশী

একে তুহু নাগরি স্ব গুণে আগরি বৈঠিপি চতুরি-সমাজ। আপনক বাত আপনাহি সমুঝসি र्टि नर्र किलि मुव का ज ॥ মানিনি নাইক কি কর্সি রোখ। নিকটে আনি বাত হুই পুছিয়ে नुविद्य छन किएम (नाथ ॥ অপরাধ জানি গারি দশ দেয়বি পিরিতি ভাঙ্গবি কাহে লাগি। পীরিতি ভাগিতে যো উপদেশল তাকর মূথে দেই আগি॥ যো তুয়া চরণ পর্শি মহি লঠল নিজ গৌরব কণি দূর। অব কাছে । ক চরিত কহি ব্রদ্ গোবিন্দাস কং কুর :

क. दि. ३१२ ५

किल्ल हट्ड

শব্দার্থ-সের ওলে আগবি-স্কল ওলে অগ্রগ্যা।
হঠে মঠ কৈলি সর কাছ -হঠকারিত। করিয়া সর কাছ
নই করিলে। মাহক-মাথের প্রতি। বোধ-ব্রোষ।
অর কাছে তাক চরিত কহি ব্রসি-তাহার শীলবাবহারদি
অরণ করিয়া এখন কাদিতেছ কেন গ

650

সোম্প-চান্দ নয়নে নাহি হেবলোঁ।

নয়ন-দহন ভেল চন্দ।

সোই মধুর বোল প্রবণে না শুনলোঁ।

মধুকর-ধনি ভেল দন্দ।

সঞ্জনি কাহে বাঢ়ায়লু মান।

প্রেমভঙ্গভয়ে অব ক্রিউ কাতর

তুহু পরবোধবি কান ॥

দো কর-কিশল^{ন্} পরণ উপেথলু

অব কিশলয়ে ভত্ত কোর।

नव नव त्नर- छक्ष।-द्रश्र-निद्रश्रत

গরলে ভরল তত্ত মোর।

দে। কর-নিরচিত হার উপেখলু

হার ভুজক্ম ভেল।

গোবিন্দ্ৰাস কহ সো অভি ছুব**গহ**থো এছন মতি দেল ॥

Σ', 2' () —>-•

তক ৪৫৫, সমূল ৮৮৪

ক বি ১৬৭৮ গো ১৬ - রসম্জুরী

পাঠান্তর—রদমঞ্বীতে আবন্ত—
কাত সংধলি বেরি বেরি।
শোরপ নগনে না হেরি॥
নাংহেহিলুঁ সোম্পচন্দ্র।

खड़ ४३३ ५सभ ५ छ ।

ব্যাখ্য--- শ্রিষ্ট অকেপ করিয়া বলিতেছেন যে. মানবংশ জিক্ফের দেই মুখচক ময়নে দেখি নাই , তাই আজ চন্দ্র দেখিলে চোপ জলিয়া খাইতেছে। তাঁহার মধুর বাণ কানে তুলি নাট, ভাই আজে অমরওঞ্নে আনার সন্তাপ হইতেছে। স্থী কেন মান করিয়াছিলাম ? প্রেম্প'ছে ভারিবা যায় এই ভয়ে এখন প্রাণ কাতর হইয়াছে। তুমি যাইয়া কানাইকে বুঝাও। ভাহার দেই কর-পল্লবেৰ স্পূৰ্ণ উপেক্ষা করিয়াছিলাম, তাই আছ কিশলয়-শ্যায় শ্রন করিলে দেই স্থাকামল প্লবও আ্মার অঙ্গকে বিদ্ধ করিতেছে। আমি শ্রীরুফের প্রতিদিন নবীন হয় এমন যে প্রেমরপ হুধা অগ্রাহ্য করিয়াছি। তাই এখন বিরহের বিধে দেহ জলিয়া যাইতেছে। তাহাব হাতের ভৈয়ারী হার উপেক্ষা করিলাম, তাই আমাব প্লার হার এখন ভূজপের মতন আমাকে দংশন করিতেছে। কবি বলিতেছেন, যে ভোমাকে এরপ করিতে যুক্তি দিয়াছিল দে ভোমার হুট গ্রহ (অথবা ভাষার আগ্রহ হুট हिल)।

¢58

ধানশী

শুন শুন এ সথি নিবেদন তোয়।
মরমক বেদন জানসি মোয় ॥
বৈঠয়ে নাহ চতুরগণ মাঝ।
ক্রৈছে কহবি থৈছে না হোয় লাজ ॥
স্থিগণ মাঝে চতুরি তোহে জানি।
আদর রাখি মিলায়বি আনি ॥
অব বিরচহ তুহঁ সো পরবন্ধ।
কাহক থৈছে হোয়ে নিরবন্ধ।
জীবন রহিতে নাহ যদি পাব।
গোবিদ্দাস তব তুয়া যশ গাব॥

क वि. ১*२১

তুক ৪৫৭

শব্দার্থ—আদর রাথি মিলায়বি আনি—আমার গৌরব বন্ধায় রাথিয়া তাহাকে আনিয়া মিলন ঘটাইবে।

250

গোপ গোঙারদি

বনে বনে ফির্সি

ভূষণ কর্মি বনফুল।

তুহ' কিয়ে জানবি

প্রেম স্থানিধি

মন্-মহাধন-মূল ৷

মাধৰ এ কিয়ে দাহদ ভোহারি।

সো অপরাধ

জানি ভোহে রোখন

তুহু কাহে আওলি ছোড়ি॥

যদি কহ চাটুবচন

কহি শত বেরি

চরণে লোটায়লু হাম।

তবহু ত ফুলবী

মঝু মুখ না হেরল

অত্যে করল অছু কাম।

একে নৰ নাগরী

दक्री উक्रांगवि

पः भन भाग-पूक्क ।

অংনত আননে

বৈঠল তব ধনি

গ্রবিনী মান-ভর্কে ॥

অতয়ে সে অহুনয়

বচন না ভনল

না হেরল ভোহারি বয়ান।

গোবিন্দাস ইথে

তোহে কিয়ে দোষব

পিরিতিক রীত নাহি জান ॥

বরাহ ৭, গ ২৪০

মন্তব্য-স্থী মাধ্বকে ভংগনা করিয়া বলিভেছেন।

620

শ্রীগান্ধার

ভন বহু-বন্নভ কান। ভালে তুহু রিষিক স্থভান। পামর পিনিত উপেথি। আঙল কুলবতি দেখি॥ ভোহাবি রাদিক-পন জানি। কহইতে অভিল বাণী॥ দেখি তোর এগব কাজ। হাদৰ যুবতি-সমাজ ॥ যোপদ প্রশক আলে। করদি কত্ত অভিলাধে॥ সে। পদ-পক্ষত ছোড়ি। কৈছে রহলি মুখ মোড়ি॥ কোন শিখায়লি নীতে। ধিক ধিক তোহারি চরিতে[।] ॥ ছিয়ে ছিয়ে বিদগ্ধি রাধে। যাক হৃদয়ে এত সাধে।

क. वि. ১१८२

তক ৪২৯, বসমঞ্জী ১৭, সমুদ ১৮৯

পাঠান্তর--তরু (১) পিরীতে। ব্যাখ্যা-নথী মাধবের কাছে ঘাইয়া তাঁহাকে বিজ্ঞপ

গোবিন্দাস মতি মন্দ।

८इत्रहेर्ड टेडरंगन धन्म ॥

করিয়া বলিতেছেন—তুমি বহু নায়িকার বল্লভ, স্বতরাং

বড় ভাল রিণিক হজন তুমি। তুমি আমার স্থীকে কুলবতী দেখিয়া তাহার সহিত প্রেম করিয়া কের পামরের মতন তাহাকে উপেকা করিয়াছ; তাহাতেই তোমার বিদশ্ধতা ব্যা গিয়াছে। সেই কথাই বলিতে আদিয়াছি। তোমার এইরূপ কাজ দেখিয়া যুবতি-সমাজ হাদিবে। যাহার পদকমল স্পর্শ করিবার জন্ত কত বাদনাকর, তাহা ছাড়িয়া মুখ ফিরাইয়া রহিলে কেমন করিয়া ? তোমাকে এমন ব্যবহার বা নীতি কে শিথাইল? ধিক্ ধিক্ তোমার ব্যবহারে? থার দেই রাধাকেও ধিক যে তোমার মত বেরদিকের দঙ্গে প্রেম করিতে সাধ করে। স্থীর এইসব চাতুরীপূর্ণ কথা গোবিনদাদ ব্রিতে পারিলেন না। কেননা, তাহার বৃদ্ধি কম, সেইজন্ত ধাধার পড়িয়া গেলেন।

6:9

ধানী

তৃহ কিনা জানসি বালা। বিনি অপরাধে কাফে তৃহ বোধলি তেভলি মনিয়য় মালা ।

আপনক দোষ

আপে ন।হি সমুকলি

কাহে বাচায়লি বাত।

গোবিন্দদাস

তোহারি লাগি মাধ্য

আপ চলহ মঝু সাথ

बाबुदी शब्दा

472

<u>জী বাগ</u>

পরশ দেহ থেহ নাহি বাদ্ধে। নীলক্ষ জিউ নেহ লাগি কান্দে॥ শঠ সনে হঠ না করয়ে কেহ আন। মান রহক পুন যাউক পরাণ॥ এ সথি ছিয়ে ছিয়ে কহইতে লাজ।
ত তি উপহাসব যুবতি-সনাজ।
পরজন কীয়ে পিরিতি-কছরোধ।
তর্জন কীয়ে হজন পরবোধ।
কুলবতী-বল্লভ নাগর কান।
গোবিদ্দাস ইহ ব্দ প্রমান।

ক. বি. ১৭ • ৫

7.7 85¢

ব্যাখ্যা— শ্রিরাধ। আক্ষেপ করিয়া বলিতেছেন, এই দেং আমার বশে নাই; তাই ধৈন্য ধরিতে পারিতেছি না। আমার প্রাণ নিজ্জি তাই প্রেমের জ্যু কাঁদিতেছে। শঠের উপর জোধ করিয়া কেই আাব সে জোধ ত্যাগ করে না; তাহার সহিত বন্ধু করিতে চাহে না। তাই বলিতেছি, আমার প্রাণ যাক দেও ভাল, তরু মান বন্ধায় থাকুক। কিন্তু এ সিদ্ধান্তে ছির থাকিতে পারিতেছি কই? আমার কথা শুনিরু যুবতী-সমান্ধ আমাকে উপহাস করিবে। দে পরপুক্ষ, দে কি প্রেমের অন্তরোধ বন্ধা করিবে। দুর্জনকে কি স্কুলন হুইতে বলিলেই স্কুলন হুই। শুক্ষা কুলবতীদের প্রিয় নাগ্র—গোবিক্ষাস ইহার প্রমাণ।

660

ত্রীগ'লার

লোথে দোধলুঁ পিয়া বিনি অপরাধে।
না জানিয়ে এত কি পড়ব পরমাদে:
বজনি প্রভাতে পুরুব পরকাশ।
যামিনি জাগি আয়ল মঝু পাশ॥
াতল তুলহ কর দেয়ল পায়।
মানে মুগধি হাম উপেথলুঁ ভায়॥
কত রূপে বচন কহল সব মীঠ।
বদন ঝাঁপি হাম দেয়লুঁ পীঠ॥
পালটি হেরি হেরে পছঁ মোর গেল।
গোবিন্দদাস কহ মরমক শেল॥
তক্ষ ১৬৯

श्वार्थ—द्वारथ प्राथन्ँ —दाश कविशा (काव निनाम। इनर्—इ्ब छ।

420

হরি যব হরিখে ব্রিথে র্স-বাদ্র সাদরে পূছ্য়ে বাত। নির্থি বদন ভোরি আকুল সোহরি নিজ শিরে ধরু তুয়া হাত॥ মানিনি কীয়ে কঠিন তুয়া মান। ছলে বলে দিঠি-জলে তোহে কত সাধন পালট না হেরলি কান॥ হছু গুণে গুণিগণ বুরয়ে রাতিদিন তুয়া গুণে উনমত দোই। তাহে উপেথলি বিনি অপরাধে জনম গোঙায়বি রোই॥ তাকর বচন শ্রবণে নাহি শূনলি রোথে চলল যব নাহ। অব কাতর দিবে মঝু মুথ হেরসি পাই মনোভব-দাহ ॥ বিহি তোহে বাম মান-ধনে বঞ্ল নাহ বিমুখ ভৈ গেল।

ইহ বড় দ্ফিণ শেল॥ ক. বি. ১৬৯• তক ৪৭•

গোবিন্দাস

শব্দার্থ-হরিথে বরিথে রস-বাদর-সহর্ষ প্রেমরস বর্ষার জলধারার মতন বর্ষণ করিলেন। দিঠি-জলে-নয়নের জলে। মনোভব-লাহ-মননজালা।

ক্ষ্ট ডিতে মান্ট

(2) A

স্থই

স্থাৰি এছে বিদগধ মন লেই।
বিনি অপরাধে উপেথলি মাধব
স্বিগণে অপষ্শ দেই॥

চরণ ধরি সাধলু সহচরি মেলি রহলি যৌবন-মদে মাতি। গারি মুঝে দেয়লি কুটিল নেহারি পুন দগধসি নিজ সাথি॥ হাম তুয়া লাগি व्यागि यमि देशर्रेव তবহু নহব অব হীতে। তোহে দরশায়ব হৃদয় বিদারি ত্বহু নহুৰ প্রতীতে ॥ অল্থিতে উপেথলি বসবতি আপন মহচবি বচন উপেথি। (शाविक्ननाम कर निष्म नौकरि तर বাধৰ অমুজন দেখি॥

3; 29

শব্দার্থ— তবহু নবহ অব হাতে— তাহা হইলেও এখন কিছু উপকার হইবে না।

023 8

তবলে নগের কথিছে কথা।
বিশাখা তলাই আইল ওথা।
কি কথা কথিছ হবল সনে।
কথিতে কথিতে কাদিছ কেনে॥
বলি শুন ওবে নগেররছে।
আনেরে কহানা মনের কাছে॥
মনের মরম কথিবে থবে।
বেদন বাভিন্ন কাইব ভবে॥
দুহামুখে শুনি হরহ প্রাণ।
দাস গোবিন্দ কথিছে জানা॥

भगमञ्जाद्वी अस्य

৫২২ কাল প্রবোধ করি চতুর সহচরি ঠমকি ঠমকি চলি বার। মণিময় আভরণ রতন ভূষণ
স্থানে বাছ ফিরায় ॥
রতন মন্দির মাহ প্রবেশিল সহচরি
ভেটল রাইক পাশ।
কত না চাতুরি বচন মাধুরি
তাহে মিলাইয়া হাল ॥
তান তান বিনোদিনী রাধে।
সোবর নাগর তুয়া লাগি আগর
হেরল বত পর্মাদে॥
বহু যতন করি মোহে পাঠায়ল
তেনত অবহু উবার।
গোবিন্দান কহু করি অভিসার ॥

4. 14. 000

শক্ষার্থ— আগর অর্থে পরিপূর্ণ, কিন্তু তুয়া লাগি আগর— আগাইলা অনুসিতে উৎসক। তেন্দ্র অবহু উবার—উবার অর্থ ফিবিয়া যাওয়া। তাহা নাহইলে এখনি ফিবিয়া যাইব।

03 5

অবভ স্থিগণ বৃত্তি কহন্ত্ৰি
ত্তম বৰ প্ৰেশ-পোঞাৰি ।
মান ভবাম কাহে ঠাই উপেথলি
না তুনি বাত হামারি ॥
মানিনি কাহে উপেথসি কান ।
অব কাহে ভছু লাগি ফুলি ফুলি বোদসি
কো জানে কৈছন মান ॥
তদ্যবিষ্ঠা কীট আপন গ্ৰহ পাতিয়ে
হৈছনে মুরত্হি সোই ।
তৈছন মান তুথাবি ভেল ফুক্বি
ফুধি বোধি সব খোই ॥
নির্দল মান
কাহু কয়লি অছু কাজ

গোবিক্দাস কহে ও বছবল্লভ ভুলভি বরজ সমাজ ॥

ক. বি ২৪০০

শব্দার্থ- হুণি বোধি সব খোই--ৰ্জিভন্ধি সব খোয়াইয়া।

423

স্থি লই সদ্ধে বাইক দ্বুশ্নে চলল ত্নাগ্র কান। মে। ধনি দরশ পরশ রস লালসে সদয়ে করত অন্নমান । তেজন মটরচন্দ্র লব বরিহ ভালে তিলক নাহি সাজ। উদ্নোহি হার মণিময় অভরণ আভিত বিদগ্ধ রাজ 🖟 বিগলিত বসন ঘন পহিরণ জনধর বিজুরিক আভা। কমক মহিল চলণে নাহি পহিলণ শৃত চরণে কিয়ে শোভা দা পদ লক্ষমণি তিমিরে গ্রা<mark>স</mark>ল দশ দিশ ভেল পরকাশ। রাইক মন্দিরে প্রবেশল মাধ্য কহতহি গোবিকদান ॥

4. fd. 2940

ব্যাখ্যা—নো পদ লক্ষণি ভিমিরে গ্রাসল—সেই শ্ল ন্পুববিহান পদতলের আভা যেন লক্ষণির মতন এবং তাহা অধকারকে গ্রাস করিল অর্থাং বিদ্বিত করিল।

420

রাই কহে বাণী আমি অভাগিনী কত না দিয়াছি হুধ। আহা মরি মরি এফে

এদো প্রাণ-হরি

আমার লাগিয়া

এভ হুথ পাইলে

তুমি সে পরাণ পিয়া।

না জানি বিধাতা

আমারে গঢ়ল

কুলিশ পাষাণ দিয়া॥

ভকায়েছে টাদ মুখ।

ক্ষম মোর দোষ

না হইও বিরস

সহজ অবলা অ:মি।

আমার বচনে

না হবে মোচন

রশিক নাগর তুমি॥

ভনিয়া রাধার

কাতর বচন

রসিক নাগর ভাম।

গোবিন্দনাদের

হুধের নাহিক ওর

. বৈঠল ভামের বাম ॥

পनामृड्या<u>ध</u>्ही २।२६६

মন্তব্য—পদটি গোবিন্দদাস কবিরাজেব কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে।

025

দৃতি কহে শুন শুন নাগর শ্রাম।
তুরা লাগি কত রূপে সাধিত হাম।
তুরা দেখি স্কারি যদি করে হোষ।
অপরাধ মানবি মানবি দোষ॥
এত শুনি সহচরি সঙ্গে চলু কান।
হেরি ধনি কয়ল হেট বয়ান ॥
কাম্ক হেরি ধনি দৃতিক সঙ্গ।
তৈথনে পুলকে প্রল অঙ্গ।
মান ক্ষনিত ছ্থ সব দ্র গেল।
গোবিক্দাস মনে আনক্ষ ভেল॥

429

মাধব এক নিবেদন তোয়।
মান-বিরহ-জ্বে তুহে অতি দগধল
মাফ করব সব মোয়॥
তুহু যদি লাখ গোপি সঞে বিহরসি

পুছ ধাদ লাখ গো। গ প্ৰেন্থ । ৭২৭ পায়সি বহুত খানন্দ ।

সোম্ঝে কোটি কোটি স্থগ-সম্পদ ভিল-আধ না ভাবিয়ে মন্দ।

অকপটে এক বাত মুঝে কংবি তু

না করবি চাঁতক ভীত।

চন্দ্রাবলি তুহে কতহু সমাদরে

কৈছন প্ৰেম পিনীত।

সে। যদি তুহারি গীম প্রেমভুজ দেই বান্ধি রাথত পুন গেহ।

গোবিন্দদাস কহে তাকর পদ-তলে

नामि कदेशे मृत्य त्वर्॥

ক. বি. ২০৪০

#* 4 a 6

ব্যাখ্যা— অকপটে এক বাত মুকে কংবি তুইত্যাদি—
তুমি ছল না করিয়া আমাকে একটি কথা বল মধনে তয়
করিও না। চল্রাবলী ভোমাকে কিরকম আদর করে দ
ভাহার প্রেম ভালবাদ। কি ধরনের দ দে যদি প্রেমের
দক্ষে ভোমার গলায় হাত দিয়া ঘরে বাদ্ধিয়া রাথে ভাহা
হইলে কি হইবে দ গোবিন্দাদ বলিভেছেন যে, ভাহা
হইলে আমাকে ভাহার পদতলে দাশী করিয়া লইও।
চল্রাবলী কঠালিঙ্কন করিয়া মাধ্বকে লইয়া ঘাইবেন না—
ইহাই ইঙ্কিত।

450

সহচরি বদন চাহি ধনি আকুল কহতহি কাতর বাণী। অলপহি দোনে উপেথিফু মাধব জীবন করত কিয়ে জানি ॥ সধি হে হাম হে আগেয়ানি। পায়ল প্রেম-প্রশমণি নাগর
তেজল গুণ নাহি জানি ॥
তৃত্ চতুরাই ধাই সব আয়লি
কে না সম্ঝলি কাজ।
বেদন জানি যতনে সব থায়লি
স্থনে বাজায়লি সাজ ॥
তব কাহে এতে রতনধন তেজব
দারুণ করব বিবাদ।
গোবিন্দাস কহ তেজ ধনি কুলব্তি
রাথবি কুল মরিয়াদ্।

क र्व. ३५४२

ব্যাখ্যা—তব কাছে ঐছে রতনধন তেজব— শ্লিবাধা এইবার মানের জন্ম অন্ধ্রতথ্য ইইন্থ স্থাকৈ বলিতেছেন তবে কেন এই এই, এই ধন ভ্যাগ করিব পু কেনই বা দাকণ বিবাদ করিব পু গোবিললাস উপহাস করিয়া বলিতেছেন —কেনই বা ক্ষণকে ছাভিবে নাথ ভূমি হইতেছ কুলবভা, বু এখ্যাদা রক্ষা করাই তো ভোমার করিবা।

650

डाडिशावि

চললি রাজপথে রাই স্থনাগরি লাদবেশ করি অঞ্চে। গাবিঘত ভবি স্বর্ণ ঘটি করি প্রাণ স্থিগ্র স্ফে: । र्वमम भारतेत कान दा अहा कवड़ी বেভিয়া মালভী-মালে। শিঁথায় দিন্দুর লোচনে কাছর অনক তিলক ভালে। খবণে কুওল মণিময় অভরণ शीरम छददयती दात । বিচিত্ৰ কাঁচুলি রূপ নিরূপন পীন পয়োধর ভার।

চরণ-কমলে রাতৃল আলতা
মোহন নৃপুর বাজে।
গোবিন্দাস ভণে ও রূপ যৌবনে
জিতবি নিকুগুরাজে॥

मा. **প. (১)—২৮**৪

उत् २०००, न्यू र ६६६

পাঠান্তর—তক (১) মৃত দধি হুগ্ধে দাজাইয়া পদরা, প্রিয় দহচরি করি দক্ষে।
শক্ষার্থ—লাদবেশ—লাম্ময় বেশ।

मानलीला

(50

এই বুলাবন পথে, নিতি নিতি করি গতাগতে। যদি হাতে করি লৈয়ে সোনা, তুমি কে না বোলে এক জনা

তুমি দেখি পুছহ বড়াই, কিদের পান চাহেন কানাই।
সঙ্গে সব ঘতের পদার, তাহে কেন এতেক জঞাল।
তুমি ত বরজ যুবরাজ, তুমি কেনে করিবে অকাজ।
দূর কর হাদ পরিহাদ, কহতহি গোবিন্দদাম।

저. 언. (:)--- 국 ৮ 교

नमूत २०२. एक ১००३

600

নী রাগ

ভন ভন ভন. হুজন কানাই, তুমি সে ন্তন দানী। বিকি কিনিব দান, গোৱস জানিয়ে, বেশের দান নাহি

সীথের সিন্দুর, নয়নে কাজর, রঙ্গন আলতা পায়।
একি বিকির ধন, নারীর বেশন, তাহে কার কিবা দায়।
মণি অভরণ, হুরঙ্গ শাড়ী, কোন জন নাহি পরে।
যদি দানের হেন গতি, তুমি ত গোকুলপতি, দান
সাধিহ দরে ঘরে ॥

আমরা চলিতে, না জানি চাহিতে, সে কেনে তোমারে বাজে। গোবিন্দদাস কহে, কেমনে জানিবে, পরের মনের কাজে।

মা. প. (১)--২৮৭

मः २०२

৫৩২

স্হই

ত্রিভূবন-বিজয়ি মদন মহারাজ।
বৈঠল বৃন্ধাবনে নিকুঞ্জ মাঝ ॥
গোরস আওত রস্বতি ঠাম।
স্বজ্জিল বিপিন-পথে সর্বস দান ॥
তোহে কহোঁ গোপিনি আয়ানের রাণি।
কেমনে জানিবা দান সহজে আয়ানি ॥
তুহুঁ গজ-গামিনি হরি জিনি মাঝ।
নব যৌবন-মদে নাহি দেহ রাজ ॥
মোহে গিরিধর বলি গোঁপল কাজ।
আপনে আপন কথা কহিতেহ লাজ ॥
কেবল গোরস-দানে কেনে দেহ ভঙ্গ।
বিচারে চাহিয়ে দান প্রতি অক্ষে অক্স ॥
এস্ব দানের কথা জানয়ে বড়াই।
গোবিন্দাদ কহ চপল কানাই ॥

ব্যাখ্যা— শ্রীকৃষ্ণ যেন স্বয়ং ত্রিভ্বনবিজয়া মদন মহারাজ। কেমনে জানিব। দান সহজে আয়ানি—সভাবতঃ জানহীনা তুমি কেমন করিয়া দানের কথা জানিবে। হরি জিনি মাঝ—সিংহের মাজাকে জয় করিয়াত এমন মাজা অর্থাৎ ক্লীপ মাজা। নাহি দেহ রাজ—রাজাকে দেয় কর দাও না। মোহে গিরিধর বলি গোঁপল কাজ—আমি গিরিকে ধারণ করিয়াছি জানিয়। রাজা আমাকে ভর উত্তল করার কাজে নিধুক্ত করিয়াছেন।

৫৩৩ : ভাটিয়ারি

Ollowith

এই মনে বনে দানী হইয়াছ ছুইতে রাধার অঙ্গ।

রাখাল হইয়া রাজকুমারী সকে

কিদের রভদ-রঙ্গ ॥

এখন আর নাহি কর ডর

ঘনাঞা আসিছ কাছে।

গুরুবর আগে করিব গোচরে

তথন জানিবা পাছে॥

ছুইও না ছুইয়ো না নিলজ কানাই

আমর। পরের নারী।

পর-পুরুষের প্রম পরশে

সচেলে পিনান কবি॥

গিরি গিয়। যদি গৌরী আরাধহ

পান কনক ধুমে।

কাম-দাগ্রে কামনা করহ

বেণ্য-বদরিকাশ্রমে 🕫

. द्या उपवाल मध्य स्मर्ते:

ব্রাহ্মণে করহ সাত।

ভড় হয়ে নঙে ভোষার শক্তি

রাই-মঙ্গে দিতে হাত ।

গোবিলদানের বচন মানহ

न। कत अपन उत्र।

্যেই নাগ্রী ভুরুষে আ্গ্রি

কর্ম ভাকর সৃষ্

• ₹P > 583

6 23

ধানশী

তোহারি হৃদয় বেণি-বৃদ্রিকা**শ্রম** উন্নত কুচ-গিরি কোর। স্থন্দর বদন-ছবি কনক-ধুম পিবি তহি তপত মন মোর॥ স্পরি তুহু ক নিয়ড় অব ছোড়ি। গোরি-আরাধনে কাঁহা চলি যাওব তুহু তিরিথময় গোরি॥ সিন্দুর পর্শল মুগমদ-বিন্দু এহি স্থরজ-গ্রহ জানি। তুয়। পদ-নখ-দ্বিজ-রাজ্ঞ গোঁপল স্তব্দরি সহস্র পরাণি॥ কামদাগরে হাম সহজুই নিমুগুন কাম পুরবি তৃত্ রাই। ত্যামর বলি অব চরণে নাহি ঠেলবি গোবিক্লাস মুখ চাই 🖟

সা. প (১) ৭ন •ক ১৫৮৭, স ২৯৬ ক. বি. ২৯ সমূদ ২৬১

न्याच्या-- প্ৰৱপ্তে নিরাধ। নিরুষ্তক বলিয়াছেন থে, যদি ত্রমি পদাতে যা গোরীকে আরাধন। কর, অথবা উদ্ধিদে অধান্ত্র থাকিল কনকবর্ণ ধম যাত। অগ্নির শিখা হইতে বাহির হণ, ভাহা পান কৰ অথবা কাম-সাগেরে কিন্তা ত্রিবেণা বা বদ্ধিকাখ্রমে খ্টেয়া তপ্তঃ করিয়া কামনা কর, অথবা ক্যাগ্রহণের সময় ব্রাজনকে সহস্র জুকরী দান কর, ভাহা হইলেও রাধার অঙ্গে লাভ দিতে পারিবে মা। তাহাব উত্তবে শীক্ষ বলিতেছেন--ভোমার ব্রেক্ট তে। ত্রিবেণা ও বদরিকাশ্রম (ভিন্দারি হার ত্রিবেণীর মত দেখাইতেছে আর ভোমার উলত কুচলিরিযুগই বদরিকাখ্রম গঠন কলিয়াছে)! ভোমাব এই ফলর বদনের আভাতেই কনক ব্ম, ভাগাই পান করিয়া আমার মন উত্তপ্ত হইয়াছে। হে স্করি! গৌরী আরাধনা করিবার জন্ম তোমার সালিধা ছাড়িয়। কোথায় যাইব ? তুমিই দক্তোধ্নন্নী গোৱা। তোমার क्পालंब भिक्तविन इहेट्ट्इ युग, बाब छाहाट কল্পনীর বিন্দু দেওয়ার মানে হইতেছে ক্যোর গ্রহণ লাগিয়াছে। আর বান্ধণকে সহত্র হলবী দানের কথা বলিতেছ
 তোমার পায়ের নথক্স ছিক্রাঞ্চের (চল্লের

অভার্থে রান্ধণশ্রেষ্ঠ) কাছে আমি সহস্রবার প্রাণ সমর্পণ করিয়াছি, ভাহাতেই সহস্র স্থলরী দানের ফল হইবে। কামসাগরে ভো আমি স্বভাবত:ই নিমগ্র; তুমি কামনা পূর্ণ করিবে। হে রাধা! অস্ততঃ গোবিন্দদাসের মুখ চাহিয়া ভামকে কালো বলিয়া পায়ে ঠেলিও না।

000

खुइइ

কি করব গোরস দান।
আপনে দিল সমাধান ॥
অধরে অমিয়া-রস তোর।
যৌবন যোধ আগোর ॥
তোহে কহি ফুলরি রাধে।
হরি সঞে লা কর বাদে॥
কুচ কনক।চল পারে।
গোভে ভাগ মোভিম-হারে॥
কুওল চক্র বিকাশে।
বেণি ভুজ্ঞিনি পালে॥
ভাও ধহুয়া জন্ন ভর্জ ॥
অভ্যে ব্রিয়ে রণ-আশ।
কহতহি গোবিন্দাপে ॥

ব্যাখ্যা—রাধে! তুমি শুরুষরপ হুধ দিতে চাহিতেছ।
তোমার অধ্যে আছে অমৃতরদ, যেগ্রনরপ ধান্ধা উহা
রক্ষা করিতেছে। স্থানরি রাধে! হরির সহিত বিবাদ
করিও না। তোমার কুছরপ কনক পর্বাতের উপরে
নোতির হার শোভা পাইতেছে। তুমি যুক্তর জন্ম প্রাভে
ইইয়া আদিয়াছ দেখিতেছি। বেণীরপ স্ক্রিনীর পাশে
তোমার কানে কুওলরপ চক্র। জ্র দেখিয়া মনে হয় খেন
ধন্নকে জ্যা আরোপণ করা ইইয়াছে; আর নয়নের

কটাকে তীক্ষ শর। স্তরাং তুমি যুদ্ধই আশা করিয়া আদিয়াছ।

> **৫৩৬** বরাড়ী

এ গজগামিনি তো বড়ি সিয়ান।
বলে ছলে বাঁচেদি গিরিধর দান॥
চিকুরে চোরায়িদ চামর কাঁতি।
দশনে চোরায়িদ মোতিম পাতি॥
অধরে চোরায়িদ ফুরক্ষ পভার।
বরনে চোরায়িদ কুরুম-ভার॥
কনক কলদ ঘন রদ ভরি তাহি।
ফ্রান্মে চোরাওদি আঁচরে নাঁপাই॥
টেই অতি মহর চরণ দক্ষার।
কোন ভেজব এত বিনহি বিচার।
ফ্বল তুই গোরদ দান।
রাই করব অব কুজে পয়ান॥
বাহা বৈঠল মনমথ মহারাজ।
গোবিন্দাদ কহ পড়ল অকাজ॥

না. প. (১)--২৮৮

समूज २६४, एक ३७५१ २०२५५

্পাঠান্তর—তহতে আরম্ভ—চিকুরে চোরায়সি ইঙ

ব্য ্যা— শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে চুরির দায়ে কেলিয়াছেন। রাধা চিকুর ছলে চামর, দহু ছলে মন্তির প'ল্ডি, অধর ছলে লাল প্রবাল, বর্ণ ছলে কুন্থমের ভার, কুচ রূপ কনক কলসে ঘন রুস ভরিয়া আঁচল চাপা দিয়া চুরি করিয়া চুঙ্গি (octroi duty) ফাঁকি দিয়া ঘাইতেছেন। স্থতরাং ভাঁহার বিচার করিতে হইবে।

৫৩৭ হুর্ট "বিনোদিনী ন। কর চাত্রীপনা। ভাড়িয়া আমারে হিয়ার মাঝারে লইয়া যাইছ সোনা॥ নিবেদন করি ভনল স্থন্দরি সহজে তোমরা ধনি। দধি ঘৃত দেখি যাহ বিলাইয়া তবে দে মহিমা জানি ॥" "গোয়ালা-ধরম রাথিতে গোধন ফিরহ গহন বনে। পথে লাগি পায়া পর নারী লয়া শাধ করিয়াছ মনে॥ রদের চাতুরী নাগর নাগ্র শুনি স্থীগণ হাসে। অফুগা হইতে শাধ লাগে চিতে करुरा (भाविक्नामास ॥"

006

B . . .

মোহন বিজয়ী বনে দুরে গেও স্থিগণে **८क**ला बहिन सि बाहे। তুটি আঁথি ছল ছল রাইয়ের চরণাএল কাঞ্মাসি পড়িল লোটাই ৮ ধনি জনম সফল ভেল মোর। মিলাইল বিধি আজি তুয়া হেন বদনিবি अध्यत्र किया भिव खत्र॥ আমি যে তোমার হট ভন ভন প্রেম্ময়ি क्रमा क्रमा विक नाम। ইথে বৈদ বিনোদিনী পাতি এই ব্যন্থানি ন্তথে করি পছরে বাভাস। কত ববির কিবণ দিছে চলিতে থকি ॥ গেছে স্থের মঞ্রি হটি পা। হিয়ার মাঝারে রা্থি জুড়াও কমলমুখি চন্দনে চর্চিত কর গা॥ আনিয়া ধ্যুনার জল ধোয়ায় চরণভল

মুছে পীত ধড়ার আচরে।

চলল বিপিন পথে

মনমথ উপলল

চূড়া ভান্ধি ফুল নিল বাইয়ের চরণে দিল বেদমন্ত্রে করিল আরতি। গোবিন্দদাশ কয় কত দিব পরিচয়

বলিহারি দোঁহার পিরিতি ॥

क. वि. ১৮৮

শব্দার্থ— স্থাথ করি প্রত্যে বাতাস—তুমি আমার প্রভু, তোমাকে বাতাস করি।

600

ভূপালী

াবামাধর নীপ-মূলে।
কেলি-কলারস দানছলে।
দূরে গেও স্থিস্থ স্তিতে বছাই।
নি ইত নী শ মূলে বৈঠল রাই।
হুছে ভুছে বেড়ি লোহার ব্যনে ব্যন।
কমলে মন্প থেন হুইল মিলন।
নেহার অধ্ব-মন্তু লোহে করু পান।
নিজ অক্ষে দিল রাই ঘন-বস দান।
আনলে হুই জন প্রল আন্ধা।
আনলে হেবই গোবিক্দাস

19.599

Take young

শক্তার্থ—নিজ আন্ধে দিল বাই ঘন-রস দান-—রাই শেষ প্রান্ত দান। চুলি বা octroi duty) দিলেন—কি দিয়া ? না, নিজের আন্ধের ঘন প্রেমবস দিয়া।

নোকাথণ্ড

480

ভাবিনি মনোরথে

হেরি যমুনাজল

শাণপুচ্ছ গুলাছড়া স্কুলত কাঞ্চন মোড়া কেযোয়ালে রক্তত কিছিলাঃ

সাধিতে মনোরথ কাজ।

চতুর শিরোমণি কান।

পুরল নুরলি নিশান ॥

তপন-তন্যা-নীরে তরণী লইরা **ফিরে** বিদ্যাধ নাগর-রাজ।

গোবিদ্দাস ভনে কি আন্দ হ**ইল মনে** কুন্তু কুন্তু নুপুর বাজ ॥

পণ্ডিত ব্যবজৌ মতে দেখের পুথি

485

ধানশী

এ নব নাবিক শামর চল।
কৈছন তোহারি হৃদধ নিরবন্ধ ।
তৃয়া বোলে গোরদ যমুনহি তার।
ফারলো কাঁচুলি ভারলো হার॥
কব অবদর নাহি দিঞ্চতে নীর।
ইতিখনে তবহু না পাওল তীর॥
হাম নিরদ তুহু হাদি উতরোল।
েই জীউ তেজই কেই হরি বোল॥
এতদিনে কুলবতী-কুলে পড়ু বাজ।
চটি ইং নাবে দূর ভেয়ো লাজ॥
উঠত কুলে পাব যেই তহু মাগ।
কাহু দক্রে খোজি ধরব তুয়া আগ॥
গোবিন্দাদ কহু সময় কুকাজ।
নাবিকরতন নাবক মারা॥

সা. প. (১) ২৯১ প্ৰ

मयुक्त २७१, उस ३४२२

মন্তব্য—পছাবলীর নিমোদ্ধত ২৭৪ শ্লোকের ভাব লইয়া 'তুয়া বোলে গোরস' ইত্যাদি অংশ লেখা। বাচা তবৈব যতুনন্দন গব্যভাৱো হারোপি বারিণিময়া

महम। विकीर्गः।

কুলং দ্রীকৃতঞ্চ কুচয়োরনয়োত্ ক্লং কলিন্দ তৃহিতুর্ণ-তথাপ্যদূরম্॥

কর অবসর নাহি ইত্যাদি অংশ পদ্মাবলীর নিম্নোদ্ধত ২৭৬ সংখ্যক মনোহরক্বত শ্লোকের ভাব লইয়া রচিত:—

> পানীয়দেচনবিধে মম নৈব পাণী বিশ্রাম্যত স্তদ্পি তে পরিহাসবাণী।

ব্যাখ্যা-- হদয় নিরবন্ধ-মনোগত অভিপ্রায়। তুয়া বোলে গোরদ ষমুনহি ঢার ইত্যাদি—তুমি বলিলে যে নৌকার ভার কমানো দরকার, ভাই হুধ খ্যুনায় ঢালিলাম। কাচুলি ছি ড়িয়া ফেলিলাম, এমন কি হার প্রান্ত বিসৰ্জন দিলাম। নৌকায় জল উঠিয়াছে তাহ। ছেচিতে ছেচিতে আমার হাতের একটুও ফুরদং নাই। (অথবা তোমার হাত অন্ত কাছে ব্যাপ্ত তাই জল ছেচিবার অবদর নাই) তবু এতক্ষণেও তীরে পৌছানে। গেল না। আমি ভয়ে শুকাইয়া গিয়াছি, আর তুমি হাসিয়া উতলা হইতেছ। কেউ বা মরে, কেউ বং হবিবোল বলে। এতদিনে কুলবতীর কুলে বছ পড়িল. এই নৌকায় চড়িয়া লঙ্গা দূরে গেল। এখন ভালোয় ভালোয় তীরে পৌছাইয়া দাও, তাহা হইলে যাহা,চাও তাহাই পাইবে। কাহারও কাছ হইতে থুলিয়। আনিয়: ভোমার সামনে ধরিব। তুমি স্থরত চাহিতেছ, উহা তে। আমার কাছে নাই, কাহার ও কাছ হইতে থোঁজ করিল আনিয়া ভোমাকে দিব। গোবিন্দদাস বলেন যে নৌকার मधा नाविकत्थर्ध अ ममस्य कूकाक कवित्तन।

485

এ বাগ

ষৰ লছ লছ হাধি মক্ষে মক্কম পশি নায়ে চঢ়া **ও**ই তুহি।

ভৈলহি অন্তন তৈখনে মঝু মন বেকত ধয়ল ফল সোই ॥ এ স্থি হ্রি স্থে মানহ কুঞ্জবিনোদ। ইহ নাবিক অতি চপল চপলমতি অব জিউতে উ পরবোধ॥ বিজ্বি ঝল ঝলকত গগনহি সঘন দিনহি ভেল আধিয়ার। থরতর প্রনে তরণি ঘন ঘরত পৈঠত জল অনিবার॥ পড়ল জিউ সৃষ্ট তুরুজন পাণি ইথি জনি করহ বিচার। আজু সৰ স্থী জীয়ত তয়া ইন্সিতে গোবিন্দাস কহ সার॥

সা, প. (.) ২০০ পদ সমূহ ২৬৭, ০৭ ১৬১০ ক. হি. ২৭৬০

ব্যাখ্যা—তৈথনে মৃত্যন তৈলিই অন্তন্ত্রি যথন অত খোদামোদ করিয়া, মৃত্যুত্তা দিয়া, নৌকায় চড়াইলেই তথন আমার মনে চাঞ্লা হইয়াছিল, বুকিয়াছিলাম তোমার মতলব ভাল নয়, এখন দেখিতেছি আমাধ আশক্ষা রুখা নহে। এখন দ্ব বাকু হইল। এই কথার উত্তরে স্থী বলিতেছেন—রাধে, ইনির স্থিত কুড়বিনোদ বা নিধুবন স্থাকার কনিয়ালও।

দোল ও ঝুলন

485

লীলাছলে কেন কাঞ্চন গোৱা।
গোবিল কাগুরকে ভেল ভোরা।
দেবকুমারি নাগরিগণ সঙ্গ।
পূলক কদম্ব কর্মিত অঙ্গ।
কাগুয়া খেলত গৌরতম।
প্রেম স্থানিকু অরতি ক্ষয়।

ফাপ্ত অরুণ তহ অরুণহি চীর।
অরুণ নয়ানে ব্যক্ত অরুণক নীর॥
কঠে হি ললিত অরুণিম মাল।
অরুণ ভকত সব গায় রুগাল॥
কত কত ভাব বিথারল অঙ্গ।
নয়ন চুলায়ত প্রেমতরঙ্গ॥
হেরি প্রিয় গ্লাধর লভ লভ হাস।
সো নাহি বুঝল গোবিন্দাগ॥

না. প. (১) -- ১৭

488

उथा वाश

কলপতি বিহরই নাগ্র গ্রাম। ান রজিনি স্কিনি বাম।

531 Borrel

প্রিমল কুফুম

সাধ-বদে স্বাহস্প ভবি।

মদনগোটন টেবি - মাতল নন স্ক

যুৰভি-যুথ শত গায়ত কুম্বি

কেল অধ্যাধর কলা হার ২ব

কেহু তম্ব পরশিষ। বহন বিভোরি।

্কঃ লেই মুবলি কেছ লেই মুদ্ধি দুর্হি দ্বে বৃহি গাওত হোরি:

em রবাব উপা**ন্ধ** পাথা ওজ

করতল-ভাগ স্থালি করি।

গোবিন্দদাস-পত নটবর-শেখন

নাচত গাওত ভাল ধরি॥

সঃ প. (১) ২৮১, ক. বি. ১৩৪ সমূল ৪৪•. ভক ১৭৩৪ এবং ১৩৭

শক্তার্থ- ঋতুপতি বিহরই—বসস্তকালে বিহার ক্রিডেছেন। গায়ত মুমরি—মুমুর গান করিতেছে।

484

তথা বাগ

থেলত কান্ত বুন্দাবন-চান্দ। ঋতুপতি মনমথ-মনমথ ছাব্দ। হৃনবিগণ কর মণ্ডলি মাঝ। রঙ্গিনি প্রেম-তর্ক্ষিনি সাজ। আও কাও দেই নাগরি-নয়নে। অবদরে নাগর চুম্বয়ে বয়নে ॥ চকিতে চক্রমুখি সংচ্রি-গ্র্মে। ষাই ধরল গিরিধারিক বদনে ॥ তরল-নয়ানি তুরিতে এক যাই। করে সঞে কাঢ়ি মুরলি লেই ধাই ॥ ঘন কংতালি ভালি ভালি **বোল**। হো হো হোরি তুমুল উতরোল। অরুণ তরুণ তরু অরুণিহ ধরণী। স্থল জনচৰ ভেল **সভে এক বরণী** ॥ অরুণহি নীরে অরুণ অরুবিন্দ। অকণ জদয় ভেল দাস গোবিন্দ ॥

有情况 电一点

Ed 1834

শব্দার্থ-মনমথ-মনমথ ছাল্ল-মন্নথের মন মন্থন করে এমন রূপ। করে সঞ্জে কার্চি মূরলি লেই ধাই—একজন তরল-নয়নী শ্রীক্ষেত্র হাত হইতে মূরলী কাড়িয়া লইয়া দেইড দিলেন। একগঠি নীরে অরুণ অরবিন্দ ইত্যাদি—ফাওয়ার রংয়ে জল লাল হইল, পদাং ব্যক্তনার্থে নয়নপদ্ম) লাল হইল; গোবিন্দদাসের হৃদয়ও আরক্ত হইল।

089

তথা বাগ

নটবর ভঙ্গী

ফাপ্ত-রকী

নাগর অভিনব নাগরি সঙ্গ। ঋতুপতি গীত চীত **উম**ভায়**ল** হেবি বদন বৃন্দাবন-বন্ধ ॥ ফাগুয়া খেলত নওল কিশোর। রাধা-রমণ রমণি-মন-চোর॥

ञ्चन दि-दून-

করে কর মণ্ডিত

মণ্ডলি মণ্ডলি মাঝহি মাঝ।

নাচত নাগরিগণ

ঘন পরিরন্তণ

हश्य-न्त्रधन गउत्तर-त्रांक ॥

কাম্ব-পর্শ-রসে

অবশ রমণিগণ

অঙ্গে অঙ্গে মিলি কাঁপি রহ।

পূরল সবহু

মনোরপ মনভব

মোহন গোবিন্দাস পহ ॥

সা. প. (১) ২৮২, ক. বি. ১৩৭ পু; তক ১৪৬৭, সমুদ্র ss•

मकार्थ-प्राप्त (गाविकनाम पक्-रागविकनारमव প্রভু মদনেরও মনকে মোহিত করেন।

485

শ্রী রাগ

শ্রাম নাগর মনোহর রস গাগরি গোরি। নবজলধর জমু উজোর কত থির বিজুরি॥ ফাগুয়া খেলত কাননে বর রশিক মুরারি। সঙ্গে অনঙ্গ-রঙ্গিনি নব রঙ্গিনি নারি॥ কাফুক হৃদয় হার হরি পুন রতিরসে ভোর। উচ কুচ কঞ্চক লুঞ্য়ে পুন হাসি দেই কোর॥ গোবিন্দাস পছ রসিক মুরারি। কত কত লীলা করত বিথারি॥

সা: পা. (১) ২৮৩, ক বি. ১৪+5

¢89

বসস্থ

ফাপ্ত খেলত বর-নাগর-রায়। রাধা রঞ্জিনি বছবিন গায় -হাসি হাসি জনবি মনমথ-রঙ্গে। ফাও লেই ভারয়ে নাগ্র-অংক। রদে ধদধদ তক্ত আধ আর হেরি। চুয়া চন্দন দেই বেরি বেরি চপল নাগর কুচ পরশল থোরি। চমকি চমকি মুখ বহলিহাঁ গোরি " कांछ (मधन हिंद लोहन- धर । মৃন্দল ধনি হুহু লোচন-কোর ॥ অধরহি চুম্বন কক্ষ তব কান। গোবিন্দাস হহঁক গুণ গান #

क. वि. ३ ०४ १९:

मकार्थ-- मुक्क थिन इहं काठन-काद - क्रमदी लाठनक्रम पृष्टि भन्नकलि (कांत्र=कांत्रक, कलिका) মুক্তিত বা বন্ধ করিলেন।

680

মালব ঐরাগ

নৰ ঘন কানন[ং] শোভিত কুঞ। বিকশিত কুলমে শোভ। অতি পুঞ্। নত্ন প্রব'-শেভিত ৬(ল। ্ৰাবি শুক পিক ৩ই বোলত বদাল ১ ভাহি। বলি অপরপারভন-হিত্তার। ভঠি পর বৈঠলা কিশোরি কিশোর 🖟 ব্রছরম্বীর্গণ দেক। ক্রেরে।র। গাঁৱত জনি ধনি করত্থি কোর। কত কত উপজত" রুদ-প্রদৃষ। গোবিন্দাস দেখত ভঙি বঞ্চ

সা. প্. ১৮২ ৭ম প্র 1. fa. 200

77 5 W TO \$ \$100

পঠিভার-(১) বনঘন কানন-- দা । তক্ত-(>) নব ঘন কানন শোভিল পুঞ। বিকশিত কুম্বমে ম্বশোভিত কুরু॥

- (৩) নৰ নৰ পল্লৰে (৭) গাওয়ে বদাল (৫) ভহিঁ
- (७) रिकंगि (१) (मध्य (৮) उपक्रम। मकार्थ---(मेंड वारकाय--वांकि वा नाफा मिन, दनाहेश।

দিল। গীরত জনি ধনি করতহি কোর—ফুন্দরী পাছে পড়িয়া যান ভয়ে কৃষ্ণ তাঁহাকে আলিকনে বন্ধ ক্রিলেন।

<u>त्रामलीला</u>

ces

স্হই

(((°

অভিনৰ বৃদ্ধিনি সঙ্গে বিনোদিনী বুলত নটবর রায়। কনকে রচিত মণি মরকত ত্ৰখদ সেজ কোলনায়॥ ধনি মুখ শরদ স্রধাকর নির্মল নাগর নয়ন-চকোর। ঐ পুন নির্বাথ নির্বাথ বর হুন্দর আনন্দে তত্ত্ব মন ভেরি॥ শীতল চন্দ্ৰ ছুত অঙ্গে লেপল ছুই গলৈ শোভে ফুল মাল। সৌরলে শন্মত সম্বাহি দিরত धक्ष । यान जमान ॥ কোই কুলবতি অতি কৌশলমতি ধরি তহি কুলন ছোর। অাবেশে জ্মধুর মধুৰ কোলায়ত রসময় নক কিলোর ব কোই জ্নায়বি জ্মধুর গায়ত কোই বাজায়ত যয়। বিদ্যার ব্রাঞ্চনি প্রেম্ভর ক্লিণা বিরচ্ছ রম্পর ভন্ত। নীল খেত কুম্বম ছাতি মথি মল্লিকা কোই ব্রিথে দোহ গায়। আনন্দ নিম্পন শিখী কব নটন কোই কোই পঞ্ম গায় ॥ ছুহু রূপ নির্থি হর্থি স্ব স্থিগ্ণ

मिन ब्रज्ञों नाहि कान।

এছন গোবিন্দাস রস গান।

ভুলল সবহু তঞ্লি মন

মুরলী অভি স্বমধুর ভান-

দরবহি দারু যুগ্ধরে নব পলব

যয়না বহত উজান ॥

প্রনি শুনি ধরণা ধরণীধর পুলকিত

শিলা গলি বহতহি নীর।

নীৰ তেজি মীনকুল উথাড়িয়া পড়ত

কোই নাহি হোয়ত থার॥

বংদ তেজি হুগ্নপান

উৰ্দ্বেধ ধায়ত

কানন তেজি মুগী ধায় ॥

গোবিৰূদাস ভৱে

জগত ভুলল গানে

মধ্র মুবলীৰ বালাই ঘাই ॥

প এই বাব হীঃ হয় শংহৰ পুলি

শকার্থ—দরবহি দাক—কাঠও তাব হয়। ধরণীধর পুল্কিত—পসতও আনন্দিত।

600

ত্তনিঞা মধ্র মুরলীতান সহিল নহিল রদের প্রাণ অন্তরে ভেদল মদন-বাণ চলল নিকুঞ্জ মাঝে বে। অঙ্গে পহিরল জলদ-বাদ বিধির অবধি লাদ বিলাদ মধ্র মধ্র কোমল হাদ কঙ্কণ কিঞ্জিণী বাজে রে॥ চাঁচর চিকুরে কবরী দাজ রতন-জড়িত খোপার দাজ কুল কনয় মাঝহি মাঝা মল্লিকা মালতী খেবিঞা।

∓. वि. ১७≥8

জিনি সরোক্ষহ চরণ দ্বন্দ্ব
নথমনি ভাহে বিধুকে নিন্দ্র
রদের আবেশে গমন মন্দ্র
মদন কান্দ্রে হেরিঞা॥
রচিঞা মকলকেলি স্থসাজ্ব
চৌদিগে বেঢ়িঞা নাগরি রাজ্ব
প্রবেশ করল নিকুল্প মাঝ
মিলল ভহি স্থামরায় রে।
নয়নে নয়নে মীলল কাহ্র
উপজল কভ রদের বান
ও রস্যাগরে গোবিন্দ ভুবল
কি দিব উপমা ভার রে॥

সজনীকান্ত দাসের পূলি পৃ: ৩৫

A: 0: 5

শব্দার্থ—সহিল নহিল—সহিতে পারিল না। পহিরল জলদ-বাস—মেঘবর্ণের সাড়ী পরিল। বিধির অবধি লাস বিলাস—লাক্তবিলাস হতদ্র বিধাতা করিতে পারেন তত-দ্র করিল।

মন্তব্য—এই পদটা পূর্বে কোথাও প্রকাশিত হয় নাই বলিয়া ডাঃ স্কুমার দেন সাহিত্য-পরিষং-পত্রিকার ৩৬ খণ্ডে উদ্ধৃত করেন। কিন্তু সংকীর্তনামূতের ৩২৯ সংখ্যক পদ এইটা।

000

ধানশী

কি যে ভনি জধাময় নুবলীর বব।
না সম্বরে অম্বর ধায় গোপী সব॥
করে তুলি পরে কেহ পদ-অভরণ।
কেহ পরে নিজ আধ নয়নে অঞ্চন॥
সদন ছাড়িয়া কেহ কাননেতে ধায়।
পয়-পানে শিশু ছাড়ি সেহ গোপী বায়॥
এক গোপীর পতি ধরিয়া রাখিল।
ভাম অম্বরাগে সেহ তহু তেয়াগিল॥

দকল গোপীর আগে পাইল দেছি রামা। গোবিনদাস কছে কি দিব উপমা॥

ক. বি. ৮৪ পু:

图 : 28

শব্দার্থ—না সমরে অম্বর—কাপড় দামলাইতে পারে না। করে তুলি পরে কেহ পদ-অভরণ—পায়ের অলহার হাতে পরিল।

008

মায়ুর

নব যৌবনি ধনি জগ জিনি লাবণি
মোহিনি বেশ বনাপ্তলি তাহি।
মনমথ চীত তীত নাহি মানই
কুগুৱাজ পর সাজলি রাই॥
মিললিং নিকুগ্নে কুগুর-বর-গমনী।
মুবতি মুথ মেলিং গাওত বাওত
চলত চিত্র-পদ বিদগ্ধ রমণী।।
হেরইং জাম হ্বত-রণ-পণ্ডিত
হাসি মদন মদে মাতলি বালা।
বতি-রণ-বীর বীর সহচরি মেলি
বরিপই বিষম নয়ন শর জালাং॥
নয়নে নমনে কণে ভুজ ভুজ বন্ধানং
তক্ত তত্ত পরশে নাহি জয় ভঙ্গ।
গোবিন্দাস কহই অব নং ব্রিয়ে
বাজত কিধিনি কোন তব্জ॥

সা. প. (১) ১০৯, ক. বি. ২৫৭৮ তক ১০৬৫, ক) ২১১, শ্বদা ১৭।৭, সমূদ ২২৭

পাঠান্তর—(১) মানত—ক (২) চললি—তরু (৩) যুবতি-যুত-শত—ক (৪) চেরইতে—ক (৫) বরিগয়ে নয়ন-কুস্ম-শর জালা—তরু (৬) ভূজে ভূজে বন্ধনে— ক 5 ভূজে ভূজে সন্ধান—তরু। ৫৫৫ কামডা

শরদ চল প্রন মল বিপিনে ভরল কুম্ম-গন্ধ ফুল মলিকা মালতি যথি মত্ত-মধকর-ভোরণী। হেরত রাতি ঐছন ভাতি ভাষ মোহন মদনে মাতি মরলি-গান পঞ্ম তান কুলবতি-চিত-চোরণি॥ খনত গোপি প্রেম রোপি মনহি মনহি আপন গোঁপি তাহি চলত গাহি বোলত মুর্লিক কল লোলনি। বিছরি গ্রেছ নিজল দেহ এর ানে কাছর রেহ বাহে বঞ্জিত মন্ত্রীর - এক একু কুওল দোলনি^১ : শিখিল-ছন্দ নীবিক বন্ধ" বেগে ধাওত যুব্ভিবন্দ থমত ব্যুৱ ব্যুৱ চোলি গলিত বেণি লোলনি। ভতহি বলৈ স্থিমি মেলি কেছ কাছক পথ না হেৱি ইছে মিলল গোকল-চন গোবিক্লান গাওনি দ

সা. প. (১) ১১৫, ক. বি. ৮০ পৃঃ তক্ত ১২৫৫, কী ২২০, সং ২৭৮, গো ২৮. রু ২১ সংগ্রহ

পাঠান্তর—(১) কম্বণ—ভক্ (২) ডোলনি—ভক্ (৩) নীবিকে। বন্ধ—ক্ষ (৪) এডচ্—ক্ষ।

ব্যাখ্যা— ভনত গোপি প্রেম বোপি ইত্যাদি — ম্রলীর ধ্বনি ভনিয়া গোপীগণ প্রেম স্থাপন করিয়া, মনে মনে আত্মদমর্পণ করিয়া যেধানে দেই ম্বলী অক্ট মধুর শব্দে আহ্বান করিতেছিল, সেইখানে চলিলেন। বিছুরি গেহ
নিজহুঁ দেহ ইত্যাদি—তাঁহারা ঘর ভূলিলেন, নিজের
দেহও ভূলিলেন, বেশভ্ষা করিতে ভূলিলেন। এক নয়নে
কাজলের রেখা অন্ধন করিলেন, অহ্য নয়ন গালি রহিল।
বাহতে একখানি নৃপুর পরিলেন আর এক কানে একটি
কুণ্ডল ছুলিতে লাগিল। নাবির বন্ধন শিধিল হইয়া পড়িল।
কেহু কাহকে। পথ না হেরি—"আজ্গুরহােশ্রমলকি-তােজ্যাং"—ভাং ১০।২৯।৪। গ্রহুক্তকে দর্শন করিবার
জন্ম মন এমন ব্যাকুল যে পথে যাইবার সময় আর কিছুই
চােথে পড়ে নাই—সমন্ত মন গ্রহুক্তেই নিমাঃ।

003

মলার

বিপিনে মিলল গোপ-নাবি হেরি হমত মরলিধারি নির্থি বয়ন পুছত বাত প্রেম-সিন্ধ-গাহনি^২। পুছত দৰক গমন-খেম কহত কীয়ে করব প্রেম ব্ৰদ্ধক স্বল কুশল বাত কাহে কুটিল চাহনি ঃ হেরি এছন রন্ধনি ঘোর তেজে ভক্ষণি পতিক কোর কৈছে পাওলিং কানন ওর কহত থোর কাহিনী[°]। গ্লিত-ললিত কবরি-বন্ধ কাহে ধাওত যুবভিবুন্দ यनित्र किएा भएन एक বেচল বিশিখবাহিনী^৫ ॥ কিয়ে শরদ চান্দনি রাতি নিকুঞ্চে ভবল কুম্বম-পাতি হেরত স্থাম ভ্রমর-ভাতি वृति चा छलि माइनि ।

এতহঁ কহত না কহ কোই রাথত কাহে মনহি গোই ইহহি আন নহই কোই[°] গোবিল্দাদ গাহনি ॥

সা, প. (১) ১১৬ পদ ক. বি. ৮৪ পূঃ ব ০১. গো ২০ क्रगमा २२।८, उक १२८७. मः २९२, को २२०

পাঠান্তর—কণদা—(১) মদন-সিরু-গহনী (২) হেরত ইছন রজনী ঘোর (৬) আওলি (৪) থোর নহত কাহিনী —তক (৫) বেঢ়ল বিপথ-বাহিনী—তক (৬) বৃঝিয়ে আয়ল সাহিনী—ক (৭) ইহহি আন কোই না হই—ক।

ব্যাখ্যা—রাসে সমাগতা গোপীদের প্রতি শ্রীকৃষ্ণ ছল করিয়া উদাদীনতা দেখাইতেছেন। গোপ-নারীরা। গোপ-দিগের পরিণাতা স্থীগণ) বিপিনে আদিয়া উপস্থিত হইলে মুরলীধারী হাসিয়া তাহাদের মুখের পানে চাহিয়া জিজ্ঞাস: করিতেছেন—দেই জিজ্ঞাসা যেন গোপীদের প্রেমসিক্কতে অবগাহনতুল্য (গোপীদের ভালবাদা কত্ট। গভীর তাহ। বুঝিবার জন্ম এই অবগাহন-রূপ জিজাদ! কর।)। শ্রীকৃষ্ণ ষেন গোপীর। কেন আসিয়াছেন কিছুই জানেন না, এমন কি তাহানের সঙ্গে যে অস্তরকত। আছে তাহাও সীকার না করিয়া সাধারণ ভদ্রতাহ্চক কুশলবার্ত। জিজাস। করিতেছেন—ভোমাদের এখানে আসিতে কোন কট হয় নাই তো ? ভোমাদের কি প্রীতিসচক কাণ্য করিব বল (What can I do for you?)। ব্রন্ধের স্কলের কুশল তো? এ দৰ প্ৰশ্ন শুনিয়া ভোমর। কুটিল দৃষ্টিতে চাহিতেছ কেন ? (এই চরণ কয়টা ভাগবতের প্রায় অনিকল অমুবাদ--

স্বাগতং বো মহাভাগাঃ প্রিয়ং কিং করবাণি ব:।
ব্রহ্মভানামরং কচিদ্ ক্রতাগমনকারণম্॥ ১০।১৯।১৭
গোপীদের কৃটিল দৃষ্টিতে তাকানো গোবিস্ফলাদের
মৌলিক)।

এমন যোর রন্ধনীতে তোমাদের মতন তর্মণীরা পতির কোল ছাড়িয়া কিরূপে বনের প্রাস্তে আদিলে? এ তো কম কথা নহে। নিশ্চয়ই গুরুতর কিছু ঘটিয়াছে!

তোমাদের হৃদ্র কবরীর বন্ধন থুলিয়া গিয়াছে। যুবতী তোমরা দৌড়াইতেছ কেন? গৃহে কি ঝগড়া হইয়াছে ৷ মুক্রাণ লইয়া কোন দফাদল ঘর ঘিরিয়া ফেলিয়াছে। (বিশিখবাহিনী-কণদার পাঠ অর্থাং বাণ লইয়া বাহিনী। তরুর পাঠ—"বেচল বিপথ-বাহিনী"। উহার অর্থ সতীশচন্দ্র রায় মহাশয় করিয়াছেন--"বিপথগামিনী অর্থাং কুলটা স্ত্রীগণ কি ভোমাদিগকে বেষ্টিত করিয়াছে ;" ইহাতে অর্থ ও পৌৰ্কাপ্যা ঠিক বজায় থাকে না, তাই ক্ষণদার পাঠই ভাল বলিয়া মনে হয়। সাহিত্যপরিষদের ১১৮৩ সাস বা ১৭৭৬ খ্রাষ্টাব্দে লিখিত ১০০ সংখ্যক পুথিতেও "বিশিখ বাহিনী" পাঠ আছে।) কিখা আপদ বিপদ কিছুই ২য় নাই। শবংকালের চাদনি রাত্তি, ফুলে ফুলে কুও ভবিয়। উঠিয়াছে, ভাহাতে ভামভ্রমর (ভামরূপ ভ্রমর কি ?) শোভা পাইতেছে (ভাতি)। ভাথাই দেখিতে বুবি স্বাধীনা (সাহনি) হইয়া আসিয়াছ গ এত কথা বলিতেছি তৰুও কেউ ভোমৱা কিছু ছবাৰ দিতেছ না কেন্ ১ মনে কথা গোপন রাখিতেছ কেন খ এখানে অন্ত কেউ নাই —অচ্চনে বলিতে পার। গোবিকদাস এই গান করিতেছেন।

003

ধানশী

ক্রছন বচন কহল হব কান।
ব্রজ-রমণাগণ সজল-ন্যান।
ক্রিল সবছ মনোরপ্ত-কথনি।
অবনত-আননে নথে লিথু ধরনি।
আক্রল অন্তর গদগদ কহই।
অক্রণ-বচন-বিশিপ নাহি সহই॥
তন তন ত্রপট স্থামর-চন্দ।
কৈছে কহিদি তুহুঁ ইহ অন্তবন্ধ।
ভাগলি কুল-শিল মুবলিক সানে।
কিছবিগণ ক্রম কেশ ধরি আনে॥

অব কহ কপটে ধরমযুত বোল।
ধার্মিক হরয়ে কুমারি-নিচোল॥
তোহে সোঁপিত জিউ তুয়া রম পাব।
তুয়া পদ ছোড়ি অব কো কাঁহ। যাব॥
এতত কহল ব্রজ-যৌবত মেল।
তান নন্দ-নন্দন হরষিত তেল॥
করি পরসাদ তহি করয়ে বিলাদ।
আনন্দে নিরখয়ে গোবিন্দাদ॥

4 7. 14

चिक ३२६१

ব্যাখ্যা-- যাহার মুরলীর কলন্দ্রনির ব্যাকুল আহ্বানে ঘর ছাড়িয়া গোপীরা আসিয়াছেন, তাহার এরপ উলাসীনের মতন কথা ভনিয়া গোপীরা আর চোধের জল সামলাইতে পারিলেন না ৷ তাহাদের মনের সকল অভিলাষ বেধে হয় চিন্নভিন ং ইল। মুপে কিছুই বলিতে না পারিয়া তাহারা হেটমুখে পায়েৰ নগ দিয়া মাটিতে আচভ কাটিতে লাগিলেন। অবশে. তাহারা ব্যাকুল মনের ভাব আর লুকাইতে না পারিয়া গদগদম্বরে বলিতে লাগিলেন, ১২ কপড়ানর বিবামণি ভাষ্ট্রের তোমার এই নিষ্ঠুর বচন-রূপ তীক্ষ্ম শর আরে সফ হয় না। তুমি কেমন করিয়া এই রকম কথা। ইহ অপ্রবন্ধ) বলিতে পারিলে গুড়ুমি মুরলীর শ্বে আমাদের কুল্মীল ভাঙ্গিলে, ক্রীতদাসীদিগকে যেমন করিয়া কেশে ধরিয়া টঃমিয়া আনে, তেমনি করিয়া আমাদিগকে টানিয়া আনিয়াছ। আৰু এখন কিনা ছল করিয়া ধন্মের কথা শুনাই'তেছ ৷ তুমি যে কেমন ধান্মিক তাহা তো আমাদের অজানা নাই। ধামিক বাজি কি ক্রমত কুমারীদের বস্ত্র হরণ করে ৫ ভোমাকেই আমাদের প্রাণ সমর্পণ করিয়াছি। তোমার প্রেমমণু আমরা নিশ্চয়ই পাইব। তোমার জ্রীচরণ ছাডিয়া আমরা এখন কোথায় যাইব গ

গণন অজ্যুবতীরা মিলিয়া এইদব কথা বলিলেন, তথন নন্দনন্দন খুব আনন্দিত হইলেন। তিনি তাহাদের উপর প্রসন্ন হইয়া দেখানেই বিলাদ আরম্ভ করিলেন। গোবিন্দাদ আনন্দের দহিত উহা দেখিতে লাগিলেন।

মন্তব্য---

তৃলনীয়—কৃত্বা মৃথাতাবন্তচঃ খদনেন ওয়-দ্বিধাধরাণি চরণেন ভূবং লিখন্তাঃ। অত্যৈকপাত্তমদিভিঃ কুচকুত্বমানি তঙ্গুমুজ্ন্তা উক্তঃগভ্রাঃ স্মৃত্ন্ধীম।

छाः ३०।३२।३०

কিম্বিগণ জন্ধ কেশ ধরি আনে—এটি যে মধ্যযুগের প্রথা ছিল ভাষা আমার প্রত্ন ভক্তির শ্রীভক্তপ্রশাদ মকুমদার ভাষার 'Socio-Economic History of Northern India' 1030-1194 নামক গ্রন্থে (পৃ: ১৮৮) ব্রয়োদশ শতাব্দীর দাসী-বিক্রয়ের দলিল হইতে দেখাইয়াছে। এ দলিলে একটি সত্ত হইতেছে যে, দাসী যদি প্লায়ন করে ভাষা হইলে ভাষাকে চুলে ধরিয়া ফিরাইয়া আনিবার ক্ষমতা ক্রেভার প্রকিবে।

666

বেলোচার রাগ

বাজত ডক্ষ ববাব পাথোয়াজ
করতল তাল তরল একু মেলি।
চলত চিত্রগতি সবল কলাবতি
করে করে নয়নে নয়নে করু খেলি।
নাচত শ্রাম সক্ষে ব্রজনারি।
জলদ পুঞ্জে জন্ম তড়িত লতাবলি
তা ভন্ম কত রঙ্গ বিথারি।
নটন হিলোল লোল মণিকুওল
শ্রম জল চল চল বদনহি চনা।
বস ভরে গলিত ললিত কুচ কঞ্ক
নীবি ধসত অরু কব্রিক বন্ধ।
ঘৃত্ত দুত্ত সরুস পরশ বস লালসে
রংই তন্ম তন্ম লাই।

গোবিন্দদাস পহু ম্বতি মনোভব কত যুবতী বতি আরতি বাঢ়াই॥

সা. প. (১)—১১ ক. বি. ১২৬৬, ২৫৮৫, ২৬০০ क्रगंगी ७•!२, ममूज २२४ एक ১२७७, मु २९४, की २२১

গো ২৮

শব্দার্থ—নটন হিলোল লোল মণিকুওল—নৃত্যের হিলোলে কুওল ত্লিতেছে। মুরতি মনোভব—মৃত্তিমান কামদেব।

600

মিশ্র বেহাগ

রাধাখাম নাচে ধহু অঙ্ক পাতিয়া।

জলধর স্থাম

একি অন্তপাম

থির বিজ্ঞি বামে লাখিয়া।

যুপ্ত যুপ্ত যুপ্ততা

অঞ্চ-ভঞ্চে চলে পা

নখমণি ঝলমলিয়।।

মঞীর মৃক

এ বড়ি কৌতুক

কিছিণী কিনিকিনিয়া।

নাচে ষত্ৰীর

শির করি থির

কুণ্ডল মৃত্ দোলনিয়া।

মাধ্ব গানে

স্বকুল বাধানে

মুনি জনার মন মোহনিয়া ৷

यः तम यः तम इह

বিনিহিত বাহ

হাদ দামিনি দমনিয়।।

অন্ধ-ভঙ্গি করি

নাচে রাস্বিহারী

গোবিন্দাস হেরি মাতিয়া ॥

মাৰুক্তী ডাই ০৭

শকার্থ—মঞ্জীর মৃক—পায়ের নৃপুরে একটুও শক
হইতেছে না। অংসে অংসে—কাধে কাবে। হাদ দামিনি
দমনিয়া—তাঁহাদের হাসির ফলক বিত্যতকেও হারাইয়া
দেয়।

400

বরাডি

শবদ স্থদ নিশি বাস পরিচ্ছেদ।
মধুর মধুর তাহে গায় নট্যাদ॥
বলয়া নৃপুরধ্বনি বাজয়ে অধিক।
শশধর উজ্জ্ল প্রকাশ দশ দিগ॥
নাচে সব ব্রজ্বধ অতি উল্লসিত।
মিলিয়া শ্রীর্ন্দাবনে গোপাল সহিত॥
প্রতি য্থে মণ্ডিত কুণ্ডল উৎপল।
উচ্চ পয়োধর ভার গলিত অঞ্চল॥
নিপতিত কবরি জড়িত ফুলদাম।
গোবিন্দাশ কহে অতি অফুপাম॥

₩. fd. 2625

643

বেলাবলি

সারি সারি মনোহারী নব ব্রজবালা। জ ।
বেচল গৌরাঙ্গী সব ঘণোদানন্দন।
বিত্যুতের মালা থৈছে মেঘ সন্নিধান।
শ্রীগোকুল স্থাকর সঙ্গে স্থাময়ী।
প্রেম-জ্যোৎসা কলমল কোটান্দ-বিজয়ী।
বলয়া নূপুর মিন কিছিণার বোল।
মধ্যে মধ্যে স্থানিত মূবলী উজোর।
রাজহাট মাঝে যে পতাকা। শশধরে।
কোকিলা কোটাল হইয়া জাগায় কামেরে।
বাস হাট গোপিকার পসরা যৌবন।
গ্রাহক তাহাতে ভেল মদনমোহন।
কোন গোপী কৃষ্ণ সঙ্গে গায় উচ্চৈঃস্বরে।
সাধুবাদ দেন কৃষ্ণ আপনে তাহারে।
কোন গোপী রাসহাটে শ্রমযুত হইয়া।
আবেশে কৃষ্ণের অঙ্কে পড়ে আউলাইয়া।

তাহারে ধরিয়া কৃষ্ণ দেন আলিছন। গোবিন্দদাস তাহে আনন্দিত মন॥

भावती अवन्य

ব্যাখ্যা—কোকিলা কোটাল হইয়া জাগায় কামেরে— চৌকীদাবেরা যেমন মাঝ রাতে চীংকার করিয়া লোককে জাগাইয়া দেয়, কোকিলা তেমনি ভাগার কাকলীর ছার। মদনকে জাগাইল।

633

২মর গতিক ধনে ঘন বাছে বাছ। (काक्न किति कुरत डेफ बाति শ্মদন মহিপতি পাওল অলান। উপরেতে উঠাইল পত্রকা নিমাণ : মলোহর কুদাবন মহুলাব তটে। শবল পূর্ণিমা নিশি বস্তু বাসহংটে : এবর বলজ বদু মিলাইয়। পারা। নৰ নৰ খৌৰনি অংসিয়া পদাব। ।। চম আলিমন দানে হৈল আওয়ার!। সকলে গাওক মাত্র মদন গোয়ালা। কারু প্রোধর মধুর ব্লন। কাহাক দাড়িম্বং কংগ্রাক স্থিতল ॥ কবরী সরসী বহু চিকুর চামর। হুক যুগ কুটাল কেই দুও তাথিম্বর : দশন যোতিম হার অধর প্রবাল। অখন কনকাসন স্থাদ বসাল। বির্চিত কুত্ম কুটার বারি বারি। অস্থরে অতর সমান সভয়ে তাহারি। প্রবেশি প্রেমের হাটে বরজ তরুণি। হাস পরিহাস সভে করে বিকিকিনি॥ विविध विष्क भृगी निवरम नगरत । यस यस भ्योतन आत्यातम विश्वत ॥

ফুর বঁহা ধরয়ে বৈভব অপরূপ।
গোবিন্দাস কহে বচন স্বরূপ।

ক. বি. ২৫৯৭

ব্যাখ্য।— শ্রীমদন মহিপতি পাওল আদান— মদন মহারাজা যেন দানহীন (শুরুগীন) হইলেন; শুরু পান নাই; আদায় করিবার জন্ম অগ্রসর হইলেন।

049

কেদার

মে'লি মঞ্জ গুরু ফলদুল কুটিল কুম্বল সোহি। জঘন চঞ্চল বদন শিথিল অধিল-জন-মন-মোহি গোপীগণ মাক নাগর বিরাজে নাচয়ে নতক বীর। স্থিত অমৃত মুৱলি কী ধুত রঙ্গ বছত খমুনাক ভার। ক্রে নবদাম দোলে অভূপাম স্থণ মণিময় হার। কর্ণে ঝলমল মকর কুওল কচির গভ-বিহার ৷ শোভা পরিপাটি কটি দেশে ধটি কচির কিছিণি জান। চরণে মঞ্জির মুঞ্ল বরকর গোবিন্দলাস প্রমাণ ॥

7. 4. 35.5

ব্যাখ্য — মেলি মঞ্ল গুঞ্জ কলফুল ইত্যাদি—মাধার গুঞ্জার স্থানর ফল ও ফুল। উহা কুটীর ও কুম্বল উভয়কেই শোভিত করিল।

> ৫৬৪ নটবর বেশ কেশপাশ ভূষণ চঞ্চল চম্পকচুর।

তাহে বেঢ়ি শুল্ল পুঞ্জে পুঞ্জে লম্বিত
তাহে বেঢ়ি বিদিণ ফুল ।
বিতি বন্ধে সমিতা ভদিলা
গোপী সঙ্গে বন্ধে নৃত্যতি গোপাল।
কিং কিং কিন্ধিনি কিং কিং মন্দিরা
ছন্দর নিনাদ বিশাল॥
তাথে থৈ কুম্কু কুম্কু
কুমদি কানাকনা দিস্তাথা।
তাধিক তাধিক থৈ থৈ মধ্র মৃত্ধবনি
রক্ষে ভক্ষে পড়ে পা॥
নটুয়া জিনিয়া নটা নটিনী জিনিয়া নট
বিবিধ স্বছন্দ গাঁতশালী।
গোবিন্দাস গান প্রন্দর বাথানে
ভাল বে ভাল বে ভালি॥

ক. বি. ২ ১ • ৪

030

মক্ষ উপান্ধ বীণা বেণ্ডু মাধুনি
পূরই রাস-বিলাদিনি।
অন্ধ ভন্ধ বব কিঞ্চ কটিতটে
রক্তরম্থ কিছিনি ধ্বনি।
ভাধিনি ভাধিনি ধিনতা বাজে মুদ্ধ
নর্ত্তক গোকুল রায়।
করতলে তাল মিলিত মনুব
স্থার ধনী রস গায়॥
অংস বিলোলা অংস বিরাজিত
উড়ই শিবিপুচ্ছ চূড়।
গোবিন্দাস কহে অপরূপ
গোপী সঙ্গে বেদ-নিগুড়॥

क. वि. २७०६

শব্দার্থ-পূরই-পূর্ণ করিল। অংস বিলোলা অংস বিরাজিত-জীক্তকের চঞ্চল ক্ষত্তের উপর জীকাধার স্বন্ধ

বহিয়াছে। বেদ-নিগৃ ঢ় — এই লীলা বেদেও প্রকাশিত হয় নাই।

6.9.2

বচান মণ্ডিত মঞ্জিব বঞ্জিত কম্বণ কবরি শোহন। ইষদ সুহাস মধুর পরকাশ ভ্ৰভঞ্জ বিলাস মোহন। কুন্তম কাননে গোপবধূগণ বেটিয়া গায় গোপালে। থেন মনোধ্র বিজুরি নিকরে শোভে মেঘমগুলে॥ ভাল তহু মাঝ কিঞ্চিণি বিরাজ अठल कृष्ठ दे किल। কণে কালমল মকর কুওল ক্রির গও বিশাল ॥ কবরি হুনার গন্ধ ফুলভর বান্ধল গ্রহন ছলে। গোবিন্দ বচিত বসিক মনোরখ (श्रम (महे (श्रमानत्म

4. 9. 30.3

শক্ষার্থ—রচনে মণ্ডিত মঞ্জির রঞ্জিত—ন্পুর রং করিয়া শোভাযুক্ত ইট্যাছে।

9 39

তুই হুই গোপিনি অন্তবে ক্ষকেলি।
তুই তুই ক্ষণ মাঝ গোবি গোবি মেলি ।
অপদ্ধপ বভদ বদাল ফুলবনে।
শত শত বমলি বময়ে একজনে ॥
কনক চত্পক দক্ষে মধকত মণি।
বিশাল মুণাল যেন বিবল গাঁথনি ॥

স্বতক বেঢ়িয়া মণ্ডলি তুহঁ ফেরি।
তার মাঝে থাকি কৃষ্ণ প্রয়ে বাঁশরি॥
উচৈঃস্বরে গায় গাঁত বরজ নাগরি।
ক্বলয় বেঢ়ি যেন গুলুরে ভ্রমরি॥
ঘন ঘন অঙ্গ ভঙ্গে নাচে নন্দ্রালা।
মেঘগণ ঘেরি যেন গেলিছে চপলা॥
রক্তকর্গ স্থাপুর্যা সকল ভ্ষিত।
দেখিয়া পরমানন্দ পরম পিরিত॥
কেহ প্রান্ত হয়ে কুফের অঙ্গে ভুজ দিয়ে।
ফুক্ত কবরি ভরে রহে দা গুইয়ে॥
কেহ ব। চন্দন বাত আ্রাণের চলে।
মনোরক্ষে ঘন চুম্ব প্রদানে গোপালে
স্থি গণ্ডে গণ্ড দিয়া নন্দের নন্দন।
নগাবিন্দ্রান ক্ষেত্র রসিক স্ক্রন॥

পরম মোহিত চক্র দেখিয়া নয়ানে।
বিশ্বয় হৃদয় হৈয়া বহিলা গগনে॥
তবে হবি শ্রময়ুক্ত হেরি নাবিগণ।
নিজ করে ধরি মুখ করেন মার্জন॥
কর পরশনে গোপী পাইল পিরিত।
অফুগত হরি বৃঝি হৈল হর্ষতি॥
শ্রম বিমোচন হেতু নন্দের কুমার।
চলিলা অবলা সঙ্গে যমূনঃ বিহার॥
কুদ্ধম রিভিত রহে গন্ধ দশদিগ।
মত মধুকর সব বেষ্টিত চৌদিগ॥
সবে এক গোপাল সমূহ গোপনারি।
একমেলি হয়ে গায় নানা বৃদ্ধ করি।
গোবিন্দদাস কতে শুনহ নগোরি।

क विष्ण

A 19 2 21 4

4:5

কোন মুখী নৃত্যুগীতে আন্তিযুক্ত হয়া। কুচ ভারে কর পদ আরে পায় লয়া -কপাল কুওল হথে থেতে উৎপল। সকলে ভিজিয়া গেল নিজ অঙ্গ জল। এই करण शाशालिमी देलश वनशाली। মেতিয়া আপন বঙ্গে করে নানা কেলি ৷ যেন সীধু পরিহাস লৈয়। নিজ ছায়া। তেন নিজ রঙ্গেতে বঞ্চিণী ব্রহ্মায়। ॥ শত শত গোপনারী মাবে: এক কাম। তুশিয়া প্রেমের রসে হৈয়া তত তম্ব 🗈 আয়াদ আলিদ হৈল মতেক গোপিনী। কবরি খসিয়ে পুল্প পডিছে ধরণী ॥ অবিরত কিতি নিপতিত তরুলতা। যতেক করয়ে কেলি কি কহিব কথা। দেখিয়ে সে সব কেলি অমর নাগরি। কামে অচেতন হয়ে সভে পড়ে ঢলি।

650

বিহাগভা

নাগর টেরে টেবে হেরই রাই বয়ান । ঞ ॥

যথে যথে গোপী লইয়া যশোদা-নন্দন।

বাদক্রীড়া বৃন্দাবনে কৈলা আরম্ভন ।

হস্তক বন্ধনে গোপী করিয়া মণ্ডলী।

মধ্যে মধ্যে যশোদা-নন্দন বনমালী।

যোগমায়া আশ্রয় করিয়া নটবর।

ছই ছই নাগরী মধ্যে এক এক নাগর ।

গোপিকার কাথে বাহু হেলি কুতৃহলে।

আফার নিকটে কৃষ্ণ সব গোপী বলে।

যথে যথে রমণী বিহরে বনমালী।

রাদরদ মহোৎসবে গোপীর মণ্ডলী।

হেমমিনি আভরন যভ রূপবভী।

মধ্যে মধ্যে মরকভ শ্রাম যতুপতি।

কিবা সে মণ্ডলী শোভা গোপিনী গোপাল।

মরকভ গাঁথা ক্রম হেমম্পি-মাল।

কোন গোপী নাচে গায় করে ধরে তাল। মধ্যে মধ্যে নৃত্য করে যশোদা গোপাল ॥ অন্তরীকে দেবগণ চড়িয়া বিমানে। রাসলীলা দেখে সবে সঙ্গে নারীগণে ॥ ব্ৰজান্ত্ৰনা দকে রকে রসিক মুরারী। স্বৰ্গেতে হুন্দুভি বাঙ্কে নাচে বিছাধবী॥ গন্ধর্ক কিন্নর গীত গায় উচ্চন্থরে। পুষ্পবৃষ্টি দেবগণ করিয়ে দাদরে 🕆 অঙ্গভঙ্গ মন্দহাস্থ অঙ্গ বিলোকনে। নত্য গীত পুৰকিত অন্ন গোণীগণে " খ্রাম নটবর দঙ্গে কলাবভীর ঘট।। নৰ জ্লধ্যে জ্মু বিদ্যুতেৰ ছটা। বলয়া নূপুর মণি বাজ্ঞয়ে কিহিণা। রাসরসে রতি-রণে কি মধুব শুনি । করয়ে নর্ভক রদে হরিষে মুরাবি। গোবিন্দ সহিতে নাচে গে'পেব সন্দরী কোন গোপী ক্লফ দক্ষে গায় উচ্চহবে। সাধুবাদ দেন তারে ভাম নটবরে । কোন গোপী বাসরদে শ্রমযুক্ত হৈয়।। আবেশে কুফের অকে পতে আউলাইয়া ভাহারে ধরিয়া রুফ দেন আলিঙ্গন। গোবিন্দাস ভাচে আনন্দিত মন

मानुदे । ६८५

090

তবে সব গোপীগণ মণ্ডলী করি।
ভামের বামে দাঁড়াইল নবীন কিশোরী।
ত্হ অঙ্গ পরশিতে ত্হ তেল ভোর।
আছুক আনন্দ কো করু ওর।
নব রক্ষিরাধা রসময় ভাম।
চৌদিকে গোপিনী সব অতি অনুপাম।

অপরপ রাধা কাম বিলাস।
আনন্দে নিরথই গোবিন্দদাস॥

মাধুর গাব্দ

695

রাধান্সাম ত্রুঁ রে বিহরে কুঞ্বনে।
ত্ই চন্দ্র এক ঠাম বয়ানে বয়ানে॥
কাজবে মিশেছে রাই নব গোরোচনা।
নালমণির অন্তরে পশিছে কাঁচা সোনা।
নব কুবলয় জিনি নাশর শ্রাম।
কমিত কাঞ্চন জিনি রাই অন্তপাম।
বিনোলিয়া নাগরের নাগরী বহু কোলে।
কাল জলে সোনাব কমল যেন হেলে॥
সোনার কমলে যেন পশেছে ভ্রমর
বাধা শ্রামর রূপে কি দিব তুলনা।
কন্তে মবকত মণি রাই কাঁচা সোনা।
ব্যাবিন্দলাস দোহা দেখিয়া বিভোর।
ব্যাবায় সোহাগা যেন মিশায়েছে ক্রোব।
ব্যাবায় সোহাগা যেন মিশায়েছে ক্রোব।

4 97 -- 2

093

এ বাদমণ্ডল মাঝে যুগলকিশোর।
নাচত পোহে সংগর নাহি পর॥
ভাব ভরে তরু পব লখিত হইয়।।
দোহার চরণতলে পড়ে লোটাইয়া॥
ভা দেখি মযুর পব নাচে ফিরি ফিরি।
জয় রাধাশাম বলি নাচে ছই শারী॥
জয় রে জয় রে জয় বৃষভাসকলা।
ভালে বলি ভাকে শিবি প্রেমে বহে বলা॥
চাদ জিনি চকোর চকোর জিনি শশি।
অপক্রপ তুরু চাদ যেন মিশি॥

দোহ অঙ্গ ফেরাফিরি হেরাহেরি বাছ।
শরদ পূর্ণিমার চাঁদ গরাসিল রাছ॥
বন্দাবনে জ্থের হিল্লোল বহি যায়।
গোবিন্দদাস হেরি ওর নাহি পায়॥

4. A. re9

699

বাধাভাম নিকুল মন্দির মানা।
চৌদিকে ব্রজবধ্ মঙ্গল গায়ত তেজি কুলভয় লাজ ।
শ্বদ যামিনী, স্থানর কামিনি, চঞ্চল লোচনে চায়।
মদন ভুজঙ্গমে রাই রে দংশল, চলি পড়িছে ভাম গায় ।
কান্ত ধন্নতানি, বাহ কে।বে ধনি, উ্থাদ চুন্ন দান :
নাগ্র নাগ্রি যো বদে আগ্রি, তৃতি তৃত একই প্রাণ্
অগে বিভাগরি, ক্রছে। ক্রি, ক্রততি পুষ্পকি রাস।
নানা যন্ত মেলি, বাজ , নুবলি, ক্রততি গোবিন্দ্যিত

মন্তব্য — শ্রীসন্ধানীকাত দাসের প্রথি ইইতে (পুঃ২০)
ভাঃ স্তকুমার সেন কতুক সাহিত্যপ্রিয়ংপ্রিকার ৩৬ গণ্ডে প্রকাশিত।

093

कारभाम

কাক্ষম-মণিগণে জন্থ নিরমাণন রমণী-মণ্ডল-শাজ। মাঝহি মাঝ মহা মরকত মণি ক্রামর মটবব রাজ॥ রন্দাবনে অপরূপ রাদ-বিহার। থীর বিজ্ববি সঞ্চে চঞ্চল জ্বাধর বরিধয়ে রস অনিবার॥ ক্ত কত চান্দ তিমির পর বিলস্ট্ কনকলতায়ে তথালছ কত কত

ত্ই ত্ই ত্ই তহু বান্ধ ॥

কত কত পত্মিনি পঞ্ম গাওত

মগুকর গরু শ্রুতি-ভাষ।

মগুকর মেলি কত পত্মিনি গাওত

যুগধল গোবিন্দাস ॥

ক বি. ২০৮৪ ব ২০, গো ২৭ ক্ষণ্ড (১০)৪, সং ২৮৭, কী ২২১ তক ১২৫৮, সুমুদ্ধ ২২৪

ব্যাখ্যা—ব্ৰহাদনাদের দক্ষে কাঞ্চনমণি, স্থির বিচ্যুৎ, চন্ত্র, কনকলতা ও পদ্মিনীর তুলনা এবং মহামরকত, জলধব, তিমির, তমলে ও মধুকরের সহিত প্রীক্তঞ্রে তুলনা করা ইইয়াছে।

090

क्रमाद

কালিন্দি-তীর স্থীব স্মীরণ কুন কুমুদ অর্বিন্দ বিকাশ। নাচত মোর ভোর মত মধকর ভক সারিক পিকু-পঞ্চম ভাষ[্] । भक्षदरन निधुवन मृश्ध मृताति । মুগধ গোপবধু অধিক লাখ সঞে াক বিহরে বুযভাম-কুমারি। নাচত নটিনি গাওয়ে নট-শেখর ' গাওত নটিনি নাচে নট-রাজ। ভাষ সঞে গোরি গোরি সঞে ভাষর নব । লংবে জন্ম বিজ্বি বিবাজ । হেরি হেরি রাস বিলাস মনোহর^{*} মনমথে লাগল মনমথ ধন। ज्नन गगत्व मगर्ग तक्रवीकत्र को मिर्ग खमरे मी भाषत इन ॥ ভারাগণ সঞে ভারা-পতি ছেরি লাজে লুকায়ল দিনমণি-কাভি।

গোবিন্দাস পছ জগমনমোহন বিহরিতে ভেল কলপসম রাতি॥

সা. প. (১)—১১২ বৃ ২•, গো ২৮ क्रनमा २२।४. की २२) मम्ब २२४, मः २४२ एकः १२७४

পাঠান্তর—(১) শারীন্তক পিক পঞ্চম ভাষ—ক (২) নিধুবনে নাচত মৃগধ ম্বারি—ক (৩) নাচে বমণী গাণ্ডত নট-শেধর—ক (৪) গ্রামর গোরী গোরী সঞে শামর—ক (৫) হেরি হেরি অপরূপ রস কলারস— তরু (৬) বেচল—ক ।৭) ক্ষণনায় 'বিহরিতে'. সম্দ্রে 'বিহরত'।

ব্যাখ্যা-যমুনার তীরে মৃত্যুক্ত পবন বহিতেছে, কুক্, কুম্দ ও পদ্ম একই সঙ্গে রাত্রিকালে বিকশিত হইয়াছে (পদ্ম কথনও রাত্তে ফুটে না, কিন্তু যোগমায়ার কূপায় এই অলৌকিক ব্যাপার ঘটয়াছে); ময়র ও ভ্রমর মত্ত হইয়া নৃত্য করিতেছে; ওক. দারী ও কোকিল পঞ্ম তানে গান করিতেছে। মণ্রামণ্ডলস্থ মধুবনের নিকট নিধুবনে মুগ্ধ মুরারি বিলাস করিতেছেন। লক্ষের অধিক मुख त्रांभवषुत मत्त्र त्रखारकृशाती मैताधा तत्त्र विश्वत করিতেছেন। নৃত্যপরা এরাধা নাচিতেছেন, নট-শেগর শ্ৰীক্লফ গান করিতেছেন আবার নর্ত্তী বাধা গনে করিতেছেন, নটরাজ খাম নাচিতেছেন। খামের সঙ্গে গৌরী, গৌরীর সঙ্গে খ্রাম যেন নবীন মেঘে বিছ্যং শোভ। পাইতেছে। এই অপূর্ব রাস-কলার **८मिश्रा ८मिश्रा मनारथ**त मनमथनकात्री श्रीकृष्ण रयन ধাধার কায় মনে হইতে লাগিল (কামের পক্ষে অপ্রাকৃত মনন শ্রীকৃষ্ণের লীলা বুঝা অসম্ভব হইল)। আকাশে চন্দ্র (রজনীকর) ভারাগণের সহিত এই রাস-नीना (मिश्रा मुध इहेलन अवः भीभधावत (मभानिहत) মতন বাদস্থলীর চারিদিকে আলো করিয়। ঘূরিতে লাগিলেন। ভারাদের সঙ্গে ভারাপতিকে দেথিয়া (অক্যার্থে গোপীরণ ভারাগণের সহিত কৃষ্ণরূপ চন্ত্রকে দেখিয়া) সৌন্ধ্যে পরাভূত হইবার কলার স্থ্য নৃধ লুকাইয়া থাকিলেন। গোবিল্যাসের প্রভূসকল অগতের মন মৃথ

করেন, তিনি বিহার করিতেছেন দেখিয়া রাত্রি কল্পকাল স্বায়ী হইল।

মন্তব্য—রাসলীলা দেখিয়া চক্রের বিশ্বিত হওয়ার কথা শ্রীমন্তাগবতে আছে—

ক্লফবিক্রীড়িতং বীক্ষা মৃমূহ্য থেচর স্বিয়:। কামাদ্দিতা: শশাস্ক্ল দগণো বিস্মিতো ১ছবং॥

2 = 100125

রঘুনাথ ভাগবতাচায় ইহার অস্থ্বাদ করিয়াছেন—
দেখিয়া গোপাল-কেলি বিব্ধব্নিতা।
মুরছি পড়ল রথে, কামে বিমোহিতা।
নিজ্গণ সহিত মোহিত শশ্ধর।
স্ব-সিদ্ধ বিমোহিত হৈল নিরস্তর।

রসালস ও কুঞ্জভঙ্গ

693

কেদার

রন্ধনি উন্সাগরি নাগর নাগরি আঁথি মেলিতে নারে ঘুমে। অতিশয় রসভবে ভাম নাগরের কোরে অঙ্গ হেরি রহল নিরুমে ॥ (क्य मिथ **अभक्त** कार्त्स । ভাম নাগব-কোবে ভ,ভয়া রহল ধনি কান্ত নেহারে মুখ-চান্দে। कृषिन क्छन मव শ্রীমুখ বেড়িল গে দিশূর তিলক মোছে ঘামে। क्ष्मिन कनति आंभ বেনন পাটের জাদ বীড পদল কর বামে। অঙ্গে লাগিয়াছে গো নীল বদন ভিগি শ্ৰী অন্ধ দেখিতে উদাস।

থৈছে চান্দের কলা মেঘে ঝাপিয়াছে গো নির্থই গোবিন্দদাস॥

मा. প. (১) -- ১২৭, न २२

কী ২২৯, ভুরু ১৫০৯ সমুদ্র ৩৩৬

শব্দার্থ—রহল নিঝুমে—চুপ করিয়া রহিল। ফুয়ল কবরি আধ—অর্দ্ধেক থোপ। খুলিয়া গিয়াছে। বেনন পাটের জাদ—বোনা পট্টবন্ধ বা রেশনী কাপড়ের থোপা (বেণীর আগে ঝুলাইবার জন্ম ব্যবহৃত হয়)। বীড় থদল করু বামে—নিজা ঘাইবার পুর্বের বামহাতে যে পানের থিলি ছিল ভাহাখিসিয়া গেল। উদাস—উন্মুক্ত। অর্থ একেবারে বদলাইয়া যায়। এক্সফ সহচরীর সঙ্গেই শয়ন করিলেন বুঝায়।

ব্যাখ্যা—সম্বনি শুভি রহু নীলজ কান—এক স্থী অপর স্থীকে বলিতেছেন, যে রাত্রি প্রায় শেষ হইতে চলিল, এখনও নিল্ল জ্ঞা কানাই শুইয়া বহিল। মণিময় মুদরি মোহন মুবলী ইত্যাদি—শ্যাম গ্মাইয়া আছে, এই অবসরে এসাে আমর। তাহার মণির অঙ্গি ও মেহেন মুবলী চুরি করিয়া লইয়া যাই। কৃষ্ণ কিন্তু নিলার মধ্যেই এই যুক্তি ভানিতে পাইলেন। ভিনি রাধাকে কোলের মধ্যে আগুলাইয়া ধরিলেন; ভাহাতে চতুরদের প্রধান গোবিন্দ-দাসের প্রভূ স্থীদেব চৌথ্যে বাধা দিলেন।

699

বিভাগ

বন্ধনি উজাগ ি নাগ্র নাগ্রি শতল কিশলয় সেজে। রতি-রদ-আলদে অবশ কলেবের ছত তম ছত্নাহি তেকে। ভন সজনি ভতি রহ নীলজ কান। রাই জাগাই লেই চল মন্দির জানাহি হোত বিহান দ রাইক কবরি বান্ধি পুন সংগ্রি পিঞ্ মুকুট গড়ি জাউ। ম্পিম্যু ম্দ্রি মোহন মুরলী এ ছুহু যতনে চোৱাউ। গমল কাঞ যুগতি ভানি ঐছন রাইক কোরে আগোর । চতুর শিরোমণি গোবিন্দাস পত্ নির্দল সহচরি-চোর^৬ ॥

H. 6 .

পাঠান্তর—লহরী (৩০৭)—(১) রজনী জনিত জাগরি (২) আগোরি (৩) নিবদল সহচরী কোরি। এই পাঠান্তরে

096

<u></u> বলিত

দেখ স্থি গোরি শুতল খ্রাম-কোর। লাগল নীল ব্তন্ধ কিয়ে কাঞ্ন কুবল চপ্পক জোর॥ অধরে অধর ধরি গোবি স্থনাগরি খুমায়ল বিদুগধ চোর। কন্য-ক্মলে অলি মাতি রহল **জন্ম** হিমকর খ্যাম চকোর 🛚 পীন পংয়াধর তুক মনোহর রাতৃল কর্যুগ সাজ। উল্টি কমল বিকচ কিয়ে ঝাপল কন্য ধরাধর-রাজ। নাগবি গুরু উরু নাগ্র বেডল নাগরি-ভুক্ত বেচি অস। জলদে বিজুরি জড় বেচল তুহুঁ তড় (गाविक्ताम कर दक्र।

ক. **বি. ১**•১৭

उक्क ১६১०, की २२२ मञ्जूष ८९९ পাঠান্তর—ক. বি. আরম্ভ—গোরি শুতল শ্রামর কোর। (১) নাগর নীল বতন—তরু।

ব্যাখ্যা—লাগল নীলরতন কিয়ে ইত্যাদি—শ্রীকৃষ্ণকে ইন্দ্রনীলমণি ও কুবলয় (নীলোংপল) আর শ্রীরাধাকে কাঞ্চন ও চম্পাকের সহিত উপমা দেওয়া হইয়াছে। শ্রীরাধা যেন কমল আর শ্রীকৃষ্ণ অলি। শ্রীকৃষ্ণ চকোর আর শ্রীরাধা চন্দ্র।

রেРজ

. AFTS

রতি-রদ-ছরমে শ্রম হিয়ে শ্তলি
শরদ-ইন্দু-মূখি বালা।
মরকভ-মদনে কোই জরু পূজন
দেই নব চম্পক-মাল।

শ্রম-বয়ন পর বনে বিরাজই। উরপর কুচংগ সাজে।

কনক-কৃত্ত জন্ম উলটি বৈদ্যয়ল মদন-মংখ্যদিধি মাধে ॥

জোড়ল তমুখন ভুজে ভুজে বৃদ্ধন

অধরহি অধর মিশান।

বেঢ়ল মৃণালে হেম নীলমণি জন্ত বান্ধ্লি-যুগ একটান :

ঘন সৌদামিনী তুকুলে তুকুল জন্ম তুল জ্বন এক পটবাদ।

চরবে বেটি চারু অরুণ সরেক্তর মধুকর গোবিন্দাস ::

পাঠান্তর—(১) ঘন সঞ্জোদানি—তরু।
ব্যাখ্যা—মরকত-মদনে কোই জন্ম পূজন—শ্রীক্তকের
বৃক্তর উপর শ্রীরাধা শুইয়া আছেন, মনে হইতেছে যেন
কেহ্ নব চম্পাকের মালা দিয়া মরকতমণি-নির্মিত মদনদেবকে পূজা করিয়াছে।

(Po

বিভাষ

वृन्तारति मगग्र कानिग्रा। পাথীগণে কহে সম্বোধিয়া। হোর দেখ নিশি বহি গেল। দশ দিশ অকণিত ভেল। নিজ নিজ স্থমধ্র স্বরে। জাগাওহ জীরাধা খ্যামেরে॥ वक्नात्ववीव जात्व भाष्ट्रेश । রাই-খ্যামে কহে সম্বোধিয়া !! ওহে খ্রাম ত্রজেন্ত্র-নন্দন। মোর। কিছু করি নিবেদন। স্থবদনি কর অবধান। নিবি ুগল হৈয়াছে বিহান ঃ ভাগে। ভাগে। মুগলকিশোর। অঞ্বল-কিরণ হেরি ঘোর : কুম্দিনা তেজি অলি ধায়। আর তে। রহিতে না যুরার 🖟 স্থীগণ শুনি চম্কিত। গোবিন্দলাস-চিত ভাঁত 🧸

4. 8 2.4 %

6 :::

ব্যাখ্যা—গোবিন্দদান-চিত ভীত — প্রভাত ইইতেছে জানিয়া গোবিন্দদানের চিত্ত ভীত ইইল , কেননা, এপনই যুগলকিশোরের ত্ব-বিলাস ব্যাহত ইইবে এবা গৃহে ফিরিবার সময়ে জীরাধাকে লোকে দেখিয়া ফেলিতে পারে।

063

বিভাষ

জাগি স্থাম-কোরে বৈঠলি নারি। ঘুম-আবেশেও কভু চমকি উঠয়ে ধনি পুন ঘুমত পুন ধারি॥ চান্দ মলিন ম্থ
থুমে মৃদিত দেখি আখি।

বিপুল পয়োধর হৈরি কমলবর

বিক্সল নিজ নিজ সাথি।
জম্ম অলি কঞ্জে দৈবে নিশি বঞ্চল

চঞ্চল গমনক সাথে।
উঠত চাহি থেরি পুন মৃথশনি '
করণহি নিরগম বাধে'।
আঙ্গ মোড়ি কড় জ্বিলত হন্দরি
চুটকত অঞ্চ-বিজোৱি'।
গোবিন্দাস দাস তহি কহিতহি

椰 天物、母333

পাঠান্তর - কান্তনানকে (১) গুমি ট্রন্ড (২) হরি (১) বিকচল জে (১) সন্ধীরণ নিরগম বাদে (৬) জন্তি (৬) আফুবি জোবি (৮) গোবিকদাস ৩হি (২) কিরণি করত (১ রী।

ব্যাখ্যা---চান্দ মলিন মুখ্চান্দ ইত্যাদি--শিবাৰ। জাগিয়া উঠিয়া আবাৰ সুমাইলেন; বাত্রি শেষ হওয়াৰ চাদ মলিন হইয়াছে, তাহার দিকে তাকাইয়া তাহার ভাল লাগিল না, তাই জাম্চাদের মুখের পানে চাহিলেন।

16-5

শুন শুন নাগ্র কান।

তুরিতে বেশ বনাহ যতন করি

যামিনা ভেল অবসান॥

শারী শুক কোকিল কপোত ঘন কুহরত

মগ্র মঘরী করু নাদ।

নগরক লোক জাগি যব বৈঠব

তবহি পরব পরমাদ॥

শুক্ষন পরিজন ননদিনী ত্রজন

তুহ কি না জানহ রীত।

গোবিন্দদাস কফ উঠি চ**ল জুন্দরী** বিঘটন কান্তক পীরিত॥

को २००

ব্যাখ্যা— প্রত্যুষে কুজমধ্যে স্বাধীনভর্ক। রাধার উক্তি। তবহি পরব প্রমাদ—নগ্রের লোকে জাসিয়া গেলে বড়ই বিপদ্ ঘটবে, ভাহার। আমাকে দেখিতে পাইয়া গঞ্না দিবে।

(P 5)

ললিত গড়:

মণি-মহিল ধ্রি চরণে পরা ওল উরপর দেওল হার। ভাত্র সাজি বদন পুরি দেওল নিউছএ তমু অপনার । এত রূপে স্ভি বনন নেহারই পদে পড়ি বার্হি কার। তর তর লোবে তর্কি বহে লোচনে নিজ তমু নহে আপনার u বিমোদিনা কোরে আগোরল কাহন। দেহ বিদায় মন্দিরে হাম যাওব যামিনী ভেল অবদান। থীর করি স্থন্দরি কাহ্নক চীত কুঞ্হি গমন কএল। বসনহি ঝাপি বারি মণি-মঞ্জির নিজ মন্দির চলি গেল ৷ রতন শেজ্পর বৈঠল রসবতি ফুকরই স্থীগণ চাই। রজনা পোহাওল ওকজন জাগল গোবিন্দাস বলি জাই। ববাহ ১—-(c) मः २३२, ८२४

শব্দার্থ-বারি মণি-মজির-মণিখচিত নৃপ্র বাহাতে
শব্দ না করে সেজ্জ উহাকে কাপড়ে বাধিয়া ঢাকিয়া
ফেলিলেন।

গোবিন্দদানের পদাবলী ও তাহার যুগ

রসোদ্গার

cr8

বিভাষ

নয়নে ঘন হেরসি^১ চৌদিশ চকিত ৱাঁপদি ঝাঁপল অঞ্। ৰুঝই না পারিয়ে বচনক ভাতি কাহা শিখলি ইহ রঙ্গ । কি ফল পরিজনে বাঁচি। **७**न इसवी গুপত প্ৰেম-ধন শ্রাম স্থনাগর জানলো তৃহ পয়ে সাঁচি । মরম পরকাশই এ তুয়া হাস প্রতি-অঙ্গ-ভঙ্গিম সাথী। বদন মাহা ঝলকই গাঠিক হেম এতদিনে পেখলু আঁখি। পর না হেরসি গহন মনোরথে জীতল কি মনমথ বাজ : অব বিরম্ভ (गाविनमान करहे মৌনহি সমুঝল কাজ II

়ু ১৬. পো ২০, রাধা ১০১ স্থিতিচক্রোসয় ২৭২, সমুদ্র ৭৪ তুরু ২২৭, সং ১৯৪, কী ২৪৪

পাঠান্তর—(১) চৌদিকে—ভরু (১) চাহসি—গী
(৩) জানলু হিয় মাহা সাঁচি—গী ও তরু (৪) পদ্ধ নেহারসি
—গী (৫) কহই ধনি বিরমহ—গী ও তরু।

শব্দ বি তি বিশ্ব করিয়। গাঁচি সঞ্চ করিয়। বদন মাহা সুধের মধ্যে, মুধের উপর।

ব্য়খ্যা—প্রভাতে নিকৃত হইতে শ্রীরাধা ফিরিবার পর তাঁহার দ্বী বলিতেছেন—তৃমি বারবার চারিদিকে চকিত দৃষ্টিতে দেখিতেছ (কেহ তোমার ক্রিয়াকলাপ ব্রিয়া ফেলিল কিনা দেখিবার জ্য়); আরত অঙ্গ ক্রের আরত করিতেছ; তোমার কথাবার্তার ভঙ্গীও ব্রিতে পারিতেছিনা; কোথায় এইরকম ঢং শিখিলে? ফ্লিরি! শোন, আমরা তোমার আপন জন, আমাদের দহিত বঞ্না করিয়া লাভ কি ? আমরা বেশ ব্রিতে

পারিতেছি ষে, তুমি শ্রামরূপ স্থনাগরের প্রেমধনকে গুপ্তাভাবে হৃদয়ের মধ্যে সঞ্চয় করিয়া রাথিয়াছ। তোমার
হাসিই মর্মকথা প্রকাশ করিয়া দিতেছে; তোমার প্রতি
অক্ষের ভঙ্গীই সব ঘটনার সাক্ষী দিতেছে। এতদিন
শুনিয়া আসিতেছিলাম যে, আঁচলের গাঁঠিতে সোনা
থাকিলে ম্থের চেহারাতেই বুঝা যায়; আজ তাহা প্রত্যক্ষ
দেখিতে পাইলাম। তুমি বাসনার প্রাবস্যে অক্সমনস্থতাহেতু পথ দেখিতে পাও না (অথবা নেহারিদ পাঠে—
প্রবল বাসনা মনের মধ্যে রাথিয়া পথ পানে চাহিয়া
আছ)—তোমাকে কি ময়থের রাজা যে শ্রীকৃষ্ণ তিনি
জয় করিলেন ? গোবিন্দদাস স্থীকে আর ঘাটাইতে নিষেধ
করিতেছেন, কেননা শ্রীরাধার মৌনের ঘারাই সব ব্যাপার
বুঝা ধাইতেছে।

063

<u>নি গান্ধা</u>র

দরশনে লোর নয়নযুগ ঝাপি।

করইতে কোর ত্ই তুক্ত কাপি।

এ সধি অপরপ সো পরস্প ।

নামহি যাক অবশ করু অক

চেতন না রহ চুহন-বেরি।

কো জানে কৈছে রভস-রস-কেলি।

কো জানে কৈছে রভস-রস-কেলি।

কোষ্ঠ চরণ-কমল পায় সেবি।

কাষ্ঠক পরশে যতই অফুভাব।

অফুভবি আপ পরই সম্বা।।

তবই জগত ভরি অকিরিতি এই।

রাধামাধ্য অবিচল লেই।

এ কিয়ে স্থদ্য কিয়ে পরিবাদ।

গোবিন্দদাস কহে না ভাকে বিবাদ।

সা. প. (১) পদ ১০৫ ক. বি. ১১০ গোঁহ৪, রাধা ১০৪ সং ७०३, कौ २०२, २८० प्रमुख ४३०, उद्ग २८७ পাঠান্তর—(১) মূলে সা. প. পুথির পাঠ দেওয়। হইয়াছে। তরুতে এই স্থানে পাঠ 'ছর কর এ সথি সো

ব্যাখ্যা— জীক্ষের দর্শন লাভ করিতেই আনন্দাশুতে চোপের দৃষ্টি ঝাপদা হইয়া গেল। তিনি যথন আলিক্সন করিলেন তথন ছই বাত কাপিতে লাগিল। দথি ' এ প্রদক্ষ আর তুলিও না। তাহার নাম করিতেই দকল অক অবশ হইয়া যায়, চুম্বনের সময় চেতনা হারাই; স্তত্রাং কেলিবিলাদ কেমন হইল কেমন করিয়া বলিব। যে রমণী কাছর স্পর্শে যে দব অফভাবের উদয় হয় তাহা নিজে অফ্রত করিয়া অপরকে বৃঝাইয়া বলিতে পারে সেনিক্যেই স্বয়ং স্বরত-অধিদেবা, তাহার চরণকমলের পূজা করি (ব্যঙ্গনা এই যে, সে রমণী মোটেই রদ্জা প্রেমিক। নহে, কেননা যে কাছকে স্তাই ভালবাদে দেকি তাহার আলিক্ষন পাইয়া চেতনা বজায় রাখিতে পারে প কাবা-প্রকাণে এই ভাবের একটা খোক আছে, যথা—

ধকাদি যা . এদি প্রিয়দক্ষমেথপি
বিশ্রদ্ধ-চাট্ক-শতানি রতান্তরের।
নীবীং প্রতি প্রণিহিতে তুক্বে প্রিয়েণ
দথ্যঃ শপানি যদি কিকিদিপি স্করামি ।
আমি এমন স্কুতাথা, তবুও জগং ভরিয়া স্কীন্তি এই যে,
রাধা ও মাধ্বের মধ্যে স্বিচল প্রেম। (কোথায় আমার

মন্তব্য—সতুক্তিকণামূতেব (২০১২-১১) নিম্নলিথিত শোকের ভাব তুলনীয়:

প্রেম ?) গোবিন্দদাস বলিতেছেন যে, এই নিন্দা সভ্য কি

মিপ্যা সে বিবাদ এখনও ভাঙ্গে নাই, অর্থাং ভাহার

মীমাংদা এথনও হয় নাই।

আনন্দোদ্গমবাস্পপুরপিহিতং চক্ষ্য ক্ষমং নেকিতৃং বাহু সীদত এব কম্প্রবিধুরো শক্তো ন কণ্ঠগ্রহে। বাণী সম্বমগন্গদাক্ষরপদা সংক্ষোতলোলং মনঃ সভ্যাং বল্লভদক্ষমোহপি স্কৃচিরাজ্ঞাতো বিয়োগায়তে॥ পদটি প্লাবলীতেও ধৃত হইয়াছে।

ইহার ভাবার্ধ—আনন্দের আতিশ্যো উলাত বাষ্প-সমূহে নয়ন আবৃত হওয়ায় দেখিতে পাইতেছি না. কম্পায়িত বাত্ত্য ক্লিপ্ট হওয়ায় কঠালিক্সন করিতে পারিতেছি না; সম্মনশতঃ বাণী গদ্গদ হইতেছে; আর মন কোভযুক্ত হওয়ায় অতিশয় চঞ্চল হইয়াছে। বহু-দিনের পর বল্লভের সহিত মিলন ঘটিলেও উহা বিয়োগের ভায় মনে হইতে লাগিল।

> **০৮৬** ব্রাডী

নাহা দরশনে তম্ন পুলকহি ভরই।
নাহা কর কর্ষণে টুটত বলই ।
নাহা পরিরম্ভণে অম্বর ধলই।
নাহা ঘন চুম্বনে বদন না টলই ॥
এ স্বি মানিয়ে হরি সজে মেলি।
যব হোয়ে ঐছন মনোভব-কেলি ॥
নাহা কিঞ্জিণি মণি-ক্ষণ বোলই।
নাহা নথ-বিলিখনে তুল তম্ন দলই ॥
নাহা মণি-ন্পুর ভরলিত কলই।
নাহা ঘন চন্দন শ্রমজলে গলই ॥
নাহা নাহি ঐছন র্দ নির্বহই।
ভাহা প্রিবাদ গোবিল্লাস ক্ইই ॥

সা, প. (১)— ১৩৪ কী. ২৪৫ গু ১৭, গ্ৰেন্ড ভক্ত ২৩১

ব্যাখ্যা— শ্রাধা দথীকে বলিতেছেন যে, হরির দক্ষে মন্নথ-কেলি বলিয়া তথনই মানিব যথন দর্শনমাত্রই অক্ষপুলকে ভরিয়া উঠিবে, যথন হাত দিয়া টানিতেই বলয় ভাকিয়া যাইবে, যথন আলিকন দিবামাত্র বল্প আলিত হইবে এবং চাচ্ছনে বদন একটুও নড়িবে না। বিলাদের দময় কিছিলা ও কছণ শব্দ করিতে থাকিবে: তুইজনের দেহই নথের আঁচড়ে দলিত হইবে; মণিময় ন্পুর যেন আনন্দে বাজিতে থাকিবে (তর্গিত হইয়া কলয়মনি করিবে) এবং শ্রমজ্বে ঘন চন্দন-লেপন মৃছিয়া ঘাইবে। গোবিন্দদাদ বলেন, যেথানে এক্লপ রসকেলি না হয়, দেথানে গুরু কেলিনামের কলছ ঘটে।

069 ধানশী

ষব হরি-পাণি পরশে ঘন কাঁপসি ঝাপসি ঝাপল অঙ্গ। ত্ব কিয়ে ঘনঘন মণিময় অভরণ বেশ পদায়নি রক্ষ এ ধনি, অবহু না সমুঝসি কাছে। যাহা বিহু জাগরে নিদহঁনাজীবসি তাহে কিয়ে এত° ভয় লাজ। জোরি ত**ম-বল**রি করইতে কোরে নহি নহি বোলসি থোর। জনি মুখ মোড়বি চুম্ব বেরি জমু বিধু-লুবধ চকোর : যৰ হোয়ে নাহ-রতন রত-আরত বারত ছনি অভিলাপ ৷ গোবিন্দাস কহ নাহ বল-বল্লভ কৈছে রহত নিজ পাশ:।

저 역. (3)- 353 कुरु २७५ সা, প. (২)- - ৭ ৬ व्राक्षा ३३३ . वद्राष्ट्र (8 (9)]-- >:

পাঠান্তর-না. প ও বরাহ পৃথিতে-(১) ধরি দথি ক বি ২৬১০ পাৰি (২) বেশ পদাৱল অঞ্চ (২) ফুলবি অব হাম ममुबाली काक (५) द्रम (१) मा भ. भृषिरच तहच विक्रमान ।

ব্যাখ্যা-ষ্থন হরির করম্পর্শে ঘন ঘন কাঁপিয়। আবৃত দেহ ফের বেশ করিয়া ঢাকিতেছ তপন আর মণিময় অলহার, বেশ প্রভৃতি প্রদাধন কাহার জন্ম করিয়াছ ? (দয়িত যদি নাই দেখিল তে। বেশভ্ৰায় क्ल कि?) इन्हिं प्रथम ६ कांक बुकित्न मा। याहारक ना भागेता कि निष्मांय कि काश्रत्त सामाश्रि भान না, তাঁহাকে এত ভয়, এত লজা কেন? ভোমার তহুৰতা জোৱ করিয়া আলিখন করিলে একটু আধটু 'না, ना' वन ; किन्क (मिथि চृष्य-कार्त (यन प्र किताहेग्रा লইও না। কেননা, শ্রীকৃষ্ণ চক্রের প্রতি লুব্ধ চকোরের ন্তায় হইয়াছেন। যথন দয়িতরত্ব হুরত ব্যাপারে রত হইবেন, তথন যেন তাঁহার অভিলাষে বাধা দিও না। গোবিন্দদাস বলেন যে, শ্রীক্লফ বছবল্লভ, তাঁহাকে বাধা দিলে, তিনি তোমার কাছে কিরূপে থাকিবেন গ

900

প্রহন্ত

বসন উতারলু বেনন সঞে স্ব नाटक नाकायनि त्यादि । করে কচ কাপিতে বিহুসি বয়ন ধনি অঙ্গ করল কত মোডি ॥ নিবি-বন্ধ পদইতে করে কর ধরু ধনি পুন বেকত কুচ জোরি। বিকল ভেল শশি-মুগি তুয় সমাধানে ত্ব হাম কোরে আগোরি। এত কহি বিষাদ ভাবি বহু মাধৰ রাই প্রেমে ভেল ভোর। ভন্যে বিভাপতি গোবিকদাস ভগি পারল ইছ রম্ভব :

阿孙 255

শব্দার্থ—বেনন—বিনান কেশ, বাধ। চল। বিহুসি —একট হাদিয়া।

640

धाननी

এ দপি হু।ম-দিন্ধ করি চোর। किट्ड ध्रवि कूठ कमग्र करतात । ঘন বসময় তত্ত অন্তর গহীন। নিমগৰ কতহু বুমণী মনমীন ॥ শ্রবণে থকর গীম' কলু বিরাজ। হিয় মাহা লখিমী মিলিত মণিরাল # যছু মৃথ-চানদ স্থাময় হাদ।
গরলহি ভরল নয়ন পরকাশ ॥
অধর পঙার দশন মণি মোতি।
বোচন তিলক মৈলানক (জ্যোতি॥
স্বর তরু-কুস্থম-স্থান্ধ নিবাদ।
চড়া জলদ পিঞ্চ ধন্ধ ভাদ॥
গতি গজরাজ চরণ অরবিন্দ।
নথমণি নিছনি দাদ গোবিন্দ॥

রাব(১০৭, বো ২৪ সা প্র (১) -১৩৯

ঊक १०४, कि; २४१

পঠিন্তির—সা প. ও তঞ্তে আরম্ভ—হন রসময় তম্ম ইত্যাদি। তঞ্তে পাঠাম্বর—(১) াগমে (২) মৈনাকক।

ব্যাখ্যা — শংলাতে লিক্ক কে দ্যুদ্রে দক্ষে তুলনা করা হইয়াতে। হে পথি। তুনি শ্যাক্ষণ দন্দকে চুরি করিয়া কিরাপে তোমার কুচরপ স্থা কটোরোয় বাগিলে গ (অভাত্ত গোপীলিগকে বঞ্জি 'রিয়া নিজের নুকের মধ্যে লুকাইয়া রাগিলে)। শ্রীক্ষের তত্ত ঘনাভূত রপের ছারা গঠিত, তাঁথার কদয় গভার। (অপরণক্ষে ঘন অর্থে মেঘা মেঘা হইতে যে জল পাওয়া যায় তাহাতে পূর্ণ এবং অগাধ)। তাহাতে কত রম্পাব ভদয়রপ মংজ্পণ নিম্মা বহিয়াছে। তাহাতে কত রম্পাব ভদয়রপ মংজ্পণ নিম্মা বহিয়াছে। তাহাতে কত রম্পাব ভদয়রপ মংজ্পণ নিম্মা বহিয়াছে। তাহাবে কপে মকর, প্রাবাতে শহা । এপর জিনিম সন্দ্রেপান্তমা যায়), অস্বরের মধ্যে লক্ষা ও মণিক্রেল। আর গেল্লাক্ষা ও বছরগ্রাজী থাকে)। তাহার মুখই জেন, হাজ্যই ক্ষা, অধর প্রবাল ও দ্যু মণিক্রা। আর গোরোচনা তিলক যেন মানজ্যোতি (অথবা পাঠান্তরে মেনাকের জ্যোতিংর ভাগে), তাহার বাসস্থলে কল্লভক্র প্রম্পের কর্পন্ধ, আর চুড়াইজর্বক্রর মত দেখিতে।

৫৯০ ধানশী স্বন্ধরী ভালে তুহ' হরিণি-নয়ানি। দো চঞ্চল হরি হিয় পঞ্জর ভরি কৈছনে ধয়লি সেয়ানি। যো গিরি-গোচর বিপিনহি সকক
কশ-কটি কর অবগাহ।
চক্রক চাক শটা পরিমন্তিত
অকণ কুটল দিঠি চাহ।
কত বরদন্তি করতি কর বারই
দশনহি গও বিদারি।
বল কয়ে থবতর নথর শিথর সঞে
মোতিম বনহি বিথারি॥
অধর স্থা দেই পুনহি জীলাইই
পুন নিরমদ করি তেজ।
গোবিন্দাস ভন ভাক শয়ন পুন
অহনিশি কিশ্লয় সেক্ষ॥

제, 역. (>) -- > 3 :

को ३४८, उस १०५

পাঠান্তর—সা. প ও তক্তে আরম্ভ—**যে। গিরি** গোচর বিপিনহি সঞ্জ।

শাকার্থ—হরি— শ্রিক্ষ, সিংহ। এই প্রটাতে সর্বাজ শীক্ষণকৈ সিংহর সহিত তুলনা করা হইয়াছে। চন্দ্রক চাক — ক্ষার ম্যবপুচ্ছ অহার্থে চন্দ্রকৃতি চিহ্ন। শাটা— কৃষ্ণিত কেশ, অহাথে সিংহের কেশর। ববদন্তি— যাখার ক্ষার দাত আছে এমন জন্দরী অথবা সিংহপক্ষে শ্রেষ্ঠ হতী।

ব্যাখ্যা— হুন্দরি! তুমি তো ভাল হরিণ-নয়না; তুমি এনন চতুরা যে সেই চঞ্চল হরিকে হুদররূপ পঞ্চরে ধরিয়া বাধিয়াছ; কেমন করিয়া এরূপ করিলে! হরিণী হুইয়া দিংহকে ধরিয়া রাখিলে কিরুপে! যে হরি গোবর্জন গিরির গোচবভূমিতে ও কাননে তাহার রুশ কটি লইয়া গ্রিয়া বেড়া, আর ময়বপুচ্ছের চন্দ্রাকৃতি হুন্দর চূড়া গাহার কুঞ্চিত কেশে শোভা পায় ও অরুণ ও বহিম দৃষ্টিতে যিনি নিরীক্ষণ করেন (দিংহপক্ষে যে শিকাবের খোঁছে গিরি ও গোচারণভূমিতে ও বনে ঘ্রিয়া বেড়ায়, যাহার কটিদেশ সক্ষ, মাথার ঝুঁটি চন্দ্রকের স্থায় চাক ও যাহার রক্তিম দৃষ্টি) তাহাকে তুমি ধরিয়া রাখিয়াছ! হাত দিয়া (বা ৩ও দিয়া) নিবারণ করা সত্তেও তিনি

কত হৃদতীর (অথবা শ্রেষ্ঠ হন্তীর) গণ্ড দন্ত দারা বিদারণ করিয়াছেন এবং জোর করিয়া তীক্ষ্ণ নথাগ্র দিয়া মৃক্তা-বাজি (হ্বরত্তমুদ্ধে বুকের মৃক্তা অথবা সিংহপক্ষে হাতীর মাথার গঙ্কমৃক্তা) বনে ছড়াইয়া দিয়াছেন। সেই হরিকে (বা সিংহকে) তুমি অধরহ্বধা দিয়া পুনরায় জীবিত করিয়াছিলে। কিন্তু তিনি ফের আক্রমণ করিতে আসিয়াছিলেন বলিয়া তাহাকে একেবারে নিস্তেজ করিয়া দিয়াছ। গোবিন্দদাস বলেন সেইজন্মই তো হরি এখন দিবারাত্রি কিশ্লয়-শ্যায় শুইয়া থাকেন।

মন্তব্য— এরুঞ্চে ছয়টী কারণে সিংহের সঙ্গে তুলনা করা হইয়াছে: (১) তিনি গিরিতে থাকেন (২) বিপিনে সঞ্চরণ করেন (৬) তাঁহার কটিদেশ রুশ (৪) তাঁহার মাথায় শটা (ময়রপুষ্ঠ) (৫। তাঁহার দৃষ্টি অরুণ ও কুটিল (৬) সিংহের লায় তিনিও দস্তঘার। গওদেশ বিদীণ করেন।

160

শ্ৰী গান্ধার

কাজর অমর তিমির জহু তহু-ক্রচি
নিবদই কুল কুটাব।
বালি-নিশাদে মধুর বিব উপরই
গতি অতি কুটিল স্থার।
তন সজনী কাছু দে বরজ-তৃজক।
পো মরু হানয়-চন্দন-ক্রতে লাগল
ভাগল ধরম-বিহল ॥
কোচন-কোণে পড়ত ঘব নাগরি
রহই না পারই থার।
কুঞ্জিত অকণ অধরে ধরি পীবই
কুলবতি-বরজ-সমীর ॥
এক অপক্রপ নয়ন-বিহ তাকর
সেটই দশনক দংশে।

' विष-खेषध विष व्यवधातम भारतिसमाम भवसंदम ॥

সা. প. (১)—১৪১, রাধা ১৯০ কী ২৫৮, তরু ৭০৮, সমৃত্র ৭৫ গো ২৫

পাঠান্তর—দা. প. আরম্ভ—কান্তর তিমির ভরম জয়।

ব্যাখ্যা--শ্রীরাধা শ্রীক্লফের স্তৃতিগর্ভ নিন্দা করিয়া বলিতেছেন, সে ক্লফদর্প: তাহার গায়ের রংয়ের সহিত তুলনা দেওয়া যায় কাঞ্চলের, ভ্রমরের অথব। অন্ধকারের। দে কুঞ্কুটীরে থাকে। শাপের মতন তাহার গভি অভিশয় কুটিল অপচ হুধীর। বাশীর নি:খাসে সে মধুর বিধ বমন করে। স্থি, সেই কামু যে ব্রজের ভূজা (স্প্, অন্য অর্থে লম্পট); সর্প ষেমন চন্দনবুকে থাকিতে ভালবাদে, সে তেমনি আমার হাদয়রূপ চন্দনবুকে সংলগ্ন হইয়া আছে। তহোর ভয়ে ধর্মক পক্ষী উডিয়া গেল। সে তাহার নয়নের কোণ দিয়া যে নাগরীর প্রতি অপাঙ্গদৃষ্টি নিক্ষেপ করে দে আব শ্বির থাকিতে পারে না। কান্তু কুলবভীর বৃদ্ধিন লাল অধর ধরিয়া ভাহাব ব্ৰভক্ষণ বাতাস পান করে (সাপ বংযুভূক্ এই কারণে এখানে অধ্রের জধা না বলিয়া উহার বাতাস বল। হইয়াছে।। কিন্তু ভাহার নয়নের দৃষ্টিভে যে বিষ আছে তাহার এক অষ্ত ঔষধ আছে। দাঁত দিয়া काम छाइरन ये विषय जाना पूत इस। शाविसनाम প্রশংসা করিয়া বলিতেছেন যে, এ তে৷ বিষে বিষক্ষয় হয় দেখিতেছি। (অবধারল-জানিতেছি।)

つかく

বিভাগ

নবঘন-কিরণ-বরণ নব নাগর সন্দিরে আভিল মোর। লোল নয়ন-কোণে মদন জাগায়ল মৃত্ মৃত্ হাসি বিভোর ॥ সঞ্জনি কি কহব রঞ্জনি-আনন্দ।
বপন বিলোকন কিয়ে ভেল দরশন
মঝু মনে লাগল ধন্দ।
উবপর কমল-পানি অবলম্বনে
দ্বে করল আনো আন।
নিবিহক বন্ধ-বিমোচন নাগর
কি করল কিছুই না জান।
তৈথনে মদন কুস্থম-শর হানল
জর জর জীবন মোর।
গোবিনদাদ কহ গৌরি আরাধন
বিফল কি যাইবে তোর ৬

त्राधा कर

新 20%, 医\$ 5~G

ব্যাখ্যা—নতন মেঘতাতির তায় বর্ণ বিশিষ্ট নবীন
নাগর আখার ঘরে আধিল। চঞ্চল নয়নকোলের দৃষ্টিতে ও
মৃত্যাক হালিতে আখার খনে মদন জাগাইল। আমি
বিভার হালাম। সনি! বাত্রির আনক্রের কথা কি
বলিব ? সে কি সভাহ ঘটিল না স্বপ্র দেখিলাম এই ধাধা
আমার মনে জাগিল। তিনি বুকের উপর তাহার পদাহত্ত
রাখিয়া এক জায়গার জিনিষ অত্য জায়গায় রাখিলেন।
কোচুলি দুরে ফেলিয়া দিলেন।) নাগর ঘখন নীবির বন্ধন
খুলিলেন তখন আখার জাবন মদনের কুস্মশরবয়্যার
ফলে জরজর হাল; স্বতরাং তখন তিনি কি করিলেন
কিছুই জানিতে পারিলাম না। গোবিন্দদাদ বলিতেছেন
তোমার গৌরী-আরাধনা কি রথাই ঘাইবে ? । তোমার
বলিতে রাধার ইহাই স্পষ্ট অথ , কিন্তু বাঞ্জনায় কৃষ্ণকেও
বুঝায়—কৃষ্ণের গৌরাকী রাধাকে অন্বাধনা কর। কি
ব্যার্থ হাইবে ?)

৫৯৩
কৌ বাগিণা
বেণ্ক ফুকে বৃকে মদনানল
কুল-ইন্ধন মাহা জারি।

দরশ পানি ছ্ছ পরশে সোহাগল
শ্রম জল জোরণ বারি॥
সজনী কান্ত সে ছৈল সোনার।
মন্ত মন-কাঞ্চন আপন প্রেম মণি
জোরি পিন্ধায়ল হার॥
নব অন্তরাগ রকে পুন রক্তল
মূল না জানই কোই।
গুরুজন-নয়ন-চৌর পয়ে ছাপিয়ে
প্রাণ লাখ সম গোই॥
ধো রস আগেরি বিদগধ নাগরি
হেরত্ত তাকর সাধ।
গোবিন্দদাস কংই আনে হেরিলে
ভানি হোয়ে প্রমাদ॥

সা- প. (২) --১ ১০ বু ৭৭, রাধা ১০২ দং ৩০৬, তর ৭০০, দমুছ ৪১৬

বাখ্যা—শ্রবাধা শ্রক্ষকে ছলনাময় স্থাকাররপে বর্ণনা করিয়া এইরূপ বলিতেছেন। বেণুর (বংশীর অধবা স্থাকরার বাঁশের চোন্ধার। ফু দিয়া বুকের মধ্যে কুল ইন্ধন (কুলই হইয়াছে কাঠ যেখানে অথব। স্বণকারপকে কুলগাছের কাঠ। ধরাইয়া মদনানল প্রজ্ঞালিত কবিল। তাহার করের ও নয়নের সোহাগযুক্ত (আদরময় অথবা স্বৰ্ণকারের পক্ষে সোহাগাযুক্ত) স্পর্শে আমার স্বেদ বারি নিগত হইল (স্বণকারপক্ষে পাইনের জল ঢালিল)। স্থি ৷ কাফু ধৃত স্বৰ্তার ৷ সে আমার মনরূপ সোনায় নিজের প্রেমক্কপ মণি জুড়িয়া দিয়া আমাকে হার পরাইল (স মনোরত্র বলাংকারেণ হতা স্বপ্রেমমণিনা সংযোজা হারং কৃত্বা ম" কণ্ডে প্যাধাপয়ং। স্বস্থ্য বহুমূল্য-মণিনা মাং বলে কুতবান ইতি। ব্যতিরেকালকারেণ ছৈল পোনার ইতাক্ষোভ্যতা হুচিত।—রাধামোহন। দে জোর করিয়া আমার মনোরত্ব হরণ করিয়া নিভের প্রেমমণির সহিত উহা যুক্ত করিয়া হার বানাইল এবং আমার গলায় পরাইয়া দিল। নিজের বছমূল্য মণি দিয়া আমাকে বল করিল। এখানে ব্যতিরেক জলভার হইয়াছে এবং স্বৰ্ণকার যে খুব ভাল কারিগর তাথা
বুঝাইতেছে)। সেই হারকে আবার নব অহ্বাগের বং
দিয়া রাঙ্গাইল। ইহা তথন এমন স্থলর হইল যে, কেহই
উহার মূল্য নির্দারণ করিতে পারিল না। আমি
গুরুজনদের নয়নরূপ চোরদের নিকট হইতে উহাকে নিজের
লক্ষ প্রাণের মতন ল্কাইয়া রাখিলাম। যে প্রেমরদে
অগ্রগণা রদিকা নাগরী হয় তাহারই ইচ্ছা করে এ হার
দেবিতে। গোবিন্দাস বলেন যে, অন্তে উহা দেখিলে
বিপদ্ ঘটে।

660

ধানশী

পহিলহি কুল ভূল দম উরল
যাকর বেণুক ফুকে।
ধরম-করম-মতিভরম দ্রিখ ভেল
নারি গারি দম দুখে।
দজনী কিয়ে হাম করব উপায়।
কেরইতে দো কাল আপনি আপন তম্ব কাহে করত অন্তরায়।
নয়নহি নিন্দু নিন্দু নাহি হেরই
হানল ফুলশ্র বাণ।
যত প্রমাদ কহই না পারিয়ে
গোবিন্দুদ্যে প্রমাণ।

30 90 h

শকার্থ—দরিপ—দদৃশ। পারি—গালি।
ব্যাখ্যা—শ্রীবাধা দ্বীকে হংগ করিয়া বলিতেছেন।
ভাহার বেরুর জ্থকারে আমার কুল প্রথমেই তুলার মতন
উড়িয়া গেল; আর ধর্মকর্মে মিভিল্রমের মতন বোধ
হইল আর হংগের জালায় নারী শক্ষি গালি বলিয়া মনে
হইল। বংশীক্ষমি শুনিয়া আমি এমন উতলা হইলাম যে,
আমি কুলগৌরবের কথা একটুও চিন্তা করিলাম না; ধর্ম
কর্মে মিভি রাখিব কি, ওদ্ব যেন আন্তি বলিয়া মনে হইল;
আমি নারী, তাই স্বাধীনভাবে ঘাইয়া প্রকাশ্যে ভাহার

সহিত মিলিতে পারি না, স্তরাং নারী শক্টাই একটা গালির মতন বোধ হইল। সথি! এখন আমি কি উপায় করিব? সেই কান্থকে দেখিবার সময় আমার নিজের দেহই কেন বাধা স্প্ত করে? (নয়নে কেন নিমেষ পড়ে? নিমেষহীন চোখে আমি অনস্কলাল তাহার পানে চাহিয়া থাকিতে পারি না কেন?) নয়নকে নিন্দা করি বলিয়া নয়ন আবার প্রতিশোধ লইবার জন্ত নিদ্রাকে শেখে না। (চোখে নিদ্রা নাই, নিদ্রা আসিলে হয়তো স্বপ্লের মধ্যে প্রিয়তমকে দেখিতে পাইতাম)। এ দিকে মদন বাণ নিক্ষেপ করিতেছে। কত যে আমার বিপদ্ তাহা কেমন করিয়া ব্রাইয়া বলিব থ গোবিন্দাস বলিতেছেন, বলিতে হইবে না, আমি নিজেই তো দেখিতেছি।

かるり

কাহারে কহিব কাহর পিরিভি जुमि (भ (विषयी भूष्टे। त्म जम-श्वास्त ধদ ধদ হিয়া তেঞি সে তেমেরি কই ৷ ও নব নাগ্ৰ ব্দের সাগ্র व्यागत मकल छुट्ट । আদর পিরিতি ্ষেপ্ৰ চবিভি কুরিয়া মরিব মেনে। পিরিতি-বোলে কত না চলে সে কিনা দে আকৃতি সাধে। মধুর ভাষিয়া মান নাশিয়া হাদিয়া মরম বাঁধে ॥ করিয়া ভরিয়া সে খোরে কোলেভে वन्त्व वन्त्व निश्व। মধুর চুদিয়া বিধু বিভ্ষিয়া পরাণ লাইল পিয়া॥ কাচুয়া ফাড়িয়া দে বদ লুটিয়া ভূলিয়া মধুপ জড়।

কমলকোরক ভরমে কি কৈল
গুণেতে ঘূণিত তহু ॥
ও দিঠি চাতুরী মুথের মাধুরী
লংবী কত বা আর ।
এ হথ শুনিতে মুরি না মরয়ে

দাদ গোবিন্দ ছার॥

ত্রা ৬ ১০, ১ ১৮

ব্যাখ্যা—কিনা সে আকৃতি সাধে—মনের কি অজিলায়ই না পূর্ণ করে। বিধু বিজ্পিয়া—তাহার যে মুখ চক্রকে ধিক ত করে তাহার ছারা মধুর চুখন করিয়া। সভৌশচক্র রায় মহাশায় 'বিজ্প' ধাতুর অর্থ অফকরণ করিয়া যদুর চুখন দিয়া"। গঁহা কঠকল্পিত মনে হয়। কমলকোরক—তানগুলল: ওণেতে গুঙ ত হু—তাহার ওণে আমার নেই খুণবিদ্ধ বংশের মতন জজ্জবিত হুইল।

9 C P

335

হদ্য-মন্দিরে মেব কারু ঘুমা ওল প্রথম পরিব প্রের-সদশ ভেল দ্বাই দরে বই ভাগি। ইন্ধাই দরে বই ভাগি। ইন্ধাই দরে বই ভাগি। ইন্ধাই দরে বই ভাগি। ইন্ধাই দরে বই ভাগি। কান্ত্র মাত্র মিইমন্দ কুল দাত্রি মহিমন্দ। আপ্রথম কহিতে কহি আনা। ভাবে ভরল তম্বা পরিজন বাহিতে সুহপতি শপ্যক সামা। নীন্দ্র নীন্দ আন নাহি হেবিয়ে। না ক্ল নিয়ে কিয়ে ভেল আঁথি।

যত পরমাদ কহই নাহি পারিয়ে গোবিন্দাস একু সাথী॥

না. প. (১)—১ গদ

प्र: २৯७, को २६४, छ**ङ्ग १३**०

পাঠান্তর—তক (১) চরিত (২) আন করত হোয় আন (১) মন (৪) গৃহপতি শপতিক জন (৫) নয়নক নীর থার নাহি বাফাই।

ব্যাখ্যা- আমার সদয়-মন্দিরে কাম ঘুমাইতেছে; আখার প্রেমরপ প্রহরী জাগিয়া পাহার। দিতেছে। গুরু-জনের গৌরববোধ যেন চোরের মতন দুরে দুরে পলাইয়। রহিয়াছে। স্থিং তেদিনে আমার সন্দেহ মিটিল। (ধন্দ---বাধা। রাধামোহন ঠাকুর এগানে ছন্দ্র পাঠ ধরিয়া মানে করিয়াছেন বিবাদ, কিন্তু পরবর্ত্তী চরণে আছে যে দাপে বাাং পাইয়া ফেলিল, ইহাতে বিবাদ মেটামোর ইঙ্গিত হয় ন(।) আমি ভাবিতাম কুল ছাডিলাম কেন ? এখন দেখিতেছি কার্যুণ অন্তর্গান্ত্রপ ভূকক কুলরূপ মন্দম্ভি ভেকীকে গ্রাস করিয়াছে। আমার নিছের বীতিনীতি বাবং র নিজেই বঝি না। এক কহিতে অন্ত কহি। আমার দেহ সেদকম্প অক্র প্রভৃতি ভাবে পূর্ণ হয়। পরিজনদের বঞ্জনা করিতে কিন্তু গৃহপতির শপথ লই েবলি 'স্তু) বলেছি, সোয়ামির মাথা খাই ৷ যদি ইহা না হয')। নিদ্রাকে নিন। করি (কেননা, আমি ঘুমাইয়া পভিলে প্রেমকে পাহার: দিবে কে)। চোথে রুফ ছাড়া অন্ত কিছু দেখি না; কে জানে আমার চোপে কি দোষ হইয়াছে ৷ আমার যে কত বিপদ ভাহা বলিয়া উঠিতে পারি না ৷ একমাত্র গে বিন্দদাসই দে-স্ব দেখিয়াছে, সেই সাকী।

660

দিশ্বুড়া

পিয়া কথা কি পুছদি রে স্থি প্রাণ নিছনি দিয়ে।

গইড়ের কুটাগাছি শিরে ঠেকাইয়া আলাই বালাই তার নিয়ে॥ হাত দিয়া দিয়া মুখ।নি মোছাঞা দীপ নিয়া নিয়া চায়। পাইয়া রতনে কতেক যতনে থুইতে ঠাঞি না পায়। কত না আদরে রদের বাদরে নিমগন কৈল মোরে। তিলে না দেখিলে নিমিণ তেজিলে ভাসয়ে নয়ন লোৱে ॥ সে হেন নাগর রসের সাগর গুণের নাহিক দীমা। नाम लावित्न কহল আনন্দে তুমি দে জান মহিমা। 34 5pt

460

ধানশী

সঞ্জনি আজুনিজ মন্দির মাঝ। ভতি স্বপনে হরি উরপর পেখলু শ্রাম স্থনায়র-রাজ। পর-পরিহাস হাস-অবলোকনে ঘন পরিরম্ভণ দিল। জাগি মুখ হেরইতে হাম অভাগিনী পুন দ্বশন নাহি ভেল ৷ উঠি চম্কিত তহি চৌদিশে হেরলু পড়লছ মনমথ-ফানে। কুচ-যুগ হেরল কনক কলস দউ না হেরলু সে। মুপ-চান্দে। व्यव देव छद এতহ লাজ-কাজ আন ঘবে কভু পাছে হোই। মদন-দহন-শবে व्यक्षत्र मन्ध्रह

জীবইতে না জীবই কোই !

গোবিন্দদাস কহ মৌনে ধনি ব্দব রছ
আনে কিছু না করিছ ভান।
আজ আনন্দ-ভরে তুয়া নিজ মন্দিরে
অক্সপে মিলব কান॥

व १२४

শব্দার্থ— উরপর— বুকের উপর। স্থনায়র-রাজ্ঞ— স্থনাগরদের শ্রেষ্ঠ।

66か

গান্ধার রাগ

দ্বি জনি কহ প্রলাপ।
পিয়া মনু হিয়া জানে তাপ।
কুহমিত থামূন কুল।
তোরলু মাধবি ফুল।
তাহি মিলল শঠরয়ে।
হাম হেরি চললু পলায়।
নপুরধ্বনি অফদার।
আওল মঞ্জীর ঝাকার॥
আচরে ধরল হামারি।
হঠ সঞে লেওলু কারি॥
হঠে পরিরস্তণ দেল।
হামারি অধর রস লেলঃ
ভূজপালে বান্ধলু লাগি।
গোবিন্দাদ পত্ত ভাগি।

AN 1 5.0

শব্দার্থ—হঠ সঞে লেওলুঁ কারি—জোর করিয়া কাড়িয়া লইলাম (কাড়ি ইতাত্র কারি লিখিড: ডকার-রেফয়োরৈক্যাং—রাধামোহন)। গোবিন্দাস পছা ভাগি—গোবিন্দাসের প্রভু ভাগিলেন, পলায়ন করিলেন (গোবিন্দাসক্ত প্রভু: জীক্ষণ: পলায়িত:—রাধামোহন)।

ব্যাখ্যা---স্থি, আমার কথা যেন প্রলাপ বলিয়া মনে করিও না। আমি দেখিলাম যে, আমার দয়িত আমার ফদয়ের সন্তাপ জানিতে পারিলেন। কুস্থমিত ষম্নার ক্লে আমি মাধবী ফুল তুলিলাম, দেইখানে শঠচ্ডামণি আমার দকে মিলিত হইলেন। তাঁহাকে দেখিয়া আমি পলায়ন করিলাম, কিন্তু আমার নপুরুদ্ধনির অফুসরণ করিয়া তিনি নিজের মঞ্জীর নাহার করিতে করিতে আসিলেন। আমার আচল ধরিলেন, আমি জোর করিয়া উহা ছাড়াইয়া লইলাম। তথন তিনি বলপুর্দ্ধক আমাকে আলিক্সন করিয়া আমার অধর চুখন করিলেন। আমি তথন তাঁহাকে ভূজপাশে বাধিতে গেলাম। আর গোবিজ্লাসের প্রভূপলায়ন করিলেন।

400

দ্ভিম্থে ও..২তে নাগপ কান।

এছন মাধব কয়ল পয়ান॥

রাই রাই করি ঘন চলি জায়।

পায়ল ন্পুর বাজন-পায়॥

খাই নিহারত মন্দির পাশ।

শোয়ত স্বন্ধন না শুনই ভাষ॥

বদরিক ডাল পরে বৈঠল কান।

কোকিল জিনি হরি করতহি গান॥

ঘূমের আলিসে রহু বিদগধ রাই।

চমকি উঠিয়া পুন চৌদিকে চাই:

মন দিয়া শুনে রাই কোকিলের গান।

অন্তরে জানল আয়ল কান॥

কেটি কপাট পুন বাহিরে গেল।

গোবিন্দাশ তহি করত রস কেল॥

ক. বি ৯•৪

শক্ষার্থ—পীয়ল—পীতবর্ণের। করত রস কেল— রসকেলি করিল। 400 TE

যতনহি রাই लाई हलू मन्दित मिश्रिश देशत्रक लाहे। রস পরথাব কহই করি চাতুরি কান্তক হৃদয় জানাই। ফুন্দরি তিরোহিত রহি ভুন বাত। সদভত উনহিক প্রেমরস মাধ্রি কতিল কহই নাহি যাত॥ বাইক বিবৃহ অধিক করি মান্ট উনহিক স্থপ নিজ মান। ভেদ পুন বুঝিয়ে (क्वन (म्ह নহে পুন এক পরাণ। উঠায়ত পুনাপুন আনন্দ বাত পুছত রন্ধনি বিলাস। গুহন গুমন তুপ স্বহু মিটায়ল অন্ত কহ গোবিন্দ্রাস ॥

4. 9. 34

সমূল ৪১৩, তক ২৭৭৪. কী ৩২১

শব্দার্থ-পর্থাব-প্রস্তাব। তিরোহিত রহি-অস্ত-রালে থাকিয়া। উনহিক-উহাদের। অন্ত কছ--পশ্চাতে কহিতেছেন।

মন্তব্য-স্থীদের চরিত্র ঐ ভাবেই উচ্ছলনীলমণিতে অভিত হইয়াছে।

প্রেম-বৈচিত্ত্য

303

গৰি কো কছ প্ৰেমক বন্ধ।
বাইক কোৱে বৈঠ হবি বোলত
কবে হবে তাকর সন্ধ।
আর কিয়ে কনকক্ষিত তন্থ সৌরভ
দরশ পরশ হব মোয়।

উরপর পাণি হানি ক্ষিতি শৃতল
আকুল কণ্ঠ করি রোয় ॥

'থেনে কহে অধরে নব বল্লরী
আর কিয়ে মিলব মোয় ।
তাকর প্রেম মগন মঝু মানদ
নয়নে রহল রূপ গোই ॥
আর কিয়ে ভাবণে শুনব বোল
তাকর ও প্রিয় মধুরিম ভাষ ।
নয়নহি বয়নচন্দ কব হেরব
কৌমুদী হাদ-বিকাশ ॥
রাইক কোরে কাছ যব বিলপই
বজ্ল-বনিভাগণ হাদ ।
না ব্রল কভ ধন্দ মোহে লাগল
কহতহি গোবিন্দাদ ।

हक ५०० की ८३९, मर ३९०

পঠিতির— ভক্তে আরম্ভ "মার কিয়ে কনক কবিত ভক্ত" ইত্যাদি।

क. वि. २७२व भार्र-সজনি হোর দেখ প্রেম্ভরক। রাই কোরে বনি স্থাম জপইছে নিজ্নাম আছু ইহ কি যে ভেল রস। তুহজন ছিল ফথে व्यादशिषद्या गुरुष गुरुष ভাহে ভেল এ কোন রীত। এ মাধুরী কে ব। জানে কি ব। জাছে মনে মনে এ কি দেখি অহুপ চরিত। আপনার নাম নিতে পহ ভেল মুর্ছিড আপনাকে রাই করি জান। ইহা কি প্রেমের গতি কে বুঝিবে এ পিরিভি তুহ জান তুহার বিধান ॥ কেহ বা ষাইবে কাম কাহার ভরদা আছে धनि किएर नाम करत छान। দেখিয়ে প্রেমের গতি মনে লাগে চমকিতি

कश्छिर भागिसमाम ।

ব্যাখ্যা-স্থি, প্রেমের বিচিত্র রঙ্গের কথা কে বলিতে পারে ? রাইয়ের কোলে বদিয়া হরি বিলাপ করিভেছেন — "কবে হবে ভাহার সঙ্গে মিলন? আর কি দেই উজ্জ্ব স্বৰ্ণবৰ্ণের তমু আমি দেখিতে পাইব ? স্পর্শ করিতে পারিব? তাহার অঙ্গের সৌরভ আত্রাণ করিতে পারিব ?" বুকে করাঘাত করিতে করিতে মাটিতে লুটাইয়া ভিনি আকুলকঠে ক্রন্দন করেন। কথনও বা বলেন, "আমার অধ্বের সঙ্গে সেই নবলতিকার অধ্বের মিলন হইবে কি ? তাহার প্রেমে মগ্ন আমার হৃদয়, কিন্তু চোখে আমি তাহার রূপ দেখিতে পাইতেছি না। আর কি তাহার প্রিয় মধুর স্বর কানে ভনিতে পাইব ? নয়নে কবে ভাহার মুখচন্দ্র দেখিব—ভাহার হাসির জ্যোৎসা-বিকাশ দেখিব ং" রাইয়ের কোলে থাকিয়। কাছ যথন এইরূপ বিলাপ করেন. তথন দ্থীরা (ব্রহ্বধ্বা) হাসিতে থাকেন। গোবিশদাস বলেন—আমি এগৰ কথ। বুকিলাম না, ভাই আমাৰ ক ছে লাধার মতুলাগিল।

মন্তব্য — ইক্লপ গোষামী উজ্জলনালমণিতে প্রেম-বৈচিত্যের সংজ্ঞায় বলিয়াছেন ---

প্রিক্ষ স্থিক কেইপি প্রেমোংক ক্ষতাবত:।

যা বিশ্লেষ কিয়াভি: জাং প্রেম-বৈচিত্যমিকতে।

অর্থাং দ্যিতের স্থিকটে পাকিয়াও প্রেমত্রায়ভার
ভক্ত একজন অক্তগনের বিরহে আকুল হওয়ার নাম
প্রেম-বৈচিত্য।

F05

সবি কহ ত্যানন সরস অগুপ।
ইথে লাগি মুবরে হেরছ নিজ মুখ।
এ সথি হেরইতে ভেল ধন্দ।
উদয়ল কানে
মঝু মুখ সো মুখ যবে ভেল সক।
হিয়ে কিয়ে বাচুল প্রেম তর্ক।

উপজ্ঞল কম্প নয়ন ভক্ন লোর।
পুলকে চমকে চমকে ভেল ভোর॥
করইতে আলিক্ষন বাত পদারি।
কর সঞ্জে আবদিক্ষন বাত পদারি॥
রহউ পরশারদ অদ্রশাভেল।
গোবিদ্দাদ শুনি মুর্চিত ভেল॥

को ७ ४

ব্যাখ্যা—স্থীরা বলে যে, আমার মুখ নাকি খুব সরস ও অতুলনীয়, ভাই দর্পণে নিজের ম্থ দেখিলাম। স্থি । আয়নায় কানাইয়ের উদয় হইল: আমার ম্থের সঙ্গে সেই মূপের মিলন ঘটিল (কাছ যেন আমাকে চ্ছন করিল)। আমার সদয়ে থেন প্রেমের তর্ম বহিয়া গেল। চমকিলা চমকিয়া উঠিলাম। সাবা দেং পুল্কে ভারলা গেল। হাত বাডাইয়া ভাহাকে আলিছন ক্রিতে গেলাম, এমন সময় হাত হইতে দপ্র পাছল লা। ইহা শুলি লাভ করা দুরে পাকুক, দেখাও মিলিল না। ইহা শুলি , গোবিদ্দাস মুট্তিত হইল।

৬০ **৩** কেদার

শামক কোবে যতনে ধনি শুভল
মদন-আলসে ছক্ত ভোৱ।

গুজে গুজে বন্ধন নিবিড় আলিপন
জন্ম কাপন মণি জোড
কাবহি শাম চমকি ধনি বোলত
কবে মোহে মীলব কান।
সদয়ক তাপ তবহি মনু মীটবং
অমিয়া করব দিনান।
সো মুথ-মাধুরি বন্ধ নেহারই
সোভরি সোভরি মন ঝর"।
সো তত্ সরদ পরণ যব পাওব
তবহি মনোরপ পুর।

এত কহি স্বন্ধরি দীঘ নিশাস্ট মুরছিত হরল গেয়ান। সতনহি শুাম রাই প্রবোধই গোবিন্দাস প্রমাণ॥

ক. বি. ৯৭ পু:

সমুদ ১৯৭, ১ক ৭৬৫ কিকাই5কোনয় ১৮৬

পাঠান্ত:—(১) সিদ্ধান্তচন্দ্রোদয়ে আরম্ভ— খ্যামক কোলে, যতনে ধনি স্ততলি

মদন লাল্পে ভছু ভোর।

ঘন ঘন চ্ছন, নিবিড আলিছন,

জন্ম কাঞ্চন মণি জোড় ॥
(২) মনু যাত্তব---সমূদ (২ সো মুগচন্দ্র বন্ধ নেহারনি গুণ সোহরিতে মন কুর---সমূদ (৪) আকুল রাই শ্রাম পরবোধই--তক।

ব্যাখ্যা- মদনালদে ভামেব কোলে যত্ন করিয়া হৃদরী শুইলেন। কিন্তু নিলা গেলেন না (অত্র যং শয়নং লিখিত॰ ন তরিদ্র। কিন্তু মদনালদেনেতি স্পষ্টমন্তি অন্তথা প্রেমইবিচিন্তামনর্থকং লাং)। তাঁহাদের ভূজে ভূজে বন্ধন, নিবিড় আলিখন দেখিলা মনে হয় যেন মিন-কাঞ্চনের ছোড় লাগিয়াছে। ভামের কোলে থাকিয়াই চমকিয়া উঠিয়া জন্দরী বলিলেন. "কবে আমি কাঞ্চকে পাইব গতথনই আমাৰ হৃদয়ের তাপ মিটিবে—আমি অমৃতদাগরে আন করিব। আমি দিনরুতে সেই মুখের মাধুরি শ্রবণ করিতে কবিতে মনে মনে কাঁদি। দেই তত্বর স্বরূপ প্রশ্ব থখন পাইব, তথনই আমার মনের বাসনা পূর্ণ হুইবে।" এই বলিয়া দীর্ঘনিংশাস ফেলিয়া জন্দরী জ্ঞান হারাইল। ভাম যত্ন করিয়া রাধাকে প্রবোধ দিতে লাগিলেন। গোবিন্দাস তাহা দেখিলেন।

5.08

বিহাগড়া

রোদতি রাধা স্থাম করি কোর। হরি হরি কাঁহা গেও প্রাণনাথ মোর॥ জানলু বে দখি প্রেম আগেয়ান।
নাগর কোরে নাগরি নাহি জান॥
মুরছলি নাগর মৃহছলি রাই।
বিরহে বেয়াকুল কূল না পাই॥
দাকণ বিরহে না হেরই তায়।
সহচরি চিত্র-পুতুলি সম চায়॥
এছন হেরইতে রাইক রীত।
গোবিন্দাস চীত সচকিত

क. वि ३१

ত্রু ৭৬৬

ব্যাখ্যা—এক স্থা অক্ত স্থাকে বলিভেছেন যে, আছ আমি ব্যিলাম যে প্রেম অজ্ঞান; কেননা. শামকে কোলে করিয়া রাধা কাঁদিভেছেন—"হরি হরি, আমার প্রাণনাথ কোথায় গেল !" নাগরীর দে জ্ঞান নাই যে সে নাগরের কোলেই আছে। নাগরও রাধার এইরূপ অপূর্ব প্রেমের পরিচয় পাইয়া মৃচ্ছা গেলেন; ভাই দেখিয়া আবার রাধাও মৃচ্ছিত হইলেন। উভয়েই বিরহে ব্যাকুল হইলেন, বিরহ-সম্জের কুল পাইলেন না। দারুণ বিরহে ভাহাও দেখিলেন না। স্থা পটে আকা ছবির মত চাহিয়া রহিলেন। ক্রকম ভাবে ভাকাইয়া থাকা ভো রাধারই রীতি। গোবিক্লাদের চিত্ত সচকিত হইল।

40C

বিহাগড়া

নাগর দক্ষে রক্ষে বব বিলসই

কুঞ্জে শুভলি ভুল্ক-পাশে।
কাফ কাফ করি রোয়ই কুলরি

দাক্ষণ বিরহ-হতাশে।
এ দখি আরতি কহনে না যাই।
আচলক হেম আচলে বহু বৈছন

খোলি ফিরত আন ঠাঞি।
কাহা গেও লো মরু বদিক কুনাগর

মোহে ভেল্ল কথি লাগি।
কাতর হোই মহীতলে পুঠই

মদন-দহনে বছ জাগি॥
বাইক বিবহে কাহ ভেল সচকিত
বয়ানে বালি নাহি ফুর।
প্রিয় সহচরি লেই করে কর বাদ্ধই
গোবিন্দাস বছ দূর॥

क. वि. ৯१

তক্ষ ৭৭১

ব্যাপ্যা—এ সধি আরতি কহনে না যাই - শ্রীরাধার আতির কথা বলা যায় না। অঞ্চলের স্বর্ণ অঞ্চলেই বাঁধা আছে, কিন্তু অক্য জায়গায় খু জিয়া ফিরিতেছে। সেবলিতেছে—"কোথা গেল আমার সেই রসিক স্থনাগর? আমাকে কেন ত্যাগ করিল?" কাতর হইয়া মাটীতে লুটাইতে লাগিল: মদনের জালায় জাগিয়া রহিল, নিজ্রা যাইতে পারিল না। রাইয়ের বিরহ দেখিয়া কাফ আশ্চর্য্য হইয়া গেলেন। তাঁহার মূথে কথা বাহির হয় না। তাঁহাদের উভয়ের এই অবস্থা দেখিয়া প্রিয়স্থী যাইয়া পরস্পরের হাতের সঙ্গে হাভ বাঁধিয়া দিলেন। যাহাতে তাঁহারা বুঝিতে পারেন যে, পরস্পর পরস্পরের কাচে আছেন। গোবিন্দদাস এই অবস্থা দেখিয়া দ্বের বহিলেন।

206

তথা বাগ

রসবতি বৈঠি বিদিক্বর পাশ।
বোই কংই ধনি বিরহ-ছতাশ॥
আব কি মিলব মোহে রসময় শ্রাম।
বিরহ জ্বলধি কত প্রত্তরব হাম॥
নিকটহি নাহ না হেরই রাই।
সহচরি কত প্রবোধই তাই॥
কাম্ব চমকি তব রাই কক কোর।
বোধিনদাদ হেরি ভেল ভোর॥

飞带 959

শ্ৰাৰ্থ—বিরহ জলধি কত প্টরব হাম—বিরহ-সমূত্র আর আমি কত পার হইব। **6.9**

ধানশী

শব্দার্থ—গোবিন্দ দাসক দাস—কবি গোবিন্দের দাসের দাস।

কত পরকাবে তহি পরিচয় দেল। হেরইতে মৃথশশি তুথ তুর গেল॥
সহচরি গণ-সব চমকিত ভেল।
সজল-নয়ানে আলিক্ষম কেল॥
আঁচরে মোছয়ত নয়নক লোর।
যতমহি দৃঢ় করি তুছ করু কোর॥
কোই সথি দেওত চামরক বায়।
গোবিন্দাস তুহু ক গুণ গায়॥

ক. বি. ৯৭

ত্ৰু ৭৬

ব্যাখ্যা—কত পরকারে তথি পরিচয় দেল—তুইজন তুইজনের যে কাচেই আছেন তাহা তুলিয়া গিয়াছেন, স্পীরা কত প্রকারে তাহা বুঝাইলেন। মুপচক্রের প্রতি দৃষ্টি পড়িতে তবে তুঃধ বিদ্রিত হইল।

Gob

তথা বাগ

বহুগণে পৰিচয় ভেল।
বিরহ-বেদন দ্বে গেল॥
দৌহে ছুই কোরে আগোরি।
সহচরি হেরি বিভোরি॥
অদভূত প্রেম-চরীত।
হেরইতে চমকিত ভীত:
কোরহি দেখিতে না পায়।
ঐছন না ভুনি কোথায়॥
পুন দোহে নিবিড় বিলাদ।
ছুরে গেও বিরহ-হুডাশ॥
গোবিন্দাসক দাদ।
ইহু গুণ আনন্দে ভাষ॥

एक ११२

అంపె

ধনি-কোরে বিনোদ নাগর ভ্ললা।
রোয়ত নীর নয়ন ভরি গেলা।
কোরে আকুল ভৈ মুরছিত ভেল।
সহচরিগণ কর বয়নহি দেল।
শাসহীন দেশি সবহ বিভোর।
রোয়ত সব ধনি হরি করি কোর।
এক সবি যুগতি করল অফুপাম।
কাফুক শ্রবণে কহল রাই নাম।
বহুক্ষণে শ্রবণে পৈঠল সোই বোল।
রাই রাই করি উঠল ভক্ত মোড়।
রোই রোই স্বদ্দি পরিচয় দেল।
বিরহ জনিত হুধ সব দূর গেল।
বৈঠল নাগর রাই বাম পাশ।
কী কহব মুগধল গোবিন্দাস।

ক. বি৯৪৩

শব্দার্থ-সংচরিগণ কর বয়নহি দেল-স্থীরা শ্রামের চেতনা সম্পাদনের জন্ম তাঁহার হাত লইয়া প্রীরাধার মুখের উপর দিলেন। শাসহীন-শাসহীন, নিংশাস পড়িতেছে না। পৈঠল-প্রবেশ করিল। তকু মোড়অঙ্গ মোড়া দিয়া।

650

স্থান কান্দে গুটী হাত দিয়া মাথে।
গর গর অস্তর লোর ঝর ঝর
হারাইয়া নিজ প্রাণনাথে।
বেচুল স্থিগণ চতুরিণি ললিভা
বৈঠল নিকটিছি ষাই।

বদনে মুখানি মৃছি
কি কর কি কর ধনি রাই ॥
কোরে ভোহারি শ্রাম নট-শেধর
দেখহ নয়ান পদারি ।
কহিতে কহিতে পাওল চেতন
লহু লহু নয়ান নেহারি ॥
শ্রাম স্থনাগর রাইক কর ধরি
তুবিতহি উরপর লাই ।
বন্ধু-মুখ নিরখি লাজে ধনি নতম্পি
গোবিন্দাদ বলি যাই ॥

क वि २८१

अकार्थ—विन याहे—विनश्चित मिर्छि ।

433

বন্ধুরা পাইয়া ধনি মাতল গ্রবিনি প্রেমে আনুষা ভেল গাখি। আপন ভাব সভাব সব বিছরণ কোরহি দেখি না দেখি স্তব্দরি সহচরি মুখ পানে চায়। ছল্ছল লোচনে পুন পুন পুছত কাঁহা মোর মনমথ রায়॥ স্থাম স্থাম করি নীয় নিশাস্ত विनाপই विधूम्थि बाहे। **সম্ভুত** প্ৰীতি রীত না সম্ঝিয়ে অমুভবি ওর না পাই। কোরে ধাকিতে বহু দূর সোহ মানই দেখি চরিত বিপরীত। গোবিদ্দান কডয়ে আৰক্ত দোহক পিরিত।

再. 夜. 263

শব্দার্থ—আগন ভাব সভাব সব বিভ্রল—নিজের

ভাব ও স্বভাব সব কিছু ভূলিয়া গেল। অহভবি ওর না পাই—উভয়ের অহভব কত দূর তাহার সীমা পাই না।

বিরহ

526

আজু কেনে আরে দখি তত্ত মোর কাঁপ।
নিরবধি লোরে ন্যন্যুগ কাঁপ॥
অকুশলস্চক তব কাহে হেরি।
মনছন কাহে করু বেরি॥
যব হাম হেরত গোউর ব্য়ান।
তৈখনে পুনপুন অকণ ন্য়ান॥
তৈখনে বৃক্ত বচন বিশেষ।
গোরা মুক্মে ছোডি চলব দ্রদেশ।
তব হাম ছোডব জিবনক দাধ।
গোবিলদাদ কহে বড প্রমাদ॥

মন্তব্য— শ্রীপঞ্জনীকান্ত দাসে পুথি হইতে ডাঃ
স্কুমার দেন কতৃক সাহিত্যপরিষংপত্রিকার ৬৬ খণ্ডে
প্রকাশিত। পদটী বিষ্ণুপ্রিয়া দেব"র উক্তি মনে ২য়।
শব্দার্থ—মনছন কাহে করু বেরি—বার বার (বেরি)
মন কেন বিষর (ছন) হইতেছে / গোউব বয়ান—
গৌরচক্রের মুখ। অরুণ নয়ান—উদ্যাত আংশ রোধ
করিতে যাইয়া গৌরাক্ষের চকু অরুণাত।

430

यश्हे

না জানিয়ে কো মণুরা সঞ্জো আয়ল তাহে হেরি কাহে জিউ কাঁপ। তবধরি দক্ষিণ পয়োধর ফুরয়ে লোরে নয়নযুগ ঝাঁপ। স্বি হে অকুশল শভ নাহি মানি। বিপদক লাখ তৃণ্ছ করি না গণিয়ে কাছ বিচ্ছেদ হোয়ে জানি ॥
কিয়ে ঘর বাহির চীত না বহ থির জাগরে নি দ নাহি ভায়।
গঢ়ল মনোরথ তৈখনে ভাঙ্গল
কিয়ে দখি করব উপায়॥
কুহুমিত কুঞ্জে ভ্রমর নাহি গুঞ্জহ
সম্মন রোয়ত শুক সারি।
গোবিন্দদাস আনি দখি পুছ্হ
কাহে এত বিঘিনি বিথারি॥

সা প. (১)--->২৭ ক. বি. ১৭৯৩ ভাৰ :৬০∙, সং ৪৩৫ সমস্থেদ

ব্যাখ্য:—মণুরা হইতে কে আদিল জানি না; কিন্তু তাহাকে দেনিয়া আবাধ আমার প্রাণ কাপিয়া উঠিল কেন প তাহাকে দেখিয়া আবাধ আমার দক্ষিণ শুন কাপিতেছে এবং অশুনে নয়নযুগলের দৃষ্টি ন্থিমিত হইতেছে। স্থি দক্ষর সঙ্গে ধদি বি. দ না হয়, তাহা হইলে শত শত অমঙ্গলকে গ্রাহ্য করি না, এবং লাপ বিপদ্কে হুণের মতও মনে করি না। কি ঘরে কি বাহিরে মন হির থাকিতেছে না। নিদা বা ছাগরণ কিছুতেই ক্ষচি নাই। থে মনোরপ গড়িলাম, তাহা তংক্ষণাং ভাঙ্গিয়া গেল; এখন স্থি কি উপায় করিব প ধদিও কুঞ্জ ফুলে ভরিয়া গিয়াছে, তবুও সেগানে এমর ওজন করিতেছে না, ভক্সারী উক্তৈঃহেরে কাদিতেছে। স্থি! গোবিন্দ্রাপ্রক ডাকিয়া আনিয়া জিজ্ঞাদা কর থে কেন এত বিম্বরাশি।

558

কাছ বিরদ কথি লাগি।
কিয়ে মোর করম অভাগি॥
গাম ধব গেলু পিয়া পাশ।
পিয়া দীঘ ছাড়ল নিশাদ॥
গাম পুছল ধব বাত।
শিরে হানল নিক হাত॥

তবহি পুছলি বেরি বেরি।
সজল নয়নে রহ হেরি॥
তৈথনে বুঝল বিচারি।
কঠিন জীবন বরনারী॥
এ তুথ স্থান কি জান।
গোহিনদাস প্রমাণ॥

निकायहास्य ३००

ব্যাখ্যা—কথি লাগি কন ? তৈখনে বুঝল বিচারি
ইত্যাদি—জীক্ত্ৰকে যখন ব্যাপার কি জিজ্ঞানা করিলাম,
তিনি শুধু নিজের শিরে করাঘাত করিলেন। বারবার
জিজ্ঞান। করায় তিনি শুধু ছলছল চোখে তাকাইয়া
রহিলেন। তথনই বিচার করিয়া বুঝিলাম যে, বরনারীর
জীবন কঠিন। এ হৃঃধ অত্যে কি জানে ? গোবিন্দানই
তাহার প্রমাণ—অর্থাৎ গোবিন্দান জানে।

৬১৫ ধানশী

বাপল উতপত লোবে নয়ান।
কৈছে কথত হিয়া কিছুই না জান॥
তুহঁ পুন কি কথবি ওপতহি বাধি।
তত্ত্ব মন হুই নুকো দেয়ত সাধী॥
তব কাহে গোপদি কি কহব ভোয়।
বজ্ঞবক বাবণ কথ্য-তলে হোয়।
জানলু স্থি মৌনকি ওর।
গিয়া প্রদেশ চলব মঝু ছোড়॥
গমনসময়ে বিরোধ জনি কোয়।
পিয়াক অমঙ্গল জনি পাছে হোয়॥
সময় সমাপল কী ফল আর।
প্রেমক সমৃচিত অবহু বিচার ।
গোবিন্দাদ অতয়ে অফুমান।
পিয়া প্রদেশি কাহে বহু প্রাণ॥

उन ১৬•১, मयूज २९३ পদরম্বাকর

भावित्रवारम्य प्रवासनी ७ डाहाय द्र्र

শাঁঠান্তর—ভকতে (১) বৈছে (২) নিবাব ৰ্যাখ্যা-নথী শ্ৰীবাধাকে বলিতেছেন, উত্তপ্ত অঞ্চ-হাঁলে ভোষার চকু যেন প্লাবিত হইয়াছে; ভোষার ৰৈকের ভিতর কি হইতেছে কিছুই জানি না। তুমি গোপন রাধার চেষ্টা করিতেছ বটে, কিন্তু তোমার দেহ ও মন ছই-ই বে আমাকে বলিয়া দিভেছে। তবে আব কেন গোপন করিতেছ ? ভোমাকে আর কি বলিব ? করতল দিয়া কি বজকে বাবণ করা যায় ? বিনামেঘে বজাঘাতের মতন বিপদ উপশ্বিত হইয়াছে। তাহাকে ধেমন হাত দিয়া মাটকানো যায় না, তেমনি তুমি মৌন থাকিলেও বিপদ্ এডাইতে পারিবে না। ঐবাধা উত্তরে বলিতেছেন-মৌন থাকার শেষ দীমা আদিয়াছে। স্থি। জানিলাম আমাকে ছাডিয়া প্রিয় পর্দেশে যাইবে। তাহার যাইবার সময় কেছ বিরোধ করিও না, বাধা দিও না, কেননা বাধা किल जाहाद अभक्त घडित्ज भारत। मभग (सर्व इहेन। ষ্তদিন আমাদের ভাগ্যে কামুর সঞ্লাভ ছিল তাহা শেষ হইল। এখন আর প্রেম করা উচিত হইয়াছিল কিনা এ বিচার করিয়া কি লাভ ? গোবিনদান এই জন্ম অনুমান করেন বে. প্রিয়তমই ধ্বন প্রবাদে ধাইতেছেন ত্বন আর প্ৰাৰ কেন দেহে থাকে ?

মন্তব্য-আমরা পদবত্বাকরে প্রদত্ত পাঠ "প্রেমক সম্চিত অবহুঁ বিচার" গ্রহণ করিলাম। সভীশচন্দ্র রায় মহাশয় পাঠ ধরিয়াছেন—"প্রেমক সম্চিত অবহুঁ নিবার" এবং উহার ব্যাখ্যা করিয়:ছেন—"এখন নিবারণই প্রেমের উপযুক্ত কার্যা।" কি নিবারণ গ প্রেমট কি গ শীরাধা কি এই অবস্থায় কথনও বলিতে পারেন যে, আমি প্রেমকে আসিতে দিব না ?

৬১৬

ञ्श्र

নাম হি অকুর কুর নাহি বা সম সো আওল ব্রহমার। খবে খবে ধোৰই শ্লবণ অমকল
কালি কালিই সাজ।
সজনি বজনি পোহাইলে কালি।
বচহ উপায় থৈছে নহ প্ৰাত্তর
মলিরে বহু বনমালী।
ধোগিনি-চরণ শরণ করি সাধহ
বাদ্ধহ যামিনি-নাধ।
নথতর চান্দ বেকত বহু অম্বরে
ধৈছে নহত পরভাত॥
কালিন্দি-দেবি দেবি তাহে ভাধহ
দো রাধউ নিক্ষ তাতে।
কীয়ে শমন আনি তুরিতে মিলাওব

मा भ (३) २२० क वि ३१०४ डक ১৮∙२ , म° ৪৩५ मम्म २৮•

ব্যাখ্যা-- খিনি মণুর হইতে ব্রমের আসিয়াছেন, তিনি ଖ নামেই অক্র সতা সতা তাঁহার মত ক্র আর নাই। আঞ্ছ প্রতি ঘরে ঘরে শ্রতিকটু এই শবের ঘোষণা ভ্রনিভেছি যে কাল, কাল কুফ যাইবেন, অতএব তৈয়ারী হও। স্থি, রাত পোহাইলেই তো 'কাল' হইবে। অতএব এমন কিছু উপায় কর যাতে রাত্রি আর প্রভাত না হয়, বনমালী ঘরেই থাকে। কোন যোগিনীর চরণে শরণ লইয়া ভাহাকে অফুরোধ কর যে দে যেন তাহার যোগবলে চক্রকে বাধিয়া ফেলে অর্থাং তাহার গতি শুস্তিত করিয়া দেয়, যাহার ফলে নক্তরগণ সহ চন্দ্ৰ থেন আকাশেই ব্যক্ত থাকেন, ব্যক্তি যেন প্ৰভাত ना रग्न। यमूना दनतीत निकर आर्थना कतिग्रा वन (छा थः ৰে তিনি যেন তাঁহার পিতা সূৰ্যকে বন্ধা কৰে। গোবিন্দদাস অসমান করেন তিনি কি সম্বর তাঁহার ভাই বমকে আনিয়া মিলাইবেন? (ভাহা হইলে স্কল যাতনার পরিসমাপ্তি হইবে। তুলনীয় 'ক্রেল্মক্র সমাধায়া'—ভাগবত ১০।৩১।২১। 'কে বলে অক্র ব ভোবে, ক্র ত্রাচার'—- একফপ্রেমভরকিণী।

৬১৭ শ্রীগান্ধার

ষাহে লাগি গুৰু গঞ্জনে মন বঞ্চল্

ছবন্ধন কি কি । নাহি কেল।

যাহে লাগি কুলবভি বরত সমাপল্

লাকে ভিলাঞ্জলি দেল॥

সক্ষনি জানল্ কঠিন পরাণ।
ব্রজপুর পরিহরি যাওব সোহরি
ভ্রুইতে নাহি বাহিরাণ॥
যোমরু সরস সমাগম-লালদে
মণিময় মন্দির ছোভি।
কণ্টক-কুপ্থে জাগি নিশি বাদ্বা
পন্ত নেহাবই ও মোলি॥

যাহে লাগি চল্চ চরণ বেচল ফ্লি
মণি-মজিব কবি নানি।
গোবিক্লাস বে ক্ছনে সোদিন
বিভূব ইহ জ্ঞুমানি॥

ア¹ 위 ()) २२৮ 本 ¹名 29৮5 स्माप २४३ , ज्यु १७०८ स्राप्त १८४४ नस्यालानी १००८

পাঠান্তর—ভক্তে (১) কিয়ে (২) বাদ্র (৩) নেহাবত।

ব্যাখ্য — স্বি! গাঁহার জন্ম ওকগঞ্জনাকে শুরু আগ্রাফ করিয়াছি তাহ। নহে উহাকে আমি থামাব মনে রঞ্জনের উপায় বলিয়া মনে করিয়াছিলাম (ওক-জনের গালি না থাইলে আর মন থুদী হইত না). যাহাব জন্ম হুর্জনের। আমার কত কি না কুংদা কবিল, যাহাব জন্ম কুলবতীর বরণীয় বত হাডিয়া দিলাম, লক্ষা বিদক্ষন দিলাম, দেই হরি ব্রজপুরী পরিত্যাগ করিয়া যাইবেন শুনিয়াও যে আমার প্রাণ বাহির হইতেছে না, তাহাতে ব্রিতেছি আমার প্রাণ বড় কঠিন। (তিনি আমাকে বে কত ভালবাদিতেন তাহা কি বলিব ?) আমার দক্ষে সরস মিলনের লোভে তিনি তাহার মণিময় গৃহ ছাড়িয়া বর্ষার রাত্রে কটকপুর্ণ কুল্লে জাগিয়া জাগিয়া আমার পথের পানে চাছিয়া থাকিতেন। (আমারও কি তাহার দহিত

মিলনের আগ্রহ কম ছিল ? তাঁহার সহিত মিলনের আভ সক্তেক্তে বাইবার সময় আন্ধারে) বধন লাপে আমিরা চরণ বেড়িয়া ধরিত, তথন উহাকে আমি ভাবিভাষ বৃষ্টি মণিময় (সাপের মাধাতে মণি ছিল বলিয়া) নৃপুর। গোবিন্দদাস শ্রীরাধাকে প্রবোধ দিবার অন্ত বলিভেছেন সেই সব দিনের কথা শ্রীকৃষ্ণ ভূলিয়া বাইবেন এ রক্ষ মনে করিভেছ কেন ?

जूननीय-

ন নক্সং কণভক্ষোহাল:

সমীকতে নং স্কৃতাত্বা বত।

বিহায় গেহান্ স্কান্ স্তান্ পতী

-কুদাল্মদোপগতা নবপ্রিয়: — ভা: ১০০০।২২

ভাল নক্সত তাঁর ভাল এই রীতি।

নব স্কুরাগে গোপীর তাজিলে পীরিতি।

পতি স্ত বন্ধু তাজি যাহার লাগিয়া।

শে কেমনে যায় গোপ-যুবতী তাজিয়া।

— শ্রুক্তপ্রেম্ভবিদ্ধী

৬**১৮** স্বহিনী

কালি হাম কুঞে কাল যব ভেট।
নিরমদ নয়ন বয়ন করু হেট॥
মান-ভরমে হাম হাদি হাদি সাধ।
না জানিয়ে তিছে পড়ব পরমাদ॥
এ সথি অব মোহে কহবি বিশেষ।
জানল্ কাছ চলব পরদেশ॥
পছহতে কহ গদগদ আধ বোল।
চর চর নয়ন হেরি মুখ মোর॥
নিবিচ্ জালিকনে রছ পুন ধন্দ।
দরদর হদয় শিথিল ভূজ-বছঃ
চূখনে বদনে বদনে রহু মেলি।
আনহি ভাতি রভদ-রদ কেলি॥

এতহঁ কণট কৈছে হিন্ন মাহা গোই। গোৰিন্দদাস কহে মোহে ছেবি বোই।

সা প (১)-->২৬

বসমপ্তরী পৃ ৫৪, তক ১৬০৯ সং ৪৩৭

में बार्थ - निवयम - निव्यम, उतामिविशीन। ব্যাখ্যা-শ্রীরাধা স্থীকে বলিতেছেন-কাল আমার সঙ্গে কাত্ৰৰ বধন দেখা হইল, তখন দেখিলাম তাঁহার মুখে চোধে ক্রি নাই, তিনি মুখ নীচু করিয়া আছেন। আমি ভাবিলাম কোন কারণে তাহার বুঝি অভিমান হইয়াছে, তাই হাসিয়া হাসিয়া তাঁহাকে সাধিতে লাগিলাম। কি জানি ষে এই ভীষণ বিপদ আসিবে ? স্বি । আমাকে বিশেষ করিয়া বল আমি কি করিব ? কাছ তো বিদেশে যাইবেন ইহা নিশ্চিত জানিলাম। আমি তাঁহাকে জিজাসা করিতেই তিনি উত্তব না দিয়া সজল নয়নে আমার মুখের পানে চাহিয়। অকৃট গ্রন্গদ স্বরে কি বলিলেন। বলিয়াই নিবিড আলিকন করিয়া ন্তর হইয়া গেলেন। তাঁহার বাছবন্ধন শিথিল হইল, হদয দ্বীভৃত হইল। চুম্বন করিতে হাইয়া ভারু অধরে অধর লাগাইয়া विश्वान- अक अन्तर भवत्व (यन विनाम-किन। ছলনা কি করিয়া হৃদযে গোপন রাখিবেন / গোবিকলাস বলেন যে ডিনি আমাকে দেখিয়াও কাদিতে লাগিলেন।

> ৬১৯ গান্ধার

কামিনি করি কোন বিহি নিরমারল তাহে পুন কুল-মরিয়াদ। তহি পঞ' হরি সঞে নেহ ঘটায়ল তাহ বিঘটন পরমাদ। সজনি বিহি মোহে কৈ ভেল বাম। ছোড়ি বৃন্ধাবন জানপু মধ্বা বাওব কুক্ষর স্থাম। ও মৃথ-চান্দ হাস মধুরাধর
ও দিঠি বছ নেহারি।
ও মৃত্বচন অধারসে প্রিত
কৈছনে বিছুরব° নারি॥
যাহে বিছু নিমিথ-আধ কত যুগ্সম
সো অব আনত যাব।
কঠিন জীবন° অবহু নাহি নিকস্মে
পুন কিয়ে দরশন পাব॥
কহইতে গোরি লোরে ভক্ল লোচন
ম্রছি পডল তহি ভোর।
হাহা প্রাণ রাই ভেল অচেত্রন
গোবিন্দাস কক কোর।

उक् ३७३८ मध्य २०३

পাঠান্তর—ভক্তে (১) ভাগে পুন (২, মোরে (৩) বিশ্বব – সমুহ (৪) প্রাণ

ব্যাখ্যা-- শীরাধা দথীব নিকট আক্ষেপ করিয়া বলিতেছেন-কোন বিধাত। না জানি আমাকে নারী করিষা স্বষ্ট কবিল ৷ (নাবীর ভাগ্যেই ভে৷ অশেষ তঃধ)। তাহাব উপত আবাব কুল-ম্যাদ। দিল (८৮ ময়। বিজ্ঞায় বাবিয়া চলা আরিও কটকব।। শুধ তাহ। নতে, হবির সঙ্গে প্রেম ঘটাইল। ভাহাতে আবাব বিচ্ছেদরপ বিপদ ঘটাইল । (ইহাতে যে ত্রুপের আর দীমা পরিদীম। নাই)। স্বি । বিধাতা আমার প্রতি কি রক্ম বিরূপ দেখা ভামস্থন্দর আমার সুনাবন ছাডিয়া মণুরায় যাইবেন ৷ বুঝিতেছি না নারী হইয়া কি कविशा अहे मुअठक, अहे मधुद 'वश्तत होति, नश्तव সকে তাঁহার বৃদ্ধিম নয়নের মিলন, ওই ফ্ধারসে পরিপূর্ণ ষ্ত্ মধুর বচন কি করিয়া ভূলিয়া থাকিব। ষাহাকে ছাডিয়া আধ নিমেষকাল থাকিতে হইলে কত্যুগ বলিয়া মনে হইয়াছে সে এখন অগ্রত বাইবে। আমার কঠিন প্রাণ এখনও বাহির হইতেছে না। (কি আশার चार्छ?) चार कि मर्नन मिनित्र? धहे कथा वनिरक বলিতে গৌরীর চোধ জলে ভরিয়া গেল; লে দেখানেই

পাগলিনীর মতন মুর্চ্ছিত হইয়া পড়িল। স্থীভাবাপর গোবিন্দদাস তথন তাঁহার প্রাণের রাধা অচেতন হইলেন দেখিয়া তাঁহাকে ভূমিতল হইতে উঠাইয়া কোলে তুলিয়া লইলেন।

120

প্রাত্তে তুহুঁ চলব মথুরাপুর যবত অনল এজ-নারি। বিরহক ধুমে ঘুম নাহি লোচনে মোছত উত্তপত বাবি॥ মাধ্ব ভালে তুত বন্ধ অন্তরাগি। এব সব বল্পবি জনু বিরহানলে কে। প্র ইছ বধ-ভাগি॥ গিরিবর-কুর কুত্বমুখ্য কান্ত্ৰ कानिनि (कलि-कन्छ। মন্দির গোপুর নগব সরেবেব কো কাহে করু অবলয়। ব্ৰহ্পতি লেই অত্য়ে চল আকুৰ সঙ্গে প্লাম ক্লাম। গোবিন্দাস কহ যব ঐছন নহ আপে চলউ বলরাম ॥

সাপ (১) ২২৭ ব বি ১৭৭৯ टक ३७३७, म्: ५**७२, म्यु**ख २७७

ব্যাখ্যা— শ্রুক্ষ মণ্রাম ধাইবেন শুনিয়া শেণরাত্রে এক সধী তাহার কাছে যাইয়া বলিতেছেন—ব্রহ্মনাবীব। মপ্রা নগরীতে চলিয়া ঘাইবে, তথন বিরহরূপ অগ্লির ধ্মে তাহাদের চোথে ঘুম নাই। চোথে ধোয়া লাগিলে যেমন চোথ দিয়া জল বাহির হয় তেমনি তাহাদের নয়ন শুধু উত্তপ্ত অশ্রহ্মলে ভরিয়া উঠিতেছে, আর তাহারা ক্রমাগত উহা মৃছিতেছে। মাধব! তুমি তো খুব ব্রহ্মে ভাল্যাল দেখিতেছি! এই যে সব গোপীরা বিরহের অনলে জালিতেছেন, ইহাদের জীবন বক্ষা করা সভব হইবে

না, কিন্তু ইহাদের বধের জন্ত দায়ী কে? গোবর্জনের কুঞ্জ, কুত্রময় কানন, কালিন্দীতীরের কেলিকদন্ধ, মন্দির, দিংহলার (গোপুর), নগর, সরোবর এদব এখন কে কাহাকে অবলম্বন করিয়া থাকিবে? (বৃন্দাবনের এদব ছাবর হইলেও প্রাণবন্ধ, অহভবনীল, হতরা; ইহাদেরও বিরহবোধ তীত্র)। শ্রীদাম-হ্রদামের দক্ষে ত্রজ্ঞপতি শ্রীকৃঞ্কে লইয়া শেষ পর্যন্ত অতয়ে) যখন অক্রের্ যাইবেনই, তথন গোবিন্দদাস বলিতেছেন—আমাদের কথা তো থাকিল না, দাদা বলরাম আপনি সঙ্গে যাউন ; তাহা ইইলে নিশ্চয়ই আপনি ছোট ভাইকে ফিরাইয়া আনিতে পারিবেন)

৬২১

শাজনী মনুপুর যাওব মুরারি। এ হেন ধরম তাহে কোনে শিগাওল তেজিতে অবলা ব্ৰন্ধারী। সজনী এত কি করএ জানি স্থাম। নিমিপ বিচ্ছেদ হলো ধীর নাহি বান্ধ এ সতত ভপয়ে ২ঝু নাম। তেজি কাহে যাওব বদ-কারাগার চলইতে ইথে নাহি বাট। মন্হি শিক্লি তাহে প্রেম কুলুপ গো লাগিয়াছে পিরিতি কবাট। ইচ মোহ বন্ধন কৈছনে কাটব মঝু মনে নাহি পাতিয়ায়। এ িন ভূবন মাহ না দেখিয়ে হেনজন লো প্রিয় বাহির করায় । ফলি-ভয়-মোচন कननी-मरश्मत সিছি আর ডাকর চরে। গোবিৰদান কহে কালি প্রাত্ত্রর সোহরি নিব মধুপুরে। मः ८००, च ३२२

পঠি। স্তর-পদরদসারে—(১)
কলিমন মোহন জননি সহোদর, তাকর সবহু বিছুর।
এতহি কহিতে যব, রজনি পোহায়ব, গোবিন্দাস

কহ ফুর॥

ব্যাখ্যা—ম্বারি মধুপুরে ঘাইবেন বলিয়া সাজিলেন।
এরকম ধর্ম তাহাকে কে শিখাইল ? অবলা ব্রজনারী
তাঁহাকে ছাড়া জানে না, তাহাদিগকে ত্যাগ করা কি
ধর্ম ? সধি, ভাম এখন কি করিবেন জানি না। তিনি
বে আমার সহিত এক নিমেষের ছাড়াছাড়ি হইলে ধৈয়
হারাইতেন; তিনি যে স্বসময় আমার নাম জপ
করিতেন। আমার হাদ্যরূপ রস-কারাগার ছাড়িয়া
কেন ঘাইবেন ? যাইবেনই বা কিরুপে ? যাওয়ার পথ
যে নাই। আমি বে পিরিতি ক্রপ কপাটে, মনরূপ
শিকলি দিয়া প্রেমের তালা বন্ধ করিয়া রাখিয়াছি। আমার
তো ধারণাই হয় না (পাতিয়ায়—প্রত্য়ে হয়) যে
আমার এই বন্ধন তিনি কিরুপে কাটিবেন ? আমার রুকের
ভিতর হইতে আমার দ্য়িতকে বাহির করিয়া লইয়া
যাইবে এমন ক্ষমতা বিভ্রবনে কাহার আছে ?

ফণি-ভয় মোচন ইত্যাদির মর্থ উপলব্ধি করিতে পারা গেল না। পাঠান্তরে 'কলিমন মোহন' বলিতে কি ব্রাইভেছে তাহাও ব্রা ষাইভেছে না। জিরুফকে কলিমন মোহন বলা যায় না, বলিলেও এই প্রসঙ্গে নির্থক হয়।

553

পাহিড়া

হরি হরি কি কহব গৌরচরীত।
অকুর অকুর বলি পুন পুন ধাবই
ভাবই পুরব পিরীত॥
কাঁহা মরু প্রাপ্ননাথ চলই বাওই
ভারই শোক কি কৃপে।
কো পুন বচন বোলে নাহি ঐছন
সবজন রহল নিচপে॥

বোই কভক্ষণে বোলই পুন পুন
তুহঁ সব না কহসি ভাষ।
এছন হেরি ভকতগণ-রোয়তে
না বুঝল গোবিন্দাস॥

क. दि. ১१৯১

ত্রু ১৬২•

ব্যাপ্ন্যা—এই পদটা ভবন বিষ্কাহের গৌরচক্রিকা।
হরি হরি! গৌরাঙ্গের চরিত কি বলিব ? প্রভু অক্রুর,
অক্রুর বলিয়া বার বার ছুটিতেছেন (যেন শ্রীক্লফকে
রথ হইতে নামাইয়া আনিবেন)। তিনি পূর্ব্ব প্রীতি
অথাং শ্রীক্লফলীলায় রাধাভাবে ভাবিত হইয়া এক্লপ
করিতেছেন আর বলিতেছেন—আমাকে শোকের কৃপে
ফেলিয়া দিয়া কোথায় আন্মার প্রাণনাথকে লইয়া
থাইতেছ ? কেহই এ কথার উত্তরে কিছুই বলিলেন না.
সকলেই চুপ করিয়া রহিলেন। কিছুক্লণ ক্রন্দন করিয়া
বারংবার প্রভু বলিতে লাগিলেন—তোমরা কেহই কিছু
বলিতেছ না। এইক্রপ দেখিয়া ভক্তগণ কাদিতে
লাগিলেন। গোবিক্লাস এই লীলা বুঝিলেন না।

120

उइह

অতমিত ধামিনি-কস্ত।
বিফল ভেল মণি মস্ত॥
উদয়াচল বরণাকণ।
উয়ল দিনমণি দাকণ॥
দেখ সথি পাশি অকুর।
হরি লেই চলু মধুপুর ॥
ফিলুল মকল উচার।
চলু দন গোপ গোঙার॥
কোই না কহ অছু বাত।
হরি জনি মণ্র যাত॥
ব্রহ্ণপতি চীতে।
কোন কয়ল বিশ্বীতে॥

তে বৃঝি নিককণ ধাত।।
গোবিন্দদাস তথদাতা ।

সাপ (১) ২০৯ ক. বি. ১৮০৩ उक ১५२७, मः ४८१, मगुण २৮৫, तममञ्जती পृ: ६७

পাঠান্তর—তক (১) চ্থগাথা শব্দার্থ—যামিনি-কস্ত—নিশাকর, চন্দ্র

ব্যাখ্যা—চন্দ্র অন্ত গেল, প্রভাত হইল। আমর।
প্রক্তাত ধাহাতে না হয় তাহার জন্ম (গ্রহবৈওণ্য দ্র
করার) মিন ধারণ করিয়াছিলাম, মন্ত্র পাঠ করাইতেছিলাম। কিন্তু মিন-মন্ত্র সবই ব্যর্থ হইল। ঐ যে উদয়াচল
বক্তবর্ণ হইল, দারুল (কেননা আজ্ব ঐ স্থ্য উদয়ের পর
বিরহ হইবে খ্যা উদিত হইল। দ্বি। ঐ দেখ পাপী
অক্রের হরিকে লইয়া মধুপুরে চলিল। ব্রাহ্মণেরা মঞ্চল
উদ্দেশ্যে বেদমন্ত্রাদি উচ্চারণ করিতেছেন। গ্রামবাদী। গোঙার) দব গোলেরা সঙ্গে চলিতেছেন। কই,
ইহার। তো শ্রীক্রক্ষ ধাহাতে মণুবায় না ধান সেজ্য কেইই
কিছু বলিতেছেন না। তাহাব। না বলুন, ব্রহ্মপতি
দম্পতীন নন্দ ও ধণোলা বাধ। দিতেছেন না কেন প্
তাহাদের হলয়কেও এরকম বিপবীতভাবাপন্ন কে করিল প্
বোধ হয় বিধাতাই অককন হইয়া এরপ করিয়াছেন।
গোবিন্দদাদের তিনি ত্থেদাতা।

মন্তব্য—ব্ৰহ্ণপতি দম্পতি চীকে ইত্যাদি শ্ৰীমন্তাগৰতেশ নিম্নলিখিত শ্লোকের দাণা অন্ধ্রাণিত।

অনার্দ্রধীরেষ সমাস্থিতো রথং
তমন্বমী চ ত্রয়ন্তি চুম্মদা:।
গোপা অনোভিঃ স্থবিবৈরুপেকিত
দৈবঞ্চ নোহন্ত প্রতিকুলমীহতে॥—১০।৩০।২৭

হের দেখ রথে কৃষ্ণ চঢ়িল নিশ্চয়।

এমন দারুণ লোকে বলে দয়াময়॥

যুবা গোশগণ মন্ত করয়ে ছরিত।

রুদ্ধ গোশগণ কেহু না বলে উচিত॥

এতেকে জানিলুঁ আজি বিধি হৈলা বাম।

কি বৃদ্ধি করিব কিছু না বৃক্তি গেয়ান ॥

— শ্রীক্তপ্রেমতরদিণী

৬২৪ ধানশী

হরি নহ নিরদয় রসময় দেই।

হোডি চলল কৈছে নবিন সনেই'॥
পাপী অকুর কিয়ে গুণ জান।
সব মুথ বারি লেই চলু কান॥
এ সবি কাহক জনি মুখ চাহ।
আঁচর'গহি বাছরায়হ নাহ'॥
যতিখণে বিজকুল মঙ্গল না পচই।
যতিখণে বথপর কোই না চচই।
যতিখণে বোকুলে তিমির না গিরই।
করইতে যতনত দৈবে যব কিরই॥
এতল বিপদে জিউ রহয়ে একাস্ত।
ব্যালু নেহারত লাজক পস্থ॥
অতয়ে দে কী কল দাকণ লাজ
গোবিকদাস কহে না সহবে আজি'॥

সাপ (১) ২০• ক বি. ১৮২১ अधून २৮६, **२**३ ३७२**३**

পাঠান্তর—তক্ত (১) কৈছন তেজব নবিন সনেহ

(২) বাধামোহন ঠাকুর পাঠ ধরিয়াছেন, 'বহি বারহ'।
তিনি টীকায় লিখিয়াছেন—আঁচর গহিবহি বন্ধাঞ্চলং
গৃহীতা নামকং বারয়। (৩) যদি (৪) না সহে বেরাজ।
ব্যাখ্যা—শ্রীরাধা দখীকে বলিতেছেন—হরি তো
নির্দয় নহেন, তাহার বসময় দেহ; তবুও তিনি এই নবীন
প্রেম ছাডিয়া কিরপোধাইতেছেন ? পাপী অক্রুর নিশ্রই
কোন মন্তত্ত্ব জানে, তাই সে সকলকে শুন করিয়া বেন
সকলের মুখবছ করিয়াছে, কাহুর বাওয়াতে তাই কেছই
বাধা দিতেছে না। দখি! আমি বলি কি যে তুমি সাহস

কর, কারু মুখের দিকে চাহিও না, দোক্ষা বাইয়া গলায়
আঁচল দিয়া কারকে ফিরাইয়া আন। এই একমাত্র
উপায় বাহাতে তাঁহার মণ্বায় গমন বারণ করা বাইতে
পারে। এই কাক্ষ কভক্ষণের মধ্যে করিতে হইবে
বলিভেছি— বভক্ষণ পর্যন্ত প্রাক্ষণেরা মকল পাঠ না
করেন, অথবা বভক্ষণে কেহ রথে না চড়ে। আর
ভভক্ষণের মধ্যে ইহা করিতে হইবে বভক্ষণ কায়র
প্রস্থানের জন্ত গোকুলকে অন্ধকারে গ্রাস না করে! বত্র
করিয়া দেখ, বদি দৈববলে সে কেরে এত বিপদের
মধ্যেও জীবন রক্ষা পায়। ব্রিভেছি জীবন লজ্জার পথ
নিরীক্ষণ করিভেছে অর্থাৎ লোকলজ্জায় প্রাণ বাইভেছে
না। গোবিন্দদাস বলিভেছেন— আজ্ব আর ভোমার লজ্জা
সক্ষ করা বাইভেছে না, এ দাকণ লক্জায় কি কল? তৃমি
এই নিদাকণ লক্জা ভাগে করিয়া শ্রীকৃষ্ণকে ফিরাইয়া
মান।

358

এ গান্ধার

কাছ নহ নিঠুর চলত যে। মধুপুর
মরু মনে এ বড় সন্দেহ।
সে হেন বসিক পিয়া পিরিভি-পুরিত হিয়া
কাহে ভেল শিথিল-সনেহ।
চল চল সহচরি অকুর-চরণে ধরি
ভিল এক হরি বিলম্বাহ।
কঙ্গণা-ক্রন্সন শুনইতে ইছন
ক্রি ফিরয়ে বর নাহ।
পরিহক শুক্রন

কি করব পরিজন পাপ।

কাহ বিনে জীবন অসতহি অহুখণ

কো সহঁ এ হেন সস্তাপ।

ও মৃথ সমূৰে ধরি নয়ন-অঞ্জলি ভরি পিৰইডে জিউ করে সাধ। গোবিন্দদাস ভণ সো বিহি নিককণ যোকক ইহ বদ-বাধ ॥

সা. প. (১)—২ ১১ ক. বি. ১৮১১

उक्न ३७२**०**, मभूज २৮७

ব্যাখ্যা—কাছ তো নিষ্ঠ্য নহে, সে যে মধুপুরে চলিয়া যাইবে. এ কথায় আমার ঘোরতর সন্দেহ হইতেছে। তাহার মত রসিক প্রিয় যাহার হলয় শুধু প্রেমেই ভরা, সে কেন শিথিল-স্নেহ হইবে ? স্থি! চল চল অক্রের চরণে ধরিয়া এক মৃহুর্ত্ত হরিকে ঠেকাইয়া রাখ। এরূপ করণ করণ করণন শুনিয়া যদি সেই শ্রেষ্ঠ নাথের মন ফিরে। ইহাতে লজ্জা কি ? গুরুজন আমাকে ত্যাগ করুন, গুরুনের। হাস্ক, পাপ পরিজনে আমাদের কি করিতে পারে ? কাছ বিনা এ জীবন যে প্রতিক্ষণ জলিতেছে। এত দাহ কে সহ্য করিবে » দয়িতের ঐ মুখধানি সম্মুধে ধরিয়া নয়নক্রপ অঞ্জলি ভরিয়া তাহার রূপস্থা পান করিতে মনে বড় ইচ্ছা হয়। গোবিন্দদাদ বলিতেছেন, যে বিধাতা এমন বলে বাধা স্বস্ট করে, সে একেবারে করণাহীন।

মন্তব্য-তুলনীয় শ্রীমন্তাগবভের (১০।২৯।২৮)---

নিবারয়াম: সমূপেতা মাধবং

কি॰ নোহকরিজন কুলবৃদ্ধরাদ্ধরা:

মুকুলসঙ্গালিমিযার্শ্বভূত্তভাদ্

লৈবেন বিদ্ধংসিভ্জীনচেতসাম্ ॥
ধরিয়া রাপিব, লভ্জা ভয় পরিহরি।
দেখি, বৃদ্ধ-গুরুগণে কি করিতে পারি ॥
যাহা বিনে যায় প্রাণ, ভিলেক না রয়।
কেন সে করিব শুরুজনে লাজ ভয়॥

33.3

শী গান্ধার বাগ
ভানশহঁ মাথ্র চলত মুরারি।
চলতহিঁ পেথলোঁ নরন পদারি।
পালটি নেহারিতে হাম রহঁ হেরি।
শৃশুং মন্দিরে আয়ল ফেরি।

দেখ সধি নীলক জীবন মোই।
পিরিতি যায়ত তথা ঘন বোই।
সো কুস্থমিত বন কুল-কুটার।
সো যম্না-জল মলয়-সমীর।
সো হিমকর হেরি লাগএ চল।
কাহ্ বিহু জীবন কেবল কলল।
এতদিনে জানলু বচনক অন্ত।
চপল প্রেম থির জীবন হরন্ত।
তাহে অতি হরজন আশকি পাশ।
সমতি না আওত গোবিন্দাস ।

मा न (३)-->७>

সমুদ ১৯৭, ভুকা ১৬৩৭ সং ৪৫৯

পাঠ! छत् — ১) বৈক্ষরণদলহরী (পু: ২৬৭) ও বস্তমভীর মহাক্রনপদাবলাতে (পু: ৭২) 'শুনলহুঁ' স্থানে নির্থক 'চলবহু' ছাপা হইয়াছে। (২) 'শুনহ'—সমূদ্র (৩) স্থানায়ত—সমূদ ১১) সম্থাদি না যায় গোবিন্দাস— তক্ত প:।

শক্ষার্থ— মেটি— আমাতে। খব গন বোই— এখন প্রগাচ ভাবে রোদন কবিয়া। চল— রাস, ভয়।

ব্যাশ্বর্যা ক্রান্তরাম ম্বারি মণ্রায় হাইবেন,
গাইবার সময় নয়ন মেলিয়া দেখিলামও। তিনি মৃথ
ফিরাইয়া আমার পানে যথন চাহিলেন, তথন আমি
তাথাব প্রতি বলক্ষণ ধরিয়া তাকাইয়া থাকিলাম;
অবশেষে আমি শূল্য গৃহে ফিরিয়া আসিলাম। সথি। দেখ
আমার জীবন কত নিল্লজ্জ। আমার প্রাণের প্রাণ চলিয়া
গোলন, তবুও জীবন দেখ চাডিয়া চলিয়া গেল না কেন ?
এ ভুদু ক্লিয়া কাদিয়া লোক-দেখানো প্রণয় জানাইতেছে।
সেই ফুলে ভরা বন, কুরুকুটীর, সেই ব্যুনার জল, সেই
দক্ষিণ পরন, সেই চক্র হাহা আমাকে কত আনন্দ দিত,
এখন সে বর্ষা ভয় লাগে। কাম্ছাড়া জীবন
রাথাই কলক্ষের বিষয়। চরম সতা এতদিনে ব্ঝিলাম
যে, প্রেম চঞ্চল অথচ ত্রস্ত জীবন স্থির। তার উপর
আবার আশার পাশ বা বন্ধন অত্যন্ত ত্রী— কেননা,
প্রিয় ফিরিয়া আদিবে এই ব্যর্থ আশা প্রাণ ভ্যাগ করিতে

দেয় না। গোবিন্দদাস কিন্তু শ্রীরাধার **এই সিদ্ধান্তে** সম্মতি দিবার চেষ্টা করিয়াও দিতে পারিতেছেন না—সেই সমতি কিছুতেই আসিতেছে না।

মন্তব্য — পদামৃতসমূদ্রে ও সতীশচক্র রায় মহাশয়েয় অবলম্বিত ক, খ, গ, চ পুথিতে এবং পদরস্পারে 'সমতি না আওত গোবিন্দদাস' পাঠ থাকিলেও রায় মহাশয় 'সম্বাদিনা আওত গোবিন্দদাস' পাঠ ধরিয়াছেন। উহার মানে এই যে, গোবিন্দদাস খেন সম্বাদ দিয়া ফিরিয়া আসেন নাই। পদটির পৌকাপ্রিয়ের সঙ্গে এ কথা খাপ খায় না।

५२ १

গান্ধার

হান বিদাবত মনমথ-বাং।
কে। জানে কাহে নহত তই ঠাম ।
জলু বিরহানল মন মাহ। গোই।
কঠিন শরীর ভসম নাহি হোই ॥
কাহে সমুঝায়র মরমক খেদ।
মরত না জীবত কাম্মক বিচ্ছেদ ॥
খো মুখ হেরইতে নিমিধ বিরোধ।
পুন হেরব করি তাহে পরবোধ॥
হেরইতে পিকরব জলিকুল-ওজ ॥
জম্ভবি মালভি-পরিমল এহ।
কো মানে জীউ হহত এহ দেহ ॥
জানইতে কাম্মক দো জশোরাস।
১নু মথ্বাপুর গোবিন্দাল ॥

মা. প. (১)---২৩০ ক. বি. ১৮৩৪ ও ২৮০৬

नमूच ०००. छङ्ग १७८७

ব্যাখ্যা—মন্নথের (রাধামোহন ঠাকুর বলেন মন্নথ: শ্রীক্ষণে ক্রেয়:) বাণে আমার হৃদয় বিদীর্ণ হৃটতেছে, কিন্তু কে জানে কেন ছুই স্থানে (ছুই ভাগে) বিভক্ত হুইতেছে না! মনের মধ্যে গোপনে বিরহের আঙ্ক জ্ঞানিতেছে, কিন্তু দেহ আমার কঠিন; তাই ভশ্ম হইতেছে
না। কামর বিচ্ছেদে আমার কি দশা হইয়াছে,
সেই মর্মের ছঃপ কাহাকে বুঝাইব? বুঝাইবই বা কি
করিয়া? এ যে না মরিয়া আছি, না বাঁচিয়া আছি।
যে মুপ দেখিবার সময়ে চোখে পলক পড়িলেও কট হইত,
তাহা ভবিক্ততে কোন এক সময়ে দেখিতে পাইব বলিয়া
প্রবাধ দিতেছ? এখন এই পুশ্পিত কেলিবিলাসের
নিক্ত দেখিতে বা কোকিলের গান এবং ভ্রমরের গুঞ্জন
ভানিতে অথবা মালতীফুলের পরিমল আভাণ করিতে
যাইয়া দেহে প্রাণ বহিবে কিনা কে জানে? (এইসব
উদ্দীপনে মিলনের শ্বতি মনে জাগিয়া এত কট দিবে ধে
প্রাণ বাঁচানোই কটকর হইবে।) জ্রীরাধার অবস্থা কাত্বক
জানাইবার জন্ত, গোবিন্দদাস এখনই মণুরায় যাইতেছেন
এই আখাস দিতেছেন।

५२৮ यश्हे

প্রেমক অঙ্গুর জাত আত' ভেল
না ভেল যুগল পলাশা।
প্রতিপদ-চাঁদ উদয় ধৈছে যামিনি
স্থ লব ভৈ গেল নৈরাশা।
স্বি হে অব মোহে' নিয়ুর মাধাই।
অবধি বহল বিছুরাই।
কো জানে চাঁদ চকোরিণি বঞ্চব
মাধবি মধুপ স্থান।
অঞ্চতবি কান্ত পিরিতি অন্তমানিয়ে
বিঘটিত বিহি নিরমাণ।
পাপ পরাণ আন নাহি জানত
কান্ত্ কান্ত্ করি ঝুর।
বিভাপতি কহ নিকর্মণ মাধব
প্রোবিন্দাশে রস-প্র।

পাঠান্তর—সম্দ্র (১) আতজাত (২) সন্ধনী অব মোহে।

দতীশচন্দ্র রায় মহাশয় 'প্রেমক অন্থর জাত আত' পাঠ ধরিয়া তাহার মানে করিয়াছেন—প্রেমের অন্থর জাত মাত্রেই আতপ অর্থাৎ রৌদ্র হইল। রাধামোহন ঠাকুর পাঠ ধরিয়াছেন—'প্রেমক অন্থর আতজাত ভেল' এবং মানে করিয়াছেন ধে, আতপ অর্থাৎ অন্থরের নাশক প্রচন্ত রৌদ্র উঠিল ('প্রেমক অন্থর আতজাত ভেল' ইত্যাদি চরণছন্দ্রে প্রতিপাদিত্রম্ আত আতপঃ প্রচন্ত রৌদ্র ইত্যথং। প্রেমবিলাপাৎ কঠরোধেন পকারচ্যতিন দোষং—প্রেমবিলাপ করিতে করিতে কঠরোধ হওয়ায় শ্রীমতী 'আতপ' স্থানে 'আত বলিয়াছেন, পকারলোপ সেক্তর্ত দোবের নহে।)

ব্যাখ্যা—প্রেমের অঙ্গর গজাইতে না গজাইতে রৌদ্র হুইল অথবা বাধামোহন ঠাকুরের গৃত পাঠ অসুসারে প্রেমের অঙ্কর প্রচণ্ড রৌদ্রের মধ্যে আছাত হইল। সেইজন্ত তাহার আর ভুইটি কচি পাত। হুইতে পারিল ন।। যেন রাত্রিতে প্রতিপদের চন্দ্র উদিত হইয়াই অন্ত গেল ; স্থৰ-কণার লাভের আশা নৈরাশ্রেই পরিণত হইল। দ্বি । এখন মাধব আমার প্রতি নিষ্কর হইয়াছেন, তাই যে সময়ের মধ্যে ফিরিবেন বলিয়াছিলেন (অবধি) তাহা ভূলিয়া গেলেন। (क ভाविয়াছিল (য়. চাদ চকোরিণীকে এবং মধুপ (ভ্রমর) হুজন হইয়াও মাধবীকে বঞ্চনা করিবে ৫ কাছর প্রেমের ধারা অমুভব করিয়া মনে হইতেছে যে, বিধাতার রচন।-কৌশল বোধ হয় বার্থ হইল (ভাই আমচন্দ্র বাধা-চকোরীকে বঞ্চনা করিলেন)। আমার এই পাপ প্রাণ আর কিছুই জানে না, ভার কাফ কাফ বলিয়া কাদিতেই জানে। বিভাপতি বলেন, মাধ্ব নিচুর; গোবিলদান এই রস পুরণ করিলেন।

মন্তব্য—গোবিন্দাস বিভাপতির কোন্ পদের রদ পূরণ করিয়াছেন তাহা নির্দারণ করা গেল না। নিয়লিখিড পদাংশের সহিত আলোচ্য পদের কিছু মিল দেশা যায়:

> নিঠ়র পুরুষ পিরীতি। জীব দএ সম্ভব জুবতী॥

নিচল নয়ন চকোরা।

চরিএ চরিএ পল নোরা॥

পথয়ে রহঞো হেরি হেরী।

পিয়া গেল অবধি বিদরী॥

(৫২৬ মিত্র-মজুমদার)

৬২৯

ভিরোয়া ধানশী

পরাণ পিয় সথি হামারি পিয়। ।
অবহু না আওল কুলিশ-হিয়া ।
নথর পোয়ায়লু দিবদ লিথি লিথি ।
নয়ন আন্ধায়লু পিয়া-পথ দেখি ॥
যব হাম আকা পিয়া পরিহরি গেল।
কিয়ে দোষ কিয়ে গুণ বৃঝুই না ভেল॥
অব হাম ভরুণি বৃঝুলু রদ-ভাদ।
হেন জন ন' ধ্য কহয়ে পিয়া-পাশ॥
বিভাপতি কহ কৈছন প্রীত ॥
গোবিদ্দাদ কহ্ প্রচন গীত ॥

3# 1691

ব্যাখ্যা—সথি, আমার দেই দয়িত প্রাণের চেয়েও অধিক প্রিয়। তাহার হৃদয় কিন্তু বজের চেয়েও কঠিন, তাই এখনও দে ফিরিয়া আদিল না। দিন পণিয়া পণিয়া মাটিতে লিখিতে লিখিতে নথ ক্ষয় হইয়া পেল । প্রিয়ের পথের পানে চাহিয়া চাহিয়া চোধ অন্ধ হইয়া পেল । যথন আমি অল্পবয়সী বালা ছিলাম, তথন দয়িত আমাকে ত্যাগ করিয়া গিয়াছেন। তখন আমি কি দোণ, কি গুণ কিছুই বৃঝিতাম না। এখন আমি তরুণী হইয়াছি, রসের কথা বৃঝিতে শিধিয়াছি—এ কথা যাইয়া প্রিয়ের কাছে বলে এমন লোক দেখিতেছি না। বিভাপতি বলেন, এ কি রকম প্রেম; গোবিন্দাস বলেন, ক্ষেরে ঐ রকমই রীতি।

মন্তব্য—তুলনীয়—বিছাপতি(৫০১—মিত্র-মজুমদার): দৈদৰ পছ তেজি গেল রে। জৌবন উপগত ভেল রে॥ অব ন জীয়ব বিহু কন্ত রে। বিরহে জীব ভেল অন্তরে॥

1,00

ধানশী

তৈখনে সাজল সথি ছই-চারি।
তুরিতহিঁ ভেটল রসিক মুরারি॥
তৃতিকে পুছল ব্রজ-কুশলকি বাত।
কৈছ্মা নন্দ যশোমতি মাত॥
কৈছনে কাননে চরতহি ধেয়।
কৈছনে স্থাগণ পুরতহি বেণু॥
কৈছনে আছয়ে বিজ-কুল-নারি।
কৈছনে আছয়ে কিশোরী হ্মারি॥
কৈছনে মুনা উপলই নীর।
কৈছনে সারিভাক বোলতহি ধীর॥
এই সব পুছইতে গদগদ ভাষ।
মুরচি পুড়ল তহি গোবিন্দাদ॥

य ३३५

শকার্থ—পুরতহি বেণু—সধারা বেণু বাজান। ম্রছি
পড়ল তহি গোবিন্দদাস— শীক্ষফের এইসব প্রশ্ন শুনিয়া
উত্তর দেওয়া দ্রে থাক গোবিন্দদাস শীমতীর বিরহের
গতীবত। অবন করিয়া মৃচ্ছিত হইলেন।

502

সুহই

মধুপুর নারী হাসি কহত ফেরি
গোকুল গোপ গোঙারি।
সপ্তম ছার- পার হাহা বৈঠত
তাহা কাহা যাওবি নারি।
ব্রজপুর দৃতী বাত কহত ফেরি
গোই ভকতি ভগবান।

ব্ৰহ্ণপুৰ নাম শ্ৰবণে ধৰ শুনৰ
তেন্ধৰ বাজ-বিছান ॥
হাহা নাগৰ গোপী-জীবন-ধন
দৃতী ভাকত উভৱায় ।
হদয়ক নাথ বাত শুনি কাতৰ
ভূবিতহি দৃতী আগে ধায় ॥
দৃতীক বদন হেরি কহতহি বেরি বেরি
ভূয়া নাম কহত আমায় ।
শুনি ধনি তৈখনে বাত না কহতহি
গোবিন্দদাস বলি যায় ॥

প্রিভবাবাদ্দী মহে:দয়ের পুণি

ব্যাখ্যা—মথুরার রাজবাড়ীর দাতমহলের পর মহলে শ্রুক্ষ থাকেন। দেখানে তুমি গ্রাম্য নারী ঘাইবে কিরপে? দোই ভকতি ভগবান্—দেই কৃষ্ণ হইভেছেন ভক্তের ভগবান্; স্বতরাং ব্রজপুরের নাম শুনিলেই তিনি রাজ-শ্ব্যা ত্যাগ করিয়া আদিবেন।

¿ 95

(APT

ভনহ নিরদয় क्रमग्र गामन সে যে হৃন্দরী রায়। বিরহ জ্বরে জরি কনক মঞ্জা वश्न क्रिक छोत्रः ॥ আওয়ে মধ্-ঋতু মধুর যামিনী কামিনী-চিত-চোর। জ্বিন-গাহক কুত্ব-সারক তুহ সে মধুপুরে ভোর॥ चत्र इदेक्षि কৈছে মীটব তপত সহচবি-অঙ্গ। জোরে ঝরঝর नवन-१४व লোরে মহি করু পর। এভহি বিরহে আপহি মুরছই चनर नागत कान।

প্রতাপ আদিত এ রনে ভাসিত দাস গোবিদ্দ গান^১॥

ক. বি. ৫৩৭ সা. প. (১)—২৭৩ সমূজ ৩১৯, তর ১৭২০

পাঠান্তর—তকতে আরম্ভ- 'আওয়ে মধুঋতু মধুর বামিনি' ইত্যাদি।

- ু১) 'বিরহ জবে জবি কনয়৷ মঙ্বি বহল রূপক ছাই ॥——তরু
- (২) তো বিজু কিশলয় শয়ন বীজন বিফল ভেল মণি মণ্ড।

দাস গোবিন্দ এ রণ গা**হক** ভাওয়ে রায় বসস্ত ॥ --- তক ও সমুদ্র

এই ভণিতা পদাম্তসমূদ্রে, রাধামোহন ঠাকুরের টীকায় ও পদকল্পতকতে গত হইয়াছে। মূলে প্রদন্ত পাঠ ক. বি. পুঁথির ৫০৭ পদে ও তুর্গাদাস লাহিড়ী-সম্পাদিত বৈফ্রপদলহরীর ৪৪২ সংখ্যক পদে পাওয়া গিয়াছে। প্রতাপাদিত্যের নাম পদের মধ্যে না থাকিলে, পরবর্তী কালে কোন বৈফ্র উহা জুড়িয়। দিয়াছেন, ইহা সন্তব মনে হয় না। এইরূপ হইতে পারে ধে, প্রথমে গোবিন্দদাস মূলগত পাঠ অন্থসারে ভণিতা দিয়াছিলেন। তারপর প্রতাপাদিত্যের পতন হইলে স্মাট্ জাহাজীরের কর্মচারীদের রোষ হইতে বাচিবার জায় কবি ভণিতা বদলাইয়া দিয়াছিলেন।

ব্যাখ্যা—হে নিষ্ঠুর মাধব, শুন! সেই স্থল্মী রাধ।
ছিল স্থল্মজনীর তুল্য; এখন বিরহের জালায় জলিয়া
জলিয়া দে রূপের ভক্ষে পরিণত হইয়াছে। বসস্তকাল
আসিল, ইহার মধুর রাত্রি কামিনীর মন চুরি করে; আর
জীরাধার জীবনের গ্রাহক মদনতুল্য তুমি মধুপুরে ভূলিয়া
থাকিলে। তাহার স্থীদের অঞ্চ তপ্ত, স্তরাং ভাহার
আকের ছটকটি কিরুপে মিটিবে? তাহার নয়ন্ত্রণ পক্ষ
হইতে ঘন অঞ্চ বর্ষিত হওয়ায় ভূমি পরে পরিণত
হইয়াছে। হে নাগর কানাই, এ বিরহজালায় অবশেবে সে
মৃচ্ছিত হইয়া পড়ে। এ রুসে প্রতাপাদিত্য ভাসিয়া
বান। গোবিদ্দাস তাহা গান করেন।

666

স্বহ

ত্তন ভন ভামর চন্দ।
প্রেমক উছন ছন্দ॥
সোকত তুয়া গুল-গাম।
তৃত বিছুরলি তছু নাম॥
নাগরি সঞে হিনি বোয়॥
কোহারি শয়ন পরিয়কে।
সো বিলুঠই মহি-পঙ্কে॥
তুয়া হিয়ে ফলি-মনি হার।
তছু নিজ জীবন ভার॥
তৃত্ত ঘন কুকুম লাই।
সো মুগমদে মুরছাই॥
অতি রদে কো নহ অন্ধ।
গোবিন্দাস পরবন্ধ॥

তাহা মানা হোয়ে, তোহে লেই যায়ব

অন্তরে না কর তরাস ॥

ছি ছি মরু মুথে লাগল আগি।

শিংহিনি হোই শিবাপদ সেবিব

কিয়ে মোর করম অভাগি ॥

বন্দা বিশিনে মহেশ্বি যো দেবি

তাকর সহচরি হাম।

মগুপুর কুল বরাকিনী কুর্জিনি

তাহার সাধব কোন কাম ॥

যো ভেল সো ভেল হাম ফিরি যায়ব

তোহে বিদগধ-রাজ।

গোবিন্দদাস কহে ইহ সমুচিত নহে

দোষ পায়ব সবি মাঝ ॥

ক. বি. ১৯৩১

क. वि. २८२५

मम्म ७०६, उङ्ग ३७४२

পাঠান্তর—তরু (১) দনে (২) দোই লুঠত।

ব্যাখ্যা—হে স্থামচন্দ্র! শুন শুন, প্রেমের এইরূপই
রীতি বটে। দে তোমার গুণগ্রাম গাহিতেছে, আর তুমি
তাহার্ন নামটিও ভূলিয়া গিয়াছ। তুমি এখানে নাগরীদের
সঙ্গে বিদয়া হাসিতেছ, সে সখীদের মুখের পানে চাহিয়া
কাঁদিতেছে। তুমি এখানে খট্ায় শুইয়া আছ, আর সে
মাটার কাদায় (নয়নজলে কাদা হইয়াছে) লুটাইতেছে।
তোমার গলায় সাপের মণিহার, আর তাহার কাছে
জীবন দৌর্কলারণে হইয়াছে ভারস্করণ। তুমি মনের
আনন্দে ঘন কুকুম লেপন করিয়াছ, আর তাহাকে সখীরা
শীতল করিবার জন্ম মুগমদ লেপন করিতে গেলে সে মুর্জা
ঘায়। গোবিন্দদাস চেষ্টা করিতেছেন তোমাকে বুঝাইতে।
অতিরুসে (স্থবিলাসে) কে আদ্ধনা হয় ?

6-98

চল চল মাধ্য মোহে সহ্ন করি কুবজিনি জ্বারি পাশ। 19 OC

বরাড়ী

জন্ম হেমলতা সম সোধনী তুহ ঘনখাম তমাল। বিহিও না জানল প্ৰেম ঘটাওল তুহু ক পরশ রসাল। মাধব তোহে সমাদল বালা। তুয়া রদ বিহীনে অব তত্ত্ জাবল গুকুকুল কণ্টক জালা। সহই না পারিয়ে মরমক বেদন ভতি রহু ধরণী শয়ানে। नीय नीवश्रन লোচন খঞ্জন দিন বজনী নাহি জানে # मशी भवत्वाध নাহি ভনই অহুখন তোমারি সমাধি। কাহ কি লাজ নহ গোবিন্দাস কহ

माक्र विवश (वशाधि।

ক. বি. ১৫০৩, সা. প. (১)---২০৩

ব্যাখ্যা-শ্ৰীরাধা দক্ষারিণী কনকলভিকার তুল্য, আর তুমি নিবিড় ক্লফ তমাল বৃক্ষ। ছুইজনের কখন যে প্রেম হইল, তাহা বিধাতাও জানিতে পারিলেন না; ছইজনের স্পর্শ বসময়। মাধব! তোমাকে বাধা ধবর পাঠাইয়াছে বে, ভোমার প্রেমরদ না পাইয়া তাহার তহু 😎 হইয়াছে, দগ্ধ হইয়াছে; তাহার উপর আবার গুক্জনেরা কণ্টকের জালার মতন। সে আর মর্ম্যাতনা সম্ভ করিতে না পারিয়া ভূমিশয্যায় শয়ন করিয়া আছে। তাহার খঞ্চনতুল্য লোচন বাতদিন আঞ্চ বিদর্জন করিতেছে, অঞ্ন মৃছিয়া বাইতেছে। দে স্থাদের প্রবোধও শুনিতেছে না, সব সময়ে তোমারই ধ্যানে নিমগ্ন রহিয়াছে। গোবিসদাস বলিতেছেন যে, রাধা যে দারুণ বিরহ-ব্যাধিতে ভূগিতেছেন, ইহা কি কাছুর লজার কথা নহে ?

ব্যাখ্যা—দৃতী শ্রীবাধার প্রেরিত সমাদ সম্বন্ধ শ্রীকৃষ্ণকে জানাইতেছে—আমি পামরী তোমার বিরছে নিজের স্বামীর মুখ পর্যান্ত দেখি না, আর তুমি কিনা আমার বিচ্ছেদে কোন নারীকেই উপেকা কর না, এমন কি কুজার রভিরদেও অবগাহন কর। মাধব! ভোমার গুণগ্রামের কথা কি বলিব ! রতিপতি কামদেব মহাদেবের রোষে, দেহত্যাগ করিয়া এখন একমাত্র ভোমাকেই স্নেহ জানাইতেছে অর্থাৎ মদনের এখন তুমিই একমাত্র লক্ষ্য (শিকার)। বেশ! রসিক-চূড়ামণি তুমি নগরের নাগরীদের সঙ্গে মরাথকেলি পূর্ণ কর। আর আমরা বৃন্দাবনের নারীরা পুতনার সঙ্গে মিলিয়া ভোমার গুণ গাই। (তুমি বেমন পুতনাকে মারিয়াছ, আমাদিগকেও তেমনি বিরহজালায় মারিয়াছ; নারীবধে তোমার অশেষ আনন)।

409

धाननी

ভোহারি বিচ্ছেদ ভরমে হাম পামরি না হেরঙ নিজ নাহ। হামারি বিছেদে তুহ নারি ন। উপের্থসি কুৰজা-রতি অবগাহ। মাধব কি কহব তুয়া গুণ-গাম। পরিহরি দেহ নেহ তুয়া জানই একলা রতি-পতি কাম। রসিক-শিরোমণি পুর-নাগরি সঞে পূরহ মনমথ-কেनि। বনচবি-নারি তোহারি গুণ গাওব পৃতনিকা দঞে মেলি। রাস-বিলাসে যতহঁ মত চাপল সব কব্ন সো অব রাধা।

এতহ সমাদলি রাধা। ST >648 क. वि. २८१२ अक २८४०

গোবিন্দদাস

मा. भ. (३)--२०४.

কহই তোহে মাধ্ব

409

বরাড়ী

মাধব তুহঁ যব নিকঙ্গ ভেল। গণি কত রাখব মিছ অবধি দিন ব্ৰহ্ণবধু জীবন শেল। কেহ যম্নাজল কেহ ধরণীতল क्ट क्ट नूर्रे कुछ। মরণ-পথ পেথলু এতদিনে বিরহ তাহে তিরবিধ পুঞ্জ। তপত জন আকুল থোর সরোবরে আকুল সফরী-পরাণ। মরণ ধক জীবন कीवन यत्रव (गाविन्ममात्र ভाष्ट्र बान ॥

नहत्री 888

ব্যাখ্যা—থোর সরোবরে ইত্যাদি—সরোবরে অল क्न ; चथ्ठ ज्यात्र मस्य, चारून क्राद मःशा चर्नक ; ভাহারা বরপ্রাণ পুটিমাছের মতন; স্তরাং ভাহাদের বাচিবার আশা কম। ভাছাদের জীবন মরণতুলা হইরাছে

মর্থাৎ তাহার। জীবস্তুত হইয়া আছে; মরিলেই যেন সকল আলা-যম্বণা হইতে বাঁচে। একথা গোবিন্দদাস ভালই জানেন।

とりか

এ গান্ধার

মুবছিত ধব বহ নাবি।
পো ত্থ কহই না পাবি॥

যব নামহি তব লেই।

চেতন পাই তব বোই॥

পো কছু ভনহ কান।

হাম কহই কিয়ে জান॥

কহইতে বিদরে পরাণ।

গোবিক্দাস পরমাণ॥

क. वि. २८२०

সমদ ৩০১, ত্রু ১৬৮৮

ব্যাখ্যা—দূতী ক্লফের নিকট যাইয়া বলিতেছেন যে রাধা যথন মুচ্ছিত হইয়া থাকে, তথন দে তঃথের কথা বলা যায় না। যদি দেই সময় কেহ তোমারনাম লয়, তাহা হইলে সে চেতনা পাইয়া কাঁদিতে থাকে। সেই তঃথের কথা তুমি কিছু শোন কানাই। কিন্তু আমি কি তাহা বলিতেই পারি ? বলিতে গেলে প্রাণ বিদীর্ণ হয়। গোবিন্দদাসই তাহার প্রমাণ—এই তুংথের কথা লিখিতে তাঁহারও প্রাণ যেন বিদীর্ণ হইতেছে।

GOD

সুহই

মাণ্র-ছত কৰি গকতিই মানি।
কহবি কাছৰ পায় ৰত কিছু বাণি।
এত কহি আওল পড়ি বাহা বাই।
কাছ কাছ কৰি চেডায়ল তাই।

আৰম্ভ হেরলু প্রিয়দখি-প্রেম।
নিজ দখি-ছথে ছখি স্থে মানে ক্ষেম।
পিয়াক বিরহে মরণ অনিবার।
ফিরায় করিয়া কত মত উপচার।
চেতন পাইলে যব করয়ে বিলাপ।
আওল বন্ধু কহি দ্ব করে তাপ।
গোবিন্দাস অতয়ে অস্মান।
হেরতহি মিলব প্রেম-বশ কান।

क. वि. २८२८

সমুদ্র ৩১২, তক্ল ১৬৯১

শব্দার্থ—গরুতহি মানি—গরুত্বান্ অর্থাৎ হংস মনে করিয়া। অনিবার—অনিবার্যা।

ব্যাখ্যা—কোন সধী একটি হংসকে মথুরা-দৃত মনে করিয়া বলিলেন—ষাও তুমি কাছর পারে সব কথা বলিও। ইহা বলিয়া যেথানে রাই অচেতন হইয়া পড়িয়া আছেন সেথানে আসিয়া 'কাছ কাছ' শব্দ করিয়া তাঁহাকে সচেতন করিলেন। শ্রীরাধার প্রতি প্রিয়স্বীর অভ্তত প্রেম দেখিলাম—তিনি সধীর হৃথে হৃথিত এবং তাহার হথেই কল্যাণ মনে করেন। প্রিয়ের বিরহে তাহার মরল অনিবাধ্য মনে করিয়া তিনি নানাপ্রকার উপচারের হারা তাহার জীবন ফিরাইয়া আনিতে চেটা করেন। শ্রীরাধা চেতনা লাভ করিয়া থখন বিলাপ করেন তথন 'ঐ বন্ধু আসিতেছে' বলিয়া তাহার সন্তাপ দৃর করেন। এইজন্ত গোবিন্দদাস অন্থমান করেন যে, কাছ শীঘ্রই আসিবেন, কেননা তিনি প্রেমের বশ।

680

কামোদ

তোহে বহল মধুপুর।

ব্ৰজকুল আকুল দোকুল কলৱৰ
কাছ কাছ কবি ঝুর ॥

যশোমতী নন্দ আন্ধ্যম বৈঠড
স্বনে উঠিতে নাহি পাবে?।

বেণু নাহি পুরত স্থাগণ ধেহ विष्ट्रवन नागत वाकादवर ॥ কুহুম ত্যঞ্জি অলি ভূমিতলে লুঠত ভক্ষণণ মলিন সমান।

ময়ুরী নাচত **সারী শুক পিক** কোকিল না করু তহি গানত। কি কহব মাধব বিরহিণী বিরহ যে দশ দিশে বিরহ-হতাশ। অন্ল গ্ৰাধক ভেল সোই ষম্নাজ্ল

क. वि. ১৮৯৮

পাঠান্তর—অপ্রকাশিত পদরত্বাবলীতে পদর্দসার-এর) আরম্ভ---ভন মাধব, তুহু সে রহলি মধুপুর

কহতহি গোবিন্দদাস॥

ক. বি পুপি

- (১) माहरम हमहे ना भार
- ্ (২) স্থাগণ বেহু ধেহু স্ব বিস্রণ কোই ফিরে নাগর বাজার u
 - (৩) করহি গান (s) অবহ।

শ**ক্ষার্থ**—বেণু নাহি প্রভ—বেণু বাজায় না। বিছুবল — ভূলিয়া গেল। সোই যমুনাজল অনল অধিক ভেল— গোপ-গোপীদের বিশেষতঃ শ্রীরাধার তপ্ত অশ্রতে যমুনার অল আগুনের চেয়েও বেশী গ্রম হইয়াছে।

385

मर्काती উल्लादन চাन्स। হেরি ধনি ফুকুরিঞা কান্দে॥ পরভূত কুছ কুছ নাদ। छनहेट वर्ष भवमात्र । বিদপ্ধ বসিক মুরাবি। আশোয়াসি কাছে বর নারী। इटेक्ट थत्री भग्नत् । কত সহে অবলা-পরাণে। নিমিথে কলপ করি মান। (गांविनमां हेर कांन।

রসমঞ্জরী ২৩

म्बार्थ- गर्वती-वाजि। পরভৃত-কোকিল। নিমিখে কলপ করি মান-এক নিমেষের বিরহকে কল-यूगञ्चात्री विनिष्ठा मत्न करत ।

685

বরাডী

কতহু যতন করি প্ৰেম বঢ়াইলু প্রেম-পরশমণি কান। সো গুণ-নিধি পছ আনহি দেশে বছ অব নহি যাত পরাণ॥ স্ক্রনী হরি কিয়ে দাকণ ভেল। ্ধাতা কুটিল এছে স্থধ-সম্পদ विभन नाथ कवि (मन ॥ হেরইতে নিমিধ বৈরি করি মানিয়ে कार्य विष्टम कक ভारत। মান কবি সাধই লছ লছ বচনে সো অব বিছুরল মোরে॥ ঐছে পিরিতি রস সোঙরিতে যাকর কঠিন খীণ মঝু দেহা। সো স্থপুক্থবর কৈছে দুর ভেল গুনি গুনি সো সব লেহা।

হামারি ইহ ছুরুদ্ধা তাকর পাশে বৈছে না হোয়ে পরকাশ। ভনইতে কান প্রাণ কনি ভেক্রে কহতহি গোবিন্দদাস।

750

ব্যাখ্যা-প্রেথ-পর্ণমণি কান-কানাইকে প্রেয়ের

স্পর্শনি মনে করিয়া। অব নাহি বাত পরাণ—এখনও প্রাণ বাহির হুইতেছে না। হেরইতে নিমিখ বৈরি করি মানিয়ে—
আমাকে দেখিবার সময় নিমেবপাতকে শক্রু বলিয়া মনে করিতেন; মূহুর্তের কম কালের সেই বিরহ সহু হুইত না।
কোরে বিচ্ছেদ করু ভোরে—প্রেমবৈচিন্ত্য-বশে কোলে থাকিলেও পাগলের মতন বিচ্ছেদ-যাতনা বোধ করিতেন।
তাকর পাশে হামারি ইহ ত্রদশ। ইত্যাদি—শ্রীরাধার মনে হুইতেছে যে তাঁহার ত্রুপের কথা শুনিয়া শ্রীকৃষ্ণ এতই আরুকুল হন যে তিনি প্রাণ ত্যাগ করিতেও পারেন।
সেই জন্ম তিনি স্থীদিগকে অফুরোধ করিতেছেন যে তাঁহার তুঃখ কেহ যেন মাধ্বের কাচে প্রকাশ না করে।

৬**५৩** ধানশী

কহিতে কণিকে ধনি ম্বছিত ভেল।
ধাই যে ন্ত্ৰি কোব পৰ নেল॥
ধাতৰ বহুতহি হাহা হুতাশ।
কোই নলিনি-দলে কৰত বাতাদ॥
ঘন ঘন কাঁপই খীণ নিশাদ।
দখিগণ অন্তৰে পায়ল তবাদ॥
বাই জিয়াইতে কক আশোযাদ।
ভাম ব্যাইতে চলু গোবিন্দাদ॥

1 25

ব্যাখ্যা—স্থীরা শ্রীরাধাকে সঞ্চীবিত কবিবার জ্বত আখাদ দিতে লাগিলেন এই বলিয়া যে শ্রীকৃষ্ণ নিশ্চয়ই আদিবেন। গোবিন্দদাদ ভামকে ব্রাইয়া আনিবার জ্বত চলিলেন।

688

ধানশী

ধনি কেনে মৃদল নয়ান।
দশনহি দশন লাগি অচেডন
মুবছিত হবল গেয়ান॥

नवन रूमेव

বদনমপ্তল

হেরি ঘিরি ঘন রোয়।

কণ্ঠ ঘর ঘর

রসনাজর জর

নিরব ভেলহি সোয়।

হেরি বিধু-মুখ

নয়ন-নিমিখ

পলকে ভেল বিভঙ্গ।

জীবন সংশয়

রাই কিশ্লয়

কালিম-বরণ শ্রী অক।

ললিতা আদি দখি নিঝুরে ঝোরয়ে

আব কি জীবন সাধা।

কি হুখ কারণ

এ তম্ব ধারণ

প্রাণ ছোড়বি রাধা।

হেবি বিপরিত

ললিভা ভনায়ত

খ্যাম-নাম বীক্ষমন্ত্র।

শ্রবণ-যুগ ভেদি

क्रम्या रेभर्रज

চেত্ৰ বাধিকা-অন্ত॥

কাঁহা গুণধাম

খাম মঝু প্রাণ

অচিরে মিলে মঝু পাশ।

রাধা-বল্পভ

আনিতে হুর্লভ

সাজন গোবিনদাস॥

छ - ১३६

ব্যাখ্যা—দশনহি দশন—দাতে দাত লাগিয়া মৃহ্ছা।
চতন বাধিকা-মন্ত-ভাম-নামের বীজমন্ত গ্রীরাধার কর্ণযুগল ভেদ করিয়া হদয়ে পৌছাইল এবং রাধিকার অন্তঃস্থলে চেতনা দকার করিল। শ্রীরাধা বলিতে লাগিলেন—
কোথায় দেই গুণধাম ভাম, আমার প্রাণ, শীদ্র আমার
কাছে এদ। রাধার প্রিয়তম দেই ছ্রভিকে আনিবার
জন্ত গোবিল্লাস সাজিলেন।

980

ধানশী

একে বিরহানল দহই কলেবর ভাহে পুন ভপনক ভাপ। ঘামি গলমে তছু ছনিক পুতলি জহু
হেরি সধি করু পরলাপ ॥
মাধব পেথঁলু সো বর রমণী।
দিনে দিনে খীণ হীন তহু-অভরণ
গলি গলি মীলত ধরণী॥
ক্ষতু বসম্ভ অম্ভ করি আওল
গিরিষ কাল বলবন্ত।
দারুণ জীবন আশে নাহি যায়ত
হেরত এ তুয়া পন্ত॥
কত পরবোধি গোঙায়ব সহচরি
চৌঠ মাস বহি গেল।
গোবিন্দদাস কত্য়ে সন্থাদব
অগতিগতিক মনু ভেল॥

क. वि. २८२३

एक १९२८

ব্যাখ্যা— শ্রীরাধের দেহ একেই তো বরহানলে জ্বলিয়া ঘাইতেছে, তাহার উপর আবার ক্ষেত্র তাপ। ননীর পুত্তলির স্থায় তিনি ঘামিয়া গলিয়া ঘাইতেছেন—ইহা দেবিয়া সধীরা কত প্রলাপ (বিলাপ অর্থে) করিতেছেন। মাধব, দেবিলাম সেই নারী-শ্রেষ্ঠা দিনে দিনে কীণ হইতেছেন, সেইজন্ত তাহার অঙ্কে আর কোন অলকারই পরানো ঘাইতেছে না। তিনি যেন গলিয়া গলিয়া মাটীর সকে মিলিয়া ঘাইতেছেন। বসন্ত গ্রুর শেষে বলবান্ গ্রীমঞ্জ আদিল। সে দিনরাত তোমার পথের পানে চাহিয়া থাকে জীবনের দাকণ আলাসেই জন্তই নাশ হইতেছে না। সধীরা আর কত প্রবোধ দিয়া তাহাকে রাবিবেন—চার মাস বহিয়া গেল (অগ্রহায়ণ, পৌষ, মাঘ, কাজন)। গোবিক্লাস বলিতেছেন আমিই বা আর কত সমাদ লইয়া ঘাইব প আয়ার অবন্ধা নিক্লপায় হইয়াছে।

৬৪৬ বরাডী

করতলে বদন-চাঁগ বহু থীর। অহনিশি লোচনে বরতহি নীর। বিগলিত নিক্দ বহুই ঘন খাস।

দিনে দিনে ধিন তছু জীবন নৈরাশ।

এ হরি অবহু অবধি বহি যাই।

বিঘটনে শপতি মরতি জনি রাই।

কমলিনি-কিশলয় শেজ বিছাই।

সহচরি মেলি শুতায়লি তাই।

শতগুণ মদন-দহন তহু ভেল।

সো তয়-পরশে ভসম ভই গেল।

চন্দন পরশে চমকি ধনি উঠই ।

হিমকর-কিরণে মুরছি মহি লুঠই।

গোবিন্দদাস কহ নিরদম কান।

এত পর্মাদ তুহু জানি না জান'।

সা. প. (১)---২৩৯ ক. বি. ১৮৯৫

তক ১৭২৭ এক ১৯১০ সমল ১৮৫

পাঠান্তর—সমূদ (১) নীদ (২) অফুডাপে (২) চন্দন প্রনে চমকি ঘন উঠই (৪) গোবিন্দদাস কহ মুগ্ধল কান। এত প্রমাদ তোহে কি জান॥

মন্তব্য— শ্রীরাধার চিন্তাদিদশা মিলিত ব্যাধিদশার কথা বর্ণনা করা হইতেছে। ভক্তিরসামৃতদিদ্ধৃতে ইহার সম্বন্ধে বলা হইয়াছে—

দোষোদ্রেকবিয়োগালৈ ব্যাধয়ে। যে জ্বাদয়: ইহ তংপ্রভবো ভাবো ব্যাধিরিত্যভিধীয়তে। অত্র ক্ত-শ্লথাক্ত-খাদোত্তাপ-ক্রমাদয়:।

(P (8198)

অর্থাং দোষাতিশম্য এব' বিচ্ছেদাদি দার। যে জ্বরাদি উৎপন্ন হয় তাহাকে ব্যাধি বলে। কিন্তু এ স্থলে তত্বপন্ন ভাবকেই ব্যাধি বলা বায়। ব্যাধির লক্ষণ হইতেছে শুক্ত (জ্বড়ভাব), অঙ্গলিধিলতা, শাস, উত্তাপ, প্লানি প্রভৃতি।

ব্যাখ্যা—শ্রীরাধার চন্দ্রবদন করতলে গ্রন্থ রহিয়াছে (গালে হাত দিয়া বদিয়া আছেন)। দিবারাত্র চোধ দিয়া জল পড়িতেছে। নিজা দূর হইয়াছে, নিঃখাল জোরে জ্যোরে পড়িতেছে। দিনে দিনে দেহ ক্ষীণ হইতেছে, ক্ষীবনে নৈরাভ জয়িয়াছে। হরি! এখন ভূমি বে ক্ষাধি

নির্দ্দেশ করিয়া আসিয়াছিলে, তাহা বহিয়া শাইতেছে। তোমার শপথ লইয়া বলিতেছি তুমি না গেলে রাই মরিয়া যাইবে। তাহাকে এখন স্থীরা কমল ও কিশলয়ের শ্যা বিছাইয়া শয়ন করাইতেছে। তাহাতে কিন্তু মদনের জালা শতগুণ বৃদ্ধি পাইল। দেহের স্পর্শে তাহা ভ্যাহইয়া গেল। চন্দন স্পর্শে হন্দরি চমকিয়া উঠে আর চন্দ্রের কিরণে মূর্চ্ছিত হইয়া মাটাতে লুটায়। গোবিন্দাদ বলিতেছেন—হে কানাই, তুমি নিতান্ত নিষ্ঠ্র, এত বিপদের কথা তুমি জানিয়াও জানিতেছ না।

বাঁচিবে না। এই সব নবীনা বালার দেহ নবনীত অপেকাও স্কোমল, ভাহাদের উপর বিরহরূপ অগ্নির জালা লাগিল। সেইজগ্য ভাহাদের গাত্র যেন (ঘর্মরূপে) গলিয়া গলিয়া মাটাতে পড়িতেছে। গুরুতর গ্রীমে ভাহা আরও বৃদ্ধি পাইল। গোকুলে গোপ রমণীদের তো এই অবস্থা হইল; ভাই গোবিন্দাস আর নিজের প্রাণরকা করা নির্থক ভাবিয়া বিষ ভক্ষণ করিতে গেলেন।

489

দেশাগ

কাননে কামিনি কোই না যায়।
কালিনি-ক্ল কল্পতক-ছায় ॥
ক্ল-কৃটির চা হা কান্দই কোই।
করে শির হানই কুম্বল ফোই ॥
নলিনি-নারিগণ নাশল নেহ।
নবিন নিদাঘে না জীবই কেহ ॥
নবনী-নিন্দিত নব নব বালা।
নাগল বিরহ-হতাশন জালা ॥
গলত গাত গীরত মহি মাহ।
গুরুতর গিরিষ অধিক ভেল তাহ॥
গোকুলে গোপ-রমণি অছু ভেল।
গ্রন্থল গোপ-রমণি অছু ভেল।

क. वि. २८७० ७ २८१२

एक ५१२४

ব্যাখ্যা—তোমার লীলাবিলাণের শৃতি আরও উজ্জ্বল হইয়া অধিকতর সন্তাপ দিবে এই ভয়ে কোন ব্রন্ধগোপী আর কাননে অথবা যম্নার ক্লের করতকর ছায়ায় যায় না। তাহারা কুল্প কুটারের মধ্যে বসিয়া চুল ছিঁ ডিয়া মাথায় করাঘাত করিয়া ক্রন্ধন করে। প্রেম পদ্মিনীতুল্য নারী-দিপকে বধ করিল। একে তাহারা অত্যন্ত সন্তথ্য, তাহার উপর আবার নবীন গ্রীশ্বে আরও ভাপ বৃদ্ধি হওয়ায় কেহই 68P

স্হই

উয়ল নব নব মেহ।

দূরে বছ প্রামর দেহ।

তহি ঘন বিজুরি উদ্রোর।

হরি বহু নাগরি-কোর।

চাতক পিউ পিউ বোল।

ত্রুইতে জিউ উত্রোল।

দাহর উনমত ভাষ।

বিরহিণি জ্বিন হুভাশ।

জীবন ভেল জনজাল।

উচন ভেল হুরদিন।

অম্বর রবি-শশি-হীন।

কো কহে কাচ্ক পাশ।

চলতহি গোবিন্দাশ।

সা. প. (১)—২৪১ ক. বি. ১৮৯০ **उत्र ১१०**১, मयूष ७२२

ব্যাখ্যা—বর্ধাকালে আকাশে নব নব মেঘের উদয় হইল; কিন্তু দেই শ্রামলদেহ জ্ঞীক্লফ দ্বেই রহিয়া গেলেন। এখন ঘন ঘন বিহাং চমকাইতেছে (প্রাণ কাঁপিয়া উঠিতেছে, কাহারও আশ্রয় চাহিতেছে)। কিন্তু হরি মথ্রানাগরীদের কোলে বহিলেন। চাডক পিউ পিউ শক্ষ করিতেছে; ভাই আমার প্রাণ উত্তলা হইতেছে।

ভেক অনবরত উর্নান্তের মতন শব্দ করিতেছে; তাহাতে বিরহিণীর জীবন হা হতাশে ভরিয়া ঘাইতেছে। দারুণ বর্ধাকাল, জীবন জগ্লাল-স্বরূপ হইল। আজ্ব এমনি তুর্দিন যে আকাশে চন্দ্র সূর্যা কিছুই নাই। ঐ সংবাদ কামূর কাছে কে বলিবে? গোবিন্দদাস ঘাইতেছেন।

680

धाननी

তুহ' বিছুরলি গোরি রহলি মথুরাপুরি নগরে নাগরি হেরি ভোরি। গগনে জ্বদ হেরি মনে মনবুথ কবি বিরহ-সাগরে ধনি বোরি ॥ ভন কানাই, কৰুণা-লব তোহে নাই। ভোহারি বিরহে ধনি निभि मिभि युव्हे তুরিতে মিলহ তুর্ ধাই ॥ ধর্নি শয়ন করি স্ঘন নয়ন ঝরি সহচরি রহত অগোরি। मित्न मित्न मृविवि কৈছে জিবন ধরি গোবিন্দদাস-পহ ভোডি ॥

ক.বি.২৪৩১ সমূহ ৩২৭, তক্ত ১৭৩৯ সা.প. (১)—২৩৭.

ব্যাখ্যা—হে মাধব! তুমি মথুবা নগবের নাগবী দেখিয়া উন্মন্ত হইলে; গোরীকে তুলিয়া তাই মথুবা-পুরীতেই বহিয়া গেলে। আকাশে মেঘ দেখিয়া ফুলরীর মনে অভিলাব জায়িতেছে, কিন্তু তাহাকে বিরহদাগরে ভূবিতে হইতেছে। শুন কানাই, তোমার মনে করুণার বিশুমান্দ্র নাই। তোমারই বিরহে ফুলরি দিনরাত কাদিতেছে। শীল্প তথার বাইয়া তাহার দহিত মিলিত হও। ভাহার দখীরা তাহাকে মাটীতে শোয়াইয়া আওলাইয়া রাখিয়াছে, তাহারাও অনবরত রোদন করিতেছে। সে দিন দিন এত তুর্বল হইয়া পড়িতেছে বে কিরপে গোৰিন্দ্রাসের প্রাকৃকে ছাড়িয়া বাঁচিবে তাহাই ভাবনা হয়। 1900

শ্রীরাগ

ভাল ভেল মাধব তুহঁ বহুঁ দ্ব।
অবতনে ধনিক মনোরথ পূর্॥
কী ফল অম্বরে হিম ঋতু রাতি।
যাঁহা শৃতলি কিশলম-দল পাতি॥
কী ফল নিয়ড়ে হুতাশন মন্দ।
নিতি নিতি উদয়ত গগনহি চন্দ॥
কাহে সিনায়ব উত্তপত বারি।
নয়নহি তাপিত সলিল উভারি॥
ঐছন গনইতে তুয়া গুণ-কোটি।
মানল পোথলি ষামিনি ছোটি॥
সবে নাহি সম্ঝিয়ে দিনকর-বীত।
কিয়ে শীতল কিয়ে তপত-চরীত॥
গোবিন্দাস কহ এতহুঁ সম্বাদ।
তম্ম জীবন হুহুঁ ধনিক বিবাদ॥

সা. প. (১) –২ ১ ক. বি. ২৪৩৪ ভক্ত ১৭৫২

শব্দার্থ—উভারি—ঢালিতেছে।

ব্যাখ্যা— শ্রীরাধা বিরহে কিরপ বিবশ হইয়াছেন তাহাই মাধবের নিকট দথী বলিতেছেন। মাধব! বেশ তালই হইল যে তুমি দ্রে রহিলে; ইহাতে বিনা ষত্নেই স্নরীর অভিলাষ পূর্ণ হইল। আকাশে হিমগ্রুর নাকি উদয় হইয়াছে? তাহাতে কি ফল? শীতের রাতেও তাহাকে বিরহ জালার উপশমের জন্ম কিশলয়-দল পাতিয়া বিছানা করিতে হইয়াছে (তাহাকে আর শীত নিবারণের জন্ম কোল করিতে হইয়াছে (তাহাকে আর করিতে হইল না)। শীত নিবারণের জন্ম নিকটে আর আন্তন রাথিয়া কি হইবে। চাদই রোজ রোজ আকাশে উঠিতেছেন (চাদই রথেই দল্প করিতে পারেন)। গ্রম জলে স্থান করানোবই বা দরকার কি? নয়নই তপ্ত জল ঢালিতেছে। পোবের রাত্রি পূর বড়, কিছে তিয়ার কোটি কোটি গুল শ্রণ করিতে করিতে

শীরাধার নিকটে উহা অত্যন্ত ছোট বলিয়া মনে হইতেছে। কেবল একমাত্র স্থোর রীভিটা ব্ঝা যাইতেছে না—উহার বভাব শীতল কি গরম? (চল্লের শীতল কিরণই যথন তাঁহার নিকট আগুনের মতন বোধ হয়, তথন স্থোর তাপ নিশ্চয়ই তাঁহার নিকট অসহু মনে হইবে; কিন্তু উহা তিনি নির্ক্ষিকারে সহু করিতেছেন দেখিয়া মনে হয় যে তাঁহার দেহ এখন আর শীত-গ্রীমের প্রকোপে আর্ত্ত হয় না; উছা বৈবশ্রভাব পাইয়াছে)। গোবিন্দদাস মাধ্বের নিকট এই সব খবর দিয়া বলিতেছেন যে স্ক্রনীর দেহের সঙ্গে প্রাণের যেন বিবাদ বাধিয়াছে, তুইজন একসঙ্গে আর বসবাস করিতে চাহিতেছে না।

603

পাপী শাঙন মাস।
বি...২িনি জিবন নৈরাশ ॥
নৈরাশ বাসর রজনি দশ দিশ
গগনে বারিদ ঝিপ্সায়।
ঝলকে দামিনি পলকে কামিনি
হেরি মানস কম্পিয়া॥
পাপ ডাহুকি ডহুকে ডাকুই
মউর নাচত মাতিয়া।
একলি মন্দিরে অনি দ লোচনে
জ্ঞাগি সগরিহ রাতিয়া॥

24: p. 0

শব্দার্থ—ঝলকে দামিন ইত্যাদি—বিহাৎ চমকাইতেছে, তাহা দেখিয়া কামিনীর মন প্রতি মৃহুর্ত্তে কাশিয়া উঠিতেছে। জাগি দগরিহ রাতিয়া—দারা রাত্রি দে জাগিয়া থাকে।

902

রাতি দিবসে রছ ধন্দ। ভাদরে বাদর মন্দ॥ মন্দ মনসিক্ত মনহি দহ দহ

দহই মাকত মনদ।
তরল কলধর বিবিধ ঝবঝর

হামারি লোচন ছন্দ ॥
উছল ভূধর পুরল কন্দর

ছুটল নদ নদি সিক্কুয়া।
হাম সে কুলবতি পরক যুবতি
গমনে ক্ষপ ভরি নিন্দুয়া॥

তক্ত ১৮০৭

ব্যাখ্যা—ধন্দ— তার হইয়া জড়বং বদিয়া থাকে। দহই
মাকত মন্দ—মৃত্মন্দ পবন শীতল না করিয়া আক দয়
করে। উছল ভূধর পুরল কন্দর—পাহাড়ের ঝাণাগুলি
হইতে অনবরত জল পড়ায় পাহাড় ধেন উছলিয়া
পড়িতেছে; তাহার গুহাসমূহ জলে পূর্ণ হইল। গমনে
জগভরি নিন্দুয়া— আমি ষদি বিরহের জালায় অস্থির হইয়া
শীক্ষাফের নিকট গমন করি তাহা হইলে জগং ভরিয়া
নিন্দা হইবে।

600

পাহিড়া-ধানশী আঘণ মাদ বাদ বদ-দায়ব নায়ব মথ্বা গেল।

পুর-বঙ্গিনিগণ পুরন্ধ মনোরথ
বৃন্ধাবন বন ভেল ॥
আভিন পৌষ তৃষার-সমীরণ
হিমকর-হিম অনিবার ।
নাগরি-কোরে ভোরি রহু নাগর
করব কোন পরকার ॥
মাঘে নিদাঘ কউন পভিয়ারব

দিনমণি-ভাপ নিশাপতি চোরল কান্থ বিহু সহন হভাশ।

দাখনে গুনিগুনি গুণমূলি-গুণগুণ का खन्ना-(थनन वन। বিরহ-পরোধি ष्परिध नाहि शाहरत ছ্রতর মদন-তর্ভ। আৰত চৈত চীত কত বাবব ঋতুপতি নব পরবেশ। দক্ষিপ মনমথ ফুল-শবে হানই কার বহল হব দেশ। माध विधि वाधन মাধবি মাদ शिककून शक्य शान। প্ৰন নহি ভায়ত দ্বিন দাক্রণ बुदि बुदि ना दर भवान ॥ **ब्ब**र्श भीते কহত সৰ বৃদ্ধি . চন্দ্ৰ চান্দ্ৰি বাতি। মোহে নাহি ভাওত শীতল প্ৰ দাকণ মনমথ-শাতি ৷ গাঢ় বিরহানল মাদ আবাচ হেরি নব নীরদ পাতি। নীবদ-মুবতি नयूदन यव नांगरय নিবারে ঝরয়ে দিন রাভি ॥ শাঙ্জনে সঘনে গগৰে ঘন গৱজন উনমত-দাছরি-বোল। চমকিত দামিনি জাগয়ে কামিনি बीवन कर्श्वह लान। नाक्त इत्रनिन कामदब मद मद वांश्य मिनम्बि हका। শীকর নিকরে थीव नर अस्व परहे बत्नाच्य बन्ध । বিকশিত-পছমিনি বাশিন মাদে मात्रम-इःम-निमान । হেরি স্থাকর নিরমল অম্ব बुवि बुवि ना दरह नदान। বিৱাশ কয়ল বিধি কাতিক যাস नीनात्रत्र दश-दात्र ।

নিককণ কান কোন পতিয়ায়ৰ কহতহিঁ গোবিক্দাস ॥

একদিন মহাপ্রাভূ নব্দীপ পুরে। সঙ্গে সম্মা ভক্তবৃদ্দ সংকীর্তন করে॥ সংকীর্ত্তন মাঝে গোরা আধ আধ হাস।
মনে পড়ে মহাপ্রস্কুর পুরব বিলাস॥
ঝুলনা ঝুলিব বলি মনেতে পড়িল।
স্থাগণে গোপীভাবে মনেতে করিল॥
ঝুলনা ঝুলয়ে গোরা অভি অফুপাম।
আনন্দে ভক্ষ সবে ঝুলনা ঝুলান॥
হেরি গদাধর মুথ মন্দ মন্দ হাস।
দ্বহি দ্র রভ গোবিন্দদাস॥
মস্তব্য—শ্রীসজনীকান্ত দাসের পৃথি (পৃ: ১৫৭)
হইতে ড: অ্কুমার সেন কর্ত্ক সাহিত্যপরিবংপত্রিকার

903

বিরদ বদনে গোরা কেনে আছে বসি।
নয়নের লোরে মৃথ বুক যায় ভাসি।
কিদের লাগিয়ে আছু ঘন ঘন কাঁপ।
দশনে অধর বিম্ব রহি রহি দাপ।
স্থামাথা হরিনাম বদনে না ফুরে।
দেখিয়ে ভোমার মৃথ পরান বিদরে।
ক্ষেণে উঠে কেণে বৈদে ছাড়য়ে নিশাস।
বৈরক্ত ধরিতে নারে গোবিক্দাস।

क. वि. २८ •२ (हे)

(৩৬ খণ্ডে) প্রকাশিত।

१७३

পঠমঞ্জী

গোলোক ছাড়িয়া পহ কেনে বা অবনী। কালা ৰূপ কেনে হৈল গোৱা বরণধানি।



त्भाविक्षशास्त्र भगावन ७ छोहात यून

হাসবিলাস ছাড়ি কেনে পছ কান্দে।
না জানি ঠেকিল গোৱা কার প্রেম ফান্দে॥
থেনে রুফ রুফ বলি কান্দে ঘন ঘন।
থেনে সথি সখি বলি করয়ে রোদন॥
মথ্রা মথ্রা বলি করে কি বিলাপ।
থেনে বা অক্রুর বলি করে অমৃতাপ॥
থেনে বলে ছিয়ে ছিয়ে চাঁদ চন্দন।
ধ্লায় লোটাঞা কান্দে যত নিজগণ॥
গদাধর কান্দে প্রাণ-নাথ করি কোলে।
রায় রামানন্দ কান্দে প্রবোধে বিকলে॥
য়রূপ শ্রীরূপ কান্দে গোডরি বিলাস।
না ব্যি না কান্দি মক্ল গোবিন্দাস॥

ত্তক ২২৪৭

CCP

পুলক প্রল অক নিজগুণ শুনি।
প্রেমে অক গর গর লোটায় ধরণী॥
ধ্যেন নরহরি অকে অক হেলাইয়।
গদাধর মুখ হেরি পড়ে মুরছিয়।
ধ্যেন মালসাট মারে খেনে বলে হরি।
রাধা রাধা বলি কাঁদে ফুকরি ফুকরি॥
ললিতা বিশাখা বলি ছাড়য়ে নিখাস।
ধৈরষ ধরিতে নারে গোবিকদাস॥

की २१४

998

কি হেবিলাম অপরপ গোরা গুণনিধি।
কভই চাঁদ নিকাড়িয়া নিরমিল বিধি।
উপারই স্থা কছ গোরা মুখের হাসি।
নির্বিতে গোরা রূপ কুদরে বৈল পশি।
আবি পালটিতে কত যুগ হেন যানি।
ভিয়ার মাঝে গাঁবি ধোবো গোরারপ খানি।

মনে অভিলাব ক্ষমা নাহি হয় মোর।
গোবিন্দদাস বলে মৃঞি ভেল ভোর॥
বরাহ ৭ ধ

990

ভাটিয়ারি

সই রে বলি কি আর কুলধরমে।
দীঘল নয়ানের বাণ হানিলে মরমে॥
সই এবে বলি না রহে পরাণ।
জাগিতে ঘুমিতে দেখি বাশিয়ার বয়ান॥
সই এবে বলি তার কি থির সন্ধান।
তাকিয়া মারিয়াছে বাণ যেখানে পরাণ॥
সই এবে বলি কি রূপ দেখিলুঁ।
দেখিয়া মোহন রূপ আপন। নিছিলুঁ॥
সই এবে বলি কি রূপ সাজনি।
য়াচিয়া যৌবন দিব ভামরূপের নিছনি॥
সই এবে বলি মনে তাহাই জাগে।
গোবিন্দাস কহে নব অন্তরাগে॥

গীতচক্রোদর ১৫৩, সমুক্র ৭৯ ত্রা ৭৪৯ কী ৭৫

996

স্থহিনী

বাধান্তাম দোঁহে বে বিহবে কুঞ্জবনে।
ছই চক্র একু ঠাম বয়ানে বয়ানে।
কাজরে মিশেছে রাই নব গোরোচনা।
নীলমণির অন্তরে পশেছে কাঁচা লোনা।
নব কুবলয় যিনি নাগর শ্রাম।
কবিত কাঞ্চন জিনি রাই অন্তপাম।
বিনোগিয়া নাগরের নাগরি রহু কোলে।
কাল জলে দোনার কমল বেন হেলে।

সোনার বরণ রাই কালিয়া নাগর।
সোনার কমলে বেন পশেছে অমর ॥
রাধাভামের রূপে কি দিব তুলনা।
কাম মরকত মণি রাই কাঁচা সোনা॥
গোবিন্দদাস দোহা দেখিয়া বিভোর।
সোনায় সোহাগা যেন মিলায়েছে জোর॥

ক. বি. ৮৪১

999

রদের হাটে বিকে আইলাম সাজাঞা পদার। গাহক নহিল রে যৌবন ভেল ভার॥ বড় ছঃখ পাই দখি বড় ছঃখ পাই। খাম অহরাগে নিশি কান্দিয়া পহাই। অরাজক দেশেরে মদন ত্রাচার। আপন ইচ্ছায় লুটে ে েই দিব কার॥ বদন্ত ফুরন্ত কত অনলে পুড়ায়। চক্রমণ্ডল হেরি হিয়া চমকায়॥ মাতল ভ্রমরা রে রুসে মাগে তায়। লুকাইতে নাহি ঠাঞি শিখি দরশায়॥ দারুণ কোকিল প্রাণ নিতে চায়। কুছ কুছ করিয়া মধুর গীত গায়॥ তে না বিকে সব গেল বহি গেল কাজ। যৌবনের সঙ্গে গেল জীবন বেয়াজ। ফুলশবে অব জব হিয়া চমকায়। গোবিন্দাসের তমুধরণী লোটায়।

রসমঞ্রী ২৫

906

চল বৃন্দাবনে রাই চল বৃন্দাবনে।
নয়ান সফল হবে ভাম দরশনে॥
অলুলে অজুরি পর চরণে নৃপুর।
বৃন্দাবন ষাইতে পথে হইব উছুর॥
৪৫

শুক্তন জাগিলে তোমার ভাল নাহি হবে।
মণিময় অভবণ পথে পড়া বাবে॥
ববাব খমক বীণা বাজে চারি ভিতে।
তার মাঝে চল রাই ফুলধমু হাতে॥
ছদিকে ছুমধির কাঁধে ভূজ আরোপিয়া।
প্রবেশিলা বুন্দাবনে জয় জয় দিয়া॥
গোবিন্দদাস কহে ছুহু মন ভোর।
সোনায় সোহাগা ধেন মিলন উজোর॥

সা. **প**. ১৯২

क. वि. ६०४

6eP

চল বৃন্দাবনে ধনি চল বৃন্দাবনে।

সে স্থাম নাগব ছাড়ি রয়েছ কেমনে॥

মন্দ মন্দ স্থাতল পবন না বহ।

স্থাকিত যম্না ছ্থিতা মনে রহ॥

না ফুটয়ে তরুলতা পীড়িত ভ্রমবি।

পিকু সহ কবি গান না নাচয়ে মউরি॥

সব স্থের স্থ তৃমি বৃক্তিলাম বিশেষ।

তোমা বিনে বৃন্দাবনে নাহি স্থের লেশ॥

গোবিন্দদাস কহে কর অবধান।

তুমি গেলে তোমার স্থাম পাইবে পরাণ॥

৭৪০ ভাটিয়ারি

এত ু.. পর মাহ্য কভু নাহি দেখি।

যে দিকে নয়ন থুই সেই দিক হৈতে মুই

ফিরিয়া আনিতে নারি আঁখি।

কোন বিধাতা আদি রসের মুরতিখানি

তরুমুলে কৈল নিরমাণ।

বিনি মেঘে ঘন আভা শীত বসন শোভা
অলপ হেলিছে মন্দ বায়।

কিবা সে বিনোদ চূড়া ছুক্তি সালতী বেড়া
মন্ত মন্ত্ৰ নাচে তার ॥
আদে নানা আন্তরণ ব্যুনা তরক বেন
চান্দ চলিছে হেন বাসি।
মিশামিশি হৈল রূপে মজিয়া রসের কুপে
প্রতি আদে দেখি কত শনী ॥
গলায় কদখমালা জিনিয়া মদন-কলা
মন্দ মধুর মৃত্ব হাস।
তাহাতে মুরলী পূরে ইথে কি পরাণ বাঁচে
কহতহি গোবিন্দাস ॥

माधुती ১।১६१

485

কি খেনে হেরিলাম স্থামরায়।
মিলিকাকলিকা কানে বহই জিভন্স ঠামে
করে ধরি ম্বলী বাজায়॥
ম্বলীতে নথ পাতি জিনিয়া চাঁদের জ্যোতি
বাঁশী রজ্ঞে কত স্থা করে।
গগন হইতে চাঁদ বাঁশীতে নামিয়াছে
ম্থ-স্থা লইবার তরে॥
নবীন নীরদ অন্ধ আর তাহে বদ চন্দ
প্রেম-চাতৃরী করু তায়।
গোবিন্দদাদের বাণী ভন রাধে বিনোদিনী
ভক্ষ গিয়া দেই স্থামের পায়॥

बन्नाइ ड च ১२६

982

জলদবরণ এক যুবা।

যুবভীর জাতি কুল ডুবা।

দেখে এলাম বমুনার ঘাটে।

রূপে কোটি মদন আঁটে।

সেই ৰূপ আমার হিয়ার মাঝে জাগে।
তা বিনে সকল শৃত্য লাগে ॥
দিয়া জাতি কুলের বিদায়।
শরণ লইছ রাজা পায় ॥
গোবিন্দদাসের চিতে জাগে।
চল ৰূপ দেখি গিয়া আগে॥

মাধুরী

989

ধানশী

বাধিতে বাধিতে চূড়া তিলক হইল মূড়া অবসর নাহি বাঁশী নিতে। নৃপুর বিহনে পায় অমনি চলিয়া যায় পীত ধড়া পরিতে পরিতে॥ ননী জিনি স্থকোমল তুখানি চরণতল কোপা পড়ে নাহিক ঠাহর। দয়া করি চাতকীরে পিপাদা করিতে দুরে ধায় যেন নবজলধর॥ আসি উপনীত সাম সেই সে বাধার ধাম বিরহিণী জিউ হেন বাদে। গোবিন্দদাদেতে কয় মৃত তরু মুঞ্জরয় বসম্ভ ঋতু পরকাশে॥ পণ্ডিত বাবাজী মহোদয়ের পুণি

988

বিভাস রাগ

অবলা কি গুণ জানি ধরে।
বিদিক মুক্টমণি নাগর হইয়া গো

এত না আদর কেন করে।
মোর অক্রদে লালস হইয়া বৈসে
বন্ধুয়া বোলয়ে জিলুঁ।

বুঝি অমুগত জনে ভাবিয়া লইমু মনে वकुरत जानना निन् निन्। আউলাইয়া কুম্বলভার বেশ করে বারে বার বসন পরায় কুতৃহলে। বসাইয়া আপন কোরে নৃপুর পরান মোরে চরণ পরশে করতলে॥ বন্ধুয়া বোলয়ে ধনি কালিয়া কন্থুরিখানি ও রাকা চরণতলে মাখি। সুগীর সমাজে তোর ঘোষণা রহক মোর নিগৃঢ় প্রেম তার সাথি। বিদেগধ খ্যাম রায় বদনে করেন বায় আপনে যোগান গুয়া পান। रगिविन्ममारमञ वागी 😎ন রাধা ঠাকুরাণী তেই তুমি ভামের পরাণ। मभूख ४३৮

মস্তব্য---

'মোর অঙ্গ সঙ্গ আণে লালস। পাইয়া রসে
প্রাণনাথ বলে জিফু জিফু'
ইত্যাদি পদটা বঙ্গদর্শন ১৩১৭ অগ্রহায়ণ সংখ্যায়
অপ্রকাশিত পদ বলিয়া প্রকাশিত হইয়াছিল। কিন্তু
ওটা প্রকৃতপক্ষে পদামৃতসমূদ্রের একটা ভাঙ্গাপদ।
পদটা স্বাধীনভর্ত্কার বর্ণনা। শ্রীরাধাকে শ্রীকৃষ্ণ যে কত
আদর করেন, তাহার দেব। করিবার জন্ম তিনি যে কত
ব্যাকুল তাহা এই পদে ব্যক্ত হইয়াছে।

980

আশু আশু বিনোদিনী বস্ত সিংহাসনে।
তুয়া বিনে তিমির দেখিয়ে বৃন্দাবনে ॥
তুয়া নাম ৰূপি আমি স্থনিয়ম করি।
তুয়া পুণাফলে আমি জগতের হরি॥
তোমার লাগিঞা আমি বৃন্দাবন করিলাম।
গাইতে তোমার গুণ মুবলী শিধিলাম॥

চান্দ বিনে অমিয়া পরাণ বিনে তহু।

চিত্রের পুতলী রাই আমি তোমা বিহু।

মনেতে রাধিহ রাই রাধিহ মোরে মনে।

হুগাছি নূপুর হব ও রাকা চরণে।

শিংহাসনে বিস দোহে দোহাঁ মুখ চায়।

গোবিক্দাস হেরি চামর চুলায়।

সং ২৬৩

98%

धाननी

গোঠে গেল বিনোদিয়া সকালে গোধন লঞা দিঞা শিক্ষা বেণুর নিসান। গুরুজনা আঙ্গিনাতে না পাল্যাম বাহির হত্যে না হেরিলাম সো চাল বয়ান। সজনি কোন পথে গেল শ্রামরায়। যেমন করিছে মন প্রাণ করে উচাটন চান্দ মুখ দেখিলে জুড়ায়॥ যশোমতি নন্দ ঘোষ ভাহারে কি দিব দোষ (शिकूल (शिधन हमा काल। আমাসভার জীবন গোকুলের প্রাণধন গোঠে গেল মদনগোপাল ॥ চল ষাই দেই পথে পদরা লইঞা মাথে ষেধানে আছয়ে শ্রামরায়। আহা মরি লুনি জিনি হকোমল তহুগানি (गाविननाम विन बाहे।

मः २८४

989

বড়াই আসিয়া বলে অতি বড় কুডুহলে শুন ওগো রাজার নন্দিনি। মথুরার পানে যাই পসরা সাজাও রাই গোবিন্দ কদ্বতলে দানি।

মথুরার পানে দানি রসিক সে শিরোমণি চল তথা বৃষভামুম্বতা। সঙ্গে লয়া প্রিয় সধি মথুরায় চলিলা হাটী দানছলে ভেটিবারে তথা। কুহুমে রচিত কেশ সিন্দুরে কাজলে বেশ যতনে সাজায়া রূপডালি। লাবণা রসের সিন্ধ মুখানি কনক ইন্দু মন্দ বায় পড়েছে বিজুলি॥ চলে বৃষভান্থ-কুমারি। রসিক বড়াই তায় দেখায়া শুনায়া যায় নিকট হইল মধুপুরি॥ যাইয়া ষম্না তীরে মিলল কদম্ভলে ষেখানে বসিকশিরোমণি। দানছলে কাছে আসি কহে কিছু হাসি হাসি গোবিন্দদাসের এই বাণী॥ মন্তব্য-শ্রীনজনীকান্ত দাদের পুথি (পৃ: ১৮১) হইতে ডঃ স্কুমার সেন কর্তৃক সাহিত্যপরিষৎপত্রিকায় দেখিতে দেখিতে বিনোদ নাগর
মিলল রাইর পাশ।
দেখিয়া জলিছে পরাণ পুড়িছে
কহয়ে গোবিন্দদাস॥

অ > (পদরসসার)

480

চল চল চঞ্চল চলি তাহি যাও।
ও চাঁদ বদন খানি দেখানে দেখাও ॥
দে হেন ফুলরি সঙ্গে কত ফুথ পেলে।
এখন আমার কাছে কোন লাজে এলে ॥
যাহারে লইয়া সুথে বঞ্চিলা রজনি।
আনন্দে বিলাস কর যেথানে সে ধনি ॥
রাইয়ের নিঠুর বাক্যে হইয়া উদাস।
বিম্থ হইয়া চলু গোবিন্দদাস ॥
ক. বি. ১৬০০

986

(৩৬ খণ্ডে) প্রকাশিত।

বিভাগ

র**ন্ধনি-প্রভাতে** উঠিয়া নাগর তেন্ধল নাগরী-পাশ।

ঘুমে চুলু চুলু নয়নযুগল

মুথে মৃত্ মৃত্ হাস।

কপাল উপরে সিন্দুরের বিন্দু
অধরে কাজর দেখি।

হিয়ার মাঝারে অলক তিলক নগ-চিহ্ন তাহে সাথী।

হিরার ত্লিছে বিনা হত মাল। যুবতি দিয়াছে সাধে।

এ সব ভূষণ অন্ধেতে করিয়া ভেটিভে চলিছে রাখে। 900

যেই হইতে শঠ নাগর উঠিয়া চলিল।
মানিনীর মানের কপাট ভালি গেল॥
উলটি পালটি কহে সথিগণে ডাকি।
কোথা গেল প্রাণকৃষ্ণ কহ ইন্দুরেখি॥
গোবিন্দদাস কহে কি কার্য্য করিল।।
কি ছার মানের লাগি বন্ধু হারাইলা॥

ক. বি. ১৭০০

905

প্রভাতে পরের বাড়ী কোন লাজে আস।

এমতি নিলাজ হাসি সেই খানে হাস।

বিজহ নিজহ বন্ধু আইলা কোন কাজে।

সেই যে রমণী ধনি ভোমাকে সে লাজে।

মিলকা মালতি যুথি নাগেশ্বর গাঁথি।
আলিবা আলিবা বলি পোহাইল রাতি॥
রন্ধনি বঞ্চিয়া আইলা জালাইতে আগুন।
বিহানে আইলা পোড়া-ঘায়ে দিতে লুন॥
যাহা বলি আছ তাঁহা তুলি ফেলি নাটি।
এথনি উঠিয়া গেলে দিব ছড়া-ঝাঁটি॥
যেমন নাগরী সঙ্গে পাইয়াছ স্থা।
তাহার লাবণাজলে ধোও গিয়া মুখ॥
তেই-মাথে রহে নাগর নয়নে বহে লোর।
গোবিন্দাদ কহে কি কহব ওর॥

অ ১৩ (পদরস্পার)

902

|বৈভাগ

বাদ জাগরণে নিকুপ্প ভবনে
আউলায় অলস ভরে।
হতলি কিশোরী আপনা পাস্থি পরাণনাথের কোরে॥ স্বি হের দেখসি যাবা।
নিক্ষ যায় ধনি ও চাক্বদনী

শ্রাম অঙ্গে দিয়া পা॥ জ্বাদ বরণে অধিক শোভিছে রাইয়ের চরণধানি!

এ তিন ভ্বনে তুলনা নাহিক

কোরে নব কামিনী॥

নাগরের বাছ সিধান হয়্যাছে

বিধার বসন ভূষা।

নিখাসে তুলিছে নাসার বেসর

মুখে হাসি আছে মিশা॥

পরিহাস করি নিতে চাহে হরি

সাহস নাহিক হয়।

ধীরি করি বোল নাহি কর বোল দাস গোবিন্দ কয়॥

की २२४

মন্তব্য—পদটা তরুতে জগন্নাথদাসের ভণিতায় পাওয়া যায়।

900

ধানশী

ম্রলী শিথিলে যদি বিনোদিনী রাই।
থানিক নাচহ তুমি ম্রলী বাজাই॥
রাই অঙ্গে অঙ্গ দিয়া নাগর কাহনাই।
নাচিতে নাচিতে যায় দোঁহে এক ঠাই॥
তা দেখি ময়্বীগণ নাচে ফিরি ফিরি।
জয় রাধে জয় কৃষ্ণ গায় শুকুসারি॥
ফলফুলে তক্ষলতা লখিত হইয়া।
চরণ পরশ লাগি পড়ে লোটাইয়া॥
বুন্দাবনে আনন্দ হিলোল বহি যায়।
গোবিন্দাস হেরি নয়ন কুড়ায়॥

মাধুবী ৩।৪৪১

908

বরাড়ী

এইত মাধবী-তলে আমার লাগিয়া পিয়া
ধোগী যেন সদাই ধেয়ায় ।
পো পিয় বিন হিয়া ফাটিয়া না ষায় গো
নিলন্ধ পরাণ নাহি ষায় ॥
সধি হে বড় তুখ রহল মরমে ।
আমারে ছাড়িয়া পিয়া মণ্রা বছল গিয়া
এই বিধি লিখিল করমে ॥
আমারে লইয়া সঙ্গে কেলি-কোডুক-রজে
ফুল তুলি বিহরই বনে ।

(भावित्मनात्मत भनावनी ७ डांहात यूग



নব কিশলর তুলি

রস-পরিপাটীর কারণে ॥

আমারে লইয়া কোরে অনিমিথে মৃথ হেরে

যামিনী জাগিয়া পোহায় ।

শো হেন গুণের পিয়া কোন থানে কিবা মনে

কার সনে পিরিতি বাঢ়ায় ॥

এতেক দিবস হৈল প্রাণনাথ না আইল

কাক মুথে না পাই সমাদ ।

গোবিন্দদাস চলু শ্রাম ব্ঝাইতে

বাচল বিরহ-বিষাদ ॥

उक्न ১৬१७ मिकाछिट्यानम् पृ: ১७२ 966

অকুরের মৃর্ভি ধরি দাকণ বিধাতা গো বধিতে আইল এজপুরি। রন্ধনি পোহাইলে প্রভাতে উঠিয়া গো হরিল যে যার মধুপুরি॥ সধি হে বড় মনে ছিল সাধ। এই হথে কাছ সঙ্গে জনম গোঁয়াইব দাকণ বিধাতা কৈল বাদ॥ যতেক গোপীর বধ হথেতে করিয়া গো ইথে কাছর হইবে হধ। গোবিন্দদাস কয় এ বড় দাকণ শেল আর না হেরিব চাদমুধ॥

বরাহনগর পুথি ৪খ

900

ननिত

মাধৰ এ তোমার কেমন চরিত। জাতি কুলশীল দিয়া বে তোমায় সঁপিল হিয়া তাহে ছাড় এ নহে উচিত। তোমার মুখ কলানিধি রাই কাঁদে নিরবধি লোরে কলেবর যায় ভাসি। এমতি নি:শাস ছাড়ে ক্ষণে ক্ষণে অনুবাগে নাসার বেশর পড়ে খসি॥ ষে ধনি তোমার লাগি निवानि विश्ववागी ত্রিভূবনে নাহিক তুলনা। ৰুঝিলাম তোমা হেন পিতলে পেতেছে মন পরিহরি দশবাণ সোনা। কি দোবে ছাড়িলে বাই ভগাইতে এলাম তাই ভবে কি সে প্রেমে দিয়া ডোর। গোবিন্দদাস কহে তাহে ছাড়া উচিত নহে গুন ওহে বৃসিক নাগর।

909

হরি নাকি যাবে মধুপুর। ছাড়িব গোকুলবাস জীবনে কি আর আশ বধভাগী হইল অক্রুর । ছাড়িল গোকুলচন্দ পরাণে মরিবে নন্দ यतित्व दाहिनी यत्नामा। গোপীর মরণ দৈবে অহুমান করি সবে সভার আগে মরিবেক রাধা। আর না শুনিব বেণু আর না দেখিব কাছ আর না করিব লাস বেশ। কান্তবে ব্যায়াা রাখে এমন বেপিত পাকে विधि विस्न नाहि उपाएण ॥ মথুরা নাগরী যত তার, কৈল পয়ত্রত वतक्वत्रभी एवं व्यन्धि। গোবিন্দদাস কহ क्रम्रा य प्रथ मह অবশ্য মিলিবে প্রাণনাথ।

মন্তব্য-->৭৫৪-৫৫ খৃষ্টাব্দের লেখা এক পুঁৰিতে চট্টগ্রামের দিয়াদ গ্রামের অধিবাসী কারস্থ কবি গোবিন্দ-

অ ১২৯ (পদরস্পার)

वब्राह्नमञ्ज शूचि ४च

দাদের কালিকামদলে বিভার মুখে এই গানটা দেওয়া হইয়াছে— সন্ধান দই, প্রাণবন্ধু যাইবেন মধুপুরে। ছাড়িব গোকুলবাদ, জীবনের কিবা আশ, বধভাগী হইল অকুর॥

এই সেই বৃন্দাবন, কেলি কৈলা অসুক্ষণ, বিদয়া গাঁথিল পুস্পমালা।

যত স্থিগণ এই, প্রাণস্থলর কই, কত না সহিব দেখ জালা।
আ্রুর না দেখিব কাম্থ, আর না শুনিব বেণু, আর না
করিব লাস বেশ।

এমন বেথিত থাকে, বন্ধুরে বৃঝাইয়া রাখে, বিধি বিহু নাহি উপদেশ ॥

ভাড়িব গোকুলচক্র, প্রাণে না জীবেক নন্দ, মরিবেক রোহিণী যশোদা।

গোপীর মরণ দৈবে, অহুমান করি দবে, সভার আগে মরিবেক রাধা।

মথ্রার নারী যত, ২. থারাধিল কত, জিনিতে কামের ফুলধয়

দাস গোবিন্দ বাণী, বন্ধুর গমন ভ্নি, যম্নায় ছাড়িব গিয়া তহু॥

কালিকামশ্বলের কবি যম্নায় তহুত্যাগের কথা লিখিবেন ইহা সম্ভব মনে হয় না; বর্জমানের মেয়ে বিছার পক্ষেও যম্নায় তহুত্যাগের কথা উঠে না। সম্ভবতঃ গোবিন্দ আচার্য্যের পদ চট্টগ্রামে যাইয়া কিছু রূপ বদলাইয়াছে।

ዓየሁ

পঠমঞ্জরী

বধুর পিরিতে আমার না পুরিল সাধে।
কোন দেশে গেল পিয়া কোন অপরাধে।
মনে সাধ অনহ বন্ধু হিয়াতে রাখিব।
ছাড়িয়া রহিলে আমি পরাণে মরিব।

মিনতি করিয়ে বন্ধু দত্তে তৃণ ধরি।
ভাম বিহনে প্রাণ ধরিতে না পারি।
সঙরি বন্ধুর গুণ হৃদয় বিদরে।
মনে করি বৃক চিরি রাখিব অন্তরে।
হৃদয়ে রাখিতে চাহি নয়ান মোর কান্দে।
গোবিন্দাস কহে পিরিতের ফান্দে।

क. वि. ১१३३

900

কোথা যাও পরাণ রাধার।
মৃথ তুলি চাহ একবার ॥
কি কহিলে নিকুপ্তকুটারে।
ছটা হাত দিয়া রাধার শিরে॥
পাথারে ভাসালে ব্রন্ধবালা।
দাঁড়াইবার নাহি পাছের তলা॥
ভোমার সোহাগে মাতিলাম।
গুরু গরবিত না মানিলাম॥
গোবিন্দালের ঝোরে প্রাণ।
পুন কিয়ে মিলব কান॥

क. वि. ३४०३

(৩৬ খণ্ডে) প্রকাশিত।

960

অনাথ সমান রাই বহিলা পড়িয়া।
নিশাস ছাড়য়ে ঘন হা কৃষ্ণ বলিয়া।
উচ্চস্বরে কান্দে রাই বিলাপ করিয়া।
কোথা গেলে অহে শ্রাম অনাথ ছাড়িয়া।
দেখ, দিয়া মোর প্রাণ রাখ একবার।
জনমিয়া হেন কভু না করিব আর ।
গোবিন্দদাসেতে বলে শুন বিনোদিনী।
অস্তরে ভাবিয়া দেখ শ্রাম গুণমণি।
মস্তব্য—শ্রীসজনীকান্ত দাসের পুথি (পৃ: ১২৬)
হইতে ভঃ স্কুমার সেন কর্তৃক সাহিত্যপরিষৎপঞ্জিকার

পরিশিষ্ট (খ)

গোবিন্দ চক্রবর্তীর পদ

945

স্তুহ বাগ

লাথবান কাঞ্চন জিনি। রসে চর চর গোরা অকের মু যাউ নিছনি ।। কি কাজ শারদ কোটি শশী। জগত করিলে আলো গোরা মুখের হাসি। দেখিয়া বৃদ্ধি মাধ্ব কাঁতি। মল্য মল্য অহুরাগে এ বর যুবতি ॥ স্থদশন শিথর মুরতি। মরমে ভরমে জাগে পিরিতি আরতি। ভাউ গঞ্জে মদন ধন্থকী। কুলবভী উনমতি কৈলে ছটি আঁথি। অনকা তিলকা ভালে শোভে। রন্ধিনীর মনে রন্ধ বাতে ঐ লোভে। চাঁচর চিকুর কবরী। নানা ফুল সাজে তাহে হেরি হেরি মরি॥ চন্দন-কেশর মাধা তহ। বন্ধিনীর প্রাণ বাঁটি লেপিয়াছে জমু॥ यमनविख्यी (माल माना। ইথে কি পরাণে জিয়ে কামিনী অবলা। রাজা প্রান্ত পীত পটবাস। প্ৰিরণ নিত্তিনি বস-অভিলাব ৷ অকণ চরুণে নথচান্দ। পামরি গোবিন্দদাসের চিতবাদা ফান্দ।

> সমূল ৩১, তরু ২৬৭ গীতচজোদর ৬১

শঠিভির—(১) শমুক্তে—রলে চর চর অঞ্চ মুঞি বাও নিছনি। মন্তব্য — রাধামোহন ঠাকুর পদায়তসমূত্রের টীকায় এই পদটীকে গোবিন্দ চক্রবন্তী কৃত বলিয়া নির্দেশ করিয়াছেন — "ততঃ প্রকারাস্তবেণ বিষয়ালম্বনেন তদ্ভাবর্ণনং শ্রীগোবিন্দচক্রবন্তিঠাকুরক্বত 'লাধবান কাঞ্চন জিনি' ইত্যাদিনা করেছি ।"

৭৬২

ধানশী

মো মেনে মলু মো মেনে মলু। कि थ्यत शोताक (मिथ्रा चान ॥ দাত পাঁচ দথী যাইতে ঘাটে। महीत इनान सिथन् वारहे। - হাসিয়া বসিয়া সক্রিয়া সকে। কৈল ঠারঠোরি কি বস-বঞ্চে॥ থীর বিজুরি করিয়া একে। সেহো নহে গৌরাক অকের রেখে॥ আঁথির নাচনি ভাঙর দোলা। মোর হিয়া মাঝে করিছে খেলা॥ চাৰ মলিন বদন ছাব্দ। দেখিয়া যুবতি ঝুরিয়া কান্দে॥ চাঁচর কেশে ফুলের ঝুঁটা। যুবতি উমতি কুলের থোঁটা। , তাহে তহু হুখ বসন পরে। গোবিন্দদাস তেঞি সে ঝুরে॥

> গীতচন্দ্রোদর ৬৯, সমুদ্র ৩**৬** তক্ত ২৭৭

শশুব্য--এই পদের টীকায় রাধামোহন ঠাকুর শিধিয়াছেন--- "বন্দ্যমাণশ্ত শ্বীং প্রতি শ্রীমত্যাঃ প্রত্যন্তরক্রপগীত-ক্তোচিতগৌরচন্দ্রে দাতব্যে তত্র শ্রীগোবিন্দচক্রবর্ত্তি-ঠক্রকতে সাহাজিকগোপীভাবাকাস্তকতিচিন্নবরীপনাগ-যুর্গজ্বির্গনময়ে "মো মেনে মলুঁ ইত্যাদি" গীতদ্বয়ে সংগ্রহকারেণোদান্তিয়েতে।"

গীতচন্দ্রোদয়ে আরম্ভ—

তল তল কাঁচা কাঞ্চন মণি।

কি ছার চাঁপার কলিকা গণি॥

থির বিজুরি করিয়া একে।

সেহ নহে গোরা অঙ্কের বেথে॥

সই সই মো মেনে মৈলুঁ।

কি থেনে গৌরাক্ব দেখিযা আয়লুঁ॥

१५७

ঐ বাগ

শচীর কোঁয়র

গৌরাক স্থলর

দেখিলু আঁখির কোণে।

অলখিতে চিত

হরিয়ালইল

অরুণ নয়নের বাণে॥

সই সরমে কহিলুঁ তোরে।

এতেক দিবদে

নদীয়া নগরে

নাগরী না রবে ঘরে॥

রমণী দেখিয়া

হাসিয়া হাসিয়া

বসময় কথা কয়।

ভাবিশা চিন্তিয়া

মনে দঢ়াইলু

পরাণ রহিবার নয়॥

কোন কুলঘতী

যুবতী ইহার

বুঝয়ে বসবিলাস।

তাহার চরণ

क्रमस्य धविशा

कश्या शाविनमान ।

मयूज ७७, उत्र ७७

মন্তব্য---রাধানোহন ঠাকুর এই পদের টাকাতে গৌর নাগরীভাবের বৌজ্জিকতা বিচার করিয়া লিখিয়াছেন--- "নহ কলিযুগ-পাবনাবতারত তদধর্মক্রইনিধিলনয়নারীণাং সংসারহেত্-শৃঙ্গারাত্তনর্থ-নির্ত্তিপূর্ব্বক্ষেব্রত্তরণ-কার্যারালাপ্রকারেণ তংকালীনতদ্ধামগতানাং নায়িকানাঞ্চ পরনারীপরপুরুষবিষয়কশৃঙ্গারত্তককটাক্ষাদিধার্ত্র্যার্থ সম্ভবতি। অত্যোচ্যতে পূর্ব্বাবতারেইয়মেব বিষয় আলমনম্ইতি জানতীতদাশ্রমালমনভাববতী কাচিয়বন্ধীপনাগরী শ্রীমন্দোরিচক্রকৃতকটাক্ষাতান্ স্বমিরভিষোগামত্তনানা নিজ্পথীং প্রতি লালসামেবাবেদয়তি। বস্ততঃ শ্রীমন্দোরিচক্রত সর্ব্বর্তি শ্রীকৃষ্ণভূর্ত্যা তৎপ্রেমত এব তে জ্রেয়া অভ্যাবতাবত্ত মুখ্যরূপেণাশ্রমালমনভাবনিদানতাং। অতোন দূর্বন্ম। তাসাং তু তত্তাশ্রমালমনভাবাজ্ঞানমিপিন দোষং। কিন্তু স্বভাবব্যত্যয়াভাবাং গুণ এবেতি সর্ব্বন্ধীপ জ্রেয়ম্য।

948

ধানশী

সক্ষা কাঁকালি ভাঙ্গিয়া পড়ে। তাহে তফুত্বধ বসন পরে॥ কোঁচার শোভায় মদন ভূলে। যুবতি-জীবন ঘুরিয়া বুলে ॥ भठीय ब्रनान शोबाक डाएए। वासन विनि जुक्व काँदि ॥ আঁখির বিলোল মুচকি হাসি। কুলবতী-ত্ৰত নাশিল বাসি। 'বন্ধ তুলাল টাপার ফুলে। कि पिया वाद्यिल क्छल-मृत्ल । চাঁচর কেশের লোটন দেখি। কোন ধনী নিজ ধৈরজ রাখি। কপালে চন্দন-ফোটার ছটা। রসিয়া-যুবতি তুলের কাঁচা। নিতখ-মঙলে কাম বহি। हेडिया निहिया नवान मि ।

পোবিন্দদাদের মরমে জাগে। তাহে কোন ছার হোবন লাগে।

গীতচন্দোদর ৭০, তর ২১৩০

960

ভাটিয়ারি

त्रिया त्रभी (य।

মদন-মোহন গৌরাঙ্গ বদন দেখিয়া জীয়ে কি সে॥ ধেধনী বঙ্গিণী হয়।

ভাঙ ধহুয়া মদন-বাণে
তার কি পরাণ রয় ॥
যে জানে পিরিতি বেথা।
দেহ কি ধৈরজ ধরিতে পারে
ভানিয়া মুখের কথা ॥
বিলাসিনীর মনে তুথ।

আজামূলস্বিত বাহু হেরি কান্দে পরিষর গোরা-বুক।

কামিনী কামনা করে।

গুরুয়া নিতম বিলাদ-বদন পরশ পাবার তরে॥

গোবিন্দদাসের চিতে।

গৌরাঙ্গ চাঁদের চরণ-নধর তাহার মাধুরী পিতে॥

¥. ₹. २७२३

গীতচন্দ্রোদয় ৬৮, তঙ্গ ২১৩১

966

স্থাই বাগ

ভন ভন সই গৌবাদ চাদের কথা।

না কহিলে মরি কহিলে খাঁকারি

এ বড় সরমে ব্যথা।

স্থরধুনীতীরে গৌরাক ক্ষম্ব দিনান করয়ে নিভি। কুলবধুগণ নিমগন মন ভূবিল সভীর মতি॥ ঢল ঢল কাঁচা সোনার বরণ লাবণি জলেতে ভাসে। যুবতী উমতি আউদড় কেশে রহই পরশ আশে॥ লোটন পীঠে আধ কুন্তল সোনার কুণ্ডল কানে। বুক পরিসর মুখ মনোহর **कि ना किल नित्रमार्थ ।** স্জল বস্ন নিডম্ব লম্বন আই কি হেরিম যে। কামের পাট রতির বিলাস কহি মুরছিল সে॥ জিনিয়া মাঝা সিংহেব শাবক उनि कमनी छेक्र। • গোবিন্দাস কহই বিষম কামের কামান ভুক। গৌরপদতরক্রিণী

969

ধানশী

গোরারূপ সদাই পড়িছে মোর মনে।
নিরবধি থূইয়া বুকে সে বস-ধাধস স্থাধ
ভানিমথে দেখাইো নয়ানে ॥
পরিয়া পাটের জোড় বাদ্ধিয়া চিকুর-ওর
ভাহে নানা ফুলের সান্ধনি।
পরিসর হিয়া ঘন লেপিয়াছে চন্দন
দেখিয়া জিউ করিলু নিছনি ॥
য়গমদ চন্দন
সাজিয়া কে দিল ভালে ফোটা।

আছুক আনের কাজ মদন ম্গধ ভেল বহল যুবতীকুলের খোটা॥

প্রাণ সরবস দেহ অবশ সকল সেহ না পালটে মোর আঁথি পাপ।

হিয়ার গৌরাঙ্গ-রূপ- কেশর লেপিয়া গো ঘূচাইব যত মনের তাপ ॥

কামিনী হইয়া কামনা করিয়া কাম-দায়রে মরি।

গোবিন্দদাস কহয়ে তবে সে

ছথের সাগরে তরি॥

ख्द्र २३७8

966

তথারাগ

দেখ দেখ নাগর গোঁর স্থাকর

জগত-আফ্লাদন-কারী।

নদীয়া-পুরবর রমণী-মণ্ডল

মণ্ডন গুণ-মণি-ধারী॥

সহজেই রসময় সহচর উডুগণ

মাঝে বিরাজিত নাগর-রাজ। মদন পরাভব বদন-হাস দেখি বিরস্ই রঙ্গিণিগণ ভয়লাজ॥

ভকতবৃন্দ-চিত কৈরব কল্পিড নিশি দিশি উদিত হিয়াক বিলাদে।

বদিয়া-বমণি-চিভ বৈাহিণী-নায়ক

অহুখন পূরল না বহ হ্রাসে॥ ঐছে বিলাস প্রকাশ বিনোদই বিলসই উলসই ভাবিনি-ভাব।

পদ-পছক পর গোবিন্দদাস-চিত ভ্রমরী কি পাওব মাধুরি-লাভ ॥

তদ্র ২১৩৫

GUP

কল্যাণী

শারদ কোটা চাঁদ সঞে হৃদর হৃথময় গৌরকিশোর বিরাজ।

হেরইতে যুবতি পিরিতি-র**নে মাতল** ভাগল গুরুজন-গৌরব-লান্ধ॥

সন্ধনী কিয়ে আদু পেখলু গোৱা।

মনম্প-ম্পন অরুণ নয়নাঞ্ল

চাহনি ভৈ গেলু ভোরা॥

মৃত্ মৃত্ মধুর মধুর শ্বিত-শোভিত লোহিত অধর বিনোদ।

কত কুল-কামিনি বদের ধামিনি

্ ভেল অমুরাগিণি পরশ-আমোদ॥

কেশরি-শাবক জিনি ভঙ্গুর মাঝ-ঝিনি

তাহে বিলদে মন-মোহন বাদ।

হেরি কুলবভিগণ নিধুবন-গভ মন

মৃগধে মাতল কত কক অভিলাব ।

কুটিল হুকেশ কুহুম লোটন

ষোটন বদৰতি বদ-পরিণাম।

গোবিন্দলান কহে ঐছে বর রিসিয়া

নাগর হেরি কহয়ে গুণ-গাম ।

७३७ २३७१

990

धान नी

যতিখনে গোরা-রূপ আয়লু হেরি।
মাজল মৃকুর আনলু তনি বেরি॥
মহি হে সরসহ আনন অনুপ।
ইথে লাগি মৃকুরে হেরিলুঁ নিজ মৃধ॥
তৈখনে হেরইতে ভেল হাম ধন্দ।
উয়ল দ্রপণে গোরা-মৃধ-চন্দ॥

₹. वि. २8• >

মর্ মুখ সো মুখ ধব ভেল সক।
কিয়ে কিয়ে বাঢ়ল প্রেম-তরক॥
উপজ্জ কম্প নয়নে বহে লোর।
পুলকিত চমকি চমকি ভেলু ভোর॥
করইতে আলিখন বাহু পাসরি।
অবশে আরিশি করে ধসল হামারি॥
বহুত পরশ-রস অদরশ কেলি।
গোবিন্দদাস শুনি মুরছিত ভেলি॥

495

গৌর নটবর হেরি গত দিবাকর থেলারস তেজিল রঙ্গে। তেজি জাহুবিকুল নগর মুখে ধাওল নব নব বিজ শিশু সঙ্গে॥ কিয়ে ধূলিধূসর त्शोत्र करनवत्र স্থচাক তিলক ভাল। অ1পাদলম্বিত স্থনে ঘন দোলত হিয়ায় বনি বনমাল। হেরত বারি বারি নদিয়া নাগরি স্বধুনি বারি ভরি কুম্বে। গৌর হুধাকর হেরিয়ে জর জর তেজ্বল গতি অবিলম্বে॥ কোই কোই জায়ত মন উনমত শ্রীচরণে যৌবন মনভার। গোবিন্দদাস কহে জীবনে মন মোহে গৃহে পছ কর আগুদার॥

৭৭২
তথা বাগ
বিহির কি রীতি পিরিতি-আরতি
গোরা ক্রপে উপজিল।

সেই পুণবতী যাহার এ পতি আনে সে ঝুরিয়া মৈল। সজনি কাহারে কহিব কথা। নিরবধি গোরা বদন দেখিয়া ঘুচাব মনের বেথা। সে গোরা গায় নিন্দয়ে কতেক চাঁদে। গলায় রঙ্গণ-কলিকার মালা नात्री-मन-वाका कात्म ॥ বাছর বলনি অঙ্গের হেলনি মন্বর চলনি-ছান্দে। আছুক আনের , কাজ কি মদন বিনিয়া বিনিয়া কান্দে॥ শ্রবণে সোনার মকর-কুণ্ডল বঙ্গিণী-পরাণ গিলে। গোবিন্দাস কহয়ে নাগর হারাই হারাই তিলে। তক্ত ২১৩৯

990

স্থহই বাগ

মরিব মরিব সই নিচয়ে মরিব।
পিয়ার বিচ্ছেদ আর সহিতে নারিব॥
জনমে জনমে হউ সে পিয়া আমার।
বিধি-পায়ে মাগো মৃঞি এই বর সার॥
হিয়ার মাঝারে মোর রহি গেল হুথ।
মরণ-সময়ে পিয়ার না দেখিলুঁ মুখ॥
গোবিন্দদাসিয়া কয় চরণেত ধরি।
এখনি আনিয়া দিব তোমার প্রাণ-হরি॥

ভক্ন ১৯৫৬ সমূজ ৩৭১ মন্তব্য—রাধামোহন ঠাকুর পদামৃতসমূত্রের টীকায় লিখিয়াছেন—আভোগে তু শ্রীগোবিন্দচক্রবর্তী তব প্রাণ-বল্লভং হ্রিম্ আনয়িয়ামীতি নিশ্চয়েন মৃতিবারিতা।

998

নিন্দু আপন পরভাগ।
তৈ গেল আশিন মাস॥
মাস গণি গণি আশ গেলহিঁ
খাস বহু অবশেষিয়া।
কোন সম্বাব হিয়াক বেদন
পিযা সে গেল পরদেশিয়া॥
সময় শাবদ চাদ নিরমল
দীঘ দীপতি রাভিয়া।
ফুটল মালতি কুণ্ড কুমুদিনি
পড়ল ভ্রমরক পীতিয়া॥

990

ত্রক ১৮০৮

●強 フト・タ

পাতিয় শমনক লাই।
আওল কাতিক ধাই॥
ধাই ঘটপদ লাই পত্মিনি
পাই কিয়ে বস-মাধ্বি।
ওহি নিশন্ধহি স্ঘনে চুম্বই
কোন বুঝে অছু চাতুরি॥
ঘবহুঁ পিয়া মঝু নেহ কবলহি
মেহ চাতক বীতিয়া।
পিয়াসে দ্বহি বোয়ে পাপিনি
ওই বুহল কি বীতিয়া॥

995

কি বিভি কবৰ অব হামে।
আওল আঘণ নামে॥
নাম শুনইতে উছল অস্তরে
দো বস-সায়রে পেশলি।
কৌন বিহি মঝু নাহলে গেও
হাম সে পড়ি বছ একলি॥
শিশিব নব নব তক্ষণ নব নব
তক্ষণি নবি নবি হোই বি।
নেহ নব নব তেজি দাকণ
দেহ ধক জনি কোই বি॥

999

কোই করয়ে জনি রোখে।

আওল দারুণ পৌখে।
পেথৈ দিনমাহা স্থরজ্ব-আতপ
পরশে কম্পন হোতিয়া।
রজনি হিমকর দরশে দহ দহ
হেরি সহচরি রোতিয়া।
কপট কামুক পিরিতি-আগুনি
দরশ কনি জনি হোই রি।
অতয়ে কুল শিল জিবন ধৌবন
স্থিক সঙ্গহি খোই রি॥

996

থোই কলাবতি মানে।
আওল মাঘ নিদানে॥
নিদানে জীবন বহল সো পুন
মাঘ সমুঝল যাবই।

खक ऽष्टऽर

মদন ধাছকি ফেরি আওল
সবহ মদল গাবই ॥

রসাল নব নব পল্লব-চাপহি

মুকুল-শরে কত জোই রি ।

ভ্রমর কোকিল ফুকরি বোলত
মার বিরহিণি ওই রি ॥

নংখ্যক রাধার ছানশ মাসিক বিরহের ১২টা পীত উদ্বত করিয়া লিখিয়াছেন—

অত্ত চাতৃশ্বাশ্যং বিশ্বাপতিঠক্রশ্য ততো মাস্বয়ং গোবিন্দদাসকবিরাক্তঠক্রশ্য ততোহবশিষ্টং মাস্বট্কং গোবিন্দচক্রবর্তিঠক্রশ্য বর্ণনম্।

রাধামোহন ঠাকুর-উল্লিখিত গোবিন্দ চক্রবর্তীর ছয়টি কবিতা বর্তমান সংকলনের ৭৭৪—৭৭৯ সংখ্যাযুক্ত।

992

ওই দেখহ অমুরাগে। আভল ফাগুন আগে॥ আশ আছিল আগে মঝু কছু নিচয় নাগর আগুবে। বরিখ গেলহি অবধি ভেলহি পুন কি পামরি পাতবে॥ সোই নিরমল বদন-মাধুরী দরশ কথি জনি হোয়। অভয়ে নিরগুণ জিবন তেজব মরণ ঔথদ মোয়॥ মোয় হেরি দথি দব কোই। চোঠ মাস বহু বোই॥ নিঝর লোচন বোই ঝর ঝর বিষম অব দৌ মাদ। ততহি বহলিহ কতিহু অন্তর হামারি গোবিন্দদাস। তহি পামরি আধ বরিখহি मान (भाविन्ममानिया। ক্ৰছ না পাওব অবহু তব অব

900

বিহগড়া

সঙ্গে শোহন नन-ननन নওল গোকুল-কামিনি। তপন-নন্দিনি তীরে ভালি বনি ভূবন-মোহন লাবণি॥ ভাতা থৈয়া থৈয়া বাবে পাথাওজ ম্পর করণ কিন্ধিণি। · विनास (भाविन প্রেম-আনন্দ সঙ্গে নব নব বঙ্গিণি॥ চাক চিত্রিত ত্ত্ঁক অম্বর প্ৰবন অঞ্চল দোলনি। ছুহু কলেবর ভরল শ্রমজল মোতি মরকত হেম মণি॥ উরহিঁ লোলনি বান্ধত কিম্বিণি नृপুর-ধ্বনি অহুষদিয়া। গীম-দোলনি নয়ন-নাচনি সঙ্গে রসবতি রঙ্গিয়া॥ विविध विनमहे ব্ৰুদে মাধ্ব সঙ্গে সঙ্গিনি মাতিয়া। नीन मत्रभग-স্থাম-মূরতি হেরত গোবিন্দদাসিয়া।

असुन्-दिक्क्तमान भवक्क्कक्क्क ১৮०२ हहेल्ड ১৮১७

एक ३४३७

বহল করমক নাশিয়া।

医弾 ライト・

96-3

ঐশান্ত ধানশী

শিয়ার ফুলের বনে শিয়ার ভ্রমরা।
শিয়া বিস্থ মধু না ধায় ঘ্রি ব্লে তারা॥
মো যদি জানিতাম শিয়া যাইবে ছাড়িয়া।
হিয়ার ভিতরে প্রাণ দিয়া রাখিতো বেরিয়া॥
কেমন দারুণ বিধি মোর শিয়া নিল।
এ ছার শরাণ কেনে অবহু রহিল॥
মরম ভিতর মোর বহি গেল হুখ।
নিচয়ে মরিব শিয়ার না দেখিয়া মুখ॥
এখানে করিত কেলি রিসয়া নাগর-রাজ।
কে বা নিল কি বা হৈল কে পাড়িল বাজ॥
দে শিয়ার প্রেয়সী আমি আছি একাকিনী।
এ ছার শরীরে আছে নিলজ পরাণী॥
চরণে ধরিয়া কান্দে গোবিন্দাসিয়া।
মৃত্তি অভাগিয়া বালে গাহিত মরিয়া॥

সমুদ্র ২৯৫, তক ১৬৫৫

962

শীকৃষ্ণ চৈতন্ত গোরা শচীর ত্লাল।
এই দে পুরবে ছিল গোকুলের গোপাল:
কেহ কহে জানকী-বল্পভ ছিল রাম।
কেহ বলে নন্দলাল নব-ঘন-খাম॥
পুরবে কালিয়া ছিল গোপী-প্রেমে ভোরা।
ভাবিয়া রাধার বরণ এবে হৈল গোরা॥
ছল ছল অরুণ নয়ান অনুরাগী।
না পাইয়া ভাবের ওর হইল বৈরাগী॥
সন্ন্যাসী বৈরাগী হৈয়া শ্রমিলা দেশে দেশে।
তর্ না পাইল রাধা-প্রেমের উদ্দেশে॥
গোবিন্দদাসিয়া কয় কিশোরী কিশোরা।
স্করপ রামের সনে সেই রকে ভোরা॥

তক্ল ২০৮৭

920

তথা রাগ

তিল এক শন্ধনে সপনে যো মঝু বিনে চমকি চমকি করু কোর। ঘন ঘন চুম্বনে গাঢ আলিক্সনে নিঝরে ঝরয়ে বছ লোর u मक्नी त्मा यि कक्र निर्वेदाई। না জানিয়ে কো বিধি निधि (परे लग्न সো স্থ করি বিছুরাই॥ তুহু কাহে বিরস বচনে মোহে মারসি ভারদি শোককি কৃপে। নুরছিত জনে ঘাত নহে সমূচিত জগজনে কহব বিরূপে। ভাকল মান স্বহু জন-গঞ্জন পিরিতি পিরিতি করি বাধা। র্ষিক স্থনাহ অাপনে হুধ পায়ব এ বড়ি মরমে মঝু সাধা॥ দো মুখচান্দ হৃদয়ে ধরি পৈঠব कालिन्मि-विष-इम भीदा। পামরি গোবিন্দ-দাস মরি যায়ব

क. वि. ১१२४

সমূজ ১৮৭, তরু ৪৪• সং ৪২৩

মন্তব্য—এই পদের ভণিতায় 'পামরি' গোবিন্দদাসের উলেথ থাকায় ইহাকে গোবিন্দ চক্রবর্তীর পদ বলিয়া ধরা হইল। রাধানোহন ঠাকুর 'লাথবাণ কাঞ্চন জিনি' ইত্যাদি পামরি গোবিন্দদাসের পদটি গোবিন্দ চক্রবর্তীর বলিয়া নির্দেশ করিয়াছেন। 'করি বিছুবাই', 'মরমে মঝু সাধা', 'সাজি আনল তছু তীরে' ইত্যাদি শব্দ ভাষার উপর অধিকারের অভাবের নিদর্শন। এই পদের উত্তরচাও গোবিন্দ চক্রবর্তীর বলিতে হয়। উহা নিয়ে প্রেদত্ত হইল।

পাজি আনল তছু তীরে।

96-8

কি কহিলি কঠিনি কালিদহে পৈঠবি
তন্ততে কাঁপই দেহা।

উছন বচন কাছ যব শূনব
জিবনে না বান্ধব থেহা॥
তাহে তুহু বিদগধ নাবী।
অহচিত মানে দেহ যদি তেজবি
মরমহি বিরহ বিথারি॥
কাছক চীত বীত হাম জানত
কবহু নহত নিঠুৱাই।

তৃহঁ যদি তাহে লাথ গারি দেয়দি
তবহুঁ রহত পথ চাই ॥
এছন বোল না বোলবি স্থন্দরি
কাহে পরমাদদি এহ ।
গোবিন্দদাসক শপতি তোহে শত শত
যদি উদবেগ বাঢাহ ॥

क. वि. ১१२१

তক্ত ৪৪১

মন্তব্য—এই পদটীতেও 'জিবনে না বান্ধব থেহা', 'কবহু' নহত নিঠুৱাই', 'কাহে পরমাদসি এহ' প্রভৃতি ভাষার দৈত্যের পরিচায়ক।

পরিশিষ্ট (গ)

গোবিন্দদাস নামধারী একাধিক অর্ব্বাচীন কবির পদ

960

বেহাগ

নিজা অচেতন বাণী কিছুই না জানে।
চেতন পাইয়া পুত্র দেখিল নয়নে॥
বোহিণীকে বোলাও তুলা তুল করবি।
হের দেখিসিয়া আসি বালকের ছবি॥
এ কথা শুনিয়া নন্দ আনন্দিত মন।
একে একে চলিলেন স্তিকা ভবন॥
কত কোটী চন্দ্রের হইল উদ্য়ে।
হেরিয়ে বালকের রূপ আনন্দ হলয়ে॥
হেরিয়ে অপরূপ আনন্দ উল্লাস।
কৃষ্ণচন্দ্র-জন্ম কহে গোবিন্দাস॥

ববাহ ৭খ ১৫

96-5

ত্রী রাগ

বৃদভাম-পুরেতে আনন্দ কলরব।
উর্দ্ধন্থে ধেয়ে আইল ব্রহ্মবাদী দব॥
ধাইয়া আইল দব ব্রহ্মের রূপদী।
দেখে বৃষভামুস্থতা জিনি কত শশী॥
দেখিয়া গোপিকা দব আনন্দে ভরিল।
নাহিক নয়ান ঘূটী কীর্ত্তিকা দেখিল॥
পায়াছিলাম দাধ পুরাব রভনের নিধি।
গোবিন্দাস কহে নিদাক্রণ বিধি॥

বরাহ ৭খ ১৬

969

ধানপ্রী

কান্দয়ে কীভিকা বাণী ছনয়নে বহে পানি ধৃলি পড়ি গড়াগড়ি যায়। এমনি স্কর কতা এরপ জগতে ধতা বিধি চক্ষ্নাহি দিল তায়॥
'হায় বিধি কি দশা করিলা।

দিয়ে গো বতন নিধি হাত নাহি দিল বিধি ধন আবরণ না হইলা॥

কান্দি বৃষভাহনারী ভূমে বায় গড়াগড়ি তেজিল অঙ্কের অলহার।

কেশপাশ নাহি বান্ধে ভূমে যায় গড়াগড়ি তুনয়নে বহে পাণি-ধার॥

আদি যত সহচরী উঠাইল হাত ধরি বদাইল আপনার কোলে।

কহয়ে মধুর বাণী আবার না কান্দিহ রাণী ভালো মন্দ কপালের ফলে॥

কন্তা কোলে কয় দেবী ঐ হোক চিরন্ধীবি বাহু মেলি কন্তা লহ কোলে।

বাঁচিয়া থাকিলে এই শতেক কোঙর সই আশীষ করহ কুতুহলে।

শোক হৃঃথ পরিহরি ক্সা নিল কোলে করি ছাড়ে রাণী দীরঘ নিশাস।

দাসিগণ সারি সারি সেচই বাসিত বারি মর্ম জানে গোবিন্দদাস॥

বরাহ ৭খ ১৭

966

কামোদ

গোঠেরে সান্ধিল বিনোদিয়া। আভীর বালকগণ গান্ধ রামক্ককণ্ডণ গোপী বৈল চাঁদম্থ চাঞা।

সোপা বেল চালমূব চাঞা।

শানন্দিত নন্দ্রাণী

সাজাইয়া বহুম্বি

নানা আভরণ পীত বাস।

ক. বি. ১০৯

রূপ হেরি ব্রহ্মনারী আঁখির নিমিখ ছাডি পীয়ে রূপ না যায় পিয়ান। বিবিঞ্চির তুর্লভ সে পদপল্লব ষোগীর ধ্যানে অতি দুর। ভাগ্যবতী নন্দরাণী পাইয়া পরশমণি भाम धनि भनाम नृभूत ॥ . গোঠে যায় শীহরি চূড়া বাঁধে মন্ত্ৰ পড়ি পীঠে দিল পাটকি ডোর। ধডার আচল ভরি शहिष्ठ मिन कीत्र ननी কাদে রাণী হইয়া বিভোর ॥ আহীর বালক সন্নী কডজন কত বুঙ্গী তার মাঝে ভাম নটরায়। ধ্বত্ব বক্তাঙ্গুশ চিহ্ন বোহি চলে ভিন্ন ভিন্ন গোবিন্দদাস তাঁহা চায়॥

लङ्बी ১১৮

960

ষমুনাক ভীরে তক্তল স্পীতল আদিয়া মিলিল দোন ভাই। সভে বলে ভাল ভাল কী খেলা খেলিবে বল আৰু খেলা খেলিব এক ঠাই॥ কাক কাছে ভেঁটা কড়ি রাম চাক দাঁড়াগুলি কেহ কেহ পাঁচনি ফিরায়। বাম কানাই কুতুহলে मां ड़ोरेन घुरे मरन निस्त्रन धति धा खत्रा धारे ॥ সাতলি করিয়া পণ খেলায় রাখালগণ হারিলে লইব কান্ধে করি। বংশিবটের ভলে বাখিয়ে আসিতে হবে সভে মিলি এই পণ করি। বলাই জিনিল তবে খেলিতে লাগিল সভে ডাকিয়া দাতলি বলাই ভাবে। সাড়লি ভালিল বলি ভাকে মহামত্ত করি शांजनां विश्व विश्व विश्व विश्व

কেহ ধায় তুরাত্রি কেহ তক্ত লক্ষ্য করি পিছে ধার মত্ত বলাই। সাতলি পাতিতে যাই এক শিশু বলে ভাই यात यनि नत्नत त्नाशह ॥ দুরে হইতে মারি ফেলি বিষম গেঁডুয়ার বাড়ি ठीरे ठीरे कृतिन कानारेखत था। কান্দিয়া কানাই বলে পডিয়ে ধরণিতলে এমন সময় কাছে নাহি মা॥ বলার ভয়েতে হরি ছিদামের করে ধরি वल ভाই हन याहे मूदा। এত কি পরাণে সয় গোবিন্দদাস কয় দাদা কেন মারিলেক মোরে ॥

900

(थनायरम हिन कृष्ध हिनास्मय मत्न। হেন বেলে রাধারে পড়িয়া গেল মনে ॥ (ध्य मत्म नियां किया मव मथां गण। যমুনার ঘাটে গিয়া দিলা দরশন ॥ ঠাই বৃঝি বদিলেন কদম্বের ভলে। ঘাটের গলায় মালা দান লবার ছলে। (इन काल नाम (वर्ष मांकारेग्रा भमत्रा। দেই মথুরার বিকে যায় গোপিকারা॥ হের কে দেখ গো বড়াই কদম্বের তলে। কেন বা আইলাম বিকে আপন থাইয়া। ঐ দেখ ভাকে বাঁশি রাধার নাম লইয়া। শ্রামটালের উপরে ধবল টাদা মেলা। ভাহারি উপরে শোভে তিমিরের মালা। তাহার উপর মন্ত-মউরপুচ্ছ সাজ। হেন অভুত রূপ কেবা দেখিয়াছ। তাহার উপরে মন্ত মউরের পাধা। আমাহইতে জাতি কুল নাহি গেল রাখা। নীল মেঘ উপরে কিবা নব ইত্রধন্থ।
তড়িত-ক্ষড়িত রূপ নবঘন তন্থ।
শিরে চূড়া পীত ধড়া বনমালা গলে।
ত্রিভঙ্গ-ভঙ্গিম রূপ কদম্বের তলে॥
কত কোটি চক্র জিনি শ্রীম্থের ছটা।
গোবিন্দাদের মন কেন লাটাপাটা॥

क. वि. ১৯२

925

স্থবল মিলন

দেবি কহে জটিলারে শুনহ বচন।
নিশিতে দেখিছি হাম কঠিন স্থান ॥
ক্রাম বামে বদিয়ে আচয়ে কমলিনী।
ইহার মঙ্গল লাগি আইয় তথনি ॥
জটিলা প্রণাম করি কহে দেবি-পায়।
যাহাতে : ধল হয় করহ উপায়॥
দেবি কহে আয়োজন করহ তুরিতে।
দিনমণি পৃজি রাধাকুণ্ডের তীরে ॥
অফণপৃজ্জার আয়োজন দেওল রাণি।
আবি ঠারি স্থবলেরে কহে স্থদনি ॥
স্থবল আইল তবে যম্নাক তীরে।
বায়ের আনন্দ হইল স্থবলেরে হেরে ॥
আপন আপন বেশ পরি দোঁহ জন।
জল ভরি কুণ্ডে ধনি কয়ল পয়ান।
গোবিন্দাস করু ছহ গুণ গান॥

বাঁশিরব লাগি কানে চিত না থৈরব মানে অমনি উঠিল রসবতি।

কে বাবে আমার সাথে ফুলধছু লে গো হাতে ভেটি গিয়ে গোলোকের পতি ॥

লিকিতাবলেন রাধে সাক্ষাব মনের সাধে অমনি যাইবি কেন ধনি।

দৈ সে সৰ রাখি সঙ্গে নাগরে ভেটিব বজে থেতে হবে তাও আমরা জানি॥

রাইকে সা**জাইছে** ভালে লবন্দ মল্লিকার **মালে** গোরোচনার বিন্দু তাহে দিল।

কপালে সিন্দুরের বিন্দু ববি-কোরে ষেন ইন্দু হেরি সভে বিমুখ তেজিল।

দোদতি-মৃকুতার মালা গাঁথি এক ব্রহ্মবালা প্রাইল শ্রীমতির গলে।

অন্ন্যানে বৃঝি হেন বিধুপাশে ভারা যেন উদয় করিল মেঘের কোলে॥

অভিনব কামিনি তমু খেন সৌদামিনি সৌদামিনি ভূষণে ভূষিত।

নিজ অঙ্গ দরশনে প্রতিবিম্ব বিলোকনে ধনি ভেল আপনে মোহিত॥

রাই মোর ভূষণ পরে মনোহরের মন হরে ধৈরজ ধরিতে নাবে আনে।

त्वप्रक वाप्रक नात्य पान । त्वांविक्तनाम क्य जुनना निवांत नम्

চাদ যেন নামিয়াছে ভূমে।

920

क. वि. ७३२, १२२

क. वि. २१४

925

ললিতা বিশাধা সংক ক্রীড়া করে নানা রক্ষেবিদারী।

এমন সময়ে আসি বাজিল সংক্ষেত বাঁশি

সভে মাতা রাধা রাধা ধ্বনি॥

রাই চল চল আর কেন বিলছ ললিতা লছ লছ বলে। শ্রীহরি বলি উঠিল ধনি ধরি স্থি-ভূজ-মূলে।

গোৰিন্দদানের পদাবলী ও তাঁহার যুগ

মণিদরপণ অলভাজন ধৃপশক লেল। সম্পূট করি তাম্বল পূরি গুণ চুড়ছি দেল।

চামর বিজ্ঞন লেই কাদখিনি চলি ধায়। স্থকমল জ্ঞিনি বাইপদ আছে

কণ্টক ফুঁকে ভায়।

রূপমঞ্জরি

ভুজ্যুগ মেলি

ভয়ে চলে কাছে কাছে।

কেশরি জ্ঞানি মাঝা অতি কিণি

ভয়ে ভাঙ্গে জনি পাছে।

লোকালয় ষব পরিহরি বনে

रेश्वेनि वाना।

গোবিন্দদাস

কহে অব সব

স্থিনির ভয় ভেলা।

क. वि. ७३१

958

কড়খা ধানশী

ললিতা উল্লাস প্রাণী স্বর্ণের চিরুণী আনি
মনসাধে আঁচরিল চুল।
বিশাপা কবরী বাধে করি মনোহর ছাঁদে

সারি সারি দিল নানা ফুল॥

চিত্রা সময় জানি স্বর্ণের সী'থি স্থানি

विज्ञान भी थियूता।

চম্পকলভিকাধনি অপূর্ব সিন্দুর আনি

ষতনে পরাওল ভালে।

নানারত্ব কর্ণমূলে বঙ্গদেবী পরাইলে

শোভা অতি কহনে না যায়।

হুদেবী হরিব হইয়া পঞ্নমোতি হার লইয়া

পলে দিয়া নির্থিয়া রয়।

বাকি আভরণ ছিল তুক্সবিদ্যা পরাইল ইন্দুরেখা পরায় নুপুর। গোবিন্দদাস অভিলাষি হইতে রাধার দাসী ভবহি মনোরথ পুর ॥

মাধুরী ১।৪৮৭

920

গুরু গরবিত ধনি নাহি করে ভয়। ৈভেটিব নাগর খ্যাম দড়াইল নিশ্চয়॥ অভরণ পাডি আনি করিল সাজন। গলায় পরিল বাজু হাতের কমণ॥ পায়ের নৃপুর কেহ তুলি পার করে। গঙ্গমতি হার পরে কটার উপরে॥ কপালের হিরাব পাঁতি পায়ে পরে ভালে। কুত্র ঘণ্টিকা কেহ পরয়ে কপালে॥ কপালে কাজর পরে নয়নে সিন্দুর। ভূলিল সকল গোপী হইল অথির ॥ আর এক গোপবধু যাইতে না পাইল। কুজন হইল তার পতি ধরিয়ে রাখিল। ক্লফ অন্থরাগে গোপী পরাণ তেজিল। ুআগে যাই সেই ধনি কৃষ্ণচরণ চাইল। গোবিন্দদান কহে অমুরাগ নার। নিশ্চয় হইলে মিলে নন্দের কুমার॥

ক বি ৭৩৭

426

ন্পুবের কছ বৃহ পড়ে গেল সাড়া।
নাগর উঠিয়া বলে কে রাই হেন পার।॥
ও কে এলে হে ধনী প্রেমময়ী রাধা।
তুব দরশনে দ্রে গেও মনসিজ বাধা॥
তুমি আমার সরবস হ্নয়ানের তারা।
তুমা বিনা স্বদিগ লাগে আদ্মিরারা॥
তুমি মোর জ্পতপ তুমি ব্রত দান।
তুমি আমার সূল্যর তুমি হরিনাম॥

তথন আনিয়া ষমুনার বারি ধোয়ায় ত্ই পায়। পীত বাদে মৃছে পদ অনিমিথে চায়॥ তা দেখি দলিতা মৃচকি হাঁদে কুন্দলতার আড়ে। গোবিন্দদাস ভাসে আনন্দ সায়রে॥

क. वि १४8

মন্তব্য-পদামৃতমাধুরী ১।৫১২ পৃঃ জ্ঞানদাদের ভণিতাযুক্ত একটি পদে

দিরশনে দ্বে গেল মনদিজ বাধা।

তুমি মোর সরবস নয়নের তারা।
তোমা বিনে দশদিগ হেরি আন্ধিয়ারা॥
তুমি মোর জপতপ তুমি মোর ধ্যান।
তুমি মোর মন্ত্রতন্ত্র তুমি হরিনাম॥"
ইত্যাদি চরণ মিলে।

929

একে সে লোকে কথা সহনে না যায়।
মোর নাম ধরি বাশি অবিরত গায়॥
গুরুজনা পরিজনার যথন থাকি কাছে।
মোর নাম ধরি বাশি সঘনে গরজে॥
রাধা রাধা বলিয়ে ডাকয়ে বাশি সদা।
মা বাপ ছাড়াইল ঘর নাম গুঞে রাধা॥
মন হথে থাকি আমি মরমে মরিকা।
আপনা মজাইলাম আমি পিরিতি করিকা॥
গোবিক্দাস কহে শুন ধনি রাধা।
শাম যে তোমার তমু তুমি তমু আধা॥

ক, বি. ৮১•

426

বৃষিয়া গোপিকা-অন্ধ দহিছে অনন্ধ।
বিদিক নাগর পাশ প্রেমের তরকে॥
আচরে স্কুচাক করি স্ববেশক লাই।
বিয়ানে বয়ানে মিলি নয়ানে মিলাই॥

मृष् পরিবস্তবে হাদয় জুড়াই। পয়োধর-শিখরেতে নথর বসাই। এইরূপে যত গোপী তত রূপ ধরি। বিহরে অনঙ্গ রঙ্গে রসিক মুরারি॥ এলোথেলো গোপিগণ কবরি ধনিল। জলধর আড়ে যেন শশি লুকাইল। অধর মাধুরি পানে বিদ্ধিল দশনে। নারী বিমোচন চির হরল জঘনে॥ শ্রমজন গলিত সকল অঙ্গরাগে। মুকুতা কবরি ভাব কুম্বম ভূমি ভাগে॥ মুখরিত মঞ্জির বলয়া বদনে। হার হরল অংক নামি সম্বংগ ॥ গোপীর বদন চাঁদ চকোর কানাই। সিন্দুরের বিন্দু কাজরে বানাই॥ বিপরীত স্থরতি কুটিল ঘন দিঠি। লহ লহ সহাস্ত বচন ভেল মিঠি॥ খ্যামল নাগরবর গোয়ালিনি গোরি। গান শ্রীগোবিন্দাস মেঘেতে বিজ্বরি॥

ক. বি. ৮৩১

999

বৈলোক্য-আধার রুক্ষ নন্দের নন্দন।
কেমনে গোপিকাগণ সহিবে বমণ ॥
সহিতে না পারি গোপী মাগে পরিহার।
নিবেদন করি হরি না কর বিহার ॥
সহচ্ছে বমণকেলি করহ গোঁয়ার।
নাগর-সমাজে বড় হইবে থাঁথার ॥
আব মার সাধ নাই শুনহ লম্পট।
আজি সে ব্ঝিফু মোর বড়ই সহট ॥
ছাড় ছাড় লম্পট আমার নাহি কাজ।
ভালে ভালে বলিতে কী থাইয়াছ লাজ ॥
ভূমি মত্ত হতী যত আমি ফুল খিনি।
দৃঢ় এই বিহার কড লহে কমলিনি ॥

গোবিন্দলানের পদাবলী ও তাঁহার যুগ

কে বলে দয়াল ডোবে নিঠুর মুবারি।
বে বৃঝি প্রকার আজি বধ গোপনারি ॥
নিচ্বতা ডেজ হরি রাখ ওহে তহু।
ধীরে ধীরে রমণ সহজ কর কাহু ॥
নখাঘাতে বিদরে নব পরোধর।
নিরবধি দহে তহু বিষের সোসর ॥
অধর নিরস হৈল ঘন বহে খাস।
কখন না যায় প্রাণ তখন আয়াস॥
কহেন গোবিন্দ প্রাণ যাউক নাহি ত্থ।
সবে না দেখিব আর তুয়া চাঁদমুখ॥

क. वि. ४७२

800

এতেক বচন যদি গোপীগণ বৈল।
ত্তনিয়া প্রভুৱ মনে দয়া উপজিল।
পরিহরি রমণ রসিক-রাজ ধীর।
অমিয়া বচনে সব সেচিল শরীর।
আপনে কবরি হরি ধরি ধরি বাজে।
বসনে বসনে বিগলিত নিবিবজে।
গাঁথিয়া গাঁথিয়া পুন গজমতি হার।
পুনরপি কঠে মালা দিল সভাকার॥
এতেক দেখিয়া নন্দ-স্কত-হৃত্বগতি।
গোবিন্দদাস কহে সভাকার প্রতিভঃ

क. वि. ४७०

607

ফুলের কুগুল ফুলের হার।
ফুলে বান্ধিরাছে কুগুলভার॥
ফুলে বান্ধিরাছে মুরলিবর।
ফুলের ধহুক ফুলের শর॥

ফুলের ফুলেতে রচিত গেডু।
সকল গোপিনী গোপাল থেডু॥
হরিব হইয়ে উনমত অলি।
সঘন সম্প্রে গুঞ্জেরে ভেলি॥
কুম্ম পরিয়া কবরী পরে।
রক্তে গোপিকা কাড়াকাড়ি করে॥
কুম্ম সাজায়ে লুটয়ে পড়ি॥
ফুল তুলি ফুলের করিছে বাণ।
মদনে মাতিল গোবিল গান॥

405

জয় রে জয় বৃষভাহু-কঞা। ডালে বসি ডাকে সারি প্রেমে বহে বকা॥ সারি বলে ওহে শুক তোমার রুফ কালো। আমাদের শ্রীরাধার রূপে জগত করে আলো॥ শুক বলে আমার কৃষ্ণ মদনমোহন। সারি কহে আমার রাইয়ের সঙ্গে যতক্ষণ। শুক বলে আমার রুফ করে ধরে গিরি। माति वरन आभाव बाधा करन धरव शिविधावि॥ শুক বলে আমার কৃষ্ণ স্থপ-সিন্ধ-সার। সারি বলে আমার রাধা প্রেমের ভাগ্ডার॥ **एक वर्रामां व्याप्त कृष्मित्र वर्राम हुए। हेर्ल ।** সারি বলে আমার রাইয়ের চরণ পাবে বলে। শুক বলে আমার ক্লফের মুর্বর ধ্বনি। সারি বলে আমার রাইয়ের স্মধুর বাণি। শুক বলে আমার ক্লফের চন্দনের বিন্দু। नोति रत्न चामात्र त्रांशांत्र निम्नृदत्रत रिम् ॥ সারি শুকের ঘদ্দ শুনি কোকিলা কোকিলি। উল্নিত জয় জয় রাধাকৃষ্ণ বলি ॥ তা ভনি আনন্দে ভাবে প্রমণ ভমবী। বাই খাম বেড়ে তারা গুণ গুণ করি।

তা দেখি মউরী নাচে মউরের দক্তে। গোবিন্দদাদ ভাদে প্রেমের তর্কে॥

ক. বি. ৮৪৫

ঋণী আমি তুমি রাই প্রেমের মহাজন। কলিযুগে ভাধিব ঋণ করিয়া কীর্জন॥ রাই কহে তোমার সঙ্গে নবদীপ যাব। গোবিন্দদাস কহে প্রেমের ধার ভাধিব॥

ক. বি. ৯৩৩

600

ভাল হইল আইলা গোপী দেখ বনশোভা।

যবে যাঞা নিজ নিজ পতি কর সেবা॥

হরজন চোর যদি হয় নিজ পতি।

তাহা ছাড়ি রমণীর নাহি কোন গতি॥

কাহর এতেক বাণী শুনি দব গোপী।

অধাম্থ হইয়া চরণে লিখে কিতি॥

থঞ্চনমন্মনে স্থরধূনিধারা বয়।

ধর্ম তোমাতে রহ গোপীগণে কয়॥

করিব অধর-পান মনে মনে রুথে।

পতিত্রতা ধর্মচীকা শিখাও কাহাকে॥

পত্নীর পরম গতি তুমি অভিরাম।

তুমি না থাকিলে পতি অগতি প্রমাণ॥

কত কত পত্মিনি গায়ত মধুকর ধর শ্বিভাদ।

পত্মিনি গায়ত মুগধল গোবিন্দাদ॥

ক. বি. ৮৬৪

408

ভালই হইল রাই ভালই হইল।
আমি হইলাম গৌররপ তুমি হইলে কাল॥
নিজরপ দেখি মোর মনে হইল ক্ষোভ।
ভোমার স্বরূপ হইতে হইল বড় লোভ॥
বড় মনে লাধ ছিল হব ডোমার রূপ।
আপনি করিলে তুমি আপনা স্বরূপ॥
চূড়া বাধি দিয়াছি রাই আর না লইব।
ভোমার ভাবের মালা গাঁথিয়া পরিব॥

P.00

রাধাখাম পাশা খেলে অতি মনোহর। কাঞ্চনের পাটী লয়ে দিল থর থর ॥ বাই নিল কাল গুটি গোরি নিল খাম। কাঞ্নের পাটা লয়ে খেলে অমুপাম। খাম কহে বিনোদিনী আগে কর পণ। হারিলে হারিবে তুমি যত আলিঙ্গন ॥ বিনোদিনী কহে শুন বিদগধ রায়। এ কথা কহিতে মুখে লাজ নাহি পায়॥ হারিলে লইবে টার করণ আমার। জিনিলে লইব আমি মুবলি তোমার॥ একথা ভনিয়া দৃঢ় প্রমাণ করিয়ে। ললিতার সাক্ষী রাথে করচা পাড়িয়ে॥ পাণা থেলে ব্রজরাজ দশ দশ বলি। বিপু বিপু বলি ডাক দিল চদ্ৰাবলি॥ দশ না পড়িল খ্যামের বৈরি হৈল দার। গোপীগণ মাঝে খাম পাইল বড লাভ । থেলিতে না পারে খ্রাম করিছেন চুরি। রাধা ও বিশাখা সব দিছে টিটকারি॥ দাস গোবিন্দ কহে খ্রাম না খেলিহ আর। হেন ু, à ষায় পাছে মুরলি ভোমার।

क. वि. २२३

800

আপন স্থানিয়া স্কলন দেখিয়া পিরিতি করিয়ে ভার। পিরিতি রভন করিয়ে যতন ভবে সে সমান যায়। দই পিরিতি বিষম বড়।

পরাবে পরাবে মিশাইতে পারে

তবে সে পিরিতি দড়।

ভ্ৰম**হা সমান** আছে কত জন মধুলোভে করে প্রীতি।

মধুপান করা৷ উড়িয়া পালায়

এমতি তাহার রীতি॥

কুজনে স্বন্ধন পিরিতি করিলে

সদাই হুখের ঘর।

আপনার হথে পিরিতি করয়ে

সে পুন বাসয়ে পর॥

স্থান স্থান অগণ্ড পিরিভি

বে জন করয়ে আশ।

তাহার পরাণের নিছনি লইয়া

কহে ত গোবিন্দদাস॥

वत्राह्मभन्न भूषि ७ (৮)

মন্তব্য—বোধ হয় কোন এক চণ্ডীদাদের পদে গোবিন্দদাদের ভণিতা যুক্ত হইয়াছে।

609

বাইক মানে বিকল মন-মানসে
নিজ মন্দিরে চলি গেল।

যশোমতি কর লহু বেশ নব বিজই
গমনে অসুমতি দেল॥

যম্নাক তীরে এক নীপম্লে
পড়ি বহু নাগর কান।

রাই নিজ মন্দিরে মরম সবি সঞে
এই ত্থ করি অসুমান॥

থিক্ থিক্ জীবনে হাম গোয়ারিনি
বোধ শোধ নাহি হোয়।

গোবিন্দাস কহে শুন সতি ভাষিনি
বব হরি সাধল ভোরঃ।

406

কহে বৃন্দা সহচরি শুন ওছে বংশিধারি যদি তুমি হতে পার নারি।

মৃকুট উতারি শিরে বাদ্ধ কবরি

তবে নারি মিলাইতে পারি।।
চূড়া আপনি নামাও হে

মুকুট উতারি শিরে বান্ধ কবরি

সিন্বের বিন্পর ভালে।

তেজি মকর-কুণ্ডল কর্ণে পর কর্ণফুল

কুগুল পড়িল ভূতলে॥

দেখতে পেলাম না নারীর মিলনে হরি

বলয়া পরিহরি কন্ধণ কিন্ধিণি পরি

বক্ষে পরে বিচিত্র কাঁচলি।

বাহুম্লে বাজুবন্ধ জ্যোতিতে মলিন চন্দ্ৰ

গলে পরে বিচিত্র হাঁদলি॥

তেজ্য করি পীতাম্বর পরিধান রক্তাম্বর

চন্দ্রহার শোভে তছু পরে।

দোনার নৃপুর পাতা মল বালা পায়ে ঝলমল

ক্বতার্থ দাস গোবিন্দ হেরে॥

क. वि. ১७७२

とのる

ত্ৰী বাগ

নারীরূপ ধরি যদি যেতে পার খান।
তবে দে ভাঙ্গিতে পারে মানিনীর মান॥
নাগর কহত বৃন্দে ক্ষতি কিহে তায়।
নাগরী বেশ তবে বনাহ আমায়॥
নাগরে সাজায়ে দিল নাগরী বেশ।
বেশী বনায়ল চাঁচর কেশ॥
কুগুল খুলি কর্পে ফুল পরাইল।
সীমন্তে সিন্দুরবিন্দু শোভা ভালে হইল॥

क, वि. ১७२४

क्नित मुखिका चानि माथारेन चक् । वर्षकृष्णि राज मिन कहन नरम ॥
भरामध्य कित मिन कमध-दिन्मद्य ।
नीनमाणी भरारेन धणा कित मृद्य ॥
कत्रत्य चानजा भाजा नृश्य वास्त ॥
ताधानाय विर्तिभनी वीभाष्य मास्त ॥
रगाविन्ममास्य कर्र यारे विन्हादि ।
भर्म नामि विर्तिभनी मांकन म्यादि ॥

630

माधुती २। ६ • 8

কেশর মৃত্তিকা আনি অক্সে মাথাইল।
ভাম অক্স ঘৃচিয়া অমনি গৌরাক্ষিণী হইল॥
বীণাযন্ত্র করে বীণা প্রতি বলে।
উক্তিংম্বরে ক বীণা রাধা রাধা বলে॥
যতনে তোমায় করে ধরিয়াছি বীণে।
হারায়েছি রাই যদি পাই তব গুণে॥
রাধা রাধা রাধা বলে হয় বীণান্ধনি।
নিক্স থেকে শুনে রাধা বিনোদিনী॥
কাহর বেণুর মত শ্রবণে শুনি যে।
আকুল হইয়া কয় স্থিরে চাহিয়ে॥
বীণা-ধ্বনি শুনি ধনি অধৈয়্য অন্তরে।
কে বাজায় বীণা উহায় আন স্মাদরে॥
অন্ত্রতি পেয়ে তথ্ন ললিত। চলিল।
গোবিন্দাশের ছগ দূরে গেল॥

ক. বি. ১৬৩৩

F33

বালাধানশী

বাম পদ বাড়াইল নারীর স্বভাবে। দাড়াইয়া বৃন্দাদেবী চেয়ে দেখে তবে॥ বাধার নিকটে যান বীণা বগলেতে।
বাধে বাধে বলি গান করিতে করিতে ॥
একে তো স্থতান তাথে বাধা নাম শুনি।
কর্ণ-তৃষ্ণা ক্ষোভ করে জুড়ায় পরাণি॥
বীণার স্থতান শুনি হরে নিল চিত।
দেখি সথি রাই পাশে কহেন তুরিত॥
ললিতা আসিয়া বলেন শুন ওগো রাই।
কি অপূর্ব্র বীণা এমন শুনি নাই॥
কোধা হইতে বিদেশিনী আইল এক জন।
বীণার স্থতান শুনি জুড়াইল মন॥
রাধা বলে আন গিয়ে আমার নিকটে।
বীণাযন্ত্র গান করে সে কেমন বটে॥
শুনিয়া বোনের কথা ললিতা চলিল।
গোবিনদোদের মনে আনন্দ বাড়িল॥

মাধুরী ২।৫০৫

৮১২ তুড়ি

অপূর্ব্ব বীণার গান শুনিয়ে প্রবণে।
সব পাশরিল রাধা হরিল গেয়ানে ॥
অঙ্গের খুলিয়ে দিছে যত আভরণ।
হাসি হাসি বিদেশিনী ফিরাইল বদন ॥
কমলিনী বলে ধনি কোন বর চাও।
যাহা চাবে তাহা দিব বদন ফিরাও॥
শুনিয়ে বিদেশিনী ফিরায়ে বদন।
জে। ড় কর করি তবে কহয়ে বচন ॥
নন্দের নন্দনে যত করিয়াছ মান।
ঐ মান রতন ধন মোরে দেহ দান ॥
শুনিয়ে বচন মূথে বদন ঝাপিল।
সব ছংখ দ্বে গেল আনন্দ বাড়িল ॥
নারী হয়ে দাসী হতে এলে আমার স্থানে।
তোমার উপর আর কথন না করিব মানে ॥

ছ্হ মুখ দৰশনে ছ্ছ ভেল ভোর।
মিলল ভৈখন যুগল কিশোর।
দাড়াল ভামের বামে নওলকিশোরী।
গোৰিনদাস বলে যাই বলিহারী।

माधुत्री २। ६ ३ ०

614

খেতরক নীলোৎপল আদি পুষ্প হত।
মলিকা মালতী বৃধি আর পুষ্প কত ॥
বনে বনে ফুল তুলি আইলা সহচরি।
কবে অব হার গাঁধি দেহ হে কিশোরি॥
বিনিস্থতা বনমালা রাধিকা গাঁধিল।
বিশাধার হত্তে আনি সহতনে দিল॥
আগে গিয়া বনমালা দিহ তার গলে।
মিলিব কুঞ্জেতে নিজ কহিও সংকত ছলে॥
মালা লইয়া সহচরি করিল পয়ান।
গোবিন্দাস তচু পদে গান॥

₹. वि. ३७९६

678

চেন বা না চেন তৃমি হইয়াছ ভ্যামি
নাম বৃদ্দে থাকি ব্ৰহ্মপুরে।
পাঠাইলেন রাই আমারে
থতেক থাতক ধরিবারে
তাই এলাম বম্নার পারে।
দিয়েছ হে লিখে বত
এই দেখ দত্তবত
বহুতে লেখা ভাষ ভোষার।
ভোষার লেখা ভাই স্পাই

জগতে আছমে রাষ্ট কর দৃষ্টি চক্ষে আপনার॥ কর নাকো বরাজোঢ রাইরাজার ছকুম জোর **ट्यांत कति नव वृन्मावरम ।** তেজিয়া মথুরাধাম চলহ ওহে খ্রাম চল এখন রাধার সদনে ॥ ভেবোনা খ্রাম ভাবনা কি তোমার তো সকলি বাকী উহুল কিছুমাত্র নাই। (शलहे इत वत्नावछ কেনে আর ঋণগ্রস্থ रूप्तत्र नका तका निर्देश ताहे॥ তার রাজ্যে কোটাল নাই (थरि (थानमा इहें अर्ग। যদি আদলে হয় অন্থিত করিব স্থিত তোর জন্য ধরিব বাই চরণে ॥ বাই বাজার করে ধরি এলে হে যমুনার পার খ্যাম তোমার নাহিক নিন্তার। সুৰ্য্য হয় অন্তগামি শীঘ হও অগ্ৰগামি পশ্চাদগামি আমি হই তোমার **॥** विनास कि कलामग्र ধার করিলে ধার ভাধিতে হয় চিরকাল এই ধার…নিস্তার। সূৰ্য্য হয় অন্তগামী শীঘ হও অগ্ৰগামী পশ্চাদগামী আমি হই তোমার॥ নত জনের আছে ধারা দ্বিগুণে খোলসা করা তোমার ধারা করিব রাধার কাম। গোবিন্দদাসে क्य এই वृक्ति दम्यग्र বুনাবনে কর অগ্রসর।

本. 有. うレ?a

678

বাই তহু পিরিতি পদার।

ट्यांशित चार्यकल न्यांशिन क्रमकत्न

এত নহে ধরম বিচার॥

কোকিলা লইল বেশ বিভাধরী নিল বেশ

মুখশোভা নিল শশিকলা।

মৃগ নিল ঘটা আঁথি তুক নিল ধঞ্চন পাথি

মুহ হাসি লয়েছে চপলা॥

বিম্ব নিল অধর নাসা নিল খগবর

দশন জ্যোতি লয়েছে মুকুতা।

কাঞ্চন লয়েছে বৰ্ণ গৃধিনি লয়েছে কৰ্ণ

তোমার রাইয়ের এতেক বিতথা॥

কুচযুগ কনয়া গিরি শ্রীফলে করেছে চুরি

ভুজ নিল পদ্মের মৃণালে।

রামরভানিল উরু চরণ মাধুবি চারু

রাজহংদে চুরি কৈল ভালে॥

রাইকে ব্রঞ্জে পা পাইল সভে মিলে লুটি নিল

ভন ভন নিঠুর মাধাই।

গোবিন্দাস ভবে ধরি খামের ঐচরণে

একবার ব্রহ্নে চল যাই।

क. वि ১৯১১

বনে থাক ধেহ রাথ রাথালিয়া মতি।
তুমি কী রাথিতে পার রাধার পিরিতি॥
ধরে তোমায় লয়ে যাব কে রাথিবে দেখি।
গোবিন্দদাস কহে ছল ছল আঁথি॥

ক বি. :৯১৩

624

দ্ভি তৃমি বৃন্দাবনে হও আগুসার।
মাতা পিতায় কহিও কুশল নমস্কার।
প্রবোধিয়ে কহিও বিশেষ বিবরণ।
ব্রুপুরী তেজ্য হরি নহে কদাচন।
মিনতি কহিও আমার শ্রীরাধিকার পাশ।
জন্মে জন্মে শ্রীরাধার আমি নিজ দাস।
অন্ত্যাপি ব্রুভেতে আমি করিয়ে সমন।
শ্রীরাধার দর্শন করিব সন্মিলন।
এতেক বলি যোই নন্দের নন্দনে।
এ বোল শুনিয়া দৃতি এলো বৃন্দাবনে।
দৃতি অন্থসরি ব্রুভে আইল পীতবাস।

গোবিন্দদাস কহে ভাবের উপাস ॥

क वि ३२४२

৮১৬

নিরদয় হে তুমি আর কি ব্রক্তে থাবে না।
মাছোড় মা ফেলে পাশরিলে বাণি।
নন্দ যশোমতি অন্ধ লোটায় ধরণি ॥
মথ্রাতে রাজা হৈলে রাজছত্ত্র মাথে।
ছিদাম আদি বেড়ায় কেন্দে শিরে দিয়ে হাথে॥
কি হুখে শয়ন কর রতন পর্যাক্তে।
বিধুম্থি পড়ে আছে যম্নার পকে॥
কি হুখে শয়ন কর রতন মন্দিরে।
বযুনা তরক্ত বছে রাইয়ের নয়নের নীরে॥

474

পতিতপাবনী ধনি শ্রীরাধা ঠাকুরাণী
বারেক রূপা করিতে জ্রায়।
দ্রে না ফেলিছ মোরে রাখিছ সধির মেলে
মিছা কাজে এ জনম যায়॥
কি কাহব মহিমা ত্রিভ্বনে নাহি সীমা
ত্রজেন্দ্র-নন্দন-মন-মোহিনী।
থাতেক মহিমা শুনি শ্রবণ লইম্ পুনি
ত্রজকুল-উদ্ধার-কারিণী॥
মোর কি এমন হব শ্রীরাধার চরণ পাব
সধি সদ্ধে ক্রু বাস।

আন্ধৃক্প গৃহ-মাঝে তুবি বৈহু মিছাকাজে
নিৰেদিল গোবিন্দদাস ॥
ক. বি. ২০৯৬ পদক্ষলতিকা পু: ৬৬

F19

জয় শচীনন্দন কর অবধান। ভোজন-মন্দিরে প্রভু করল পয়ান। বসিতে আদন দিল রত্ন সিংহাসনে। শীতল জলেতে প্রভুর ধোয়াইল চরণে। বামে প্রিয় গদাধর দক্ষিণে নিতাই। আনন্দে ভোজন করেন চৈত্ত্য গোসাঞি ॥ অবৈত ঘরণি আর শান্তিপুর নারি। উলু উলু হ্বয় দিয়া প্রভূ-মুখ হেরি॥ ছয় গোসাঞি বলিলেন ছাদশ গোপালে। অষ্ট কবিবাক আর মহাস্ত সকলে॥ শাক শুকতা ভাজি আর লফরা ব্যঞ্জ। যাহা খায়ে তুট হইলা এশচীনকন॥ দধি ছগ্ধ মৃত চিনি নানা উপহার। আনন্দে ভোজন করেন শ্রীশচীকুমার ॥ দধি তুগ্ধ ঘত চিনি করকের পানি। যাহা থেয়ে তুট্ট হইলা সন্ন্যাসি চূড়ামণি ॥ ख्वर्व थिएक। निशा कत्त्र मस्त्र धावन। আচমন করিয়া প্রভু বৈদল দিংহাসনে। কপুর তাম্ব যোগায় প্রিয় ভক্তগণে। কর্পুর ভাষুল খেয়ে পালকে শয়ন। গোবিন্দাস করে চরণ সেবন।

তুয়া বন্ধু গুণ গাই বন্ধনশালাতে যাই ধৌয়ার ছলনা করি কান্দি। চাই বুন্দাবন পানে যথন তোমায় পড়ে মনে এলাইলে কেশ নাহি বান্ধি॥ মানিক নও মুকুতা নও যে গলায় পরিব হে ফুল হইলে বেশ বনাইতাম। নারী না করিত বিধি তুয়া হেন গুণনিধি দেশে দেশে লইয়া ফিরিভাম॥ অগুক চন্দন হতেম তুয়া অঙ্গে লেপা যেতাম ঘামিলে পড়িতাম রাকা পায়। গোবিন্দান কয় যত সব মনে হয় বচনে কি তাহা কহা যায়॥

ক. বি. ২০৪৮

レミン

নিকড়ে নাগরবর তুমি দে আমার।
নিকড়িয়া দাসী ভাল আমি দে ভোমার॥
নিকড়ে বাশের বাশী থাকে ভোমার মূথে।
নিকড়ে রাধার নাম ঘন ঘন ডাকে॥
নিকড়িয়া মূথে ভোমার নিকড়িয়া হাসি।
কড়িয়া কাথের কুম্ব জলে গেল ভাসি॥
নিকড়ে গোবিন্দাসের পদ নিকড়িয়া।
ধেবা গায় যেবা ভনে সেই নিকড়িয়া॥

क. वि. २०७२

क. वि. २७२১

420

ছিলামে লইয়া সকে বিশিনে বিহার বজে
আমি তথন ছয়াবে দাঁড়ায়ে।
মনে করি সজে বাই গুরুজনার ভর পাই
আধি বৈল তুয়া পথ চেয়ে॥

४२२

ব্ৰন্ধের প্ৰিকা পৌৰ্ণমাদী ভগবতী। ললিতাদি সহ আইলা, ন্ধটিলা-বদতি॥ দেবীবে অটিলা দেখি উঠিয়া দাঁড়াইল। পাদ প্ৰকালন কবি আসনে বদাইল॥ জাটিলা কৃটিলা কহে কেন আগমন।

দেবী কহে আইলাম আমি আশিস্ কারণ॥

কালিকার নিশি শেষে দেখেছি স্থপন।

রাধার দক্ষিণে শোভে নন্দের নন্দন॥

জাটিলা কৃটিলা কহে ভগবতি মাই।

অন্তঃপুরে বধ্রে আশিস্ করে যাই॥

ললিতা করিয়া সঙ্গে যাও রে গমন।

রাধার সদনে যায়ে দিল দরশন॥

দেবীর শব্দ শুনি হ্বল সম্বরে।

সলজ্জ সম্ভমে খেয়ে প্রবেশিলা ঘরে॥

রাই বেশে স্থবল সে না দেখায় মৃথ।

বোবিন্দদাস কহে এ রস কৌতুক॥

ক. বি. ২৫০৯

120

সভে মনে মনে করয়ে ভাবনে কেন বৃষভাগ্ন-ঝি। নাহি আদে হেথা নাহি কয় কথা ইহার কারণ কি ॥ স্থচিত্রা স্থন্দরি জানয়ে চাতুরি বায়ের যতক কলা। তবে ধীরে ধীরে ভবন ভিতরে প্রবেশিল করি ছলা। দধি মৃত ঘোল চতুর স্থবল ক্ষীৰ্যা মাধন ছানা। এ ভাও হইতে ও ভাওেতে ঢালে ঘন করে আনাগোন।॥ স্থির চাতুরি স্থচিতা স্পরি **চরণ চলনে চিনে**। উড়িতে তথনি উলটি উড়ানি उधात इहेन जन। উজ্ব যুগলি স্লপদ্ম-কলি

भव मिथ (मर्थ द्रष्म ॥

বাই বেশ ধরি স্থবল স্থার

ঈবং মধুর ভাগে।

সব সধি মেলি হাসি কুভূহলি
ভণয়ে গোবিন্দানে ॥

क. वि. २६३०

128

এ কোন রঙ্গ তোর দেবি জিজাসিল। পর্কো বতান্ত কথা স্থবল কহিল। স্থবল বলেন দেবি তোমারে নিবেদি। কি করে আসিবে ঘরে বুযভাম-ঝি॥ যোগমায়া করে তবে যুকতি যোজনা। মৃত্যু আরাধন লাগি করিল মন্ত্রণা। চতুর ললিতা সখি বৃদ্ধি উপাজিল। স্থ্যপূজার ভাব তথ**ন মনেতে রচিল** ॥ ললিতা করিয়া সঙ্গে সত্তরে গমন। জটিল। কুটিলা পাশ দিল দরশন ॥ জটিলা কুটিলা পাশ পুন কহে যাই। ভোদের হয়ে বধু লয়ে পুঞ্জিব দেব রায়॥ কুটিলা কহে ভগৰতি মাই। সুৰ্য্যপূজায় কিবা হয় কহ কিবা চাই ॥ ষোড়শ উপচার কিবা পঞ্চ উপচারে। লাড়ু মৃত নৰনীতে পৃজি দৰ বৰে। জটিলা কুটিলা শুনি আনন্দিত মন। গোবিন্দদাস কৈল দীন আয়োজন ॥

क. वि. २६३३

420

রাই বেশে স্থবল এসে দেবি পালে দাঁড়ায়। দেবি আঁখি ঠারে কহে বেলা বয়ে যায়।



(शाविन्ममारमञ्ज भनावनी ७ छाहात वृश

নব নব নাগরি কলা।
বৈছন চাল কি মালা।
বসনে ভ্রণে উজোর।
শব্দ শব্দ ঘন ঘোর।
শ্রীকৃষ্ণ দরশন ভাব।
ঘন তহি জয় জয় রব।
শ্রীরাধাকুণ্ডে উপনীত।
গোবিলদাস ভণিত॥

क वि २६३२

৮২৬

ञ्चतल (मिश्रा दारे वह अनःभिन। তজনার গলার মাল। স্থবল-গলে দিল। ख्रान्द (यमञ्घा ख्रान्द क्रिन। আপনার বেশভূষা আপনি পরিল। স্থাপূজার আয়োজন যত কিছু ছিল। রাধাক্ষকের অগ্রেতে তাহ। নিবেদিল। শ্রীকুণ্ডের অকুলে কেলি-কদম্ব কুটীরে। কামু সহ কিশোরি কুমুম কেলি করে॥ হেনকালে ঘোর ঘণ্টা শদ্ধের ঘোষণে। শুনইতে বাই শ্রাম চমকিত মনে॥ (मवी मृत्र ८मरथ ताहे खवन त्वरण चारह। সভে মেলি কুতুহলি গেলা তার কাছে। শকাশৃক্তা হইলা রাই কামুর সহিতে। প্রণাম কবিল বাই দেবীর সাক্ষাতে ॥ সব সবি পাশবিল পূজার পদার। স্ববের সাগরে মগ্ন মন সভাকার॥ वाधिका ऋमवी त्यम वाथित्वन थूनि। নিক নিজ বেশ দোঁহে করে কুতৃহলি। বাধিকা সম্বৰে ছেবি সহাস সম্ভাবে। শাখি ঠারি স্থবলেরে করে পরিহাসে॥ স্থবৰ স্থশিষ্ট পূৰ্ব্বে জ্ঞান ছিল মোর। চোরের সহিতে থাকি সেহ হইল চোর।

উত্তর না করে দোঁছে মূথে মৃত্ হাস।
মনে মনে ক্র্যা ভেল গোবিদ্দদাস।
তক্ষ ২৫১৩

439

স্থ্য পূজার স্থানে নারিকেল কদলি। পূর্ণ কুম্ভ আর আলিপনা বলি ॥ পৌর্ণমাসি বলে আন পূজা প্রকরণ। সাক্ষাৎ এই মৃত্যা দেব করহ পূজন। সহাস্ত ধার যশোদা ক্লফের হয় রয়। দেবাদি দেবতা ইহ সর্বদেবময়॥ গোপীগণ কহে মোর। ইহা নাহি জানি। তেঁহ কি আমাদের ঘরে চুরি করে ননি॥ षद्म निन नां शि तांगी छेन्थतन वास्त । বান্ধভোর উতরোলে মা বলিয়া কান্দে। এই নাকি এক না সর্বদেবময়। আভীর-নন্দন কেন বাধ। সিঁডি বয়॥ - বন্ধহরা ননিচোরা ভাও ভাঙ্গি ধর্ম। मांव मकारन शक हतांत्र तमिक भत्रम अन्त ॥ বিষ্ণুর মাধুর্ঘ্য ভাব ষত ব্রজনারি। গোবিন্দাদ তচু যাও বলিহারি ॥

क. वि. २६३८

とくと

কৃষ্ণ লাগি উপায় না বাথ মনে মনে।

অবশেষে দিল দেবি ক্ষাপ্তাৰ স্থানে ।

গদ্ধ পূলা ধূপ দীপ নৈবেছা বন্ধয়।

আচমন দিয়া দিল, ভাত্বল সঞ্চয় ॥

সভে মেলি বন্ধ মাগ পূজা পূৰ্ণ হৈল।

গলবত্বে জোড় হত্তে হন্ধি হন্ধি বল ॥

প্রণাম করহ সভে পূজা হৈল সায়। এ গোবিন্দদান কিছু ইহ রস গায়॥

क. वि. २६५६

とうか

শঙ্খের শব্দ ঘন ঘণ্টার কলিত। 🤧 শ্রীমধুমঙ্গল শুনি আইল আচম্বিত ॥ পৌর্ণমাসি প্রতি মধু কহে কর চালি। কনক পুতলি প্রায় দেখিয়ে সকলি॥ একটি প্রতিমা যদি মধু বটু পায়। সদনে স্থাপন করি দৈতা দশা চায়॥ কৌতুক কথায় দত্তে হৈলা আনমন। আগু নিল ভক্ষ্য ভোজ্য যে সব প্রকরণ॥ হাথ নাড়ি দন্ত করি মধু বটু বলে। ভূদেবে ভূঞাহ নৰ হইবে সফলে। ব্রাহ্মণ বদনে বিষ্ণু করেন ভোজন। বিপ্র তুষ্টে বিষ্ণু তুষ্ট অভীষ্ট পূরণ॥ বিধুরেখা বলে ব্যক্ত না হইও বটু। চিরকাল জানি বিপ্র ব্যবসায় পট ॥ व्यम्हे। हेव्हात स्वता (मवि शांत्र (मछ। রাথ রাই ছাড় ভাই ফুম্বে বিদ থাও। মাধব স্থবল মধু বৈদে এক দারি। পৌর্ণমানি প্রতি কৃষ্ণ কহে আঁখি ঠারি ॥ বটু বড় পটু পেট ভরা ব্যবদায়। গোবিন্দদাস বলে দেহ যত খায়॥

क. वि २६३७

ৰটুকে পেটুক কছ জন দেবি আই। আপন কলম কাম কিছু মানে নাই। আপনা যাই কথা ভাই পরকে কয় পাছে।
মাটি থাওয়াইয়ে অয় পরিচয় আছে॥
দীন দিলে পেটুক যে বলিতে পার বটে।

য্বরাজ কেনে ব্রজে ননিচোরা বটে॥

প্রকরে পৃজিবার যে উপকরণ।

শৈল-পূজা-ছলে কেনা সকলি ভক্ষণ॥

ফ্থ্য-পূজার বিধি যদি কুটিলার কই।
ভারি ডুরি ভাঙ্গি যায় দণ্ড ছই বই॥

হরি কহ পরিবেশ সহিত মিষ্টার।

বটুরে সাদরে দেহ করি পরিপূর্ণ॥

পরস্পর হাস্তরসে করিলা ভোজন।
আচমন করি কৈল তাম্বল ভক্ষণ॥

বটু সহ হরি সদা হাস পরিহাস।

ব্রজে বিহরই হেরে গোবিন্দান॥

क. वि. २६५१

F0)

দেবি বাই স্থাম সাধি মনস্কাম আনন্দ হইল যত। অমরা উপাই তবে তাহা গাই মুথ হয় শত শত। রাই হেনকালে বংশি বটতলে শিকা ধরি বিম্বাধরে। কানাই কানাই হারে রে রে ভাই विशां भक् कदा॥ অমিয়া মিশাল কর্ণ-রসায়ন ভনি শিকা সান কাত্ন। मामा मह ब्लाबि রাধাভাব ভাবি উতবোল মন তমু ৷ বাধার নয়ান কটাক্ষ মোহন বন্ধন পিরিডি স্থাম। थ्नियात्र नादा গৌৰি আঁখি ঠাৰে পরিতোষ পীতবাদ।

মাধব স্থবল

চলিলা বলাই পাশ।

তবে গোপীগণ

ভবনে গমন
ভণয়ে গোবিন্দলাস॥

क. वि. २०১৮

৮৩২

তবে ভগবতি বলে শীঘ্রগতি চল বেলা গেল বয়া। চলে গোপীগণ হর্ষিত মন যতনে উপারি লয়।। কদলি সন্দেশ ভূক্ত ভান্থ শেষ ভঙ্ল কুমুম-মালা। কুটিলার ভয় নৈবেছা সঞ্য যতনে সাজায়ে থালা। ষেন পূৰ্ব্ববত শহ্ম আদি যত ঘোর শব্দ হলাহলি। আগে ভগবতি মাঝে রসবতি পাশ গোপাকনা বলি॥ দেবী ভগবতী গোপিক৷ সঙ্গতি মিলিলা জটিলা-বাস। कुष्ण नौनां निक् তার এক বিন্দু পরশে গোবিনদাস ॥

क. वि. २६३३

F00

এতেক মন্ত্রণা করি সব সথি মেলি।
নিকৃষ্ণ মন্দিরে সভে চলে কুতৃহলি।
নিকৃষ্ণ কাননে সভে বহিল গোপনে।
বসবতি বাই কান্ত স্থিবে যতনে।

বেবা মনে আইসে তোর কর মোর বেশ।
উভ করি গুঞা হারে বান্ধি দেহ কেশ।
মুগমদকস্থারি দিয়ে অক কর কালা।
গলায় গাঁথিয়া দেহ চম্পকের মালা॥
কপালে অলকা দেহ সিন্দুর মূহায়ে।
কটিভটে পীতধড়া দেহ পরাইয়ে॥
রাধার বচন শুনি সাক্ষাইল সথি।
গোবিন্দাস দেখে কুড়াইল জাথি॥

क. वि. २६२२

F-03

করিয়ে পুরুষ বেশ রাধারে যতনে। নিকুঞ্জ কাননে যায় নাগর যেখানে॥ শীরূপমঞ্জরি স্থি তাম্বল জোগায়। শ্রীরসমঞ্জি স্থি চামর ঢুলায়॥ ঐছন বিবিধ রঙ্গে রাই চলি যায়। প্রবেশ করিল গিয়া নাগর যথায়॥ রাধাখাম জয় বলি দেয় স্থিগণ। দেখি চমকিত হৈল নাগর মোহন ॥ একি অপরপ আজি দেখি সখি মাঝে। কোথ। হৈতে আইল এই নাগর রাজে॥ চমকিত হয়ে শ্রাম চারি পাশে চায়। হাসিয়ে ললিতা দেবী স্থামেরে ভ্রধায়॥ তুমি কেবা বট কোন বনের দেবতা। কি কারণে কি লাগিয়ে আসিয়াছ এথা॥ স্থির বচন ভূনি বিমন নাগ্রবরে। त्शाविन्ममात्र करह वाका नाहि चृत्व॥

क वि. २०२७

· 1-00

বনদেবী নহি আমি নন্দের তনর। শ্রাম নাগর বলি মোর নাম হয়॥ মাধার দরশন লাগি আসিয়াছি এথা।
কি লাগি যে বল মোরে বনের দেবতা॥
এই মোর নন্দস্ত সথি যার সনে।
ছলিতে আমারে বুঝি এসেছ এথানে॥
অহুসরে বিজয় কহে বনদেবা।
নন্দের নন্দন সে আমরা করি সেবা॥
সথির বচন শুনি বিমন হইয়ে।
চমকিত হয়ে শ্রাম রহে দাঁড়াইয়ে॥
সথির বচন শুনি ইঙ্গিতে ললিতা।
ধরেছে তোমার বেশ ব্যভাত্ন-স্তা॥
ব্ঝিলা নাগর শ্রাম কপট রাধার।
গোবিন্দাস কহে কিশোরি তোমার॥

क. वि. २६२८

6-0B

দেশ দেশি প্রহে নাগর এস মোর কাছে।
টোহে এক অক হব বড় সাধ আছে।
এত বলি স্থাম নাগর ধরিল রাবারে।
সম্ভোগ মিলনে দোঁহে আলিসন করে।
সব স্থিগণ দেয় জয় জয় ধ্বনি।
আটিয়ে ধরহ নাগর রাধা বিনোদিনী।
দাঁড়ায়ে ত্রিভঙ্গ হয়ে বাশি লয়ে মূথে।
আপনা আপনি গুণ গান করে স্থথে।
বুন্দাবন মাঝে দোঁহার কেলি-াবলাস।
যুগল চরণ হেরি কতে গোবিন্দাস।

क. वि. २६२६

P-39

গিরি পরিহরি করিলেন শ্রীহরি।
মদনকুঞ্জে মদনমোহন বাজান বাঁশরি।
অসময় রসময় বাজায় বাঁশরি।
তনিয়া অধৈষ্য হইল ভাহু রাজকুমারি॥

ভামের ম্রলি-ধ্বনি ভাবণে লাগিল।
নিবিবন্ধ থসি বস্ত্র নিতত্তে রহিল।
দিবসে বাঁশির গান শুনিয়া ভাবণে।
মণিহারা ফণির মত চাহে সপি পানে।
কে যাবি আমার সলে ভাম দরশনে।
সক্ষেতে বাজিছে বাঁশি সক্ষেত বিপিনে।
আয় সহচরি বলে হেরি গিয়ে হরি।
গোবিন্দাশ বলে লহ সঙ্গে করি।

ক. বি. ২৫৬২

ساو سا

রাধারে উতল দেখি কহিছে ললিতা স্থি विधुम्थि देश्शं धत्र मदन । গৃহে গুরুজন আছে গঞ্জনা দিবেক পিছে সময়ে যাইব নিধুবনে ॥ ভূষণে ভূষিত হয়ে ভূবনমোহিনী। হরি দরশনে যায় কুঞ্জর-গমনী॥ বুযভাম-নন্দিনী রুমণীর শিরোমণি নব নব রঙ্গিণী সঙ্গে। নূপুর পাতা পাদমল করিতেছে ঝলমল নির্থিতে চলিল ত্রিভ**েল** ॥ সংখ্যাক্ত ক্ষীর ননী লইল ষ্ডনে। ক্ষীরভাও চান: আদি আনন্দিত মনে ॥ তুঙ্গবিছা দখি নিল ফুলদাজি দঙ্গে। পথে পথে ফুল ফেলি যায় নানা রঙ্গে। ললিতা বিশাখা স্বন্ধে হস্ত আরোপিয়ে। বাডাইল বাম পদ খাম জয় দিয়ে॥ যাইতে যাইতে পথে অবশ অক প্রেমেতে অধীরা হইয়া ধনি বলে। নির্থিতে ক্লফনিধি পদ মোর হলো বাদি অচল হইল নাহি চলে। যে বনে প্রাণকান্ত আছে সে বন এত দূর আছে বল মোরে মরমিয়া সবি।

শুনি বৃদ্ধে কহে পুন নকট হইল বন
খাম অন্ধের দৌরভ হ্থাম্থী।
তথন বাইতে বাইতে কুটিলার সক্তে
আচম্বিতে দেখা হইল পথে।
দেখি ধনি শশব্যস্ত চক্র যেন রাহগ্রস্ত কিরণ মলিন ভরেতে।
কহে গোবিন্দদাস হেরিয়ে মন উদাস
ঘন খাস বহিছে নাসাতে।

क. वि. २६७२ थ

とのか

কুটিলা কুমতি তথন হেরিয়া রাধারে। বলে কোথা যাও বাই লাস বেশ করে॥ স্থবেশ করিয়ে অঙ্গে চলিছ রূপসি। বিকার ঘটিল বুঝি শুনিয়াছ বাঁশি॥ দেবের হল্প ভ দ্রব্য কাপড়েতে ঢাকি। বিশিনে যাইয়া দিবে রাখালেরে ডাকি ॥ বড়াই বুড়ির ভাঙ্গিব জারি আয়ানেরে বলি। ঐতো আমাদের কুলে চড়াইল কালি॥ পরের রমণি লয়ে যে যাইয়ে বিপিনে। অনায়াস মিলায়ে দেয় রাখালের সনে ॥ কেমনে করিল প্রেম রাখালের সনে। গোচারণে গত দিন পিরিতি কী জানে ॥ हक्कांविन चानि मव विक्रिन शरन। অনায়ে মজিয়া গেল রাখালের প্রেমে। भाविनमात्र करह कृषिना समिति। চিনিতে নারিলে তুমি কাঞ্চন সে হরি॥

₹. वि. २८**७**७

F80

ননদি যোর ক্লফ নিধি ভাবে যারে মহেশ বিধি হেন নিধি চিনিলি ন' নয়নে। সমুজে করিয়া বাস তবু না হলো বিশাস পিয়ালাতে মরিলি পরাণে ॥ भिषा। शतित्व (पर ননদি যোৱে ছাডি দেহ অগ্রগামী হয়েছে পরাণ। এত ভনি কুটিলে ক্রোধে অগ্নি হেন জলে নিজ গৃহে করল পয়ান। यन कूर्य त्योन हर्य मरत्र महहति। वृक्तावत्न প্রবেশিলা বসের মঞ্জরি॥ विताम-विद्याती थनि वित्नामिनीत करत । कि द्रष्ठ्र भनिन (मिथ ७ मूथ हेन्द्रदा ॥ সর্বাদা চঞ্চল অতি না জানি কারণ। বিশেষে করিয়া বল ভ্রমি সে কারণ। ভূমিয়া কহেন রাই নিবেদি চরণে। আসিবার কালে দেখা কুটিলার সনে॥ না জানি কপালে আজি কি আছে আমার। তে কারণে ভাবি আমি কি বলিব আর ॥ শুনিয়া কহেন শ্রাম সহাস্ত বদনে। কি হেতু করহ চিন্তা দামান্ত আয়ানে ॥ (গাবिन्हांत्र (हिथे इहेन विश्व । য়ে নামে ভবভয় যায় তার আয়ানে কি ভয়।

ক. বি. ২৫৬৩ (খ)

F83

হেথা কুটলা কুচক্রি অব্দে আসি নিকেতনে।
কহিল সকল কথা নির্জ্জনে আয়ানে ॥
দেখাতে না পারি মুখ লোকের কাছেতে।
কালার সঙ্গেত রাই বসিয়া নিকুঞ্জে॥
আয়ি হেন জলি উঠে শুনিয়ে আয়ান।
করেতে লইল এক খড়া খরসান॥
করেতে লইরে খড়া মনে দেয় পাক।
ছই চকু মুরে বেন কুমারের চাক॥

প্ৰন গ্ৰমনে বীর গ্ৰমন করিল। গোবিন্দদাস কহে কুঞ্জে প্রবেশিল।

क. वि. २६७8

684

বিলাস করেন রাই কুঞ্চে খ্যাম সনে। **ट्यकारल मूर्य मुद्दे इहेल आंग्रास्य ॥** কম্পিত হইল রাই দেখিয়া আয়ান। শ্রামপদ ধরি বলে আজ হারাইলাম প্রাণ॥ মোর প্রাণ যায় যদি খেদ নাহি করি। আমার লাগিয়ে প্রাণ হারালে মুরারি॥ ভনি কহে ব'শি-বয়ান কোন মঞ্জে দীক্ষা আয়ান বল বল শুনি কম্লিনী। ভনি কহে বিনোদিনী শুন ওহে চিন্তামণি कानी-मार् मेका आधान कानि॥ शित शित्र कारना भनी বাশিরে কবেন অসি বনমালা মুগুমালা হয় রে। দেখিতে দেখিতে ইচ্ছাময়ের ইচ্ছামত মোহন চূড়া মুকুট হইল শিরে॥ ললাটেতে অৰ্দ্ধ ইন্দু অঙ্গেতে রুধির বিন্দু শোভে খেন ইন্বর জিনি। মরি কিবা শোভা ধরে নরশির কটী পরে নবশিবধারিণী রুম্রাণী॥ ঘোররবা বিবসনা শোভে লোলরসনা সাধকেরে বর-প্রদায়িনী। ट्विया भीविक्नमान গলেতে নিয়ে বাস পূর্ণ আশ প্রালেন ভবানী ॥

F80

क. वि. २६७8 (थ)

হাসি হাসি কালো শনী বাশিরে করেন অসি মোহন চুড়া মুকুট হুইল শিরে।

দেখিতে দেখিতে ইচ্ছাময়ের ইচ্ছাতে नग्रन नगांठे छेशदा ॥ লোল জিহবা লচ লচ ভালে অগ্নি অহরহ কটমট বিকট দশন। ছিল মকর-কুগুল প্রতি করি উসলি নবসিধু হইল স্থোভন ॥ আছিলেন দ্বিভূক হইলেন চতুত্ অ খড়্গা ধর। বাম উর্দ্ধ করে। নরশির শোভা করে আর বাম অধ করে বনমালা মুগুমালা হইল। খ্যাম হইল আসিতে রাধাভয় নাশিতে মরি মরি কিবা সে উচ্ছল ॥ দেখিতে দেখিতে সে পাদপদ্মতে শিবরূপ শব হল হর। কহে দাস গোবিন্দ ভামা হইল শ্রীগোবিন্দ ওরে নয়ন হের অনিবার।

क. बि. २६७६

188

কালি রূপ দেখি তথন যত স্থিগণ।
আনন্দে কর্মে সভে পূজার আয়োজন ॥
গঙ্গাজল বিজ্ঞাল জ্বাদল আদি।
মহামায়া পূজিবার আছে বেই বিধি ॥
রক্ত বস্থ আদি করি রক্ত চন্দন।
নানা বিধ সভে করে পূজার আয়োজন ॥
ভাম ভামা হইল দেখি ভামর কুমারী।
বোগেতে গেলেন ধনি বোগের ঈশরী॥
হেরিয়ে কালিকা রূপ ভামর ছহিতে।
বিনিনে বোগাসনে শ্রীপাদ পূজিতে ॥
বিধিমত ভূতভাজি স্ববিধান যত।
নর্ম মৃদিয়া ধনি বিদিল বোগেত ॥

कर्वामन शकांकन विवासन नहा । চরণে অর্পণ করেন আনন্দিত হয়ে। হেন কালে আয়ান আসি নিকট হইল। কৈলাগ তেজিয়া কালি নিকুঞ্চে দেখিল। অমনি হল্ডের খড়গ ফেলি ধরাসনে। দণ্ডাকার পড়িলেন কালিকা চরণে। গললগ্रক ভবাস চক্ষে বহে নীর। বলে আমি কি জানিব অ ... বিধির ॥ আমি অতি মৃচমতি ভজন না জানি। कमलिमीत अर्व यहि दिन हर्व ह्यानि॥ মা তুমি চক্ত তুমি ক্র্য্য তুমি দিবারাতি। ফণীন্দ্ৰ মণীন্দ্ৰ আদি তোমাতে উৎপতি॥ ষামি অতি মৃচ্মতি অতি সে অজ্ঞান। দয়া করি চরণেতে দেহ মোর স্থান। গোবিন্দদাস এই অভিলাষ করে। ভাম ভামরূপ জাগে হিয়ার মাঝারে॥

क. वि. २६७७

686

বে কুটিলে দেখা আমায় এত নয় নীলমণি।
হৈরি প্রত্যক্ষেতে নিকুঞ্জেতে শভুষ্ণয়বাসিনী॥
রাধারে অসতি জ্ঞান সদা কর মনে।
কালি-পদ পূজে রাই আসিয়া নির্জনে॥
করিতে কুন্তের তত্ত্ব পেলেন পরামর্শ।
সতি সাধ্য রাই আমার হলেম রাই হতে কৃতার্থ॥
আর যদি কলম্বিনি বলহ রাধার।
বিদ্যোতে কাটিয়া মাধা দিব জয় মার॥
বরসান দেখি ধনির উড়িল পরাণ।
তব সান্ধ করি গৃহে চলিল আয়ান॥
তব করি আয়ান তথন তবনে চলিল।
গোবিষ্ণানের মনে আনক্ষ বাভিল॥

1-84

শুতি রহু শ্রাম অঙ্গে জটিলার ঘরে রকে চমকি উঠিল বিনোদিনী। বিষম সহটে মর শুন শ্রাম স্থনাগর গুকুজনা জানিবে এখনি॥ হাসিবে সব ঘরে পরে সঙ্কটে পড়িয়া গেলেম মরে ্অলস তেজিয়া দেখি করে কয়ালিয়া আঁখি ধাইয়া চলিল বনমালী। পরিতে পবিতে বন্ধ চলি গেল অতি জত রাই শয্যায় ফেলিয়া মুরলি॥ খনেক সময়ে আসি কুটিলা পাইলা বাঁশি পারী ছিল শ্যার উপরে। বাঁশরি লইয়া যায় যথা আছে জটিলায় কি বলিব বাহ্য নাহি স্বরে॥ নয়নে দেখিল তা লোকেতে বলে জা জানা গেল রাই কলছিনী। গোবিন্দাস কয় গুপ্তপ্রেম ব্যক্ত হয় আর কি করিবে গুণমণি॥

क. वि २१३

689

কুটিলা চলিল গোপীদের ঘরে ডাকিয়া আনিতে সভে।
কুটিলা দেখিয়া ব্রজগোপী সব মনে মনে ভারা ভাবে॥
পৌর্ণমাসি ভালে গোপীর মণ্ডলে সাক্ষাত করে আসি।
এত ভনি সভে মনে মনে ভাবে জটিলা নিকটে আসি॥
জটিলার ঘরে গোপীগণ আইল তথা।
ভোমা সভাকারে আমি কব ছংখের কথা॥
গোপী বলে ভোমার কথা পারিলাম বুঝিতে।
ঘরের কলল বটে ভনিব পশ্চাতে॥
আমাদের ঘরে এক আশ্চর্য্য কথন।
কইলে কথা লাজে মরি একি বিবরণ॥
এত দিন করি বাস এ ব্রজ মণ্ডলে।
ভতিছিলাম আচ্ছিতে মুরলি পরে কোরে॥

₹. दि. २८७१

সোনা দিয়া মৃথ বাদ্ধা দেখিতে হুন্দর।
বিশাধা বলেন মোর শুনহ উত্তর ॥
ওগো আবো সদ্ধ্যায় এক পেয়েছি মুরলি।
বিনা দোষ হয় পাছে কলক্ষের ডালি ॥
চিত্রা চম্পকলতা স্থিগণ কয়।
আমরা পেয়েছি বাঁশি কে কে লাগে ভয় ॥
মকর-মৃথ বাঁশি সেই ছিন্দ্র আছে গায়।
তোদের ঘরে কিবা কথা জটিলা শুধায়॥
সভাকার কথা শুনি অন্তরে গুমরে।
আন্মাদের ঘরের কথা মিটিয়াছে ঘরে॥
গোবিন্দদাস কহে কে বুঝিতে পারে।
কথন দিলেন কৃষ্ণ মুরলি ঘরে ঘরে॥

क. वि. २१२३

68

সেথে ইন্দু নীলমণি যশোদা বলেন বা করে কেন না দেখি মুরলি। কহ যাত্র আমারে গিয়াছিলি কার ঘরে বদন মলিন বনমালী॥ মুরলি হারালি কোথা থাইয়া আমার মাথা হায় গোপাল কি কাজ করিলে। হেদে গো রামের মা মায়ের কপালে লেখ। না জানি কি আছয়ে কপালে॥ কি করিলি কানাই সোনা যে হারাতে নাই कानिया कानिया तानी वला। দেশান্তরি হয়ে যাব হায় আমি কি করিব তুমি বাস ঘুচালে গোকুলে। আমি ষাই গোচরণে क्रथ वर्ष कांच (क्र মুরলি লইয়া নিজ করে। कृष्टिमा गुत्रनि निम किर्मात थन शहन আমি যাই আনিবার ভরে॥ চলিল গোপাল করিয়া কিবা এক ছল পৰ্বত নিকট তহি যায়।

দেখিয়া মৰ্কটা পাল ভাকি কহে নন্দলাল গোবিন্দদাস গুণ গায়।

क. वि. २८००

F83

শুন রে বানর আমার উত্তর জটিলার ঘরে যাও।
সোনার বাঁশরি এসেছি পাদরি আমারে আনিয়া দাও ॥
ক্ষীর সর ননী থাওয়াইব আমি শুন রে বানরগণ।
এত শুনি সতে মনে মনে ভাবে যাবট পুরেতে জান ॥
কটিলার ঘরে চালের উপরে ত্য়ার বসিয়ে কত।
আয়াকার করে সহিতে না পারে গালি দেয় অবিরত ॥
ঘরের ভিতর শিকার উপরে ভাগু ভাঙ্গি ননি থায়।
দস্ত কিড়িমিড়ি করয়ে বানর দেখিয়ে তরাস পায় ॥
অনেক কালের পুরাণ বেসালি ভাঙ্গিয়া ফেলিল ভারে।
কুটিলার হাতে আছিল ম্রলি কুলুপ ফেলিয়া মারে ॥
ম্রলি পাইয়া আনন্দিত হইয়া গোবর্দ্ধন পর্বতে যায়।
ম্রলি লাইয়া আনন্দিত হইয়া হাসয়ে গোবিন্দ রায় ॥
ম্রলি লাইয়া জীবদনে দিয়া ধবলি বলিয়া ভাকে।
হৈ হায়া করি উচিচঃস্বরে হরি দাড়াইল গোবিন্দ নিকটে ॥
ক. বি. ২৮০১

600

ভাটিয়ারী

ফলরি তুয়া গুণ গণিতে গণিতে।
মনে করি কতবার তিথিতে তোমার ধার
পুন আমায় হইল জনমিতে।
কলিতে প্রিয়া কালি কলিজা কাগজ করি
থ্দিলাম নিজ হাতে লিখি।
থত রইল তব হাতে থাতক হইল নলস্ততে
ধত ছাড়াই বল কিসে দেখি।

থত ছাড়াইতে ৰদি নাহি দেয় বিধি
ব্যাহ্ম লাগি কি বৃদ্ধি করিব।
জয় রাথে শ্রীরাথে বলি ল্টাইয়া মাধিব ধৃলি
ইহা বই ব্যাহ্ম নাহি দিব॥
এত কহি শ্রামরায় ধনির বদন চায়
গদ গদ কহে আধ ভাষ।
ও চাদ বদনধানি বদনে মুছান ধনি
কহতহি গোবিন্দদাস॥

মাধুরী ১।৫৯২

माधुत्री २।७३

403

হৃদ্রি ঝটকার মনোহর বেশ। সময় হইলে আসি বাজিবে সঙ্কেত বাঁশি ধৈরবের নাহি রবে লেশ। গমন মন্থর ভাবে কবরী আউলাইয়া যাবে ঝটকর বেণীর রচনা। মলিন হবে মৃথশশী শ্রমজনে যাবে ভাগি কান্তর পরিতে করি মানা। আঁটিয়া পরহ গোরি नीन बढ़े १६ भाषी খসিয়া না পড়ে সেই কালে। কাঁচুলি পৰিয়া হাব ভিতরে রাথহ তার हिँ ज़िल शक्त सन गल ॥ নৃপুর পরিভে বলি পুন তা নিষেধ করি চলিতে চরণ হবে ভারি। আর এক ভর আছে গুরুজনে জাগে পাছে কলরব শুনিয়া তাহারি। দ্ভীর চাতৃরী কথা ৩নে বৃষভাহ-স্তা वहरू वनन निया शास्त्र। দিয়া প্রসাদী পান দৃতীর রাখয়ে মান कर्छि (शाविसमात्र ।

465

সিন্ধুড়া

স্থি আমার কি কান্ত ভূষণে। আমার মন যা করে খ্যামের ভরে আমার পরাণ তা জানে॥ আমার নয়ন ভূষণ ভাষ-দর্শন শ্ৰবণ ভূষণ শ্ৰাম-গ্ৰণ। আমার করের ভূষণ ভাগ-প্রেম-মণি ভাষ নামে ঝরে পানি। হিয়ার ভূষণ ভাষাক পরশন গলার হার (শ্রাম) রতন মণি॥ আমার কঠের ভূষণ নাদার ভূষণ (খ্রাম) অঙ্গন্ধ। আমার পিরীতি ভূষণ শ্রাম-প্রতি তমু (খ্রামের) অমুগত দাস গোবিন ॥ মাধুরী ২।৩৩

60

বেহাগ

यन यन মধুর তান वाँनी कान वा कुछ वाकिन दा। নব নায়রী **७ औ**त्रार्थ ধনি অনক বকে মাতিল রে ॥ বাশী না জানে অস্ত পর কি আপন **उन्न मन महिम दा।** मिथ वाँमी वाटक विदि विदि । ্ আর ত ঘরে রইতে নারি। মুরলী গান শঞ্চম তান ষম্না উলান ধাইল বে। वानी व्यस्टाद मदल উগারে গরন কুলৰতীর কুল নাশিল রে।

বাঁশী ভোদের বাব্দে কানের কাছে।
আমার বাব্দে হিয়ার মাঝে॥
ভোরা স্বাই ত শুনিলি বেণু।
(বল গো) আমার কেনে আউলাইল তরু॥
গোবিন্দলাসের তরু জর জর
পাঁজরেতে শর ফুটিল রে।
মোর বোল ধর না বাজিহ আর
ভীবনের আশা মিটিল রে॥
মাধরী ২০৩৪

604

গ্রী বাগ

ভন কমলিনা বহুদিন হইতে।
হিয়াতে সাধ মোর চরণ দেবিতে॥
দাস করি লেহ মোরে ও রাঙ্গা চরণে।
স্থির সমাজে ্রার রহুক ঘোষণে॥

এক দিঠে চাহে ধনি বঁধু-মুখ-পানে। কত শত ধারা বহে ও ছুই নয়ানে ॥ চিত পুতলী ধনি ধুলায় লোটায়। হেরি মুরছিত ভেল বিদগধ বায়॥ চৌদিকে স্থিগণ করে হায় হায়। কোন স্থি কহে অব কি করি উপায়। कानिया ननिछ। करह छेठ প্रान दाहै। সহচরীগণ তবে খ্রামেরে জাগাই॥ স্থিগণ যুগতি করিল অমুপাম। তুঁহাকার প্রবণে কহয়ে হছ নাম। वहकरा व्यवरा रेश्वेन साहे रवान। আঁথি মিলে হুছ জন উঠল তহু মোড়॥ অচেতন ছিলা দোঁহে সচেতন ভেল। সহচরীগণ-মন-তৃথ দূরে গেল। বিদিল নিকুঞ্জ বনে বাই বাম পাশ। হুছু রূপ নির্থই গোবিন্দাস।।

মাধুরী ৩।৩৪৬

পরিশিষ্ট (ঘ)

মৈথিল গোবিন্দদাসের পদ

F00

সাএ সাএ **কাঁ সাগি কৌতুকে দে**খল নিমেষে লোচন আধে। মোর মন মৃগ মরল বেধল বিষম বান বেআধে। গোরস বিরস বাসি বিশেষল ছিকেহ' ছাড়ল গেহা। ম্রলি ধুনি হংনি মন মোহল वित्कर्रं एवन गत्मश्। তীর তরঙ্গিনি কদম্ব কানন নিকট জমুনা ঘাটে। চরণ চীরল কাটে॥ স্কৃত স্ফল স্কৃত স্কৃত গোবিন্দ বচন সাবে। দোরম্বমন কংস্নরাএন মিলত নন্দ-কুমারে॥ রাগতরঙ্গিণী ১০০

F03

গারি মুগমদরস অগর উগর কএ অহলেপন দেহ। চললি তিমির মিলি নিমিষে অলথ ভেলি কাচকদনি মদিরেহ ॥ হে মাধব ! হেরহ হরখি ধনি চান উগল জনি মহিতলে মেটি কলক। ঘর গুরুজন হেরি পলটতি কত বেরি সদিমুখি পরম সহ। তুঅ গুণ গণ কহি আনলি অ দাহি টারি দৈএ স্থুমি বিসবাস। তে পরি পরাহঅ জে পুরু পাবিঅ পরধন বিহু পরয়াস॥ জপল জনম সত মদন মহামত , বিহি সুফলিত করু আজ। দাস গোবিন্দ ভন কংস নরাএন দোরম দেবি সমাজ॥ রাগতরব্দিণী ১০১

গোবিন্দদাসের যুগ

প্রথম অধ্যায়

কবির জীবনী ও কাল-নির্ণয়

১৫৭৬ খ্রীষ্টাব্দে শিবানন্দ সেনের পুত্র কবিকর্ণপূর গৌর-ग्रांतिका (नर्थन । উহাতে বীরভন্ত, গলাদেবী, বুন্দাবনদাদ, শ্রীন্দীব গোস্বামী প্রভৃতি এমন কয়েকজন ব্যক্তির নাম আছে বাঁহারা শ্রীচৈতগ্রকে দর্শন করেন নাই। শ্রীকীব গোস্বামী রামকেলিতে অত্যম্ভ শিশুকালে মহাপ্রভুকে দর্শন করিয়াছিলেন বলিয়া ভক্তিরত্বাকরে একটি প্রবাদ লিপিবদ্ধ আছে (পঃ ৪৫)। দে সময়ে তাঁহার বয়দ পাঁচ ছয় বৎসর হইলেও, প্রভুর তিরোভাবের সময় তাঁহার বয়স ২৪।২৫ বংসর হয়: অণ্চ তিনি কখনও শ্রীচৈতন্তকে দশন করিয়াছিলেন বলিয়া কোনও প্রামাণিক গ্রন্থে निপিবদ্ধ হয় নাই। গৌরগণোদ্দেশদীপিকায় শ্রীজীবের নাম আছে. কারণ ১৫৭৬ গ্রীষ্টান্দের পূর্কো বুন্দাবনদাস ও বীরভাত্রর মতন তিনিও প্রসিদ্ধি লাভ कतिग्राहित्नन। (गांतिननाम ১৫१७ औष्टोत्नव भूर्व्स কবিখ্যাতি লাভ করেন নাই; করিলে তাঁহার নাম ঐ গ্রন্থে থাকিত। তাঁহার পিতা চিরঞ্জীব যে শ্রীচৈতন্তের অতাম্ভ অমুবক্ত ভক্ত ছিলেন এবং মহন্তব বাক্তি বলিয়া পরিগণিত হইয়াছিলেন তাহা ঐ গ্রন্থের নিমলিখিত শ্লোক হইতে জানা যায়---

খণ্ডবাসৌ নরহরে: দাহচর্গ্যান্মহভরৌ।

গৌরাকৈকান্তলরণৌ চিরঞ্জীবন্থলোচনৌ ॥ (২০৯)

অর্থাৎ শ্রীপণ্ডের অধিবাদী নরহরির সাহচর্যাহেত্
গৌরবান্বিত চিরঞ্জীব ও স্থলোচন এই হুইন্ধন একান্তভাবে

শ্রীগৌরান্দের শরণ লইয়াছিলেন। এই শ্লোকের প্রতি
দৃষ্টি আরুষ্ট না হওয়ায় সতীশচন্দ্র রায় মহাশয় অহুমান
করেন যে, চিরঞ্জীব দীক্ষিত বৈক্ষব ছিলেন না; তিনি
শাক্ষ ছিলেন (পদক্ষরভক্ষর ভূমিকা, পুঃ ৬৬-৬৪)।

ষাহা হউক, কবি একদিকে ১৫৭৬ খ্রীষ্টাব্দে বৈঞ্ব কবিরূপে খ্যাতিলাভ করেন নাই; অক্সদিকে ১৬১২ খ্রীষ্টাব্দের পূর্ব্বে তিনি এতদ্ব প্রাস্থিকাভ করিয়াছিলেন যে, শাক্ত হইয়াও মশোহরের প্রতাপাদিতা তাঁহাকে আদৃত ও সম্মানিত করিয়াছিলেন এবং তাহারই প্রতিদানে কবি অন্ততঃ ত্ইটা পদের সহিত তাঁহার নাম সংযুক্ত করিয়াছেন (পদসংখ্যা ৪৬৪ ও ৬০০)।

১৮০১ গ্রীষ্টাব্দে মৃদ্রিত রামরাম বহুর 'রাজা প্রতাপাদিত্য চরিত্রে' (পৃ: ২৭) লিখিত এক কিম্বদন্তী হইতে জানা যায় যে, প্রতাপাদিত্য আগ্রায় বাদশাহের সামনে একটা সমস্তা পূরণ করিয়া নিম্নলিখিত কবিতা রচনা করিয়াছিলেন—

সো বরকামিনী নীর নাহারতি
রিত ভালি হেঁ।

চিরমচরকে গচপর বারিকে
ধীরেছু চল্ল চলিহেঁ॥
রায় বেচারি আপন মনমে
উপমা ও চারিহেঁ॥
কৈছক্ত মরোরতি সেত ভূজ্ঞিনী
জ্ঞাত চলিহেঁ।

পদটার পাঠ বিক্নত—ইহার বিশুদ্ধ পাঠ উদ্ধার করা প্রয়োজন; আপাততঃ ইহার মানে বুঝা কঠিন। তবে একথা বলা যাইতে পারে যে, প্রতাপাদিত্যেরও কবিতা রচনার অভ্যাস ছিল, কাজেই তিনি সে যুগের শ্রেষ্ঠ বাঙ্গালী কবি গোবিন্দদাসকে সম্মান প্রদর্শন করিয়া উৎসাহিত করিয়াছিলেন মনে হয়। প্রতাপাদিত্য শক্তিতিপাসক হইতেও তাঁহার প্রাসাদে গোবিন্দম্র্তিও ছিল। রামরাম বহু লিখিয়াছেন যে, প্রাসাদের অভ্যন্তরে চকের 'মধ্যস্থলে নানাবর্ণের প্রস্তরে রচিত এক উচ্চতর দিব্য মঞ্চ তাহার উপরে শ্রীমৃতির বার হয় বিশেষত পর্ব্ব উচ্ছবের সময়ে গোবিন্দদেব ভাহার উপরে বিরাজ্মান হএন' (পৃ: ৬৮)। তিনি আরও বলেন বে, অভিবেকের উৎসবের সময় 'রাজাগণ ও অধ্যাপক ও কায়ন্ত ও বৈছ

আর রাক্ষণ লোকেরদের আগমন পাঁচদিন থাকিতে আরম্ভ হইল' (পৃ: ৪২)। এক্সপ সমারোহের সময় গোবিন্দদাসও হয়তো নিমন্ত্রিত হইয়া আসিয়াছিলেন। গোবিন্দদাস তাঁহার 'প্রেম আগুনি মনহিঁ গুনি গুনি' ইভ্যাদি পদের শেষে শ্রীরাধার মানজনিত বিরহে শ্রীকৃষ্ণ, কির্মপ কট্ট পাইতেছেন বর্ণনা করিয়া ভণিতায় লিধিয়াছেন—

প্রতাপআদিত্য ও রস গাহক
দাস গোবিন্দ ভান। (৪৬৪)
আবার 'শুন নিরদয়-হৃদয় মাধব' ইত্যাদি পদে রাধার
বিরহ বর্ণনা করিয়া লিখিয়াছেন—

এতহি বিরহে আপহি মুরদই
ভনহ নাগর কান।
প্রতাপআদিত এ রসে ভাসিত
দাস গোবিন্দ গান॥ (৬৩৩)

ত্বইটী পদেই বিরহরদের বৃদিক বলিয়া প্রতাপাদিত্যকে বর্ণনা করা হইয়াছে।

আমরা বে ভণিতা উদ্ধৃত করিয়াছি তাহার পাঠান্তরও আছে। এইরূপ পাঠান্তর আসিল কিরূপে? প্রথম পদটীর ভণিতা ১৭৭১ গ্রীষ্টাব্দে সক্ষলিত দীমাবন্ধুদাসের সংকীর্ত্তনামৃত হইতে দেওয়া হইল। সভবতঃ পদকর্মতরুর প্রেই সংকীর্ত্তনামৃত সক্ষলিত হইয়াছিল। ইহার পাঁচ বছর পরে ১৭৭৬ গ্রীষ্টাব্দে লিখিত সাহিত্য-পরিষদের ১৮৩ সংখ্যক পুঁথির ভণিতায় আছে—

> রায় গোবিন্দ ও রায় গাহক দাস গোবিন্দ ভণেরে।

পদক্রতক্ত্র ভণিতা---

প্রাত আদিত ও রস গাহক
দাস গোবিন্দ ভবে। (৫৬৮)
আর অষ্টাদশ শতাকীর প্রথমে সম্বলিত ক্লণদাগীতচিস্তামণিতে আছে—

রায় চম্পতি এ বস গাহক বে দাস গোনিন্দ ভবে। (১০৩) তি শান্তিনিকেডনের একটা পুথিতে যে প্রভাগাদিতা ও

রায় চম্পতি এই ডবল নাম আছে তাহা ৪৬৪সংখ্যক পদের টীকায় দেখাইয়াছি। দিজীয় পদটীর
ভণিতা আমরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ৬২০৪ পুথিয়
৫৩৭-সংখ্যক পদ হইতে দিলাম। বৈফ্রবপদলহরীতেও
(৪৪২) ঐ ভণিতা আছে। কিন্তু পদক্রতক্তে (১৭২০)
ও পদামৃতসমূলে (৩১৯ পৃঃ) ভণিতা—

দাস গোবিন্দ এ বস গাহক

ভাওরে রায় বসস্ত।

প্রতাপাদিতোর নাম গোবিন্দদাস যদি পদে উল্লেখ না করিতেন তাহা হইলে অন্ত কেহ যে পরে বসাইয়া দিবেন ইহা সম্ভব মনে হয় না। ১৬১২ এটিকানে প্রভাপাদিতা রাজ্যচ্যত ও নিহত হন ; তাঁহার পুত্রপৌত্রাদি কেহ রাজ্য পান নাই। স্তরাং তাঁহাদের খুসী করিবার জন্ত কেহ প্রতাপাদিত্যের নাম জুড়িয়া দেন নাই। গোবিন্দদাসের भावनी **यां**रावा भान कविष्ठन ७ भूषिष्ठ नििश्रा রাখিতেন তাঁহারা সকলেই বৈষ্ণব; আর প্রতাপাদিত্য य भाक हिल्म छोड़ा मकलाई स्नामित्वम। तम पिक् ' দিয়াও গোবিনদাদের পদের মধ্যে প্রভাপাদিভার নাম জুড়িয়া দেওয়ায় কাহারও স্বার্থ ছিল না। আমার ধারণ। ষে, কবি প্রথমে প্রভাপাদিভ্যের নাম দিয়াছিলেন; পরে ১৬১२ औद्देशिक ठाँदाव भठन दहेल खादानीत्वव त्वाव হইতে নিজেকে বাঁচাইবার জন্ত তিনি ঐ নাম পরিবর্ত্তন করিয়া রায় চম্পতি, রায় গোবিন্দ ও রায় বসম্ভের নাম দিয়াছিলেন। রায় চম্পতি ও রায় বদস্ত কবি; রায় গোবিন কে ছিলেন তাহা জানা যায় না। কবির ৪৬৪-সংখ্যক কবিতার ভণিতার মৌলিক পাঠ সংকীর্ত্তনামৃত ও পদকরতকর সমলবিতারা পাইয়াছিলেন, আর পরিবর্তিত পাঠ পাইয়াছিলেন বিশ্বনাথ চক্রবর্ত্তী ও সাহিত্য-পরিষদের ১৮৩-সংখ্যক পুথির লেখক। এই অহমান বৃদি স্বীকৃত रम जारा रहेल हेरा रहेल अभाविक रम (व, भाविकान) ১৬১২ এটানের পরেও কিছুকাল বাঁচিয়া ছিলেন। ভিনি কোন এক রৎসবের আধিনমাসের শুক্লা প্রতিপদ ডিখিডে ভিৰোধান কৰেন।

গোবিক্ষাস কোনু সময়ে জলিয়াছিলেন ভাছা

নিশ্চিতক্রপে জানা বায় না। জগবদ্ধ ভত্তমহাশয় গৌরপদতরক্ষিণীর ভূমিকায় লিথিয়াছিলেন—"গোবিন্দ কবিরাজ
১৪৫৯ শকে (১৫৩৭ খ্রীঃ) জন্মগ্রহণ ও ১৪৯৯ শকে (১৫৭৭
খ্রীঃ) দীক্ষা গ্রহণ করেন এবং ১৫৩৫ শকের চাক্রাহিন
কৃষ্ণক্ষের প্রতিপদ তিথিতে মানবলীলা সম্বরণ করেন।
এই হিসাবে তিনি ৭৬ বৎসর জীবিত ছিলেন" (পৃঃ
৭০)। অচ্যুতচরণ তত্ত্বনিধি মহাশ্যের মত উদ্ধৃত করিয়া
তিনি লেখেন, "রোগম্জির পর গোবিন্দ এইরূপে 'ভজন'
ও বর্ণন করিয়া ছিত্রিশ বৎসর কাল কীর্ত্তন গান করেন।"
ভজ্ত মহাশয় অচ্যুতচরণ তত্ত্বনিধির মত উদ্ধৃত না করিয়া
প্রেমবিলাসের বিবরণ তুলিয়া দিলে তাঁহার মতের গুরুত্ব
বৃদ্ধি পাইত। প্রেমবিলাসের বিবরণ এইরূপ:—

গোবিন্দ কবিরাজ প্রথমে শাক্ত ছিলেন। তাঁহার বড় ভাই র:২চন্দ্র কবিরাজ শ্রীনিবাদ আচার্য্যের নিকট দীক্ষা গ্রহণ করিয়া যাজিগ্রামে থাকিয়া ভক্তিশান্ত অধ্যয়ন করিভেছিলেন এমন সময়ে গোবিন্দ গ্রহণী রোগে পীড়িভ হন।

এবে লিখি গোবিন্দের অস্বাস্থ্য করণ।
গ্রহণী ব্যাধিতে শেযে ছাড়য়ে জীবন ॥
তাঁর দেবী-উপাদনা শাক্ত মহামায়া।
সেই দেবা দেই শ্বন বাছে তার দয়া॥
মন্ত্রদিদ্ধি করিলেন ইট হইল দাক্ষাৎ।
মরণ সময়ে পদে করে প্রণিপাত॥
১৪শ বিলাদ, পু: ১০৭

দেবী তাঁহাকে রাধাকৃষ্ণ মন্ত্র গ্রহণ করিতে বলেন।
গোবিন্দদাস এই নির্দেশ শুনিয়া কিংকর্ত্ব্যবিমৃঢ় হইয়া
পড়েন।

হেট মৃত্তে রহে কারে কিছু না বলিয়া।
নিজ পুত্র দিব্যসিংহ তারে ত ডাকিয়া॥
জনম গোঙাইল আমি পড়ি মিধ্যা রসে।
আমারে উদ্ধার করে হেন কেবা আছে॥
আচাষ্য ঠাকুর বাহা আছেন বসিয়া।
পাঁচজন শীত্র পাঠাও নিবেদন লিখিয়া॥

বাষচন্দ্র কবিরাজের অহবোধে শ্রীনিবাদ আচার্ব্য কাটোরার নিকটন্থ বাজিগ্রাম হইতে ভগবানগোলা ষ্টেশনের নিকটন্থ তিলিয়াবুধ্বি গ্রামে আদিলেন। তাঁহার আদিবার দংবাদ পাইরা গোবিন্দদাস দিব্যসিংহকে পাঠাইলেন তাঁহাকে অভার্থনা কবিয়া অনিবার জন্ম।

পড়ি আছে গোবিন্দ কবিরাক্ষ ঠাকুর।
পুত্রেরে ডাকিয়া কছে আনন্দ প্রচুর॥
গ্রামমধ্যে কদলীর বৃক্ষ রোপাইয়া।
আত্রের পল্লব রাখি চৌদিগে বেড়িয়া॥
অফ্রেজি দিব্যসিংহ আনিল প্রভূরে।
প্রণাম কবিয়া পরে জিক্সাসিল তাঁরে॥

a. 9: 3. V

তাহার পর শ্রীনিবাস আচার্য্য গোবিন্দ কবিরাজকে দীকা দিলেন।

যে কালে আশ্রয় কৈল প্রভূব চরণ।
কিবা আছিল তার হইতে মরণ॥
কতেক সাধন কৈল কতেক বর্ণন।
এইরপে চত্রিশ বৎসর করিল যাপন॥

ঐ, পঃ ১১•

এই বিবরণে দেখা যায় বে, গোবিনদান বধন দীকা গ্রহণ করেন তথন তাঁহার পুত্রের এমন বয়ল হইয়াছে যাহাতে তাহার দঙ্গে যুক্তিপরামর্শ করা যায়, গৃহকার্ব্যের ভার দেওয়া যায় ও সম্মানিত অভিথিকে অভ্যর্থনা করিয়া আনিবার ভার দেওয়া চলে। দিব্যসিংহের বয়ল তথন ১৮।১>এর কম হইতে পারে না। গোবিনদানের বয়ল তাহা হইলে সে সময়ে চলিশের কাছাকাছি হয়। ইহার পর ভিনি ছঞিশ বংসর বাঁচিয়া ছিলেন।

প্রেম ইলাস গ্রন্থের অনেক স্থলে প্রক্রিপ্ত পদ্ধারাদি

চুকিয়াছে। কিন্ত উদ্ধৃত অংশটা আমরা সাহিত্য-পরিবদের
২৬২-সংখ্যক পুঁথির সহিত মিলাইয়া দেখিয়াছি—
মোটাস্টি ঠিক আছে। ঐ পুঁথিধানি বিষ্ণুপ্রের
মহারাজা গোপালসিংহদেবের মহিবী ধ্বজামণি পট্টমহাদেবী
সহতে লিখিয়াছেন।

প্রেমবিলাদের গ্রন্থকারের নাম বলবামদাস; নিজ্ঞানত

बे, शः ३०४

প্রভুব পুত্র বীরভন্ত ভাঁহাকে নিত্যানন্দাস নাম দিয়া-ছিলেন। ইনি শ্রীখণ্ডের বৈছ আত্মারাম দাসের পুত্র ও কাছবা ও বীরভজের ফুপাপাত্র ছিলেন। স্বতরাং তিনি रशांविन्ममारमञ्ज ममनामश्चिक वृद्धिः। रशांविन्ममान रम প্রথমে শাক্ত ছিলেন তাহার আরও প্রমাণ পাওয়া যায়। প্রথমত: শ্রীচৈডক্তের 'চরণের একাস্ক আখ্রিত' চিরঞ্জীব দেনের পুত্র হইয়াও গোবিন্দদাস তাঁহার পুত্রের নাম वां विद्याहित्नन दिवानिः ह। अधि विक्यीय नाम नत्ह। **मित्राभिःह खब्नः भव्रम देवश्चत हिल्लन এतः छाँहाव भू**रत्वव নাম ঘনশ্রাম। ভক্তিরত্বাকরে (নবম তরজ, পৃ: ৫৭২-৫৭৪) লিখিত আছে যে, গোবিন্দের মাতামহ দামোদর শক্তি-উপাদক ছিলেন। "ভগবতী তাঁর বশীভূত নিরস্তর"। তাঁহার কক্ষা স্থননা গর্ভষন্ত্রণায় কট পাইতেছিলেন विमा जिनि मानीटक कुर्नात्मवीत यञ्च तम्थाहेमा आवात প্ৰায় মন দিলেন। দাসী হ্নন্দাকে ঐ যন্ত্ৰ-ধৌত জল পান করাইলে গোবিন্দদাস ভূমিষ্ঠ হন। সম্ভবত: পোবিন্দাদের অল্প বয়দেই চির্ঞীব পরলোকগ্যন করেন। গোবিন্দ মাতামহের গৃহে লালিত-পালিত হন এবং সেই প্রভাবেই শাক্ত হন। এই প্রবাদ যে সত্যের উপর প্রতিষ্ঠিত তাহার প্রমাণ দিবার জন্ম প্রেমবিশাদে গোবিন্দদাসের শক্তি-বিষয়ক একটা পদের হুইটা চরণ ধৃত रुहेम्राट्ट । यथा---

> না দেব কামুক না দেবী কামিনী কেবল প্রেম পরকাশ।

कर्रे (भाविनामान ॥

গৌৰীশন্বৰ

>8 म विनाम, शः >•>

চরণে কিহুর

ডা: স্নীতিকুমার চটোপাধ্যায় শ্রীবণ্ডে প্রাপ্ত 'রস-নির্ব্যাস' নামক পদসংগ্রহের এক পুঁ বিতে এই পদের প্রথম খংশে পাইয়াছেন—

হেম হিমগিরি ছুই ভয়-ছিরি
আধনর-আধনারী।
আধ উজর আধ কাজর
ভিনই লোচন ধারী।

দেখ দেখ হুহু মিলিত এক গাড। ভকত (পৃঞ্জিত) ভুবন বন্দিত ভুবন-মারতি তাত (?)। আধ-ফণিময় আধ-মণিময় হৃদয়ে উজোর হার। আধ পটাম্ব আধ-বালাম্বর পিন্ধন হুহু উজিয়ার॥ না দেব কামিনী না দেব কামুক কেবল প্রেম পরকাশ। গোরীশঙ্কর চরণকিঙ্কর कर्हे (भाविनामाम ॥

অধ্যাপক স্থকুমার সেন--বঙ্গশ্রী, ১৩৪ • মাঘ, পৃঃ ১৬৮

এই পদটী হইতে জ্বানা যাইতেছে যে, গোবিন্দদাস বৈফ্ব-ধর্ম অবলম্বনের পূর্বেও ব্রজ্বপুলিতে পদ রচনায় নৈপুণ্য লাভ করিয়াছিলেন। প্রেমবিলাদের বর্ণনা অফুসারে দেখা যায় যে, কবি শ্রীনিবাস আচার্য্যের রূপা পাইবার পর স্থাই হইয়া "ভজ্জ্ রে মন নন্দনন্দন" (৬৮৫) ইত্যাদি পদ রচনা করেন; যথা—

সেইদিন হইতে সৃষ্থ হইলা গোবিল।
প্রভুর নিকটে আইদেন পরম স্বচ্ছন।
আপনার পূর্ব বীতি কহে প্রভু আগে।
কান্দিতে কান্দিতে গোবিল শরণ মাগে।
কুলের প্রদীপ মোর ভাই রামচন্দ্র।
প্রভু কুপা কৈল মোরে তাঁহার সম্বন্ধ।
আপনার নিজ দোষ কহিব বা কত।
অস্পৃত্র পামর মুক্তি সহজে অসত।
কান্দিতে কান্দিতে পড়ে রামচন্দ্রের পায়।
শ্রীনিবাস যার প্রভু কার আর আছে দায়।
এবে নিবেদন করোঁ তন প্রভুবর।
নিবেদিতে বাসি ভয় কাঁপয়ে অস্তর।

ज्याहि नमः—

ভজহু বৈ মন প্রীনন্দনন্দন অভয় চরণারবিন্দ বে। ত্ল ভ মান্ব-দেহ সাধুসক তরাইতে এ ভবসিন্ধু রে॥ শীত আতপ বাত বরিপত এ দিন যামিনী জাগি রে। বিফলে সেবিছ কুপণ তুরজ্ঞন চপল স্থখলব লাগি রে॥ এ ধন যৌবন পুত্র পরিজ্বন ইথে কি আছে পরতীত রে। निनी पन जन জীবন টলমল ভজ্ত হরিপদ নিতি রে॥ প্রবণ কীর্ত্তন শ্বরণ বন্দন পদ দেবন দাসী রে। পুজত স্থীগণ অ¦য়নিবেদন গোবিন্দদাস অভিলাষ রে॥

প্রেমবিলাস, ১৪শ বিলাস, পৃঃ ১০৯-১১০

পদকল্পতক ধৃত পাতে ব অপেক্ষা প্রেমবিলাস-ধৃত পাঠ ছই এক স্থানে ভাল। 'ভক্ক'তে "ভজ্জত রে মন নন্দনন্দন" আছে। পদরস্বারে 'জীনন্দনন্দন' থাক। সত্ত্বে সভীশবার্ কেন শুধু 'নন্দনন্দন' পাঠ ধরিলেন জানি না। ভক্কতে আছে—

ত্লহ মাকৃষ জনম স্তাসংক তর্হ এ ভব-সিন্ধু রে।

তরুর পাঠে এই 'রে'র জের শেষ ছুই চরণে নাই—প্রেমবিলাদের পাঠে আছে। তরুতে "ভব্দুই হরি-পদ নীত রে" পাঠ থাকায় 'নীত শব্দের মানে করা খুব কঠিন হয়। প্রেমবিলাদে "ভক্ষ্ছুইরিপদ নিতি রে" পাঠ অর্থকে সহজ্ববোধ্য করিয়াছে। গোবিন্দদাস বৈষ্ণবধর্মে দীক্ষিত হইবার সঙ্গে সংক্র যে ভক্তিরসামৃতসিক্ষর (১৬৯) নবধা ভক্তির কথা বলিলেন তাহা হয়তো শ্রীনিবাস আচার্য্যের মৌথিক উপদেশের ফল। নবধা ভক্তির নয়টা রূপ শ্রীরূপ উল্লেখ করিয়াছেন; যথা—(১) শ্রীবিষ্ণুর শ্রাবণ, (২) কীর্ত্তন, (৬) বন্দন, (৩) শ্বরণ, (৪) পাদসেবন, (৫) অর্জ্জন, (৬) বন্দন, (৭) দাক্ষ্য, (৮) সধ্য, (৯) আত্মনিবেদন। কবি বীয়

প্রতিভাবলে 'পদসেবন দাসী রে' ও 'পৃষ্ণহ' স্থীপণ' শব্দে দাস্য ও সংখ্যর ইদিত করিয়াছেন।

শ্রীনিবাস আচার্য্য গোবিন্দদাসকে শ্রীক্ষপ পোসামিলিখিত ভক্তিরসামৃতসিদ্ধৃ ও উজ্জ্বনীলমণি ভাল করিয়া
অধ্যয়ন করিতে উপদেশ দিয়াছিলেন। শ্রীনিবাস
বলিতেছেন—

স্বচ্ছন্দে বর্ণন কর রাধাক্তফলীলা।
আনন্দে মগন হইয়া এই আজ্ঞা দিলা॥
পড়হ গোবিন্দদাস রসামৃতসিদ্ধু।
সর্ব্বত্ত মকল যার স্পর্দি এক বিন্দু॥
উজ্জ্বল পড়হ যাতে রাধাক্তফলীলা।
সর্ব্বরস লীলাচয় তাহাতেই দিলা॥
ভঙ্কণ করি পুঁথি পড়িতে লাগিলা।
বিষয় বিভাগ তার সকল কহিলা॥
ভনিতেই মাত্ত গ্রন্থের যেমত আভাগ।
অমুভবি বহু অর্থ করিল প্রকাশ॥

প্রেমবিলাস, চতুদশ বিঃ, পৃঃ ১১০

গোবিন্দাস এই ছুই গ্রন্থ কথন পড়িয়াছিলেন? ভক্তিরদামৃতদির ১৫৪১ খ্রীষ্টাব্দে রচিত হয় ৷ উজ্জ্লনীলমণি তাহার কয়েক বংসর পরে লিখিত হয়। শ্রীনবাস আচার্য্য অ্যান্ত অনেক বৈষ্ণৰ প্ৰস্থের সঙ্গে এ ছুইখানিও বুন্দাৰন হইতে গৌড়দেশে আনিয়া প্রচার করেন। তিনি যে বৈষ্ণব গ্রন্থ একদক্ষে আনেন নাই তাহার প্রমাণ গোবিন্দ কবিরাজকে লিখিত শ্রীকীব গোস্বামীর পত্র (ভক্তির্দ্বাকর, पु: ১০৩৫-৬৬), याशास्त्र वना श्हेग्राह्म (व, **आ**मनान মাদ্দিকের (খোলবাদকের) হাতে শ্রীনিবাস আচার্য্যের জন্ম বৃহস্তাগ তামুত পাঠানো হইয়াছে; উহা তিনি পাইলেন কিনা, "তত্তত্ত প্রবিষ্টোন বেডি" তিনি উহা পড়িয়া বুঝিলেন কিনা জানিতে চাহি। বদি বুহুদ্বাগ্বভাষুভের মতন इप्रिक श्रृष्ट व्यथमवादि श्रीनिवाम ना नहेवा वाहेवा बादकन, তাহা হইলে গোপালচস্পু (ষাহার পূর্বভাগ ১৫৮৯ এটাকে ও উত্তরভাগ ১৫৯২ এটানে রচিত হয়) বে লইয়া বান নাই ভাহা নিশ্চিত। অথচ গোণালচম্পুর রচনাকালের

উপর নির্তর করিয়া ডাঃ রাধাগোবিন্দ নাথ মহাশর সিদ্ধান্ত করিয়াছেন যে, শ্রীনিবাস ১৫৯৯-১৬০০ গ্রীষ্টান্দে বৃন্দাবনে গমন করেন ও ১৬০০ গ্রীষ্টান্দে বীর হাষীরকে উদ্ধার করেন (শ্রীচড়ন্তচরিভায়তের ভূমিকা)। তাহারও পরে তিনি গোবিন্দদাস করিরান্ধকে দীক্ষা দেন। এই সিদ্ধান্তে উপনীত হইবার জন্ম তাঁহাকে বলিতে হইয়াছে যে, শ্রীচৈতন্তকে দর্শন করিবার জন্ম শ্রীনিবাস আচার্য্য যে পুরী যাত্রা করিয়াছিলেন একথা বিশাস্থ নহে। অথচ শ্রীনিবাস আচার্য্য সম্বন্ধে প্র ঘটনাটীর মতন বিশাস্থ অন্ত কোন ঘটনা নহে। কেননা শ্রীনিবাসের ছইজন শিল্য নৃসিংহ করিরাজ এবং কর্ণপুর করিয়াজ সংস্কৃত স্লোকে উহার বিবরণ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

নরহরি চক্রবর্ত্তী-লিখিত নরোত্তমবিলাদের ছিতীয় বিলাদে কর্ণপূর কবিরাজক্বত 'শ্রীনিবাস-গুণলেশস্চক' হইতে তুইটী শ্লোক উদ্ধৃত হইয়াছে। এই কর্ণপূর কবিরাজ বে শ্রীনিবাদের শিগ্র অষ্ট্র কবিরাজের মধ্যে একজন কবিকর্ণপূর নহেন—তাহা ভূমিকায় দেখাইয়াছি। বেকল এসিয়াটিক সোসাইটীর G 38-সংখ্যক পুঁথিখানিতে শ্রীনিবাস আচার্ব্যের শাখা বর্ণনা আছে। পুঁথিখানি সপ্তদেশ শতাক্ষীতে লিখিত। উহাতে আছে—

কর্ণপূরো নৃদিংহং ঐভগবান্ কবিনৃপতিং।
বন্ধবীদানকবিরান্ধে ঐগোপীরমণগোকুলো।
কর্ণপূর কবিরান্ধ লিখিয়াছেন—

আবিভূর কুলে দিকেন্দ্রভবনে রাটীরঘণ্টেখরে।
নানাশান্ত্রবিজ্ঞনির্ধানিরা বাল্যে বিজ্ঞে। দিশাং।
নীলান্ত্রৌ প্রকটং শচীন্ত্রতপদং শ্রুখা ত্যজন্ সর্ব্ধকং
দোহরং মে করুণানিধির্বিজ্ঞরতে শ্রীপ্রীনিবাসং প্রভূং ॥
সক্ষন্ শ্রীপুরুবোদ্ধরং পথি শ্রুকেন্ডেন্সসলোপনং
মূর্জ্যাভূর কচান্ লুনন্ স্থাশিরসো ঘাতং দথবিকৃতঃ।
ডৎপাদং ক্ষি সরিধার গতবারীলাচলং বং স্থরং
দোহরং মে করুণানিধির্বিজ্ঞরতে শ্রীপ্রীনিবাসং প্রভূং ॥
সরোভ্যবিলাস, পুঃ ৮০—বহুবভীর বৈক্ষরভালী সংকরণ

ঐ স্চকে শ্রীনবাদের সহিত নরহরি সরকার ও বযু-নন্দনেরও দেখাসাকাডের কথা পাছে। গচ্ছন্ বং পথি খণ্ডসংজ্ঞনগরে চৈতন্ত চক্রপ্রিয়ং
মন্থা শ্রীসরকারঠ কুরবরং নীয়া তদান্তাং তথা।
তৎপশ্চাদ্ রঘ্নন্দনশু চরণং নত্থাগতো ষম্বরন্
সোহয়ং মে করুণানিধিবিজয়তে শ্রীশ্রীনিবাসং প্রভূং॥
শ্রীনিবাস আচার্য্যের তিরোভাবের প্রায় একশত বংসর পরে
নরহরি চক্রবর্তী যাহা লিখিয়াছেন তাহা কিম্বদন্তী বলিয়া
উড়াইয়াঁ দেওয়া যায়, কিন্ত শ্রীনিবাসের শিরের কথা না
মানিলে চলিবে কেন ?

শ্রীনিবাদের অপর শিশু নৃসিংহ কবিরাজের 'নবপছে' লিখিত আছে যে, শ্ৰীনিবাদ পুৰুষোত্তম ষাইতে কুতদংকল হইলে, লোকের মুখে কুপাম্বুধি চৈতক্তপ্রভুর তিরোধানবার্ত্তা अनिया महाकृत्य भूनःभूनः मुक्तिश्रीश हहेत्नन ; जगवान তাঁহাকে স্বপ্নে সান্থনা দিয়াছিলেন। কর্ণপুর কবিবাঞ বলিতেছেন যে, শ্রীনিবাদ পুরীতে ষাইবার পথে শ্রীচৈতন্তের অপ্রকট হওয়ার সংবাদ শুনিলেন, আর নুসিংহ কবিরাজ লিখিয়াছেন যে, তিনি পুৰুষোত্তম-ক্ষেত্ৰে ষাইতে কৃতমতি হইলে প্রভুব ভিরোধান-সংবাদ শুনিয়াছিলেন। জ্রীনিবাস পুরীর পথে কডটা আগাইয়া যাওয়ার পর শ্রীচৈতন্তের সলোপন হওয়ার কথা শুনিতে পাইয়াছিলেন ভাহা জানা না গেলেও একথা নিশ্চিত যে, ১৫৩৩ খ্রীষ্টান্দে শ্রীনিবাসের वयम व्यक्षणः ১৫।১७ वरमत हरेग्राहिन। উरात व्यक्षण কম বয়সের লোক সেকালে আত্মীয়স্ত্রন ছাড়া পুরী যাইবার কথা কলনা করিতে পারিত না। ১৬৯৬ এটাকৈ লিখিত অমুরাগবলীতে আছে (পু: ৮) যে, শ্রীনিবাস পৌগতে (পাঁচ হইতে দশ বংশর বয়সের মধ্যে) বিভা আরম্ভ করিয়া 'কথোক দিবসে' ব্যাকরণ, সাহিত্য ও অলহার অধ্যয়ন করেন ও মহাপ্রভুর নিকট ভাগ্রত পড়িবার অন্ত পুরী যাত্রা করেন। ১৫।১৬ বছর ব্রুলের কমে ভাপুৰত পড়িতে ইচ্ছা হইবার কথা নয়। এই ডিনটা স্তত্ত হইতে দিছান্ত করা বায় বে, শ্রীনিবাদ ১৫১৭।১৫১৮ গ্রীষ্টাব্দে অন্মগ্রহণ করেন।

বিবভারতীর অধ্যাপক শ্রীহ্রথমর মুবোপাধ্যার কর্ণপূর কবিরাজের স্চক ও অহুরাগবলী না দেখিলা কেবলমাত্র বৃসিংহ কবিরাজের ন্বপম্ব হইডে অমুমান করিলাভ্নে, "চৈতক্সদেবের মৃত্যুর (১৫৩৩ খ্রী:) সময় শ্রীনিবাস কিশোরবয়স্ক। ঐ সময় তাঁর বয়স ১৩।১৪ বছর ধরিলে ১৫১৯।১৫২০ খ্রীষ্টাব্দে তাঁর জন্ম বলা ঘাইতে পারে" (প্রাচীন বাংলা সাহিত্যের কালক্রম, পু: ১৮৯)।

শ্রীনিবাদ ষধন বৃন্দাবনে যাত্রা করেন তথন প্রয়াগ হইতে কিছুদ্বে যাইবার পর শুনিতে পান যে, সনাতন গোস্থামী "চারিমাস হইলেন তিহোঁ অপ্রকট" (প্রেমবিলাস —পঞ্চাবিলাস)। তারপর মথুবায় যাইয়া শুনিলেন—

, "প্রথমেই সনাতন হৈল অপ্রকট।
তাহা বহি কতকদিন রঘুনাথ ভট্ট॥
শীরূপ গোসাঞি এবে হইলা অপ্রকট।
শুরীর না বহে প্রাণ করে ছটফট॥

প্রেমবিলাস—গঞ্চমবিলাস

রাধাকুও হইতে প্রকাশিত "বৈষ্ণব ব্রতাংসব নির্ণয়পত্র" হইতে জানা যায় যে, সনাতন গোস্বামীর তিরোভাব জাষার মাদের পূর্ণিমাস (গুরু পূর্ণিমায়) এবং শ্রীরূপ গোস্বামীর তিরোভাব শ্রাবণ শুরু। ঘাদশীতে। ছুই তিথির ব্যবধান ২৭ দিন মাত্র; অথচ প্রেমবিলাস চার-ছয় মাস বলেন কেন প

ভক্তিরত্বাকারে আছে (চতুর্থ তরঙ্গ, পৃ: ১৩৩) যে, রূপ সনাতন অল্পদিনের ব্যবধানে অপ্রকট হন; যথা— এই কথো দিনে গ্রী গোদাঞি সনাতন। মো সবার নেত্র হৈতে হৈলা অদর্শন॥

> এবে অপ্রকট হৈলা শ্রীরূপ গোসাঞি। দেখিয়া আইমু দে হুঃধের দীমা নাই॥

সনাতন গোৰামী ১৫৪৭ খ্রীষ্টাব্দে বৈষ্ণব্যভাষণী টীক।
সমাপ্ত করেন। ভাহার পর বছর দশেক রূপ সনাতন
জীবিত ছিলেন বলিয়া বৃদ্ধাবনে কিম্বদন্তী আছে। সেইজন্ত বৈষ্ণবিদিনীতে উভয়ের ভিরোধান ১৫৬৭ খ্রীষ্টাব্দে
হইয়াছিল লিখিত হইয়াছে। ১৫১৭।১৫১৮ খ্রীষ্টাব্দে
শ্রীনিবাস জন্মগ্রহণ ক্রিলে ১৫৬৪ খ্রীষ্টাব্দে যখন ভিনি
বৃন্ধাবনে পৌছান তখন ভাঁহার বয়স হয় ৪৬।১৭ বংসর।
ভিনি গোপাল ভট্টের নিকট দীক্ষা গ্রহণ করেন ও শ্রীজীবের
নিকট বৈষ্ণবঞ্জ জন্মন করেন। শ্রীজীব ভাঁহার সমবয়গী

ছিলেন অথবা ছই এক বছরের ছোট ছিলেন। ভাই দেখি
সমন্ত পত্তে তিনি শ্রীনিবাসকে বন্ধুভাবে সংখাধন
করিতেছেন; যথা—প্রথম পত্তে "হুন্তি মদীরসমন্তহ্বধপ্রদপদহন্দ্রশ্রীশ্রীনিবাসাচার্য্যচরণের্"; দিতীয় পত্তে স্কুন্তরভাবে 'হুন্তি সমন্তন্ত্ব-প্রশন্ত-বন্ধুবর-শ্রীনিবাসাচার্য্যমহন্তমের্"; তৃতীয় পত্তে রামচন্দ্র কবিরাজকে লেখা
"শ্রীমদাচার্য্যমহাশয়ান্তত্ত তাম্ উপদেক্ষ্যন্তি, এতে হি
অস্মাকং সর্বাহ্বমেবেতি" (ভক্তিরত্বাকর, পৃ: ১০০১-১০৩৫)।

শ্রীনিবাসাচার্য্য তিনবার বৃন্দাবনে গিয়াছিলেন।
তিনবার বৃন্দাবন গমনাগমন।
সংক্ষেপে করিয়া কিছু কৈল নিবেদন॥

অনুরাগবলী, ষষ্ঠমঞ্জরী, পুঃ ४२

শ্রীনিবাদের জীবনীগ্রস্থগুলিতে একবারের ঘটনা অক্সবারে আরোপিত হওয়া বিচিত্র নহে। প্রথমবারে শ্রীনিবাস বেশ কিছুদিন শ্রীকৃন্দাবনে ছিলেন। মনোহরদাস অফ্রাগবরীতে লিখিয়াছেন—

কয়েক বংসরে গ্রন্থ সমস্ত পঢ়িল। সিদ্ধান্ত-সার রস-সার সকল জানিল।

9: २8

শ্রীনিবাস ৪৬।৪৭ বংসর বয়সে যথন প্রথম বৃন্দাবনে আসেন তথন তাহার বিবাহাদি হইয়াছিল। কিন্তু গোপাল ভট্ট বিবাহিত ব্যক্তিকে দীক্ষা দিবেন না আশকা করিয়া তিনি সেকথা গোপন রাখিয়াছিলেন। তাঁহার দীক্ষাগ্রহণের বহু বংসর পরে যথন রামচন্দ্র কবিরাক্ত বৃন্দাবন দর্শনে যান তথন তাহার নিকট গোপাল ভট্ট সমন্ত ব্যাপার ভনিতে পান। তিনি শ্রীনিবাসকে জিজ্ঞাসা করিলেন—

গোদা নিং কহে এত মিথ্যা কহিলা আমারে।
কোন্ধর্ম বুঝিয়াছ বুঝিব বিচারে।
শীনিবাদ সরলভাবে সমন্ত দোষ স্বীকার করিলেন।
ঠাকুর কহয়ে তোমার চরণ বন্দন।
গোপাল গোবিন্দ গোপীনাথ দরশন।
শীজীব গোদাঞি দক্ষ বৃন্দাবন বাদ।
সভাব সহিত কৃষ্ণ-কথায় বিলাদ।

এত লভ্য হয় এক অসত্য বচনে।
এই লোভে কহিয়াছো সংকাচিত মনে॥
এত কহি ঠাকুর দণ্ড-প্রণাম করিল।
হাসি হাসি ভট্ট গোসাঞি আলিঙ্গন কৈল॥
মিধ্যা কহিয়াও তুমি জানিলে আমারে।
কিছু দোৰ নাহি ইথি কহিল ভোমারে॥

चार्वताग्रवती, स्वेमश्रदी, भू: ४०

মনোহরদাসের এই বিবরণটা শ্রীনিবাসের জীবনের কয়েকটা ঘটনার কাল নির্ণয়ে সভায়ত। করে। জীনিবাস আচার্যা :০।১১ বংশর বুন্দাবনে বাস করির। ১৫৭৫ খ্রীষ্টান্দের কাছাকাছি বৈষ্ণৰ গ্ৰন্থাদি লইয়া গৌডাভিমুখে যাত্ৰা করেন। পথের মধ্যে বনবিষ্ণুপুরে গ্রন্থভিলি বীর হাদীরের লোকজনের দারা অপহত হয়। এই উপলক্ষ্যে বীর হামীর শ্রীনিবাদ আচার্য্যের দংস্পর্শে আদেন ও তাঁহার শিগুত গ্রহণ করেন। অবশ্র শিয়াত গ্রহণ করার মানে এনহে ষে, তিনি যুদ্ধবিগ্রহ পরিত্যাগ করিলেন। স্থার যত্নাথ সরকার লিখিয়াছেন (History of Bengal II, পঃ ২০৮) যে, ১৫৯০ খ্রীষ্টাব্দে বিষ্ণুপুরের রাজা বীর হামীর জ্বাৎসিংহকে পাঠানদের হাত হইতে বাঁচাইয়া স্বীয় তুর্গে আশ্রয় দেন। তিনি আরও বলেন (े, প: ১৪০) যে. ১৬০৮ এটালে বীর হামীর জগংসিংহকে পাঠানদের হাত হইতে বাঁচাইয়া স্থীয় তুর্গে আশ্রয় দেন এবং ইদলাম থানের নিকট বশুতা স্বীকার করেন: কিন্তু অল্পদনের মধ্যেই পুনরায় স্বাধীনতা ঘোষণা করেন। তিনি ১৬:৮ হইতে ১৬১৩ গ্রীষ্টাব্দ পর্যান্ত একরকম স্বাধীনট চিলেন। ১৬১৪ জ্ঞীয়াকে কাশিম খানের প্রতিনিধি শেখ কামিল চেটা করিয়াও বীর হাম্বীরকে পরাজিত করিতে পারেন নাই (History of Bengal II, 9: 223-22)1

বীর হাষীর কখন রাজ্য করিতে আরম্ভ করেন ? এ সম্বন্ধে নানা মৃনির নানা মত। ডাঃ রাধাগোবিন্দ নাথ মহাশর বাঁকুড়া গেন্দেটীয়াবের স্বলয়িতা L. S. S. O'Mallayর মত মানিয়া লইয়া লিখিয়াছেন বে, বীর হাষীর ১৫৯১ হইতে ১৬১৬ ঞ্জীয়ান্ধ পর্যন্ত রাজ্য করেন (Bankura Gazetteer, পঃ ২৬), কিন্তু

Elliot '9 Dowson প্रमुख (यह थए, १: ৮৬) दिवदन मा १८२४ औहो स्वत २४१ मा वीत हां हीत कार मिश्हरक আশ্রয় দিয়াছিলেন। এই তারিধ থণ্ডন করিয়া শুর यहनाथ मत्रकात यथन जे जातिथ ১৫२० औष्ट्रीटक ষ্ট্রিক বিয়াছেন তথন বীর হামীর ১৫৯১ খ্রীষ্টাব্দে রাজ্যাধিরোহণ করিবেন কি করিয়া? আরও বিবেচ্য বে, O'Malley তাহার নিজের নির্দ্ধারিত তারিখের উপরও আস্থা রাখিতে পারেন নাই; কেননা, তিনি বাকড়া গেকেটীয়ারের ১৫৮ পৃষ্ঠায় লিখিয়াছেন যে, মল্লেখন মন্দিরের খোদিত লিপি হইতে জানা যায় যে ১৬२२ औहोरक तीत हाशीत ये मिनत প্রতিষ্ঠা করেন। যিনি ১৬১৬ খ্রীষ্টাব্দে মারা গেলেন, তিনি ১৬২২ খ্রীষ্টাব্দে মন্দির স্থাপন করিবেন কিরূপে? Archaeological Survey of Indiaর ১৮৭২-৭০ খ্রীষ্টাব্দের রিপোর্টের অষ্ট্রম খতে (বাক্সলা দেশ) পাওয়া যায় যে, ঐ মন্দির বীরসিংহ কৰ্ত্ক স্থাপিত হয়—The oldest dated temple in Bishanpur is known as the Mallesvara temple, which has long been regarded as the oldest in Bishanpur and as dating back to near the beginning of the Malla era, chiefly on the strength of the inscription of which Bishanpur enjoys its fame as a very ancient city, the inscription is dated clearly in Saka 928, but this is a mistake, the word 'Saka' having through some oversight been put instead of Mallabda, as the proof of it is to be seen in the next few lines, where the temple is stated to have been built by Vira Simha in the year "Vasu Kara Haza Malla Sake" i.e. in 928 of the Malla era (7: २०७)। ডাঃ ব্লক বিষ্ণুপুরের একটি মন্দিরে ১০৬৪ মলাব্দ ও ১৬০০ नक भारेमा किंद्र करदान (य, ७२८ औडोर्स महासि स्क रम। হরপ্রদাদ শাস্ত্রীও ব্লকের মত মানিয়া লইয়া ৬৯৪ বীটাক হইতে মল্লাম্বের আরম্ভ খীকার করিয়াছেন (Indian

Historical Quarterly, 1927, 9: 360-63)1 'বিশ্বকোষে' বিফুপুর শব্দে ভূল করিয়া মল্লান্দের আরম্ভ ৭১৫ এটালে এবং বীর হামীরের রাজ্বতের আরম্ভ ১৫৯৬ থীষ্টাব্দে ধরা হইমাছে। ৬৯৪ ও ৭:৫র মধ্যে তফাৎ ২১ वहरत्र ; ১৫२७ औष्ट्रीय शहरू २० वाम मिला ১৫१৫ औद्योदम वीत राष्ट्रीदात मिःरामान व्यक्षितारावत काम পাওয়া যায়। ঠিক ঐ বংসরকেই অর্থাৎ ১৫৭৫ খ্রীষ্টাব্দকে হাণ্টার সাহেব রাজত আরন্তের সময় বলিয়া নির্দেশ ক্রিয়াছেন। তিনি তাঁহার Statistical Account of Bengalএর চতুর্থ খণ্ডে (পু: ২৩৫) দিখিয়াছেন যে, বীর राषीत ५७৮ मलार्स (১৫७२ ओहोर्स) खना ग्रहन करत्न এব॰ ৮৮১ মল্লাব্দে (১৫৭৫ খ্রীষ্টাব্দে) রাজ্যাধিরোচণ করেন। দীনেশচক সেন মহাশয় হাণ্টাবের ৮৮১ মল্লাফ মানিয়া লইয়। বিশ্বকে । অফুদারে ৭১৫ মল্লাক আরম্ভ ধরিয়। স্থির করেন থে, বীর হাসীর ১৫৯৬ খ্রাষ্টাব্দে রাজা হন (Vaisnava Literature, পঃ ১০৯)। প্রকৃতপক্ষে া হাণ্টারের মতের সন্থিত বিশ্বকোষের ও দীনেশচন্দ্র সেনের মতের কোন পার্থকা নাই। স্বতরাং আমরাও এই মত মানিয়া লইতেছি। হাণ্টার শাহেব ১৮৭৪ ৭০ এটাকৈ যথন ঐ বিবরণ লিপিবদ্ধ করেন তথন তাহাব পক্ষে বিষ্ণুবের রাজবাড়ার কাগজপত্র পাওয়ার সন্তাবন। স্বাপেকা অধিক ছিল, কেননা বিষ্ণুপুরের রাজ। গোপালসিংহ দেব ইহার ৮।৯ বংসর প্রেন (বাংলা ১২৭৩ সালে) পরলোকগমন করিয়াছেন।*

শ্ৰীনিবাস আচাৰ্য্য ১৫৬৪ হইতে ১৫৭৫ খ্ৰাষ্টাৰু পযাস্ত

শ্রীবৃন্দাবনে বাস করিবার পর যথন বৈষ্ণব গ্রন্থাদি সহ যাজিগ্রামে ফিরিভেছিলেন তথন বিষ্ণুপুরে তাঁহার পূর্ণগ্রন্থ গোরুর গাড়ী লুঠ হয়। সম্ভবতঃ এই ঘটনা বীর হাদীরের রাজ্যাধিরোহণের অল্প পরেই ঘটিয়াছিল। শ্রীনিবাস গ্রন্থের অক্সদ্ধান করিতে করিতে বিষ্ণুপুরের রাজসভায় যান এবং তথায় ভাগবত পাঠ করিয়া বীর হাদীরকে মৃশ্ধ করেন। বীর হাদীর পরে স্প্রীক তাঁহার নিকট দীক্ষা গ্রহণ করেন। কালাটাদের মন্দির অবশ্র পরে ৯৬২ মল্লাকে বা ১৬৫৬ খ্রীষ্টাব্দে স্থাপিত হয় (Cunningham—Arch. Survey . VIII, পৃ: ২০৪)।

বীর হাষীর স্থন্দর পদ রচনাও করিতেন। কালাটাদের শরণাম্পণত্য প্রকাশ করিয়া তিনি নিম্নলিখিত পদটী লেখেন—

শুন গোমরম স্থি কালিয়া কমল আঁথি किय। किन किन्न मा अभि। কেমন করয়ে মন **শব লাগে উচাটন** প্রেম করি খোয়াত পরাণি ॥ শুনিয়া দেখিত কালা দেখিয়া পাইত জালা নিবারিতে নাহি পাই পানি। এগুক চন্দ্ৰ আনি দেহেতে লেপিছ ছানি না নিবায় হিয়ার আগুনি॥ বসিয়ে থাকিয়ে যবে আসিয়া উঠায় তবে লৈয়া যায় ষমনার তীর। কি করিতে কি না করি সদাই ঝুরিয়া মরি তিলেক নাহিক বহি থির॥ শ্বাশুড়ী নন্দী মোর সদাই বাসয়ে চোর গৃহপতি কিবিয়া না চায়। এ বীর হাশীর চিত শ্ৰীনিবাস-অমুগত মজি গেলা কালাচাদের পায় ।

ভব্তিরহাকর, পৃ: ৫৮২

১৫৭৬ খ্রীষ্টান্দের কাছাকাছি কোন সময়ে বৃন্দাবন হইতে প্রত্যাবর্তনের তিনচার বংসরের মধ্যে শ্রীনিবাস প্রথমে রামচন্দ্র কবিরাজ্ঞকে ও পরে গোবিন্দাসকে মন্ত্রদীক্ষা দেন। পূর্বেই দেখাইয়াছি বে, গোবিন্দের পূত্র

^{*} অভয়পদ মনিক ১৯২১ খাঁয়াকে History of Bishnupur Raj গ্রন্থে বে দন ভারিণ দিয়াছেন ভাষা অপেক্ষা ভাষার প্রায় অদ্ধ শতাকা পূর্বে হান্টারের জ্ঞায় ঐতিহাদিক দৃষ্টদাপার বাঞি কর্ত্বক প্রদন্ত ভারিথ আমরা বেশী নির্ভরযোগা মনে করি। "বাংলাঘ অমণ" নামক পাইড বুকেব শিতীয় খণ্ডে (পৃ: ১০২) লিখিত হইয়াছে যে. "১০৬০ গ্রাছাদে বাংলাব নবাৰ ফ্লেমান কররানির পুল দায়ুদ গাঁ বিশুপুব আফ্রমণ করেন, কিন্তু বীর হানীরের হল্পে ভাষার পরালয় ঘটে।" এই উক্তি সত্য নহে, কেননা স্তর ব্যুক্তাশ সম্বাহাম History of Bengalএর দ্বিতীয় থণ্ডে দেখাইয়াছেন ছে, ফ্লেমান করয়ানি ১৫৬০ ইইডে ১৫৭২ গ্রীষ্টাক পর্যান্ত করেন।

দিব্যসিংহ সে সময়ে প্রাপ্তবয়স্ক। স্থতরাং গোবিন্দদাসের বয়স তথন চল্লিশ বছবের কাছাকাছি। প্রেমবিলাস মতে গোবিন্দদাস দীকা গ্রহণের পর ৩৬ বংসর জীবিত ছিলেন। তাহা হইলে গোবিন্দদাসের তিরোধান ১৫৮০ - ৮৩৬ = ১৬১৬ প্রীষ্টান্দের আশোপাশে কোন সময় হইয়াছিল ধরা যাইতে পারে।

কবি বৃন্দাবনলীলা বর্ণনা করিয়া অর্জেক জীবন অতিবাহিত করিলেও, তিনি কখনও বৃন্দাবনে গিয়াছিলেন কিনা
তাহা নিশ্চিতরূপে জানা যায় না। প্রেমবিলাস, অন্থরাগবলী,
কর্ণানন্দ, ভক্তিরত্বাকর ও নরোত্তমবিলাসে তাঁহার বৃন্দাবনযাত্রার কোন উল্লেখ নাই; থাকিবার কথাও নহে—
কেননা, ঐসব গ্রন্থে শ্রীনিবাস, নরোত্তম ও প্রসন্ধরুমে
রামচন্দ্র কবিরাজের জীবনকাহিনী লিখিত হইয়াছে—
কবির নহে। গোবিন্দদাস মাঝে মাঝে তাঁহার রচিত
পদাবলী শ্রীজীব পোন্ধামীর নিকট পাঠাইতেন। তাঁহার
বড় ভাই রামচন্দ্র কবিরাজ শ্রীনিবাসের সঙ্গে মাঝে মাঝে
বীর হান্বীরের রাজধানীতে যাইতেন। কিন্তু গোবিন্দদাস
কখনও বিষ্ণুপুরে গিয়াছিলেন এমন কথা পাওয়া যায় না।
গোবিন্দাসের সঙ্গে বীর হান্বীরের বেশী ঘনিষ্ঠতা থাকিলে
তাঁহার কোন না কোন পদে বিষ্ণুপুরের বৈষ্ণক রাজার
নাম সংযুক্ত থাকিত।

বিষ্ণুপ্রের কাছাকাছি আর একটা প্রাচীন রাজবংশের রাজ্য ছিল পঞ্চলেটে। পুরুলিয়া হইতে ৩৫ মাইল ও লাউও ইটার্ণ রেলওয়ের আলা টেশন হইতে ১০ মাইল দ্রে রামকানালি নামক টেশনের নিকট পঞ্চকোটের রাজধানীছিল। সেই বংশের ৬৭তম রাজা হরিশুক্র বা হরিনারায়ণ (১৫৮০-১৫০৮ খ্রীষ্টান্ধ)। তাঁহার পিতার নাম জগমোহন শেখর বা গরুড়নারায়ণ (১৫৬০-১৫৮৮ খ্রীষ্টান্ধ)। ঐ বংশের রাজাদের একটা করিয়া নাম, আর একটা করিয়া উপনাম থাকিত। হরিনারায়ণের সলে গোবিন্দলাসের ঘনিষ্ঠতাছিল। তাই তাঁহার নাম জয় জয় রাম রাম রঘুননন্দর ইত্যাদি ৪১-সংখ্যক পদের শেবে বহিয়াছে—

त्भिविन्ननाम क्षरत व्यवधातन द्विनादायन व्यथितना ॥ হরিনারায়ণ সম্বন্ধে ভক্তিরত্বাকরে দিখিত আছে—
শিখর ভূমির রাজা হরিনারায়ণ।
আচার্য্যের স্থানে শিশু হৈতে তাঁর মন ।
তেহো শিশু হইবেন শ্রীরাম-মন্ত্রেতে।
স্বাভাবিক প্রীত তাঁর শ্রীরামচক্রেতে॥

নবমতরঞ্চ, পু: ৫৮৬

রামজ্ঞক এই রাজার প্রীত্যর্থে গোবিন্দদাস এই রামন্তবটী রচনা করেন।

এই হরিনারায়ণ রাজা মুর্শিদাবাদ জেলার নশিপুরের (উহার প্রাচীন নাম কি প্রুপদ্ধী?) রাজা নৃসিংহ গজপতিকে অহুরোধ করেন যে, তিনি যেন রিসক ম্রারিকে দর্শন করেন। রিসক তাঁহাকে দর্শন দেন। রিসকের বংশীবাদন শুনিয়া রাজা মুগ্ধ হন।

রসিক মহিমা জানে হরিনারায়ণে। বছরূপে কহিলেন গজপতি স্থানে।। শুনিয়া নৃসিংহদেব আনন্দিত মনে। যাইতে করিল মন চরণ দর্শনে।।

त्रमिकमञ्जल, भुः ১२७-२१

এই নৃসিংহ গজপতির উপনাম ছিল রূপনারায়ণ।
গোবিন্দাস তাহার "নবনীরদ তত্ব তড়িতলতা জহু"
ইত্যাদি ১৬০-সংখ্যক পদে ইহার নাম করিয়াছেন;
যথা—

রাজা নরসিংহ রূপনাবায়ণ।
গোবিন্দদাস অহুমান।।
অন্ত একটি পদে (১৬৮) তিনি নরসিংহের নাম না করিয়া
শুধু রূপনারায়ণের নাম করিয়াছেন; যথ।—

গোবিন্দদাস ভণ রসিক বসায়ন। রসয়তু ভূপতি রূপনাবায়ণ।।

বিভাপতির অহরাগী কবি গোবিন্দদান পঞ্কোটের ও নশিপুর্বের ক্ষত্রিয় (ছত্রি) রাজাদের পৃষ্ঠপোষকতা পাইরা ধ্ব থুলি হইয়াছিলেন কেননা ডিনিও বিভাপতির ভার 'নারারণ' উপনাম-যুক্ত রাজাদের নাম পদের ভণিতার দিতে পারিয়াদ্ধেন। কিন্তু ইহাতে মৃত্তিল হইয়াছে এই মে, কোন কোন অভ্যুৎসাহী মৈধিল পশ্তিত এই ছুইটা পদকে (১৬০ ও ১৬৮) গোবিন্দদাসের মৈথিল হওয়ার প্রমাণস্বরূপ উপস্থিত করিতেছেন। কিন্তু সপ্তদশ শতালীর কোন মিথিলার রাঞ্চার উপনাম হরিনারায়ণ বা রূপ-নারায়ণ ছিল না।*

গোবিনদাস আর একজন রসিক ভক্তের নাম পদে উল্লেখ করিয়াছেন। তিনি হইতেছেন রায় রামচন্দ্র। 'নন্দনন্দন রাজভূষণ' ইত্যাদি (৪৫৬) পদটীর পদরস্সারধৃত (অপ্রকাশিত পদর্ত্বাবলী ৬৬) পাঠে ভণিতায় আছে—

(রায়) রামচন্দর

বচন যানহ

পাদ গোবিন্দ ভণে।

'রসিকমঙ্গলে' রসিকানন্দের শিশুদের কথা বলিতে যাইয়া
লেখা হইয়াছে—

নূপ রামচন্দ্র চিত্রেশ্বর শ্রীচন্দন। কার্যমনোবাক্যে সবে রসিক শ্রণ।।

পশ্চিম বিভাগে ১ লহরী, পৃ: ১৪৩ এই পদের ভণিতার পাঠান্তরে দাহিত্য-পরিষদের ১৮৩দংখ্যক পুঁথিতে 'ধার চম্পতির' নাম আছে। আমরা
কবির ৫৬৮ দংখ্যক পদের পাঠান্তরেও 'রায় চম্পতির'
নাম পাইয়াছি। তা ছাড়া 'তু বিন্ন অথময় শেজ তেজল'
ইত্যাদি ৪৬২-দংখ্যক পদে 'রায় চম্পতি বচন মানহ দাদ
গোবিন্দ ভণে' পাওয়া গিয়াছে। রায় চম্পতি কে?
রাধামোহন ঠাকুর 'কি করব জপতপ দান এত' ইত্যাদি
চম্পতি ভণিতাযুক্ত (পৃ: ১৯৯) ও

মাথ্র নাম ভনি প্রাণ কেমন করে। বড় মনে সাধ লাগে কাফ দেখিবারে॥ আর তো গোকুলচক্র না করিব কোলে। পাইয়া পরশ মণি হারাইল হেলে॥ পঃ ৬০১

ইত্যাদি পদটার ভণিতায় 'চম্পতি পতি বিষ্ণু ভষ্ণু ভেল শেষ'এর টীকায় লিখিয়াছেন—"চম্পেতি শ্রীগৌরচম্রভক্তঃ শীপ্রতাপক্তমহারাজ্য মহাপাত্র: চম্পতিরায়নামা মহা-ভাগবত আদীৎ, দ এব গীতকর্ত্ত।" (পু: ১৯৯) এবং "চম্পতিপতি চম্পতিরায়নামা দাক্ষিণাত্য: এক্সফটেডক্স-ভক্তরাজ: কশ্চিদাদীৎ দ এব গীতকর্ত্তা" (প: ৩০১)। কিন্তু কোন উৎকলবাদী যে "মাথুর নাম শুনি প্রাণ কেমন করে" পদ লিখিয়াছেন তাহা বিশাস করা কঠিন। গোবিন্দদাস বল্লভ, রায় বদস্ক, হরিনারায়ণ, প্রতাপাদিত্য, রায় সম্ভোষ, বাজা নরসিংহ, রূপনারায়ণ প্রভৃতি যে স্কল লোকের নাম পদের ভণিতায় করিয়াছেন তাঁহারা সকলেই কবির সম্পাম্যিক। একমাত্র বিভাপতির নাম পূর্কবন্তী কবির। চষ্পতি এমন কিছু খ্যাতিসম্পন্ন কবি নহেন ধে. গোবিন্দাস তাঁহার পদের ভাব পরিপূরণ করিবার জ্ঞ প্রতাপক্ষরের সম্পাম্য়িকের নাম করিবেন। চম্পতির 'কি করব জপতপ' পদে অবশ্য 'পৈড়' শব্দ পাওয়া যায় এবং বাধামোহন ঠাকুর উহার ব্যাখ্যায় বলিয়াছেন ষে. ওড়িয়ার। কাঁচা নারিকেলকে 'পৈড়' বলে। কিছ त्गाविन्ननारमञ्जनमञ्ज (मनिनीश्व (कनात्र ७ छित्र) मत्नव প্রচুর প্রচলন ছিল। ঐ জেলায় খ্রামাপদ ও রসিকানন্দের অনেক শিশ্য ছিলেন এবং বদিকমঙ্গল হইতে জানা যায় যে. তাঁহাদের মধ্যে কেহ কেহ কবি বলিয়াও খ্যাভিলাভ করিয়াভিলেন। গোবিন্দদাদের সমসাময়িক এইরূপ কোন কবির নামই চপ্পতি রায় ছিল বলিয়া আমার বিখাস। গোবিদ্দদাদের স্থায় তিনিও বিদ্যাপতির অসুকরণে পদ লিখিতেন।

গোবিন্দদাসের একজন প্রধান পৃষ্ঠপোষক ছিলেন নরোত্তম ঠাকুর মহাশয়ের পিতৃব্য প্রবোত্তম দভের পূত্র সন্তোব দত্ত। কবি ইহার নাম "মরকত মঞ্ মৃকুর" ইত্যাদি ১৫৯-সংখ্যক পদের ভণিতায় করিয়াছেন। তিনি এই সন্তোব দভের অহ্পেরণায় সংষ্কৃত ভাষায় সদীভয়াধ্য

[&]quot; অগণ জু ভদ্র মহাশয় "রাজা নরসিংহ রূপনারায়ণ গোবিন্দর্শাদ প্রমাণ" সম্বন্ধে লিখিরাছেন হে, "এ ম্বলে তিনি (গোবিন্দর্শাদ) প্রকাশরীর কবি নৃপতি নরসিংহ ও তাঁহার সভাপতিত রূপনারায়ণকে অরণ করিয়াছেন (পৌ. প. ত. ভূমিকা, পৃ: ৬৮, প্রথম সংস্করণ)। কিন্তু তিনি যদি ১৬০ ও ১৬৮-সংখ্যক পদের ভণিতা মিলাইয়া দেখিতেন তাহা হুইলে রূপনারায়ণকে সভাপতিত বলিতেন না। শেবোজ্ঞ পদে ভূপতি রূপনারায়ণ স্পষ্ট করিয়া বলা হইয়াছে; এই ভূপতির আসল নাম হে রাজা নরসিংহ রূপনারায়ণ তাহা ১৬০-সংখ্যক পদ হইতে জানা বায়।

নাটক বচনা করেন। ঐ নাটকটা আৰু পর্যন্ত আমরা খুঁজিয়া পাই নাই; তবে নরহরি চক্রবর্ত্তী ইহা হইতে ভজিবদ্বাকরের ১৯ পৃষ্ঠায় তুইটা ও ৩৩।৩৪ পৃষ্ঠায় চারিটা প্লোক উদ্ধার করিয়া গিয়াছেন। ঐ নাটকের প্রথমেই গোবিন্দদাস করিয়াক সংস্তাব দত্তের পরিচয় দিতে যাইয়া বলিয়াছেন বে, তিনি গৌড়াধিরান্দের মহামাত্য প্রক্ষোত্তম দত্তের পূত্র এবং তিনি পদ্মাবতী-তীরবর্ত্তী গোপালপুর নগরবাদী ছিলেন। সস্তোব দত্তের অর্থান্তক্লোই খেতরির স্প্রপ্রস্কি মহোৎদ্ব অন্তর্মিত হইয়াছিল।

গোবিন্দ কবিরাজের কৌতৃকপ্রিয়তা সম্বন্ধ একটা কাহিনী প্রেমবিলাদের অপ্রামাণিক উনবিংশ বিলাদে লিখিত আছে। বিষ্ণুপ্রের পট্টমহাদেবী ধ্বজামণি দেবীর হাতের লেখা বোড়শবিলাদাত্মক প্রেমবিলাদ শ্রেষ হইয়াছে মৃত্রিত পুত্তকের অস্তাদশ বিলাদে। হতরাং এই উনবিংশ বিলাদের কথা কতদ্র বিশ্বাস্ত বলা যায় না। তবে গল্পটা নরোভ্রমবিলাদের দশ্ম বিলাদেও আছে। ক্লণচন্দ্র বা ক্লপনারায়ণ নামে এক দিগ্বিজ্লয়ী পণ্ডিত নরোভ্রম ঠাকুরের উপর অত্যন্ত ক্লষ্ট হন; কেননা তিনি কাম্মন্থ হইয়া ব্রাহ্মণকে দীক্ষা দেন। সেইজক্ত তিনি পক্ষালীর বাজা নরসিংহের সাহাব্যে নরোভ্রমের দক্ষেবিচারের জক্তে আসিতেছিলেন। এই কথা শুনিয়া খেতরির নিকটন্থ কুমরপুর গ্রামে—

বাসচন্দ্ৰ, গোবিন্দ আব গলানাবায়ণ।
হবিহব, বাসকৃষ্ণ, জগলাথ এই কয়জন ॥
ভেলি, ভ ড়ি, সাজে আব বাবৈ, কুমার।
নানা জিনিব লৈঞা তথি জমায় বাজার ॥
কতেক পড়ুয়া আইলা জিনিব কিনিতে।
মূল্য পুছিলে তাহা কছে সংস্কৃতে ॥
দর্প কবি পড়ুয়াবা সংস্কৃত কয়।
কিছু আলাপনে সবে হৈলা পরাজয় ॥
ডেলি ভ ডি কহে সূর্ব তোবা কিব। জান ।
বিদ্বাজ্যা থাকে তবে অধ্যাপকে আন ॥

যশোধানন্দৰ তাসুকদার সংক্রণ, পৃ: ১৯৪

রণনারারণও আদিরা তাঁহানের নিকট পরাঞ্চিত হইলেন

এবং পরে তিনি ও নরসিংহ নরোত্তমের কুপা পাইলেন। পরারে উল্লিখিত রামচন্দ্র ও গোবিন্দ কবিরাজ আত্বয় ও গলানারায়ণ চক্রবর্তী-উপাধিক পণ্ডিত।

গোবিন্দ কবিরাজ ভাগ্যবান্ ব্যক্তি ছিলেন। তাঁহার মাতামহ দামোদর কবি ছিলেন; পিতা চিরঞ্জীব শ্রীচৈতঞ্জের একাস্ত ভক্ত ও কবি ছিলেন; তাঁহার একটা শ্লোক পদাবলীতে স্থান পাইয়াছে। কবির বড় ভাইও কবি। তাঁহার পুত্র দিব্যসিংহও কবি ছিলেন। তিনিও শ্রীনিবাস আচার্য্যের শিশুত্ব গ্রহণ করিয়াছিলেন।

> শ্রীগোবিন্দের পুত্র কবিরাজ দিব্যসিংহ। প্রভুর পাদপলে যিহোঁ হয় মত্ত ভঙ্গ।

> > कर्गानमः, पुः ১००

কর্ণানন্দের শেষে লেখা আছে যে, কবি যহনন্দন বুঁধাই পাড়াতে শ্রীমতীর নিকটে অর্থাং তাঁহার গুরু হেমলতা ঠাকরাণীর নিকটে থাকিয়া ১৫২৯ শকে অর্থাং ১৬০৭ খ্রীষ্টাব্দে ঐ গ্রন্থ লেখেন। গোবিন্দদাস যদি ১৫৬৬ খ্রীষ্টান্দের কাছাকাছি সময়ে দীক্ষা লইয়া থাকেন, তাহা হইলে ১৬০৭ খ্রীষ্টাব্দে তাঁহার পুত্রেরও বয়স ৪৬৪৭ বংসর হইয়াছিল। আমরা দেগাইয়াছি যে, গোবিন্দের দীক্ষার সময় দিবাসিংহ প্রাপ্তবয়স্ক হইয়াছিলেন। দিবাসিংহের পুত্র ঘনশ্রাম কবিরান্ধ শ্রীনিবাস আচার্য্যের পুত্র গতিগোবিন্দের শিশুত গ্রহণ কবিয়াছিলেন একথা তিনি ক্ষয়ং তাঁহার 'গোবিন্দ্র বিজনী' গ্রন্থে লিখিয়া গিয়াছেন। একাদিক্রমে চার পুকুষ কবি ও পণ্ডিত—এরপ দৃষ্টান্ধ বিরল।

১৬০৭ খ্রীষ্টাব্দে ষথন কর্ণানন্দ লিখিত হয়, তথন শ্রীনিবাদ আচার্য্যের পৌত্রেরাও প্রাপ্তবয়গ্ধ হইয়াছেন, কেননা কর্ণানন্দে (পঃ ২৮) লিখিত আছে—

> শ্রীগতি প্রভূব শিশু প্রধান তনয়। শ্রীকৃষ্ণপ্রদাদ ঠাকুর গন্ধীর হৃদয়। শ্রীকৃষ্ণবানন্দ আর শ্রীহরি ঠাকুর। তিন পুত্র শিশু তাঁর তিন ভক্ত শুর॥

এই কৃষ্পপ্রশাদের পুত্র জগদানন্দ; জগদানন্দের পুত্র রাধামোহন ঠাকুর। জীনিবাদ আচার্ঘ্য ১৫১৭-১৮ জীটান্দে জন্মগ্রহণ করিলে ১৬০৭ জীটান্দে ভাহার হয় ২০ বংসর। তাঁহার পুত্র গতিগোবিন্দের বয়স দে সময়ে ৫০।৬০ হওয়া
বিচিত্র নহে এবং পৌত্রদের বয়স ২৫।৩০ হইতে পারে।
মতরাং ১৬০৭ গ্রীষ্টাব্দে শ্রীনিবাদের কন্সা হেমলতার শিক্স
যহনন্দনের পক্ষে কর্ণানন্দ লেথা বিন্দুমাত্র অসম্ভব নহে।
অবশ্য, কর্ণানন্দে কিছু কিছু প্রক্ষিপ্ত অংশ আছে। আমরা
আমাদের সীমাবদ্ধ জ্ঞানবৃদ্ধি মত গোবিন্দদাদের কাল
নির্ণয় উপলক্ষে শ্রীনিবাস আচার্য্যের যে সময় নির্দেশ
করিলাম তাহাতে নৃসিংহ কবিরাজ ও কর্ণপূর কবিরাজের
উ্ক্রির সঙ্গে বীর হাগীরের রাজ্যাধিরোহণ ও কর্ণানন্দে
উল্লিখিত শ্রীনিবাদের পুত্র-পৌত্রাদির কথার সামঞ্জন্ম হয়।
ডাঃ রাধার্গোবিন্দ্দ নাথ শ্রীনিবাদের জন্মকাল ১৫৭২-৭৬
গ্রীষ্টান্দের মধ্যে ধরিতে খাইয়া শ্রীনিবাদের সাক্ষাৎশিয়
নৃসিংহ ও কর্ণপূর কবিরাজের কথা অবিশ্বাস করিতে ও
কর্ণানন্দের উল্ভেব্নে প্রক্ষিপ্ত বলিতে বাধ্য হইয়াছেন। শ্রীমৃক্ত

বাধামাধৰ তর্কভীর্থ ছই ভিন বংদর ধরিয়া দংক্ত কলেকে গবেষণা করিয়া দ্বির করিয়াছেন যে, "শ্রীনিবাদ আচার্য্যের জন্মকাল হিদাবে ১৫৮৭ খ্রীষ্টান্ধ বা নিকটবর্ত্তী কালের গ্রহণই যুক্তিযুক্ত মনে হয়" (Our Hesitage II, Part I. ১৯৫৪, পৃ: ১৯৭-৯৮)। এই মত স্থাপনের জ্রুত্ত তাঁহাকে বলিতে হইয়াছে যে, শ্রীনিবাদ গোপাল ভট্টের শিক্ত নহেন (ঐ, পৃ: ২০১)। কিন্তু শ্রীনিবাদ গোপাল ভট্টের শিক্ত নহেন (ঐ, পৃ: ২০১)। কিন্তু শ্রীনিবাদ গাহার পদে (তরু ৩০৭২ ও ৩০৭২) নিজেকে গুণমঞ্জরীর অহুগত বলিয়াছেন এবং কবিকর্ণপূর গৌরগণোদ্দেশদীপিকায় গোপাল ভট্টকে অনকমঞ্জরী বা গুণমঞ্জরী বলিয়া পরিচয় দিয়াছেন। শ্রীনিবাদের শিক্ত নৃদিংহ কবিরাক্ষপ্ত নবপত্তে (ভক্তিন্যুক্তর, পৃ: ১৩৫) শ্রীনিবাদকে গোপাল ভট্টের মন্ত্রশিক্তা করে, পৃ: ১৩৫) শ্রীনিবাদকে গোপাল ভট্টের মন্ত্রশিক্তা প্রাছেন। গবেষণার দার্থকতা দেইখানে যেখানে উপস্থিত সমন্ত প্রমাণের দক্ষে গবেষকের দিয়াছের দামঞ্জ্য হয়।

দ্বিতীয় অধ্যায়

কবির সাংস্কৃতিক পরিবেশ

গোবিন্দদাস কবিরাজ সেক্সপীয়রের (১৫৬৪-১৬১৬)
প্রায় সমসাময়িক কবি। উভয়েরই শ্রেষ্ঠ রচনা ষোড়শ
শতাকীর প্রথমে লিখিত হয়। সেক্সপীয়র ষেমন ইংলণ্ডের
বছনক্ষত্রশোভিত সাহিত্যগগনের পূর্ণচন্দ্র, গোবিন্দদাসও
তেমনি গৌড়বঙ্গের বহুজ্যোতিক্সশোভিত কাব্যাকাশের
অকলম্ব শশধর। সেক্সপীয়রের যুগের অগ্রন্থত ষেমন
Sidney ও Spencer (1552-99), গোবিন্দদাসের
যুগের অগ্রন্থত তেমনি নরহরি সরকার, বাস্থ ঘোষ, বস্থ
রামানন্দ, মুরারি গুপ্ত প্রভৃতি শ্রীচৈতন্ত্র-সমসাময়িক
কবির্দ্দ। তাঁহাদের ও গোবিন্দদাসের যুগের মধ্যে
সেতৃক্ষপ বিরাজ করিতেছেন জ্ঞানদাস। জ্ঞানদাস
নিত্যানন্দ প্রাক্ত তাঁহার পত্নী জাহুবাদেবীর কুপাপাত্র
ছিলেন। ভক্তির্দ্ধাকরে লিখিত (পৃ: ৬০০, দশম তরক)
বিবরণ অস্ক্সারে জ্ঞানদাস থখন জাহুবাদেবীর সঙ্গে

থেতুরির মহোৎসবে আগমন করেন তথন গোবিন্দদাসের সদে তাঁহার দেখা হইয়াছিল। নরোভমবিলাসে (वर्ष বিলাস) দেখা যায় যে, জাহুবাদেবীর সঙ্গে যাহার। আসিয়াছিলেন তাঁহাদের মধ্যে—

কেহ শ্রীগোবিন্দ কবিরাজের মুখ চাঞা। আলিদিতে নেত্রধারা বহে বুক বাঞা॥

वर्ष्ठ विलाम, भुः ३२४

গোবিন্দাস পেতৃরির মহোৎসবে কর্মকর্স্তাদের মধ্যে একজ্বন ছিলেন।

শ্রীরঘুনন্দনগণ সহ যে বাসাতে। শ্রীগোবিন্দ কবিরাক্ত নিযুক্ত ভাহাতে।

वे. पुः :२४

জ্ঞানদাস বেভাবে নিভ্যানন্দের রূপ বর্ণনা করিয়াছেন ভাহাতে মনে হয় তিনি ভাঁহাকে নিজের চোখে দেখিরাছেন এবং এই কারণেই তাঁহার নাম ক্লফদাস কবিরাজ নিত্যানন্দ-শাখায় উরেখ কবিয়াছেন।

চোধে না দেখিলে কবি "দেখ রে ভাই প্রবল মল্লরপধারী" ইভ্যাদি পদে "লীলা বুঝই না পারি" লিখিবেন কেন ? আর নিভাইরের কটিভটে যে এক রংয়ের বস্ত্র থাকিন্ত না, "বিবিধ বরণ পট পহিরণ" এতো প্রত্যক্ষদর্শীর বর্ণনা মনে হয়। এই পদটীর সঙ্গে গোবিন্দদাসের "জয় জগ-ভারণ কারণ ধাম" শীর্ষক পদটী (৪০) মিলাইয়া পড়িলে বুঝা ধাইবে যে, গোবিন্দদাস নিভ্যানন্দের ঘনিষ্ঠ সংস্পর্শে আদেন নাই। জ্ঞানদাসের ব্রজবৃলির পদ গোবিন্দদাসের উপর প্রভাব বিস্তার করিয়াছিল। 'জ্ঞানদাসের পদাবলীতে' গুভ হয় নাই এমন একটি পদ হইতে ইহার প্রমাণ পাওয়া ধায়—

रेवर्ठनि इनदी নিজ্বর মাঝহি দিনকর ছুপর ঠামে। 'পিরীতি সম্ভাষণ ষব হাম পুছলো প্রেম-জলে ভরল নয়নে ॥ মাধব! বড় অহুরাগিণী রাধা। অঙ্গ সব পুলকিত তুয়া পরসঙ্গে ना मानएव शुक्कन-वांश। কম্পিত পুন পুন ভাবে ভরল তম পুন পুন ভামরী গোরী। পুন পুছত পুন দিগ নেহারত ভূমে ভতলি কত বেরি। **डेबर्श** लागियन • कृत्रन क्वत्री কোরে ধওল তুয়া ভাবে। তুহঁ ভালে সম্বহ कानमाम करह **टकान कत्रव शत्रभारण ।**

ক্রপদা, ২৩।৪

জানদাদের এই ভাব-সমৃদ্ধ পদ্দীর ভাষা ও ভাবের প্রতিধ্বনি পাই গোবিন্দদাসে—

লোচন ভাষর বচনত্তীমর ভাষর চার নিচোল। ভামর হার হুদয়ে মণি ভামর
ভামর দথি কর কোর ॥

মাধব ইথে জনি বোলবি আন।

অপচল কুলবভিকিয়ে তুহুঁ মোহিনি জান॥

মরমহি ভামর পরিজন পামর
কামর মুখ-অরবিন্দ॥

(>>)

জ্ঞানদাদের রাধার স্থায় গোবিন্দদাদের রাধারও শ্রীক্লফের বিরহে "ঝামর মৃথ অরবিন্দ," কিন্তু গোবিন্দদাদের রাধা সামান্ত কবরীকে আলিন্ধন করিয়া তৃপ্ত হন না—তিনি শ্রামবর্গা দথীকে আলিন্ধন করিয়া মনে মনে ভাবেন যে, শ্রামকেই বৃঝি কোলে পাইয়াছেন। তিনি শ্রামের রূপ নয়নে দেখিবার লালদায় কাজল পরিয়া চোথকে শ্রামর করিয়াছেন, কথায় কথায় তুধু শ্রামের নাম লইতেছেন, আর শ্রামবর্ণের সাড়ী পরিয়াছেন। জ্ঞানদাদের রাধা শ্রামের প্রসন্ধ উঠিলে নিজের দেহের বোমাঞ্চ সম্বরণ করিতে পারেন না, গুরুজনের সমক্ষেও প্রেমবিহ্লভা প্রকাশ হুইয়া পড়ে। আর গোবিন্দদাদের রাধা প্রগল্ভা হুইয়া তাঁহার শাক্ষমজ্ঞায়, আচার-ব্যবহারে, কথায়বার্তায় তাঁহার শ্রাম-তন্ময়তা বেন জগতের সমক্ষে ঘোষণা করেন।

জ্ঞানদাসের শ্রেষ্ঠ পদগুলি সাদা বাংলায় লেখা। গোবিন্দদাসও কয়েকটা পদ সহজ সরল বাংলা ভাষায় লিখিয়াছেন বটে, কিন্তু তাঁহার শ্রেষ্ঠ পদগুলি ব্রজ্বব্লিতে রচিত।

বল্লভাচার্ব্যের (১৪৭৮-১২৩০) শিশু কুন্তনদাস, হরদাস, পরমানন্দদাস এবং কৃষ্ণদাস ও বিট্ঠলনাথের (১৫১৫-১৫৮৫) শিশু গোবিন্দ্রামী, নন্দদাস, চতুভূ জ্বদাস ও ছীত্রামী এই অষ্ট্রছাপের পদাবলীর প্রভাবও গোবিন্দদাসের পদের উপর পড়িয়াছে মনে হয়। এই অষ্ট্রছাপের কবিভার প্রভাবত বোড়শ শতানীর শেবার্ছে বন্দমগুলে থ্ব প্রবন্ধ ছিল। আর দে সময়ে ভক্ত বৈক্ষরগণ গৌড়বল হইতে প্রায়শঃই ব্রক্ষমগুলে বাভায়াত করিতেন।

স্তরাং অষ্টছাপের কিছু পদ গোবিন্দদাসের হাতে আসা অসম্ভব নহে। ইহাদের ভাষার ও ভাবের সঙ্গে গোবিন্দদাসের ভাব ও ভাষার মূলগত পার্থক্য দেখা যায় না। তুই চারিটা উদাহরণ দিয়া স্ত্র ব্যাখ্যা করিতেছি। কুম্ভনদাস লিখিয়াছেন—

রূপ দেখি টলন নি পলক লাগে নহীঁ।
গোবরধন-ধর অন্ধ অন্ধ প্রতি
জই হী পরতি দৃষ্টি রহতি তহীঁ
কহা কহোঁ কচ্ছু কহত ন আয়ো,
চোরো মন মাঁগিয়ে দহী।
কুন্তনদাস প্রভুকে মিলন কো
ফুলরি বাত স্থায় গোঁ কহী॥

অষ্ট্রছাপ-পরিচয়, পু: ১ • ৭

অর্থাৎ রূপ দেখিয়া নয়নে আর পলক পড়ে না।
গোবর্জনধারীর যে অকে নয়ন পড়ে সেই অকেই যেন দৃষ্টি
নিবন্ধ থাকে। কি বনিব। কোন কথাই মনে আদিতেছে
না! মন যেন দই চাহিতে চাহিতে চুরি করিয়া লইল।
কুম্ভনদাস প্রভূর সঙ্গে মিলনের জন্ম স্থানরী স্থাকে এই
কথা বলিলেন।

ইহার সহিত তুলনা করুন গোবিন্দদাসের—
'হেরি মুখচন্দ্র-স্থারস-লহরী
কিরণহি ভূবন উজ্বোর' ইত্যাদি ২৬৬-সংখ্যক পদের—
দারুণ দৈব কয়ল তুহুঁ লোচন
তাহে পলক নিরমাই।
তাহে অতি হরিষে এ তুহুঁ দিঠি পুরল
কৈছে হেরব মুখ চাই॥
তাহে গুরু তুরুজন লোচন-কণ্টক
সন্ধট কতহুঁ বিথার।
কুলবতি বাদ বিবাদ করত কত
ধৈরজ্ঞ লাক্ষ বিচার॥

রূপ দেখিয়া নয়নে গলক দেওয়ার জন্ম বিধাতাকে নিন্দা করার কথা শ্রীমন্তাগবতের রাসলীলায় গোপীগীতে আছে। কিন্তু কুন্তনদাস বেধানে শুধু বলিতেছেন শ্রীকৃষ্ণের যে অঙ্গে নয়ন পড়ে সেই অঙ্গেই দৃষ্টি লাগিয়া থাকে, গোবিন্দদাস

সেখানে বলিতেছেন "আবে সখি, ভাল করিয়া ক্লফকে বে দেখিতেই পারিলাম না। একে তো বিধাতা হুটা মাত্র নয়ন দিয়াছেন। এ রূপ কি ভুগু ছুই নয়ন দিয়া দেখা যায়! বিভাপতির ভাষায় বলিতে ইচ্ছা করে স্বপতির নিকট সহস্র নয়ন মাগিতে চাই। কিন্তু সেই ছুটা নয়নে আবার নিমেষ পড়ে। তার উপর আবার একট দর্শন করিয়াই এমন আনন্দাশ্রুতে নয়ন পরিপূর্ণ হইল ষে, মুখের পানে ভাল করিয়া চাহিতেই পারিলাম না। কুম্বনদাসের রাধার মনে রূপ দেখিয়া একটা পরিতৃপ্তির ভাব, আর গোবিন্দদাসের রাধার মনে অসীম অপরিতৃপ্তি —ভাল করিয়া দেথিবার জন্ম তুরস্ত আকাজ্ঞা। নিজের চোথের উপর দোষ আরোপ করার পর গোবিন্দাদের রাধা বাহিরের প্রতিকূলতার কথা বলিতেছেন। গুরুজন ও হুর্জনদের চোখ এড়াইয়া তবে কৃষ্ণকে দেখিতে হয়, তাহারা যেন ক্লফদর্শনের পথের কাঁটা। আবার ভুধু তাহাদিগকে ফাঁকি দিলেই তো চলিবে ন।। নিজের মনের সঙ্গেও তো লড়াই করিতে হয়। আমি কুলবতী, আমার একটা সন্তম আছে, মর্যাদা আছে, স্বতরাং ক্লফদর্শনের আগ্রহের সঙ্গে ধৈর্য্য ও লজ্জার বিবাদ বাধিয়া যায়। শেষ পর্যান্ত অবভা প্রেমেরই জয় হয়, কেননা রাধা দৃঢ়প্রতিজ্ঞ হইয়া বলিতেচেন---

> সবহ উপেথি যাই বন পৈঠব কাম গীমে করি হার।

— আমি দব কিছু উপেক্ষা করিয়া বনে ঘাইয়া প্রবেশ করিব; দেইখানে কাছকে আমার গলার হার করিয়া রাখিব। একই ঘটনা, একই ভাব লইয়া রচিত ছুই কবির ছুইটী পদের মধ্যে ব্যঞ্জনার কি পার্থক্য!

অষ্টছাপের মধ্যে সবচেয়ে স্প্রাসিদ্ধ স্বরদাসের (মৃত্যু ১৫৮৩) একটা পদের সঙ্গে গোবিন্দদাসের তুলনা করা যাউক—

ধেম ছহত অতি হী বতি বাঢ়ী।

একধার দোহনী পহঁচাবত, একধার জহঁ প্যারী ঠাট়ী॥

মোহন করতেঁ ধার চলত পথ, মোহনি মৃথ অভিহী ছবি

গাটী।

উদাসীন।

वा विव मवीनक की नित्रथंख वह हिव, यन वाक्न प्रनयं की कांगी। স্থবদান প্রভূকে বদ ভই সব, ভবন-কান্ধতে ভই উচাটী। অর্থাৎ জ্রীকৃষ্ণ খুব মন দিয়া গোক তৃহিতেছেন। তৃধের এক ধারা ছথের পাত্তে পৌছিতেছে; আর এক ধারা বেখানে প্যারী দাড়াইয়া আছেন। মোহনের হাত হইতে ছুধের ধারা পড়িভেছিল, দেই সময় মোহিনীর মুখের শোভাও খুব বৃদ্ধি পাইয়াছিল। মনে হইডেছিল যে, মেঘ ষেন मधू वृष्टिशांता वर्षन कतिराज्य आंत्र तांशांत

म् कनश्य कन-शांत वृष्टि नपू, भूनि भूनि त्थामनम भय

গোবিন্দ গো-দোহনের কিব্নপ ছবি আঁকিয়াছেন তাহা দেখুন-

মুখচন্দ্রের উপর যেন বারবার পড়িতেছে। স্থীরা এই

শোভা দেখিতেছেন, মন ব্যাকুল ও মন্মথবশে জড়তা-প্রাপ্ত

হইতেছে। স্থবদাদের প্রভুর স্বাই বশ, তাহারা গৃহকর্মে

রাধা বদনটাদ হেরি ভূলত স্থামর-নয়ন-চকোর। ছন্দ-বন্ধ বিহু ধবলী ধাওত বাছুরি কোরে আগোর। শুনহি দোহত মুগধি মুরারি। ঝুঠহি অঙ্গুলি করত গতাগতি হেরি হসত বজনারি। नाबहिं नाब शिम नित्रि क्किछ পুন লেই ছান্দন ডোর। ধবলিক ভরমে ধবল পায়ে ছান্দল পোৰিন্দদাস হেরি ভোর॥ (১৯)

क्षमारमद कृष्य चूव रेश्यामीन, श्रीदाशांद मृत्यद भारन চাহিয়াও তাঁহার গোক দোহাইবার মতন মনের জোর थांक। चाव शाविक्यांत्रत कृष्ण कर्खवातांत्य शाक লোহাইবেন ভাবিভেছেন বটে, কিন্তু ধবলী গাইকে বাধিতে ভূলিয়া গিয়াছেন, দে পলাইয়া গিয়াছে; প্রথামত তাহার বাছুবটীকে কোলে আপলাইরা বাবিরাছেন। বাছুর যথন কাছে আছে ডখন ছধ ৰোহাইতে হইবে বই কি ? স্তরাং

গৰু কাছে না থাকিলেও ডিনি ওধু আছুল ছিয়া ছুধ দোহানোর ভঙ্গি করিতেছেন। নয়ন ও তার সঙ্গে সঙ্গে মন শ্রীরাধার মূধের উপর নিবন্ধ। স্থতরাং হাত দিয়া কি যে তিনি করিতেছেন তাহা নিজেই জানেন না। সহসা স্থীরূপা ব্রহ্মমণীদের দিকে তাকাইয়া দেখেন যে, তাঁহারা হাসিতেছেন। তথন নিজের ভূল বুঝিতে পারিয়া নম্মন কুঞ্চিত করিয়া সলজ্জ হাসি হাসিলেন। এবার আর ডিনি ভুল করিবেন না ঠিক করিয়া হাতে ছাঁদন দড়ি তুলিয়া লইলেন। কিন্তু মন যে রাধার বদনচক্রের উপর। তাই थवनीत वन्तन यथ थवरनत शास होनन निष् नितन- दन যাঁড়ের কাছ হইতেই হুধ পাওয়া ষাইবে। এতো 📆 ঘটনা বর্ণনা করা নয়, কিছা মনস্তত্ত্বের বিশ্লেষণ করা নয়, কবি যেন কলম দিয়া শ্ৰীক্লফের "লাজহিঁ লাজ হালি দিঠি কুঞ্চিতের" একথানি মনোরম আলেখ্য অহন করিয়াছেন।

এইবার ব্রক্তাবার কবি প্রমানন্দদাসের শ্রীক্ষের রূপ বর্ণনার একটি পদ দেখুন-

কুঞ্চিত অধর পীতরজমণ্ডিত, জমু ভবরনি কী পাতি। কমল কোদ মে তেঁ টিংগ বৈঠে, পণ্ডুর বরণ ফ্লাভি **#** চক্রক চারু, মুকুট সিরশোভা, বীচ-বীচ মণি গুঞা। গোপীমোহন অভিনব মুরতি, প্রগট প্রেম কে পুঞা। কণ্ঠ কণ্ঠমণি স্থাম মনোহর, পীতাম্বর বনমাল। 'পরমানন্দ' প্রবণ-মণি মঙ্গল, কুজত বেণু রদাল।

অষ্টছাপ-পরিচয়, পু: ১৯৭

—বেণুবাদনতৎপর জ্রিক্তফের কুঞ্চিত অধরে পীতবর্ণের ধূলি পড়িয়াছে, তাহাতে মনে হইতেছে যেন অমরপংক্তি পদ্মফুলের কোষের নিকট বসিয়াছে, ভাহার স্থন্দর পাণ্ডর বর্ণ। তাঁহার মাথায় জ্বলর চাঁদ (গহনা-বিশেষ) মুকুট শোভা পাইতেছে, মাঝে মাঝে মণি ও গুঞা। এই নৃতন গোপীমোহন মূর্ত্তি দেখিয়া মনে হয় যেন মূর্ত্তি ধরিয়া প্রেমপুঞ্জ আসিয়াছেন।

ইহার সহিত গোবিন্দদাসের এই পদটার তুলনা 本事み---

> চাচড় চিকুৰ-চূড়পরি চক্রক श्रका-मञ्ज मान ।

পরিমল-মিলিভ জ্ঞমরি-কুল আকুল
স্থান্দর বকুল গুলাল ॥
নিকে বনি আরে হো নন্দছ্লাল
মনমথ-মথন ভঙ-যুগ ভলিম
কুবলয়-নয়ন বিশাল ॥
বিশ্বাধর পরি মোহন মুরলী
পঞ্চম বমই রদাল ।
গোবিন্দদাস পছ নটবর-শেধর
শ্বামর ভক্তণ ভ্যাল ॥ (১৬৫)

উভিয় পদেই গুঞ্জামালা, চক্রচিহ্নিত ময়্বপুচ্ছের মৃকুট, ভ্রমর ও বেণু আছে। কিন্তু গোবিন্দদান কেবলমাত্র ভ্রমর পংক্তি উপমা হিসাবে ব্যবহার করেন নাই; শ্রীক্লফের স্থান বকুল গুলালের (আবির) পরিমলে আকৃষ্ট হইয়া সভ্য সভ্যই থাহারা আসিয়াছে তাহারা ভ্রমর নহে ভ্রমরী। গোবিন্দদানের পদের প্রভ্যেক শব্দের সঙ্গে উপমা—কুবলয় নয়ন, বিশ্ব অধর; শ্রীক্লফের ভ্রমুগলের ভঙ্গী দেখিয়া ময়াথের মন মথিত য। শ্রীক্লফেকে দেখিয়া মনে হয় যেন একটি গ্রামল বর্ণের ভক্রণ ভ্রমাল। অইছাপের 'কুন্তনদান প্রভূ', 'স্থানান প্রভূ' প্রভৃতি দেখিয়া গোবিন্দদানও 'গোবিন্দদান পত্র' লিখিয়াছেন মনে হয়।

কৃষ্ণনাদের বাদলীলার একটা পদের দকে গোবিন্দদাদের অহ্বরূপ পদের তুলনা করুন—
নাচত বাদ মেঁ গোপাল দল, মৃদিত গোকুল কী নারী।
তরুণ তমাল শ্রামলাল, কনক বেলি প্যারী॥
চলি নিতম্ব নূপুর কটি, লোল বন্ধ গ্রীবা।
বাগ তাল মান দহিত, বেণু গান দাঁীবা॥
শ্রমঞ্জল কন কন ভরত, স্ভগ রঙ্গ বেণু সোহেঁ।
'কৃষ্ণদাস' প্রভু গিরিবর ধর, ব্রজ্জন মন মোহে॥
এই পদে গোবিন্দদাস কর্তৃক ব্যবহৃত 'তরুণ তমাল শ্রামলাল'
পাওয়া ষাইতেছে। এই দব উপমা তথন আকালে-বাতাসে
ঘ্রিতেছে। স্তরাং একজন যে অক্তের নিকট হইতে
ইহা ধার করিয়াছেন এক্সপ মনে করিবার কোন কারণ
নাই। কৃষ্ণদাদের এই পদে শ্রাম ও বাই চুইজনে ঘুইটা
বুক্ষের সঙ্গে উপমিত হুইয়াছেন। তমাল ও কনক

বেলিফুলের গাছের উপমার মধ্যে একটা স্থাবরত্বের (static) ভাব আছে, তবে কবি বলিভেছেন বে. অবস্থা স্থাবর নহে—কেননা নিতম, নৃপুর ও কটি চলিভেছে ও গ্রীবা বন্ধিম হইয়া ত্লিভেছে। ইহার সহিত গোবিন্দাদের 'বাজত ডক্ষ রবাব পাধোয়াজ' ইত্যাদি (৫৫৮) তুলনা করিলেও দেখা ঘাইবে তাঁহার বর্ণনায় কিছুই এক মুহুর্ত্ত সময়ের জন্মও ছির হইয়া নাই।

নাচত ভামসদে ব্ৰহ্মবি।
জলদ-পুঞ্জে জমু তড়িত-লতাবলি
আদ-ভদ্ধ কত বদ বিধাবি॥
নটন-হিলোল-লোল মণিকুণ্ডল
ভামজল চল চল বদনহাঁ চনা।
বসভবে গলিত ললিত কুচ-কঞ্ক
নীবি খসত অফ কববিক বদ্ধ॥

মেঘসমূহের মধ্যে বিত্যুৎপুঞ্জের উপমায় এক অসীম গতিবেগ স্চিত হইতেছে। কৃষ্ণদাদের পদে ষেধানে মাত্র নিতম্ব, কটি ও গ্রীবা ছলিতেছে, গোবিন্দদাসের পদে সেধানে মণিকুণ্ডল এমনভাবে হিলোলিত হইতেছে যে, শ্রীরাধার কাচুলি ও নীবিবজের দক্ষে সঙ্গে কবরিও খুলিয়া যাইতেছে। উভয় পদেই নৃত্যশ্রমে ঘর্মবিনু দেধা দেওয়ার কথা আছে।

অষ্টছাপের অন্যতম কবি গোবিন্দস্বামীর একটা ঝুলনের পদের সঙ্গে আমাদের গোবিন্দদাসের ঐ বিষয়ের একটা পদ তুলনা করুন। গোবিন্দস্বামী লিখিয়াছেন—

দম্পতি ঝুলত হ্ববন্ধ হিণ্ডোরৈ।
গৌর-খাম তন অতি ছবি রাজত
মনোঁ ঘন দামিনি জাতি ভোরৈ ।
বিক্রমঘন্ত জটিত নগ পটুলী
কনিক ডাঁড়ী শোভা দেত চহঁ ঔরেঁ।
'গোবিন্দ প্রভূ' কোঁ দেখি ললিতা দিক
নির্ধি ইসত বম নবল কিসোরৈঁ।

অষ্ট্রছাপ-পরিচয়, পৃ: ২৫৩

এথানে মেঘ বিজুরীর উপমা দেওরার খুব জোবে ঝুলনা ঝুলান হইডেছে জানা বাইডেছে। রুফকে দেখিরা লালিতাদি দ্বীরা হাসিডেছেন। কিন্তু গোবিন্দান ঠিক ঐ বর্ণনা দিয়া অতি স্থকৌশলে শ্রীক্লফের মনোবাসনা পূর্ণ হইবার ইন্ধিত করিয়াচেন—

নবঘন কানন শোভন পুঞা।
বিকশিত কুন্থমে স্থাোভিত কুঞা।
নৃতন পল্লব-শোভিত ডাল।
শারি শুক পিক তহি বোলত রসাল।
তাঁহি বনি অপরপ রতন-হিন্দোল।
তাপর বৈঠল কিশোরি কিশোর।
বজরমণী মেলি দেত ঝকোর।
গীরত জনি ধনি করতহিঁ কোর।
কত কত উপজত রস-পরসঙ্গ।
গোবিন্দাণ দেখত তহিঁ রঙ্গ।

গোবিন্দাস কথা দিয়া ছবি আঁকিতে কত নিপুণ তাহার একটু পরিচয় এই ছোট্ট পদটীতে পাওয়া যায়। প্রথমেই পটভূমিকায় বহিয়াছে নৃতন মেঘের মতন খামল কানন; তাহার মধ্যে কুঞ্চে নানা রংয়ের ফুল ফুটিয়াছে। যে গাছটীতে নৃতন পাতা দেখা গিয়াছে, দেই গাছের ডালে বিিয়া শারি শুক পিক মধুর গান করিতেছে। দেই গাছেই রত্মপ্রচিত এক হিন্দোলা টান্ধানো হইল। স্থীরা ছলাইতে লাগিলেন। খাম ভাবিলেন গতিরেগে ব্ঝিরাধা পড়িয়া ঘাইবেন তাই তিনি তাহাকে আলিন্ধনে বদ্ধ করিয়া রাধিলেন—

গীরত জ্বনি ধনি করতহিঁ কোর। এখানেই গোবিন্দ কবিরাজের বৈশিষ্টা।

বর্ধাঋতুর শোভা বর্ণনায় বল্লভ ও চৈতক্ত-সম্প্রদায়ের কবিরা অনেক নৈপুণ্য প্রদর্শন কবিয়াছেন। ছীত্থামীর এই পদটা দেখুন—

বাদর ঝুম ঝুম বরসন লাগে। দামিনি দমকতি, চৌকি চমকি খাম,

ঘন কী গরজ শুনি জাগে॥

গোপীজন ছাবৈ ঠাড়ী, নারি-নর

ভীক্ত মুধ দেৰতি অমুবাগে।

ছীতস্বামী গিরি ধরণ শ্রীবিঠল ওতপ্রোভ রস পাগে।

অষ্ট্রছাপ-পরিচয়, পৃ: ২৬৮

পদটী থ্ব স্থলর। অল্পকথার মধ্যে অনেক ব্যঞ্জনা। বিদ্যুৎ চমকাইভেছে, মেঘ গর্জ্জন করিতেছে, বৃষ্টি পড়িতেছে, ইহার মধ্যে গোপীরা দাঁড়াইয়া অন্থরাগভবে ভামের মুখ দেখিতেছেন; তাঁহারা যে ভিজিয়া যাইতেছেন সেদিকে খেয়াল নাই। ইহার সঙ্গে তুলনা করুন গোবিন্দদাসের

ষৰ ধনি ঘর সঞে ভেল বাহার ব্যৱহার বরিখে জলদ অনিবার। (৩৬৮)

পদের

ঝালকত বিজুরি নয়ন ভাক চাক।
চলত হি খালত সামন মহিপাক॥
উঠাইতে ফাণা-মাণা উজার হেরি।
কানক-দণ্ড বলি ধাক কাত বেরি॥

বিহাৎ এমন ভাবে চমকাইতেছে থৈ ভয়ে তাকানো ষাইতেছে না। রাধা চলিতে চলিতে বারবার কাদার মধ্যে পড়িয়া যাইতেছেন। সেধানে সাপের মনি দেখিয়া তিনি উহাকে কনকদণ্ড মনে করিয়া উহা ধরিয়া উঠিতে যান। এরকম ভূল এক আধবার নহে বার বার হইতেছে (ধক কত বেরি)। অতিশয়োক্তি অলহারের আতিশয় হইয়াছে নিশ্চয়, কিন্তু তা ছাড়া রাধার ক্লফমিলনের ব্যাকুলতা ব্যানো যায় কি করিয়া?

প্রাক্-চৈত্ত্যযুগের গুজরাতী কবি নরসিংহ মেহত। (১৯১৪-১৪৮০) দানলীলা লইয়া একথানি ছোট কাব্য রচনা করিয়াছিলেন। উহাতে দেখি রাধা কৃষ্ণকে বলিতেছেন—

গোকুল মথ্বা ষাউ আৰুনে, শুংরে যথা অন্ধান।
হ'বে গোকুলনী গোবালনী, প্রভূ না আপু
মহীনাং দান ॥

নরদিংহ মেহতাকৃত কাব্যসংগ্রহ, পৃ: ১৫৪

এই ভাবের কথাই অষ্টছাপের অস্ততম কবি চত্তু জ্বদাসের রাধা বলিভেছেন—

কহো কিনি কীনো দাম দহী কৌ।

সদা সৰ্কাদা বচত ইহি মগ হৈ মাবগ নিতে হী কৌ॥
ভাজন দহী সমেঁত সীস নে, লেভ ছীন সব হী কৌ।

এগৈ কবছ স্থানো নহি দেখো, নয়ো ভাব জব হো কৌ॥

কমল নৈন ম্সকরায় মন্দ হাঁসি, অম্বর পকর যৌ জব হী কৌ।

দাস চতুত্জি প্রভু গিরিধর মন, চোরি লিয়ে সব হী

কৌ ৷

অষ্টছাপ-পরিচয়, পৃঃ ২৮১

গোবিন্দাদের দানলীলার

যদি হাতে করি লৈয়ে পোনা।

তুমি কে না বোলে একজনা॥ (৫৩০)
ইত্যাদি পদ ইহার সহিত তুলনা করা যাইতে পারে।
গৌবিন্দদাস দানলীলার বর্ণনায় শ্রীরাধার চরিত্রের বৈচিত্র্য

বিলেষণ করিয়াছেন। প্রথমে তিনি সামনাসামনি কৃষ্ণের সঙ্গে কথা না বলিয়া বড়াইকে বলিতেছেন—

> তুমি দেখি পুছহ বড়াই। কিনের দান চাহেন কানাই॥

কিন্তু অন্যের মারফং কথাবার্ত্তী চালাইয়া স্থবিধা হইল না দেখিয়া শ্রীরাধা শ্রীক্বফের আভিজাত্যের কথা তুলিয়া তাহাকে কুকাজ হয় জে নিবৃত্ত করিতে চাহিতেছেন—

> তুমি ত বরজ যুবরাজ। তুমি কেনে করিবে অকাজ॥

শ্রীকৃষ্ণ কিন্তু এসৰ কথায় কান না দিয়া শ্রীরাধার সী থার সিন্দুর, নয়নের কাজর, পায়ের আলতার উপরও দান (শুক্ক) চাহিতে লাগিলেন। তাহার উত্তরে রাধা বলিলেন—

> যদি দানের হেন গতি তুমি ত গোকুলপতি দান সাধহ ঘরে ঘরে॥ (৫৩১)

किन्द कृष्ण विलामन य-

তুমি আয়ানের রানি

কেমনে জানিবা দান সহজে আয়ানি। (৫০২)
আয়ানি শব্দ এপানে অজ্ঞানী, জ্ঞানহীনা এই অর্থে ব্যবহৃত
হইয়াছে। এইবার রাধা গ্রহডরে বলিলেন—

ছুঁইও না ছুঁইও না নিলজ কানাই, আমরা পরের নারী। পরপুরুষের পবন পরশে সচেলে সিনান করি। গিরি গিয়া যদি গৌরী আরাধহ

শান কনক ধুমে।

কামদাগরে কামনা করহ

বেণী বদরিকাশ্রমে ॥

স্থ্য উপরাগে সহস্র স্করী

রক্মনে করহ সাত।

তভু হয়ে নহে তোমার শক্তি

রাই অঙ্গে দিতে হাত ॥ (৫৩০)

ধৃষ্ট নায়ক শ্রীকৃষ্ণ এই অন্ধ্রপ্রাসময় সদস্ত উক্তিত্তেও নিবৃত্ত

তোহারি হৃদয় বেণি-বদরিকা**শ্রম** উন্নত কুচগিরি জোর। (৫৩৪)

ইত্যাদি বলিলেন। গোবিন্দদাসের দানলীলায় বিদশ্ব নায়ক-নায়িকার উচ্চন্তবের কৌতুকলীলা বর্ণিত হইয়াছে। গ্রাম্য গোপ-গোপীর নিজ্ञ উক্তি-প্রত্যুক্তির কোন স্থান ইহাতে নাই।

এইবার অইছাপের অষ্টম কবি নন্দদাসের রচনা হইতে একটা অহ্বোগের পদের সহিত গোবিন্দদাসের অহ্বরূপ পদের তুলন করা যাউক —

ক্ষণনাম জব তেঁ শ্রবণ স্থনো রী আলী,
ভুলী রী ভবন, হোঁ তোঁ বাবরী ভই রী।
ভরি-ভরি আঁথে নৈন, চিত হু ন পরত চৈন
মুখ হু ন আবৈ বৈন, তনকো-দদা কচ্ছু ঔরেঁ ভই রী।
জেতেক নৈন-ধরম-ব্রত কোনে বী মৈ বছ বিধি,
অঙ্গ-অঙ্গ ভই হোঁ তোঁ শ্রবণ ভই রী।
নন্দদাস জাকে শ্রবণ স্থনে রে গতি
মাধুরী মুরতি কৈ ধোঁ। কৈসী দইরী॥

অষ্টছাপ-পরিচন্ন, পৃঃ ৩২২

গোবিন্দদাপও রাধার ক্লফনাম শ্রবণের ফল বর্ণনা করিতে যাইয়া লিখিয়াছেন—

শ্রবণে শুনলু হাম কানক নাম। ধায়ল চপল নয়ন ভছু ঠাম। চিরদিন ফণি মণি-মণ্ডল ঠাম। পেথলু নটবর সো ঘনশ্রাম। এ দৰি! কো জানে পুন কপি লাগি। ভদবধি হৃদয়ে জ্বত মুঝু আগি॥

(हेजाबि २०५ क)

অইছাপের পদের ভাষার সব্দে গোবিন্দদাসের ভাষার অনেক সাদৃশ্য দেখা বায়। 'নয়ন'কে 'নৈন', 'শুনলু'কে 'স্নৌ' ইত্যাদিতে পরিবর্ত্তন করিলে এই সাদৃশ্য আরও ঘনিষ্ঠ হয়। গোবিন্দদাস কেবলমাত্র বিভাপতির পদের মাধুর্য্যে আরুই হইয়া ব্রজ্বুলিতে পদ লেখেন নাই। তিনি অইছাপের পদাবলীর জনপ্রিয়তা দেখিয়া ভাবিয়া থাকিবেন বে, ব্রজ্বুলিতে পদর্বনা না করিলে তাঁহার কবিতার রস আয়াদন করিতে উত্তরভারতের পণ্ডিতজ্পনের কোন কট হইবে।

গোবিল্লদাদের সমসময়ে হিন্দীভাষার সর্বশ্রেষ্ঠ কবি তুলদীদাসও (১৫৩২-১৬২৩) দাহিত্যদাধনায় রত ছিলেন। বস্কতঃ বোড়শ শতান্ধীর শেষার্দ্ধে সমগ্র ভারতবর্বে ভক্তরদের কাব্য রচনার এক প্রবল প্রেরণা আদিয়াছিল। উড়িয়া ভাষায় 'রসকল্লোল' নামে রাধাক্তকের বিলাসাত্মক কাব্য, ভেলুগু ভাষায় পোতনামাত্যের ভাসবতের অহ্বাদ, অসমীয়া ভাষায় মাধব কন্দলীর ভন্ধনাবলী ও ভাসবত কাহিনী, কন্নড় বা কর্ণাদী ভাষায় বৈক্ষবদাস নামে পরিচিত কবিগণের পদসমূহ বিশেষ করিয়া প্রন্দরদাসের (মৃত্যু ১৫৬৩ খ্রীঃ) পদাবলী ও কনকদাসের মোহন-ভর্দিশী ও ক্ষরাতী ভাষায় মহাকবি মালনের ভাসবতের দশম ক্ষেরে ক্ষর পভাছবাদ এই সময়ে লিখিত হয়।

গোবিন্দদাসের পদাবলীর রচনার যুগকে মোটাম্টি
১৫৭৬ হইতে ১৬২৬ গ্রীষ্টান্স পর্যান্ত ধরিলে, এই পঞাশ
বৎসরের মতন গৌরবোজ্জল যুগ শুধু বাংলাদেশের নহে
পৃথিবীর বে কোন দেশের সংস্কৃতির ইতিহাসে বিরল।
১৫৭৬ গ্রীষ্টান্সের জুলাই মানে রাজমহলের যুদ্ধে দায়ুদ্ধ থা
চূড়ান্তরূপে মুঘলদের হত্তে পরাজিত হইলেন ও বাংলাদেশে
মুঘল অধিকার স্থাপিত হইল এবং ১৬২৭ গ্রীষ্টান্দে
জাহাদীরের মুদ্ধা হইল বলিয়াই বে সংস্কৃতির ইতিহাসে
এই অর্থ শতানীর (১৫৭৬-১৬২৭) শুরুত্ব তাহা নহে।
পরে দেথাইব যে মুঘল স্মাটেয়া ১৬১৩ গ্রীষ্টান্সের পূর্বে

বাংলায় শান্তি স্থাপন করিতে পারেন নাই। ঐতিচতন্ত্রচরিতামৃত ১৬১২ বা ১৬১৫ গ্রীষ্টাব্দে রচিত হয় এবং
তাহার অল্প পরেই কবিরাজ গোস্বামীর দেহাবদান ঘটে।
শ্রীনিবাদ আচার্য্যের ও রামচন্দ্র কবিরাজের বিয়োগে দক্তপ্ত
হইয়া নরোত্তম ঠাকুর মহাশয় লিখিয়াছিলেন—

বিধি মোরে কি করিল গ্ৰীনিবাস কোথা গেল তিয়া মাঝে দিয়া দাকুণ বাথা। গুণের রামচন্দ্র ছিল সেহ সত্ৰ ছাড়ি গেলা ভনিতে না পাই মুখের কথা। পুন: কি এমন হব রামচন্দ্র সঙ্গ পাব এই জন্ম মিছা বহি গেল। यमि ल्यान (मरह शांक রামচক্র বলি ডাক তবে যদি পাও সেই ভাল। রঘুনাথ সকরুণ স্বরূপ রূপ স্নাত্ন ভট্টযুগ দয়। কর মোরে। আচাগ্য শ্ৰী শ্ৰীনিবাস রামচক্র থার দাস পুন: না কি মিলিব আমাবে ॥ ना (मिथिएस (म ना मूथ বিদ্রিয়া যায় বুক विषमद कुरकिनी (यन। আঁচিলে রতন ছিল কোন ছলে কেবা নিল নরোত্তমের হেন দুখা কেন।

नद्रांख्यविनाम-->> विः, पः ১>•

নবোত্তম ঠাকুর মহাশয় শ্রীচৈতক্সচরিতামৃত পাঠ
করিয়াছিলেন; কেননা তিনি 'প্রার্থনা'য় লিথিয়াছেন—
কৃষ্ণদান কবিরাজ রসিক ভকত মাঝ
বে হোঁ কৈল চৈতক্সচরিত।
গৌব গোবিন্দলীলা শুনিতে গলয়ে শিলা
তাহাতে না হৈল মোর চিত ॥
'প্রার্থনা'র অন্ত একটা পদে কৃষ্ণদান কবিরাজ গোঁখামীর
অন্তর্জানে ব্যথিত হইয়া নবোত্তম ঠাকুর মহাশয়
লিথিয়াছেন—

বে আনিল প্রেমধন কফণা প্রচুর। তেন প্রভু কোথা পেলা আচার্য্য ঠাকুর॥ কাঁহা মোর স্বন্ধপ দ্ধপ কাঁহা দনাতন। কাঁহা দাদ রঘুনাথ পতিত পাবন ॥ কাঁহা মোর ভট্টযুগ কাঁহা কবিরাজ। এক কালে কোঁথা গেল গোৱা নটবাজ॥

এখানে আচার্য্য ঠাকুর বলিতে অবৈত আচার্য্যকেও ব্যাইতে পারে, শ্রীনিবাস আচার্য্যকেও ব্যাইতে পারে; কিন্তু 'কবিরাজ' বলিতে নিশ্চয়ই কৃষ্ণাস কবিরাজকে ব্যাইতেছে। কেননা র্লাবনের পাঁচ গোস্বামীর সঙ্গে তাঁহ্যার নাম করা হইয়াছে। লক্ষ্য করার বিষয় এই ধে, এখানে শ্রীজীবের তিরোধানের উল্লেখ নাই। অহা একটা প্রার্থনার পদে নরোত্তম অহান্য গোস্বামীদের সঙ্গে শ্রীজীবের কৃষণা ভিক্ষা করিয়াছেন—

হাহা স্বন্ধশ সনাতন ৰূপ রঘুনাথ। ভটুযুগ শ্রীকীব হা প্রভু লোকনাথ। দয়া কর শ্রীক্ষাচার্য্য প্রভু শ্রীনিবাস। বামচক্র সঙ্গ মাগে নরোত্তম দাস॥

এখানে 'হা হা' এই ে । কবাচক শব্দ এবং 'রামচন্দ্রের' দক্ষ
প্রার্থনা করায় মনে হয় শ্রীক্ষীব ও রামচন্দ্র উভয়েরই বিয়োগ
হইয়াছে। নরোত্তম ঠাকুর মহাশয়ের এই কয়েকটা পদ
হইতে বুঝা গেল যে ১৬১২ বা ১৬১৫ খ্রীষ্টান্দের পর
কৃষ্ণদাস কবিরান্দের তিরোধান ঘটে। তাহার পর
রামচন্দ্র কবিরান্দের পরলোক গমন। নরোত্তমবিলাসে
আছে নরোত্তম ঠাকুর মহাশয় শ্রীনিবাসের বিয়োগে
কাতর হইয়া যখন বিলাপ করিয়া পদ রচনা করিতেভিলেন—

আচার্য্য এ এনিবাস আছি হ থাহার দাস
কথা শুনি কুড়াইতে প্রাণ।
তেঁহ মোরে ছাড়ি গেলা রামচক্র না আইলা
হুংধে জিউ করে আনচান॥
বে মোর মনের ব্যথা কাহারে কহিব কথা
এ ছার জীবনে নাহি আশ।
অর্জ্বল বিষ থাই মরিয়া নাহিক ঘাই
ধিক্ ধিক্ নরোত্তম দাস॥

नत्त्राख्यविनाम, >> भ वि:, पृ: >৮७

তথন

এত কহিতেই সবে করিলা **প্রা**বণ। রামচন্দ্র কবিরাজ হৈলা অদর্শন ॥

ঐ, পঃ ১৮৬

নবোত্তম অত্যস্ক ব্যাকুল হইয়া বোদন করিতেছেন এবং বাজা নরসিংহ আর রূপনারায়ণ। শ্রীরাজা গোবিন্দ সম্ভোষাদি কথোজন ॥ দূরে থাকি সিক্ত হইয়া নেত্রজ্ঞলে॥ (ঐ) ভাহা দেখিতেছেন।

তাহা হইলে পাওয়া বাইতেছে বে নরোত্তম ঠাকুর ও গোবিন্দ কবিরান্ধ ১৫১২ বা ১৫১৬ খ্রীষ্টান্দের কিছু পরেও জীবিত ছিলেন। রামচন্দ্রের দেহাবসানের পর অল্প দিনের মধ্যেই নরোত্তম ঠাকুর ভিরোহিত হন বলিয়া নরহরি চক্রবর্ত্তী লিখিয়া গিয়াছেন। তাঁহার ভিরোধানের মহোৎসবে গোবিন্দ কবিরান্ধ উপস্থিত ছিলেন।

> শ্রীগোবিন্দ রাজা সন্তোষাদি প্রিয়গণ। সবে শীঘ্র কৈলা মহোৎসব আয়োজন।

> > बे, नः ১३১

আমরা নিভূল হইবার আশায় গোবিল্লাসের প্লাবলীর রচনার যুগ ১৫৭৬ হইতে ১৬১৬ না ধরিয়া ১৬২৬ ধরিতেছি। থ্ব সম্ভব তিনি ১৬২৬ অপেক্ষা ১৬১৬র কাছাকাছি সময়ে তিরোহিত হইয়াছিলেন।

এইবার গোবিন্দদাসের যুগের সাংস্কৃতিক পরিবেশ বাংলা দেশে কিব্নপ ছিল তাহা দেখাইতেছি। ১৫৭৬ গ্রীষ্টান্দের কিছু আগেও স্মার্ত্ত রঘুনন্দন বাঁচিয়া ছিলেন। তাঁহার 'জ্যোতিস্তত্ত্বে' ববি সংক্রান্তি গণনায় লিখিড হইয়াছে—


'নাট শক্রহীনেন শকাকাকেন প্রিতা'
অর্থাৎ শকাকাক হইছে ১৪৮৯ বিয়োগ করিয়া তন্ধারা প্রণ
করিবে। ইহা হইতে জানা বায় বে তিনি ঐ গ্রন্থ ১৪৮৯
শকে অর্থাৎ ১৫৬৭ প্রীষ্টাব্দে রচনা করেন। তিনি বে
শ্রীচৈতত্যের পরবর্তী কালের লোক তাহা তাঁহার একাক্ষীতব্বে হরিভক্তিবিলাদের মত উদ্ধার করায় বুঝা বায়।
তান্ত্রিকচূড়ামনি পূর্ণানন্দ পরমহংস ১৫৭২ প্রীষ্টাব্দে 'শাক্তক্রম'

এবং ১৫৭৭ খ্রীষ্টাব্দে 'শ্রীতত্বচিন্তামণি' লিপিবন্ধ করেন। চন্দ্রশেখর-নামক আর এক জন ভান্তিক সাধক ১৫৯০ औष्टोत्यत कांकांकांकि नमत्य 'शृतकत्वनतीशिका' त्मरथन। त्यम अभिवाधिक त्मामाहिष्यि भू विमानाय ১७०८ औद्योदन निथिত बहास्तर विद्यावांशीत्मव 'आनमनहरी' ও ১৬১৮ গ্রীষ্টাব্দে লিখিত 'শারদাতিলকের' পুথি আছে। স্থতরাং এই যুগে তান্ত্ৰিক প্ৰভাব বেশ প্ৰবল ছিল। বান্ধণ-শাসিত সমাজে স্বতির উপদেশ মানিয়া জীবনযাত্রা নির্কাহের রীতি ছেলের বৃদ্ধি খুব তীক্ষ হইত তাঁহারা আয়শাস্ত্র অধ্যয়ন করিতেন। এই যুগে নৈয়ায়িকদের মধ্যে নবদীপের রামভন্ত দার্বভৌম 'পদার্থপণ্ডন'-নামক কুম্মাঞ্জির টীকা, গবেশ উপাধ্যায়-ক্লত 'তত্তচিস্তামণির' ভাষ্য নামক গ্রন্থ বচনা করেন। নবদ্বীপের অক্ততম গৌরব জগদীশ তর্কালম্বারও বোড়শ শতাব্দীর শেষ পাদ ও সপ্তদশের প্রথম পাদে রঘুনাথ नितामिनित अस्मानमीधिजित विक्षनी, প्रमञ्जनात्त ज्वा ভারের টিপ্পনী প্রভৃতি লেখেন। তিনি বিষ্ণুপ্রিয়া দেবীর পিতা সনাতন মিশ্রের অধন্তন চতুর্থ পুরুষ। তাঁহার লেখা 'কাব্যপ্রকাশ-রহস্ত-প্রকাশ'-নামক টীকা তাঁহার আয়ালকার উপাধিক এক চাত্র ১৫৭৯ শকে অর্থাৎ ১৫৬৭ খ্রীষ্টানের মাঘ মাদের কুষ্ণা নবমী তিথিতে রবিবারে লিথিয়া শেষ করেন। রঘুনাথ শিরোমণির ছাত্র নবছীপ-নিবাসী জীরাম তৰ্কালমারের পুত্র মথুবানাথ তর্কবাগীশও এই যুগের লোক। তিনি গৰেশ উপাধ্যায়-কৃত প্রত্যক্ষ, অমুমান, উপমান ও শব্দ এই চারি খণ্ড চিস্তামণির টীকা এবং পক্ষার মিশ্রের মণ্যালোকের, বর্দ্ধমান উপাধ্যায়ের গুণ-ক্তিবণাবলীর ও বছডাচার্যোর নায়লীলাবতীপ্রকাশের টীকা বচনা করেন। তিনি প্রচণ্ড নৈয়ায়িক হইয়াও 'বৌদ্ধধিকার-বিবৃতি'র প্রারম্ভে শ্রীকৃষ্ণের একটা স্থন্দর স্তব লিথিয়াছেন--

> কুঞ্চিতাধরপুটেন প্রয়ন্ বংশিকাং প্রচলদঙ্গিণঙ্জি:। মোহরন্ নিথিলবামলোচনা: পাড়ু কোপি নবনীয়দছবি:॥

এই সময়ের আর একজন নৈয়ায়িক পণ্ডিতও জীরুষ-नीमा महेशा अभवपुष्प ७ वृत्तावन-वित्नाम कावा (मर्थन। তাঁহার নাম কল্র জায়বাচম্পতি। কবিকছণ মুকুদ্দরাম চক্রবর্ত্তী যথন তাঁহার কবিকত্বণ চণ্ডী রচনা করিতেছিলেন দেই সময়ে ইনি মানসিংহের পুত্র ভবসিংহের কীর্ত্তিকাহিনী লইয়া 'ভববিলাদ' গ্রন্থও দংস্কৃত ভাষায় লিপিবদ্ধ করেন। মানসিংহ ১৫৯৪ औष्टोर्क वांश्नात स्रावनात नियुक्त इन। এ যুগের সর্বশ্রেষ্ঠ দার্শনিক হইতেছেন একীব গোসামী। তিনি কর্ণাটী বান্ধণ বটে, কিন্তু তাঁহার বুদ্ধপ্রপিতামহ পদ্মনাভ গন্ধাতীরে নবহট্ট গ্রামে (বর্ত্তমান নৈহাটীতে) বসবাস স্থাপন করেন বলিয়া তাঁহার পরিবারস্থ লোকেরা পাঁচপুরুষ ধরিয়া বাংলার বাসিন্দা।* সেইজ্বল্ল আমরা उँशिक वाक्नात मनीवीह वनिव। शिकीव ১৫৮२ थीहोस्स শ্রীমন্তাগবতের লঘুবৈষ্ণবতোষণী, ১৫৮৯ খ্রীষ্টাব্দে গোপাল-চম্পুর পূর্বভাগ ও ১৫৯২ খ্রীষ্টাব্দে উহার উত্তরভাগ রচনা করেন: তাঁহার সাহিত্যিক জীবন অন্তত: ১৫৫৫ থ্রীষ্টাব্দে মাধবমহোৎসব বচনার সময়ে আরম্ভ হয়। তিনি ষ্টসন্দর্ভ ও সর্বসম্বাদিনী নামক দার্শনিক গ্রন্থ কোন তারিখে লেখেন তাহা জানা যায় না।

বাংলা সাহিত্যের বিকাশের ইতিহাসেও এই পঞ্চাশটী বংসরকে (১৫৭৬-১৬২৬) স্থবর্ণযুগ বলা ঘাইতে পারে। এই সময়ে গোবিন্দদাস, কবিকন্ধণ মুকুন্দরাম চক্রবর্তী, কানীরাম দাস ও ক্লফদাস এই চারিজন শ্রেষ্ঠ কবি তাঁহাদের



(শ্রীজীবকৃত লঘ্বৈফবতোষণীটীকার প্রদন্ত বংশলতিকা)
বিহারের ভূতপূর্ব রাজ্যপাল শ্রীকার আর. দিবাকর বে Glory That
was Karnataka গ্রন্থ সম্পাদনা করিরাছেন, ভাহাতে অনেক কর্ণাটী
গ্রন্থকারের নাম থাকিলেও রূপ, সনাতন ও শ্রীজীবের নাম নাই।

থাছ বচনা করেন। মৃকুলরাম যে ১৫৯৪ খ্রীষ্টাব্দের কাছাকাছি সময় তাঁহার কবিক্ষণ চণ্ডী রচনা করেন তাহা তাঁহার আত্মকাহিনীতে 'ধল্য রাজ্ঞা মানসিংহ বিষ্ণুপদাস্ত্রভুক্ত গৌড় বল উৎকল অধিপ' হইতে জ্ঞানা যায়। মৃকুলরাম চণ্ডীর গান করিতে যাইয়া শ্রীচৈতল্যকে হরির অবভার এবং 'প্রেমভক্তিকল্পতক, অথিলজীবের গুক্ত'রূপে বর্ণনা করিয়াছেন। বাংলা মহাভারত-রচয়িতা কাশীরাম দাসও সম্ভবতঃ এই যুগেরই লোক। শ্রীস্থ্পময় মুখোপাধ্যায় 'প্রাচীন বাংলা সাহিত্যের কালক্রম' প্রস্থে (পৃঃ ২০৯-১০) লিপিয়াছেন যে, ১২৬৬ সালে লেখা একটা বিরাট পর্বের পৃথিতে ১৫২৬ শক বা ১৬০৪ খ্রীষ্টাব্দের জোতক একটা পরার পাওয়া যায়। উহার সমর্থন পাওয়া যায় কলিকাতা বিশ্ববিত্যালয়ের ১৮৩১-সংখ্যক পৃথি হইতে, যেখানে লেখা আছে যে কাশীলাস—

আদি সভা বন বিরাট রচিয়া পাঁচালী।
যাহা শুনি সর্কালোক ধতা ধতা বলি ॥
কাশীরাম দাদের ে ে ভাই গদাধর ১৬৪০ ঐটাজে
'জগন্নাথমঙ্গল' রচনা করেন। কাশীরামের জ্যেষ্ঠ ছাতা
রুফদাস 'শ্রীকৃফবিলাস' নামে গ্রন্থ রচনা করেন। তিনি
ঐ গ্রন্থের মঙ্গলাচরণে লিথিয়াছেন যে, তাঁহার গুরুদেব
দীক্ষাকালে—

সেইখানে শ্রীকৃষ্ণকিহ্বর নাম থ্যা।
আজ্ঞা কৈলে শ্রীনন্দনন্দন ভদ্ব গিয়া॥
এই প্রস্থের কথা উল্লেখ করিয়া কাশীরামের ছোট ভাই
গদাধর জ্গন্ধাথমঙ্গলে লিখিয়াছেন—

প্রথমে শ্রীকৃষ্ণদাস শ্রীকৃষ্ণকিষর।
বিল কৃষ্ণের গুণ অতি মনোহর॥
এই স্থবর্ণমূগে একসঙ্গে তিন ভাইকে কবি পাইতেছি।
মনসামঙ্গলের লেখক বংশীদাস (১৫৭৪-৭৬) ও তাঁহার
কন্তা রামায়ণরচয়িত্রী চন্দ্রাবতী হুইজনেই কবি। গোবিন্দদাসেরা চার পুরুষ ধরিয়া কবিত্বশক্তির অধিকারী।
তথ্যনকার বাংলাদেশের সংস্কৃতির নমুনা ইহা হুইতেই
পাওয়া ঘাইবে। এই মুগেই ১৫৭৯-৮০ গ্রীষ্টাব্দে সপ্তগ্রামের
কবি বিজ্ঞমাধ্য চণ্ডীমঙ্গল রচনা করেন। ইনিই ধে

ক্লফমদল ও গদামদল রচনা করেন তাহা স্থময় ম্থোপাধ্যায় বেদল এদিয়াটিক দোসাইটীর শ্রীকৃষ্ণমদলের পুথি হইতে দেখাইয়াছেন। এ পুথিতে আছে—

পরাশর নামে দ্বিজকুলে অবতার।
নানাগুণে পরিপূর্ণ তাহার কুমার।
মাধব তাহার নাম বিদিত সংসারে।
শ্রী কবি বল্পভাচার্য্য করি খ্যাতি তারে ॥
এই কবিও শ্রীচৈতন্মের ভক্ত। কেননা, তিনি গন্ধামন্দলের
ভণিতায় লিখিয়াতেন—

চিন্তিয়া চৈতত্যচন্দ্রচরণকমল।
দ্বিদ্ধাধন কহে শ্রীক্লফমঙ্গল॥
এই মুগেই আর এক বাঙ্গালী কবি গোনিন্দ্রাল ছিলেন।
তিনি চট্টগ্রামের আত্রেয় গোত্রীয় কায়ন্থ সন্থান। তাঁহার
কাব্যের নাম কালিকামঙ্গল। শ্রীস্থময় মুথোপাধ্যায়
বেগল এদিয়াটিক দোদাইটার পুথিতে 'মুনি মক্ষর বাণ

সাধবের যদি 'কবি বলভাচার্যা' কবিখ্যাতি পাকে, তবে কি রসকদত্ব ইঁহাবই রচনা ? কালের দিক্ হইতে এরপে হওয়া অসভব নহে, কেননা রসকদত্বের রচনাকাল 'বিংশতি অধিক পঞ্চাশশত শক' ফাল্পনী পূর্ণিয়া বা ১৫৯৯ খ্রীষ্টাব্দের গোড়ার দিক্। কিন্তু কৃষ্ণসঙ্গলের মাধ্ব প্রাশ্রাছাজ ও সংগ্রামের লোক আর কবি বল্লতের—

> পিতা রাজবন্নভ বৈশ্ববী মোর মাতা। করতোয়া তীর মহাস্থানের সমীপে। অরোডা গ্রামেতে জন্ম বদতি স্বরূপে।

কবি বল্লভের গুরুর নাম উদ্ধ্যদাস, আবে তাঁহার কাব্যরচনার উৎ<mark>সাহদান্তার</mark> নাম মুকুট রায়—

> কুপার ঠাকুর নরহরিদাস নামে। সে পদ মুক্ট রায় ভজিল বতনে। (পৃঃ ৮০)

এই নরহরিদাস "'ব সম্ভব নরহরি সরকার। কিন্তু 'রসকদম্ব' গ্রন্থের মধ্যে সহজিয়া প্রভাব লক্ষ্য কর। যায়। গ্রন্থের প্রথম দিকে কবি লিখিয়াছেন—

চৈতন্তে করুক নিতা চৈতক্ত সঞ্চয়।
নিতাানন্দ আনন্দ করুক অভিশর।
অবৈতে অবৈত বেন করে প্রেমসঙ্গ।
গদাধর ধারা যেন রসের ভরঙ্গ।
চৈতক্তের প্রিয় যত বৈষ্ণৰ স্কলনে।
তা সভাতে চিত্ত যেন রহে অফুক্ষণ।

শশী সকল পরিমিত। এই কালে রচিল কালিকা চণ্ডীর গীত॥' এই পয়ার পাইয়া সিদ্ধান্ত করিয়াছেন মে, গ্রন্থখানি ১৫২৭ শকান্ধে বা ১৬০৫ খ্রীষ্টান্ধে রচিত। এই কাব্যে স্থলর দেশে ফিরিতে উক্তত হইলে বিভা যে গানটী করিয়াছিলেন তাহার সন্ধে অপ্রকাশিত পদরত্বাবলীর ১২১-সংখ্যক পদের অনেক মিল দেখা যায়। আমরা ঐ পদটী গোবিন্দ আচার্য্যের অহমান করিয়া ৭৩৬-সংখ্যক পদরপে প্রকাশ করিয়াছি। ঐ পদের টীকায় উভয় পদের পার্থক্য দশিত হইয়াছে। যদি পদটী গোবিন্দ আচার্য্যের রচনা হয় তাহা হইলে উহার সপ্তদশ শতান্দীর প্রথমে চট্টগ্রামে পৌছানো সম্ভব নহে। অথবা এমনও হইতে পারে যে, এটী কালিকামন্ধলের কবিরই রচনা—কিন্তু কালিকামন্ধলের কেবিরই রচনা—কিন্তু কালিকামন্ধলের কেবিরই রচনা—কিন্তু কালিকামন্ধলের কেবিরই রচনাভঙ্গী দেখা যায় না।

গোবিন্দ কবিরাজের যুগে বৈষ্ণব কবিদের মধ্যে আমরা পাইতেছি বঘুনন্দন-শিশু রায়শেধর, শ্রীনিবাদ আচার্য্য স্থাং এবং তাঁহার শিশু বীর হাম্বীর, রামচন্দ্র কবিরাজ, গোবিন্দ চক্রবর্ত্তী, নৃদিংহ, কর্ণপুর কবিরাজ, গোপালদাদ, গতিগোবিন্দ, গতিগোবিন্দের শিশু ও গোবিন্দ কবিরাজের পুত্র দিব্যসিংহ। শ্রীনিবাদের কতা হেমলতা দেবীর শিশু ষত্নন্দন, নরোত্তম ঠাকুর ও তাঁহার শিশু রায় বসন্ত, বল্পভাদা, উদ্ধবদাদ এবং দীনচন্তীদাদ। শ্রীনিবাদ নরোত্তমের বন্ধু শ্রামানন্দ উৎকলবাদী হইয়াও বাংলা পদ লিখিয়াচেন।

দতীশচন্দ্র রায় মহাশয় ছকড়ি চট্টোপাধ্যায়ের পুত্র বংশীবদন ও বংশীদাসকে একই লোক মনে করিয়াছেন। 'জক্ল'র ৪৭৪, ৫৪৩, ১১৫৪, ১১৫৮, ১৩৮৭-সংখ্যক পদে ভগু বংশী ভণিতা। বংশীদাস নামে শ্রীনিবাসের এক শিব্যের কথা নরহরি চক্রবর্ত্তী ভক্তিরত্বাকরে (পৃ: ৬২১-৬৩০) বিশেষ করিয়া বলিয়াছেন— শ্রীআচার্য্য প্রভুমহা আনন্দ-আবেশে।
রাধাক্ষণ মন্ত্র দীক্ষা দিল বংশীদানে ॥
বংশী-নামান্ধিত অধিকাংশ পদ ইহার রচনা মনে হয়। এই
বংশীদাস ব্ধুরির নিকটন্থ বাহাত্রপুর গ্রামের ভামদাসের
ভাতা।

এই পর্যান্ত আমরা এই যুগের (১৫৭৬-১৬২৬) বাংল দেশের কবি ও পণ্ডিতদের মধ্যে ৩৬ জনের নাম উল্লেখ করিলাম। এই ৩৬ জনের সঙ্গে সেক্সপীয়রের যুগের ৩০ জন সাহিত্যিকের তুলনা করিতে পারি।

ইংলণ্ডের আবহাওয়া গ্রন্থবন্ধার পক্ষে অফুক্ল;
দেখানকার লোকেরা এ বিষয়ে উৎসাহী; তাছাড়া মূল্রাযন্ত্রের সাহায্যে দেখানে ঐ যুগে পুস্তকাদি মূল্রিত হইত।
তাই এই ৩০ জনের গ্রন্থাদি পাইতে অস্থবিধা হয় না। কিন্তু
আমাদের দেশের অনেক প্রথমশ্রেণীর রচনা সংগ্রহ করা
সহজ্বাধ্য নহে। সেক্সপীয়রের যুগে ইংরাজের। স্পেনের
আর্মাডাকে পরাজিত করিয়া নৃতন নৃতন দেশে ব্যবসাবাণিজ্য উপলক্ষ্যে অভিযান করিতে আরম্ভ করে।
রেনাসার সংস্কৃতি এই সব অভিযানের নব উন্মাদনায় বিচিত্র

নরোন্তম বিলাদে (১২শ বিলাদ) আছে—

জয় চপ্তিদাদ বে পশ্চিত সর্ববিত্তপে ।

পাবতী বক্তনে দক্ষ দয়া অতি দীনে ।

> Francis Beaumont (>avs->>65), Robert Burton 249-258.), Thomas Campian (2469-265.). George Chapman () 442-1608), Samuel Daniel () 462-1612), Sir John Davies (আ ১৫৬৯-১৬২৬), Michael Drayton () (45-250), Thomas Dekker (क्) (92-2502), Thomas Deloney, John Fard (3: >686->680), John Fletcher (2093-3520), John Marston (2095-2539), Philip Massinger () (> 0 > -) \(> 0 > 0 > 0 > 0), Thomas Nasha () (\(> 0 > 0 -) \(> 0 > 0 > 0), Robert Greene (আ: ১৫৬০-১৫৯২), Benjamin Jonson (১৫৭২-১৬৩৭), Thomas Kyd (>eev->b), Thomas Lodge (>eev->64e), John Lyly (sees-see), Christopher Marlowe (sees-»૭), Thomas Middleton (১૯৮٠-১৬૨૧), John Webster (অ: ১৫৭--১৬৩৮), দার্শনিক Francis Bacon (১৫৫১-১৬২৬). এতিহাসিক Sir Walter Raleigh (১৫৫২-১৬১৮), धर्ष-मध्योग लायक Richard Hooker (অ: ১৫৫৬-১৬০০) ও মনতাত্তবিদ Robert Burtonএর (১৫৭৭-১৬৪০) তুলনা করিতে পারি।

রূপে ও বসে সমৃদ্ধ হয়। ঐ যুগে বাংলা সাহিত্যে সেই বৈচিত্রোর অভাব পরিলক্ষিত হয় বটে, কিন্তু ইংরাজেরা যেথানে বাহিরের জগং জয় করিয়াছে সেই স্থানে বাঙ্গালীরা চৈতত্যচন্দ্রের কিরণ-সম্পাতে মনোজগতের নৃতন নৃতন তথ্য আবিদ্ধার করিতে সমর্থ হইয়াছে। শ্রীরূপ গোস্বামী শ্রীচৈতত্যের মনোভীপ্ত প্রকাশ করিয়াছিলেন বলিয়া নরোত্তম তাঁহাকে স্তব করিয়াছেন। সেই শ্রীরূপ ও তাঁহার বৃন্ধাবনের সন্ধীদের গ্রন্থরাজি গৌড়বন্ধে প্রচার করিয়া শ্রীনিবাদ আচার্য্য বান্ধার মনোভূমিকে উর্ব্রেতর কর্মিয়া ভূলিলেন।

শ্রীনিবাদ শুধু পণ্ডিত ও ভক্তিমান্ ব্যক্তি ছিলেন না, তাঁহার কবিজও ছিল অদাধারণ। পদকল্পতকতে তাঁহার ছইটী ব্রজবুলি (৩০৭২, ৩০৭৩) ও একটী বাংলা (৭৯০) পদ উদ্ধৃত অংকে। হরিদাদ দাদ বাবাজী মহাশ্য গোড়ীয় বৈষ্ণব-অভিধানে (পৃঃ ১৩৯২) লিখিয়াছেন গে, 'আচার্য প্রভূ মাত্র পাঁচটা পদ রচনা করিয়াছেন বলিয়া প্রকাশ।' বর্ণানন্দে (ষষ্ঠ নিশ .সে) যে তিনটা পদ আছে তাহাই 'তক্তে' উদ্ধৃত হইয়াছে। আর তুইটা পদ কোথায় পাওয়া যায় সে দম্বন্ধে বাবাজীমহাশ্য কিছু লেখেন নাই। বাংলা পদটা যে কোন শ্রেষ্ঠ কবির রচনার সমকক্ষ। আমরা পদটা ভক্তিরত্বাকরে গ্রত (ষষ্ঠ তরঙ্গ, পৃঃ ৪৮২-৮৩) পাঠ হইতে উদ্ধৃত করিতেছি—

कुम्माद्य कूमिल १ दगा বদন চান্দ কোন . কেনা কুন্দিল হুটি আঁথি। দেখিতে দেখিতে মোর পরাণ যেমন করে দেই দে পরাণ তার সাখী। যতন করিয়া গো রতন কাটিয়া কেবা কেনা গঢ়াইয়া দিল কানে। अ भेर भरारव (शा মনের পহিতে মোর যোগী হৈল ও উহারি ধিয়ানে॥ নাসিকা উপরে শোভে এ গন্ধ মুকুতা গো সোনায় মণ্ডিত[া] তার পাশে। চান্দের কলিকা গো বিজুড়ি জড়িড কিবা মেঘের আড়ালে থাকি হাসে।

সিন্দুর ভিলক গো হুন্দর কপালে শোহে তাহে শোভে অলকার পাতি। হিয়ার মাঝারে মোর ঝলমল করে গো চান্দে যেন ভ্রমরার পাতি ।। মদন ফাঁতুয়া ওনা ' ° চূড়ার টালনি গো উহা না শিখিয়াছিল ১০ কোথা। এ বুক ভরিয়া মুখ দেখিতে না পান্ত গো^{১২} এ বড়ি মরমে মোর ব্যথা। বোল খালি খালি গো কেমন মধুর সে না হাতের উপরে লাগি পাঙ। তেমন করিয়া যদি বিধাতা গঢ়িত গো ভাঙ্গিয়া ভাঙ্গিয়া তাহা থাঙ ॥১৩ করিবর^১ কর জিনি বাহুর বলনী গো হিন্দুলে মণ্ডিত তার আগে। (योजन जत्नद्र भागी পিয়াসে মরয়ে গো তাহারি পরশ রস মাগে॥ ঠমকি ঠমকি যায়^{ু ৫} তেরছ নয়নে চায় ১১ যেন মত গজরাজ মাতা : । अक्रभ नशिन नग्नः प শ্ৰীনিবাদ দাদে কয় রূপসিরু গঢ়িল বিধাতা ॥*

্ত করিয়া যদি বিধাতা গঢ়িত গো ভাঙ্গিয়া ভাঙ্গিয়া উহা গাঙঃ।

(১৪) করভের (১৫) নাটুয়া ঠমকে যায় (১৬) রহিয়া রহিরা চায় (১৭) চলে যেন গজরাজ মাতা (১৮) লখিলে লখিল নয়।

ভক্তিরত্নাকরের পাঠে অনেক উংকর্ষ দেখা বার। বিশেষ করিরা 'ফুল্বর কপালে গোহে' ইত্যাদি একটাত্রিপদী সম্পূর্ণ নৃতন পা**ওরা ঘাইডেছে।** শ্রীকৃষ্ণের সিম্পূর-ভিলকশোভিত কপালের উপর করেকটা **অলকগুড্**

^{*} ডাঃ সুকুমার দেন কর্ণানন্দগৃত পাঠ তাঁহার 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাসে' দিয়াছেন। উহা অনেকটা তক্তর অনুরূপ। তক্ততে পাঠাস্তর—
(১) কুন্দিলে (২) কুন্দিলে (৩) কাডিয়া অতি (৪) পরাণি (৫) হবে
(৬) নাসিকার আগে দোলে (৭) মডিত (৮) বেন (৯) 'ফুন্দর কপালে
শোহে' হইতে 'চান্দে যেন ভ্রমরার পাঁতি', তক্ততে নাই (১০) মদনকান্দ ওনা (১১) শিপিয়া আইল (১২) এ বুক ভরিয়া মুক্তি উহা না দেখিলু গো

⁽২০) অমিরামধুর বোল ফুখা খানি খানি গো হাতের উপর নাহি পাঙ।

এই পদটা সম্বন্ধে দতীশচন্দ্র রায় মহাশায় লিখিয়াছেন—
সমগ্র পদাবলী দাহিত্যেও বোধ হয় ইহা অপেক্ষা সরল ও
আন্তরিকতাপূর্ণ রূপবর্ণনার পদ বড় বেশী পাওয়া যাইবে
না ('ভক্ল'র ভূমিকা, পৃঃ ২২৩)। দৌভাগ্যক্রমে খুঁজিতে
খুঁজিতে ইহা অপেক্ষাও স্থন্দর শ্রীনিবাদ আচার্য্যের এই
পদটী আমরা পাইয়াছি—

অফুক্ কে কোণে থাকি বদনে আপনা ঢাকি ব্যার বাহিরে পরবাস।
আপন বলিয়া বোলে হেন নাহি ক্ষিতিভলে
হেন ছারে হেন অভিলাষ॥
সন্ধান, তুয়া পায় কি বলিব আর।
সে ছলহ জনে অফু-রকত বাহার মন
কেবল মরণ প্রতিকার॥
কি করিতে কিবা করি আপনা দঢ়াইতে নারি বাতি দিবস নাহি যায়।

পড়িয়াছে , জ্রীরাধার মনের ভিতর সেই রূপ কলমল করিয়া উঠিতেছে, আর মনে হইস্তেছে বে কৃষ্ণের বদনরপ চল্লের উপর যেন অমরাব পংক্তি বসিয়াছে। চাঁদে অমর বসারপ অসম্ভব কিছু কলনা না করিলে যেন সে রূপের শোভা বর্ণনা করা বার না। তক্তর পাঠে কৃষ্ণের বাকাই যেন অমিয়া মধুন, কিন্তু ভাগে ইইলে আবার 'মধা খানি খানি' বলায় পুনরুক্তি দোয ঘটে।

ভক্তিরক্লাকরের পাঠে এখানে দেখা যাইতেছে রাধা রূপ দেখিয়াও আক্ষেপ করিতেছেন, বুক ভরিয়া দেখা হইল না। যাহা বাহিরে রহিয়াছে তাহাকে একেবারে আল্লসং করিবার লালদায় রাধা বলিতেছেন—দে যে কেমন মধুর তা তোমরা ভাল করিয়া বল না গো দিখি! সেই মাধুর্যাকে যদি বিধাতা এমন করিয়া গড়িত বে তাহাকে হাতে করিয়া চাগিয়া চাথিয়া আল্লাল করা বাইত! রাধার বোবন-বনের পাথীর তৃষ্ণার হাতি ফাটিয়া বাইতেছে। শুধু দিয়তের স্পর্ণরসেই সে তৃষ্ণা মিটিতে পারে।

১ পুৰি লেখার দোবে পদটী ছাপা হইয়াছে—

অনুক্ষণ কোলে থাকে বসনে আপন। ঢাকে।
বিদি এটা স্বীর প্রতি রাধার উক্তি হয় তাহা হইলে তৃতীর পূরুষ বাচক
'থাকে' ও 'ঢাকে' আসিতে পারে না। পদের সর্পত্র উত্তম পূরুষের ক্রিয়া
'কিয়া করি', 'দয়াইতে নারি,' ইত্যাদি আছে। স্বতরাং উহার পাঠ হইবে
'থাকি' ও 'ঢাকি'। কিন্তু 'অসুক্ষণ কোলে থাকি' বলা রাধার পক্ষে
অসম্ভব, 'ন' পঞ্জিতে 'ল' পঞ্জার ঐ বিভাট ঘটিরাছে।

গৃহে যত বন্ধুজ্ঞন সব মোর বৈরীগণ
কি করিব কি হবে উপায়॥
এই পদটী অন্ধ্রাগবলীর ষষ্ঠ মঞ্জরীতে উদ্ধৃত করিয়া মনোহর
দাস লিখিয়াছেন—

শ্রী সাচার্য্য ঠাকুরের বিতীয় পদ হয়।

যাহাতে সম্পূর্ণ পাই তাঁহার আশায়॥

শ্রীবিশাথা প্রতি রাধা অন্তরাগে কহে।

রসের নির্যাদ রদিকের মন মোহে॥

রাধা আকেণ করিয়া বলিতেছেন, আমি কেন ভালবাদিলাম, আমার পকে তাঁহার মতন হল্লভি জনের ভাৰবাদা পাওয়া অসম্ভব। আমি দ্ব দময়ে ঘরের কোনাতে থাকি, তাও আবার লোকে মুখ দেখিতে না পায় এমন করিয়া দেহ ঢাকিয়া। আমি অভিদারেও যাইতে পারি না, কেননা আমার কাছে ঘরের হয়ারও প্রবাদের মতন দুর। পৃথিবীতে আমাকে কেহ আপনার বলিবার নাই। ভাব এই যে, ষাহাকে আমি ভালবাদিয়াছি সে তো আমাকে আপন করিয়া লইল না। আমার মতন ছার প্রাণীর একি অন্তত অভিলাষ যে তিনি আমাকে ভালবাদিবেন। স্থি, ভোমাকে আর কি বলিব! সেই ত্বল্ল ভ দ্যিতের প্রতি যাহার অহুরাগ তাহার প্রেমব্যাধির একমাত্র প্রতীকার হইতেছে মরণ। আমি যে কি করি তাহা জানি না; আমার নিজের মন আমার বশে নাই তাই কিছুই স্থির করিতে পারি না। এমন করিয়া যে আর রাতদিন কাটানে। যায় না। লোকের বাডীতে থাকে ভাহার বন্ধু আত্মীয়জন, কিন্তু আমার এমন কপাল যে সবাই আমার শক্র-কেননা, তাহারা আমাকে প্রিয়তমের সঙ্গে দেখা করিতে দেয় না। আমি জানি না আমার কি উপায় হইবে।

মনোহর দাস সভাই লিথিয়াছেন যে, এই পদটী যেন অফুরাগের আকরস্বরূপ—

এই পদ তদাব্যিত জনের জীবন।
প্রবণ-সর্বান্থ কিবা কণ্ঠ-আভরণ॥
কিবা বদের সার অন্তরাগধনি।
মধ্রিমা-সীমা কিবা ক্থার কধুনী॥

ভগবংক্ষণায় গোবিন্দদাস কবিরাজের গুরুর পঞ্চম পদটীও কলিকাতা বিশ্ববিত্যালয়ের ৬২০৪-সংখ্যক পুথিতে পাইয়াছি। দেটা এই—

ধনি বিশ্বণি ভোর।
ভোলল কান্থ গরবে করি কোর॥
ধনি মন মাতল হথে।
তাম্বল দেই চুম্বই চাঁদমুখে॥
ধনি মন মানয়ে বাধা।
কান্থ পরাভব জিতল রাধা॥
ভূমে গডি যায় মোহন বেগু।
রতিরদ অলদে অবশ ভেল কান্থ॥
ভণে শ্রীনিবাদ দাদ।
বাই কান্থ বন্ধ দেখি দ্যিগণ হাদ॥

७२०८ भूषि, पुः ३०

পদটী সম্ভোগের।

শ্রীনিবাদ আচায্যের কনিষ্ঠ পুত্র গতিগোবিন্দ গোবিন্দদাদের দমদাময়িক। 'হার দঙ্গীত ও কবিত্বশক্তি দম্বদ্ধে
গোবিন্দদাদের পৌত্র ঘনগ্রাম উচ্চ্ছৃদিত প্রশংদা
করিয়াছেন। বাধামোহন ঠাকুর পদামৃতদম্জে লিথিয়াছেন
—"শ্রীগোবিন্দগতিং বন্দে বিদিতং ভূবি দর্শ্বতং"। তিনি
যাহাকে দেশের দর্শত্র পরিচিত বলিয়াছেন, তাঁহার
একটাও পদ উদ্ধৃত করেন নাই দেখিয়া একজন লেখক
গতিগোবিন্দের কবিপ্রতিত। দম্বদ্ধে কটাক্ষ কবিয়াছেন।

তবে ঠাবুর-পুত্র সধ অপ্রকট হইলা।
পুন বংশরক্ষা লাগি ডপনোধ কৈলা।
সকল মহান্ত মেলি পুন বিবাহ দিলা।
তবে পুত্র জীগোবিন্দগতি ঠাবুব ভারিলা।
জীবীরভজ গোঠাহব ববে ক্রম হৈল।
ভাহা হৈতে সভে মেলি আনন্দ পাচল।

গমুরাগবলী পু: ৪৩

বীসভজের বরে বিনিজন লইয়াছেন ওঁহার পক্ষে নিতাানন্দের গুণগান করা বাজাবিক। পদকলতকতে তাঁহার 'নাচে নিত্যানন্দ, ভূবন আনন্দ, বৃন্দাবন গুণ ভ্রমিয়া রে' ইত্যাদি পদটা (২৩১৮) উদ্ধৃত হইয়াছে। ক্ষণদাগীতচিস্তামণিতে ঐ পদটা ছাড়া নিম্নলিখিত পদটাও (১৫।২) আছে—

নিতাই ফলর, অবনী উজোর, চরণে নৃপুর বাজে।
গৌর অঙ্গ হেরি, পূরব সোঙরি, যেন বৃন্ধাবন মাঝে॥
নিতাইর নিছনি লইয়া মরি।
ছাড়ি বৃন্ধাবন নিকুঞ্জত্বন অতি-ত্রাচার-তারী।
বহুধা-জাহুবা, সঙ্গেতে লইয়া, শীতল চরণ রাজে।
হেলায় তারিল, এ গভিগোবিন্দ, এ তিন লোকের মাঝে॥
তিনি রাধাকুফের লীলার পদও লিখিয়াছেন। এরপ
একটী পদ সতীশচন্দ্র রায় মহাশয় অপ্রকাশিত পদরত্বাবলীতে (৪৩৯) প্রকাশ করিয়াছেন। পদটীতে শ্রীরাধার
বিরহের নৃতন ধরনের বর্ণনা। স্থী যাইয়া মাধ্বকে
শুনাইতেছেন—

রাই-ভন্ন শোভার ভাণ্ডার। তোহারি শবণ জনে न्देन क्रश-क्रम এ তে নহে ধরম-বিচার ॥ কপিলা লইল কেশ বিছাধরী নিল বেশ মধ-শোভা নিল শশি-কলা। মুগী নিল হুটী আঁথি ভূক নিল খন্ধন পাখী মুত্ হাসি লইল চপলা॥ বিম্ব লাইল অধর নাদা নিল খগবর দস্ত জ্যোতি লইল মুকুতা। কাঞ্নে হরিল বর্ণ গৃধিণী লইল কৰ্ণ তোমাব রাইয়ের এতেক বিতথা। শ্ৰীকটি লইল সিংহ কুচ নিল গজকুছ ज्ञ निम भागत मुनातम । রাম-রম্ভা ানল উরু চলন-মাধুরী চাক রাজহংস চুরি কৈল ভালে। রাধা ব্রব্ধে একা ছিল সভে মিলি লুটি নিল ७न ७न निर्वत भाषाहै । শ্রীগতিগোবিন্দ ভণে ধরি ভোমার শ্রীচরণে **এक वांत्र हम उदस्य वाहे।**

১ জিনিবা.সব বড ছই ছেলে বুলাবনবলত ও বাধার্থ মৃত্যুম্থে
 পতিত হইলে।

- গোবিন্দদাস যে বায় বসন্তের নাম ছই তিন্টী পদে সংযুক্ত করিয়াছেন, তিনি নরোত্তম দাসের শিশ্ব ছিলেন। তাঁহার নরোত্তমবন্দনা ভক্তিরত্বাকরে (পৃ: ২৯) গৃত হইয়াছে। পদকল্পতকতে তাঁহার ৫১টা পদ আছে। ববীক্সনাথ 'বসন্তরায়' নামে একটা প্রবন্ধে তাঁহাকে বিভাগতির অপেক্ষা বড় কবি বলিয়াছেন। কবিগুরু বসন্তরায়ের নিম্নলিখিত কবিভাটা উদ্ধৃত করিয়া তাহার সম্বন্ধে যে মন্তব্য করিয়াছেন তাহা বৈক্ষবপদাবলীর আদর্শ ব্যাখ্যা হিসাবে নীচে দিভেছি—

আলো ধনি হন্দরি কি আর বলিব।
তোমা না দেখিয়া আমি কেমনে রহিব॥
তোমার মিলন মোর পুণ্য-পুঞ্জরাশি।
(না দেখিলে নিমিথে শতেক যুগ বাসি॥
বদন-কমল তোমার সম্প্রণ শশী।)
মরমে লাগিয়াছে মধুর মৃত্ হাসি॥
আনন্দ-মন্দির তুমি জ্ঞান-শকতি।
বাল্লাকল্পলতা মোর কামনা-মুরতি॥
সঙ্গের সঙ্গিনী তুমি হ্রপময় ঠাম।
পাসরিব জীবনে রাধা নাম॥
গলে বনমালা তুমি মোর কলেবর।
রার বসন্ত কহে প্রাণের গুরুতর॥
তর্ল ২৯৫৫

বিদ্ধনীর মধ্যকার ছই চরণ হিতবাদী সংস্করণ রবীল্রগ্রন্থাবলীতে, পৃঃ ১১০৬তে নাই)। রবীল্রনাথ বলিতেছেন—
"এমন প্রশাস্ত উদার গন্তীর প্রেম বিভাগতির কোন পদে
প্রকাশ পাইয়াছে কিনা সন্দেহ। ইহার কয়েকটা সম্বোধন
চমৎকার। রাধাকে বে রুফ বলিতেছেন—তুমি আমার
কামনার মৃর্ত্তি, আমার মৃর্ত্তিমতী কামনা, অর্থাৎ তুমি আমার
মনের একটি বাসনা মাত্র, রাধারূপে প্রকাশ পাইতেছ।
ইহা কি স্করে! তুমি আমার গলে বনমালা, তোমাকে
পরিলে আমার শরীর তৃপ্ত হয়; না—তুমি তাহারে।
অধিক, তুমি আমার শরীর, আমাতে তোমাতে প্রভেদ
আর নাই; না, শরীর না, তুমি শরীরের চেয়েও অধিক,
তুমি আমার প্রাণ, সর্ব্ব শরীরকে ব্যাপ্ত করিয়া যাহা

বহিয়াছে, যাহার আবির্ভাবে শরীর বাঁচিয়া আছে, শরীরে চৈতত্ত আছে, তুমি দেই প্রাণ; রায় বসস্ত কহিলেন, না, তুমি তাহারো অধিক, প্রাণেরো গুরুতর, তুমি বৃঝি প্রাণকে প্রাণ দিয়াছ, তুমি আছ বলিয়াই বৃঝি প্রাণ আছে! ঐ যে বলা হইয়াছে 'মরমে লাগিছে মধুর মূছ হাদি'—ইহাতে হাসির মাধুর্য কি ক্ষন্তর প্রকাশ পাইতেছে। বসস্ত্রের বাতাসটি গায়ে যেমন করিয়া লাগে, ক্ষ্রুর বাঁশীর ধ্বনি কানের কাছে যেমন করিয়া মরিয়া যায়, পদ্ম-মুণাল কাঁপিয়া সরোবরে একট্থানি তরক উঠিলে তাহা যেমন করিয়া তীরের কাছে আসিয়া মিলাইয়া যায়, তেমনি একট্থানি হাসি—অতি মধুর অতি মৃত্ব একটি হাসি—মরমে আসিয়া লাগিতেছে; বাতাসটি গায়ে লাগিলে যেমন ধীরে ধীরে চোথ বুজিয়া আসে, তেমনিতর বোধ হইতেছে! হাসি কি কেবল দেখাই যায়? হাসি ফ্লের গন্ধটির মত প্রাণের মধ্যে আসিয়া লাগে।"

. ইহার পর রবীন্দ্রনাথ বসস্ত রায়ের
'প্রাণনাথ কেমন করিব আমি
তোমা বিনে মন করে উচাটন
কে জানে কেমন তৃমি।' ইত্যাদি

পদটা উদ্ধৃত করিয়া বলিতেছেন, "ইহার প্রথম ঘৃটি ছত্রে, ভাবের অধীরতা, ভাগার বাধ ভাঙ্গিবার জন্ম ভাবের আবেগ কি চমংকার প্রকাশ পাইতেছে। 'প্রাণনাথ কেমন করিব আমি'—ইহাতে কতথানি আকুলতা প্রকাশ পাইতেছে। আমার প্রাণ তোমাকে লইয়া কি যে করিতে চায় কিছুই বৃঝিতে পারি না। এত দেখিলাম, এত পাইলাম, তবুও প্রাণ আজ্ঞ বলিতেছে 'প্রাণনাথ কেমন করিব আমি।' বিভাপতি বলিয়াছেন—

লাথ লাথ যুগ হিয়ে হিয়ে রাথছ তবু হিয়ে ছুড়ন না গেল !

^{&#}x27;লাথ লাথ বুগ হিয়ে হিয়ে' প্রভৃতি 'সখি হে কি পুছসি অমুভব মোয়' ইতাদি পদে (তরুতে ১৩৯) 'কহ কবি বন্ধত হালয় জুড়াইতে মিলায় কোটিয়ে এক' পাঠ আছে, কিন্তু সারদাচরণ মিত্র মহাশয়ের বিভাপতির প্রদাবলীর পাঠ মানিয়া লইয়া কবিগুরু উহা বিভাপতির রচনা বলিয়াছেন।

বিভাপতি সমন্ত কবিতাটীতে যাহা বলিয়াছেন, ইহার এক কথায় তাহার সমস্তটা বলা হইয়াছে এবং তাহা অপেক্ষাও শতগুণ অধীরতা ইহাতে ব্যক্ত হইতেছে।"

গোবিন্দদাস তাঁহার তুইটা পদে (৭ ও ২০৪) বল্লভের নাম করিয়াছেন। তরুতে বল্লভ ভণিতায় যে ২৫টা পদ উদ্ধৃত হইয়াছে তাহাতে দেখা যায় যে, রাধারুফ্লীলার প্রীরাধার পূর্বরাগ বিষয়ে একটা (তরু ৯৭), একটা মানভকের (৬০০), ছয়টা অভিসারোৎকণ্ঠার, ত্টা প্রেম-বৈচিত্যের (৭৬৯, ৭৭০), একটা যুগলরূপের এবং পাঁচটা নর্বৌভ্রমাণ্ড শ্রীনিবাসের বন্দনার এবং বাকী কয়টা নরোভ্রম ঠাকুর মহাশয়ের অফুকরণে প্রার্থনা। বল্লভণ্ড নরোভ্রম ঠাকুর মহাশয়ের শিলা। তাঁহার একটা পদ হইতে জ্বানা যায় যে, নরোভ্রম ঠাকুর মহাশয়েও বিভাপতির পদের খুব অফুরাণী ভিলেন।

অফুক্লণ গোৱা-বকে বিলাস বৈক্ষব সকে
প্রিয় রামচক্র সকে কৈয়া।
শীভাগবত আদি গ্রন্থ গীত বিভাপতি
নিজ প্রত্থণ আফাদিয়া।

⊙क २ **७**৮ ०

বিভাপতির পদের রস আম্বাদনে আগ্রহ দেখাইলেও নরোত্তম ঠাকুর মহাশায় চণ্ডীদাস ও নরহরি সরকার ঠাকুরের রচনাশৈলীরই অফুসরণ করিয়াছেন। বল্লভ আর একটা সংবাদ দিয়াছেন যে, নিত্যানন্দপত্নী জ্বাহ্নবা দেবীই নবোত্তমকে 'ঠাকুর মহাশায়' উপাধি দেন—

নিত্যানন্দ ঘরণী জাহ্নবা ঠাকুরাণী

ত্রিভ্বনে পৃক্জিত চরণ।

যাহার কীর্ত্তন কালে ক্ষরির পুলক-মূলে

দেখি কৈল চৈত্ত্য স্মরণ॥
ভাব দেখি আপনি জাহ্নবা ঠাকুরাণী
নাম থুইল ঠাকুর মহাশয়॥

, তুরু ২৩৮৪

বল্লভের লীলাবর্ণনামূলক পদে প্রেমবৈচিত্ত্যের স্থলর বর্ণনা পাওয়া যায়। এক মঙ্গে পাকিয়াও বিরহ্বেদনামুভ্তির চিত্র তিনি স্থন্দর ভার্মে, ফুটাইয়া তুলিয়াছেন। তাঁহার অভিসারোৎকণ্ঠার একটা পদে (তঙ্গ ১০০৭) রাধার ভাবাবেগ স্থন্দরভাবে চিত্রিত হইয়াছে। রাধা

কহইতে চল চল রহ রহ বোল।
লেহ লেহ কহইতে দেহ দেহ বোল॥
দাব্ধহ কহইতে ভাত্তহ ভাষ।
আনহ বানি জানহ পরকাশ॥

নবোত্তমের আর একজন শিশু ছিলেন উদ্ধবদাস। এক দ্বিতীয় উদ্ধবদাস এই প্রথম উদ্ধবদাসকে ঠাকুর মহাশয়ের এক মুখ্য শাখা বলিয়া বর্ণনা করিয়াছেন (তরু ৩০০২)। দ্বিতীয় উদ্ধবদাস ভণিতায় বলেন.

> শ্রীরাধামোহন পদ যার ধন সম্পদ নাম গায় এ উদ্ধবদাস।

তাহ। হইলে ইনি রাধামোহন ঠাকুরের শিশ্য এবং টেঞা বৈগুপুর নিবাসী ছিলেন। আমার মনে হয় পদকল্পভক্ষত উদ্ধবদাদ নামান্ধিত ১৯টা পদের কোন কোন পদ প্রথম উদ্ধবদাদের রচনা। এই প্রথম উদ্ধবদাদ 'রসকদম্ব'-রচয়িতা কবি বল্লভের গুরু মনে হয়।

শীনিবাস আচার্য্যের শিশু নৃসিংহ কবিরাজ সংস্কৃতেই বেশী পদ রচনা করিতেন। তাঁহার তুইটা মাত্র পদ ভরুতে ধৃত হইয়াছে। পদ তুইটা রত্নস্বরূপ। উভয় পদই সংস্কৃতের ধরণে হ্রস্বদীর্ঘ বজায় রাথিয়া পড়িতে হইবে।

> ব্ৰজনন্দ কি নন্দন নীলমণি। হরি-চন্দন-তীলক ভালে ধনী॥ শিখি পুচ্ছকি বন্ধনি বামে টলী। ফুলদাম নেহারিতে কাম ঢলী॥

> > ইভাদি (ভক ১৩২৪)

ন: নীরদ-নীল স্থঠান তত্থ। ঝলমল ও মুখ চান্দ জহু॥ শিরে কুঞ্চিত কুন্তল-বন্ধ ঝুটা। ভালে শোভিত গোময় চিত্র ফোঁটা॥

ইতাদি (ভরু ১১৫৯)

শ্রীনিবাদ ও নরোত্তমের সঙ্গে ষে খ্রামানন্দ বৃন্দাবন

হইতে গ্রহাদি লইয়া ফিরিয়াছিলেন তিনি উৎকলবাসী হইলেও বৃন্দাবনে ও অধিকা কালনায় বাদালীদের সাহচর্য্যে দীর্ঘদিন বসবাস করায় বাদালা পদ লিখিতে অভ্যন্ত হইয়াছিলেন। তাঁহার তিনটা পদ পদকল্পতক্ষতে প্রকাশিত হইয়াছে। উহার মধ্যে একটা আরতির, একটা প্রার্থনার এবং একটীমাত্র লীলার পদ। শেষোক্ত পদটা স্থান্দর—

> রাই কনক-মুকুর কাঁতি।
> খ্যাম বিলাদিতে স্থন্দর তন্ত্ সাঞ্চয়ে কতক ভাতি॥
> নীলাদন রতন ভ্ষণ
> জলদে দামিনী সাজে।
> চাঁচর কেশের বিচিত্র বেণী
> তুলিছে হিয়ার মাঝে॥

> > で茶 >・そ8

জপ্রকাশিত পদরত্বাবলী-ধৃত ভামদাদ-নামাহিত পদগুলি (৩০০-৩০৯) সম্ভবতঃ ইহার রচনা নহে।

শ্রীনিবাদ আচার্য্যের শিশু গোপালদাদ 'ঘাহার কীর্ত্তনে যায় পাষাণ গলিয়া'(কর্ণানন্দ ১) ১৫৯০ খ্রীষ্টাব্দে বৃন্দাবনে বৃদিয়া 'রাধাকৃষ্ণবৃদক্ষলতা' রচনা করেন।

শ্রীনিবাস আচার্য্যের কন্তা হেমলতার শিশু বর্ত্নন্দন 'বিদশ্বমাধব' ও 'গোবিন্দলীলামুতে'র ও 'শ্রীকৃষ্ণকর্ণামৃতে'র অন্থবাদ ও কর্ণানন্দ নামে গ্রন্থ রচনা করেন। তিনি পদকল্পতক্ষণ্ড বর্ত্নন্দন-নামান্ধিত ৭১টা পদ রচনা করিয়াছেন।

নরহরি চক্রবর্ত্তী নিত্যানন্দভক্ত দাস গদাধর ঠাকুরের শিশু যত্ত্বনন্দন চক্রবর্ত্তীর (পৃ: ৯০৪) যে আটটী পদ উদ্বত করিয়াছেন, তাহার সবগুলিই গৌরাঙ্গবিষয়ক। যথা—

(১) গৌরান্ধ চরিত আৰু কি পেথলু মাই (তরু ১৯৪৬)। কিন্তু 'তরু'তে নিম্নলিধিত ভণিতা নাই— দেখি দাস গদাধর লহ লহ হাসে। এ বতুনন্দন কহে ওই রসে ভাসে। স্তরাং সভীশবাবু এটা 'মঞ্চাত্ত' পদক্তীর বলিয়াছেন।

- (২) সন্ধনি সই ! শুন গোরা অপরপ গাথা (পৃ: ১০৬)। 'তক'তে নাই। যতুনন্দনশুণিতা।
- (৩) সই গোনদীয়া জাহ্নীর কুলে (পৃ: ১০৮)। 'তরু'তে নাই। যত্নন্দনভণিতা।
- (৪) দেখ গোরা রক্ষ সই দেখ গোরা রক্ষ (পৃ: ১০১)। 'তক্ষ'তে নাই। যত্তণিতা।
- (৫) দেখ দেখ গোরা চালে। কাঞ্চন রঞ্জন
 (পৃ: ১০৯)। 'তরু'তে নাই। বতুনন্দনভণিতা।
- (৬) গৌর বরণ সোনা, ছটক চাঁদের জোনা (প:৯১০)। 'তক্ল'তে নাই। বতুনক্ষভণিতা।
- (৭) গোরা মোর বড়ই রন্ধিয়া (পৃ: ৯২৫, তরু ২১০১)। যতুভণিতা।
- (৮) জ্বলের জীব কাঁদে দেথিয়া প্রতিবিদ (পৃ: ১৫৭, তরু ২১৪৭)। যত্নন্দনভণিতা।

সতীশবার যত ও উপরে উক্ত ত্ই যত্নন্দনের সমস্যা সমাধান করিতে পারেন নাই। কিন্তু ভক্তির থাকরের ভণিতাগুলি বিশ্লেষণ করিয়া দেখা যাইতেছে যে, এই দাস-গদাধর-শিশ্ম যত্নন্দন যত্ভণিতাতেও কবিতা লিখিতেন। ইহার সম্বন্ধে নরহরি চক্রবর্তী বলেন—

যে রচিল গৌরাক্ষের অঙুত চরিত।

দ্রবে দারু পাষাণ শুনিয়া থার গীত ॥

যত্নন্দনভণিতাযুক্ত শ্রীকৃষ্ণলীলার স্বমধুর পদগুলি হেমলতা

দেবীর শিশু যত্নন্দনের রচনা। কিন্তু যত্নাথ ভণিতার
১৬টা পদ শ্রীচৈতন্তের সমসাময়িক এক কবির। ইহার
সম্বন্ধেই শ্রীচৈতন্তচরিতামুতে (১০১০) বলা হইয়াছে—

'মহাভাগবত যতুনাথ কবিচন্দ্র।

যাহার হৃদয়ে নৃত্য কবে নিত্যানন্দ ॥

গোবিন্দদাসের যুগে অন্ত যে সব কবি বৈশুব পদাবলী বচনা করিয়াছিলেন তাঁহাদের মধ্যে সবচেয়ে বেশী পদ পাওয়া যায় রায়শেথরের। কলিকাতা বিশ্ববিদ্যালয় অধ্যাপক যতীক্রমোহন ভট্টাচার্য্য ও বাবেশচক্র শর্মাচার্য্য কর্তৃক সম্পাদিত রায়শেথরের পদ বলিয়া ২৫২টা পদ প্রকাশ করিয়াছেন। ইহার মধ্যে ৪-সংখ্যক 'শৈশব বৌবন দরশন 'ভেল' ইত্যাদি নব কবিশেশর ভণিতা যুক্ত পদ এবং ২৫২সংখ্যক 'আনন লোলএ বচন বোলএ হানি' ইত্যাদি বিভাপতির পদের বিক্বত পাঠান্তর মাত্র।

শেষোক্ত পদটী যথন মৈথিল কবি লোচনের 'রাগ-তরকিণী'তে (পৃ: ৪৪-৪৫) পাওয়া যাইতেছে তথন উহাকে রায়শেথরের পদাবলীতে স্থান না দিলেই ভাল হইত। আর পূর্ব্বোক্ত পদটী বিশ্বনাথ চক্রবর্ত্তী ক্ষণদাগীত-চিস্তামণিতে (১)৫)

> বিভাপতি কহে কর অবধান। বালা অঙ্গে লাগল পাঁচবাণ॥

ভণিজ্ঞায় ধরিয়াছেন। রায়শেথর দণ্ডাত্মিকা পদাবলীতে কবিশেধর নামেও ছুই চার জায়গায় ভণিতা দিয়াছেন। অধ্যাপক হথময় মুখোপাধ্যায় মনে করেন এই রায়শেধর গোপালবিজ্ঞায়ের রচয়িতা। গোপালবিজ্ঞায়ের একধানি প্রতিলিপি ১৬১৩-১৪ খ্রীষ্টাব্দের। উহা শিবরত্ব মিত্র মহাশয়ের গ্রন্থালয়ে ছিল (বঙ্গীয়-সাহিত্য-সেবক, পৃ: ৫৬)। কলিকাতা বিশ্ববিত্যালয়ের ৯৬০-সংখ্যক পুথির আদর্শের বিপিকাল ১৬২৬-২৭ খ্রীইশ্বন।

গোপালবিজয়ের কাবর

দিংহ বংশে জন্ম নাম দৈবকীনন্দন।
শ্রীকবিশেধর নাম বলে দর্বজন ॥
রায়শেধরের কোন কোন পদে ধেমন তাঁহার গুরুর নাম
উল্লেখ আছে, গোপালবিজ্যে দেরূপ নাই। গভাঃ স্কুমার

১ জীরগুনন্দন পতি তাহা বিন্দু নাইি গতি যার গুণে ভব-ভয় নাই।

उङ्ग २७९२

পাপিয়া শেখর রায় বিকাইল রাঙ্গা পায় জীরগুনন্দন প্রাণেবর ।

তুরু ২৩৭৪

শীতৃন্দাবন অভিনব হুমদন শীরঘূনন্দন রাজে তরু ২৩৭৩ দেন কবিশেধর রায় ও কবিরঞ্জনকে একই লোক মনে করেন। কবিরঞ্জনের ঘুইটা পদে 'ত্রিপুরাচরণে মন' ও 'ত্রিপুরা-চরণকমল মধুপান' আছে (সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩৪০, পৃঃ ২৩)।

কি পদের সংখ্যার দিক্ দিয়া, কি ভাব ও ভাষার বৈচিত্র্যের ও সমৃদ্ধির দিক্ দিয়া গোবিন্দদাস তাঁহার মৃণ্যের সর্বপ্রেষ্ঠ বৈষ্ণব কবি। এই গ্রন্থের শেষ অধ্যায়ে তাঁহার কবিপ্রতিভার বিশ্লেষণ করিয়া তাহা প্রমাণ করিব। তিনি কাশীরাম দাস বা মৃকুন্দরাম চক্রবর্তীর ভায় সর্ব্বন্যায়ণের জভ্য কবিতা লেখেন নাই। সংস্কৃত কাব্য, অলঙ্কার ও বৈষ্ণব-রসশাস্থে বিশেষ অধিকার না থাকিলে তাঁহার পদের সৌন্দর্য্য উপলব্ধি করা যায় না। তিনি নিজে তাঁহার পদাবলী সহক্ষে লিখিয়াছেন—

রদনা-রোচন শ্রবণবিলাদ রচই ক্রচির পদ গোবিন্দদাস॥

তাঁহার পদ পড়িতে সকলেরই ভাল লাগুক বা না লাগুক, উহার শব্দমাধূর্য প্রত্যেকরই 'প্রবণবিলাস' বটে। গোবিন্দদাস বিশেষ করিয়া পদ লিখিয়াছিলেন রসিক বৈষ্ণব সাধকদের জ্বন্ত। শ্রীজীব গোস্বামী, শ্রীনিবাস, নরোত্তম, শ্রামানন্দের যুগে কৃষ্ণদাস করিরাজের ও গোবিন্দদাসের পদাবলীর প্রোভা ও পাঠকের অভাব ছিল না। রাচ্দেশ সে সময়ে সংস্কৃত সাহিত্য, স্বৃতি ও গ্রামাশাস্ত্রের চর্চ্চায় মুগর। মথুরানাপ তর্কবাগীশ ও কৃষ্ণ স্থায়বাচম্পতির লায় নৈয়ায়িক পণ্ডিতেরা শ্রীকৃষ্ণলীলার রস আস্থাদনে উনুপ ছিলেন। চণ্ডীমঙ্গল রচনা করিতে ধাইয়া যে করিগণ শ্রীচৈতক্তকে শ্ররণ করিয়াছেন, তাঁহারাও যে গোবিন্দদাসের কাব্যের রসাস্থাদন করিতে সমর্থ ছিলেন দে বিষয়ে সন্দেহ নাই। সে যুগের সাংস্কৃতিক পরিবেশে গোবিন্দদাসের দ্ আক্ষার মতন তুর্বোধ্য মনে হইত না।

তৃতীয় অধ্যায়

আধ্যাত্মিক আবেষ্ট্রনী

त्शिविस्नारमञ्ज्ञ भागवनी मुथाङः निथिত इहेशां हिन माधक বৈষ্ণবদের জন্ত । সেইজন্ত কবির আধ্যাত্মিক আবেইনী না वृक्षित्न जाहात भारत अत्यामगढिन कवा महक हहेता ना। গোবিন্দাস রাগামুগা ভক্তির সাধক। মঞ্চরীভাবের তিনি উপাসক। ১৫৭৬ এটাবে কবিকর্ণপুর গৌর-গণোদেশদীপিকায় লেখেন যে, পুরাকালে বৃন্দাবনে যিনি রূপমঞ্চরী নামে খ্যাত ছিলেন তিনি এখন রূপ গোস্বামী. বৃতিমঞ্জবী বা লবক্ষঞ্জবী হইতেছেন স্নাতন। শিবানন্দ চক্রবর্ত্তীও লবক্ষমগুরীর প্রকাশ। গোপাল ভট্ট অনক্ষগুরী, কিন্তু কেহ কেহ তাঁহাকে গুণমঞ্জরীও বলেন। রঘুনাথ ভট্ট हिल्लन वांगमकती, त्रपूनांथलाम तममक्षती वां विजयकती; ভূগর্ভ ঠাকুর প্রেমমঙ্করী ও লোকনাথ লীলামগ্ররী। কিন্তু নরোভম ঠাকুর তাঁহার গুরু লোকনাথকে মঞ্লালী বলিয়া উল্লেখ করিয়াছেন। রঘু মিশ্র কর্পুরমঞ্জী, জিতা মিশ্র শামমঞ্জরী, রঘুনাথ ভাগবতাচার্য্য খেতমঞ্চরী, বল্পভাত্মজ कीव विनाममङ्ग्री, क्रेमानाहां या त्रीनमङ्ग्री, नम्रन भिन्न (ইনি গদাধরের ভাতুপুত্র) নিত্যমঞ্রী (শ্লোক ১৮৫ হইতে ২০৭)। ১৫৭৬ গ্রীষ্টাব্দে আর কেহ মঞ্জরীভাবের माधक विनया विश्वां इन नारे।

ইহার প্রায় শঞ্চাশ বছরের মধ্যে গোপাল গুরু ও তাঁহার শিশ্ব ধ্যানচক্রের বচিত পদ্ধতিতে মগুরীভাবের উপাদনা প্রচারের ইতিহাদ ল্কায়িত আছে। গোপাল গুরুর আদল নাম মকর্মমন্ত্র পণ্ডিত। তিনি বক্রেশর পণ্ডিতের শিশ্র। বক্রেশর পণ্ডিত ১৫০০ গ্রীষ্টান্দে মহাপ্রভুর তিরোধানের পর কাশী মিশ্রের বাড়ীতে যে গন্থীরা ছিল তাহার দেবার ভার পান। গোপাল গুরুর পর ধ্যানচক্র এই সেবা করেন। গোপাল গুরুর গোড়ীয় বৈফ্র ধর্মের লাধনার ইতিহাদে যে কি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করিয়া আছেন তাহা ১৬৯৬ গ্রীষ্টান্দে লিখিত মনোহর দাসের অন্তরাগ্রী হইতে জানা বায়! তিনি লিখিয়াছেন— মহাপ্রত্ব পার্ষদ পণ্ডিত বক্ষেশ্ব।
তাঁহার সেবক শ্রীগোপাল গুরুবর ॥
শ্রীহরিনাম ব্যাখ্যা সম্প্রদানির্ণয়।
আগেই করিয়া রাখিয়াছেন মহাশয়॥
তাঁর পাট নীলাচলে রাধাকাস্কের সেবা।
অতি মনোহর ভাহা বর্ণিবেক কেবা॥
ইহার পর গোপাল গুরু-কৃত হরিনামের ব্যাখ্যাযুক্ত এই
চারিটা শ্লোক উদ্ধৃত হইয়াছে—

বিজ্ঞাপ্য ভগবত্তবং চিদ্ঘনানন্দবিগ্রহম্।
হরত্যবিচ্ছাং তৎকার্য্যমতো হরিরিতি স্বতঃ ॥
হরতি প্রীকৃষ্ণমনঃ কৃষ্ণাহলাদস্বরূপিনী।
অতো হরেত্যনেনৈব শ্রীরাধা পরিকীর্তিতা॥
আনন্দকম্থস্বামী শ্রামঃ কমললোচনঃ।
গোকুলানন্দনো নন্দনন্দনঃ কৃষ্ণ ইর্যুতে ॥
বৈদয়্যদারদর্বস্বমূর্তিং লীলাধিদেবতাম্।
রাধিকাং রময়েরিত্যং রাম ইত্যভিধীয়তে॥

অর্থাং হরিকে 'হরি' বলা হয় এইজন্য যে তিনি চিদ্ঘনানন্দ বিগ্রহ ভগবানের তত্তকে বিশেষরূপে জানাইয়া অবিল্যা ও অবিলার কার্য্যসমূহকে হরণ করেন। শ্রীরাধা শ্রীকৃষ্ণের আহলাদস্বরূপিনী (হলাদিনী শক্তি)। তিনি শ্রীকৃষ্ণের মন হরণ করেন। এইজন্য 'হরা' শন্দে শ্রীরাধাই পরিকীর্তিতা হন। কেবলানন্দ স্থাথের স্বামী শ্রামবর্ণ কমললোচন গোকুলের আনন্দস্বরূপ নন্দনন্দনই 'কৃষ্ণ শন্দে কথিত হন। শ্রীরাধিকার মূর্ত্তি বৈদধ্যের (রিসক্তার) সারস্ক্রিস্থনরূপ। তিনি লীলার অধিদেবতা (অধীশ্রী)। যিনি নিত্য সেই শ্রীরাধার সহিত রমণ করেন, তিনিই 'রাম' শন্দে অভিহিত হন। মনোহর দাস লিধিয়াছেন যে—

এই অর্থ হয় ভক্তবর্গ প্রাণধন। কিন্তা তমু মহোৎসব কর্ণবসায়ন।

(व्यष्टम मक्क्षत्री, शृ: ८१)

'হরে কৃষ্ণ হরে কৃষ্ণ' ইত্যাদি এই মহামন্ত্রে চারবার কৃষ্ণ, চারবার রামকে এবং আটবার হরিকে সংখাধন করা হইয়াছে। কৃষ্ণ শব্দে যিনি আনন্দস্বরূপ অথবা আকর্ষণ করেন, রাম শব্দে শ্রীরামচন্দ্র অথবা যিনি রমণ, ভালবাদার ধন, এবং হরি শব্দে যিনি আমাদের মনকে হরণ করিয়া লন ব্ঝি। কিন্তু গোপাল গুরুর ব্যাধ্যা অমুদারে রাম হইতেছেন শ্রীরাধার রমণকারী, আর হরে বলিতে—

হরিনাম মধ্যে তিন নামের কথন।
হরে কৃষ্ণ রাম ব্যাখ্যা শুন দিয়া মন॥
হরিশব্দে সম্বোধনে হয় হরে।
হরা শব্দে সম্বোধনেহ হয় হরে॥

অমুরাগবলী, পু; ৪৭

ব্রজমগুলের ভজন-নিষ্ঠ বৈফ্বগণের ঐচিরণে উপস্থিত হইয়াও 'হরিনামে র এই ব্যাখ্যাই পাইয়াছি। সহজ্বোধ্য আপাতপ্রতীয়মান ভাবে কৃষ্ণ, রাম ও হরিকে সম্বোধন করা হইলে ঐরাধাকে অরণ করা হয় না। আর নরোভ্রম ঠাকুর মহাশয় প্রেম্ভ িতক্রিকায় লিখিয়াছেন—

রাধিকা-চরণ-রেণ্ ভূষণ করিয়া তরু
অনায়াদে পাবে গিরিধারী।
রাধিকা চরণাশ্রয় যে করে দে মহাশয়
তারে মুই যাই বলিহারী॥
জয় জয় রাধানাম বুন্দাবন ধার ধাম
রুফ্তর্থ বিলাদের নিধি।
হেন রাধা গুণগান না শুনিল মোর কাণ
বঞ্চিত করিল মোরে বিধি॥

(3.4, 2.6)

'প্রেমভজিচ ক্রিকা'র স্থান বৈষ্ণব-সাধনায় কত উচ্চে সে
সম্বন্ধে নবধীপে একটা স্থলর গল্প প্রচলিত আছে। মহাত্মা
শিশিরকুমার ঘোষ একবার নবদীপে যাইয়া সিদ্ধ ভগবান্দাস বাবাজী মহারাজকে জিজ্ঞাসা করেন, "কি করিয়া
ভজ্জি হয় দয়া করিয়া বলুন।" বাবাজী মহারাজ হাসিয়া
বলেন, "বাব্, ছুইটা পয়সা ধরচ করিলে ভক্তি পাইবেন।"
শিশির বাবু তাঁহার কথা ভনিয়া বড়ই ছুংথিত হইলেন।

তিনি ভাবিলেন যে, তাঁহাকে উপহাস করা হইল। বাবাকী
মহারাজ সিদ্ধপুক্ষ ছিলেন। তাঁহার মনের হঃখ ব্বিতে
পারিয়া বলিলেন, "বাব্জী, আমি আপনাকে ঠাট্টা করি
নাই, আপনি তুইটা পয়সা ধরচ করিয়া প্রেমভক্তিচন্ত্রিকা
কিহুন, আর উহা নিত্য পাঠ করুন; ভক্তি আপনিই
আপনার নিকটে আদিবেন।"

ম্রারি গুপ্তের কড়চা হইতে জানা বায় বে, জগরাপ
মিশ্র ও ম্রারি স্বয়ং রামচন্দ্রের উপাদক ছিলেন; আর
শ্রীচৈতক্য দাক্ষিণাত্য ভ্রমণকালে উল্লেখ্যে—

রাম রাঘব রাম রাঘব রাম রাঘব রক্ষ মাং।
কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব পাহি মাং॥
বলিতে বলিতে ক্রভবেগে চলিয়াছিলেন। এখানে আর কিছুভেই 'রামকে' অন্ত কোন অর্থে লওয়া যায় না, কেননা স্পাই 'রাঘব' অর্থাং 'রঘুকুলসম্ভূত' শব্দ আছে। গৌড়ীয় নৈফব-সম্প্রদায়ের নাধনার বিবর্তনের ইতিহাসে সেইজক্য গোপাল গুরুর ব্যাখ্যা খুবই গুরুত্বপূর্ণ।

শ্রীরন্দাবনের রূপাসিন্ধু দাস বাবাজী ধ্যানচক্র গোস্বামীর পদ্ধতি অন্থলারে শ্রীরাধারুক্ষের যে যোগপীঠের চিত্র অঙ্কন করিয়াছেন তাহা সিদ্ধ রুক্ষ্দাস বাবাজী সঙ্কলিত 'শ্রীশ্রীভাবনাসারসংগ্রহ' প্রস্থে ও হরিদাস দাস বাবাজীর গ্রোড়ীয়-বৈক্ষব-অভিধানের প্রথম খণ্ডে ৬৩৩ পৃষ্ঠায় দেওয়া হইয়াছে। উহাতে নিম্নলিখিত মঞ্জরীদের নাম পাওয়া ধায়।

যোগপীঠের মধ্যে ষড়্দল পদ্মে ১৫। ন। ৭ দিন বয়সের শ্রীকৃষ্ণ ও ১৪। বাং দিন বয়সের শ্রীবাধা। তাহার বাহিরে অষ্টদল পদ্মে পূর্ব্ব হইতে দক্ষিণ, পশ্চিম ও উত্তরে ষধাক্রমে (বয়স বন্ধনীর মধ্যে দেওয়া হইল)—

সনাতন গোস্বামী—লবন্ধমন্থরী (১৩)৬) বঘুনাথ ভট্ট গোস্বামী—রদমন্তরী (১৩)০)০ গগোপাল ভট্ট—গুণমন্তরী (১৩)১)১৭)লোকনাথ গোস্বামী—মঙ্লালীমন্তরী (১৩)৬)৭)
শ্রীজীব গোস্বামী—বিলাদমন্তরী (১৩)০)০)
ক্ষম্পাদ কবিরাজ—কন্তরীমন্তরী (১৩)০)০)
শ্রীরূপ গোস্বামী—শ্রীরূপমন্তরী (১৩)০)০)
বঘুনাথদাদ গোস্বামী—রভিমন্তরী (১৩)২০০)

ইহাতে ছয় গোস্থামীর সক্ষে সমান আসন দেওয়া হইয়াছে নরোন্তমের গুরু লোকনাথকে ও চরিতায়তের লেথক রুফদাস কবিরাজকে। কবিকর্ণপূরের মতে লোক-নাথ সনকাদি চতুঃসনের একজন (১০৭)। অষ্টললের বাহিরে আবার এক অষ্টদল, তাহার আবার আটটী। উপদল প্রথমে দল ও পরে উপদলের পরিচয় দিতেছি।

(गाविन्गानम-हिखा (১८।१।১८)

वञ्च दोप्रोनक—हेक्ट्लश (১৪।२।১०)

শিবানন্দ দেন—চম্পকলতা (১৪।২।১৩)

(শিবানন্দের পুত্র কবিকর্ণপূর তাঁহাকে বীরা দৃতী বলিয়াছেন—১৭৬ শ্লোক)

(शांविन द्यांय-वन्द्रवी (281218)

বক্রেশ্বর পণ্ডিভ—তুক্সবিন্তা (১৪।২।২২)

বাস্থঘোষ— স্থানবী (১৪।২।৪)

স্বৰূপ গোস্বামী—ললিতা (১৪৮।২৭)

त्रामानक त्राय-विशाश (১৪।२।১৫)

কবিকর্ণপুরের গ্রন্থে বক্রেশর পণ্ডিত তগবানের চতুর্থ ব্যুহ অনিকদ্বতন্ত্র (৭১), রামানন্দ রায় পাণ্ডব অর্জ্জন বা অর্জ্জন নামে কোন গোপাল, কিন্তু কেহ কেহ তাঁহাকে ললিতা বলেন (১২১-২৪)।

স্বরূপ গোস্থামী বিশাখা (১৯০), রাঘব গোস্থামী চম্পকলতা (১৬২), কুফাদাস ব্রহ্মচারী ইন্লেখা (১৬৪), গঙ্গাধর ভট্ট হুদেবী (১৬৫) ও রামানন্দ বস্থ কলক্ষ্ঠী (১৭৩)।

উপদলে আছেন—শ্রীনিবাস আচার্য্যের শিশু রামচক্র কবিবান্ধ ছাড়া আর সাত কবিবান্ধ।

গোবিন্দ কবিবাঞ্জ—কলাবভী (১২।৽।৽)

কর্ণপুর কবিরাজ—ভভাঙ্গদা (১২।০।০)

नृतिःह कवित्राष-हित्रगात्री (১२।०।०)

७१वान् कविदाख—दञ्चलवा (১२।०।०)

বল্পভীকান্ত কৰিবান্ধ—শিখাবতী (১২।০।০)

গোপীরমণ কবিবাজ-কন্দর্পমঞ্জরী (১২।০।•)

(शंक्न कविवास-- क्वमंत्रिका (১२।०।०)

बारूवा (मवी--अनक्मक्रदी (১७।७।८)

বোগপীঠের পদ্মের চারিদিকে আছেন
মৃকুদ্দ ঠাকুর—বৃন্দাদেবী
শিবানন্দ চক্রবর্ত্তী—বৃন্দারিকা
মাধব চক্রবর্ত্তী—মেনাদেবী
জগরাপ চক্রবর্ত্তী—মুরলীদেবী

গোবিন্দ কৰিবান্ধ ১৬২০।২৫ খ্রীষ্টাব্দের পূর্ব্বে যোগ-পীঠে আদন পাইয়াছিলেন বলিয়া মনে হয় না। আশ্চর্য্যের বিষয় এই যে, যোগপীঠে কবিকর্ণপুর, শ্রীনিবাদ আচার্য্য, নরোত্তম ঠাকুর ও রামচক্র কবিবান্ধের কোন আদন নাই।

মঞ্জরীদের মধ্যে সনাতন গোস্বামীকে গণনা করা হইলেও তাঁহার রচিত বৃহস্তাগবতামৃতে মঞ্জরীভাবের উপাদনার কোন ইন্দিত নাই। ঐ গ্রন্থ শ্রীরূপের ভক্তি-রদামৃতদির্বুর পূর্বে রচিত হয়, কেননা শেংবাক্ত গ্রন্থে আচে—

> শ্রীমৎপ্রভূপদান্তোকৈ: দর্কা ভাগবভামৃতে। ব্যক্তীকৃতান্তি গৃঢ়াপি ভক্তিসিদ্ধান্তমাধুবী॥

> > ()1812 •)

গৃঢ় হইলেও যে ভক্তিসিদ্ধান্তমাধুরী সনাতন প্রকাশ করিয়াছেন, তাহাতে দেখা যায় যে গোপকুমার ঐ গ্রন্থের নায়ক। তিনি স্বৰ্গলোক, ক্তলোক, বন্ধলোক, গোলোক, ঘারকা প্রভৃতিতে অবস্থান করিয়া বুন্দাবনে পুরুষবেশেই আসিলেন এবং শ্রীকৃষ্ণ তাঁহাকে আদর করিয়া নিজের হাতে খাওয়াইয়া দিলেন (বুহস্কাগবভাষ্ত ২।৬।১২৭)। শ্ৰীরাধার প্রদত্ত লাড়ুও তাঁহাকে দিয়া বলিলেন, "হে শীরাধে, তোমার ভাতৃবংশভাত এই স্বরূপেরই ইহা থাওয়ার যোগ্য" অর্থাৎ "উহ। খারাপ, আমি খাইতে পারিব না" (এ ১৩০); কিন্তু প্রকৃতপক্ষে লাড়ু খুবই হুখাত ছিল। খড়ত টীকায় সনাতন গোখামী ঐ গোপকুমার সম্বন্ধে লিখিয়াছেন, "ভক্তা: শ্রীরাধিকায়া ভাতু: - बिनारबा रः म्ब बाउन व्यवः छारः "-- वर्षार वाबि শ্রীরাধিকার ভ্রাতা শ্রীদামের বংশজাত বলিয়া। সাধককে বে স্থীর অফুগা হইয়া অভশ্চিভিত নারীদেহেই ভজন করিতে হইবে এরণ কোন ইণিত বৃহস্কাগৰভাষ্থত নাই। হরিভজিবিশাদের (৫০৫) ভৃতগুদ্ধির ব্যবস্থার টীকায়

সনাতন লিখিয়াছেন যে, "সাধক মনে করিবেন চিৎস্বরূপ ভগবানের চিৎ-কণ অংশ বলিয়া আমিও চিন্ময়তাংশে তাঁহা হইতে অভিন্ন। এমত অবস্থায় আমিও সেই কি ? না, আমি 'তদংশত্বেন তদধীনো নিত্যসেবকোহ্ম্মী'তি অর্থঃ।" এখানে মঞ্জরীভাবের কোন কথা উঠে না।

পদ্মপুরাণের পাতালখণ্ডে মঞ্জরীভাবের সাধনার কথা দেখা যায়; যথা—

পরকীয়াভিমানিক্সন্তথা তন্ত প্রিয়া জনাং।
প্রচ্ছেরেনৈর ভাবেন রময়ন্তি নিজপ্রিয়ম্না
আত্মানং চিস্তয়েক্তক্র তাসাং মধ্যে মনোরমাম্।
রূপযৌবনসপ্রাং কিশোরীং প্রমনাকৃতিম্ ॥
নানাশিরকলাভিজ্ঞাং কৃষ্ণভোগাহরূপিনীম্ ॥
প্রাথিতামপি কৃষ্ণেন তক্র ভোগপরাত্মধীম্ ॥
রানিকাহ্মচরীং নিত্যং তৎসেবনপরায়ণাম্ ।
কৃষ্ণাদপ্যধিকং প্রেম রাধিকায়াং প্রকুর্নতীম্ ॥
প্রীত্যাহ্মদিবসং যত্মাত্রয়োং সঙ্গমকারিণীম্ ॥
ইত্যাত্মানং ংচিক্তার তক্র সেবাং সমাচরেৎ।
ব্রাহ্মং মুহুর্ন্তমারভা যাবং স্থাত্ত্ মহানিশা ॥

পাতালধণ্ড, বঙ্গবাসী সং, অধ্যায় ৫২, পৃ: ৪১৫ , আনন্দাশ্রম সংস্করণ, অধ্যায় ৮৩, পৃঃ ৬২৪

অর্থাৎ তাঁহার প্রতিপাত্ররা পরকীয়া অভিমানে গোপনে
নিজ প্রিয়ের সহিত রমণ করেন। শ্রীক্লফকে সেবা করিতে
হইলে আপনাকে কৃষ্ণদেবিকা রমণীদের মধ্যে রূপথৌবনশালিনী মনোরমা কিশোরীরূপে চিন্তা করিতে
হইবে। ভাবনা-ছারা নিজেকে বিবিধ শিল্পবিজ্ঞানিপুণা
শ্রীক্লফের ভোগের উপথোগিনী করিতে হইবে; কিন্তু
কৃষ্ণ কর্ত্বক প্রার্থিত হইয়াও ভোগে পরামুখী বলিয়া চিন্তা
করিবে। সব সময়ে রাধিকার অফ্চরী ও তাঁহার সেবাপরায়ণারূপে নিজেকে চিন্তা করিবে। শ্রীকৃষ্ণ অপেকাও
রাধান্তে অভি প্রীতি রাধিবে। প্রীতির সহিত প্রতিদিন
(মানসে) রাধাক্লফের মিলনসাধনে যত্ব করিবে। নিজেকে

এই অংশ বলবাদী সংস্করণে পাঠ করিয়া আমার মনে

সন্দেহ আগে যে, বোধ হয় কোন বালালী বৈক্ষব পদ্মপুরাণের পাতালধণ্ডে এই অংশ জুড়িয়া দিয়াছেন। কিন্তু বোধাইয়ের আনন্দাশ্রম সংস্করণেও শ্লোকগুলি রহিয়াছে। ঐ সংস্করণ উত্তর, পশ্চিম ও দক্ষিণ ভারতের পথি দেখিয়া তৈরী করা হইয়াছে। কিন্তু,নিজের চোথে প্থিগুলি না দেখা পর্যন্ত স্থির দিয়ান্তে আসা কঠিন। হরিভক্তিবিলাদে আনন্দাশ্রম সংস্করণের ৮০ অধ্যায়ের কোন উক্তি নাই বটে, কিন্তু ৮৪ হইতে ৯৪ অধ্যায় ও৯৬ অধ্যায়ের শ্লোক উহাতে ধরা হইয়াছে। শ্রীক্রপ গোস্বামীর ভক্তিরদামৃতদিন্ধ্তেও ঐ অংশ হইতে কোন শ্লোক উছ্তে হয় নাই।

যদি পদ্মপুরাণের ঐ অংশ অকৃত্রিম হ**য় তাহা হইলে**মঞ্জরীভাবের উপাদনা শ্রীচৈতক্তের আবির্তাবের ক**য়েক শত**বংসর পূর্বেই হইয়াছিল বলিতে হয়। ডাঃ রাজেশ্রচন্দ্র
হাজর। সিদ্ধান্ত করিয়াছেন যে, পদ্মপুরাণের পাতালধণ্ড
খ্রীষ্ট্রীয় নবম হইতে চতুর্দ্দশ শতাকীর মধ্যে রচিত হইয়াছিল।

গৌড়ীয় বৈফবদের মধ্যে জ্রীরপ গোস্বামীই যে মঞ্চরী-ভাবের সাধনার প্রবর্ত্তক সে বিষয়ে সন্দেহ নাই। ভিনি ১৫৪১ খ্রীষ্টাব্দে ভক্তিরসামৃতসিন্ধতে লেখেন—

> দেবাদাধকরপেণ দিম্বরপেণ চাত্র হি। তদ্ভাবলিপ্দৃতা কার্য্যা ব্রজলোকাহুদারত:।

> > ()()

ইহার টাকায় শ্রীজীব বলেন—ব্রচ্ছে অবস্থিত নিজের অভীষ্ট শ্রীক্ষফের প্রিয় পরিবারগণের ভাবে লিপ্সু সাধক সেই ব্রজপরিকরদের অন্থ্যরণ করিয়া সাধকরপে (বেমন দেহে বর্ত্তমান আছে দেই দেহেই) এবং সিম্বরূপে (নিজের ভাবের অন্থ্যুল শ্রীক্লফের সেবার উপধোগী অস্তশ্বিস্তিভ অর্থাৎমনে মনে ভাবা দেহধারা) শ্রীক্লফের সেবা করিবেন।

রামচন্দ্র কবিরাজ, নরোত্তম ঠাকুর ও গোবিন্দ কবিরাজ এই সাধনা-প্রণালীতে কি ভাবে লীলা শ্বরণ করিতে হইবে সে সম্বন্ধে শ্রীজীবকে জিজ্ঞাদা করিয়া পত্র লেখেন। ঐ পত্রের উত্তরে শ্রীজীব বাহা লিখিয়াছিলেন ভাহা এই প্রছের ভূমিকায় "কবির খ্যাতি ও পরিচয় শীর্ষক" অংশে পূর্বেই উদ্ধৃত হইয়াছে। শ্রীরপ একটি বিশেষ বিষয়ে সম্ভর্ক করিয়া দিয়াছেন। 'রিরংসাং অষ্ঠ কুর্বেন্' ইত্যাদি স্নোকে (ভজিরসামৃতসিদ্ধু ১।২।১৫৭) তিনি বলিয়াছেন যে শ্রীক্রফের সঙ্গে যদি সাধকের সজ্যোগের ইচ্ছা হয় তাহা ছইলে তিনি এক্রের ভাব পাইবেন না, ছারকার মহিবীদের ভাব পাইতে পারেন। এক্রের ভাবে নিক্রের অ্বের ইচ্ছার কোন স্থান নাই। স্থীরা শ্রীক্রফের স্বরূপ শক্তির অংশ বলিয়া তাঁহাদের সঙ্গে শ্রীক্রফের বিলাস সম্ভব। কিন্তু জীব তটয়া শক্তিমৃক্ত ক্রফের অংশ, তাহার সঙ্গে শ্রীক্রফের বিলাস অসভব।

আজকাল বৈহুল-সাহিত্যে বিশেষজ্ঞ বলিয়া প্রসিদ্ধ করেকজন পণ্ডিত ব্যক্তির লেখায় দেখিয়াছি ও মুখে শুনিয়াছি যে, নিজেকে রাধাভাবে অথবা সখীভাবে ভাবনা করিয়া শ্রীক্লফের উপাসনা করিতে হইবে। অনেকেই রসকীর্ত্তন শুনিবার সময় অথবা পদাবলী পাঠ করিবার কালে নিজেকে শ্রীরাধা বা তাঁহার সখী বলিয়া মনে করেন। কিন্তু শ্রীজীব গোস্বামী লিখিয়াছেন, শ্রীক্লফের সহিত আপনাকে অভিন্ন জান করিলে যেমন অপরাধ জানে, তাঁহার নিত্যসিদ্ধ পরিকরগণের সহিত নিজের অভেদ জ্ঞান করিলেও সেইরূপ অপরাধ হয়।

মঞ্চরীভাবে কিন্ত্রপ দেবার কথা সাধক চিন্তা করিবেন ভাহা শ্রীক্রপ গোস্বামীর রচনা হইতে দেখাইতেছি। ঐ প্রকারের দেবার সম্বন্ধে সম্যক্ জ্ঞান না থাকিলে গোবিন্দদাসের পদের আভোগে (ভণিতা অংশে) যে সেবার কথা আছে ভাহার মর্ম উপলব্ধি করা যাইবে না। সেইজক্ত একট বিশ্বভাবে বিষয়টি আলোচনা করিতেছি।

চাট্পুস্পাঞ্চলিতে (স্তবমালা, পৃঃ ১৭৪) শ্রীরূপ বলিতে-ছেন—

খাং সাধু সাধবীপুলৈগাধবেন কলাবিদা।
প্রসাধ্যমানাং বিভন্তীং বীজয়িন্তাম্যহং কদা ॥
কলাবিদ্ মাধব কর্ত্ব মাধবী ফুলের ঘারা তুমি অলঙ্গত
হইতেছ এবং ভোষার কলেবর তাঁহার স্পর্শের জন্ত সাধিকভাবের উদয়ে ঘর্মাক্ত হইতেছে, এরূপ অবস্থার তোমাকে আমি কবে বীজন করিব ? কেলিবিশ্রংসিনো বক্রকেশবৃদক্ত স্থানর।
সংস্থারায় কদা দেবী জনমেতং নিদেকাসি॥
কেলিবিলাদের ফলে তোমার কুটিল কেশপাশ বিশ্রস্ত
হইলে তাহা ঠিক করিয়া দিবার জন্ত এই জনকে করে
আদেশ করিবে?

কদা বিষোষ্ঠি তাষ্ট্ৰং ময়া তব ম্থাষ্জে।
অৰ্পামাণং ব্ৰজাধীশস্থ্বাচ্ছিত ভোক্ষাতে।
হে বিষোষ্ঠি! আমি তোমার ম্থকমলে তাষ্ট্ৰ অৰ্পণ
কবিব, শ্রীকৃষ্ণ তোমার ম্থ ২ইতে কাড়িয়া লইয়া উহা
খাইবেন, তোমাদের উভয়ের এই প্রকার ভাব আমি কবে
দেখিব ?

নামযুগাষ্টকে (শুবমালা, পৃ: ১৭৭) তিনি লিখিয়াছেন—
তাং প্রচ্ছদেন মূদিরচ্ছবিনা পিধায়
মঞ্জীরমুক্তচরণাঞ্চ বিধায় দেবি।
কুঞ্জে ব্রজেক্সতনয়েন বিরাজমানাং
নক্তং কদা প্রমূদিতামভিদার্থিয়ে॥
নীলাম্বরে তোমাকে ঢাকিয়া, তোমার চরণ হইতে নূপুর
খুলিয়া লইয়া কবে তোমাকে কুঞ্জে ব্রজেক্সতনয়ের দহিত

কুঞ্ শ্রস্থনকুলকল্পিতকেলিতল্পে ন' বিপ্রয়োর্মপুবনশ্মবিলাদভাজোঃ। লোকত্রয়াভরণয়োশ্চরণামূজানি নংবাহয়িয়াতি কদা যুবয়োর্জনো২য়ম্॥

রাত্রিতে অভিদার করাইব গ

এই জন কবে নানাবিধ কুস্মে রচিত শ্যায় শ্যান মধুর নশ্মকেলিবিলাদে রত তোমাদের উভয়ের ত্রিলোকের অলমার্যক্ষ চর্ণ-ক্ষলের দেবা ক্রিবে ?

ত্বংকুগুরোধনি বিলাদপরিশ্রমেণ স্বেদান্তুদ্ধিবদনান্তৃক্হপ্রিয়ে বাম্। বৃন্দাবনেশ্বরি কদা তক্ষমূলভাজে। সংবীক্ষামি চমবীচয়চামরেণ ॥

শ্বরবিলাদের পরিপ্রমহেত্ বদনাস্থ ঘর্মজনে আর্দ্র হইলে প্রাস্তি দ্ব করিবার জন্ত ঘদীয় কুণ্ডের তীরবর্তী ভক্ষমূলে উপবেশন করিবে। আমি ঐ অবস্থায় ভোমাদিগতে কবে চামর ঘারা বীজন করিব ? কার্পণ্যপঞ্জিকান্ডোত্রে (স্তব্যালা, পৃ: ১৯৩) লিখিয়া-ছেন—

গুর্কায়ন্ততয়া কাপি ত্বস্তাতোত্যবীক্ষণো।
মিথং সন্দেশসীধুভ্যাং নন্দয়িগ্রামি বাং কদা॥
ভোমরা গুরুজনের অধীন হওয়ায় তোমাদের পরস্পার দর্শন
ত্বর্লভ। অতএব পরস্পারের সংবাদবাক্যরূপ অমৃত দান
করিয়া আমি কবে তোমাদিগকে আনন্দিত করিব ?

গবেষয়ন্তাবন্তোক্তং কলা বৃন্দাবনান্তরে।
সঙ্গময় তুবাং লপ্স্যে হারিণং পারিতোযিকম্॥
বুন্দাবনে তোমরা পরস্পরকে থুঁজিতেছ, ঐ সময়ে
তোমাদের মিলন করাইয়া দিয়া কবে আমি মনোহর পারিতোষিক পাইব ?

কুঞ্চে কুন্থমশ্যায়াং কদা বামর্পিতাঙ্গয়োঃ
পাদসংবাহনং হস্ত জনে হিন্তং রচন্নিজাতি।
কন্দর্পকলহোদমট্র কটিতানাং লতাগৃহে
কদা গুদ্দায় হারাণাং ভবস্তো মাং নিযোক্ষ্যতঃ॥
কুঞ্চে কুন্থমশ্যায় শানিত তোমাদের পাদস্থাহন কবে
করিব দ লতাগৃহে কন্দর্পকলহে তোমাদের কণ্ঠভূষণ
ছি ডিয়া গোলে কবে উহা গাঁথিবার জন্ম আঞাকে নিযুক্ত

কেলিকল্লোলবিশ্রাস্থান্ হস্ত বৃন্ধাবনেখনে ।
কর্হি কর্হি পতত্রৈর্বাং মণ্ডয়িয়ামি কুন্তলান্ ॥
কন্দর্পক্রীড়ায় তোমাদের কেশপাশ আলুলায়িত হইলে
আমি কবে উহা ময়রপুচ্ছবার। ভূষিত করিব ?

কন্দর্পকেলিপাণ্ডিত্য-থণ্ডিতাকল্পগোরহম্।
কাষা কমলিকদ্বন্ধ করিয়ে তিলকোচ্ছালম্ ॥
কন্দর্শক্রীড়ায় তোমাদের পরস্পারের বেশভ্ষা বিগলিত
হইলে তিলকশ্য ললাটে পুনর্কার তিলক দিয়া কবে আমি
তোমাদিগকে বিভূষিত করিব ?

দেবোরত্তে বনস্রগ্ভিদ্শৌ তে দেবি কজ্জলৈ:।

স্বাং জন: কদা কুঞ্জনগুণে মণ্ডয়িয়তি ॥

হে দেব! তোমার বনমালাশ্য বক্ষে বনমালা পরাইয়া,
ও হে দেবি! তোমার কজ্জলশ্য নয়নে কজ্জল পরাইয়া
ক্রে তোমাদিগকে বিভূষিত করিব ?

আমুনদাভতামূলীপর্ণান্তবদলন্য বাম্। বদনামূলযোবেষ নিধান্ততি জনঃ কদা। স্বর্ণবর্গ তামূলপত্র খদির চ্র্ণাদি উপকরণে সজ্জিত করিয়া তোমাদের বদনকমলে কবে আমি অর্পণ করিব ?

১৬৪৯ খ্রীষ্টাব্দে গোকুলে লিখিত উৎক্লিকাবল্লরীগ্রন্থে স্থীর অমুগা হইবার প্রার্থনা করা হইয়াছে —

গিবিকুঞ্জকুটীবনাগবে । ললিতে দেবি দদা তবাস্রবৌ। ইতি তে কিল নান্তি ত্হুবং কুপয়াঙ্গীকুকু মামতঃ স্বয়ম্॥

হে ললিতা দেবি! নিক্জনাগর শ্রীরাধাক্ষ সব সময়ে তোমার কথা শুনেন। অতএব তুমি কুপা করিয়া আমাকে স্থাং অক্টাকার কর।

ভাজনং বরমিহানি বিশাথে গৌরনীলবপুষোঃ প্রণয়ানাম্। বং নিজপ্রণয়িনোর্যয়ি তেন প্রাপয়স্থ করুণার্ক্রচাক্ষম॥

হে বিশাথে! বৃন্দাবনে তৃমি শ্রীরাধামাধবের শ্রেষ্ঠ প্রণায়-পাত্র। অতএব তুমি নিজ প্রণায়ী দেই শ্রীরাধাক্তফের করণা-কটাক্ষ আমাকে লাভ করাও।

এই উৎকলিকাবল্লবীর ৪৭ শ্লোকে বনবিহারে শ্রাম্থ রাধাকৃফের পাদপদ্ম নিজের কেশপাশ দারা মৃহাইবার কথা আছে। উহার পরবর্তী শ্লোকে উভয়ের বিলাসের জন্ম ফুলশ্য্যা তৈয়ারী করিবার কথা আছে।

মঞ্জীরা স্থী নহেন, স্থীর অহুগা। স্থীরা শ্রীক্লংকর
নিত্যসিদ্ধ পরিকর। তাঁহার স্বরূপশক্তি বা অন্তরক
শক্তির প্রকাশ। দ্বীব ভগবানের তটস্থা শক্তির প্রকাশ।

তুইকে এক করিয়া দেখিলে ভুল হইবে। স্থীর সক্ষে
শ্রীক্লফের ে নিবিলাস সম্ভব। গীতাবলীর ৩৮-সংখ্যক পদ্দে
আছে 'নবশশিরেখা-লিখিতবিশাখাতহর্মপ ললিভাসদী'।
উজ্জ্বলনীলমণির স্থীপ্রকরণে (২০) 'প্রিয়স্থি বিদিতং
তে কর্মা ইত্যাদি শ্লোকে দেখা যায় যে, স্থী শ্রীকৃষ্ণ
কর্ত্ব উপভূক্ত হইয়াছেন। গোবিন্দদাস্থ ঐভাবে
'এ ধনি জনি কহু কায়ুক সন্দেশ' (৪৫০) ইডাাদি পদ্দে

শ্বীর দলে শ্রীক্লফের বিলাদ বর্ণনা করিয়াছেন। দ্বীদের কার্যাদির যে তালিকা উজ্জলনীলমণিতে দেওরা হইয়াছে ভাহার দলে মঞ্চরীদের কাজের জনেক দাদৃশ্য দেখা যায় (উজ্জলনীলমণি, পৃঃ ৬৬৬-৬৮৪), যেমন দখী ও মঞ্চরী উভয়েই আখাদ প্রদান করেন, মিলন ঘটাইয়া দেন, নায়ক-নায়িকার বেশ করাইয়া দেন, চামরাদির ঘারা দেন, নায়ক-নায়িকার বেশ করাইয়া দেন, চামরাদির ঘারা দেবা করেন, দৌত্য করেন। কিছু কেলিবিলাদের সময় স্থীরা উপস্থিত থাকিতে পারেন না, মঞ্চরীরা পারেন। ঐ সময়েও মঞ্চরী যে পাদস্থাহন করেন, চমরব্যক্তন করেন, কেশ-বিস্থাস করিয়া দেন, তাহা শ্রীক্রপের প্রের্বাদ্ধত শ্লোক হইতে বুঝা যায়।

শ্রীনিবাদ আচার্য্য তাঁহার গুরু গুণমঞ্জরীর (গোপাল ভট্টের) নিকট প্রার্থনা করিতেছেন—

ছরি হরি কবে মোর শুভদিন হোয়।
কিশোর-কিশোরী-পদ দেবন-সম্পদ
তুয়া সনে মীলব মোয়॥

ত্ৰু ৩০ ৭২

শুরণ ষেমন ললিভা-বিশাধার কাছে সেবা করিবার অধিকার প্রার্থনা করিয়াছেন, শুনিবাদ দেইরপ তাঁহার শুরুর নিকট বলিভেছেন—

তুহ গুণমঞ্জরি ক্লপে গুণে আগর্বি মধ্র মধ্র গুণ-ধামা।

वस्तर-पृर-धन्य (श्रमरनरा) भवरक

বরণ উজ্জল তফু শ্রামা।

কি কহিব **তু**য়া বশ ছহঁ সে তোমার বশ

হৃদয়ে নিশ্চয় মঝু মানে।

শাপন অফুগা করি

কৈফণা কটাক্ষে হেরি

সেবা-সম্পদ কর দানে॥

एक ७६१७

পোবিন্দাস 'বিনোদিনী না কর চাত্রীপনা' ইত্যাদি
পদের ভণিতার এই 'অফুগা' শব্দটী ব্যবহার করিয়াছেন—
অফুগা হইতে সাধ লাগে চিতে
কছরে গোবিন্দ্র্যাসে।
বীনিবাস আচার্য্য ভারার শিক্সদিকেও সঞ্জরীভাবে

নেবা করিতে উপদেশ দিতেন। বস্তুতঃ তিনি ও বিশেষ করিয়া নরোত্তম ঠাকুর মহাশয় ব্রজ্মগুল হইতে এই মঞ্জরী-ভাবের সাধনাই গোড়ে আনিয়া প্রচার করেন। তাঁহাদের প্রভাবের ফলে শ্রীনিবাসের শিশু বীর হামীরের মতন মুর্দান্ত যুদ্ধনীল রাজাও বলিতেছেন—

প্রভূমোর শ্রীনিবাস প্রাইলা মনের আশ ভূয়া পদে কি বলিব আর।

আছিলু বিষয়-কীট বড়ই লাগিত মীঠ ঘুচাইলা রাজ-অহঙ্কার ॥

করিলু গরলপান রহিল ডাহিন বাম দেখাইলা অমিয়ার ধার।

পিব পিব করে মন সব লাগে উচাটন এমতি ভোমার ব্যবহার ॥

রাধা-পদ হুধারাশি সে পদে করিলা দাসী গোরা-পদে বান্ধি দিলা চিত।

শ্ৰীরাধা-রমণ সহ দেখাইলা কুঞ্-গেহ জানাইলা হছ' প্রেম-রীত ॥

कानिकीत क्रन बाहे नशीन्राम धाउरा धारे

রাই কায় বিহরই য়ধে।

এ বীর হামীর হিয়া ব্রজভূমি দদা ধেয়া মাহা অলি উডে লাখে লাখে॥

उक २७१४

শ্রীনিবাদের প্রধান শিশু রামচক্র কবিরাজ মঞ্চরীভাবের সাধনার রহস্থ বর্ণনা করিয়া শ্ররণ-দর্পণ নামে একখানি গ্রন্থ লেখেন। উহার ১০৬৬ সালের অর্থাৎ ১৬৬০ খ্রীষ্টাব্দে লিখিত এক অফ্লিপি সাহিত্য-পরিষদের পুথিশালায় (সংখ্যা ২৮৮১) আছে। নরোজম ঠাকুর মহাশয়ের 'প্রার্থনায়' ও 'প্রেমভক্তিচক্রিকায়' শ্রীক্রপ গোস্বামীর দেবা-অভিলাবের যথার্থ প্রতিধ্বনি পাওয়া যায়; যথা—

(১) কবে হেন দশা হবে সধীসন্ধ পাব।
বুলাবনের ফুল গাঁথি দোহাকে পরাব॥
সন্মুখে গদিয়া কবে চামর ঢুলাব।
অগুক্ত-চন্দ্রনগন্ধ দোহ অবে দিব॥

সধীর আজ্ঞায় কবে তামূল বোগাব। সিন্দুর তিলক কবে দোঁহাকে পরাব॥

শিশুর তিলক কবে দেখিতকৈ পরাব ॥
(২) হরি হরি হেন দিন হইবে আমার ।
হছ অঙ্গ পরশিব হুই অঙ্গ নির্থিব
সেবন করিব দোঁহাকার ॥
ললিতা বিশাখা সঙ্গে ধেবন করিব রঙ্গে
মালা গাঁথি দিব নানা ফুলে ।
কনক সম্পুট করি কর্পুর তাম্বল পুরি
বোগাইব অধ্ব যুগ্লে ॥

তক্ত ৩০৫৯

- (৩) যম্না পুলিন কেলি কদস্বের বন।
 রতন বেদীর পর বদাব তৃইজন ॥
 ভাম গোরী অকে দিব চ্য়া চন্দনের গন্ধ।
 চামর ফুলাব দে হেরব ম্থ-চন্দ ॥
 মালতি ফুলের মালা গাঁথিয়া দিব গলে।
 অধ্বে তুলিয়া দিব কর্প্র তাম্থ্লে॥
 সমুদ্র ১৯৭
- (৪) শ্রীমণিমঞ্রী কবে সেবায় নিযুক্তি দিবে
 সময় বুঝিব অফুমানে।
 লীলা-পরিশ্রম জানি মলয় চন্দন আনি
 লেপন করিব তুইজনে॥

পদরত্বসার, অঃ ৩৪৭

হরি হরি কতদিনে হেন দশা হব। (¢) শ্রীমণিমপ্ররী সঙ্গে গ্রীরূপমঞ্জরী রক্ষে রূপের অমুগা পদ পাব॥ রত্ববেদী স্থশোভন স্থূলীতল বৃন্দাবন তাহে মণিময় সিংহাসন। হেমনীল কান্তিধর রাই কাহ্ন হন্দর তাহাতে বদাব ছইজন। স্থীর আদেশ হবে চামর ঢুলাব কবে তামূল থাওয়াব চান্দ মূখে। ডগমগি প্রেমকণা আনন্দিত হব তথা দোহার পিরিভি-রদ স্থে।

মলিকা মালতী যুখি নানা ফুলে মালা গাঁথি
পরাইব দোঁহার গলায়।
রসের আলাপ কালে বসিব চরণ-ভলে
সেবন করিব দোঁহাকার॥

পদরত্বাকর, অবঃ ৬৪৮

इति इति करव भात इहरव श्रमिता। (৬) গোবৰ্দ্ধন গিরিবর পরম নিভূত স্থল রাই কাফু করাব শয়নে। ললিতা বিশাখা সঙ্গে সেবন করিব রক্ষে স্থময় রাতুল চরণে। কনক সম্পুট করি কর্পুর তাম্বল পুরি যোগাইব বদন-কমলে। মণিময় কিঙ্কিণী রতন নৃপুর আনি পরাইব চরণযুগলে ॥ কনক কটোৱা ভবি স্থান্ধি চন্দন বুরি দোঁহাকার জীঅঙ্গে ঢালিব। গুরুরুপা দখী বামে ত্রিভক হইয়া ঠামে চামরের বাতাস করিব॥

গৌরপদতরঙ্গিণী, পৃ: ৫২৭

ঠাকুর মহাশয়ের একটা পদে দেখা যায় যে, মঞ্জীও বিবাহিতা রমণী—

কবে বৃষভান্থপুরে আহীর গোপের ঘরে
তনয়া হইয়া জনমিব।
যাবটে আমার কবে এ পাণি গ্রহণ হবে
বদতি করিব কবে তায়।
যাবট শ্রীরাধিকার খণ্ডরবাড়ী। নন্দগ্রামের তুই মাইল
দূরে অবস্থিত।

(1) জল হ্বাসিত করি রতন ভূলারে ভরি
কর্প্র-বাসিত গুরা পানে।
এসব সাজাইয়া ডালা লবক মালতী মালা
ভক্ষ্য দ্রব্য নানা অহপাম॥
স্থীর ইলিত হবে এ সব আনিব ক্বে
ধোগাইব ললিভার কাছে।

নরোত্তম দালে কয় এই যেন মোর হয় দাড়াইয়া রহোঁ দখীর পাছে॥

তক্ত ৩০৬৭

(৮) ললিতা কবে মোরে বীজন দেওব বীজব মাকত মন্দে। শ্রমজ্জল সকল মিটব ছুহু কলেবর হেরব পরম আনন্দে॥

তক্র ৩০৬৪

মঞ্চরীভাবের দেবা কি তাহা শ্রীরূপ, শ্রীনিবাস ও নরোভ্যমের রচনা হইতে দেখা গেল। এখন গোবিন্দদাসের পদের আভোগগুলি বিচার করিয়া দেখা যাক কবি রাধাক্তক্ষের সেবা কিভাবে করিতেছেন। প্রথমেই বলা প্রয়োজন বে, গোবিন্দদাস লীলাবর্ণনার পদে ব্রজমণ্ডলের এক অন্তর্ক সেবিকারপেই ভণিতা দিয়াছেন। বন্দনার পদের অধিকাংশ স্থলেই 'গোবিন্দদাস বঞ্চিত হইল' এইরূপ আক্ষেপ করিয়াছেন। আমার মনে হয় এই আক্ষেপের কারণ এই যে, গৌরাক্তনিত্যানন্দের প্রকট লীলা তিনি দর্শন করিতে পারিলেন না। বৃন্দাবনদাসও শ্রীটেতত্যভাগরতে ঐরূপ আক্ষেপ বহু স্থলে করিয়াছেন। গোবিন্দদাস বেশ দৃঢ়তার সক্ষে বলিয়াছেন যে—

গোবিন্দাস হাদয় মণিমন্দির

শবিচল মূরতি ত্রিভঙ্গ। (১৬৭)

শে ত্রিভঙ্গ মূর্ত্তি কবির হাদয়ের মণিমন্দির হইতে এক
মূহুর্ত্তের জ্ঞাও অক্তত্র বান না। অক্তত্র কবি বলিয়াছেন—

'গোবিন্দাস কহে শুন শ্রামরায়।

তুরা বিনে মোর মনে আন নাহি ভার ।' (৬৯২)
'গোবিন্দদাস চিতে আন নাহি ভার ।' (১৭০)
এই অবিচলিত রাগাস্থা ভক্তি লইরা কবি রাধামাধবের
সেবার প্রবৃত্ত হইরাছেন। তিনি নানারকমে এন্দের
কিশোর-কিশোরীর সেবা করেন, কিন্তু কয়েকটা পদে
বিশেষ করিরা তিনি হাতম্ধ ধুইবার জল জোগাইতেছেন
দেখা বার ।

রাধাগোবিন্দ কুঞ্চে শয়ন করিয়া আছেন, রাত্রি শেষ

হইয়া আসিতেছে, তাহাদিগকে জাগাইবার চেটা করা হইতেছে। এই সময়ে—

> मिन्द्र निकटि बादि नहें ठीएहिं ट्रिकड शांविन्नममान । (8 व)

গোবিন্দদাস ঝারি হাতে করিয়া দাঁড়াইয়া আছেন। মন্দিরের কাছে ঝারি হাতে দাঁড়াইয়া থাকার মানে যে রাধাগোবিন্দ নিজাভঙ্গ হইবার পর যেন মুখ ধুইবার জল পান।

শ্রীকৃষ্ণ স্থাদের সঙ্গে ভোজন করিতেছেন—
গোবিন্দদাস ঝারি লই ঠাড়হি
চামর ঢুলাওত থোরি। (৬৪)

রাধামাধব রতিরসজনিত আলস্তে ভইয়া আছেন, আর কবি—

> স্বাসিত বারি কারি ভরি রাথত মন্দিরে হছজন পাশ।

> মন্দির নিকটে পদতলে শুতলি

অহুচরি গোবিন্দদাস॥ (১১৩)

বিলাসের পর পীতবাদ একটু নিদ্রা দিয়া উঠিলেন— জ্বল দেবন করু গোবিন্দদাদ।

ভোরবেলা গোবিন্দ ত্থ দোহাইতেছেন; এক এক গাভীর অনেক অনেক ত্থ হইতেছে; কলদী ভরিয়া ধাইতেছে; এমন একটী কলদী মাণায় করিয়া গোবিন্দ্দাদ চলিতেছেন—

গোবিন্দাস মটুকি লই ধায়। (৬১)

শ্রীরাধা প্রথমবার শ্রীক্লফের সহিত মিলনের জন্ম অভিসারে যাইতেছেন। তাঁহার মনে কত শহা, কত সন্দেহ, কত অধীরতা। কবি সেইজন্ম রাধাকে অমুরোধ করিতেছেন যে, তাঁহাকে যেন সঙ্গে করিয়া লইয়া যান—তাহা হইলে তিনি মনে একটু জোর পাইবেন।

পহিল মিলনে বহু অবনত মাধ। গোবিন্দাস তুহুঁ করি লেহু সাথ। (৩৫৬)

শীরাধার আকার-প্রকার দেখিয়া সধীরা সন্দেহ করিতেছেন বে, তিনি ব্বি প্রেমে পড়িয়াছেন। তাঁহারা নানা রকম প্ররে বেচারাকে ব্যতিব্যন্ত করিয়া তুলিতেছেন। বাধা লজ্জায় উত্তর দিতে পারিতেছেন না। কবি বলিতেছেন—আহা! বেচাবাকে এত জ্বেরা কর কেন? সেতো 'মৌনং সম্মতিলক্ষণং' স্থায়ে তোমাদের অভিযোগ মানিয়াই লইতেছে—

গোবিন্দদাস কহই অব বিরমহ মৌনহিঁ সমুঝল কাজ। (৫৮৪)

বাধা যেমন শ্রীকৃষ্ণকে ভালবাদিয়াছেন, শ্রীকৃষ্ণ দেইরূপ রাধাকে ভালবাদিয়াছেন। তবে নারী ভাহার ভালবাদাকে যতদ্র সম্ভব গোপন করিয়া রাথিতে চায়, পুরুষে অতটা কল্পে না। রাধা স্থান করিতে যম্নায় যান, পথে তাঁহার পায়ের ছাপ পড়ে, আর কানাই দেই পদচিহ্নকে চুম্বন করেন। রাধা চোথ ফিরাইয়া এই অঘটন ঘটনা দেখিয়া ভরে কাঁপিয়া উঠেন, তিনি কৃষ্ণকে মানা করিবার জন্ম সক্ষেত করেন, 'লোকে দেখিলে কি বলিবে মোরে'; কিন্তু রাধাকে অগ্রাহ্য করিয়া –

হাসি হাসি পিয়া মিলল পাশ। তা দেখি কাপয়ে গোবিন্দদাস।

সাধারণ বৈষ্ণৰ কাব হইলে শেষ চরণের পরিবর্ত্তে লিখিতেন, "হল্ধনি দেওল গোবিন্দাস।" রাধাক্ষণের মিলন হইল, আনন্দেরই কথা। কিন্তু ঘাটের পথে দিনের আলোতে ক্ষণের এই অসমসাহসিকতা দেখিয়া গোবিন্দাদের বুক কাঁপিয়া উঠিল। কেহ যদি দেখিয়া ফেলে, তাহা হইলে শ্রীমতীর কলঙ্কের ও লাজ্নার যে সীমা থাকিবেনা!

একদিন রাধা কাননে ফুল তুলিতেছেন দেখিয়া জ্রীরুষ্ণ বলিলেন, তুমি আবার ফুল দিয়া কি করিবে? তোমার অঙ্গপ্রতাঙ্গই তো ফুল। মৃথথানি দোনার কমল, নয়নযুগল নাল উৎপল, নাসা যেন তিলফুল, অধর বাঁধুলি, হাসিতে কুল ও কুমুদ যেন ফুটিয়া উঠিতেছে, দেহের বর্ণে মনে হয় সাদা চাঁপা যেন ফুটিয়া উঠিয়াছে, হাতের আরক্ত শোভা যেন স্থলা। কবি তথন বলিতেছেন—এত ফুল কি শুধু শুধু নই করিবে? পৃক্ষায় লাগাও। কাহার পৃক্ষা? পশুপতির। সাদা ভাষায় শিবের, ব্যক্তনার্থে গোঠে যিনি পশুপাল চরাইতে আসিয়াছেন তাঁহার—

পুৰুহ প্ৰুপতি নিজ তহু দান। (৩২৪)।

গোবিন্দদাস গোবিন্দের সেবা করেন বটে, কিছ রাধার প্রতিই তাঁহার আহগত্য বেশী। শ্রীকৃষ্ণ গোষ্ঠে যাইতেছেন; ব্যগ্র হইয়া রাধা পথে বাহির হইয়া প্রিয়ত্তমকে দেখিতেছেন। শ্রীকৃষ্ণ চলিয়া গেলে সখী রাধাকে কোনমতে প্রবোধ দিয়া নিজের ঘরে লইয়া গেলেন। গোবিন্দদাসও রাধাকে সান্ত্রনা দিবার জন্ম তাঁহার পিছে পিছে যান—

সহচরি রাই লেই চলু মন্দিরে
গোবিন্দাস পিছে যান ॥ (৭২)
তিনি মিলনের জন্ম ব্যাকুলা রাধাকে আখাস দেন—
গোবিন্দাস কতত্ত্ আশোয়াসব
মিলাত্নন্দকিশোর ॥ (১৯০)
তিনি রাধাকে দৃঢ়ভার সহিত জানান বে, শ্রীকৃষ্ণ তাঁহাকে
থ্ব ভালবাসেন—

গোবিন্দদাস ভালে জান।
কান্ত্ৰক জনত পরাণ॥ (২০০)
সেইজন্ম তিনি জোর করিয়া তাঁহাকে প্রবোধ দেন—
গোবিন্দদাস আশোয়াসে জীবই তুয়া অভিনাষে।
(২০৫)

কিন্তু কথন কথন এমন হয় যে, আশাস দেওয়া সংস্থেও শীক্ষণ সময়মত আসেন না।

গোবিন্দাস মিছই আশোয়াসল

অবহঁনা মীলল কান।(১৯২)
তথন গোবিন্দাস নিজেও লজ্জিত ও শহিত হন। ভিনি
প্রতিজ্ঞা করেন—

আজুক রন্ধনী ছহু লনে মিলায়ব কহতহি গোবিল্লান ॥ (২৪০)

রূপাফুল' গ অধীরা রাধা হয়তো বলিতেছেন যে, শ্রীক্লফের নয়নে কি বিষ গো, তাঁহার নয়ন নয়নে মিলিড হইলে অঙ্গ যে জ্ঞলিয়া যায়। গোবিন্দদান তথন 'বিবস্ত বিষমৌষধং' ভায় প্রয়োগ করিয়া বলেন যে তিনি যদি দশন ঘারা তোমার অধরোষ্ঠ দংশন করেন তবে এক বিষে আর এক বিষের কয় হইবে। তিনি যে কালিয়নাগকে দয়ন করিয়াছেন, স্থতরাং বিষ দ্ব করায় তাঁহার হাত্যশ আছে।

> গোবিন্দদাস:কহে দে না দিঠি-বিষে। না শিলে অধ্বস্থা কেবা জীয়া আইসে॥ (১৯৫)

এক অপরপ নয়ন-বিষ ভাকর ` মেটই দশনক দংশে।

ও বিষ-ঔষধ বিষ অবধারল গোবিন্দদাস পরশংসে॥ (৫৯১)

> ইথে বিহু নাগদমন রদপান। গোবিন্দদাস মণিমন্ত্র না জান॥ (৫১০)

নাগদমন বলিতে সোজা কথায় 'নাগদানার' রস খাওয়া কিন্তু গৃঢ়ার্থে কালিয়নাগকে যিনি দমন করিয়াছেন তাঁহার অধররসপান। এছাড়া যে ঐ নয়নবিষের অন্ত কোন উষধ বা মন্ত্র আছে তাঁহা গোবিন্দদাস জানেন না।

কবি বর্ধার ছুর্দ্দিনাভিসারে শ্রীরাধাকে একা পথে বাইতে দিবেন না, তাই গোপনে রাধাকেও জানিতে না দিয়া তিনি সঙ্গে সঙ্গে চলিয়াছেন—"গোবিন্দদাস সঙ্গে চলু গোয়" (৩৪৬)। পথ অত্যস্ত অন্ধকার, পাছে রাধা দিশাহার। হন তাই গোবিন্দদাস তাঁহাকে অহুরোধ ক্রিতেছেন—

তিমির পশ্ব যব হোত সন্দেহ।
গোবিন্দদাসক সঙ্গে করি লেহ। (৩৪৮)
পথে কণ্টক ছড়াইয়া আছে; শ্রীমতীর পায়ে যাতে কাঁটা
না স্কুটে ভাই—

গোবিন্দাস পদ্ধ দরশাওব জাহা নাহিঁ কন্টক আচোর। (৩৮২)

বর্ধার বঞ্জামর রাজিতে শ্রীরাধা কুঞ্চে প্রতীক্ষা করিয়।
আছেন। শ্রীকৃষ্ণ আর আদেন না। তথন গোবিন্দদাস
শ্রীকৃষ্ণের কাছে যাইয়া ঝগড়া করিয়া বলিলেন—বৃষ্টি
গড়িতেছে ভাভে কি? 'বন ঝন বন্ধর নিসান'—বন্ধের
ঝনঝন শব্দেই বা কি? এদিকে যে শ্রীরাধা মদনপীড়ার
অন্থির হুইয়াছেন। স্থভরাং কৃষ্ণকে ভাড়াভাড়ি অভিসারে
যাইতেই হুইবে—

ঝটকি চলহ ধনিপাশ। ঝগড়হি গোবিন্দান॥ (১২৭)

শ্রীরাধা যথন শ্রীক্লফের সঙ্গে মিলিত হন তথন গোবিন্দ-দাস সঙ্গে থাকেন—

> রিদিক রমনি রদে ভাগ। সঙ্গে চলু গোবিন্দদাস। (৭৭)

মিলনের সময় স্থীরা দূরে চলিয়া থান—গোবিন্দাস রাধামধিবকে বাভাস করেন এবং লীলা প্রভাক্ষ করেন।

নিতি নিতি ঐছন ছহ ক বিলাস। বীজন করতহি গোবিন্দদাস॥ (৮০)

নিভি নিভি ঐছন করত বিলাস।
নিভি নিভি হেরই গোবিন্দদাস॥ (২৯৫)
কখনও কখনও ভিনি শয়নকক্ষের বাহিরেও ভাইয়া থাকেন,
যাহাতে কিশোর-কিশোরীর প্রয়োজন হইলেই যাইয়া
দেবা করিতে পারেন।

মন্দির নিকটে আন ধলে স্তলি সহচরি গোবিন্দাস ॥ (৩১৪)

ন নিকুল-ছার বাহির নিকটে গোবিন্দদাস গুণ গায়॥ (৩০৩)

একদিন বাধা মান করিয়া বসিয়া আছেন, রুফ নারীর বেশ ধারণ করিয়া আসিয়া তাঁহাকে আলিঙ্গন করিলেন।
স্পর্শের সময় শ্রীরাধা বুঝিলেন যে উনি রুফট। তথন
তাঁহার মুখে হাসি আসিতেছে, অথচ মনের অবস্থায় হাসা
উচিত নয় ভাবিয়া তিনি হাস্থাবেগ রোধ করিবার জন্তা
নাসিক। স্পর্শ করিলেন ও নয়ন কুঞ্জিত করিলেন।
গোবিক্লাস ইহা দেখিলেন—

নাদা পরশি হাদি দিঠি কুঞ্চিত স হেরত গোবিন্দদাস॥ (৪৬৩) চোধে না দেখিলে কি এমন ছবিধানি কেহ আঁকিতে পাবে?

মিলনের পর ঐারাধা ঘরে ফিরিবেন। ঐাকৃষ্ণ তাঁহার প্রসাধন করিয়া দিতেছেন। তিনি যে শ্রীমতীর পা ছ্থানি কোলের উপর লইয়া আলতা পরাইয়া দিলেন তাহা গোবিন্দাস প্রত্যক্ষ দেখিলেন—

> মেটল যাবক পদে পুন লেথ। গোবিন্দদান দেখউ পরতেক॥ (১১১)

মিলনের রাত্রি শেষ হইয়া আদিতেছে দেখিয়া গোবিন্দদাস রাত্রিকে পাপ বলিয়া গালি দিতেছেন—

> গোবিন্দদাস ভণ তুহু রসধারণ পাপ রক্তনি অবসান ॥ (৩৯২)

তারপর শেষরাতে রাধা যখন নিতান্ত অনিচ্ছার সঙ্গে বাঞ্চীতে ফিরিয়া যাইতেছেন তথন গোবিন্দদান তাঁহাকে পথ দেখাইয়া লইয়া যাইতেছেন। কিন্তু পথ দেখাইবেন কি, রাধা ও মাধবের পরস্পর ছাড়াছাড়ি হওয়ায় তাঁহার মনে এমন হৃ:থ হইয়াছে যে, চোথের জলে তিনি নিজেই পথ দেখিতে পাইতেছেন না—

গোবিন্দাস চলু কান্দিতে কান্দিতে খোজে লোবে পথ দেখিতে না পায় ॥ (৫৪)

শীরাধা প্রতীক্ষাণ আংছেন, শীক্ষ আর আদেন না।
শীরাধার উদ্বেগপ্রশমন করিবার জন্ম গোবিন্দাদ তাহাকে
বলিলেন—আচ্ছা আমি যাইয়া জানিয়া আদি কাম কি
তাহার এই নবীন প্রেমণ্ড ত্যাগ করিল ? প্রেম যদি বেশী
দিনের পুরাতন হইত তাহা হইলে না হয় অন্ত কথা!

গোবিন্দদাস কহ যাই সতি জানউ

কান্থ কি তেজল নব নেহ॥ (৪০৮)

বিপ্ৰলন্ধা বাধার হৃংথে হৃংখিত হইয়া তিনি শ্ৰীক্ষ্ণকে ধিকার দিয়া বলিতেছেন, এই কি প্ৰেমের বীতি ?

> গোবিন্দদাস ভন ও নন্দ-নন্দন ইহ কি পিরিতিক রীত॥ (৪২৬)

অন্য নারী সম্ভোগ করিয়া সকালবেলায় কৃষ্ণ রাধার কাছে আসিয়াছেন। গোবিন্দদাস তাঁহাকে লাঞ্চনা করিয়া বলিতেছেন, তোমাকে ছোঁয়া যায় না, তোমাকে স্পর্শ করিয়া কাহারও আনন্দ হইতে পারে না—

গোবিন্দাস কহ পরশ তৃল নহ
পরশনে রস নাহি হোই। (৪৩৯)
দানলীলায় খ্রীকৃষ্ণ ছলেবলে রাধার অক স্পর্শ করিতে

চান। গোবিনদাস অমনি আগাইয়া আসিয়া বলিতেছেন—
না, না, আমাদের বাইকে তুমি ছুইতে পাইবে না।
তাহার সাথে অমন চং করিও না। তুমি সেই সব
নাগরীদের কাছে যাও যাহারা সহজলভ্যা, তোমার সঙ্গে
রং চং করিতে তাহারা আগাইয়া আসিবে।

গোবিন্দাস বচন মামহ

ন। কর এমন চঙ্গ।

যোই নাগরী ও রসে আগরি

করহ তাকর সঙ্গ। (৫৩১)

কিন্তু এক ক্রেরেও যথন অসহায় অবস্থা হয় তথৰ
গোবিন্দাস তাঁহাকে সাহায্য করিবার জ্বন্ত আগাইয়া
আদেন। কাফু অনেক সাধ্যসাধনা করিয়াও রাধার
মান ভাঙ্গাইতে পারিলেন না। তথন কবি তাঁহাকে
আখাস দিয়া বলিতেছেন—চল, আমার দঙ্গে রাইয়ের
কাছে চল, আমি তোমার হইয়া বাইকে সাধিব—

গোবিন্দদাস তোহারি লাগি সাধব আগে চলহ মঝু সাথ ॥ (৫০২)

কিন্তু রাধা শ্রীকৃষ্ণকে সহজে ক্ষমা করিতে চাহেন না।
তিনি মাধবকে শ্রেষ করিয়া বলিলেন ধে, তুমি তো
বলিতেছ আর এরপ করিবে না; কিন্তু চন্দ্রাবলী ষদি
তোমাকে প্রেম দেখাইয়া তোমার কণ্ঠ আলিঙ্গন করিয়া
তাহার ঘরে ফের বাঁধিয়া রাথে ? গোবিন্দদাস তথন
ক্ষেত্র সদ্ব্যবহারের জ্লু জামীন হইয়া বলিতেছেন—এই
বক্ম যদি ঘটে তাহা হইলে আমাকে তুমি বরখান্ত করিয়া
চন্দ্রাবলীর দাসী করিয়া দিও।

গোবিন্দদান কহে তাকর পদ-তলে দাসি করই মুঝে লেহ ॥ (৫২৭)

গোবিন্দদাস রাধার দাসী হইয়াও কোন কোন সময়ে তাঁহাকেও ।কটু ঠাট্টা করিবার লোভ ছাড়িতে পারেন না। সম্ভোগের আনন্দে রাধা দিন কি রাত্রি ষথন বুঝিয়া উঠিতে পারিতেছেন না, তথন কবি বলিতেছেন—যেমন ছষ্টু মেয়ে তুমি তেমনি উপযুক্ত শান্তি হইয়াছে—

গোবিন্দদাস কহ সম্চিভ শাভি। (৪৯৭) শ্রীরূপ গোম্বামী ও নরোত্তম ঠাকুর, কেবল মিলনের

সময়েই শ্রীরাধার দেবা করিতেছেন দেখা যায়। তাঁহারা বোধ হয় নিত্যলীলা বর্ণনা করিয়াছেন বলিয়া উহাতে মাথুর বিরহের কোন স্থান নাই। গোবিন্দদাসের সেবার ভাব শ্রীরাধার বিরহের সময়ে প্রগাঢ। রাধা যখন বলিলেন—'আমার সঙ্গে কাতুর দেখা হইল, তথন তাহাকে ষেন কি রকম মন-মরা দেখিয়াছিলাম: সে সম্জল নয়নে আমার পানে চাহিয়া ছিল, নিবিড আলিকনেও স্তর হইয়া ছিল। এখন বুঝিতেছি ষে, দে মণুরা চলিয়া যাইবে জানিয়াই ঐক্বপ করিয়াছিল। কিন্তু সে এমন কপট যে, একথাটা নিজের মনে লুকাইয়া রাখিয়াছিল, আমাকে বলে नाहे.' भाविकाम उथन कृत्यव रहेशा वनिरुक्त---(म মুখে না বলিলেও ভাবভঙ্গীতে প্রকাশ করিয়াছিল মথুরা ষাইতে তাহার কত কট্ট হইতেছে। কাফু আমাকে **पिश्राहे कां पिश्रा एक निशाहिन—'शाविन्म नाम करह रागरह** হেরি রোই'(৬১৮)। কানাই মথুরায় চলিয়া যাইবেন ভনিয়া বাধা মুর্চিত হইয়া পড়িয়াছেন। তথন-

> হাহা প্রাণ রাই ভেল অচেতন গোবিন্দদাস করু কোর ॥ (৬১৯)

শ্রীকৃষ্ণকে ব্রশ্বে বাখিবার জন্ম গোবিন্দদাস তাঁহাকে বলিলেন যে, ব্রজনারীরা তোমার বিরহের জনলে জালিভেছে; তৃমি চলিয়া গেলে তাহারা মারা যাইবে এবং তৃমিই তাহাদের বধভাগী হইবে। কৃষ্ণকে ফিরাইয়া আনিবার জন্ম নন্দ মহারাজের সঙ্গে শ্রীদাম, স্থদাম যাইভেছেন বটে, কিন্তু তাহারা কি শ্রীকৃষ্ণকে ফিরাইয়া আনিতে পারিবে? তাই ব্যাকৃল হইয়া গোবিন্দদাস বলরামকে সঙ্গে যাইতে অন্ধ্রোধ করিলেন। বলরামের কথা কৃষ্ণ খৃষ শোনেন, আর না ভনিলে গায়ের জোরেও

গোবিন্দদাস কহ যব এছন নহ
আগে চলহি বলরাম। (৬২১)

মণুরা হইতে কিন্তু শ্রীকৃষ্ণ আদিলেন না। তখন গোবিন্দদাদ নিজেই মণুরায় চলিলেন---

> জানইতে কাহুক সো আশোদাস। চলু প্রাপুর গোবিন্দদাস। (১২৮)

রাধাবল্পভ আনিতে তুল্ল ভি
সাজল গোবিন্দদাস । (৬৪৪)
যাইবার পূর্বে গোবিন্দদাস রাইকে ভাল করিয়া পরীক্ষা

করিয়া যাইতেছেন যে সত্যই তাঁহার খাসপ্রখাস এখনও পড়িতেছে কিনা—

> জীবন আশে খাদ বহ না বহ পরিখত গোবিন্দাদে॥ (৬৬২)

> > ধিন তহু তনিক নিশাস খোজত গোবিন্দাস। (১২০)

রাধার দেহ অত্যন্ত ক্ষীণ হইয়াছে; অল্প একটু নিংশাদ পড়িতেছে কিনা তাহা গোবিন্দদাদ খুঁ জিয়া দেখিতেছেন। তিনি দেখিলেন অল্প অল্প শাদ বহিতেছে—

> লাভ লাভ বহত নিখাস। লাখতহি গোবিন্দাস॥ (১৪৫)

গোবিন্দদাস মণুরায় যাইয়া রাধার অবস্থা সব মাধবকে জানাইয়া শেষে বলিলেন, তাহার যে অবস্থা দেখিয়া আসিয়াছি তাহাতে এতক্ষণে তাহার কি হইয়াছে কে জানে?—

গোবিন্দাস কহয়ে পুন এতিখণে না জানিয়ে কিয়ে ভেল গোরি॥ (৬৫৯)

সময় নিরীথত পরিথত খাদ। ছোড়ি আভিল চলি গোবিন্দাস॥ (১৬৫)

গোবিন্দদাস জ্ঞানেন যে, শ্রীক্লফ হয়তো রাধার অবস্থার এই বর্ণনা অভিশয়োক্তি বলিয়া মনে করিতে পারেন। তাই তিনি বলিতেছেন—'যাহা বলিলাম তার একটুও অক্সরকম নহে। তুমি নিজেই আমার সাথে বৃন্দাবনে যাইয়া দেখিবে চল।'

গোবিন্দদাস কহ ইহ সব আন নহ "
বাই দেধহ মঝু সাথ। (৬৬৬)
তোমার দর্শন ছাড়া ঐরাধাকে আর প্রাণে বাঁচাইবার
উপায় নাই, তাই তাঁহাকে এমন অবস্থায় ছাড়িয়া ভোমার
নিকট দৌড়িয়া আসিয়াছি—

তোহারি চরণে এতত্ত্ কহিতে
ধাওল গোবিন্দদাস ॥ (৬৭১)
না আসিয়া উপায় কি ? 'এই আসিতেছে, এই আসিতেছে'
করিয়া আর কত মিথ্যা আখাস তাহাকে দেওয়া যায় ?

মিছা অশোয়াদে কতত পরবোধব নিছনি গোবিল্লাস ॥ (৬৭৬)

গোবিন্দদাদ যে স্থার সঙ্গে মণ্রায় গিয়াছিলেন তিনি মাধবকে বলিলেন, কোন স্থানরীকে পাইয়। তুমি রাধাকে ভুলিলে? গোবিন্দদাদ তথন ক্ষকে বিজ্প করিয়। বলিতেছেন—

> গোবি-দদাস কহ এতহঁনা জ্ঞানহ কুজা অব নব বাণী ॥ (৬৬০)

কৃষ্ণ স্থাদের কাছে বৃন্দাবনের স্থাদের, গোপীদের, নন্দ, যশোদা ও বিশেষ করিয়া তাঁহার কিশোরীর কথা জিজ্ঞাসা করিতে করিতে গদ্গদ হইলেন। তাহা দেখিয়া গোবিন্দাস মুহিত হইয়া পডিলেন।

> এহ সব .ছইতে গদ গদ ভাষ। মুর্ছি পড়ল ভহি গোবিন্দ্রাস॥

পদাবলী-সাহিত্য ছাড়। অন্ত কোথাও কবি বা উপত্যাসিকের সহিত তাঁহার স্ট নায়ক-নায়িকার এরপ নিবিড় একাত্মতার প্রকাশ দেখা যায় না। মহাজনগণের মধ্যেও গোবিন্দদাসের মন্ত্রবীভাবের সাম্বাগ দেবা অনত্য-সাধারণ। বৈষ্ণব মহাজনেরা কখনও একথা ভাবেন নাই যে, রাধারুষ্ণ তাঁহাদেরই স্ট চরিত্র; তাঁহারা বরং ভাবনা করিয়াছেন যে, রাধামাধবই তাঁহাদের দিয়া লীলা প্রকাশ করাইতেছেন। যে ঋষিদের হৃদয়ে বেদমন্ত্র ফ্রিড হইয়াছিল তাঁহারাও বোধ হয় ঐ ভাবেই অন্ত্রাণিত হইয়া বেদকে অপৌক্ষয়ে বলিয়াছেন।

গৌড়ীয় বৈষ্ণবদের সাধনার একটা প্রধান অক হইতেছে রাধাক্তফের অইকালীয় লীলা স্মরণ করা। ঠাহারা বলেন যে, উপনিষদের উপদিষ্ট নিদিধ্যাসনই স্মরণ। 'তৈলধারাবং অবিভিন্ন প্রবাহে অভীই বস্তব অফ্চিস্তনই স্মরণ।' সেই স্মরণের স্থবিধার ক্ষ্ম তাঁহারা অইকালীয় লীলা বর্ণনা ক্রিয়াছেন। পদ্মপুরাণের পাতালধণ্ডের বল-

বাসী সংস্করণের ৫২ এবং আনন্দাশ্রম সংস্করণের ৮৩ অধ্যায়ে वुन्नारमयी नावमरक वाधाकरकव चहेकानीय मीनाव रय বর্ণনা দিয়াছেন তাহার সঙ্গে ক্লফদাস কবিরাজের গোবিন্দ-লীলামুতের বর্ণনার মূল বিষয় হবছ মিলিয়া যায়। পদ-পুরাণের ঐ অংশ যদি প্রক্ষিপ্ত না হয় তাহা হইলে উহাকেই অষ্টকালীয় লীলাধ্যানের মূল বলিয়া ধরা ষাইতে পারে। অনেকে মনে করেন শ্রীরূপ গোস্বামীর রচনা বলিয়া কথিত 'শারণমঙ্গল-স্থোত্র' গৌডীয় বৈষ্ণবদের এই বিষয়ে রচনার উৎসম্বরূপ। উহাতে এগারটা মাত্র শ্লোক আছে। প্রথম শ্লোকে বন্দনা, দ্বিতীয়ে লীলাস্থত্র ও বাকী নয়টী লোকে নিশান্ত, প্রাত, পূর্কাহু, মধ্যাহ্ন, অপরাহু, সায়াহ্ন, প্রদোষ, নিশালীলা বর্ণিত হইয়াছে। 'স্মরণমঙ্গল'-নামক গ্রন্থে এক কবি ঐ লীলাস্ত্র অবলম্বন করিয়া স্বাধীন বর্ণনা করিয়াছেন। ঐ কবি নরোত্তম ঠাকুর কি না সে বিষয়ে আমার সন্দেহ আছে। দশশোকীভাষ্য-প্রণেতা রাধাকৃষ্ণ গোষামীর মতে স্মরণমঙ্গল-ন্তোত শ্রীরূপ নিজে লেখেন নাই, তাঁহার ইঙ্গিতে ক্রফ্লাস ক্রিরাজ লিথিয়াছেন। শ্রীরূপের স্তবমালায় 'স্মরণমঙ্গল' পাওয়া যায় না।

শিবানন্দ সেনের পুত্র পরমানন্দ ক।বকর্ণপূর 'ক্লফাহ্নিক-কোম্দী' নামে ছয় সর্গে বিভক্ত १०২টী স্লোকের এক কাব্য রচনা করেন। ঐ গ্রন্থ গোবিন্দদাসের অষ্টকালীয় পদাবলী ও ক্লফদাস কবিরান্দের গোবিন্দলীলামুতের পূর্ব্বেরচিত হয়। উহাতে রাত্তিকালে গোপীদের সন্দে শ্রীক্লফের মধুপানলীলা এবং কেবলমাত্ত রাধা নহে, সকল গোপীদের সঙ্গে সংস্থোগ বর্ণিত হইয়াছে।

দ্বা এব প্রতিবিদ্ধিরে পুশ্বাণং ক্বতার্থম্। (৬।৬৯)
গোবিন্দাদের অষ্টকালীয় লীলার একারপদের
নির্বাচন কে করিয়াছিলেন জানা যায় না। উহার
ঘাদশ-সংখ্যক পদে দেখা যায় যে, সকালবেলা গো-দোহন
করিতে করিতে রাধাকে দেখিয়া সবকিছু ভূলিয়া যাইয়া
শ্রীকৃষ্ণ ধবল-নামক যণ্ডের পায়ে দড়ি বাঁথিভেছেন।
ত্রয়োদশ পদে ছ্ধ দোহান ছাড়িয়া 'রাইক প্রেমজ্বলে
ভাগল রে'। তারপর 'দোহ ভম্থ মিলল উপজ্জল প্রেম'।
চতুর্দ্দশ পদে 'বিশিনহিঁ কেলি করত ছ্রু মেলি'।

শকালবেলা হ্ধ হুহাইবার পরই দন্তাগ ও বিশিনে যাওয়া এবং 'জল মাহা পৈঠি করত জলকেলি'র বর্ণনা আমার কাছে যাভাবিক মনে হয় না। কৃষ্ণাহ্নিককৌ মূদীতে গো-দোহনের পর শ্রীকৃষ্ণের মল্লকীড়া অভ্যাস বর্ণিত হুইয়াছে (২।২০)। গোবিন্দলীলামুতে আছে যে, কৃষ্ণ যথন সকালে গো-দোহন করিতেছিলেন সেই সময়ে শ্রীরাধা জাটলার সঙ্গে নিজের বাড়ীতে কথোপকথন করিতেছিলেন (২।৪২-৫০)। বৈষ্ণবদাস পদকল্পতকতে যেভাবে অইকালীয় নিত্যলীলার পদ সাজাইয়াছেন তাহাতেও সকালবেলা গো-দোহনের পরই সন্তোগ ও বিপিনে গমনের কোন প্রকার ইন্ধিত নাই। সেইজন্ম আমি 'বিপিনহিঁ কেলি' পদ (৭০) মধ্যাহ্নলীলায় সন্নিবিষ্ট করিয়াছি। যত্নক্ষন দাসও মধ্যাহ্নলীলার স্তর্কপে লিথিয়াছেন—

বংশী-হৃতি ফাগু-থেল। তবে কৈল দোলনীলা
তবে মধুপান নীলাগণ।
তবে টহল বতিলীলা তার পাছে অম্বূলীলা
অঙ্গবেশ ভোজন শয়ন॥
শুকপাঠ পাশাথেলা স্থ্যপূজা আদি নীলা
আনন্দ-সমৃদ্রে নিমগন।

তক্ষ ২৮৫৪

সকালবেল। মা ঘশোদা শ্রীরাধাকে জটিলার গৃহ হইতে আনিয়া শ্রীক্রফের জক্ত বন্ধন করাইতেছেন—কেননা, শ্রীরাধার হাতের রালা থাইলে আয়ুবৃদ্ধি হয়। গোবিন্দাস এই বিষয়ে ছোট ছুইটা পদ লিথিয়াছেন (৯৭ ৬ ৯৮); কিন্ধ রাল্পেখর উহার বিস্কৃত বর্ণনা দিয়াছেন (তরু ২০০৬-২০৬০)। ঐথানে শেখরেরও মঞ্জরীভাবের সেবা দেখা যায়—

রোহিণী সহিত্তে রন্ধন করিতে বসিলা বান্ধার ঝী। সব সধীপণ ধোগায় ঘোগান শেখর ঘোগায় খী।

छक् २००५

শ্রীক্বফের ভোজনের পর—

চরণ সেবন করে দাসগণ

শেখর করয়ে বা।

ভুকু ২৫৫৯

শেখর সেবা করিবার পর পুরস্কার পাইলেন।—
রাইয়ের ইঙ্গিতে যে ছিল থালীতে
ভুঞ্জল শেখর গিয়া।

ভক্ত ২৫৬০

অনেক তাল জিনিস রান্নার কথা শেশর বলিয়াছেন। স্থতরাং তাঁহার প্রসাদ পাওয়াটাও থুব ভালই হইয়াছিল। শেশরের হাতে বাংসল্যরস খুব ভাল ফুটিয়াছে—গোবিন্দাসের চেয়েও ভাল। শ্রীকৃষ্ণ গোঠে ঘাইতেছেন, মা দাঁড়াইয়া দেখিতেছেন। শ্রীকৃষ্ণ বার বার ফিরিয়া ফিরিয়া মার পানে চাহিয়া তাঁহাকে প্রবোধ দিতেছেন। এক্নপ করিতে থাকিলে আর সারা দিনেও গোঠে ঘাওয়া হইবেনা। তাই শেশর বলিতেছেন—তোমরা কর কি ? মাকে বাড়ীর ভিতর লইয়া যাও না!

রহিয়া বহিয়া যায় ফিরিয়া ফিরিয়া চায়
কননী প্রবাধে বাবে বাবে।
শেখর শুনহ বোল ফিলাগিয়া কর রোল
মায়েবে লইয়া যাও ঘবে॥

ত্ৰু ২৫৬৫

ইহার পরের পদে দেখি যশোদা ঘরে বসিয়া বিলাপ করিতেছেন—

হিয়ায় আশুনি ভরা আঁথে বহে বহু ধারা

ত্থে বুক বিদ্রিয়া বায়।

ঘরপর যে না জানে সে জনা চলিল বনে

এ ভাপ কেমনে সবে মায়॥

ও মোর যাদব তুলালিয়া।

কিবা ঘরে নাহি ধন কেনে বা বাইবে বন

রাথালে রাখিবে ধেছ লৈয়া। মায়ের নানারণ আশহা দ্ব কবিবার জায় শেধর বলিতেছেন— বিষাদ না কর মনে কিছু ভয় নাহি বনে ইথে সাথী এ শেথর রায়॥ জক্ত ২৫৬৬

শেথর অন্ধর্লতেও কয়েকটা পদ লিখিয়াছেন, কিন্তু কাব্য হিদাবে তাহা গোবিন্দদাদের পদের সঙ্গে তুলনার যোগ্য নহে। একটা মিলনের পদে তিনি লিখিয়াছেন—

নাদা থগপতি খাদ হিলোরি।
জ্বল উপরে দোলে বিনোদ বিজোরি॥
রতি অতি বিপরিত বিলদয়ে কামিনি।
মন-সিধি দাধই জাগই যামিনি॥
ছহঁ-মন-মানদ পূরণ ভেলি।
হরণি দরোজ-মূথি দুমাধল কেলি॥
বিলাদে অলদ ভেল ডুহুঁজন-গায়।
শ্রম দর করতহি শেধর রায়॥

ভুকু ২৭২৭

ইহার সহিত অন্তর্মণ বিষয়ের গোবিন্দদাসের "কুটিল-কটাখ-বিশিগ ঘন বি থানে, ত্র কর বিবিধ তরক্ষ" ইত্যাদি (২৯৬) পদ তুলনা করিলে রায়শেথর অপেক্ষা কবিরাজ যে কত বেশী পাণ্ডিত্য, রসজ্জতা ও কবিপ্রতিভার নিদর্শন দেখাইয়াছেন তাহা বৃঝা যাইবে। উপরে উদ্ধৃত রায়-শেথরের পদে 'শ্রম দ্র করতহি শেথর রায়' ভণিতা হইতে তাঁহার মঞ্জরীভাবের অন্তরক্ষ সেবার পরিচয় পাওয়া যায়। কেহ কেহ রায়শেথরকে যোড়শ শতান্দীর প্রথমার্দ্ধের কবি বলিয়া নির্দেশ করেন। কিন্তু শ্রীনিবাস ও নরোত্তম বৃন্দাবন হইতে মঞ্জরীভাবের মাধনা বাংলাদেশে আনিয়া প্রচার করার পূর্কো তর্জন ভণিতা দেওয়া সম্ভব মনে হয় না। রগুনন্দন ঠাকুর শ্রীনিবাসকে বলিয়াছিলেন—

তোমার প্রভাবে কৃষ্ণ বহিম্থিগণ। হইবে সমুখ লৈয়া তোমারি শরণ॥

ভক্তিরত্বাকর, ত্রয়োদশ তরঙ্গ

তিনি খেতুরির মহোৎদবে উপস্থিত ছিলেন। স্থতরাং তাঁহার শিক্স রায়শেখরের পক্ষে গোবিন্দদাদের সম-সাময়িক হওয়াই স্বাভাবিক।

শ্রীরূপ, শ্রীনিবাদ, নরোত্তম প্রভৃতির অমুসরণ করিয়া

গোবিন্দদাস ও রায়শেখর যে রাধারুষ্ণের বিলাসের সময়েও মঞ্জরীভাবে দেবা করিবার ভাবনা করিয়াছেন, ভাহার ভিতর বাংলাদেশের সাধনার ইতিহাসের এক পরম রহস্ত লুকায়িত আছে মনে করি। বৌদ্ধ তান্ত্রিক সাধনায় "যুগনদ্ধ" রূপের ধ্যান ও নায়িকাদাধন অপরিহার্য্য অঙ্গ ছিল। চর্যাপদের আচার্যাগণ ডোম্বিনীর সঙ্গ করিতেন। আর্যাদের চিত্তবিশুদ্ধিপ্রকরণে বলিয়াছেন যে, ধোপা ষেমন মল-বাবহার করিয়াই বন্ধকে নির্মাল করে বিজ্ঞ বাজিও দেইরপ ভোগরপ মলহারাই মনকে নির্মাল করিবেন। কিন্ত নারীর সঙ্গে অনেক অনেক সাধকেরই পতন ঘটিয়াছে। দেইজন্ত নারীসঙ্গ পরিহারপূর্বক নিজেকেই নারীভাবে রাধাক্তফের দেবিকারপে চিন্তা করার ব্যবস্থা করিয়া এরপ গোসামী মঞ্রীভাবের সাধনার দারা কামকে বিদ্রিত করিবার উপায় করিয়াছেন। সাধক যদি এই দেহটাকে ভলিয়া রাধাক্তফের দাসীর দেহকে আপনার বলিয়া চিন্তা করিতে অভান্ত হন, তাহা হইলে দেহাভি-নিবেশ দূর হয়। শ্রীমন্তাগবতে বহুদেব বলিয়াছেন যে, 'দেহিগণের দেহে অহংবৃদ্ধি অজ্ঞানতা হইতে জয়ে। অহংবৃদ্ধি হইতেই দেহিগণের পাঞ্চতৌতিক দেহে এই দেহ আমার, এই দেহ অপরের এই ভেদদৃষ্টি হয়। এইরপ ভেদদৃষ্টিসম্পন্ন দেহিগণ অজ্ঞানমূলক অহঙাবের ঘারা শোক, ভয়, দেষ, লোভ, মোহ ও পর্বের পরিপূর্ণ হট্যা দেই অহলারের ছারাই পরস্পার যে নিজেকে বিনষ্ট করিতেছে তাহা দেখিতে পায় না' (১০।৪।২৬-২৭)। যদি নিজেকে স্থীর অনুগা মুল্লবীরূপে ভাবনা করা যায় ভাষা হইলে আমার দেহটাই আমি এই বৃদ্ধি বিদ্বিত হয়। ঐ দেহাত্মবৃদ্ধিই সকল অনিষ্টের মূল। শ্রীরাধাক্তফের বিলাসে সম্বোগ গৌণ—মুখ্য হইতেছে প্রেমভাব। শ্রীরূপ উচ্ছল-নীলমণিলে লিখিয়াছেন—বিদগ্ধানাং মিখো লীলাবিলাদেন ষণা হুখং ন তথা সম্প্রয়োগেণ স্থাদেবং রসিকা বিছঃ। त्रिकश्व त्राचन-विषद्मित्रित शत्रम्भत मौनाविनारम स्य স্থপ হয় তাহা সম্ভোগে হয় না। এজীব গোস্বামীও প্রীতি-সন্দর্ভে (৩৭৭) লিথিয়াছেন—বিদগ্ধানাঞ্চ ষ্থা বনিতা-মুরাগাখাদনে বাহা, ন তথা তৎস্পর্শাদাবপি। বসিকজন

বনিভাদের স্পর্ণাদি অপেকা অন্থরাগের বর্ণনার আখাদনকেই শ্রেষ্ঠ মনে করেন। কবিকর্ণপুর অলহার-কৌস্তভে (৫।১২) দেখাইয়াছেন যে, প্রেম হইতেছে অদী রদ এবং শৃদ্ধার অন্ধরদ মাত্র। প্রেমরদের স্থায়ী ভাব হইতেছে চিন্তক্রব। দ্রবীভূত চিন্তে কামের স্থান নাই; কামোয়াদনার অবকাশ নাই। স্ত্ররূপে এই কয়টী কথা স্থাবণ রাধিয়া গোবিন্দ্রদানের পদ আস্থাদন করা কর্বা।

গোবিন্দদাদ সাধনার অক্সরপে পদাবলী রচনা করিয়াছিলেন। তাঁহার পদের রদ আস্বাদনের জন্ত মঞ্জরীভাবের উপাদনার মৃলস্ত্র অবগত হওয়া প্রয়োজন।
সাধকের গুরু তাঁহাকে বলিয়া দিবেন যে, মঞ্জরীদের মধ্যে
তাঁহার কি নাম, কি বয়দ, কেমন রূপ। গুরু উপদিষ্ট সেই
মঞ্চরীদেহকেই সাধক তাঁহার সিদ্ধদেহ বলিয়া জানিবেন।
শ্রীজ্ঞীব গোস্বামী এই সিদ্ধদেহকে অন্তশ্চিন্তিত তংসাক্ষাংদেবোপযোগী দেহরূপে নির্দ্দেশ করিয়া নরোত্তম ঠাকুর,
রামচন্দ্র ও গোবিন্দদাদ করিরাজকে পত্রহারা উপদেশ
দিয়াছিলেন। সিদ্ধদেহের ভাবনা সহক্ষে গোপাল গুরুর
পদ্ধতিতে বর্ণিত আছে—

সধীনাং সন্ধিনীরপামান্থানং বাসনাময়ীম্। আজ্ঞাসেবাপরাং তত্তজপালকারভূষিতাম্। কৃষ্ণং স্থারন্ জনকান্ত প্রেষ্ঠং নিজসমীহিতম্। তত্তৎকথাবতকাসৌ কুর্ধ্যাঘাসং এজে সদা॥

অর্থাৎ নিজেকে স্থীদের সঙ্গিনী, তাঁহাদের আজ্ঞায় রাধাক্রম্বের স্বোপরায়ণা ও তাঁহাদের মতন বস্ত্র ও অলহারে
ভূষিতা রূপে চিন্তা করিবে। শীক্তফকে ও তাঁহার
পরিজনকে শ্বরণ করিতে করিতে তাঁহাদের আজ্ঞা পালনবত হইয়া সদা ব্রজে (দেহে কিয়া মনে) বাস করিবে।

ব্রজমণ্ডলে মঞ্জরীভাবের সাধনা নাম প্রচলিত হইলেও পোস্বামীদের রচনায় ঐ নাম দেখা যায় না। নরোভ্রমের প্রেমভক্তিচিক্রিকাদিভেও উহার ঐ নাম নাই।

নবোত্তমদাদে কর এই যেন মোর হর

বন্ধপুরে অহুরাপ বাস।

প্রধীগণ গণনাতে আমারে লিখিবে তাতে

তবহিঁ পূরব অভিলাব।

তবে তাঁহার 'রাগমালা'-নামক গ্রন্থে আছে আছে "মঞ্জরীগণ সর্বাক্ষণ থাকে রাধা সঙ্গে"। কৃষ্ণদাস কবিরাক্ষ শ্রীচৈতন্ত্র-চরিতামতে বলিয়াছেন—

সধীর স্বভাব এক অকথ্য কথন।
কৃষ্ণসহ নিজ্ঞলীলায় নাহি সধীর মন॥
কৃষ্ণসহ রাধিকার লীলা যে করায়।
নিজ্ঞ কেলি হৈতে তাহে কোটি স্থধ পায়॥
রাধার স্বরূপ কৃষ্ণপ্রেম-কল্পতা।
স্থীগণ হয় তার পল্লব পুষ্প পাতা॥
কৃষ্ণলীলামুতে ধদি লতাকে সিঞ্চয়।
নিজ্ঞ সেক হইতে পল্লবাতের কোটী স্থধ হয়॥

শ্রীনিবাদ ও নরোত্তম এই ভাবের দাধনা ব্রক্তমণ্ডল হইতে আনিয়া গৌড়বলে প্রচার করেন। তাঁহাদের প্রচেষ্টায় গৌড়ীয় বৈক্ষব ধর্মে দামঞ্জন্তের (synthesis) যুগের আবির্ভাব হয়। ঐ ধর্মের আদিযুগে গৌর-পারম্যবাদ ঘোষিত হয়। গৌরাক্ষই রুষ্ণ। তিনিই একমাত্র উপাশ্র এই মতবাদ নরহরি সরকার, বাস্থ ঘোষ, প্রকাশানন্দ সরস্বতী প্রভৃতি প্রচার করেন। গৌরাক্ষ যথন রুষ্ণ ছাড়া আর কিছুই নহেন তথন তাঁহাকে নাগর রূপেও উপাসনা করা যায় এই মত তাঁহাদের ছারা ঘোষিত হয়। বন্দাবনদাদ লিখিয়াছেন—

গৌর নাগর হেন শুব নাহি বোলে।

চৈ. ভা., ১৷১৫৷৩٠

কিন্তু প্রকাশানন্দ সরস্বতী চৈতগ্যচক্রামৃতে "গৌর-নাগরবরের" ধ্যানের কথা লিখিয়াছেন (১৩২)। বাহু ছো:ৰ নাগরভাবের পদ রচনা করিয়া আভোগে লিখিয়াছেন—

> বাহ্ন ঘোষ কহে এমন নাগর দেখি কে ধৈরজ ধরে। ধক্ত দে যুবতী ও রূপ দেখিয়া কেমনে আচয়ে ঘরে।

> > '' তক্<u>ক</u> ২১৭১

(क्रिकीनम्बार शिक्ष शहि—

দেবকীনন্দনে বলে শুন লো আজুলি। তুমি কিনা জান গোরা নাগর বনমালী॥ তরু ২০৮৬

লোচনের চৈত্তামকলে ও পদাবলীতে গৌরাকের নাগর-ভাবের বহু কথা আছে। এীনিবাদের মূগে গোবিন্দ চক্রবর্তী নাগরভাব লইয়া পদ রচনা করেন। রাধামোহন ঠাকুর ঐ ভাবের কয়েকটা গোবিন্দদাস ভণিতাযুক্ত পদকে গোবিন্দ চক্রবর্তীর পদ বলিয়াছেন। সেইজ্বল আমরা গৌরাক নাগরভাবের প্রায় সব পদই ঐ কবিতে আরোপ ক্রীরয়াছি। বুন্দাবনের গোস্বামিগণ শ্রীক্তফেরই উপাসনা প্রচার করেন। তাঁহাদের নিকট খ্রীচৈত্ত উপায়, খ্রীকৃষ্ণ উপেয়। নবোত্তম ঠাকুর উভয় মতবাদের মধ্যে সামঞ্জ করিয়া পাশাপাশি কৃষ্ণ ও গৌরাঙ্গের মূর্ত্তি স্থাপন করেন। ফান্তনী পূর্ণিনা তিথিতে খেতুরীর উৎসবে ঐ সব এীমৃত্তির প্রতিষ্ঠা উৎসব নিষ্পন্ন হয়। গৌড়মগুলের সমস্ত প্রধান বৈষ্ণব ঐ উৎসবে যোগ দিয়া শ্রীনিবাদ-নরোত্তমের সামঞ্জতকে মানিয়া ।ইলেন। আর এক দিক দিয়াও এযুগে সামঞ্জ দেখা যায়। রঘুনাপদাস গোস্বামী শ্রীচৈতত্তের ভক্তদের মধ্যে একজন প্রধান ব্যক্তি। তাঁহারই নিকট শ্রীটেতন্তার অন্ত্যলীলা শুনিয়া কৃষ্ণদাদ কবিরাজ চরিতামৃত লিখিয়াছেন। এহেন দাস গোস্বামী তাঁহার কোন গ্রন্থে বা স্তবে নিত্যানন্দ প্রভুর নাম উল্লেখ করেন নাই। আবার পান্টা জবাব হিসাবে বোধ হয় বৃন্দাবনদাস কোথাও
বঘুনাথদাসের নাম করেন নাই। ঐনিবাস-নরোজনের
যুগে বোধ হয় জাহুবাদেবীর ব্রজে প্রচারের ফলে ব্রক্তমণ্ডলে
ও গৌড়মণ্ডলে নিত্যানন্দ প্রভূ সকল বৈষ্ণবের ধারা খীকুত
হইলেন। বিখনাথ চক্রবর্ত্তী ক্রণদাগীতচিস্তামণিতে প্রত্যেক
দিনের গীতে গৌরচন্দ্রিকার পর নিত্যানন্দচন্দ্রিকার পদও
দিয়াছেন। পরবর্ত্তী সহলয়িতার। ঐ রীতি অহুসরপ
করেন নাই। বিখনাথ চক্রবর্ত্তী নরোভ্রমের সাধনার
উত্তরাধিকারী। তিনি ব্রাহ্মণ হইয়াও ত্রবামৃতলহুরীতে
কায়স্থ নরোভ্যকে প্রণাম জানাইয়াছেন—

স্বস্টগানপ্রথিতায় তদ্মৈ
নমে। নমঃ শ্রীলনবোত্তমায়।
ভঙ্কিরয়াকর, পুঃ ৬৫০

নবোত্তম ঠাকুর মহাশয়ের ব্রাহ্মণ শিশুদের মধ্যে **দ্বিজ রায়** বসন্ত, গোপীরমণ চক্রবর্ত্তী, রামক্রম্থ আচার্য্য, গঙ্গানারায়ণ চক্রবর্ত্তী, রপনারায়ণ পূজারী ঠাকুর, রাধাক্রম্থ ভট্টাচার্য্য, জয়ক্রম্থ আচার্য্য, শহর ভট্টাচার্য্য প্রভৃতির নাম নবোভ্রম-বিলানে (১২ বি:) লিখিত আছে। শ্রীখণ্ডের বৈষ্ঠানরহরি সরকার ঠাকুর, রঘুনন্দন ঠাকুর প্রভৃতিরপ্ত বহু ব্রাহ্মণ শিশ্য ছিল। সীতাদেবী, জাহ্ন্বা, হেমলতা প্রভৃতি মহিলারাপ্ত পুরুষদিগকে মন্ত্রদীক্ষা দিতে আরম্ভ করেন।

চতুৰ্থ অধ্যায়

সামাজিক পটভূমিকা

গোবিল্লদাস যে গোবিলের গান গাহিয়াছেন গোধন
লইয়া গোঠে গেলেও তিনি একজন সামস্ত রাজার
ছেলে। স্থতরাং সামস্ততান্ত্রিক সমাজের ছবির পটভূমিকায়
তাঁহার পদাবলী আস্বাদন করিতে হইবে। গোবিল্লদাসের
কৃষ্ণ সন্ধ্যাবেলায় রাজ্বসভাতে ষাইয়া বসেন। সেধানে—

বিচিত্র সিংহাসন বৃদ্ধ দিবর লম্বিত মৃকুতা-দাম। শোভা বনি অপরপ।

গোপ গোপাল সভাজন দ্বিজ্ঞগণ বৈঠল ব্রহ্মকে ভূপ ॥ (১০২)

সেই রাজ্সভায় মামলা-মোকর্দ্মার বিচার হইত কিনা জানি না; তবে আনন্দ-উৎসবের হিল্লোল বহিয়া যাইত।

কোই কোই গায়ত কোই বাজায়ত

নাচত ধরতহি তাল।

কোই চামর লই বীজন করতহি

উজর দীপ রসাল ॥

কনক সম্পূট পর কপূর ভাতৃল

চক্ৰ চক্ৰাতপ সাজ। (১০২)

বৈহ্যতিক হাওয়া ও আলো দেখানে ছিল না; কিস্ত বহু দাসদাসী ছিল। তাহারা চামর লইয়া বীজন করিত; আর দীপও উজ্জ্ব ছিল। রায়শেথরের একটী পদে নক্ষমহারাজের সভার বর্ণনা পু্ছায়পুশ্বরূপে দেওয়া হইয়াছে। দরবারে যাইবার সময় ক্ষেত্র বেশভ্যা একবার দেখন। রায়শেথর বলেন—

শিবপরি লাল জরি বান্ধে য্বরাজ।

ॐতিমৃলে কুণ্ডল মনোহর সাজ।
নাসিকায় নথিনি মোতি ললকায়।

সুস্থ স্তল পুন দেওল গায়॥

মণিময় হার শেহ কণ্টক মাঝ।

উরপর রতনক পদক বিরাজ।

কটিছঁ কাটারি পটুকা করু বন্ধ।
ভালহিঁ শোভিত চন্দন-চন্দ।
হলধর ধরু কর চলু দরবার।
আগে পাছে যায় কাছে দাস পরিবার।
ভরু ২৬১২

প্রীক্লফ যদি মাথায় লাল জরির পাগড়ী বাঁধিয়া কোমরে কাটারি বা দা (তরবারির বদলে) লইয়া অনেকগুলি ক্রীতদাদ আগে পাছে করিয়া আমাদের দামনে আদিয়া উপস্থিত হন, তাহ। হইলে আমরা দম্রমে তাঁহাকে কুনিশ করিব বটে, কিন্তু আমাদের কানাই বলিয়া চিনিতে পারিব না। রায়শেখর-বর্ণিত রাজ্মভায় গুণী কালোয়াতেরা গান করিতেছেন, স্থানর বাত বাজিতেছে, নর্ত্তকেরা ধঞ্জনগভিতে নাচিতেছে। তাহার পর—

পেটমোটা ঠেটা ভাট পান বাছা রাখি নাট
কায়বার পড়ে তড়াবড়ি।
কায়বার মানে কায়বার্তা বা স্থতি। তার পর বিদ্ধকের
মজা করিবার পালা।

আদিয়া ভাণ্ডের ঠাট জুড়িয়া বিনোদ নাট
দোঁহে মিলি করে হুড়াহুড়ি॥
ভাটে ভাটে কাঢ়াকাঢ়ি মারামারি পাড়াপাড়ি
কৌতুক দেধয়ে সভান্ধন॥

এই সভা শুধু ক্লফ-বলরামের মনস্ত ইর জন্ম। কেননা, রাজপ্রাসাদের ভিতর হইতে যেই খবর আসিল যে রাজি হইয়া যাইতেছে, অমনি রাজসভানী সমাধান অর্থাৎ সমাপ্তি ঘটিল।

তবে ত দেখিয়া রাতি বক্তক আদিয়া ওঁথি
কহিল রাজার কানে কানে।
মাতা পাঠাইল মোরে ্য নিতে রাম দামোদরে
তৃরিতে করহ সমাধানে॥

उक्र २७३७

রায়শেথর ঐ যে বক্তকের নাম করিলেন, তিনি হইতেছেন একজন চেট; তাঁহার পরিচয় সতীশচন্দ্র রায় মহাশয় দিতে পারেন নাই। তাঁহার পরিচয় পাওয়া যায় শ্রীরূপের ১৫৫০ খ্রীষ্টাব্দে লিখিত ক্লফগণোদ্দেশদীপিকায়। ঐ গ্রন্থথানির সারাংশ নীচে দিতেছি। দেখিবেন রূপ সনাতন হুসেন শাহের মন্ত্রীক্রপে সামস্ত রাজ্ঞাদের পরিবারে যেমনটা দেখিয়াছেন ঠিক তেমন পরিবেশেই শ্রীকৃষ্ণকে ভাবনা করিয়াছেন।

শ্রীরূপ ঐ গ্রন্থের প্রথমেই শ্রীকুম্ফের পরিবার বলিতে বুঝাইয়াছেন (১) গোপবল্লভ পর্যায়ভুক্ত (ক) বৈশ্ব, থাহারা গোরদ বা হ্রম ছারা জীবিকা অর্জন করেন, (খ) আভীর, বাহারা শুদ্রজাতীয় ঘোষ-উপাধিক, গো-মহিষ পালন করেন, ও (গ) গুর্জার-যাহারা আভীর হইতে কিছু নিত্রতারের, ছাগাদি পশু চরাইয়া জীবিকা অর্জন করে—তাহার৷ গোষ্ঠের প্রান্তনীমায় থাকে: (২) বিপ্র: এবং (৩) বহিষ্ঠ অর্থাৎ কারুশিল্পের দার। যাহার। বোজগার বা বাপকভাবে বলিভে গেলে যাহার। ব্রজে বাদ করেন তাহারাই শ্রীক্লফের পরিবার। কিন্তু সন্ধীৰ্ণ অৰ্থে উহা আট শ্ৰেণীৰ ব্যক্তিকে বুঝায় —পিতামহ প্রভৃতি পূজ্য ব্যক্তি, লাতা ভগিনী, স্তবনীয় वाकि, नाम, निल्ली, नामी, वर्षण ७ (প্রয়মী। नन्त মহারাজার দাড়ি বা কুর্চ্চ তিলত ডুলিত অর্থাৎ কাঁচা-পাক।। ঠাহার হুইজন বড় ভাই সাছেন, নাম-উপনন্দ ও অভিনন্। ছোট ভাই তুইজন – নাম সল্ল ও নন্দন। সন্নদের অন্য নাম স্থনন্দ, তিনি ফ্যাশনেবল লোক, কেননা শ্রিরপ তাহার লম্বা দাড়ির বর্ণনা করিয়াছেন। দে যুগে যেসব হিন্দু রাজপুরুষদের অহুকরণে বড় দাড়ি রাখিতেন তাঁহারা নিশ্চয়ই ফ্যাশন-ওয়ালা লোক। ক্লফের মাতামহ ষশোদার পিতা স্থম্থও লম্বা দাড়ি রাথিতেন। কতথানি লম্বা তাহাও শ্রীরূপ বলিয়াছেন—দীর্ঘ শভাবং শ্বেতশাশ্র। এই স্বমূথের ছোট ভাই চাকমুথ—তাঁহারই পত্নী ইতিহাস-প্রসিদ্ধ জটিলা।

শ্রীক্লফের দাসদাসীদের একটু থবর দেওয়া যাক। প্রথমে তাঁহার বিট হইতেছেন কড়ার, ভারতীবন্ধ, গন্ধভেদ

প্রভৃতি। প্রথমোক তুইটা নাম উজ্জ্বনীলমণিতে আছে (পঃ ৫০) এবং বিটের কি কাজ তাহাও বলা হইয়াছে। বিটেরা বেশ-রচনায় পটু। আর ভাহার চেয়েও বড় গুণ এই যে তাঁহারা কামতন্ত্রকলাবেদী অর্থাৎ স্থীবনীকরণের জন্ম মন্ত্রৌষধি প্রয়োগ করেন। এরপ সেবক না পাকিলে ক্লফের পক্ষে গোপীনমাজের একাধিপত্য করা চলে কি করিয়া ৷ তারপর ব্রঞ্জের যুধরাজের অনেকগুলি চেট ও চর আছে। চেটের। চর নহেন, তবে চরের মতন গৃঢ়কর্মা। শ্রীক্লফের চরদের নাম চতুর, চারণ, কীমান ও পেশল। ইহারা নানাবিধ বেশ ধরিয়া গুপ্তভাবে গোপ-গোপীদের মধ্যে বিচরণ করেন। চেটদের কাজ হইতেছে গুঢ়রূপে গোপনীয় কাজ করা—'সন্ধানচতুরশেচটো প্রগলভধীঃ' (উজ্জ্ল, পু: ৪৯)। কৃষ্ণগণোদেশদীপিকায় ভদুর, ভৃষার, সাধিক, গান্ধিক, রক্তক, পত্রক, পত্রী, মধুকণ্ঠ, মধুব্রত, শালিক, তালিক, মালী, মানধর ও মালাধর-এই এত গুলি চেটের নাম পাওয়া যায়। এত গু**লি গুপ্তচর না** থাকিলে সময়-মতন দব দরকারী ধবর জানিয়া অভিসার প্রভৃতির ব্যবস্থা করা যাইবে কি করিয়া। যোডশ শতাব্দীর সামন্ত-শ্রেণী ভুক্ত ব্যক্তির। নিশ্চয়ই খুব বেশী পান থাইতেন। গোবিন্দদাদের রাধা শেষ রাত্রিতে বিদায় লইবার পূর্বে শ্রীকৃষ্ণ তাঁহাকে 'কপূর তামূল বদন ভরি দেয়লি' (৫৬) দেখিয়া আমার খুব আশ্চর্যা মনে হইয়াছিল। পরে শীরপের কৃষ্ণগণোদেশে দেখিলাম যে শীক্ষকের ভাষাল-দেবায় নিযুক্ত লোকদের মধ্যে দশ জনের নাম **দি**য়া প্রভৃতি বলা হইয়াছে। সে যুগের সাধারণ লোকের নাম কেমন ধরনের হইত ইহাদের নাম হইতে ধারণা कवा गाहेरत-भन्नत, यन्नन, कृत, तकांमन, किमन, স্থবিলাস, বিলাস, রসাল, রসশালী, জমুল। যোড়শ শতাদীতে এল যোগাইবার জ্বন্ত বড়লোকেরা অনেকগুলি দাস রাখিতেন। শ্রীক্ষের জন্ম ছিল পয়োদ, বারিদ প্রভৃতি দাদেরা। রাজপুত্র বাড়ীর অন্ত লোকেদের সঙ্গে এক্সালি ধোপা দিয়া কাপড় কাচান না। তাঁহার থাসরজক বা বন্তুসেবক তুইজনের নাম সাঁরক ও বকুল। তাঁহার নাপিতও আলাদা। একুফের স্বচ্ছ, স্থানীল ও

প্রপ্রণ নামে ভিনজন নাপিত ছিলেন। যোড়শ শতকে নাপিতের কাল ওপু চুলদাড়ি কামানো ছিল না। প্রীক্ষণ লিখিয়াছেন যে, তিনজন নাপিত প্রীক্ষফের কেশসংস্থার, দেহমর্দন, দর্পণদান, কেশসজ্জা প্রভৃতি কার্য্য করেন। প্রীক্ষফের বর্ণনায় সব সময় দেখিবেন যে, তাঁহার চাঁচর চূল বা কুঞ্চিত কেশ। এটা সম্ভব হয় কি করিয়া তাহা ঐ তিনজন নাপিতের অক্সতম কর্ত্বব্য কেশসজ্জা হইতে অহুমান করা যায়।

শেকালে বড়লোকদের খাওয়া বা অন্ত কাজে বদিবার
জন্ত পিঁড়ি বহিয়া লইয়া ষাইবার খাদ চাকর থাকিত।
জ্রীক্তফের ঐ কাজের চাকর হুইটীর নাম বিমল ও কমল।
যুবরাজের মহলে গৃহমার্জন, গৃহদংস্কার, গৃহলেপন, হুগ্নাদি
আনয়ন প্রভৃতি কাজের জন্ত কয়েকটী পরিচারিকা
ছিলেন। তাঁহাদের নাম—ধনিষ্ঠা, চন্দনকলা, গুণমালা,
রতিপ্রভা, তক্ষণী, ইন্দুপ্রভা, শোভা, রস্কা প্রভৃতি।

গৃহলেশন কথাটা বিশেষ মূল্যবান্। ইট বা পাথর দিয়া বে দব বাড়ী তৈয়ারী করা হইত তাহাতে লেপন করিবার দবকার হইত না। অধ্যাপক তপনকুমার রায়চৌধুরী তাঁহার Bengal under Akbar and Jahangir গ্রন্থে লিখিয়াছেন—'The stone mansions described in Bengali literature do not seem to have existed in our period except in relics of earlier architecture or oftener still only in imagination' (পৃ: ১৯১)। তিনি কবিকহণের চণ্ডীর কালকেতুর পাখরের প্রাদাদের কথা উল্লেখ করিয়া বলিয়াছেন যে, কবি তুল করিয়া দত্য কথা বলিয়া ফেলিয়াছেন—শাখরের প্রাদাদের উপর

"চারি হালা থড়ে বিশাই ছায় চারি পাট" (পৃ: ৬৪)

অর্থাৎ কবি থড়ের ঘরের সকেই পরিচিত ছিলেন, কাজেই
পাখরের রাজবাড়ীরও থড়ের ছান। প্রীক্রণ অবশ্র গৌড়
নগরে প্রকাণ্ড প্রকাণ্ড পাথরের প্রানান দেখিয়াছিলেন।
১০২৬ খ্রীষ্টাব্দে হসেন শাহের পুত্র নসরং শাহ বে সোনা
মসজিদ নির্মাণ করেন ভাহার দৈর্ঘ্য ১৭০ ফিট, প্রস্থ ৭৬

ফিট এবং সব চেরে আশ্চর্যের ব্যাপার বে ভাহার দেওরাল

৮ ফিট বা দেড় মান্থৰ চওড়া (Imperial Gazetteer II, পৃ: ১৯২)। ১৬৪১ প্রীষ্টাব্দে সিবাষ্টিয়ান ম্যানরিক গোড়ের ধ্বংসাবশেষ দেখিতে যাইয়া শুনিতে পান যে, একটি ফাঁপা দেওয়ালের মধ্যে তিনটা তামার পাত্রে তিন কোটা টাকা ম্ল্যের জহরত পাওয়া গিয়াছিল (Memoirs of Gour and Pandua, পৃ: ৪৩)। মুকুলরামের সমসময়ে মানসিংহ রোহটাসে পাথরের বিরাট্ তুর্গ নির্মাণ করেন। স্থতরাং তপনবাবু যে বলিয়াছেন আকবরের যুগে পাথরের বাড়ী বাংলাদেশে তৈয়ারী হইত না তাহা অলাস্ত বলিয়া স্বীকার করা যায় না। যাহা হউক, শ্রীরূপবর্ণিত শ্রীক্রফের মহলে কোন কোন ঘর হয়ত কাঁচা ছিল; তাই সেগুলি লেপন করার প্রয়োজন হইত।

শ্রীরূপ শ্রীকৃষ্ণের জন্ম যাহারা স্থান্দ দ্রব্য জোগাইত তাহাদের নাম করিয়াছেন—স্থমনা, কুস্মোলাদ, পুশ্বাদ, হর, স্থবন্ধ, কর্পূর, স্থান্ধ ও কুস্ম। এই আটজন লোক দিনরাত পরিশ্রম করিত নানারকম ফুলের নির্যাদ হইতে স্থান্ধি তৈল, আরক প্রভৃতি তৈয়ারীর কার্য্যে। বড়লোকদের বাড়ী এই শ্রেণীব লোকেরা নিযুক্ত হইত। কিন্তু মধ্যবিত্ত লোকেরা বাজারের গন্ধবণিকের নিকট হইতেও স্থান্ধি দ্রব্য থরিদ করিতেন। নিমাই পণ্ডিত বাজারে বেড়াইবার দম্য গন্ধবণিকের ঘরে যাইয়া

প্রভূ বোলে আবে ভাই! ভাল গন্ধ আন।
দিব্যগন্ধ বণিক্ আনিল ততক্ষণ ।
'দিব্যগন্ধ' কিরূপ তাহাও গন্ধবণিক্ বলিতেছেন—
আজি গন্ধ পরি ঘরে যাহত ঠাকুর।
কালি যদি গায়ে গন্ধ থাকয়ে প্রচুর ॥
ধুইলেও যদি গায়ে গন্ধ নাহি ছাড়ে।
তবে কড়ি দিহ মোরে যেই চিত্তে পড়ে॥

ेट. डा , अामाऽर्ड-६

স্থান্ধি হিদাবে মৃগমদকন্ত্রীর ব্যবহার হইত।
গোবিন্দদাস বছ ছলে মৃগ্যমদের বারা শ্রীরাধার বক্ষত্র ও
চিবুক চিত্রিত করিবার কথা লিবিয়াছেন—

. উৱপৰ লেখই মুগমদ চিত্ৰক পাঁতে (৫৬)

চিবুকহি মৃগমদ-বিন্দ (৫৬) উরপর লেথই মৃগমদ চিত্র নিশান (৮৫)।

শীরূপ বলেন যে, শীরুফের থাদ দক্তি বা বেশকারী ছিল। তাহাদের নাম—প্রেমকন্দ, মহাগদ্ধ, দৈরিদ্ধা, মধু, কন্দল ও মকরন্দ। তাঁহার কাপড়-চোপড় ধুইবার জ্বল্য স্মৃথ, ত্র্ল্লভ, রঞ্জন প্রভৃতি নিযুক্ত। শীরুফের ত্ইজন খাদ হডিচপ বা মেথরও ছিল—তাহাদের নাম ত্ইটী থুব ভাল—প্ণাপ্র এবং ভাগারাশি। তাঁহার স্বর্ণকারও আলাদা। বোধ হয় গোপীদিগকে প্রায়ই উপহার দিতে হইত বলিয়া তাহ্খদের হাতে দব সময়ই কাজ থাকিত। স্বর্ণকারদের নাম বঙ্গন ও টক্ষন। তাঁহার ক্সকারদের নাম পবন ও কর্মাঠ। বর্দকী ও বর্দ্ধান তাঁহার থট্না, শকট ও আদবাব-পত্র তৈয়ারী করিতেন—নিশ্চয়ই তাঁহারা স্তেধর বা ছুতার। কুণ্ড, কার্ছোল, করণ্ড, কট্ল প্রভৃতি ভ্তাগণের ঘারা কাক-শিল্পের কাজ, থথা—দড়ি তৈয়াবী, মন্থনদণ্ড, কুডুল, পেটি, শিকা প্রভৃতি তৈয়ারী করান হইত।

সামন্ত-সমাজের বড়লোকেরা চারু-শিল্পেরও যথেষ্ট উৎপাহ দিতেন। তাঁহাদের নিজের নিজের গায়ক, নর্ত্তক, চিত্র-অম্বনকারী প্রভৃতি থাকিত। শ্রীক্লফের কলকণ্ঠ, স্থকণ্ঠ, স্থাকণ্ঠ, ভারত, সারদ, বিভাবিলাস, রসদ প্রভৃতি সেবকের। সঙ্গীতের তান ধরিয়া থাকিতেন। স্থধাকর, স্থানন্দ, সানন্দ প্রভৃতি সেবকেরা চতুঃষষ্টি কলাতেই কুশল, তবে বিশেষ করিয়া ইহারা মূদক্ষবাদনে পারদর্শী। চন্দ্র-হাস, ইন্দুহাস, চল্রমুখ প্রভৃতি নর্ত্তনকার্য্যে নিযুক্ত। এতগুলি কলাকার কথন কথন নাটক অভিনয় করিতেন কিনা তাহা শ্রীরূপ লেখেন নাই। তবে সংস্কৃত নাটকের অভিনয় প্রচলিত না থাকিলে তিনি দানকেলিকৌমুদী, বিদগ্ধমাধব ও ললিতমাধব লিখিতেন না। রঘুনাথদাস গোস্বামী 'দানকেলি-চিন্তামণি', কবিকর্ণপূর 'চৈতত্ত-চন্দ্রোদয় নাটক' ও গোবিন্দদাস কবিরাজ 'সঙ্গীতমাধব নাটক' রচনা করিয়াছিলেন। এদৰ নাটক নিশ্চয়ই অভিনীত হইত। নিমাই পণ্ডিত নবদীপে অবৈত আচাৰ্য্য, হ্রিদাদ ঠাকুর প্রভৃতি প্রধান প্রধান ভক্তকে লইয়া তাঁহার মেসোমশাই চক্রশেথরের বাড়ীতে 'ক্লিবীহরণ' অভিনয় করিয়াছিলেন। (চৈ. ভা., ২।২৮)

যোড়শ শতাকীর সামস্কশ্রেণীর অভিজ্ঞাতবর্গ এত হে সেবক-পরিচারক প্রভৃতি রাখিতেন, তাহাদের বেতন দিতেন কি করিয়া? নগদ মাদিক বেতন দেওয়ার রেওয়াঞ্চ যে একেবারে ছিল না তাহা নহে। প্রীমস্ত তাঁহার শিক্ষক জনার্দ্দন পণ্ডিতকে মাদিক বেতন দিতেন। তাই তিনি বলিতেছেন—

ছয়মাদ আছি আমি জীবিকা না দিলে। নানা যুক্তি করিবেক দেবক দকলে॥

চৈ. স্থা., ৩।৪

কিন্তু অধিকাংশ দেবকের জন্ম জমি নির্দিষ্ট ছিল। তাহারা দেই জমি চাষ করিয়া বা ভাগে চাষ করাইয়া যাহা পাইত তাহা দিয়া তাহাদের সংসার-যাত্রা নির্বাহ করিত। মুকুন্দরাম লিথিয়াছেন যে—

রাজা বলে কোটালিয়া থাও বৃত্তিভূমি। দেশের বারতা বেটা নাহি পাই আমি॥

অর্দ্ধশতাকী পূর্ব্বে আমাদের ছোটবেলাতেও দেখিয়াছি যে, আমাদের ধোপা, নাপিত, কামার, কুমার প্রভৃতির সেবা পাইতে পয়সা লাগিত না; কেননা আমাদের পূর্ব্বপুরুষেরা ভাহাদিগকে জমি দিয়া গিয়াছিলেন।

শ্রীকৃষ্ণ যে একজন করদ রাজার ঘরে প্রতিপালিত হইয়াছিলেন একথা শ্রীক্রপের সৃষ্টি নহে। শ্রীমন্তাগবতেও ইহা আছে। শ্রীকৃষ্ণের জন্মের পর দিন নন্দ অলহারে পরিশোভিত নিযুতসংখ্যক গাভী ও রত্মসমূহ ও স্বর্ণজ্ঞলে রঞ্জিত বক্ষসমূহের ঘারা আরত সাতটী তিলপর্বত বাক্ষণ-দিগকে দান করিলেন (১০০০)। ব্রজ্ঞধামের গাভী, বৃষ ও বৎসসকল হরিদ্রা ও তেলে উপলিগু এবং বস্ত্র ও স্বর্ণমন্ন মাল্যের ঘান, পরিশোভিত হইল। ব্রজ্ঞবাসী গোপেরা মহামূল্য বস্ত্র, আভরণ, কঞ্ক (জ্ঞামা) ও উফীবের পাগড়ী) ঘারা বিভূষিত হইন্না নানাপ্রকার উপহার হাতে লইন্নানন্দের ভবনে আসিলেন (১০০০৭-৮)। তারপর একদিন নন্দ গোপগণকে গোকুল বন্ধা করিতে নির্দেশ দিয়া কংসকে "বার্ষিক্যং করং দাতুং"—বার্ষিক দের কর

किं छा. शाम

াদিধার জন্ত — মথ্রায় গমন করিলেন (১০।৫।১৯)। এই বর্ণনা পড়িয়া আর কোন সন্দেহ থাকে না যে, নন্দ একজন ছোটখাটো করদ রাজা ছিলেন।

ষোড়শ শভাকীর বৈষ্ণব সাহিত্যিকগণ আর একটা বিষয়ে সামস্ততান্ত্রিক শাসকদের আচার-ব্যবহার শ্রীক্বফ-লীলায় আরোপ করিয়াছেন। এটা হইতেছে স্ত্রীপুরুষে মিলিয়া একত্রে পানোক্রন্ত হওয়া। দেশের জনসাধারণ, এমন-কি মধ্যবিত্ত লোকেরাও, মছাপান করা দোষাবহ মনে করিত না। শ্রীচৈতক্সভাগবতে দেখি ছাই পাষ্ণ লোকেরা নিমাই পণ্ডিতকে অপবাদ দেওয়ার জন্ম বলিতেছে—

> কেহো বলে, আবে ভাই! মদিরা আনিয়! সভে রাত্রি করি খায় লোক লুকাইয়া॥

প্রতাপাদিত্যের রাজ্যভায় আমুমানিক ১৬০০ থ্রীষ্টাব্দে বসন্ত রায়কে হত্যা করার দিন মত্যের স্রোত বহিয়া গিয়াছিল (H. B. II, পৃ: ২২১); জগাই মাধাইয়ের 'মত্যপান বিনে আর নাহি যায় কাল' (টে. ভা, ২০০)। তাল্পিকেরা মত্যপান করিতেন (ঐ, ২০১৯)। বাংলার ম্দলমান আমীর ও ওমবাহের। প্রচুর মত্যপান করিতেন (Schonten Voiages an Indes Orientales, প্রথম খণ্ড, পৃ: ১৭০ প্রভৃতি)। মানসিংহের পুত্র জগৎসিংহ খুব বেশী মত্যপান করিয়া মৃত্যুমুখে পত্তিত হন (H. B., পৃ: ২১৩)।

শিবানন্দ সেন প্রতিবংশর বহু গৌড়ীয় যাত্রীকে রাস্তাখরচ দিয়া প্রীতে লইয়া ষাইতেন। তাঁহার পুত্র কবিকর্ণপ্রের বড়লোকদের জীবনযাত্রার সঙ্গে ঘনিষ্ঠ পরিচয়
ছিল। কবিকর্ণপুর তাঁহার তিনখানি গ্রন্থে—আনন্দকুলাবনচন্দ্র (২০।১৬৫), অলহারকৌন্ধত ও কুফাহ্নিককৌমুদীতে—প্রীক্তক্ষের গোপীগণ-সহ মধুপানলীলা বর্ণনা
করিয়াছেন। অলহারকৌন্ধতের একটা গ্লোকের (৫।১৫)
অহ্বাদ দিতেছি—রাধামাধ্বের মধুমদন্ধনিত ক্রীড়া কি
পরম উৎকর্বই না পাইল! তথন উভয়ে উভয়ের কোলে
চলিয়া পড়িতে লাগিলেন। অপ্রয়োজনীয় কথাও কানে

কানে বলিবার সময় গালে একদকে একশটা চুম্বন করিতে লাগিলেন। একের স্বন্ধে অপরের ভূজধ্য নিক্ষিপ্ত হইতে লাগিল। উভয়ের মূথে উভয়ে মাধ্বীক প্রদানপূর্বক পানকার্য্য আরম্ভ করিলেন।

কুষ্ণাহ্নিককৌমুদীতে তিনি বিস্তৃতভাবে পানলীলা বর্ণনা कतियाद्वन (७।७৮-१०)। উহাতে আছে যে, तृन्मादनवी বৈদুর্য্যমণিপচিত এক বেদীতে জ্যোৎমার মতন শুল এক চীনবস্ত্র বিছাইয়া তাহার উপর ফটিকময় পানপাত্রগুলি ও মধুকুন্ত রাখিলেন। মধুর সঙ্গে উপদংশ অর্থাৎ চাটও আনা হইল (১।৩৯)। কর্ণপূরের কাব্যে দেখিতেছি প্রীক্লফ নিজের মধুর চষকটি ধরিয়া শ্রীরাধার মৃথের কাছে লইয়া বলিলেন, "তুমি পান করিয়া আমাকে দাও" (৬।৫০)। গোপীর। মধু পান করিবার পর তাঁহাদের অস্থানে লজ্জা, অবিষয়ে বোদন, হেতুশূন্ত বিবাদ, নিষ্কারণ ভয়, অহেতুক বিষাদ, সঙ্গতিশৃত্য বাক্যপ্রয়োগ, উদ্দেশ-শৃতা দৰ্শন ইত্যাদি উপস্থিত হইল (৬/৫৭)। বাক্য-সমূহের বর্ণচ্যুতি, বাক্রোধ, চিত্তের অন্থিরতা, অলস চক্ষ্-সমূহের সময় সম্য প্রশারণ, অঙ্কের কম্পন, বুদ্ধিভ্রম, পুন: পুন: হাস্ত, ক্রোধ, সম্ভোষ, জডতা, মৌন ইত্যাদি বিশেষ বিশেষ ভাবদমূহও তথন প্রকাশ পাইতেছিল (9164) 1

গোবিন্দলীলামুতেও মধুপানের বিশদ বর্ণনা আছে।
তবে কবিকর্ণপুর ঐ লীলা রাজিকালের বলিয়া লিথিয়াছেন,
আর রুঞ্চাস কবিরাজের গোবিন্দলীলামুতে মধ্যাকে
মধুপানের ফলে গোপীদের বাক্যে গদ্গদতা, গমনে
খালিততা, কেশ ও বদনে প্রস্তুতা, নেত্রকোণে অরুণতা,
বদনে স্থান্ধিতা, নয়নে উদল্পতা, পরিহাসবচনে প্রস্টুতা,
দৃষ্টিনিক্ষেপে ভ্রমিততা দেখা দিল (১৪।১০১)। একজন
নবীনা কিশোরী মধুপান কবিয়া বলিতে লাগিলেন--

ললল ললিতে পপপ পশু রাধাচ্যতৌ

নসদ সহ বে৷ মমম মণ্ড[্]লভ্ৰিম্যতঃ।
বিবিবি বিপিন্ং মমম মহীচতাভ্যাং সমং

গগগ গগনং ললল লম্বতে হা কথম্॥

(3813.8)

ইহার অবিকল অন্থবাদ পদকল্লতক্ষর ২৬৪১ পদে করা হইয়াছে—

নবীন কিশোরী স্থী নব মধু-পানে।
মদোজেকে ভ্রান্ত নেত্র প্রলপে তথনে॥
ললল ললিতে পপ পশু বাধাচাতে।
সদস স সকল মণ্ডল সামাইতে॥
বিবিবি-বিপিন মম-মহির সহিতে।
গগগ গগন কেনে ললল-ল্বিতে॥

পদটীতে ভণিতা নাই; তবে মনে হয় যতুনন্দন দাদের অফুবাদ—কেননা তিনি গোবিন্দলীলামূতের অফুবাদ করিয়াছিলেন। উজ্জ্বনীলমণির (১১৮৮) একটী শ্লোকেও দেখা যায় যে, রাধা মূরলী বলিতে বলিতে রলী রলী, হন্মথন বলিতে গ্লাধন, ললিতার লিতা লিতাও ভন্ততের জতে জতে শব্দ অত্যন্ত প্রয়াদের সঙ্গে উচ্চারণ করিতেছেন। কিন্তু এক্লপ যে মধুপানের ফলে হইয়াছে এমন কথা স্পষ্ট কিন্তা নাই। গোবিন্দদাদের (৭৮) পদে মধুপানের কথা বেশ স্পষ্ট করিয়াই বলা হইয়াছে—

সহজেই প্রেম মধ্রাধিক তাহে পুন মধুপান বাদ। চুলি চুলি পড়ত খলত অবলাগণ

ঘু-ঘুমে ব-বধ না পারি। ইত্যাদি কবিকর্ণপুর ও কৃষ্ণদাস কবিরাজের গ্রন্থের মধুপানের কথা না মিলাইলে এই পদের ব্যঞ্জনা বুঝা যায় না।

শীরূপ গোষামী শীরুক্ত ও শীরাধাকে স্বর্হৎ যৌথ-পরিবারভুক্ত করিয়া বর্ণনা করিয়াছেন। নন্দ তাঁহার চার ভাইয়ের সঙ্গে একসঙ্গে বাস করেন। শীরুক্তের পিতৃব্য-কন্তাদের নাম—রেমা, রোমা ও স্থবেমা। শীরাধার পিতা বৃষভাগ্নর তিনটী ভাই—রত্বভাগ্ন, স্থভাগ্ন ও ভাষ্ন। শীরাধার বড় ভাই হইতেছেন শীদাম, ছোটবোন অনক্ষক্তরী। রাধার স্বস্তরের নাম বৃক, পতির নাম অভিমন্থ্য, দেবরের নাম তুর্মদ। ননদের নাম কুটিলা 'সদা ছিন্তবিধায়িনী'। শীকুক্তের ক্যায় শীরাধারও দাসী আলাদা। তাঁহাদের নাম রত্বকেথা, কলাকেলী ও মঞ্জা (১৮১)। ছইটী নাপিতের মেয়ে—স্থাকা ও নলিনী, তুইটী রক্ষকক্ষ্যা

-- मिक्टी ७ तक्तांगा, प्रहेंगे देशत्का-- माजिकी ७ छांबिकी, ছুইটা হডিডপক্তা বা মেথবাণী—ভাগ্যবতী ও মঞ্পুণ্যা শ্রীরাধার দেব। করেন। দেকালে প্রভোক বডলোকের বাডী চই-একজন করিয়া জ্যোতিষী বা দৈবজ্ঞ থাকিতেন। 'মানদোল্লাদে' রাজার দৈবজ্ঞ প্রতিপালন করার কথা আছে। অষ্টাদশ শতাকীর ইউরোপের কোন কোন সম্রান্ত মহিলাদের যেমন নিগ্রো দাসদাসী থাকিত, তেমনি শ্রীরাধার তিন্টী পুলিন্দ নামক অসভ্য পার্বভাজাতির দেবিকা ছিলেন। তাঁহাদের নাম ভূকী, মল্লী ও মতলী। গোবিন্দলীলামতে (১০।৯২) মল্লী ও ভূদীর উল্লেখ আছে। ইহারা ছাড়া তুলী, পিশালী, কনকললা নামে কিন্ধবী স্বস্ময়ে রাধার কাছে থাকিতেন। রাধারও চেটা ও বিটা ছিলেন। চৈত্রিণী নামে চিত্রকারিণী রাধার জ্বন্ত ছবি আঁকিতেন। রুসোলাদা, গুণতুকা ও স্থবন্ধুরাবিশাখার বচিত গীত্দকল গান করিয়া রাধাক্বফের মনোরঞ্জন করিতেন।

এইবার শ্রীর্নপের বর্ণনা অন্থ্যারে শ্রীরাধার স্থীদের কথা লিখিতেছি। গোবিন্দাস শ্রীরাধার মানলীলায় ললিভা (৪৮৬), বিশাখা (৪৮৭), চিত্রা (৪৮৮), চম্পকলভা (৪৮৯), রঙ্গদেবী (৪৯০), ফ্রেবী (৪৯১), ভূজনিভা (৪৯২) ও ইন্দুরেখার (৪৯০) মান ভাঙ্গাইবার প্রয়াস বর্ণনা করিয়া পদ লিখিয়াছেন। শ্রীরূপ ইহাদের প্রত্যেকের রূপ, গুণ-ও ব্য়দের বর্ণনা করিয়াছেন। ইহারা সকলেই বিবাহিভা। ললিভা প্রভৃতির পতির নাম ভৈরব, বাহিক, পীঠর, চন্দ্রাক্ষ, বক্রেক্ষণ, বালিশ ও তুর্বল। বালিশ (মুর্থ), তুর্বল প্রভৃতি নামগুলি উপভোগ্য।

স্থীদের মধ্যে ললিতাই শ্রেষ্ঠা। তিনি বাধার চেয়ে সাতাশ নিনের বড়। ইনি প্রেমবৃদ্ধের সন্ধিবিপ্রছে, ইক্সজালাদি প্রদর্শনে ও প্রহেলিকা-কাব্য রচনায় তৎপরা।. সেকালে প্রহেলিকা কাব্য স্বষ্টি করা ও তাহার মর্ম্মোদ্ঘাটন করা রাজসভার লোকদের একটা প্রিয় আমোদ ছিল। বিভাগতির অনেক প্রহেলিকার অর্থ আমরা করিতে পারি নাই। চম্পকলতার চরিত্র বর্ণনা করিতে ষাইয়া শ্রীক্ষপ বলিয়াছেন (১৭০-১৭২) বে, তিনি বাক্যযুক্তিতে দক্ষা, নানারকমের

মৃত্তিকার দ্রব্য নির্মাণ করিতে সিদ্ধৃত্যা এবং বিচিত্র আকারের উৎপল প্রস্তুতে পটু। সদ্যাবতী নামে এক স্থী রসশান্তে, নাটক ও আখ্যায়িকা-কথনে নিপুণা ও গাদ্ধর্ববিভায় শিক্ষয়িত্রীর পদে আরুটা। বিশেষ করিয়া তিনি সঙ্গীতে ও বীণাবাদনে পণ্ডিতা (১৮২-৮০)। তৃত্ব-বিভাকে শ্রীরূপ অষ্টাদশ বিভায় অর্থাৎ চারি বেদ, শিক্ষা, করা, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিব, বেদাস্ক, মীমাংসা, ভার, বৈশেষিক, সাঙ্খ্য, পাতঞ্জল, পুরাণ ও ধর্মশান্ত্রে পারগামিনী বলিয়াছেন (১৮১)।

ষোড়শ শতাব্দীতে বাংলাদেশে সাপের অত্যাচার খুব त्वनी हिन। त्रांतिन्मनाम वह भारत (७०১, ७०२, ७००, ७७১, ७७१, ७२२) मर्भनः नत्तव উপমা প্রয়োগ করিয়াছেন। শ্রীরূপ গোস্বামী বলেন যে, শ্রীরাধার স্থীদের মধ্যে একজন সাপের ওঝা ছিলেন। তাঁহার নাম ইন্লেখা; তিনি দামুদ্রিক শাস্থ্রেও পণ্ডিত, এবং দৌভাগ্যযন্ত্রের লিখন-কৌশলে নিপুণা। তিনি রত্বদমূহের পরীক্ষাতেও স্থদকা ছিলেন (১৮৭)। শ্রীরূপ খুব সম্ভব অভিজ্ঞাত গৃহে এরূপ গুণসম্পন্না মহিলা দেখিয়াছিলেন। বাজাবাঞ্চাব দ্ববাবে প্রায়ই অনেক দামী দামী বৃত্ব কেনা হইত। মহিলাদের মধ্যে নিশ্চয়ই কেহ কেহ বত্ব চিনিডেন। বত্ৰপরীকা সম্বন্ধে সংস্কৃতে গ্রন্থের অসম্ভাব নাই। এীরপের রঙ্গদেবী वाश्चराज अवगः रवारा ममर्था हिल्लम । अर्पनी (১৯৯-२००) (कनमःस्रात, त्नर्व अक्षनमान, अन्नमशाहनामि, শারিকাদের কথা বলিতে শেখানো, নৌকাথেলা, কুরুট-খেলা, শাকুনশান্ত্র, পশুপক্ষী প্রভৃতির শন্তঞান প্রভৃতিতে কৌশল অর্জন করিয়াছিলেন।

শ্রীরাধা ও তাঁহার সধীরা ফুল দিয়া নানারপ অলহার,
শব্যা, চক্রাতপ প্রভৃতি তৈয়ারী করায় ধ্ব নিপুণ ছিলেন
বলিয়া শ্রীরূপ বর্ণনা করিয়াছেন। তিনি ঐ সব অলহারের
নাম ও কি করিয়া উহা বানাইতে হয় তাহার বিশদ বর্ণনা
দিরাছেন। গোবিন্দদাসের অনেক পদে ফুলের গহনার
উল্লেখ আছে। শ্রীরূপের বর্ণনা হইতে ইহার বিবরণ
দিতেছি—

क्षीं - स्वर्ग (क्ष्कि) शूल्यत (कांत्रक व्यवः ' (स्थमात्र छेत्राथ चार्षः ।

পত্ত ও পাঁচ বংরের ফুল দিয়া তৈয়ারী করিতে হয়। ইহাতে সাতটী ছিল্ল ও পাঁচটী চূড়া থাকে। শ্রীকৃষ্ণ এই কিরীট মাথায় পরিতে ভালবাসিতেন। শ্রীরাধা ও ললিতা ইহার রচনায় পট়।

- ২। বালপাশ্রা—ইহা সী'থিতে পরিতে হয়। বিচিত্র কোরকাদি বারা ইহা গ্রথিত হয়।
 - ৩। কানের ফুলের অলঙার পাঁচটী-
- (ক) ভাড়ন্ধ—ময়্বপিঞ্, মকরম্ব, পদ্ম এবং অর্ধ-চন্দ্রের মতন আকার-বিশিষ্ট ভূষণকে ভাড়ন্ধ বলে।
 - (খ) কুণ্ডল—ফুল দিয়া কুণ্ডলের আকারে তৈয়ারী।
- (গ) পুষ্পী—ইহার মধ্যে বহু গুঞা থাকে। ইহা কতিপয় স্থবক দাবা রচিত হয়।
- (ঘ) কণিকা—অমরকোষ অমুদারে গোলাকার তালপত্র দিয়া কণিকা তৈয়ারী হয়। কিন্তু শ্রীরূপ বলেন, পদ্মের কণিকার আকারে পীতবর্ণ পুস্পদারা ইহা গঠিত হয় এবং ইহার মধ্যে একটা দাড়িমের ফুল থাকে—যেন পদ্মে ভৃত্কী বদিয়াছে।
- (ঙ) কর্ণবৈষ্টন—যে কুণ্ডল কর্ণকে বেষ্টন করিয়া থাকে অথচ গোল আকারের।
- 8। ললাটিকা— অমরকোষের মতে 'পত্রপাশা ললাটিকা'। সামাত বিস্তৃত বলিয়া পত্রের তায় যাহাকে গ্রাপত করা যায় তাহাকে পত্রপাশা বলে। ললাটিকা তুই রংয়ের ফুল দিয়া তৈয়ারী হয়। ইহার তুইটা পাশ, মধ্যে রক্তবর্ণ; অলকাবলীর মূলদেশে পরিধান করিতে হয়।
- থ। গৈবেয়ক—কণ্ঠভূষণ সমষ্টিতে গোলাকার অথচ
 মধ্যে পুস্পরচিত চতুকোণ কোর্চিকা (লতাপত্রাদ্বি-শোভিত
 কৃত্র গুণিপাত) থাকিবে।
- ৬। অকদ বা তাড়—লতার তস্ক দিয়া গ্রন্থিত পুষ্প দারা ইহার মধ্যভাগ রচিত। তিন বর্ণের, ফুল ইহার উপরে উপরে বিশ্বন্ত থাকে।
- ৭। কাঞ্চী—পাঁচ বংয়ের কুল দিয়া বচিত কটিদেশের ভূষণ। ইহাতে ছোট ছোট ঝালর থাকে। অমর-কোবের এক টীকায় ৬১ প্রকারের কাঞ্চী ও ৬৭ প্রকারের মেধলার উল্লেখ আছে।

৮। কটক—পায়ের মল। ফুলের কুঁড়ি ও বোঁটা-গুলিকে পাডার স্ত্রে একটা একটা করিয়া গাঁথিয়া কটক রচিত হয়। ইহাতে নানা রক্ষের ফুল থাকে।

। মণিবন্ধনী—হাতের অলকার। চার রকমের
ফুল দিয়া রচিত গুচ্ছ; ইহার তিনটী ধার লম্মান থাকে।

১০। হংসক—পায়ের একরকম মল। ইহা চরণকে
ঢাকিয়া থাকে, আকার গোল শিংয়ের মতন। আশেপাশে পুস্পরচনা।

১১। কঞ্লি বা কাঁচ্লি—ছয় রংয়ের ফুল বিতাস

⇒ করিতে হয়। ইহাতে কন্ত্রীর গন্ধ খাঁকে। কঠদেশে

ইহার গুচ্ছ ঝুলানো থাকে।

১২। ছত্র—স্ক্র স্ক্র শলাকা প্রস্তুত করিয়া তাহাতে ফুল গাঁথিতে হয় এবং স্বর্ণিকার দারা বিচিত্র দণ্ড নির্মাণ করিতে হয়।

১৩। শয়ন-- চম্পক, অশোক ও প্রচুর মলিকা ফুল
দিয়া গেঁডুয়া তৈয়ারী করিতে হয়। নবমলিকার ফুল
দিয়া লম্বা লম্বা ালিশ তৈয়ারী করিয়া শ্যা সাজাইতে
হয়।

১৪। উল্লোচ—(একপ্রকার চন্দ্রাতপ) বিচিত্র পুস্পবিক্যাদে খণ্ড থণ্ড কেতকীর (কেয়াফুল) পাতা দিয়া তৈয়ারী।

১৫। চন্দ্রাতপ—ইহার পাশে মৃক্তাতুল্য দির্বার পুস্পদকল দীপ্তি পায় এবং মধ্যভাগে নৃতন ফোটা পদ্ম লম্মান থাকে।

১৬। বেশা—পুষ্পেরচিত চতুংথতী স্থানকে বেশা বলে। নলথাগড়ার দণ্ড দিয়া ইহার স্বস্থ নির্মিত হয়। ঐ স্বস্তুগুলির সর্বাঙ্গ বিচিত্র পুষ্পাধারা আবৃত থাকে।

শীরপ গোষামী উজ্জ্বনীলমণিতে (৪।৯-১০) শীরাধার বেশভ্ষার সংক্ষিপ্ত বর্ণনা দিয়াছেন। তাহাতে দেখি শীরাধার চূড়ায় মণীন্দ্র, কর্ণে কুগুল, নিতম্বে কাঞ্চী, গলায় ফর্ণপদক, কর্ণোর্দ্ধে দুইটা স্বর্ণশলাকা, করে বলয়, কঠে কঠাভরণ, গল্বেশে নক্ষত্রভূল্য হার, ভূজে অক্সন, অঙ্গুলিতে অঙ্গুরীয়ক, চরণে রম্বময় নৃপুর ও পদাভূলি সকলে উত্তুক্ত অঙ্গুরীয়ক। তাঁহার পরিধানে নীলবদন, কটিতটে নীবি, মন্তকে বেণীবন্ধ, কর্নে উত্তংস, অঙ্গে চন্দন, চিকুর-মধ্যে স্তরে স্থরে পৃস্পবিক্যাস, গলদেশে প্রকৃ হন্তে কমল, মুথে তাম্মূল, চিকুরে কন্ত্রীবিন্দু, নয়নযুগলে কজ্জল; গণ্ডস্থলে মকরীপত্রভন্দাদি, চরণে অলক্তক-রাগ ও ললাটে তিলক।

ষোডশ শতাব্দীর বাংলা ও সংস্কৃত সাহিত্যে স্বর্ণরোপ্যের অলহারের অনেক বর্ণনা পাওয়া যায়। চৈতন্তভাগরতে রত্ব-স্থবর্ণ-রজ্ঞত-অলকারের কথা আছে (২।৯)। মুকুন্দরাম গরীব ব্রাহ্মণ ছিলেন, বোধ হয় বেশী গহনার নাম জানিতেন না। তাই ধনপতির মতন ধনী স্নাগরও "পাচ পল দিল সোনা গড়িবারে চড়ি" (পু: ১২১)। কবিকর্ণপুর বড়লোকের ছেলে; তাই তাঁহার ক্লাহ্নিককোমুদীতে (২।৬৮-৭৯) অনেক গহনার উল্লেখ আছে। তাঁহার রাধাকে স্থীরা মাথায় ফুলের গর্ভক ও একটি মণিরাজ, অলকদীমায় মণিমুক্তাখচিত ক্যোতির্ময়ী পত্রপাশা, কর্ণে মণীক্রময় কুণ্ডল ও চক্রিকা-বকুলিকা নামক চক্রশলাকা, নাসিকায় মৃক্তা, গলদেশে মৃক্তামালা, প্রগণ্ডদেশে মণি-খচিত অঙ্গদ, প্রকোষ্ঠদেশে মণিকত্বণ, দক্ষিণ অনামিকায় ও বাঁ হাতের চারিটা আঙ্গুলে চারিটা রত্বাসুরীয়ক, বক্ষস্থলে দোনার হার ও দোলকমণি, উদর-স্মীপে তুল্ব**ন্ধ** (কোমর-পাটা) ও তাঁহার নীচে মণিরাজ্বি-বিরাজিত কাঞ্চীদাম (চন্দ্রহার), পদাঙ্গুলীতে রত্নময় আংটি ও গুলফ-ঘয়ে স্থলর হংসক-যুগল এবং পাদপদ্মের উপরিভাগে বত্তজড়িত মঞ্চীবযুগল পরাইলেন। গোবিন্দদাস মধ্যবিত্ত অবস্থার লোক। তাঁহার রাধা অত গ্রনা পরেন না। তাঁহার দী থায় একটি উজ্জ্বল মতি; হাতে মণিবলয়, আর

শ্রবণহি টাটক মণিময় হাটক কঠে বিরাজিত হার। (৬৩)

পায়ে নবখ নৃপুরও আছে। এই অলহার বেশ শোভন মনে হয়। কবিকর্ণপুরের অলহারের চাপে শ্রীরাধা বেন নিপীড়িত হইতেছেন।

শীরূপের বর্ণনায় দেখা যায় যে শীরাধার সধীরা সকলেই বিহুষী ও কলাবিভায় পারদর্শিনী। মৃকুন্দরামের বর্ণনায় মেয়েদের লেখাপড়ার কথা বিশেষ কিছু নাই। বোদ্ধন

শতাকীর বাংলাদেশে কয়েকজন অসাধারণ প্রতিভাশালিনী মহিলার যে আবির্জাব হইয়াছিল ইতিহান তাহার নাক্য **कि**टिंग हेर्राप्तय माथा श्रीम रहेट्टाइन **का**रूरा দেবী। কবি জ্ঞানদাস তাঁহার মন্ত্রশিশু বলিয়া প্রবাদ আছে; জাহ্নবা দেবী নরোত্তম ঠাকুরকে 'মহাশয়' উপাধি দেন এবং নিত্যানন্দদাসকে 'প্রেমবিলাস' রচনা করিতে অমপ্রাণিত করেন। থেতুরির মহোৎসবের বর্ণনায় তাঁহার ব্যক্তিত্বই সর্বাপেকা ভাষর। তিনি কবি গোবিন্দদাদের আগ্রহে বুধুরি গ্রামেও গিয়াছিলেন। তিনি তুইবার এরুন্দাবনে গমন করিয়াছিলেন। সেযুগে ইহা সহজ ব্যাপার ছিল না। রাধাকুতে তাঁহার পদার্পণের স্মরণ উৎসব আৰুও প্রতিবংসর অমুষ্ঠিত হয়। আর একজন প্রতিভাশালিনী মহিলা হইতেছেন শ্রীনিবাসের কলা হেম-লতা দেবী। যতুনন্দন দাস তাঁহার শিষ্য। এনিবাসের পত্নী ঈশ্বী দেবী তাঁহার বড় পুত্রবধু সভ্যভামাকে দীক্ষা দেন। সভ্যভামা সনাতন গোস্বামীর ও শ্রীক্ষীবের সংস্কৃত রচনার সহিত পরিচিত ছিলেন। মনসামঞ্চলের কবি বংশীদাসের ককা রামায়ণের পালা গান লিখিয়া খ্যাতি অর্জন করেন।

বোড়শ শতাকীতে মেয়েদের অল্প বয়সেই বিবাহ হইত।
খুলনার বয়স ছয় বৎসর হইলেই তাহার পিতা তাহাকে
পাত্রস্থ করিবার জন্ম চিস্তা করিতে লাগিলেন। কিন্তু বর
জুটিতে জুটিতে বার বৎসর বয়স হইল দেখিয়া ধনপতিকে
গঞ্জনা সহিতে হইয়াছিল। বার বছরের মেয়ে যদি সহসা
কাহাকেও দেখিয়া ভালবাদিয়া ফেলিত।

নর দেখি অভিরাম ধনি ক্যা করে কাম পায় পিতা নরকে ষন্ত্রণা॥

মধ্যবিত্ত ও অভিজ্ঞাত-সম্প্রদায়ের মহিলারা সাধারণতঃ
পর্দার আড়ালে থাকিতেন। গোরালাদের মেয়েদের অবশ্য
বাহিরে যাওয়া নিষেধ ছিল না। বড়লোকেরা একাধিক
বিবাহ করিতেন। অবৈতের ছই স্ত্রী—সীতা ও শ্রী;
নিড্যানন্দের ছই পদ্মী—বহুধা ও জাহ্ববা। ভাডুদত্তেরও
'ছই মাণ্ড চারি শালা', কিন্তু সাধারণ লোকে একসঙ্গে
একটী স্ত্রী লইয়াই ঘর-সংসার করিত। শ্রীকৃক্ষকে বহুবল্লভ
বিন্যা বৈক্ষব করিয়া অন্ধন করিয়াছেন। বহু-বিবাহের

যুগে কবিরা খণ্ডিভা বিষয়ে কবিতা লিখিতেন—শ্রোতারা উহা উপভোগ করিতেন। ১২০৫ খ্রীষ্টাব্দে সৃষ্ঠলিত সৃহ্জি-কর্ণামৃতে শ্রীধরদাস অমক্র, ধর্মধোগেশ্বর, আচার্য্য গোপীক বস্থদেব ও একজন অজ্ঞাতনামা কবির পাঁচটা এইরূপ শ্লোক উদ্ধৃত করিয়াছেন। ধর্মধোগেশ্বরের শ্লোকটার ভাবার্থ এই—হে শঠ! তোমার এই সকল কথায় কি প্রয়োজন? কাছের আমগাছের কোকিলের আলাপ শুনিতে শুনিতে নির্লজ্ঞা আমি রাত জ্ঞাগিয়া কাটাইয়াছি। হে পাংশুলাদের উচ্ছিষ্ট! ভোর-বেলায় তোমাকে আমি ছুঁইব না। (সহ্জিকর্ণামৃত ২০০১) ইহারই ভাব লইয়া গোবিন্দদাস লিখিয়াছেন—

বচন রচন করি কিয়ে পরবোধিদ নিরবধি অন্তরে সোই। গোবিন্দদাদ কথ পরশ-তূল নহ পরশনে রদ নাহি হোই॥ (৪৩৯)

দেকালের সামাজিক পটভূমিকায় যাহা প্রতিদিনের ঘটনা ছিল বলিয়া খোতার সৌন্দর্য্যবোধকে পীড়া দিত না, একালের একনিষ্ঠ প্রেমের আদর্শে তাহা রুচিবিগর্হিত বলিয়া মনে হয়।

মধার্গের ইউরোপীয় কবিতায় দেখি নায়িকা রাত্রিকালে তাহার তুর্গে দোতলায় একটা ঘরে শুইয়া আছে, আর নায়ক বাঁলী বাজাইয়া তাহার প্রেম আকর্ষণ করিতেছে এবং অনেক ক্ষেত্রে দড়ির সিঁড়ি বাহিয়া প্রেমিকার ঘরে যাইয়া মিলিত হইতেছে। শিভ্যাল্রির যুগের নায়িকারা বড় বড় সামস্তদের মেয়ে; তাহারা তুর্গে বাস করিত; স্বতম্ব ঘরে থাকিত। স্বতরাং নায়কের পক্ষেই অভিসারে যাওয়া সেখানে স্বাভাবিক। বৈষ্ণব কবিতায় নায়িকা অভিসারিকা হয়, কেননা যৌথ পরিবারের অন্তঃপুরে অভিসারে আদা সম্ভব নয়। ইউরোপের ক্ষুণগুলি সাধার্ণের বাসগৃহ হইতে দ্রে তৈয়ারী হইত এবং তাহার আশেপাশে অনেক জমি থাকিত। আর এ দেশের লোক চোর, ডাকাত ও সৈক্রদলের ভয়ে গ্রামের মধ্যে পরস্পারের বাড়ীর সংলগ্ন জমিতে বাড়ী তৈয়ারী করিয়া বসবাস করিত। তাই নায়িকাকে নদীকুলে কোন ক্ষুণ্ডন

অভিদারে যাইতে হইত। যদি কথনও মনের ব্যাকুলতাবশে নায়ক নায়িকার বাড়ী অভিদার করিতেন তবে
তাঁহার দশা কি হইত গোবিন্দদাদ তাঁহার 'কি কহব রে
দথি রাইক দোহাগি' ইত্যাদি (৩৭৭) পদে বর্ণনা
করিয়াছেন। কৃষ্ণকে বর্ণার বারিধারার মধ্যে ফুলগাছের
তলায় দাঁড়াইয়া কাটাইতে হইল। তিনি চাতকের মতন
বা পাঠাস্তরে কোকিলের মতন শব্দ করিলে, রাধা দরজা
খ্লিয়া তাঁহার সঙ্গে মিলিত হইতে যাইবেন, এমন সম্মে
রাধার কৃষণের ঝনঝনানিতে শাশুড়ী জাণিয়া উঠিলেন।
ক্ষেঞ্চকে ফিরিয়া যাইতে হইল।

বোড়শ শতাব্দীর স্ত্রীক্ষাতির অবস্থার বর্ণনা শেষ করিবার পূর্ব্বে সহমরণপ্রথা সম্বন্ধে ছই একটা কথা বলিব। বৈষ্ণব সাহিত্যে কোথাও সতীদাহের কথা নাই। শচীদেবী বিধবা হইগাছেন, কিন্তু সহমরণে যান নাই। অবৈত্তপত্মী সীতা, নিত্যানলপত্মী জাহুবা, শ্রীনিবাসের পত্মী ঈথরী ও বিষ্ণুপ্রিয়া কেহই বিধবা হইয়া সহমরণে যান নাই। কবিকন্ধণ চণ্ডীলে দেখি নীলাম্বরের মৃত্যুর পর ছায়া সহমরণে যাইতেছেন—

হুইকুলে দিয়া বাতি জীবন ত্যজিল সতী

কিন্তু দাধারণত: মেয়েরা এইরপে ছই কুলে বাতি দিত না।
ধোড়শ শতাকীর বাংলা দেশ দঙ্গীত-ম্থরিত ছিল।
ম্কুন্দরাম চক্রবর্তীও বৃন্দাবনদাদের মতন শ্রীচৈতভাকে
কীর্ত্তনের স্প্টিকর্ত্তা বলিয়াছেন—"কীর্ত্তন দিজ্জা কৈল
খোল করতাল" (পৃঃ ৫, বঙ্গবাদী সং)। কবিকঙ্কণের
শুজরাটপুরের বৈঞ্বেরা—

দদা লয় হরিনাম, ভূমি পাইয়া ইনাম, বৈক্ষব বদিল গুজরাটে। কাঁথা কম্বল লাঠি, গলায় তুলসী কাঠি, দদাই গোঁয়ায় গীতনাটে॥

সেখানে

প্রতি বাড়ী দেবস্থল বৈফবের অন্ধজন
ছই সন্ধ্যা হরি সংকীর্ত্তন ।

ঐ, পুঃ ১৪

নবোত্তম ঠাকুর মহাশয় কীর্ত্তনের নৃতন রীতির প্রবর্তন করেন বলিয়া বিশ্বনাথ চক্রবর্তী তাঁহাকে "স্বস্টগান-প্রথিতায় তথ্যৈ" বলিয়া প্রণাম করিয়াছেন। নরোত্তমের মূগে গৌরচন্দ্রিকা গাহিয়া পরে কৃষ্ণলীলা কীর্ত্তনের রীতি প্রচলিত হয়।

> গৌরগুণ গীতারন্তে অধৈর্য্য সকলে শ্রীজাহুবা ঈশ্বরী ভাসয়ে প্রেমজলে।

কেহ কহে এছে গীতবাছাদি না হয় না জানিয়ে নরোত্তম কৈছে প্রকাশয়॥ ভক্তিরছাকর, পু: ৬৪৪

নবোত্তমবিলাদে নরহরি চক্রবর্তী লিথিয়াছেন বে নরোত্তম বাস্থ ঘোষের—

স্থি হে তাই দেখ গোৱা কলেবর।
কত চন্দ্র জিনি মুথ স্থান্দর অধ্বর॥
তক্ত ২১৫২

ইত্যাদি পদটী গাহিয়াছিলেন। নরোত্তমের সময় গোকুলদাস একজন প্রদিদ্ধ কীর্ত্তনীয়া ছিলেন।

ষোড়শ শতানীর শেষার্দ্ধে শুধু যে রুক্ষকীর্ত্তন গানই হইত তাহা নহে। মনসার ভাসান, চণ্ডীমকল গান, জয়ানল ও লোচনের চৈতগ্রমকল গান, রামায়ণ গান, ধর্মমকল গান প্রভৃতিও হইত। কিন্তু এসব লোকিক সকীত ছাড়া মার্গসকীতেরও যথেষ্ট আলোচনা হইত। তাহার পরিচয় দিয়াছেন কবিকর্ণপুর। তিনি আনল-রুলাবন-চম্পৃতে লিখিয়াছেন—মার্গ ও দেশীয় ভেদে গীত ত্ই প্রকার। মার্গের ভেদ চৌত্রিশ প্রকার ও তাহাদের চচ্চৎপুট, চাচপুট প্রভৃতি পাঁচ প্রকার তাল এবং দেশী গীতে ৪২ প্রকার ভেদ। ঐ গ্রন্থে গোপীদের গীত ও সক্ষেদ্ধ নুত্রের যে বিশদ বর্ণনা আছে তাহা বাত্তবের অভিজ্ঞতার উপর প্রতিষ্ঠিত বলিয়া উহার অন্থবাদ নীচে দিতেছি।

"অনস্তর বৈয়া তবতথ বৈয়া তবতথ বৈয়া তথন্তি তব বৈয়া বৈয়া তবতথ বৈয়া ধন ধন ধন ধন ধান্তি ব্যান্তি ধদিনন বৈ—এই শব্দ গ্রহণ করিয়া সেই তালধারিণী কাংশ্যময় করতাল গ্রহণপূর্বক দক্ষিণে ও বামে, উপরে ও
নিম্নদিকে করকমল নিক্ষেপ করিতে করিতে অনির্বচনীয়
ভাব লঘু, গুরু, পুত, ক্রত ও বিরাম মাত্রা-বিধিতে সশন্ধ
ও নিংশন্দে ষড়জাদি সপ্তব্বের গ্রায় তাহার তাল একটি স্বর
বলিয়া তালস্ক্রপ নেই অন্তম স্বরই আলাপ করিতে
লাগিলেন। শ্রেষ্ঠ মুদক্ষম্থে মুদক্রাদিনী হস্তবারা যে সকল
শন্ধ উল্যাটিত করিতেছিলেন, সেই শন্ধ সকল উপালবাদিনীও কম্পিতকর্তে নিজ অধরতলশোভী উপাক্ষে
উল্যাটিত করিতেছিলেন এবং গায়িকাগণ হংক্রিয়াকলাসমূহের সহিত সময়োচিত রাগসকল যদ্ধে ঝহার করিতে
করিতে সমস্ত শন্ধের মিলনে কর্ণ প্রদানপূর্বক বিরাজ
করিতে লাগিলেন। (২০০৮-৬০)

কবিকর্ণপুর ঐ গ্রন্থে যে ভাবে নৃত্যের বেখাচিত্র অঙ্কন করিয়াছেন ভাহা নিছক কল্পনাপ্রস্ত হইতে পারে না। বর্ণনাটী নীচে তুলিয়া দিলাম। এদেশে গাঁহার। নৃত্যের পুনক্ষীবনের প্রয়াদ পাইতেছেন তাঁহার। ইহাব প্রয়োগ করিতে পারেন।

"দেই স্করী রমণীমণ্ডলী অতিশয় উল্লাদবশত: মধ্যে মধ্যে ঘূর্ণন সহিত জাহুদ্বয়ের উদ্দে কেপণ, ভূজদ্বয়ের কম্পন এবং চরণযুগলের চালনা ঘারা জ্বতগতি নৃত্য করিতে লাগিলেও মধবর্তী মুকুন্দের কান্তিতরক্ষালা-রূপ হত্রসমূহে গ্রাপিত হইয়াই যেন তাঁহারা বাম ও দক্ষিণ-ক্রমে ভঙ্গ অথবা वक्का প্राप्त इन नारे। भी भी भी भी ककी भी এই अञ्चलम মধুর তাল পাঠের সহিত মিশ্রিত মৃত্র শকায়মান মণিময় নৃপুরের ধ্বনিদারা রমণীয় দশক চরণ-বিভাদ এবং বামে ও দক্ষিণে অঙ্গ-দোলন-সহকারে অভিশয় রুশ মধ্যদেশের যেন ভক বিষয়ে নি:শক হইয়া সেই ফলোচনাগণ বলি-সহিত কুচপট ও বাহুলতা কম্পিত করিতে করিতে আনন্দ-ভবে বামাবর্ত্তে ও দক্ষিণাবর্ত্তে তুল্যরূপে নৃত্য করিতে লাগিলেন। নৃত্যামুরোধে নর্ভকীগণের অফুসরণ করিয়া वीवावामिनी ७ त्वव्वामिनी व्यवीवव वमतिकान माज সহকারে মৃত্ মৃত্ নৃত্য করিতে লাগিলেন; গানকারিণী ও ডালধারিণী পীত ও তালের অফুসরণপূর্বক সেইরূপ অনির্বাচনীয় ভাবেই নৃত্য করিতে লাগিলেন। মুদদ-

বাদিনীগণও মুদদে শব্দ সকল উদ্যাটিভ করিতে করিতে সেই প্রকার নৃত্য করিয়াছিলেন। তদর্শনে বোধ হইল যেন তাঁহারা নর্জকীগণের সঙ্গে একটী স্ত্রেগ্রথিত দেহকেই ধারণ করিয়াছেন (২০৷৬৯-৭১)। অন্ত পাঁচটী শ্লোকে (২০৷৯৭-১০১) নৃত্যের বর্ণনায় আছে—

"অনস্তর সেই স্থী বিস্তৃত কটিতটে বাম জাত্ব অর্জেন্দুর ন্থায়, অপর অর্থাৎ দক্ষিণ জাত্ব প্রফুল্ল পদ্মকোষের ন্থায় আঁকুঞ্চিত করিয়া (অথবা সেই স্থী বিস্তৃত কটিতটে জাত্ব আকুঞ্চিত করিয়া বামহন্তে অর্জেন্দু-নামক হন্তক অর্থাৎ হন্তভঙ্গি ও দক্ষিণহন্তে প্রফুল্ল পদ্মকোষ-নামক হন্তক অভিনয় করিয়া) কোমল ও স্থচাক্ষ ভাবে কফোনি (কছই) উর্ভোলন পূর্কাক অবস্থিতা হইলেন। তৎকালে তাঁহার কটিদেশ অত্যন্ত ক্ষীণতা প্রাপ্ত হইল, বলি হ্রাসপ্রাপ্ত হইল, ন্তনভার সমাক্ ফ্টাত হইল এবং তিনি যে ইতন্তত: দৃষ্টিপাত করিতেছিলেন, তাহাতে তাঁহার অলসভরে শোভমান নেত্রতারকা বাম ও দক্ষিণভাগে পতিত হইতেছিল।

আকরে প্রকৃষ্ট ঘর্মদারা সিগ্ধ নবীন জ্বতুর (লাক্ষার)
ন্থায় প্রতি অঙ্গ স্পর্শকারী নর্ত্তকদিগেরও ঘৃংসাধ্য বিষম
গতিভেদ অবলীলাক্রমে প্রকাশ করিতে করিতে অভিনয়কুশল সেই সখী লীলাভরে উংসর্বন ও অপসর্পন-ক্রমে
কম্পিতভূজের চালন ও আকুঞ্চন দারা হংসাস্থা, পদ্মকোযাদি
হস্তভঙ্গি-সহকারে মন্দ মন্দ নৃত্য করিতে লাগিলেন।

তংকালে তাঁহার উদর অত্যন্ত ক্ষীণ হইল, কুচভার অভিশয বৃদ্ধিপ্রাপ্ত হইল, পার্ফি (গোড়ালি) যুগলের উপর বেণী লুঞ্জিত হইতে লাগিল ও ত্রিগলি বিলুপ্ত হইল। তালমোক্ষণ সময়ে তিনি বিপরীত-ক্রমে পৃষ্ঠভাগে বক্রীভৃতা হইয়া যথন কর্বয় কম্পিত করিতেছিলেন, তথন তিনি কন্দর্পের সজ্জীভৃত চম্পকধন্তকেও যেন জয় করিয়াছিলেন।

ত্নি জাহযুগলঘারা ভূমিতল অবলম্বনপূর্বক বাহ্বয় বিক্ষারিত করিয়া কলপের বেগক্ষিপ্তা কাঞ্চনমন্ত্রী চক্রিকার স্থায় বিঘ্রণিত হইতে লাগিলেন। ঘূর্ণন সময়ে তাঁহার বদন-সৌরতে অলিকুল মুখের চিত্রিকে ভ্রমণ করিতে লাগিল; বক্ষান্থিত হার ও কর্ণভূষণ দোহল্যমান হইল, তাঁহার গাত্তের গোরিমা, হারাদির শেতিমা, বিস্থরাদির অরুণিমা এবং ভ্রমরাদির শ্রামলিমা প্রভৃতি কান্তির মওলসমূহ বিরাজ করিতে লাগিল এবং অলগত অলগার ঝন ঝন রবে শব্দ করিতে লাগিল।

অতঃপর তিনি পদাঙ্গলির ঘারা ক্ষিতিতল অবলম্বনপূর্ব্বক ধীরে ধীরে কুচদ্ম ও জামুযুগল ফীত করত
পার্ফিদ্ম উন্নত করিয়া ততুপরি উপবিষ্ট হইলেন। তথন
তাঁহার বলি হ্রাসপ্রাপ্ত হইল; নীবি শিথিল হওয়ায় নমিত
কুইল এবং বক্ষংস্থল বিস্তীর্ণ হইল। এই অবস্থায় তিনি
মৃষ্টিবদ্ধ কর-যুগলের অস্কুচ্চ্ম কুচাপ্রে বিগ্রন্ত করিয়া তালের
অম্পরণে অলঙ্কার সকল ধ্বনিত করিতে করিতে 'তথ তথৈ
থৈ তথৈ থৈ তিথ' এই প্রকার আলাপ করিতে লাগিলেন।"

কবিকর্ণপুর শুধু যে এরপ নৃত্য দেখিয়াছিলেন তাহা
নহে, তিনি নৃত্য-বিহ্নার রহস্তও অবগত ছিলেন। অন্যথা
এরপ বিশদ বর্ণনা দেওয়া অসম্ভব। গোবিন্দদাসের
'গৌরি আলাপি শামনট মঞ্চরু' (৩২০) ও 'নটন হিলোল
লোলে মণিকুওল (৫৫৮) প্রভৃতি পদ ব্রিতে হইলে
সে যুগের নৃত্যগীতের উৎকর্ষ সম্বদ্ধে কিছু জান। প্রয়োজন
—তাই এত কথা লিখিলাম।

নৃত্যগীত ছাড়া যোড়শ শতাদীর শেষে পারাবতের থেল। (কবিকঙ্কণ চণ্ডী, পৃ: ৯৬, বস্থমতী সং) ও পাশা-থেল। খুব জনপ্রিয় ছিল (কৃষ্ণাহ্নিককৌম্দী—পৃ: ২৬৬)। পাশাথেলায় শ্রীকৃষ্ণের কৌস্কভ ও রাধার হার পণ রাধা হইত।

ষোড়শ শতাকীর কলাবিভাগুলির মধ্যে যে কলায় নারী ও পুরুষ নিপুণতা লাভের জন্ত সমান চেষ্টা করিতেন সেটা হইতেছে রন্ধনবিভা। কবিকল্প মুকুলরাম, কবিকর্পুর ও ক্রফালাস কবিরাজ যেরূপ বর্ণনা দিয়াছেন তাহাতে মনে হয় তাঁহারা ঐ বিভায় পারদর্শী ছিলেন। নিরামিষ রন্ধনে এযুগে বিপ্লব ঘটিয়াছে—কেননা যোড়শ শতাকীতে আধুনিক বালালীর বাড়ীতে অপরিহার্য আলুছিল না, ফুলকপি, বাধাকপি, ওলকপি টমেটো প্রভৃতিও ছিল না। তরুও দে যুগে নিরামিষ ভোজনের কি পারিপাটা ছিল।

কবিকশ্বণচণ্ডীতে যে যে তরকারীর উল্লেখ আছে তাহার তালিক। দিতেছি। শিম, বেগুন, কুমড়া, কাঁকুড়ি, মূলা, থোড়, ডুমূর, লাউ, মুখীকচ, কাঠালবীচি, আলু (অর্থাৎ মেটে আলু), থাম আলু, মান, ওল, কলা, মোচা। এই তালিকায় পটোল, ঝিঙ্গা, ট্যাড্গ, ধোঁধল পাওয়া যাইতেছে না। 'চৈতক্তরিতামতে পটোল কুমাও বড়ি মানকচ আর' (২।৩) আছে। রুফাহ্নিককৌমুদীতে তরকারির তালিকা এই-কুমাও, আলু, মান, ওল, লাউ, বেগুন, মূলা, পটোল, শিম, ডিগ্রীশ, ঢাঁাড়দ, কাঁচাকলা, নবীন গর্ভমোচা, থোড় (২।৮৬)। এখানে পটোল ও ট্যাড্স পাওয়া গেলেও ঝিঙ্গে দেখা গেল না। ঝিঙ্গের সংস্কৃত নাম হইতেছে জ্যোৎস্নিকা। গোবিন্দলীলামুতে কুঞ্দাদ কবিবাজ উহাব নাম কবিয়াছেন-কর্কাক-জ্যোৎস্নিকালাবুফলান্যালি পৃথক্ পৃথক্ (७।२१)। কর্কারু মানে কুমাও—তবে ঐ কুমাও বোধহয় চালকুমড়া। ঐ গ্রন্থে আছে যে শ্রীকৃষ্ণ বকফুল ঘিয়ে ভাজিয়া ধাইতে ভালবাদেন।

শাকের মধ্যে গোবিন্দলীলামূতে নালীত বা পাটের শাক, মেথীর শাক, শতপুন্দী বা সলুফা, মিঘি বা মন্দরী, পটোলের শাক থাহাকে আমরা নতি বা পলতার পাতা বলি, বাস্তৃক বা বাথ্য়া শাক, বিতৃর বা শুশুনীর শাক, মারিষ বানটে শাক, কল্মী বা কলমি শাকের নাম আছে। মুকুন্দরাম ইহার চেয়ে বেশী নাম করিয়াছেন—সরিষার শাক, পালদ্ধ বা পাল্য, লাউ শাক, ছোলার শাক, হেলঞ্চা শাক, গিয়াবোদালি. পুঁই, বনতা, ঝপুই, ভদ্রপলা, হিজলী, জাদি, ডাড়িপলা, ধনের শাক। এই স্বৃহৎ তালিকাতে পদিনার নাম নাই। উহা কর্ণপূর বলিয়াছেন। পরিচিত শাকগুলির নাম সংস্কৃতে শুফ্ন—

বান্ত্ক-মারিষ-পটোলশিখা: কলায়-বল্পীশিখাশ্চনকাগ্রশিখা: প্রধায়। তৃষীশিখাশ্চ মৃত্লা: দহপোদিকাগ্রা-ণ্যালোক্য দৈক্ষত সধী সরসা: সমগ্রা:। ৩৮৭ অর্থাৎ বাস্তক, মারিষ বা নটে শাক, পটোল শাকের জ্পা, কলায় লভার (বোধ হয় মটবের) শাক, ছোলার শাক, ক্ষোমল লাউ শাক, পদিনার অগ্রশিখা ইত্যাদি দেখিয়া ভিনি স্থীদের প্রতি ইন্থিতে উহা বাঁধিতে বলিলেন।

দে যুগে নিরামিধ আহারের সঙ্গে নানা রকম টক খাওয়া হইত। গোবিন্দলীলামূতে আছে (৩৯১) যে **८उँ जुन, चामज़ा, चामक्रन ७ चाम এই চার বক্ষের অম** चात्रा मूर्शत वड़ा ७ এक है भर्कता निशा चानम প্रकारतत অমু তৈয়ারী হয়। তা ছাড়া পাকা তেঁতুলের রদে কলমির শাক ও কাঁচা আম দিয়া নালতের শাক রাঁধা হইত (৩)১৬)। কবিকর্ণপূর আরও কয়েক প্রকার অন্নের বর্ণনা করিয়াছেন, যথা—কাঁচা আমসির মধ্যে গ্রম ঘিয়ে ভাজা সরষে চূর্ণ করিয়া এক প্রকার অম। প্রচুরতর জলে বা রুদে মিষ্ট আম মর্দন করিয়া আদা বাটা দিয়া চিনি ও তুধ সহযোগে অত্য এক প্রকারের মিষ্ট অম। আমচ্বে ভাজা তিল বাটিয়া এক বকমের অম ; চালতা ও ভাজা তিল দিয়া অন্ত এক বকমের। পাকা আমড়া দিয়া এক রকম ও কাঁচা আমডা দিয়া অন্ত ধরনের অম ক্রিয়া উভয়টাতেই তথ চিনি ও হিং মেশান হইত (কুফাহ্নিককৌমুদী ২।১১०)। কবিকর্ণপুর তাঁহার কৃষ্ণাহ্নিককৌমুদীতে আরও অনেক রকম ব্যঞ্জনাদির উল্লেখ করিয়াছেন। কিছু দৃষ্টাস্ত উদ্ধত করা যাইতৈছে:— আদাবাটা ও নারিকেল-বাটা কাহ্মন্দি, ভালে৷ मिया काँठी जात वी हित अक तकम वाक्षन रेज्यां वी इहेन। উত্তম কাম্লন্দি ও আদাবাটা সহযোগে গ্রম ভেলে ভিক্তপত্র দিয়া এক প্রকার ব্যঞ্জন হইল। বেগুনগুলির ছোট ছোট খণ্ডের সহিত উৎকৃষ্ট কৃদ্র মুগবড়া দেওয়া शहेन; **जा**नांथ । नांत्रित्ननां । তাহাতে निया करू তেলে ভাজিয়া স্থদ আর এক ব্যঞ্জন হইল। বেগুন ওল, यान, कॅाकदर्शन, গর্ভমোচার कना छनि, करू, পটোল এবং কুমড়াগুলিকে কৃত্ৰ কৃত্ৰ করিয়া স্ক্র স্চীনমূহে বিশ্ব করিয়া বদ নিষাশন পূৰ্বক ভাজী প্ৰস্তুত হইল। বেগুন, কাঁচা-कना, नां वित्कन এवः हाना 'अ चजुारकृष्टे भाषकणां देशव বড়ী ভাল করিয়া মিশাইয়া মরিচ ও চিনি সংযোগে কটু ও মধুর এই তুই প্রকার ছানাবড়া প্রচুর পরিমাণে প্রস্তুত ट्हेन। ভাन कतिया राष्ट्रा, जुवहीन, ज्नाय विमान (ভाना)

প্রচুর ম্বত, হিং, আদাবাটা ও গুড় দিয়া উৎকৃষ্ট নারিকেল ও পুরু মূলার চাকা দিয়া ফুলর স্থান্ধি মাদস্প নামে এক ব্যঞ্জন করা হইল। উৎকৃষ্ট নারিকেল-শস্তকে ভাল করিয়া পিষিয়া লইয়া ভাহার তুগ্ধে এবং শর্করারসে ও গব্য ছুগ্ধে মুগভাল দিয়া ভাহাতে উত্তম নারিকেলবড়া এবং এলাচ, লবক, মরিচ ও ভাল হিং ও আদা প্রভৃতি দিয়া মৃদগত্প প্রস্তুত হইল। গোটা অথচ অক্বিহীন মুগডাল কিছু জলে সিদ্ধ করিয়া তাহাতে অনেকটা হধ, এলাচ, লবন্ধ, মরিচ ও ভাল হিং ও চিনি মিশাইয়া অত্য একটি তৃপ হইল। বছলশৃত বরবটী দালে মূল-শৃত্য মূলার থগুগুলি দিয়া প্রচুরতর ঘি, হিং ও মরিচ দিয়া রাধা চতুর্থ একটি সুপ তৈয়ারী করা হইল। কাঁচা কাঁঠালের টুকরার দহিত ছোলার বড়া, হিং ও মরিচ দিয়া অন্ত এক ব্যঞ্জন হইল। লাউকে স্ক্ল্ম ব্দিরার মত করিয়া ব্দলে ও ছধে সিদ্ধ করিয়া হাতা দিয়া বারংবার নাড়িয়া কর্পুর সহ চিনি, মরিচ, জীরা হিং প্রভৃতি দিয়া মনোহর হৃশ্পলারু প্রস্তুত করা হইল। পাকা কুমড়া থগু থগু করিয়া কটু তৈলে ভাজিয়া ঘোল আদা ও হিং ও মৌরী সহযোগে ছানা ও বড়ার দহিত কোমল এক অম্বল তৈয়ারী হইল। মিষ্ট, পুরু, কোমল মূলার উপরের অর্দ্ধেকাংশ অথণ্ড বলয়াকারে কর্ত্তিত করা হইল। তাহার খণ্ডগুলিতে ঘোল ও গুড় এবং অল ক্তেল ও উৎকৃষ্ট পাকা চালতার থণ্ডগুলি দিয়া অপর একটি উৎকৃষ্ট অমু হইল। সজল ঘোলে ছোলার বেদন, হলুদ, দাক্ষহরিদ্রা-চূর্ণ একতা করিয়া টক লেবুর রস, আদা ও হিংয়ের প্রক্ষেপ করিয়া তাহাতে বড়া দিয়া কাজ্জিক वि (महेवडा कि ?) जियां वी हहेन (८।२६-১১०)। वड़ লোকের ছেলে কবিকর্ণপুর রালার যে রকম বিশদ বর্ণনা দিতে পারিয়াছেন, দরিত্র কবিকরণ ও রুফদাস কবিরাজ তাহা পারেন নাই। তবে গোবিন্দলীলামুতে কয়ে প্রকার পিষ্টক যথা পীযুষগ্রন্থি, কর্পুরকেলি, অমৃতকেলি প্রভৃতি তৈয়ারীর প্রণালী বর্ণিত হইয়াছে। কবিকর্ণপুরের বোধ হয় পিঠে খাওয়ার তেমন ইচ্ছা ছিল না ; ডিনি হিং ও মুলা দেওয়া নোনতা জিনিষ খাইতে ভালবাদিতেন বলিয়া উহার বর্ণনাই বেশী করিয়া লিখিয়াছেন।

এখন বাংলাদেশে নিরামিষাশী লোকের সংখ্যা খুব কম। বোড়শ শতালীতে শ্রীচৈতত্তের ধর্মপ্রচারের ফলে অনেকে মাছ-মাংস থাওয়া ত্যাগ করিয়াছিলেন। মুকুল্বরামের পিতামহ জগন্নাথ দশাক্ষর গোপাল-মন্ত্র জপ করিতেন 'মীন মাংস ত্যক্তি বহুকাল।' বৈশাখ ও মাঘ-মাসে অনেকেই আমিষ বর্জন করিতেন। তমলুকের রাজা মাছ-মাংস থাইতেন না; তিনি Maurique-কে নিমন্ত্রণ করিয়া নিরামিষ ভোজ্য দিয়াছিলেন (তপনকুমার রুমুন্নচৌধুনী—Bengal under Akbar and Jahangir, পৃ: ১৯৩-১৯৪)।

আমিষভোজনের বর্ণনা কবিকৃত্বণ করিয়াছেন। মাছের মধ্যে ইলিশ, চিংড়ি, সফরী বা পুঁটি, চিতল, বোয়াল, শোল, পোনা, কই, থরস্থলা, রোহিত, পাঁকাল প্রভৃতি মাছের নাম তিনি কবিয়াছেন (পৃ: ১২৯-১৩০)। হংসভিত্বের কথাও তিনি লিখিয়াছেন (পৃ: ৪৪)। মাংদের মধ্যে এমন অনেক জীবের নাম আছে যাহাদের মাংস এখন থাওয়া হয় বালয়া আমার জানা নাই। যথা, নকুল বা বেজি, গোধিকা বা গোসাপ, মহিষ, বরাহ ইত্যাদি। তবে সে যুগের মতন একালেও ছাগ, মেষ, কমঠ (কচ্ছপ), হরিল, শশ, শজারু প্রভৃতির মাংস থাওয়া হয়।

বড়লোকদের থাবার অনেক রকমের ছিল দলেহ নাই। কিন্তু গরীবেরা 'আমানি' বা পাস্তা ভাত, ক্ষুদজাউ প্রভৃতি থাইত (কবিক্ষণ প্র: ৪০)। শাক দবজির মধ্যে—

ঝুড়ি ছুই তিন খায় বন-ওল পোড়া।

বন-পুই ভার ত্ই কলমি কাঁচড়া। — (পৃ: ৪•)
খুল্লনাকে লহনা খাইতে দিত—

পুরাণ খুদের জাউ তাহে আছে কোণ।
সকল বাঞ্জনে বাঁঝি নাহি দেয় লোন॥
বেন্ধেছে পাজাতা শাক কলমী কাঁচড়া।
কলাই খুদের কিছু তুলিয়াছে বড়া॥
বার্ত্তাকুর খাড়া কচু কুমড়া বেকলা
কাঠ শিমের ব্যঞ্জন পুরিয়া দিল থালা॥—(পৃ: ১১৭)

এখানে লক্ষ্য করিবার বিষয় এই বে সভীনকে খুব কট দিতে যাইয়াও লহনা ভাহাকে বড়াভালা ও অনেকগুলি ভরকারি খাইতে দিয়াছে। সেকালে দেশে ভরকারির অভাব ছিল না।

গোবিন্দদাস মধ্যবিত্ত ঘরের ছেলে ছিলেন। তিনি থাবার জিনিষের বেশী ফর্দ্দ দেন নাই। গোবিন্দদাস একটা পদে বলিয়াছেন—

> "হ্বাসিত করি ধীর দধি শাকর সেবন বহু পরকার। (৮৮)

অগ্যত্র—

বিবিধ মিঠাই যতন করি লেয়ল চিনি কদলী উপহার।

থির সর নবনীত দধিকর শাকর বহুবিধ রস পরকার (১৬)

আর একটি পদে—

স্বাদিত অল্ল ব্যঞ্জন অতি স্মধুর পাক কয়ল তহি গোই। (১০১)

তাঁহার তুলনায় রায়শেখর অনেক রকমের **খান্তদ্রব্যের** নাম করিয়াছেন (তরু ২৫৫৭-৮)।

রায়শেথর ষোড়শ শতান্দীর গ্রাম্য জীবনের বে বর্ণনা দিয়াছেন তাহার সহিত শরংচক্রের পল্লীসমাজের বিশেষ পার্থক্য দেখা যায় না।

> গ্ৰামহি জাবট বৈছন পাবক ভৈছন স্বজন রীত।

পর-চরচা বিনে আনহি নাহি জানে না বুঝিয়ে কৈছন চীভ ॥

স্থি হে ইহ কুলে ইহ বেবহার।

কুটিল কুমতিজন পিশুন পরায়ণ

নিন্দুক গলে ধরু হার।

নিজ নিজ যশগুণ ঘোষয়ে পুন পুন কেছ কাছ হিত না মানে।

(夜季 २0 68)

পঞ্চম অধ্যায়

আর্থিক ও রান্ধনৈতিক অবস্থা

গোবিদ্দাস কবিরাজের জীবনকালের অধিকাংশ সময়েই বাংলা দেশে যুদ্ধবিগ্রহ, লুঠতরাজ ও অসহায় প্রজাদের উপর নির্ফিচারে অত্যাচার চলিয়াছিল। ১৫৫৩ খ্রীষ্টান্দের শেষদিকে শের শাহের পুত্র ইসলাম শাহ হরের যুত্যুর পর বাংলা দেশে যে তুর্দিন আরম্ভ হয় তাহা ১৬৩২ খ্রীষ্টান্দে সাজাহান কর্তৃক হুগলীর পর্বু গীজদের দমন পর্যান্ত চলিয়াছিল। এই স্থণীর্ঘ আশি বছরের মধ্যে কচিৎ কদাচিৎ তুই চার বছর বিনাযুদ্ধে কাটিয়াছিল।

১৫৫৬ খ্রীষ্টাব্দে বাংলার স্থর শাসনকর্ত্ত। স্বাধীনতা ঘোষণা করিয়া শামস্থদিন মৃহমদ শাহ গান্ধী উপাধি ধারণ করেন। তিনি ছই বছরের বেশী রাজত্ব করিতে পারেন নাই, কিন্তু এই অল্প সময়েই আরাকান আক্রমণ ও জোনপুর অধিকার করিয়াছিলেন। তিনি আদিলের হাতে পরাজিত ও নিহত হইলে আদিল একজন শাসনকর্ত্তা বাংলাল্প পাঠাইলেন, কিন্তু শামস্থদিনের পুত্র ১৫৫৬ খ্রীষ্টাব্দে বাংলা অধিকার করিয়া লইলেন। তিনি ১৫৬০ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। তারপর তাঁহার ভাই তিন বছর কাল মাত্র রাজত্ব করেন। ১৫৬৪ খ্রীষ্টাব্দে বাংলায় কররানি বংশের প্রভূত্ব প্রতিষ্ঠিত হয়।

এদিকে ১৫৫০ গ্রীষ্টাব্দে পর্ত্ত,গীজের। বাংলার (বাধরগঞ্জ) রাজা পরমানন্দ রায়ের সঙ্গে এমন এক সন্ধিকরেন বে, তাঁহাদের প্রভাব-প্রতিপত্তি বর্দ্ধিত হয়। তাঁহারা দর্কপ্রথমে ১৫৩৫ গ্রীষ্টাব্দে অর্থাৎ মহাপ্রভুর তিরোধানের ছই বংসরের মধ্যে সপ্তগ্রামে (অধুনা বাশবেড়ে-ত্রিবেণী) আসেন। ঐ সময়েই তাঁহাদের নৌশক্তি এত প্রবল ছিল বে, তাঁহারা ছইখানি আরব জাহাজকে সপ্তগ্রামে বেচাকেনা করিতে মানা করেন (Campoo—History of the Portuguese in Bengal)। স্থলতান গিয়াস্থদিন মামুদ (১৭৩০-৩৪) তাঁহাদিগকে সপ্তগ্রামে ও চট্টগ্রামে কার্থানা খুলিতে ও ত্বৰ আদায়ের কাছারি স্থাপন

করিতে অহুমতি দেন। এই সময় হইতে বাংলা দেশে পর্ত্ত গীরুদের ক্ষমতা বৃদ্ধি পাইতে থাকে। ১৫৫৯ এটিান্দের সন্ধির দ্বারা তাঁহারা বাকলা ও অন্তাক্ত বন্দরে জাহাজ আনিবার ও বাণিজ্ঞা করিবার অধিকার পান। ৬ধু তাহাই নহে। পর্ত্ত্রীজেরা বাজা পরমানন্দকে তাঁহার শক্রদের হাত হইতে বক্ষা করিবার প্রতিশ্রুতি দিলেন ও প্রতিদানস্বরূপ বাজা তাঁহাদিগকে নির্দিষ্ট পরিমাণ চাল, মাখন, তেল, চিনি ও তাঁতের কাপড় করম্বরূপ দিতে वाकी इहेरनन (History of Bengal, 9: ७৫৮)। পরমানন্দ অন্ত কোন শক্তির সহিত সন্ধিতে আবন্ধ হইবার স্বাধীনতা ছাড়িয়া দিলেন, কিন্তু পর্ত্তুগীজেরা অহুরূপ कान ठ्रक्टिष्ठ व्यावक रहेलन ना। छाटा रहेल प्रथा যাইতেছে যে, ওয়েলেদলির প্রায় আড়াই শ বছর পূর্বেই Subsidiary Allianceএর স্তরপাত হইমাছিল। ১৫৫৯ গ্রীষ্টাব্দের দদ্ধি হইতে আর একটি গুরুতর তথ্য জানা যায়। পর্ত্তরীজেরা প্রতিবংসর রাজা প্রমানন্দের চারথানি করিয়া বাণিজ্যপোতকে গোয়া, ওরমুজ ও মালাকায় ষাইবার জন্ম লাইদেশ বা অমুমতিপত দেন। ইহার দারা প্রমাণিত হয় যে, পর্গীকেরা এসব স্থানে যাইবার নৌপথের উপর এমন প্রভুত্ব স্থাপন করিয়াছিলেন বে, তাঁহাদের বিনা অনুমতিতে যেসৰ জাহাজ চলাফেরা করিত সেগুলি লুঠ হইবার আশহা থাকিত। বলা বাছল্য ইহার ফলে বান্ধালীদের বাণিজ্য অনেক পরিমাণে ব্যাহত श्हेग्राहिन।

আমাদের ব্যবদা-বাণিজ্যের প্রধান কেন্দ্র ছিল দপ্ত-গ্রাম। দপ্তগ্রামের বন্দরেও এ সময়ে নদী শুকাইয়া বাওয়ায় বড় বড় জাহাজের পক্ষে বন্দরে আদা অসম্ভব হইয়া পড়ে। ১৫৬৩ ঞ্রীষ্টান্দের পূর্ব্বেই এই দৈব ছব্বিপাক ঘটে, কেননা ঐ সালে সিজার ক্রেডরিক লেখেন বে, বেডড়ের চেয়ে আগে জার সপ্তগ্রামের দিকে পর্জুগীক্ষদের বড় জাহাজ ঘাইডে পারে না, কেননা নদীতে জল বড় কম থাকে। সেইজ্বল্য প্রতিবংসর জাহাজ আসার সময়ে বেতড়ে গ্রাম বদে; থড়ের চালায় দোকান বসান হয়। দিজার ফ্রেডরিক সপ্রগ্রামে বাইবার সময় এইরূপ সাময়িক গ্রামে বহু লোকজন, অসংখ্য জাহাজ ও বাজার (an infinite number of ships and bazars) দেখিতে পান; কিন্তু দেখান হইতে ফিরিবার পথে দেখেন যে, বেতড়ে কিছুই নাই, শুধু ঘরবাড়ী দোকান প্রভৃতির ভত্মাবশেষ আছে (History of Bengal, পৃ: ৬৬৫)। ইহার কারণ বঁই যে, জাহাজ চলিয়া গেলে যে যাহার ঘর পুড়াইয়া ফেলিড, দেখানে আর কিছুই থাকিত না।

বৈতড় হাওড়ার সালিখা ও কলিকাতার কাছাকাছি। কেননা, কবিক্ষণ বলেন—

> চিত্রপুর সালিখা সে এড়াইয়া যায়॥ কলিকাতা এড়াইল বেণিয়ার বালা। বেতড়েতে উতরিল অবদান বেলা॥

> > (পুঃ ১৬২)

সপ্তথাম হইতে বেভড় বেশ থানিকটা দ্ব বলিয়া পর্জ্বাজরাসপ্তথামের ছই মাইল পূর্ব্বে ব্যাণ্ডেলও হুগলিতে উপনিবেশ স্থাপন করেন। স্থার যহুনাথ সরকার বলেন বে, পর্জ্বাজেরা হিজলি (থড়গপুর) হইতে জাহাজ ভর্তিকরিয়া লবণ আনিয়া হুগলিতে নামাইত, সেই জ্বল্য ঐ স্থানে গোলা স্থাপিত হয়; পর্জ্বাজেরা গোলার পূর্ব্বে নির্দ্দেশবাচক (theর মতন) 'ও' বসাইয়া o-golin বলিত। তাহা হইতে ওগোলি বা হুগলি নামের উৎপত্তি হয় (History of Bengal, পৃ: ৩১৯)। সেইরূপ বন্দর হইতে ব্যাণ্ডেলের উৎপত্তি।

ক্রমে ক্রমে সপ্তগ্রামের বাণিজ্য হুগলিতে স্থানান্তরিত হয়। ১৬৩৩ খ্রীষ্টাব্দে পর্জুগীজ মিশনারী ফাদার কারাল লেখেন যে, হুগলিতে চীন, মালাক্কা, ম্যানিলা প্রভৃতি স্থান হুইতে বহু জাহাল আসিত এবং উত্তর ভারতের লোকেরা এবং মোগল, পার্যদিক, আর্মেনিয়ান প্রভৃতি সেখানে জিনিষ কিনিতে ঘাইত। হুগলিতে কেনাবেচার পরিমাণ কিক্লপ ছিল ভাহার ধারণা করিতে হুইলে জানা প্রয়োজন বে, শুধু হিদ্দলি হইতে আনীত লবণের উপর এক লক টাকা শুরু মুঘল সরকারকে দেওয়া হইত। ১৫৮৮ খ্রীষ্টাব্দে Fitch হুগলিকে পর্ত্তুগীজদের হাতে দেখিতে পান। ১৫৯৭ খ্রীষ্টাব্দে আইন-ই-আকবরীতে সপ্তগ্রামকেও পর্ত্তুগীজ-অধিকারভুক্ত বলা হইয়াছে।

ভগলিতে যে পর্জ্ গীঙ্কের। থাকিত তাহাদের মধ্যে অধিকাংশই ত্র্দান্ত গুণ্ডা প্রকৃতির। তাহারা গোয়ার পর্জ্ গীজ সরকারের নিকট দণ্ড পাইবার ভয়ে পলাইয়া হগলিতে আসিত। হুগলিতে তাহারা জাের করিয়া হিন্দু রমণীদিগকে ধরিয়া লইয়া নিজেদের কাজে লাগাইত। কেহ বা রাঁধিত, কেহ বা জামা সেলাই করিত, কেহ বা নাচগান করিত আর কেহ বা উপপত্নীরূপে থাকিত (অধ্যাপক তপনকুমার রায়চৌধুরী-কৃত Bengal under Akbar and Jahangir, পৃঃ ১৬৭)। হুগলি ও সপ্তার্থামের নিকটছ গঙ্গার উভয় তীরে পর্জ্ গীজেরা জমিজমা কিনিয়াছিল।

চট্টগ্রামের মগ ও আরাকানবাদীদের সঙ্গে মিলিত হইয়া পর্ত্ত গীব্দের। দাস-ব্যবসায় চালাইত। বাংলার নানা স্থান হইতে হতভাগ্য লোকদিগকে ধরিয়া আনিয়া ছগলি ও হিজ্ঞলিতে বিক্রয় করা হইত। যে সময়ে ভাহাদের আক্রমণের সম্ভাবনা থাকিত সে সময়ে বাংলার ষেসব গ্রাম তাহাদের পথে পড়িত সেখান হইতে লোকজন পলাইয়া যাইত। শুর যতুনাথ সাহিব্দিন আহমদ তালিস লিখিত বিবরণ হইতে দেখাইয়াছেন (J.A.S.B., ১৯০৬-৭) (4, "As these raids continued for a long time, Bengal became day by day more desolated. Not a house was left inhabited on either side of the rivers lying on the pirates' track from Chitagaon to Dacca. The prosperous districts of Bakla was swept clean with the broom of plunder and kidnapping, so that none was left to occupy any house or kindle a light in that region." পর্গীবেরা বধন চাটগাঁ হইতে আক্রমণ করিতে আদিত তথন তাহারা দক্ষিণদিকে ভূলুয়া

१८ বামদিকে সন্দীপ রাখিয়া ঢাকা হইতে প্রায় ত্রিশ মাইল দুরে সংগ্রামগড়ে পৌছিয়া তাহার পর গলা বাহিয়া ঘশোহর, হুগলি ও ভূষণা লুঠ করিত। অথবা ব্রহ্মপুত্র বাহিয়া বিক্রমপুর, সোনারগাঁ ও ঢাকা লুগন করিত। কখন কখন আরাকানীরাও লুঠনের জন্ম আসিত। তালিশ कि शिक्षा देवतियार विशियार क्षा (१: ১२२४-১२७) (य, আরাকানের মগ ও ফিরিলিয়া প্রায় দব দময়ই বাংলা লুঠ করিত। উহারা ষেদ্র হিন্দু বা মুদলমানকে ধরিতে পারিত, ভাহাদের হাতের চেটোতে ফুটা করিয়া তাহার মধ্যে বেত ঢুকাইয়া একসঙ্গে কতকগুলিকে বাধিয়া ভাহাজের খোলের মধ্যে রাখিয়া দিত। সকালবেলা তাহারা জাহাজের ডেকের উপর হইতে কাঁচা চাল ফেলিয়া দিত. যেন তাহার। মুরগিকে খাবার দিতেছে। তাহার। দাকিণাতো ইংবাক ও ফরাসীদের কাছে এ বন্দীদিগকে বেচিয়া দিত। কখন কখন বেশী দামে তমলুক ও বালেখরেও বিক্রয় করিত। ফিরিকিরাই ভুধু বন্দীদের বেচিত, মগেরা তাহাদিগকে লইয়া যাইয়া চাষ্বাদ করাইত অথবা চাকর বা রক্ষিতা-রূপে রাখিত (History of Bengal, পৃ: ৩৭৯)।

গকানাগবের সক্ষমে যে সহর ছিল তাহা পর্তুগীজের।
ধ্বংস করিয়া ফেলে বলিয়া আমার বিশ্বাস। ছগলির
পতনের পর ভাহারা সাগরবীপে পলায়ন করে, সেধানে
ভাহারা গোয়া ও দিয়ালা হইতে প্রেরিত ভাহাদের জাহাজে
চড়ে (History of Bengal, পৃ: ৩২৭)। সাগরসক্ষমে
বছ প্রাচীন কাল হইতে একটা ভীর্থস্থান ও বাণিজ্যকেন্দ্র
ছিল। ভাঃ দীনেশচন্দ্র সরকার দেখাইয়াছেন (১৯৪৭
বীটান্দের History Congressএর Proceedings,
পৃ: ১১-১৮) পেরিপ্রাদের বিবরণে পাওয়া যায় যে সাগরসক্ষমে একটি গঞ্জ ছিল যেখানে মণিম্কা ও স্কর্মর মসলিন
বিক্রয় হইত। বাংলা দেশে একটা মাত্র ভীর্থস্থান ছিল,
বেখানে সকল ভারতবর্ষের লোক ভীর্থস্থানায় আসিত
—সেটা হইতেছে এই সাগরসক্ষম। মহাভারতের বনপর্ব্বে
(৩৮৫16-৫), কৃর্মপুরাণে ও অলবেক্সনির বিবরণে (১০২০
গৃঃ, ২৬১ পৃঃ) এইখানকার ভীর্থ ও সহরের বর্ণনা আছে।

মধ্যযুগের বিভাপতির গলাবাক্যাবলীতেও এই তীর্থের
মহিমা বণিত হইয়াছে। কিন্তু ফিরিলিদের ল্টপাটের
ফলে ইহার অবনতি ঘটে। লোকে সাহস করিয়া গলাসাগরে স্থান করিতে আসিত না। তারপর সম্প্রত
সহরটীকে গ্রাস করিয়া ফেলে। ১৮৪১ খ্রীষ্টাব্দের Friend
of India (পৃ: ৭১) তে দেখা যায় সাগরসঙ্গমতীর্থ এক
মাইল লম্বা ও সিকি মাইল চওড়া বালুকান্তৃপে ও জঙ্গলে
পরিণত হইয়াছে। এখানকার কপিলম্নির মন্দির দেখিয়া
ঐ প্রিকার সংবাদদাতা বলিয়াছেন, এখনও ভাটার
সময় দেখা যায় এখানে এক বিশাল মন্দিরের ধ্বংসাবশেষ
আছে। তিনি ৪০০ বা ৪০৭ খ্রীষ্টাব্দের এক শিলালিপিও
দেখিয়াছিলেন।

যোড়শ শতাব্দীর শেষার্দ্ধে ও সপ্তদশ শতকের প্রথম পাদে মগ ও ফিরিঙ্গিরাই শুগু বাংলার শান্তি নষ্ট করে নাই। পাঠান ও মুঘলদের যুদ্ধেও বাঙ্গালীদের ধনপ্রাণের যথেষ্ট ক্ষতি হইয়াছে। স্থববংশের পতন ও দিতীয় পানিপথের যুদ্ধের পর পাঠানেরা উত্তর ভারতের অক্সান্ত স্থান হইতে বিভাডিত হইয়া বাংলা ও আদানের বিভিন্ন জায়গায় জমিদাররূপে বদবাদ করে। তাহারা নিজেদের স্থাস্থবিধার জন্ম প্রজাদের উপর নানা রক্ষের জুলুম চালাইত। ১৫৬৫ হইতে ১৫৭২ এটাক প্রয়ন্ত হলেমান কররানি থানিকটা শান্তি-শৃঙ্খলা রক্ষা করিতে সমর্থ হইয়াছিলেন বটে, কিন্তু ১৫৬৫ বা তাহার হুই তিন বছর আগে উড়িয়ার রাজা মুকুলদেব, যিনি ১৫৬০-৬১ औद्दोर्स সিংহাদনে অধিব্যাহণ করেন, বাংল। আক্রমণ করিয়া সপ্তপ্রাম পর্যান্ত আদেন এবং তথায় একটা ঘাটি তৈয়ারী করেন। সম্ভবত: ইহারই পান্টা আক্রমণ হিদাবে ञ्चलमान कत्रवानि ১৫৬৮ औष्टोरम बाक् वा कानाभाहाफ নামে তাঁহার কুখ্যাত দেনাধ্যক্ষকে লইয়া উড়িয়া আক্রমণ करतम । अगनात्थर विशहनह अनः था ८ नवानवीत पृष्टि हुन-বিচূর্ণ করা হয় এবং যেদব স্ত্রীলোক প্রাণভয়ে পুরীর মন্দিরে व्याद्धिय नहेबाहिन छारामिनाक वन्नो कविया व्याना रुव। হুলেমান করবানি ষ্থন মনের হুখে উড়িয়া জয় করিতেছেন, ্ষেই সময়েই (১৫৬৮ এটান্ধে) কুচবিহারের বিভীয় নুপতি

রাজা নরনারায়ণ স্থলেমানের বাংলা রাজ্য আক্রমণ করেন। উড়িয়াজয়ের পর্ কালাপাহাড় যে তাহার মৃর্ডিধ্বংসের স্পৃহা বাংলা দেশে মিটাইয়াছিল তাহা অহুমান করা কঠিন নহে। ১৫৭৪ খ্রীষ্টাব্দে দাউদের পতনের পর তাহাকে আমরা থোরাঘাটে (দিনাজপুর-বগুড়া) দেখিতে পাই।

স্থলেমানের মৃত্যুর পর (১৫৭২, অক্টোবর) তাঁহার বড় ছেলে বায়জিদ কয়েকদিন ও তাঁহার জামাতা হানুস্থ দিন-কয়েক রাজত্ব করেন। উভয়েই নিহত হন। তারপর ু তাঁহার ছোট ছেলে দাউদ সিংহাসনে অধিরোহণ করেন। কিন্তু দাউদের ভ্রাতৃষ্পুত্র বিহার অধিকার করার সঙ্গে मल्य युक्त वाधिया (श्रंग । এই ममर्य (१४१८, व्यागेष्टे) আকবর গুজরাট-জয় শেষ করিয়া পাটনায় আদিলেন। মুঘলের। পাটনা অধিকার করিয়া একে একে স্থবজগড়, মুঙ্গের, ভাগলপুর, কহলগাঁ হস্তগত করিলেন। তারপর স্থানীয় জমিদারদের সাহায্যে রাজমহল পাহাড পার হুইয়া বাংলার তদানীস্তন রাজধানী তালায় (মালদহ (क्ला) व्यामिर्ल : ১৫ 9৫ थ्रीष्ट्रीरकत मार्फ मारम मार्डेम পরাজিত হইয়া সপ্তগ্রামের ভিতর দিয়া উডিয়ায় পলায়ন করিলেন। আফগান সেনানীদের অনেকে বাংলার দক্ষিণ ও উত্তর-পূর্ব্ব অংশে ছড়াইয়া পড়িলেন। দাউদের প্রধান অমাত্য গ্রীহরির ছেলেই স্থপ্রসিদ্ধ প্রতাপাদিতা। ১৫৭৬ औद्योद्यत जुलाई मार्ग ताजमहरलत गुरक नाउन পরাজিত ও নিহত হইলে বাংলা দেশ আকবরের সামাজাভুক্ত হইল।

কিন্ত বাংলা দেশে শান্তি স্থাপিত হইল না। আকবরের প্রতিনিধি থান-ই-জাহান (১৫৭৫-৭৮) সপ্তগ্রামে পাঠানদের সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন। দাউদের মা ধনরত্বসহ মূর্শিদাবাদের উত্তরে আগ্রসমর্পণ করিলেন। তাঁহাকে ভাওয়ালে পাঠানদের সঙ্গেও এগার-সিন্দুরে ইসা থার সঙ্গেও যুদ্ধ করিতে হইয়াছিল। তাঁহার মৃত্যুর পর বাংলা দেশে মৃঘলেরা বাংলার সঞ্চিত ধনরত্বের লোভে পরস্পরের মধ্যে কলহ ও বিবাদ করিতে লাগিলেন। ১৫৮০ গ্রীষ্টালের প্রথম দিকে তাঁহারা আকবরের বিক্লছে বিজ্ঞাহ করেন। ১৫৮০ পর্যন্ত এই বিজ্ঞাহের জ্বেচ লিভে থাকে। এই

সময়ে বাকালীদের ধনগম্পত্তি বে অত্যন্ত বিপন্ন হইয়াছিল সে কথা না বলিলেও চলে। কিন্তু সোভাগ্যের বিষয়ে বে, ভাল রান্তাঘাট না থাকায় বিজ্ঞোহীরা কিংবা পাঠান সেনানীরা বাংলার কোন কোন অংশের—বিশেষতঃ রাঢ়ের—পল্লী অঞ্চলে পৌছিতে পারেন নাই।

শাহেবগঞ্জের কাছে তেলিয়াগঢ়ি ও মকরগলির ভিতর দিয়া একটা রান্ডা ছিল। আর বর্দ্ধনান হইতে সপ্তগ্রাম ও তাহার দক্ষিণ-পশ্চিমে গঢ় মন্দারণ (আরামবাগ) হইয়া কটকে যাইবার একটা বনপথ ছিল। উত্তর ভারত হইতে বাংলা বা বাংলা হইতে পশ্চিমে যাতায়াত করিতে হইলে দিনাজপুর-মালদা হইয়া গঙ্গার উত্তর তীর ধরিয়া হাজ্ঞীপুর, ছাপড়া, জৌনপুর দিয়া যাওয়া সহজ্ঞ ছিল। সনাতন গোস্বামী যথন গৌড় হইতে বৃন্দাবনে পলাইয়া যান, তথন হাজ্ঞীপুর হইয়া গিয়াছিলেন (চৈ. চ., ২।২৭।৩৬)। এইসব রাস্তার তুইধারে যেসব গ্রাম ছিল, সেধানকার জীবনযাত্রা যুদ্ধ-বিগ্রহ ও অরাজকতার সময় তুর্বহ হইয়া উঠিত।

১৫৮৪ এটাকে স্বেদার শাহাবাজ থান বিক্রমপুরে
ইসা থাকে আক্রমণ করেন, কিন্তু হুই বছর যুদ্ধ করিয়াও
কোন হায়ী স্থফল লাভ করিতে পারেন নাই। ১৫৮৭
এটাকে আক্রমন নৃতন শাসনপ্রণালীর প্রবর্তন করিয়া
প্রত্যেক স্বায় দিপাহ সালার ও তাঁহার সহকারী, দেওয়ান,
বন্ধী, কাজী, সদর, কোতোয়াল প্রভৃতি নিযুক্ত করেন।
কিন্তু এই ব্যবস্থার ফলেও ১৫২৪ এটাক্ষ পর্যন্ত বাংলায়
যুদ্ধবিগ্রহ বিনুমাত্র হাস পায় নাই।

১৫০০ প্রীষ্টান্দের এপ্রিল মাদে বিহারের শাদনকর্ত্তারূপে
মানিসিংহ পাঠানদের হাত হইতে উড়িয়া জয় করিতে
অগ্রদর ন। তাঁহার পুত্র জগংসিংহ ভাগলপুর হইতে
বর্জমান ও দেখান হইতে জাহানাবাদ বা আরামবাপে
পৌছেন। পাঠানেরা দেখান হইতে প্রায় পঞ্চাশ মাইল
পশ্চিমে বিরাট দৈল্লদ সমাবেশ করে। ১৫০০ প্রীষ্টান্দের
২১শে মে জগংসিংহ পাঠানদের বারা আক্রান্ত ও আহত
হন। বিষ্ণুপুরের রাজা বীর হাষীর তাঁহাকে আশ্রম দিয়া
তাঁহার জীবন রক্ষা করেন (History of Bengal,



শৃঃ ২০৮)। ইহার প্রতিশোধ লইবার জ্বন্ত সম্ভবতঃ পরের ধংসরই পাঠানেরা বীর হাতীরকে আক্রমণ করেন।

১৫৯৪ খ্রীষ্টাব্দের ৪ঠা মে মানসিংহ বাংলার শাসনকর্ত্তা নিযুক্ত হন। তিনি ১৫৯৫ খ্রীষ্টাব্দের শেষভাগে ইসা খাঁর সঙ্গে যুদ্ধ করিতে খান। থাজা স্থলেমান লোহানি ও কেদার রায় ভূষণা অধিকার করিয়া লইয়াছিলেন। ১৫৯৬ बीहोत्कद जूनमात्म উटा रक्त मूचन-অधिकादज्ङ ट्य। **এই** घটनाর **अ**ह्न करम्रक निन भरत वर्शकारन मानिभःश গুরুতর ভাবে পীড়িত হন। সেই স্থবোগে ইদা থা, মাস্তম থা কাবুলি প্রভৃতি তাঁহার বাসস্থান খোরাঘাটের ২৪ মাইলের মধ্যে উপস্থিত হন। ১৫৯৭ এটিান্দের সেপ্টেম্বর মাদে ইহারা মুঘল দেনাদলকে বিক্রমপুরের নিকটে ঘিরিয়া ফেলিয়া মানসিংহের পুত্র ফুর্জনসিংহকে নিহত করেন ও অনেককে বন্দী করেন। তার পর ইসা থা অবশ্য আকবরের व्यथीन जा कीकांत्र करवन। ১৫२৮ औष्टोर्स मानि निश्र हूंगी লইয়া আজমীরে যান, তাঁহার পুত্র জগংদিংহ প্রচুর মতপান করার দরুণ অক্টোবর মাদে মৃত্যুম্থে পতিত হন এবং জ্বপংসিংহের অল্পবয়স্ক পুত্র মহাসিংহ মানসিংহের প্রতিমিধিরূপে বাংলা শাসন করিতে আসেন। এই স্থবোগে উদ্মান প্রভৃতি পাঠানের৷ ১৬০০ থ্রীষ্টাব্দের এপ্রিল মাসে বিজ্ঞাহ করিয়া মহাসিংহকে পরাজিত করেন ও উত্তর উডিক্সা দখল করিয়া লন। এইসময় বিদ্রোহীদের **मक्टि युव वृद्धि शाहेग्राहिल। ১७०১ औद्यो**टल मानिनःइ ষ্কের বাংলায় আসিয়া বিদ্রোহীদিগকে দমন করেন। তিনি ষ্থন পূর্ববৃদ্ধে কেদার রায়কে আকবরের পক্ষে আনিতে চেষ্টা করিতেছিলেন, সেই সময় জালান থা নামক পাঠান मानमर ও আক্রা লুঠ করেন। মানসিংহ অনেক দৈত্ত লইয়া তাঁহাকে পরাজিত করেন বটে, কিন্তু ভার পরই তাঁহাকে পূর্ণিয়ায় বিজ্ঞোহ দমন করিতে বাইতে হয়। अमिक উनमान उन्मभुख भात हहेग्रा मग्रमनिः रहत मूचन ধানাদারকে ভাওয়ালে বিভাডিত করেন। মানসিংহ ভাড়াভাড়ি ঢাকা হইতে বাইয়া তাঁহাকে পরাজিত করেন। ভাব পরই ভাঁহাকে ইসা খাঁর পুত্র মূসা খাঁ ও কেলার বাবের বিরুদ্ধে সৈম্ভ প্রেরণ কবিতে হয়—কেননা তাঁহারা

মুঘল-শক্তি উৎথাত করিবার জন্ত জোট বাঁধিতেছিলেন।
এই সময়েই একদল আরাকানের জলদন্ম ঢাকার নিকটন্থ
নদীতে প্রবল উপত্রব আরম্ভ করে। তাহাদের ভয়ে
ঢাকার মুঘল সেনাপতি পলায়ন করেন। কেদার রায়
মগদের সহিত যোগ দিয়া শ্রীনগরে মুঘলদিগকে আক্রমণ
করেন। বিক্রমপুরের নিকট যুদ্ধে তিনি বন্দী হন।
কেদার রায়ের মৃত্যুর পর মানসিংহ ফের উদমানকে দমন
করিতে অগ্রসর হন।

এ যুগে মুঘলের। কেমন শান্তি প্রতিষ্ঠা করিয়াছিলেন তাহার নম্না দেখাইবার জ্ঞা সর্বশ্রেষ্ঠ মুঘল দেনাপতি ও শাসনকর্তা মানসিংহের শাসনকালের একটু বিস্তৃত বিবরণ দিলাম।

১৬০৮ হইতে ১৬১৩ খ্রীষ্টাব্দের মধ্যে বাংলার শাসনকর্ত্তা ইদলাম থা মুঘল-শাদন স্প্রতিষ্ঠিত করিবার জন্ম খুব চেষ্টা करत्रन। ১৬০৮ औष्टोरम वीत्रज्ञम, नशक्ति ७ शिकनित्र জমিদারের। পুনরায় বশুতা স্বীকার করেন। ১৬০১ গ্রীষ্টাব্দে ভূষণার সত্রঞ্জিৎ, ১৬১১ গ্রীষ্টাব্দে মুদা থাঁ ও ১৬১২ খ্রীষ্টাব্দে প্রতাপাদিত্য পরাজিত হন। ইহার পর মুঘল-শাসন বড় বড় সহরে, করতোয়ার দক্ষিণতীরে অবস্থিত খোরাঘাট (রংপুর), ময়মনসিংহ জেলার সেরপুর, ভাওয়াল, এগার সিন্দুরের অপর পারে টোক, নারায়ণগঞ্জের নিকট ত্রিমোহানি প্রভৃতি কয়েকটি থানায় স্থপ্রভিষ্ঠিত হয়। ভার যত্নাথ বলেন—"The effective control of the Mughal Emperor was, however, confined to the very narrow limits, and did not stretch far beyond the capital city and the few fortified posts set up by the imperial faujdars throughout the country" (History of Bengal, পৃ: ২৩৫)। শাস্থির উলিবিড নমুনা ও রাজশক্তির এই অবস্থা সত্ত্বেও শুর বতুনাথের স্থায় ঐতিহাদিক আমাদের আলোচ্য যুগের নবজাগরণকে মুগল শাসনের স্ফল বলিয়া উল্লসিড হইয়া লিখিয়াছেন: "The renaissance which we owe to English rule early in the 19th century had a precursor

-a faint glimmer of dawn no doubt-two hundred years earlier. These were the fruits, the truly glorious fruits of Mughal rule" (History of Bengal, পৃ: ১৮৯)। অবশ্য তিনি নিক্ষেই অ্যাত্র এই উক্তির বিপরীত কথাও বলিয়াছেন -"The renaissance was the work of the people themselves" (এ, পু: ২২৩)। ১৫৭৫-৭৬ খ্রীষ্টাব্দে বাংলা দেশ আকবর কর্ত্তক নামে মাত্র বিজিত হুওয়ার একমাত্র স্থফল এই দেখিতে পাই যে: রাচ অঞ্চলের বৈষ্ণবেরা অবাধে বুন্দাবনে যাতায়াত করিতে পারিয়া-ছিলেন, কেননা পাটনার পশ্চিম হইতে মথুরা পর্যান্ত ভূ-ভাগের মধ্যে রাজনৈতিক শান্তি ছিল। তাহার ফলে শ্রীজীব গোস্বামীর নিকট মাঝে মাঝে গোবিনদাদের পদাবলী প্রেরণের স্থবিধা হইয়াছিল: শীলীবের পক্ষেত সাধনভজন সম্বন্ধ নরোত্তম, রামচন্দ্র কবিরাজ, গোবিন্দাস প্রভৃতিকে উপদেশ দিয়া পত্র লেখা সম্ভব হইয়াছিল এবং বুন্দাবনের গোহানীদের রচনা অতি সত্তর গৌড়দেশে পৌছিতে পারিয়াছিল। অন্ততঃ ১৫১৬ পর্যান্ত মুঘল সাম্রাজ্য অন্ত কোন বকমে বাংলার সাংস্কৃতিক পুনরুজ্জীবনে সাহায্য করিয়াছিল বলিয়া মনে করিবার কোন সঙ্গত কারণ দেখি না।

দপ্তদশ শতাকীর প্রথম পাদ পর্যন্ত বাংলা দেশের বিভিন্ন স্থানে প্রাচীন ও নবীন রাজবংশ, তথাকথিত বারভূইয়া ও ছোটবড় অনেক জমিদারের শাসন অব্যাহত ছিল। বনবিফুপুরের রাজবংশ খ্রীষ্টীয় দপ্তম শতাকীতে মল্লাক্ষ প্রবর্ত্তন করেন। ত্রিপুরার মাণিক্যবংশও থ্ব প্রাচীন। এই বংশের রাজা অমরমাণিক্য ম্ঘল-অধিকার স্থাপনের প্রথম দশ বংসরের মধ্যে (১৫৭৭-৮৬) ভূল্য়া, বাকলা ও খ্রীষ্ট আক্রমণ করেন। ১৬১৮ খ্রীষ্টাব্দে ঘশোমাণিক্যের রাজ্যকালে ত্রিপুরা স্বাধীনতা হারায়। ত্রিপুরার দক্ষিণে আরাকান রাজ্যে স্থাধীন রাজাদের পৃষ্ঠপোষকভায় এক নৃতন বাংলা সাহিত্য রচিত হইভেছিল।
কুচবিহারের রাজারা পশ্চিমে করভোয়া হইতে পূর্বের স্থোশ পর্যন্ত বিস্তীণ ভূভাগের উপর রাজ্য্ব করিতেন।

১৬০৯ থ্রীষ্টান্দে তাঁহারা ম্ঘলের বছাতা খীকার করেন।
ময়মনসিংহ জেলার স্থাদের রাজ্যংশও প্রাচীন। স্থাদের
রাজা রঘুনাথ ও ভ্রণার রাজা সত্তজ্ঞিং জাহাজীরের
রাজ্যকালে ম্যা থাঁর বিরুদ্ধে ম্ঘলদের সাহাষ্য করেন।
ম্যা থা স্থান্ধ ছাড়া সমগ্র ময়মনসিংহ, ঢাকার অর্দ্ধেক ও
ত্তিপুরার কিয়দংশের উপর রাজ্য করিতেন। তাঁহাকে
ভাওয়ালের বাহাত্র গাজী, ত্তিপুরা জেলার সরাইলের
স্থনা গাজী, সরাইলের উত্তরে মাতকের পালোয়ান,
হবিগঞ্জের আনোয়ার থান, থলসির জ্মিদার মধু রায়,
চাঁদ প্রতাপের জ্মিদার বিনোদ রায় প্রভৃতি সাহাষ্য
করিতেন।

ভূলুয়ায় রাজা লক্ষণমাণিক্য, বাকলায় রাজা রামচক্র ও যশোহরে তাঁহার শশুর রাজত করিতেন। পশ্চিমবঙ্গের জমিদারদের মধ্যে পাচেটের সামস্ থা, হিজ্ঞলির সালিম থা, বর্ত্তমান মেদিনীপুর জেলার অন্তর্গত চক্রকোণার বীরভান বা চক্রভান, বড়দাও অকড়ার দলপতের নাম উল্লেখযোগ্য। ইহাদের সকলের চেয়ে প্রসিদ্ধ হইয়া আছেন মেদিনীপুর জেলার আড়রার রাজা রঘুনাথ, যাহার পৃষ্ঠপোষকভায় কবিকত্বণ চত্তীমঙ্গল রচনা করেন। শুর ঘত্নাথ পুটিয়ার রাজবংশের আদিপুরুষ পীভাষর, তাঁহার লাতৃপুত্র অনস্ক ও পুটিয়ার দক্ষিণ পূর্বের আলাইপুরের ইলাবক্সকেও ঐ যুগের জমিদারদের মধ্যে উল্লেখ করিয়াছেন।

রাজা জমিদাবেরা শুধু যে মুঘলদের বিরুদ্ধে লড়িভেন তাহানহে, নিজেদের মধ্যেও তাঁহারা মারামারি করিভেন। তাঁহাদের বিলোহ ও পরস্পরের মধ্যে যুক্ষবিগ্রহে প্রজাদের প্রাণাস্ত হইত। ১৫৮৭ খ্রীষ্টাব্দে Ralph Fitch বাংলা পা দর্শন করিয়া লেখেন যে, উত্তর ভারত হইতে বাংলায় আসিবার পথ চোর-ভাকাতে ভর্ত্তি আর্বাংলা দেশে অনেক বিলোহী। ১৬১৬ খ্রীষ্টাব্দে শুর টমাস রো ও স্থ্রাতের কার্থানার কর্মচারীরা স্থির করেন যে, বাংলা দেশে এত বেশী হালামা চলিভেছে বে সেখানে কার্থানা না খোলাই ভাল। নির্ক্তা নাথান বাহারিস্তানে লিখিয়াছেন বে, তাঁহার ভাই সুবাদ

ৰশোহরের যুদ্ধের সময় চার হাজার যুবতী ও বুদ্ধাকে উলক করিয়া বন্দী করিয়া লইয়া যান।

এ तक्य कथा अभिग्ना कवि शीविन्ननाम यनि निष्कत পদ হইতে প্রতাপাদিত্যের নাম হটাইয়া দিয়া থাকেন. ভাহা হইলে দোষ দেওয়া যায় না। মুঘল-শাসন স্থাপিত হইবার পরও ইব্রাহিম খানের শাসনকালে (১৬১৭-২৪) পর্ত্ত গীব্দেরা অতি অল্প সময়ের মধ্যে ১৫০০ নর ও নারীকে वसी कविया नामकाल विक्य कविवाद अन्त नहेया यात्र। যশোহরে ষাইবার পথে কোন লোকালয় ছিল না এবং কোন বণিকও যাতায়াত করিত না—"There was neither any inhabited place, nor any traffic of merchants on the route of Jessore" (Bengal under Akbar and Jahangir, %: 80)। এইরূপ অশাস্তি ও অত্যাচার হইতে রাচের অভ্যন্তরভাগ वका भारेशाहिल। जारांत अधान कात्र प्रहेंगे-अथम, जे অঞ্লে জ্বলপথে বা স্থলপথে এমন ভাল বান্তা ছিল না ' यादा निया मूचन-পाঠानरान्त्र रिन्छन्न वा फितिकीरान्त्र कन-দক্ষ্যবা যাতায়াত করিতে পারে। দ্বিতীয়তঃ, এই অঞ্লে কোন বড় জমিদার ছিল না। গ্রামগুলি অনেকটা স্বয়ং-मुल् हिल। बार्एव भन्नी व्यक्ष्टलव कीवनशादांद अनानी খুব দাধাদিধে। দেখানে অভাববোধ কম। তাই এহেন যুগেও দেখানকার লোকের পক্ষে কাব্যচর্চ্চায় মনোনিবেশ করা সম্ভব হইয়াছিল।

আমরা বেদব কবিকে গোবিন্দদাদের সমদাময়িক বিলিয়া উল্লেখ করিয়াছি, তাঁহাদের মধ্যে ছিজ বংশীদাদ ও চন্দ্রাবতী ময়মনিদিংহের, কালিকামঙ্গলের কবি গোবিন্দদাদ চট্টগ্রামের ও কবি বল্পভ বগুড়ার করতোয়াতীরের লোক। আর বাকী দব কবি নবছীপের একশত মাইলের মধ্যে জন্মগ্রহণ করিয়াছিলেন। নবছীপ ছিল এই যুগের সংস্কৃতির প্রাণকেন্দ্র। শুরু বৈষ্ণব কবিয়া নহেন, স্থায়, স্থৃতি ও ভেম্বর পণ্ডিতেরাও নবছীপ হইতে অম্প্রেরণা লাভ করিতেন। স্মার্ভ রঘ্নন্দন, রামভত্র ও জগদীশ তর্কালয়ার নবছীপের লোক। কাশীরামদাদ ও তাঁহার জ্ঞালা কৃষ্ণদাদ ও গ্রাধ্বদাদের বাড়ী নবছীপ হইতে

২৫ মাইল দূরে ইন্দ্রাণী পরগণার সিদ্ধি গ্রামে। যোড়শ শতান্দীতে কাটোয়া অপেক্ষা ইন্দ্রাণীর নাম বেশী প্রসিদ্ধ ছিল। নিমাই বলিতেছেন—

ইন্দ্রাণী নিকটে কাটোয়া নামে গ্রাম। চৈ. ছা.. ২া২৬

ক্ষণাস কবিরাজের জন্ম নবদীপ হইতে প্রাত্তিশ মাইল ও কাটোয়া হইতে দশ মাইল দ্বে ঝামটপুরে। শ্রীনিবাস আচার্য ও গতিগোবিন্দ থাকিতেন কাটোয়া হইতে তুই মাইল ও শ্রীথণ্ড হইতে তিন মাইল দ্বে যাজিগ্রামে। শ্রীথণ্ড রায়শেখরের গুরুস্থান এবং বহু কবি ও ভক্তের বাসস্থান। কাটোয়ায় এই সময়ে আর একজন কবি থাকিতেন, তিনি হইতেছেন দাস গদাধরের শিগ্র যত্নন্দন চক্রবর্তী।

রামচন্দ্র কবিরাজ, গোবিন্দদাস ও তাহার পুত্র দিবাসিংহ থাকিতেন নবদীপ হইতে প্রায় আশী মাইল উত্তরে ভগবানগোলা হইতে দক্ষিণ-পশ্চিমে এক মাইল দুরে তেলিয়াবুধুরি গ্রামের পশ্চিম পাড়ায়। জীনিবাস আচার্য্যের শিশ্য কর্ণপুর কবিরাজ (যাঁচার সম্বন্ধে নরহরি চক্রবর্ত্তী লিথিয়াছেন, 'শুনি তাঁর কাব্য কেহো হইতে নারে স্থির'—ভক্তিরত্বাকর, ১০৷১৩৭) বুধুরির নিকটে বাহাত্র-পুরে থাকিতেন। শ্রীনিবাদের আর একজন শিয়া বংশী-দাস চক্রবর্ত্তী, যিনি সম্ভবতঃ শুধু বংশী ভণিতা দিয়া পদ রচনা করিতেন-বাহাত্বপুরের অধিবাসী। নৃসিংহ কবিবাজের বাড়ী ঝামটপুরের কাছেই—বাজারদোহু টেশন হইতে এক মাইল দূরে কাঞ্চনগড়িয়া (কান্দী মহকুমা)। গোবিন্দলীলামৃত, বিদগ্ধমাধব, কৃষ্ণকর্ণামৃত প্রভৃতির অহুবাদক যত্নন্দ্ৰদাদের বাড়ী কাটোয়া হইতে তের মাইল দূরে বর্দ্ধমানের কেতৃগ্রাম থানার অধীন (আমোদপুর-कारिया दिन नाहराने वामकी वनभूत रहे भरने निकर्ष) কাদড়া গ্রামে, যেথানে স্থাসিদ্ধ জ্ঞানদাসের আবির্ভাব হইয়াছিল। নরোত্তম ঠাকুর বুধুরির খুব কাছেই থেভরিতে থাকিতেন। ভগবান্গোলা হইতে ১২ মাইল मृद्य नाना शांना घाँछ। स्थारन ष्टी माद्य भन्ना नमी भाव হইলে গোদাগাড়িব পর প্রেমডলি পৌছানো যায়। খেডরি

প্রেমতলি হইতে মাত্র তুই মাইল দুরে। এখন বুধুরি
মূর্শিদাবাদ জেলায় ও খেতরি অন্য রাষ্ট্রের রাজ্ঞদাহী
জেলায়। গোবিন্দ চক্রবর্তী প্রেমতলির পরের স্থীমার
টেশন পাতিবোনা হইতে চার মাইল দুরে বোরাকুলি
গ্রামে থাকিতেন। বীর হাম্বীর ও বল্লবীকান্ত কবিরাজ
বনবিষ্ণুপুরে বাদ করিতেন। কবীক্র গোকুলানন্দ পঞ্চকোটের অন্তর্গত দেরগড়ে থাকিতেন। রায় বদস্তের
বাড়ী ঠিক কোথায় ছিল জানা যায় না। তবে তিনি যথন
নরোত্তম ঠাকুর মহাশয়ের শিশ্য এবং

'শ্রীনরোত্তমের গোড় ব্রঙ্গ উৎকলেতে। গমনাগমন কিছু বর্ণিলেন গীতে॥' ভক্তিরত্বাকর, পুঃ ৪১৫

তথন তাঁহাকে থেতরি ও বুধ্বির কাছাকাছির লোক বলিয়া ধরা মাইতে পারে। উলিথিত গীত এখনও আবিষ্কৃত হয় নাই।

তাহা হইলে দেখা যাইতেছে যে, মোটাম্টি
নবদীপের একশান মাইলের ব। কাটোয়ার ৭৫ মাইলের
মধ্যে এ যুগের দকল কবিরই উদ্ভব হইয়াছিল। শিবানন্দ
দেনের পুত্র কবিকর্গপুরকে গোবিন্দদাদের দমদাময়িক
তবে বয়দে কিছু বড় বলা যায়। তিনি ১৫৭৬ প্রীপ্তান্দে
'গৌরগণোদ্দেশদীপিকা' লেগেন বটে, কিন্তু তাঁহার
অস্ততঃ ৩৫ বংদর পূর্কে 'শ্রীচৈতগুচরিতামৃত' মহাকাব্য
রচনা করেন। তাঁহার বাড়ী কাঁচড়াপাড়া—নবদ্বীপ
হইতে ৪১ মাইল দ্রে। স্তরাং কবিকর্গপুরকে
আমরা দপ্তগ্রামের দহরতলীর বাদিন্দা বলিতে পারি।
গোবিন্দদাদের যুগে দপ্তগ্রামে মাধ্বাচার্য্য বাদ করিতেন।
মুকুন্দরাম বর্দ্ধমানের দাম্প্রার লোক, কাব্য লেখেন
নাড়াজোলের উত্তরে আরড়ায় বদিয়া।

আমাদের আলোচ্য যুগে পাঠানেরা রাজ্য ও বড় বড় রাজা-জমিদারেরা ধনপ্রাণ হারাইলেন দেখিয়া নরোত্তম ঠাকুর মহাশয় লিখিয়াছিলেন—

বাজার যে রাজ্যপাট ধেন নাট্যার নাট দেখিতে দেখিতে কিছু নয়।
(প্রেনড্ডিচঞ্জিকা) বণিকের ঐশব্যও এ যুগে রাজাদের প্রতাপের মত কণস্থারী হইয়াছিল। মুকুদরাম বলেন—

> সপ্তগ্রামের বেণে সব কোথাও না যায়। ঘরে বস্তে স্থুথ মোক্ষ নানা ধন পায়।

হঠাৎ সপ্তগ্রামের বণিকেরা এমন অলস হইল কেন ? তাহার প্রধান কারণ জলপথের বাণিকা পর্বাীঞ্চের অত্যাচারে অত্যস্ত বিপৎসঙ্গুল হইয়াছিল। পর্ত্তুগী**জদের** বন্দর ছগলিই বেচাকেনার প্রধান বন্দর হইয়াছিল। স্থতরাং সপ্তগ্রামের বণিকেরা বিদেশে বাণিজ্ঞা করিতে যাইয়া সর্বস্বান্ত হওয়া অপেকা ঘরে বদিয়া ফড়েগিরি করিয়া যাহা পাইতেন তাহাতেই সম্ভুষ্ট থাকিতেন। কিন্তু ধনপতি সদাগবের মত তুঃসাহসিক বণিকও তথন বাংলা দেশে কিছু কিছু ছিল। ১৬০২ খ্রীষ্টান্দে Pyrard de Laval Maldivis বহু বাঙ্গালী বণিককে কডি ও নারিকেলের দডির জিনিষপত্র কিনিতে দেখিতে পান (Bengal under Akbar and Jahangir, পৃ: ৬৪)। স্তবাং সিংহলে ধনপতির বাণিজ্য করিতে যাওয়া কবি-পর্ত্ত গীন্ধদের ইতিহাস হইতে নহে। জানা যায় যে, বাংলা হইতে খাল্ড ব্যানিয়মিভভাবে বিক্রয়ের জন্ম দিংহলে যাইত। কিন্তু বান্ধালী বণিকদের ছদিন ঘনাইয়া আদে। ইংরাজ কৃঠিয়ালদের কাগঞ্পত্ত হইতে দেখা যায় যে, সপ্তদশ শতাকীর প্রথমে বান্ধানীরা নৌকায় করিয়া কার্পেট লইয়া মছলিপভ্তনে বিক্রয় করিতে যাইবার সময় পর্ত্ত্রীজেরা ঐগুলি ধ্বংস করিয়া **८** एस । उँ । इंदि । ५२२ औहो स्मित्र भे खे हहे एक **भवशे** হওয়া যায় যে, ১৬২০ এটিাকে যে রেশম বাংলা হইতে পাঠানো হয় তাহা পর্ত্ত্রীজেরা দখল করিয়া লয়।

কাশিমবাজারে প্রচুর-পরিমাণ রেশম তৈয়ারী হইত।
১৬৬৬ খ্রীষ্টাব্দে বেনিয়ার লিথিয়াছেন যে, ওলনাজনের
কাশিমবাজারের রেশমের কুঠিতে সাত আট শত বাজালী
রেশম তৈয়ারীর কাজে নিযুক্ত ছিল; ইংরাজ এবং অক্তান্ত
বণিকেরাও অহুরপ সংখ্যায় লোক নিযুক্ত করিত।
টাভানিয়ের লেখেন যে, এক কাশিমবাজারেই প্রতিবংসর
বাইশ হাজার গাঁট রেশম উৎপন্ন হইত এবং এক এক

গাঁটে পঞ্চাশ দের করিয়া বেশম থাকিত (History of Bengal, পৃ: ২১৯ পাদটীকা)। বাংলা দেশের স্তির विभिन्य भवा, नीन, त्रांषा, नाका, हिनि, घि, हां छेन, त्नभ প্রভৃতি বিদেশে রপ্তানি হইত (Bengal under Akbar and Jahangir, পঃ ৬৩)। কবিক হণের वर्षनोग्न (मथा योग्न (य, धनश्चि नमान्त निम्नुत, शाह, শণ, লবণ, রেশম, গোধুম, ষব, তিল, ছোলা প্রভৃতি निः इटन विकास करतन अवः नवन, कासकन, शिन्नन, প্রবাল, নীলা, মুক্তা, হীরা, চন্দন প্রভৃতি কিনিতে চাহেন (প: ১৬৮-১৬৯)। এই বর্ণনা একেবারে কবি-কল্পনা বলিয়া উড়াইয়া দেওয়া চলে না। ১৬১৪ এটিাবে इःताक कृठिशान भिषात स्मातिम प्रमान ज्यान्छ अशार्थरक লেখেন যে, বাংলার উৎকৃষ্ট কাপড় বিক্রয় করা অপেকা মোটা কাপড় ও হতা বিক্রমে অধিক লাভ হয় i ঐ বছরই টমাস কেরিজ আজমীর হইতে লেখেন যে, সেখানে ২০০ টাকা মণ দরে সিন্দুর বিক্রয় হয়, কিন্তু ·वांश्मा (मत्म এর CECয় সন্তাদরে সিন্দুর পাওয়া যায়। ১৬১৫ খ্রীষ্টাবে তাঁহার লেখা পত্র হইতে জানা যায় যে, वाःना त्मान की छ मला, हिन, भावा छ रखीन छ खबवारी বিক্রের করিয়া বেশ লাভ হয় (Bengal under Akbar and Jahangir, পৃ: ৫৭)। মুকুলরাম লিখিয়াছেন-

ভতে ধরি গন্ধবর আছাড়িয়া মারে।
দস্ত উপাড়িয়া বীর আনে ভাবে ভাবে॥
চূপড়ি মূলিয়া হাটে বেচয়ে ফুলবা।
ফুষকে বেমন বেচে মূলার পদবা॥

পুঃ ৬৯

কৰিস্পভ অতিশয়োজি এই বৰ্ণনায় থাকিলেও, ঐ সময়ে বে বাংলা দেশে প্ৰচুর গন্ধদন্ত বিক্রয় হইত তাহাতে লন্দেহ নাই। গন্ধদন্ত বিক্রয় মানেই দেশের অনেক জায়গায় এমন জলল ছিল যে, হাতীরা অবাধে চলাফেরা করিতে পারিত। মহিবের শিক বেচার কথাও মুকুলরাম বলিয়াছেন।

এই যুগে বাংলা দেলের প্রধান উৎপন্ন দ্রব্য ছিল বস্থ। Francesco Pellsart জাহাদীরের রাজস্বকালে বাংলা

দেশে ভ্রমণ করিয়া লিখিয়াছেন যে, দোনারগাঁ হইতে আরম্ভ করিয়া জগন্নাথ পর্যান্ত দকল গ্রামেই লোকে তাঁতের কাপড তৈয়ারী করিয়া জীবিকা অর্জন করে এবং ঐ জিনিষের যথেষ্ট স্থনাম আছে। মীর্জ্ঞা নাথান মালদহে একথানি বস্ত্র সেকালের চার হাজার টাক। দিয়া কিনিয়াছিলেন। কবিকয়ণের ভাতু দত্ত তুইপণ দামের ভাল •কাপড় পরিয়া পথে বাহির হইত। এই প্রসঙ্গে এই যুগের বান্ধালীদের পরিধেয় বদন সম্বন্ধে তুই এক কথা বলি। কবিকর্ণপূর কৃষ্ণাহ্নিককৌমুদীতে (২।৩১) লিখিয়াছেন, "কোনও দাস স্থবর্ণবং পীতবর্ণ নৃতন কৌষেয় অর্থাৎ রেশমী 'চেলযুগলং' বস্ত্রদ্বয় আনিলেন। অপর এক দাদ প্রীক্ষাফর হাতে ঐ ছুইখানি বস্ত্র দিলে তিনি পূর্ববন্ত্র ত্যাগ করিয়া ঐ ছুইখানি বদন পরিধান করিলেন।" তুইখানি কাপড় একে একে দেওয়া হুইল এবং কৃষ্ণ চুইথানিই পরিলেন। আমার মনে হয় একথানি বস্ত্র নিয়াকে ও অতা বস্তু উদ্ধাকে পরিলেন অথবা কাপড অত্যন্ত পাতলা বলিয়া একের উপর আর একথানি পরা হইত। মোবলাতি সাহেব তাঁহাব India at the Death of Akbar গ্রন্থে কোন প্রমাণ না দেখাইয়াই ভাব বিশ্বস্ত হতে ভানিয়াছি বলিয়া লিথিয়াছেন, "Jute clothing was the ordinary wear of the poorer classes" (পঃ ১১৯)—গরিব লোকেরা পাটের তৈয়ারী কাপড় পরিত। অথচ তিনি নিজেই বলিয়াছেন যে, সে সময়ে পাটের চাষ বাংলা দেশে বিশেষ ছিল না। আমার মনে হয় প্রাচীন বৈষ্ণব-সাহিত্যে 'কাল পার্টের শাড়ী' (তরু ৮১৭) ও মুকুন্দরামে 'পাটের জাদ' (পৃ: ৭৬) ইত্যাদি দেখিয়া কেহ মোরল্যাও সাহেবকে এরপ বলিয়াছেন; কিন্তু ঐ সকল গ্রন্থে 'পাট' মানে পট্ট অর্থাৎ রেশমী তাহা তিনি জানিতেন না। Ralph Fitch দেখিয়াছিলেন, "People go naked with a little cloth bound about their waist"—কোমবে এক টুকরা কাপড় ছাড়া লোকেরা উলঙ্গ হইয়া থাকিত। তিনি পথ চলিকার সময়ে মাঠে চাষীদের দেখিয়া এরপ निश्चित्राहिन मान हम। श्वम एएए लाएक व्याशासमञ्ज

ঢাকিয়া থাকিতে পারে না; বিশেষ করিয়া কাদামাটীর মধ্যে কাজ করিবার সময় প্রা কাপড় পরা অস্কবিধাজনক।

বিংশ শতাব্দীর প্রথম দিকে বাংলা দেশে কলের চিনি তৈয়ারী একরপ হইত না বলিলেই চলে। কিন্তু ষোড়শ শতাকীতে বাংলার গম. ধান ও চিনি ভারতের সর্পত্র বিক্রীত হইত। ১৬১৬ খ্রীষ্টাব্দে স্থার টমাদ রো-কে স্থবাটের কুঠিয়ালেরা লেখেন—"We deny not but that Bengalla brings wheat, rice and sugar to India, makes fine cloths etc., which showeth the fertility of the country and the quality of the inhabitants, who bring tillers of the earth and tradesmen by their sales in India reap the fruit of their labour and sustain life, and some no doubt get wealthy by merchandising." মোরল্যাণ্ড সাহেব (পঃ ১২০) মনে করেন যে, বাংলা দেশে গম বোধ হয় হইত না, পাটনার কাছাকাছি হইত। কিন্তু বাংলাদেশে তথন গম উৎপন্ন হইত। কবিকন্ধণের তুর্বল। হাটে যাইয়া "বিশা দরে কিনে আটা"।

'ম্গ তিল গুড় মাধে গম সরিষ। কাপাদে স্বার পূর্ণিত নিকেতন।'

বাংলায় চিনির উৎপাদন সম্বন্ধেও মোরল্যাণ্ড সাহেবের সন্দেহ ছিল। তবে মুকুন্দরামের এক গৃহস্থ বতার পর বলিতেছেন, "সর্বস্থ ভাসিয়া গেল সাত মণ চিনি"। শর্করা-শিল্পের অতি বিশদ বর্ণনা পাওয়া যায় রায়শেখরের এই পদে—

> বিশ্বস্তব গাছ তার কাতরি ' গদাধর। নিত্যানন্দ জাঠি তার ফিরে নিরস্তর॥

অভিরাম সারক তায় বলদ এক জুড়ি।
চালায় সরকার ঠাকুর হাতে প্রেম-নড়ি॥
গুল-বান্ধা গায়েন বায়েন সব ফিরে।
হরিনাম-ইক্রদ দর দরাইতে পড়ে॥
যে পায় দে থায় রদ কেহ না আলয়।
যত তত থায় তম্পেট না ভরয়॥
রূপ সনাতন তাহে রদের বাড়ই।
নানা মতে করে পাক যার যে রুচই॥
গৌরীদাদ পণ্ডিত হৈলা প্রেমের ভাগুারী।
বিনিম্ল্যে দেয় রদ গাগরী গাগরী॥
পাপিয়া শেখর তাহে রদের কাক্ষাল।
মাগিয়া যাচিয়া শালে থায় সর্ক্রকাল॥

ত্র ২২০০

মোরল্যাণ্ড দাহেব (পু: ১০০) কোন জমির কিরূপ থাজনা দিতে হইত তাহা দেখাইবার জ্ঞা আইন-ই-আকবরী হইতে দেখাইয়াচেন যে, একর প্রতি গমের জমির জন্ম ২৬ হইতে ৩০ টাকা ও ইক্ষুর জমির জন্ম ৩৬ হইতে ৪২ টাকা থাজনা দিতে হইত। চাল ও গমের **ভা**মি হইতে কার্পাদ চাষের জ্ঞমির যে বেশী থাজনা ছিল তাহার একটি প্রমাণ পাওয়া যায় রঘুনাথদাস গোসামীর 'মুক্তা-চরিত্র' হইতে। এ গ্রন্থে আছে যে, শ্রীক্লফ একদিন তাঁহার গাভীদের গলায় মুক্তা পরাইবেন বলিয়া মুক্তা চাহিলে তাঁহাকে উহা দেওয়া হইল না দেখিয়া তিনি মায়ের কাছ হইতে কয়েকটি মুক্তা চাহিয়া তাহা একটি ক্ষমিতে বুনিলেন। তিনি গোপীদিগকে বলিলেন ষে, তাঁহার। যেন ঐ জমিতে হুধ ঢালেন, তাহা হইলে মুক্তা ফলিবে। গোপীরা তাঁহার কথা হাসিয়া উডাইয়া দিলেন। কয়েক-দিন প্ৰথম ঐ জমিতে কতকগুলি লতা দেখা দিল তথনও গোপীরা ঠাট্রা করিয়া বলিলেন যে, ওগুলি কাঁটার লতা। তারপর একদিন সত্য সতাই ঐসব লতায় গুচ্ছ গুচ্চ মুক্তা ফলিল। এই ব্যাপার দেখিয়া গোপীরা নিজেদের ঘরে যেখানে যে মুক্তা পাইল তাহা বাড়ীর लाकिमिश्राक ना विनिष्ठा भार्कि षानिष्ठा वृनिन । किन्त তাহাদের অমিতে কোন লভা তো জনাইল না—উপরস্ক

^{› &#}x27;কাতরি' ইইতেছে ঘানিগাছের সহিত কাত করিয়া লাগানো কাঠ, যাহা ঘূরিতে থাকে। 'জাঠি' মানে ইকু মাড়াই করার সেই লখা কাঠ যাহা ইকুকে পেষণ করে। 'প্রেম-নড়ি' মানে বলদ চালাইবার প্রেমরূপ লাঠি। 'কেহ না আলয়' মানে কেইই আলে না, অর্থাং বিতৃষ্ণা বোধ করে না। ইকুশিলের খুব প্রচলন না থাকিলে এরূপ ধরণের পদ লিখিড হইত না।

মুক্তা গুলিও খোয়া গেল। তথন তাহারা প্রীক্লফের নিকট
মুক্তা চাহিল, কেননা ইতিমধ্যে বাড়ীতে বাড়ীতে
মুক্তার খোঁজ চলিতেছে। প্রীক্লফ মুক্তার এমন মূল্য
চাহিলেন যাহা গোপীরা দিতে রাজী হইল না। তথন
প্রীরাধা এক উপায় বাহির করিলেন। তিনি পত্র লিখিয়া
লোক মারফং ক্লফের উপর পর ধ্রানা জারী করিলেন যে,
তিনি বৃন্দাবনের অধীশরীরূপে অভিষক্ত হইয়াছেন,
স্তরাং বৃন্দাবনে যে জমি চায করিবে, তাহাকেই খাজনা
দিতে হইবে।

রাধার হইয়া ললিতা ক্লফকে বলিলেন, 'খ্যামাকক্ষেত্র হইতে ধাল্যক্ষেত্রের কর অধিক, তাহা হইতে কার্পাদ-কেত্রের, তাহা হইতে বাস্তভূমির, আবার তাহা হইতে অপূর্বর মুক্তাক্ষেত্রের কর পরাদ্ধগুণ বেশী।' এ হিসাবে যদি শ্রীকৃষ্ণ কর দিতে না পারেন, তাহা হইলে কিছু মুক্তা দিলেই চলিবে। কোন হিসাব মতন মুক্তা দেওয়া হইবে তাহা লইয়া কিছু বাদবিত গু হইল। নানীমুখী বলিলেন, এই ক্ষেত্রের ফদল চুই ভাগ করিয়া এক ভাগ ক্ষেত্রাধিপতি ও এক ভাগ কৃষক কৃষ্ণ পাইবেন, কেননা "তথায়ং পর-গ্রামাদাগত্য কৃষিবৃত্তিং কুর্বলান্তে"—এই ব্যক্তি পরগ্রাম হইতে আসিয়া কৃষিবৃত্তি ক্রিতেছে। কিন্তু রঙ্গণমালা विलालन, এ ব্যক্তি পরগ্রামবাসী কৃষক নহে, অধুনা এই বনে বাদ করিয়া প্রীবন্দাবনেশ্বরীর ক্রষিকর্ম করিতেছে। অতএব ইহার ফদলের ষষ্ঠ ভাগ প্রাপ্তব্য, দমান ভাগ কিন্ধপে লাভ হইবে ? (মুক্তাচরিত্র, প্র: ২০৬)। রঘুনাথ-দাস বড় জমিদারের ছেলে, "সপ্তগ্রাম মুলুকের মজুমদারের **८इ.ल.", "वादा नक ए**मन बाकांग्र मार्थ विश्व नक" (रेड. ह., ৩া৬)—অর্থাৎ প্রজ্ঞাদের নিকট হইতে বিশ লক্ষ টাকা কর আদায় কবিয়া বাজাকে বাব লক্ষ টাকা বাৰ্ষিক দিতেন। আইন-ই-আকবরীতে দেখা যায় যে, আকবরের সময়ে সপ্তথামের বার্ষিক রাজস্ব ছিল চার লক্ষ আঠার হাজার একশ স্বাঠার টাকা। এত বড ঘরের ছেলে স্কমির রাজ্য সম্বন্ধে ঠিক থবরই দিয়াছেন আশা করা যায়। সে সময় ছোটবভ অনেক জমিদার ছিপেন—যদি অত্য জমিদারের প্রদা শাসিয়া শ্রমি চাব করিত তবে তাহাকে অর্দ্ধেক ফসল

দিতে হইত; কিন্তু সে যদি যেখানে চাষ করে দেইখানেরই বাদিন্দা হয়, তাহা হইলে তাহাকে এক-ষষ্ঠাংশ কর দিতে হইত।

কবিকত্বণ রাজস্ব আদায় বিষয়ে রাজকর্মচারীদের অত্যাচারের যে চিত্র আঁকিয়াছেন তাহা অমর হইয়া আছে। তুই কর্মচারী প্রথমে তে। কুড়ি কাঠার জায়গায় কোনাকুনি দড়ি দিয়া মাপিয়া পনের কাঠায় বিঘা স্থির করিয়া তাহার উপর কর লয়, উপরস্ক অহুর্কার থিল ভূমি উর্কার জমি বলিয়া লেখে। তাহাকে ঘুষ দিয়াও কাজ পাওয়া যায় না, উৎকোচস্বরূপ ধুতি লইয়াও কোন উপকার করে না। মৃকুদ্রাম ঐরপ অত্যাচারে নির্ঘাতিত হইয়াছিলেন বলিয়া কালকেতুকে আদর্শ রাজারূপে অন্ধন করিয়া তাহাকে দিয়া বলাইতেছেন—

আমার নগরে বৈস যত ভূমি চাহ চষ তিন সন বই দিও কর। হাল পিছে এক ভম্বা না করে। কাছার শকা পাটায় নিশান মোর ধর॥ খন্দে নাহি নিব বাড়ি রয়ে বদে দিও কড়ি ডিহিদার না করিব দেশে। সেলামী কি বাশগাড়ী নানা বাবে যত কডি না লইব গুজুরাট বাসে ॥ পাৰ্কণী পঞ্চক যত গুড়া লোণ সানা ভাত ধানকাটি কলম-কম্বরে। তার না লইব দান যত বেচ চালধান অঙ্ক নাহি বাড়াইব পুরে॥ বিক্রীত বস্তর উপর দান বা শুর লওয়া হইত বলিয়াই

বৈক্ষৰ কৰিব। দানলীল। লিখিয়াছেন। বোড়শ শতাব্দীর শেষভাগে বাঙ্গালী ভদ্রলোকের। ভাগে ক্ষমি চাধ করাইতেন। তাই গৌনী, তাঁহার

মাতাকে বলিতে পারিয়াছিলেন—

জামাতারে বাপ মোর দিল ভূমি দান।
তথি ফলে মহুর কাপাব মাব ধান॥
শিব নিজে নিশ্চরই চাব করিতেন না। তবুও তিনি সে
রুগের ভদ্রগোকদের মতন জমি হইতে ধান, মাবকলাইয়ের

ভাল, মস্ব ও কাপাদ পাইতেন। তাহাতে ভাল-ভাত ও কাপড়ের অভাব মিটিয়া যাইত। একটু লবণ কিনিতে হইত। কালকেতু 'লবণের তরে চারি কড়া' ঋণ লইয়া-ছিলেন। তিনি যথন রাজা হইলেন তথন কায়স্থেরা আদিয়া বলিলেন যে তাঁহারা লক্ষ্মর প্রজার সঙ্গে কলিঙ্গ হইতে চলিয়া আদিয়াছেন, তাই তাঁহারা প্রার্থনা করেন যে, "প্রজাগণে দেহ দান, ভূমিবাড়ী করিয়া চিহ্নিত" এবং "কিছু দিবে ধান্ত বাড়ি বলদ কিনিতে কড়ি।" তাঁহারা মিশুচয়ই ঐ দব প্রজাদের দারা ভাগে চায় করাইতেন। আমার ধারণা যে রাঢ়ের অধিকাংশ কবিরই জীবন্যাত্রা নির্বাহ হইত এইরূপ প্রজাদের নিকট হইতে শস্তাদি কর লইয়া। অন্নচিস্তা থাকিলে তাঁহারা কাব্যরচনায় এতদ্ব কুত্কার্ঘ্য হইতে পারিতেন কিন। সন্দেহ।

কবিকন্ধণের বর্ণনা হইতে দেখা যায় যে তাঁহার সময়েও বাংলাদেশের দরজা অন্তান্ত প্রদেশের লোকের জন্ত খোলা ছিল। মারা⁵ারা বাংলায় চক্ষ্চিকিৎসকের কাজ করিতেন। রাজ্পু্ত্রা ক্ষত্রি বা ছত্রি নামে পরিচিত ছিলেন। তাঁহারা বিষ্ণুপুরের বীর হাস্বীর, নিপপুরের রাজা নরসিংহ রূপনারায়ণ, পঞ্কোটের হরি-নারায়ণের মতন রাজ্য স্থাপন করিয়াছিলেন।

দোদর যমের দূত বৈদে যভ রাজপুত মল্ল বৈদে রাজচক্রবর্তী।

কৃষ্ণ সেবে অফুক্ষণ দান করে নানা ধন দেশে দেশে যাহার স্কীতি॥

এই মল্লরাজা নিশ্চয় বীর হাষীর। বিষ্ণুপুরের রাজাদিগকে মল্ল এবং তাঁহাদের স্থাপিত অব্দকে মল্লাদ বলা
হইত। মৃকুন্দরামের পৃষ্ঠপোষক রঘুনাথ চন্দ্রকোণার কাছে
রাজত করিতেন, আর চন্দ্রকোণা হইতে বিষ্ণুপুর মাত্র ২৩
মাইল দ্রে। গরীব রাজপুতেরা মল্লযুদ্ধ করিতেন, কেহ বা
শিকারী ছিলেন।

কবিকঙ্গণের বিভিন্ন জাতির পেশার বিবরণ উপ-ভোগ্য। কামন্থরা কথাবার্ত্তায় খুব ভন্ত, এবং সকলেই শিক্ষিত—'প্রসন্ন সবার বাণী লেখাপড়া সবে জানি'। গঙ্গার তুইকুলে রাটী কামন্তদের বাস ছিল। কিন্তু তাঁহার ভাড়ু দত্ত কায়স্থকুলের কলক। ব্রাহ্মণদের মধ্যে অনেকেই শাস্তচ্চা করিয়া জীবিকা নির্কাহ করিতেন, তাঁহারা ধনীদের নিকট প্রচুর দান পাইতেন। কিন্তু কোন কোন ব্রাহ্মণ শস্ত্রোপজীবীও ছিলেন। কোন কোন ব্রাহ্মণ ভারত ও পুরাণ পাঠ করিতেন। পুরাণের মধ্যে ভাগবতই স্বচেয়ে জনপ্রিয় ছিল। লহনার কোলে থাকিয়া শ্রীমন্ত ভাগবত শুনিতেন।

একালের মত দেকালেও পুরোহিতের কান্ধ করিতেন মূর্থ বিপ্র। তাঁহারা যজমানদের কাছ হইতে প্রচুর প্রণামী পাইতেন—

চাউলের বোচকা বান্ধে টান।
ময়রাঘরে পায় থগু গোপঘরে দধিভাগু
তেলিঘরে ভৈল কৃপী ভরি।
কোথাও মাসরা কড়ি কেহ দেয় দালি-বড়ি
গ্রামথাজী আনন্দে সাঁতরি॥
কোন কোন ব্রাহ্মণ ঘটকালি করিতেন, কেহ বা গ্রহবিপ্র

বৈভাদের মধ্যে গুপ্ত ও দেন ছাড়া, দাস, দত্ত ও কর উপাধিও ছিল। তাঁহারা চিকিৎসাবিভার দারা জীবিকা অর্জন করিতেন।

গোয়ালার। শুধু গোপালন করিতেন না, **ভাঁহার।** ক্ষেতে নানা ধন জ্লাইতেন। তাঁহাদের **অবস্থা বেশ ভাল** ছিল।

মুগ তিল গুড় মাধে গম সরিধা কাপাদে স্বার পূর্ণিত নিকেতন।
তেলিরা তৈল তৈয়ারী করিতেন, কামারেরা কোদাল, কুড়ালি ও কৃষিকর্মের উপযোগী অভ্যান্ত অস্ত্রপাতি প্রস্তুত্ত করিতেন। তামূলীরা পান সাজিয়া বিক্রেয় করিতেন ও বাক্রইরা পানের চাষ করিতেন। তস্ক্রবায়ের সংখ্যা সম্বন্ধে কিবি বলেন ধে—

শত শত একজায় গুজরাটে তদ্ভবায়
ভূনি ধৃতি বোনে জোড় গড়া।
এখনকার দিনে কলিকাতাতে হুই চারিটি ফুলের
দোকান আছে বটে, কিন্তু মক্ষঃস্থলের কোন জেলা সহরে

সেরকম দোকান দেখা যায় না। কিন্তু সেকালে সব
সহরেই এমনকি গ্রামেও মালীরা থাকিতেন। তাঁহারা
ফুলের পুটলি বান্ধে সাজি ভরে লয়ে কান্ধে
ফিরে তারা নগরে নগর।
আগরি বা আ্গুরিরা (উগ্রক্ষত্রিয়) কোনরূপ উগ্রতা
প্রকাশ করিতেন না—

'অফুচিত না করে কথন।' মোদকেরা নানারকম মিষ্টাল তৈয়ারী করিয়া ফিরি করিতেন। জৈনধর্মাবলম্বী সরাকেরা রেশ্যের কাপড বুনিতেন-"বুনে নেত পাট শাড়ি"। গন্ধবণিকের। স্থান্ধি জব্য তৈয়ারী করিতেন। কাঁসারিরা নানাধরনের বাসনপত্ত তৈয়ারী করিতেন। জ্যানন্দের চৈতক্তমঙ্গলে (%: >) नवरहरत्र (वनी वांत्रस्तव नां म चारह ; यथा-**छातत्र वांठा, खवाकमन्त्र्र**ि, पर्नन तमवांठिका। তাম হাণ্ডিরদ, পিন্তর কলদ, বারাণদীর ত্রিপাদিক।। मब्ध वांडावांडि, मतकी थान, तमभग्न तमथुती। তিরোহিতা গাড়ু, তাম মুখারদ মণ্ডল, শীতল পিত্তল ঝারি। কবিকত্বণ ইহার উপর-ভাবর চুনাতি বাটা সাপুড়া ঘাঘর ঘণ্টা সিংহাদন গড়ে পঞ্চ দীপ॥ स्वर्गविकत्मत मन्द्रक्ष कवित्र जान धार्या हिन न। कवित

কবি জেলে, কলু, বাইতি, বাগদী, কোঁচ, ধোবা, দরজী, দিউলি (ষাহারা থেজুর গাছ কাটিয়া বদ বাহির করে), ছুতার, পাটনি, চণ্ডাল, পুলিন্দ, কিরাত, বেহারা, চামার, ডোম প্রভৃতি নানা জাতির ও নানা জীবিকার লোকের বর্ণনা করিয়াছেন। ইহাদের মধ্যে উল্লেখযোগ্য হইতেছে বাগদীরা ষাহারা "নানা অল্ল ধবি করে দশ বিশ পাইক করি সঙ্গে" চলিত। লবণ বিক্রেয় করা চণ্ডালের কাজ ছিল।

ভাডু দত্তের মতন মুরারি শীলও অমর।

মৃকুন্দরামের সময়তক মৃঘলের। বাংলার স্থায়ী বাসিন্দা হন নাই। তাঁহারা ইংরাজদের মতন এদেশে পয়সা রোজগার করিতে আসিতেন। যত শীল্ল পারেন যে কোন ভাবে কিছু বিত্ত সংগ্রহ করিয়া বাংলা দেশ, যাহাকে তাঁহারা "কটিভরা নরক" বলিতেন, ছাড়িয়া উত্তর প্রদেশে চলিয়া যাইতেন। তাই দেখি কালকেতুর রাজ্যে মৃদলমান প্রজাদের মধ্যে দকলেই পাঠান—

সাবোনি লোহানি আর লোদানি স্থ্যয়ানি চার পাঠান বদিল নানা জাত।

তাহারা "মাথায় না রাথে কেশ, বুক আচ্ছাদিয়া রাখে দাড়ি।" তাহাদের মাথায় 'দশ রেথ টুপী' আর তাহারা ু যারে দেখে থালিমাথা তা সনে না কহে কথা

সারিয়া ঢেলার মারে বাড়ী।

এই ঢিল ছুঁ ড়িয়া মারিবার ভয়েই হউক বা রাজার কাছে খাতির পাইবার লোভেই হউক, কোন কোন হিন্দু ভদ্র-লোক মাথায় পাগড়ী বাঁধিতেন। কয়েকটি গুরুত্বপূর্ণ শিল্প শুদু মুদলমানদের হাতেই ছিল; যথা—তীর তৈয়ারী করা, কাগজ বানানো, কাপড় রং করা, দরজির কাজ প্রভৃতি।

দেশে স্বর্ণমুন্তা, রূপার টাকা, তামার প্রদা ও কড়ির মুদ্রার প্রচলন ছিল। ব্যাল্ফ ফিচ্ কুচবিহারে দেখিতে পান যে বাদাম (almond) দিয়া জ্বিনিষপত্র কেনাবেচা হইতেছে। কিন্তু বাংলার অন্তত্র সাধারণ লোকে কড়ি দিয়াই ক্রয়-বিক্রয়ের কাজ চালাইত। জ্রীচৈতন্তভাগবতে দেখি দোকানীরা কড়ির হিসাবে দাম বলিতেছেন—'কড়ি বিশ্ব কিছু দিব ক্ষমা কর মোরে' (চৈ. ভা., পৃঃ ২২৪)। কালকেতু গরীব অবস্থায়—

'তৈল লবণের কড়ি ধারি ছয় বুড়ি' (পৃ: ৪৮)।

তুর্বলা দাসী অনেক জিনিষপত্র কিনিলেও হাটের হিসাব
কড়িতেই দিয়াছিল। কিন্তু বৃন্দাবন অঞ্লে অর্থাৎ রাজ্বধানী
আগ্রার কাছে কড়ির পরিবর্ত্তে পয়সাই বোধ হয় ক্ষ্তুতম
মুদ্রান্ধপে ব্যবস্থাত হইত। কেননা রুফ্দাস কবিরাজ হুসেন
শাহের ভূতপূর্ব অমাত্য সুবুদ্ধি রায়ের সম্বন্ধ লিথিয়াছেন—

রায় শুক্ষ কাষ্ঠ আনি বেচে মথ্রাতে।
পাঁচ ছয় পয়দা পায় একেক বোঝাতে।
আপনে রহে এক পয়দার চানা চিবাইয়া।
আর পয়দা বানিয়া স্থানে রাথেন ধরিয়া।
ত্থী বৈষ্ণব দেখি,তাবে করান ভোজন।
গৌড়িয়া আইলে দধি ভাত তৈল মর্দন॥

₹5. 5., 212¢

মথুরায় অস্তান্ত জিনিবের তুলনায় জালানি কাঠের দাম বেশী ছিল দেখা যাইতেছে। এক প্রসার চানা খাইলে একটি লোকের পেট ভরিত, কিন্তু এক বোঝা কাঠের দাম পাঁচ ছয় পয়দা। গৌড়দেশের লোক বুন্দাবনে গেলে, মহাপ্রভু স্থ্রি রায়কে তাঁহাদের দেখাভনা করিতে বলিয়াছিলেন। তাই স্থান্ধি রায় তেল কিনিয়া তাঁহাদিগকে মাথাইয়া দিতেন, কেননা গৌড হইতে বৃন্দাবনের পথে অনেকের তেলমাথার স্থবিধা হইত না। আ্র ঐ কাঠবেচার পয়দায় তাহাদিগকে দই ভাত থা ওয়াইতেন। ব্যান্ধারের কাজ করিতেন বণিকেরাই। শ্রীরূপ গৌড় হইতে পলাইবার সময়—'গৌডে রাখিল মুদ্রা দশ হাজারে। সনাতন বায় করে, রহে মুদি ঘরে। (চৈ. চ., পু: ২৬৯)। মীর্জা নাথানের যথন কিছু টাকা ধার লইবার দরকার হইয়াছিল, তথন ঢাকার বণিকেরা অবিলম্বে তাঁহাকে প্রচুর টাকা ধার দিয়াছিলেন। সাধারণ ুগৃহস্থেরা কিন্তু টাকা-পয়দা পুঁতিয়া রাখিতেন বা চালে গুঁজিয়া রাখিতেন। হবিকশ্ব বলিয়াছেন-

'চালের দহিত ধন ভাসি গেল জলে' (পৃ: ৮৩)।
গৌড়ে টাকারও প্রচলন ছিল। বৃন্দাবনদাস বলেন
যে গঙ্গাদাস যথন রাজভয়ে নবদ্বীপ হইতে পলায়ন
করিতেছিলেন তথন নৌকায় পার হইবার জন্ম পাটনীকে
পুরস্কার দিতে রাজী হইয়াছিলেন—

'এক তহা এক জোড় বস্ত্র সে ভোমার'। চৈ. ভা., পুঃ ২ং২

সপ্তদশ শতাকীর শেষভাগে বাণিয়ের লিথিয়াছেন যে বাংলাদেশে সোনা প্রবেশ করিবার শত দরজা থোলা, কিন্তু উহা বাহির হইবার একটা পথও নাই। যোড়শ শতাকীর প্রথম পাদে দেখি সনাতন গোস্বামী সাত হাজার স্বর্ণমূজা উংকোচ দিয়া বন্দীশালা হইতে মৃক্তি পান। তাঁহার অন্তচরের হাতে ইহার পরও আটটা স্বর্ণের মোহর ছিল (চৈ. চ., ২।২০)। আইন-ই-আকবরীতে আছে যে বাংলাদেশের রাজস্ব আদায় হইত তহায় ও স্বর্ণ মোহরে।

वाःनारमा महरतत मःथा कम हिन। भन्नी व्यक्तनहे

বেশীর ভাগ লোক বাদ করিত। চৈতস্তভাগবতে নবধীপের বাজারের ও ঘাটের বর্ণনা পড়িয়া মনে হয় দেখানে বেশ বড় দহর ছিল। আমাদের আলোচ্য যুগে গৌড় নগর ধ্বংসপ্রাপ্ত হয়। ১৫৭৫ খ্রীষ্টাব্দের বর্ধাকালে মুঘল সমাটের প্রতিনিধি মৃনিম থাঁ নৃতন রাজধানী তাঁড়াতে তাঁবুর মধ্যে বাদ করা অস্থবিধাজনক বলিয়া লোকজন লইয়া বছদিনের পরিত্যক্ত গৌড়ের প্রাদাদে বাদ করিতে আদেন। কিছ গৌড় নগরীর আবহাওয়া খারাপ হইয়া গিয়াছিল। তাই ঐ বংদর বর্ধা ও শরৎকালে দেখানে প্রবল মহামারী দেখা দেয়। বছ মুঘল দৈয়া দেখানে প্রাণ হারায় ও বাকী লোকেরা বিহারে পলায়ন করে। জ্য়ানন্দ বলেন যে পানিহাটী বেশ ভাল সহর ছিল—

ইষ্টকা-বচিত হাটবাট বম্যস্থান।

দেউল দেহরা মঠ প্রণা পুস্পোভান॥
হালিসহর তথন সত্যই একটা নৃতন সহর—বোধ হয়
আজকাল যেমন কলিকাতার অপর পাড়ে হাওড়া, তেমনি
সপ্তগ্রাম-ত্রিবেণীর অপর পাত্রে হালিসহর বসিয়াছিল।
ক্বিক্ষণ বলেন—

বামভাগে হালিসংর দক্ষিণে ত্রিবেণী।

তুকুলের কোলাহলে কিছুই না শুনি॥
লক্ষ লক্ষ লোক একেবারে করে স্থান।
বাস হেম ভিল ধেন্ত কত করে দান॥
রক্ষতের সীপে কেহ করয়ে ভর্পণ।
গর্ভের ভিতরে কেহ করয়ে মুগুন॥

সপ্ত্রাম যোড়শ শতাকীর শেষেও জাকজমক বজায় রাথিয়াছে—যদিও বন্দর সেধান হইতে হুগলিডে স্থানাস্তরিত হইয়াছে।

রাচ মধ্যে সপ্তগ্রাম অতি অমুপাম।
তুইদিন সাধু তথা করিল বিশ্রাম।
কিনে বেচে নানা স্রব্য নায়ে দিল ভরা।

আমরা পূর্ব্বে গোবিন্দদানের যুগের সঙ্গে সেক্সপীয়রের যুগের তুলনা করিয়াছি। সেক্সপীয়রের ইংলগু স্পেনের আর্মাডাকে পরাজিত করিবার গৌরবে উৎফুল্প বিজয়োক্সত্ত। ইংলণ্ডের অসমসাহসিক নাগরিকেরা পৃথিবীর নানা দেশে

ৰ্যবদাবাণিজ্য করিতে আরম্ভ করেন; দেশে প্রচুর ধনের আমদানী হয়। তাহারই আবহাওয়ায় Renaissanceএর বা সাংস্কৃতিক পুনকজীবনের প্রবাহ প্রবলতর হইল। নব নব কাব্যে, নাটকে ইতিহাসে ও দর্শনে সেই যুগের ছাপ পভীর ভাবে মুদ্রিত হইল। আর বাংলাদেশে দেখি পাঠানমুঘলের, প্রাচীন ও নবীন রাজশক্তির সংঘর্ষ এবং **ज्रेशात्रत ७ भूता**जन ताकात्रत मत्क भीर्घकालताभी বিবাদ-বিদংবাদ। তাহার উপর মগ ও ফিরিক্লিদের অকথ্য অত্যাচার। পর্ত্ত্রীজদের কাছে আমরা কেদারা, মেজ, জানলা প্রভৃতি শব্দ ও পেপে, পেয়ারা, আনারস, ক্যান্থনাট প্রভৃতি ফলমূল পাইয়াছি জানাইয়া দিয়া আধুনিক ঐতিহাসিক তাঁহাদের নিকট আমাদিগকে কৃতজ্ঞ হইতে ইকিড করিয়াছেন (History of Bengal, পৃ: ৩৬৮)। কিন্তু পর্ত্তীজেরাই আমাদের দেশে মারাত্মক ফেবছ রোগের (দিফিলিস) আমদানী করেন তাহ। বলিতে ভূলিয়া গিয়াছেন। 'ভাবপ্রকাশে' ফেরল বোগের বিবরণ আছে। প্রদক্ষমে বলা, প্রয়োজন বে ডা: হুরেন্দ্রনাথ সেন কামরান্সাকেও পর্তুগীজ্বদের আমদানী বলিয়াছেন। কিছ কর্মরকের নাম রামায়ণেও আছে এবং দিলভা। লেভি উহাকে আর্যাদের আগমনের পূর্বেরও ভারতীয় গাছ বলিয়াছেন। আমাদের আলোচ্য যুগে কবিকর্ণপূর কৃষ্ণাহ্নিক-কৌমুদীতে (পৃ: ১২৩) উহার উল্লেখ করিয়াছেন ও মুকুন্দরামের তুর্বলা দাদী "কামরাঙ্গা কিনে কুড়ি घ्रे।"

প্রশ্ন উঠিতে পারে যে এত অশান্তির মধ্যে রাঢ়ে বা বলে কাব্য লেখা ও ক্যায়, শ্বতি, তন্ত্ব ও দর্শনের আলোচন। করা সম্ভবপর হইল কি করিয়া? সম্ভব হইল প্রথমতঃ শ্রীকৈতক্সচন্দ্রের উদয়ের ফলে বালালীর মানদগলা উপলিয়া উঠিয়াছিল বলিয়া। তাঁহাকে দেখিয়া তাঁহার সম-সাময়িকেরা যে পদ রচনা করিয়াছিলেন তাহা সহজ, সরল, অলহারবিহীন অধচ স্থতীক্ষ শরবৎ মর্মন্থলে আসিয়া বেধা। শ্রীকৈতক্তের উপদেশ অস্থ্যারে শ্রীক্রপ গোসামী ও

তাঁহার সহচরবুল শ্রীবুলাবনে বদিয়া যে রস্ণান্ত্র ও ভজি-শাস্ত্র রচনা করেন, তাহা গৌড়দেশে আসিয়া আমাদের আলোচ্য যুগের বৈষ্ণব-পদাবলী সৃষ্টি করিল। ঐতিচতগ্রের যুগের ক্রায় এ যুগের রচনা অনাড়ম্বর ও অলভারবজ্জিত নহে। ভাক্তশান্ত্রের সিদ্ধান্তের সঙ্গে মিল রাথিয়া রচনা করিতে গেলে থানিকট। কুত্রিমতা না আসিয়া পারে না। এই যুগের নবজাগরণের দিতীয় কারণ এই যে ভারতবর্ষের, বিশেষ করিয়া বাংলা দেশের, রাজশক্তি কথনই totalitarian বা জীবনের সর্বক্ষেত্রে ব্যাপক হয় নাই। রাজা আদে, রাজা যায়, কিন্তু পল্লী অঞ্চলের লোকেরা চাষবাস করে, খায়, ঘুমায়, যে রাজা হয় তাহাকেই কর দেয়। বাংলার মাটি অসম্ভব রকম উর্ব্বরা ছিল। তাই লোকের খাওয়া-পরার অভাব হইত না। তৃতীয়ত: গোবিন্দাস প্রভৃতি কবি যাঁহাদের জন্ম পদ রচনা করিয়া-ছিলেন, ও বাহারা তাঁহাদের পদাবলী গ্রামে গ্রামে গাহিয়া বাঁচাইয়া রাখিয়াছেন, তাঁহাদের আর্থিক প্রয়োজন ছিল খুবই অকিঞ্চিংকর। বৈষ্ণবের। সভোষকে জীবনের মূলমন্ত্র করিয়াছেন। তাঁহারা প্রার্থনা করেন—

ুকরঙ্গ কৌপীন লৈয়। ছিড়া কাথা গায় দিয়া তেয়াগিব সকল বিষয়।

হরি অন্ধরাগ হবে ব্রজের নিকুঞ্চে কবে
যাইয়া করিব নিজ্ঞালয় ॥
হরি হরি কবে মোর হইবে স্থানিন
ফলমূল বৃন্দাবনে থাঞা দিব। অবসানে
ভ্রমিব হইয়া উদাসীন ॥

(নবোত্তম ঠাকুর মহাশয়েব প্রার্থনা —তরু ৩০৫০)

কৌপীন পরিয়া দিনান্তে ফলমূল থাইয়া স্বলেহে বা অনিশ্চিত মানসদেহে ব্রজে বাস করাকেই বাঁহারা স্থানি বলিয়া মনে করেন, তাঁহাদিগকে রাজনৈতিক অশান্তি ও আর্থিক অনটন কাব্যরচনা হইতে বিরত করিবে কির্মণে?

ষষ্ঠ অধ্যায়

গোবিন্দদাসের কবিপ্রতিভা

দেকালে বিষয়-নির্বাচনে খুব কম কবিই মৌলিকভা দেখাইতে পারিয়াছেন। কালিদাস ভবভৃতি হইতে আরম্ভ করিয়া ক্বত্তিবাদ, কাশীরাম, মুকুন্দরাম প্রভৃতি সকলেই অল্লাধিক পরিমাণে রামায়ণ, মহাভারত প্রভৃতি প্রাচীন কাব্যের নিকট ঋণী। গোবিন্দদাস রাধাক্তকের প্রেম লইয়া পুর্বরাগ, অভিদার, বাদকসঙ্গা, বিপ্রলব্ধা, থণ্ডিতা, মান, কলহান্তরিতা, স্বাধীনভর্ত্তকা, প্রোষিত-ভর্ত্ত বিষয়ের উপর পদ রচনা করিয়াছেন। लोकिक नांग्रक-नांशिकांटक लहेशा अंभव विषया कविछा লেখা বভকালের প্রাচীন প্রথা। সংস্কৃত অলঙ্কার-শাল্তে উহার পরিচয় পাওয়া যায়। ১২০৫ এটিাকো লক্ষণদেনের সামন্ত মহামাণ্ডলিক শ্রীধরদাস সভুক্তি-কর্ণামূতের শৃকার বাহ-বীচিতে নিম্নলিখিত প্রত্যেকটা বিষয়ের উপর অন্যন পাঁচটী করিয়া শ্লোক উদ্ধত করিয়াছেন। (১) বয়ঃদন্ধি, (২) কিঞ্চিদ্ উপরুতৃ-যৌবনা, (৩) যুবভি, (৪) নায়িকাভুত (অর্থাৎ নায়িকার অক্প্রত্যকের সহিত সিংহ, হরিণ, বিশ্বফল ইত্যাদির जुनना कतिया वर्गना कता) (१) मुक्षा, (७) मधा, (৭) প্রগল্ভা, (৮) নবোঢ়া, (১) বিস্তব্ধনবোঢ়া, (১০) খণ্ডিতা, (১১) অক্সরতিচিহ্ন-ছ:খিতা, (১২) বিরহিণী, (১৩) বাদকসজ্জা, (১৪) স্বাধীনভর্ত্কা, (১৫) বিপ্র-লন্ধা. (১৬) কলহাস্তরিতা, (১৭) মানিনী, (১৮) অহুরক্তা, (১৯) প্রবদন্তর্ত্তকা, (২০) প্রোঘিতভর্ত্তকা, (২১) অভি-দারিকা, (২২) দিবাভিদারিকা, (২৩) তিমিরাভিদারিকা, (২৪) জ্বোৎস্বাভিদারিকা, (২৫) ছর্দিনাভিদারিকা ইত্যাদি। ঐ গ্রন্থে শঠ ধৃষ্ট গ্রাম্য নামক প্রভৃতিব সম্পর্কেও শ্লোক সম্বলিত হইয়াছে।

গোবিলদান নংস্কৃত সাহিত্যের সহিত স্থারিচিত ছিলেন। ডিনি সংস্কৃতে সদীতমাধ্ব নাটকও রচনা ক্রিয়াছেন। আমার মনে হয় যে ডিনি সহ্জিক্ণায়ত

ও এরপের পভাবলী পড়িয়াছিলেন। তাঁহার অনেক পদেই ঐ হুই সঙ্কনের শ্লোকগুলির ভাষার ও ভাবের প্রতিধ্বনি পাওয়া যায়। গোবিন্দাসের পূর্ব্বে বিদ্যাপতি বয়:দন্ধি, পূর্কারাগ, অভিসার, মিলন, মান, মানভন্ধ, বিবহ, রদোলাার, ভাবোলাদ প্রভৃতি বিষয় লইয়া পদ রচনা করিয়াছেন। শ্রীচৈতত্তের যুগে বলরামদাস **শ্রীক্বফের বাল্য-**লীলা, গোষ্ঠ, শ্রীরাধার রূপ, পূর্ব্তরাগ, অহুরাগ, অভিসার, মিলন, রদালদ, রদোগদার, বাদকদজ্জা, খণ্ডিতা, দানলীলা, নৌকাথণ্ড, বিরহ প্রভৃতির উপর বহুসংখ্যক উৎকৃষ্ট পদ রচনা করিয়াছেন। তারপর জ্ঞানদাদের আবিভাব। তাঁহার পদাবলীর মধ্যেও আমরা গোষ্ঠ, বয়:সন্ধি, পূর্কারাগ, রূপাত্মরাগ, নবোঢ়া-মিলন, অভিদার, মান, আক্ষেপামুরাগ, বংশীশিকা, বদস্তবিহার, রাস, রসোদগার প্রভৃতি বিষয়ে রচিত পদরত্বসমূহ পাই। গোবিন্দদাস हैशामित्रहे मछन विषय नहेशा भाग निथियाहिन वर्दी, কিন্তু ইহার। কেহই বিষয়-বৈচিত্রো গোবিলদাসের সমকক নহেন। বিদ্যাপতিতে, বলরামদাসে বা জ্ঞানদাসে चह-कानीय मीना नाहे, थाकिवात कथा अ नाह ; तकना श्व সম্ভব শ্রীরূপের নিদিষ্ট ভঙ্গনপ্রণালী অহুসারে উহা বৃন্দাবনে কৃষ্ণদাস কবিরাজ ও গৌড়ে কবিকর্ণপুর কর্তৃক প্রবর্ত্তিত হয়। বিদ্যাপতি ও বলরামদাদে একুঞ্বের রূপ লইরা दिष्ठि अन नारे विलाल रहा।

সহজ্ঞিকর্ণামৃত, শাক ধিরপদ্ধতি প্রভৃতি স্নোকসংগ্রহ গ্রহে পুস্বের রূপবর্ণনা নাই। ইহার কারণ বোধ হয় সামাজিক। মেরেদের ভিতর লেখাপড়ার খুব বেশী প্রসার ছিল না। স্বতরাং পুক্ষের রূপবর্ণনা করিয়া তাঁহাদের মনস্কৃতি করার কোন সন্থাবনা ছিল না। তাহা ছাড়া পুক্ষের রূপবর্ণনা পড়িয়া স্বস্থ ও স্বাভাবিক পুক্ষ মুখ হয় না। কিন্তু প্রীচৈতক্যের প্রেমধর্ম প্রচাবের পর প্রকৃষ্ণ হলৈন রাধিকার প্রাণপতি, ভক্তগণ রাধিকার মহাগ্রহ

নিজ্জন, দেই হিসাবে শ্রীকৃষ্ণ সকলেরই দরিত। তাই জাঁহার রূপবর্ণনার জ্ঞানদাস ও গোবিন্দদাস অগ্রসর হইলেন।

বিভাপতিতে গোষ্ঠ, কলহান্তবিতা ও প্রেমবৈচিন্ত্য নাই। অমূল্যচরণ বিভাভ্ষণ মহাশ্যের বিভাপতির সংস্করণে প্রেমবৈচিন্ত্য পর্যায়ে যে পদগুলি ছাপা হইয়াছিল, সেগুলি সন্তোগের ও রুসোদগারের পদ—তাহার মধ্যে একটিও প্রেমবৈচিন্ত্যের পদ নাই। থাকা স্বাভাবিকও নহে। কেননা 'কোরহি দেখিতে না পায়'—কোলে থাকিলেও না দেখিতে পাইয়া বিরহে আকুল হওয়া এইরূপ ভাব শ্রীচৈতন্তকে দেখিয়া শ্রীক্রপ গোস্বামীই প্রথম প্রচার করেন।

ख्रीक्रथ व्यवचा उक्कमनीनम्पिए (अमरेविष्ठा अकत्र्र्प ঘলিয়াছেন যে পার্থে অবস্থিত প্রিয়তমকে কখনও কখনও অমুপস্থিতের মতন যে বোধ হয় তাহার হৃন্দর উদাহরণ দেখাইবার নিমিত্ত বোপদেব মুক্তাফলে দারকার মহিষীদের পীতবিভ্রম বর্ণনা করিয়াছেন। কিন্তু বোপদেবের গ্রন্থে 🐯 "কুবরি বিলপসি জং বীতনিদ্রা ন শেষে" ইত্যাদি (১০١৯০।১৫) স্লোকটা উদ্ধৃত হইয়াছে, যাহার অর্থ এই "হে কুবরি! ঈশব শ্রীকৃষ্ণ এই জগতে জ্ঞান গোপন রাধিয়া নিজা ষাইভেছেন; তুমি বীতনিজ হইয়। তাহা হইলে বিলাপ করিতেছ কেন ? অথবা হে স্বি ! খ্রীক্লফের হাস্তদমন্তিত উদার লীলাকটাকের বারা আমাদের মতন ভোমারও চিত্ত কি গাঢ়ভাবে বিদ্ধ হইয়াছে ?" ইহাতে পণ্ডিতেরা কোন কিছুই নৃতন করিতেছেন বলিতে চাহিতেন না, ষেন পুরাতন কথাই তাঁহারা বলিতেছেন ইহা দেখাইবার জন্ম ব্যগ্র থাকায় কোন না কোন প্রমাণ উদ্বত করিতেন। একপেও এখানে এরপ করিয়াছেন। তিনি প্রেমবৈচিত্তার সংজ্ঞা দিয়াছেন যে প্রেমের উৎকর্ষ-ৰশত: প্ৰিয় ব্যক্তি নিকটে থাকিলেও তাঁহার সহিত বিজেদের ভরে বে পীড়ার অহতব হয় তাহাকেই প্রেম-বৈচিত্তা বলে। উদাহরণস্বৰূপ তিনি "আভীরেন্দ্রস্থতে ক্ষতাপি" ইত্যাদি সোকটা বচনা কবিয়াছেন। উহাব ছাৰাৰ্থ এইভাবে অনুদিত হইয়াছে :--

কাছক কোরে বৈঠি ধনি কছতহি কাঁহা গেও নাগররাক্স। কি মঝু দোবে ছোড়ল বর নাগর হই বলি পড়ু ক্ষিতি মাঝ। এ সধি! কাছ দেহ মুঝে আনি।

ঐছন রাইক বচনে হরি বিশ্বিত বদনে লাগাওল পানি॥

শচীনন্দনকৃত উল্লেলচক্রিকা, পু: ১৮১

গোবিন্দদাদ শ্রীরূপের পদাস অহুদরণ করিয়া শ্রীকুষ্ণেরও প্রেমবৈচিত্ত্য দেখাইয়াছেন। শ্রীকৃষ্ণের প্রেমে রাধাই শুধু 'হারাই হারাই' ভাবেন না, শ্রীকৃষ্ণও রাধাকে কোলে পাইয়াও বিলাপ করেন—

> আর কিয়ে কনক-ক্ষিল-তহু স্ক্রি দরশ পরশ মঝু হোয়। (৬০১)

রাইয়ের কোলে কাছ এরপ বিলাপ করিতেছেন দেখিয়া ব্রজ্বনিতাগণ হাসিতে লাগিলেন বটে, কিন্তু গোবিন্দদাস প্রেমের এই অন্তুত রীতি ব্ঝিতে না পারিয়া সংশ্যাপন্ন হইলেন। আর একটি পদে দেখি রাধা শ্যামের আলিঙ্গনে বন্ধ হইয়া বিলাপ করিতেছেন, "নো তহু সরস পরশ বব পাওব তবহি মনোরথ পূর।" এইরপ অন্তুত কথা শুনিয়া শ্যাম রাধাকে প্রবাধ দিতে লাগিলেন (৬০৩)। এই সব কবিতার ভাবকেও ছাড়াইয়া গিয়াছে গোবিন্দদাসের "রোদতি রাধা শ্যাম করি কোর" ইত্যাদি পদে (৬০৪)। প্রেমে যে নায়ক-নায়িকা কতদ্র জ্ঞান হারাইতে পারে ভাহা দেখাইতে ঘাইয়া কবি বলিতেছেন যে রাধার এই অপুর্ব্ব ভাববিহ্বলতা দেখিয়া কৃষ্ণ মৃচ্ছিত হইলেন।

মুরছলি নাগর মুরছলি রাই।
বিরহে বেয়াকুল কুল না পাই॥
দাকণ বিরহে না হেরই তায়।
সহচবি চিত্র-পুতলি সম চায়॥

প্রেমবৈচিত্তার পদ বলবামদাস ও জ্ঞানদাসে নাই। স্থতবাং পদক্তাদের মধ্যে গোবিন্দদাসই এ বিষয়ে পদিরচনা করিতে প্রথম জ্ঞাসর হন। তাঁহার বন্ধু, নরোভ্তমের শিশু বন্ধভদাসেরও ঘূটী স্থন্দর প্রেমবৈচিত্তোর পদ পাওয়া বার (তক্ষ ৭৬৯ ও ৭৭০)।

 এগুলি গোবিন্দদাসের বংশসম্ভূত সেই বলরামের লেখা বাঁহার সম্বন্ধে বৈষ্ণবদাস বলিয়াছেন "কবি-নুপ-বংশজ"।

গোবিন্দদাদের খণ্ডিভার পদগুলি বিদয়তার অপূর্কা
নিদর্শন বলিয়া বসিকজন বলিয়া থাকেন। কিন্তু ১৭৭১
খ্রীষ্টান্দে দীনবন্ধুদাদ তাঁহার সংকীর্ত্তনামূতে কয়েকটা
প্রাচীন সংস্কৃত শ্লোক তুলিয়া দেখাইয়াছেন যে কবি তাঁহার
অধিকাংশ ভাবের জন্ম প্রাচীনদের নিকট ঋণী। আমাদের
৪৪১, ৪৪২, ৪৪৩ ও ১৪৪ সংখ্যক পদের টীকায় ঐ
স্কুন্ধৃত শ্লোকগুলি উদ্ধৃত করিয়াছি। প্রাচীন কবির
শ্লোকের ভাব লইয়া লিখিলেও গোবিন্দদাদ ঐ কয়টী পদে
শ্রীয় প্রতিভার বৈশিষ্ট্য দেখাইয়াছেন।

'দহজই গৌরি রোথে তিন লোচন' প্রভৃতি পদটীর প্রথম অংশ দংস্কৃত শ্লোকের অন্থাদ বটে, কিন্তু কবি ইহার অব্যবহিত পূর্ব পদে রাধার উক্তির প্রত্যুত্তর দিতে যাইয়া বলিতেছেন—স্করি! তুমি বলিতেছ যে আমাকে দেখিয়াই তোমার মনে মনসিজ দগ্ধ হইয়া গিয়াছে। কিন্তু দেই দগ্ধ মনোভবনে পুনক্জীবিত করিতে তুমিই পার।

› বলরামের একটা পদে (তক ৩৮০) গোবিন্দনাদের অক্করণ-চেই।
ন্পাই দেখা যায়। গোবিন্দনাদের রাধা অনেক কৌশলে বলিয়াছেন যে—
হে কৃঞ্, তোমার তো শিবের সঙ্গে সবই মিলিয়া যায়, তোমার কপালে
সিত্র দেখিয়া মনে হয আভিন, চন্দনের রেণু গায়ে দেখিয়া মনে হয় ভয়
মাধিয়াছ। তধু একটা বিষয়ে একট্ পার্থকা দেখিতেছি। তুমি নিগম্বর
হও নাই কেন ?

তবর্গ বসন ধব কাঁহে দিগন্থর শন্ধর নিয়ম উপেপি ।

কৰি মন্তব্য করিয়াছেন কৃষ্ণ ভূশ ক র্যা বাধার শাড়ী পরিয়া আসিয়াছেন, তাই পরের কাপড় কাপড়ের মধ্যে গণা করা হয় না। ব্যঞ্জনা— রাইমের শাড়ী এমন পাতলা যে কৃষ্ণকে প্রায় দিগন্থরই দেখাইতেছে। ইহারই যেন প্রতিধানি করিয়া বসরামদাস বলিতেছেন—

স্থামর অক্ষেনীল কিয়ে অবদে অবদ মিলি গেল। দুরহি দীগ- বসন অবসু হেরিয়ে

াগ- বসন জন্ম ছোরট - ঐছন মরম্ছি ভেল।

স্তামের দেছে নীগবসন বেন মেখে খেখ মিশির। গিরাছে, দুর হইতে দেখির। মনে হয় বেন দিখসন কর্থাং <mark>উলক</mark>। একটু হাসিরপ বর দিলেই মন্মধ আবার বাঁচিয়া উঠিবে—

দহন মনোভবে তোহি **জিয়াওবি**ঈষত হাসি বরদানে।
তোমার রুপা হইলে, যাহা কিছু বাধাবিপ্**তি আছে সব**খণ্ডিত হইবে, এই কথার প্রমাণ গোবিন্দদাস স্বয়ং।

তয়া প্রসাদে বাদ সব খণ্ডব

গোবিন্দদাস পরমাণে ॥

এখানে কবি মূল শ্লোকের কবিছকে আরও হুলর করিয়া তুলিয়াছেন। কেননা মূল শ্লোকে ধৃষ্ট নায়ক ভগু কথা-কাটাকাটি করিয়া যেন দাবী করিয়াছেন যে তাঁহাকে অদ্ধান্ধ বলিয়া স্বীকার করা হউক। গোবিন্দদান কৌশলে বাধাকে চাটুবাক্য বলিয়া তাঁহার কুপা চাহিতেছেন। পরবর্ত্তী পদটার 'নধ পদ হৃদয় ভোহারি' ইত্যাদিও (৪৪৩) সংস্কৃত শ্লোকের অমুবাদ বটে, কিন্তু এখানেও গোবিন্দান মৌলিকতা দেখাইয়াছেন। মূল শ্লোকে আছে যে তুমি আমার অর্দ্ধেক দেহ চাহিতেছ কেন, তুজনের শরীর তো একই। গোবিল্লান ইহাকে উচ্চন্তবে উল্লীত করিয়া বলিতেছেন, 'তুহুঁ হাম একই পরাণ।' তাহা না হইলে কি এমন হয় যে আমার কাঁদিতে ইচ্ছা করিতেছে আর ভোমার বাক্য গদগদ হইয়া গেল। যথন মনপ্রাণ উভয়ের একই তথন আর দেহের মিলনে कि इहेरव? आिंग कर्मा, जुभि कान, भिन इहेरवह वा কিব্নপে ? পরের ভাবধারা অমুবাদ করিতে করিতে চট করিয়া তাহাকে নিজম থাতে প্রবাহিত করিতে পার। কম কৃতিত্বের কথা নহে। 'কাঁহা নখচিছ চিহ্নলি তুছ ज्ञादि' (888) উজ्জ्ञानीनम्बित धृष्टे नाम्रत्कद উক্তির ভ'বাহুবাদ বটে, কিন্তু এখানেও পদের শেষার্ক গোবিন্দদাসের সম্পূর্ণ মৌলিক। এক্রিঞ্চ বলতেছেন, আমি গৈরিক বং লাগাইয়াছি, তুমি মনে করিলে কি বুকে আলতার দাগ লাগিয়াছে? আমার কপালের ফাগুয়ার বিন্দুকে তুমি দিশুর ভাবিলে। হায় হায় ভোমার ধবর পাইবার জন্ম সারারাত্তি জাগিয়া থাকায় আমার চোথ লাল হইয়াছে, আর ভূমি কিনা উলটিয়া আমার

শোব দিতেছ ? এথানে ক্ষেত্র হয়কে নয় করার চেটা ছাড়াও একটা ককণ আকৃতির ভাব দেখা যায়। তিনি বেন তাঁহার ভাগ্য থারাপ দেখাইয়া রাধার ককণা ভিক্ষা ক্রিতেছেন।

সকালবেলা নায়ক অন্ত নায়িকার নিকট হইতে সম্ভোগচিহ্ন বহন করিয়া বাসকসজ্জায় প্রতীক্ষমাণা প্রিয়ার কাছে
আসার বর্ণনার স্ত্রপাত বোধ হয় অমক করিয়াছিলেন।
সহক্রিকর্ণামৃতে ধত তাঁহার একটা কবিতার (২।২৪।৪)
ভাব এই—কপালের উপর আলতার দাগ, গলায় (হাত
দিয়া অভাইয়া ধরার জন্ত) কেয়্রের ছাপ, মূথে কাজলের
কালো বং, নয়নে তাম্বুলের রাগ—সকালবেলায় প্রিয়ের
এই কোশজনক মণ্ডন দেখিয়া পহজাকীর নিখাদগুলি
কেলিপকজের ভিতরই সমাপ্ত হইল। ইহার খানিকটা
প্রভাব পভিয়াছে গোবিক্ষদাসের নিয়লিখিত পদে:

নয়নক অঞ্চন অধবে ভেল রঞ্জিত
নয়নহিঁ তাম ল দাগ।

সিন্দুরবিন্দু চন্দন-ইন্দু কাঁপল
উর পর যাবক রাগ॥

(৪৬৬)

কিন্তু অমকর নায়িকা বেধানে নীরবে দীর্ঘনিঃখাস ফেলিয়া ভাহার ছঃখের ভার বহিতেছে, গোবিন্দদাসের রাধা সেধানে দৃগুা হইয়া বলিতেছেন—এখন এমন বোকা মেরে কে (গোঙারি—প্রাম্যা মেয়ে, বোকা মেয়ে) আছে বে ভোষার ঐ ঝামার মতন দেহ দেখিয়াও তাহা ছুইতে রাজী হইবে?

কোন গোঙারি তোহে অব পরশব হেরি ভুয়া ঝামর দেহ।

গোবিন্দাদের অহবাদপটুতা ১৯৯, ৩৬৬, ৫৮৫ সংখ্যক পদেও দেখা বায়। কিন্তু প্রায় প্রত্যেক স্থানেই তিনি বীয় প্রতিভাব বাত্কাঠি বুলাইয়া প্রাচীন কবিদের ভাবকে স্বন্ধরভাবে রূপান্তরিত করিয়াছেন। অভিসারের স্থানিদ্ধ পদ—

> কণ্টক গাড়ি কম্লস্ম পদতল সঞ্জীর চীরতি কাঁপি।

গাগরি-বারি ঢারি করু পীচল চলতহি অঙ্গুলি চাপি ॥ মাধব তুয়া অভিসাবক লাগি। ছুত্র-পছ-গ্রম ধনি সাধয়ে यनित यायिनि काति॥ क्रयूर्ण नयन मुनि हलू ভाविनि তিমির পয়ানক আশে। কর-কঙ্কণ-পণ ফণি-মুখ-বন্ধন শিখই ভুজগ-গুরু পাশে ॥ গুরু-বচন বধির সম মানই আন ওনই কহ আন। পরিজন-বচন মুগধি সম হাসই গোবিন্দদাস প্রমাণ।

ইহা যে কবীন্দ্রবচনসম্ভয়ের ৫১৯-সংখ্যক শ্লোকের ভারাম্বাদ তাহা অধ্যাপক ডাঃ শশিভ্ষণ দাশগুপ্ত মহাশয় দেখাইয়াছেন। কিন্তু রবীন্দ্রনাথ যেমন সংস্কৃত কাব্য ও বৈষ্ণব কবিতা ব্যাখ্যা করিতে যাইয়া ন্তন করিয়া সৃষ্টি করিয়াছেন, গোবিন্দদাসও তেমনি ঐ শ্লোকটী অম্বাদ করিয়া অপূর্ক বিদ্যাতা দেখাইয়াছেন। শ্লোকে—

(७७७)

'গাগরি-বারি ঢারি করু পীছল

চলতহি আঙ্গুলি চাপি'— এ জাতীয় কোন কথা নাই। রাধা ঘড়া ঘড়া জল ঢালিয়া বাড়ীর উঠান পিছল করিয়াছেন, আর তাহাব উপর পা টিপিয়া টিপিয়া চলা আভ্যাদ করিতেছেন, কেননা তাঁহাকে বর্ধার রাত্রিতে পিছল পথ দিয়া আঁধারের মধ্যে অভিদার করিতে হইবে। ম্ল ল্লোকে এইরূপ কথা নাই। গোবিন্দদাদ বলেন—'মন্দিরে যামিনি জাগি'— রাত্রিবেলায় যথন স্বাই ঘুমাইয়াছে, তথন রাধা একলা রাত জাগিয়া জাগিয়া স্কৃতিন পিচ্ছিল পথে কি করিয়া চলিতে হয় তাহা শিখিতেছেন। গোবিন্দদাদ স্ব চেয়ে বেশী মৌলিকভা দেখাইয়াছেন 'কর-ক্ষণ-পণ্ ফ্লি-ম্থ-বদ্ধন' ইভাাদিতে। সংস্কৃত শ্লোকের কবির পথে শাপের ভয় ছিল না। কিন্তু রাধা জানেন বে তাঁহার পথে বড় বড় সাপ আছে; ভাহাদের মাধায় মণি জলে। সেই মণির আলোকে যদি কেহ তাঁহাকে অভিসারে যাইতে দেখে, তাহা হইলে শুধু যে নিন্দা হইবে তাহা নহে, ক্ষের সঙ্গে মিলনের পথও হয়তো চিরদিনের জ্ব্যু বন্ধ হইয়া যাইবে। তাই তিনি সাপুড়েদের কাছে সাপের মুখ কি করিয়া বাঁধিতে হয় তাহা শিখিতে চাহেন। উহা শিখিতে পারিলে সাপকে ধরিয়া তাহার মণি আচ্ছাদিত করা সন্তব হইবে। কিন্তু সাপুড়েরা তাঁহাকে বিনা পয়সায় শিখাইবে কেন? আর তিনিই বা পয়সা কোথায় পাইবেন। কিন্তু হ্যুতে তো সোনার কন্ধণ আছে। তাহাই তিনি পণ বা প্রস্কার-স্বরূপ দিয়া সাপুড়েদের কাছে সাপের মুখবাঁধার কৌশল বা মন্ত্র শিথিবেন। এত কথা কত অল্লাক্ষরে কবি প্রকাশ করিয়ালেন।

শংস্কৃত শ্লোকটীর কবি মৃগ্ধা নায়িকার পথ চলা অভ্যাস করার কথাই বলিয়াছেন, তাহার প্রেমোরতভার আর टकान পরিচয় দেন নাই। গোবিন্দদাস বলেন যে রাধা গুরুজনদের কথা কিছুই কানে শুনিতে পান না, 'বধির সম মানই'। ভানিবেন কি করিয়া, তাঁহার কানে যে অহরহ মুরলীর ধ্বনি বাজিতেছে। তাই তিনি গুরুজনদের এক কথা শুনিয়া অন্ত কথার জবাব দেন। আর বাডীর যাহার। অক্সান্য লোক-পরিজন, তাহারা কথা বলিলে, তিনি বুঝেন না তাহারা কি বলিতেছে, শুধু বোকার মতন একটু হাদেন। মনপ্রাণ সব যে দয়িতের নিকট নিবেদিত হইয়া গিয়াছে, তাই অপরের কথা শুনিবার বা বুঝিবার শক্তিও রাধার লোপ পাইয়াছে। মিল্টনকে এক সমালোচক greatest plagiarist বলিয়াছেন। মিণ্টনের মত গোবিন্দদাপও অপর কবির ভাবকে ভার্থ আপন করিয়া লন নাই, তাহাকে স্থন্দরতর ও অধিকতর ভাবসমৃদ্ধ ক্রিয়াছেন। বলা প্রয়োজন যে পদ্যাবলীর (১৯৭) একটা পদে রাধার হাত দিয়া সাপের মণি ঢাকার কথা আছে।

গোবিন্দদাসের 'দরশনে লোর নয়ন-য়্গ ঝাঁপি' ইত্যাদি পদ (৫৮৫) কাব্যপ্রকাশের 'ধ্যাদি বা কথ্যদি প্রিয় সঙ্গনেহিপি' ও প্যাবলীর 'আনন্দোদামবাস্পপ্রপিহিতঃ' লোক (৬৮৪) লইয়া লেখা বটে, কিন্তু ঐ ছুইটী শ্লোকে নামিকার অপূর্ব আন্দেশের কোন ইণিত নাই। গোবিন্দ- দাসের রাধা বলিতেছেন—আমার বৃথাই শ্রাম-কলহ হইল;
আমার দক্ষে যে শ্রামের বভদ-কেলি হইয়াছে তা আমার
মনে পড়ে না। পড়িবে কিরপে ? তাহাকে দেখিলেই
আমার চোথ আনলাঞ্চতে পরিপূর্ণ হইয়া য়য়, তাহার
ম্থথানি ভাল করিয়া দেখিতে পয়্যন্ত পাই না। তাহার
নাম শুনিলেই দেহ অবশ হইয়া য়য়, তাই আলিম্বন
করিতে আদিলে আমার বাহুয়য় কাঁপিতে থাকে, চ্ছনকালে আমি তো একেবারেই চেতনা হারাই, স্তরাং
'কো ফ্রানে কৈছে রভদ-রদ কেলি'। তথাপি পোড়া
লোক কিনা আমার নামে কলঙ্ক দেয়, জগৎ ভরিয়া
আমার অকীর্ত্তি যে—'রাধামাধব অবিচল লেহ'।

শ্রীরপ গোষামী উজ্জ্বনীলমণিতে (পৃ: ৯৮৭) বলিয়াছেন যে বিদগ্ধ নায়ক নায়িকার পরস্পরের মধ্যে লীলাবিলাদে যে স্থ হয় তা সম্প্রোগে হয় না। গোবিন্দাস শ্রীরপের এই স্ত্র অবলম্বন করিয়া লিখিয়াছেন যে যাহার সহিত কেলিকলারদ আম্বাদন করিবে বলিয়া রাধা কত সংক্র করিয়াছিলেন,

ভাকর পানি পরশে তন্ত পরবশ

অবহি বিচেতন ভেল। (২৭১)

রাধা প্রাণ ভরিয়া রুফ্দর্শন করিতে পারেন না—

দরশনে নহ ত নয়ন ভবি ভিরপিত

পরশনে না রহে গেয়ান। (২৭৩)

মিলন হইলে রাধাখ্যাম সম্ভোগের কথা ভূলিয়া যান—

রদের আবেশে তৃত্তঁ অঙ্গ হেলাহেলি

বিছুরল প্রেম-সান্ধাতি। (২৮৮)

পরস্পরে যখন কাছাকাছি আসেন, তখন দেহ নিবিড়তর মিলন চায় বটে, কিন্তু উভয়ে উভয়ের মূখের দিকে চাহিয়া ার পলক ফেলিতে পারেন না, সেই অবস্থায় দাঁড়াইয়া থাকেন, তাহা হইলে আর বিলাস হইবে কিরূপে?

মুধ অবলোকনে অনিমিধ লোচনে
কৈছে হোয়ত নিরবাহ। (৩৩২)
চোধ আনন্দনীরে পরিপূর্ণ হয়, তথন যদি আলিছনের
অস্ত বাহু প্রদারণ করেন তো—

কাঁপয়ে ঘন ঘন কৈছে করব পুন ় স্থরত-জনধি অবগাহ।

তাই কৰি শ্ৰীক্ষপ গোষামীর বাণীর প্রতিধ্বনি করিয়া বলিতেছেন ষে, এইক্ষপ ষে দীর্ঘকালস্থায়ী মিলন তাহা সম্ভোগ-বিলাদ অপেকা লক্ষণ্ডণ শ্রেষ্ঠ।

> চিরদিনে মিলন লাখগুণ নিধুবন কহতহি গোবিন্দদাস। (৩৩২)

শীরূপ গোষামী শীচৈতত্ত্বের ছারা অম্প্রাণিত হইয়া শীরুক্ষকে মদন-মোহন (কামকে ঘিনি মোহিত করেন) রূপে অন্ধন করিয়াছেন বলিয়াই গোবিন্দদানের পক্ষে ঐরপ ভাব প্রকাশ করা সম্ভব হইয়াছে। এরপ মিলনের চিত্র বিভাগতির পদে কোথাও নাই।

গোবিন্দাস বিভাপতির কোন্ কোন্ পদ পাইয়াছিলেন তাহা জানিবার উপায় নাই। পদায়তসমূদ,
পদকলতক প্রভৃতিতে বিভাপতির ১৯০টা মাত্র পদ ধৃত
হইয়াছে। অথচ গোবিন্দাস বলিতেছেন যে, বিভাপতি
'লাখ গীতে জগচীত চোরায়ল' (৪৬) এবং প্রার্থনা
ক্রিতেছেন যে, বিভাপতির পদক্মলের মধু পান করিয়া
ভাঁহার চিত্তে যেন—

রদিক শিরোমণি নাগর-নাগরী শীলা কুরব কি মোয়। (৪৫)

কিন্ত বিভাপতির যে ৭৯০টা অকৃত্রিম পদ আমরা পাইয়াছি, তাহার মধ্যে ৬৮৪টা অর্থাৎ শতকরা ৪৮ ভাগ কবিতার রাধাকৃষ্ণের কোন উল্লেখ নাই। রাধাকৃষ্ণের উল্লেখ যেখানে আছে দেখানেই প্রেমভক্তির কথা বিভাপতি বলিয়াছেন ভাহা নহে। কয়েকটা উদাহরণ দিভেছি। একটা পদে (মিত্র-মন্মুমদার সংস্করণ ৩৫। অতঃপর শুধু ঐ সংস্করণের সংখ্যা উল্লেখ করিব) কোন তরুণী তাহার স্থীকে বলিভেছে—

নীল কলেবর পীত বসনধর
চন্দন তিলক ধবলা।
সামর মেঘ সৌদামিনি মণ্ডিত
ভবিহি উদিত সুস্কিলা।

হরি হরি অন্তয় জন্ম প্রচার।

সপনে মোএ দেখল নন্দকুমার॥

কিন্তু কবি তাহার উত্তরে আভোগে (ভণিতায়)
বলিতেছেন—

ভণই বিভাপতি - অরে বর ভৌবতি জানল সকল মরমে।

ি দিবদিংঘ রায় তোরা মন জাগল কাহু কাহু কর্দি ভর্মে॥

গোবিন্দদাস এই পদ দেখিলে নিশ্চয়ই মর্মাহত হইতেন।
বিভাপতির ৭৭ সংখ্যক পদে দেখা যায় যে, কোন তরুণী
বলিতেছে যে তাহার ঘরে এক শ্রামবর্ণ পুরুষ অতিথি
হইয়াছিল এবং রাজিটা রঙ্গরসে বেশ কাটিয়াছিল।
কবি তাঁহাকে বলিতেছেন, 'কাহুরূপ দিরি দিবসিংহ
আএল'।

তাঁহার ৯৯ সংখ্যক পদে দেখি এক অভিসারিকা কৃষ্ণ-পক্ষের রাত্তিতে পথে বাহির হইয়াছে, এমন সময়—

আন্তর পাস্তর বাট উগি গেল

চন্দা করম চণ্ডার।

প্রান্তরের মধ্যপথে চণ্ডালের মত কান্ধ করিয়া চন্দ্র উদিত হইল। স্থানরী তথন উভয় সন্ধটে পড়িল, চাঁদের আলোতে সন্ধেতস্থানেও যাওয়া যায় না, ঘরেও ফেরা যায় না—

ন পরে পৌলিহঁ ন ঘরে গেলিহঁ

ত্হ কুল ভেল হানি।

এদিকে পঞ্চশর যুবতীকে অর্দ্ধমৃত করিয়া ফেলিয়াছে। তাই কবি তাহাকে বলিতেছেন—

> ভণে বিভাপতি স্থনত এ যুবতি স্বাহ্ন এ গুননিধান।

রাএ দিবদিংহ রূপনরাএণ --

লছিমা দেবি রমান।

তাহার মদনজালা নিবারণ করিবার জন্ম গুণনিধান শিব
সিংহ আছেন। ১৬৪ সংখ্যক পদেও ঐরপে বিরহিণীকে
বলা হইয়াছে—

লখি দেবিপতি পুরিহ মনোরথ আবিহ নিবনিংহ রাজা। ১৭৫ সংখ্যক পদটীতে বিরহিণীর তুঃধ স্থন্দরভাবে বর্ণনা করিয়া বিভাপতি বলিভেচেন—

দিবস রহওঁ হেরি রহ্মনি বইরিনি ভেলি বিসম কুমুম সর ভাবে।

নজন নীরগল মুরছি ধরনি পল

নিরদএ কন্ত নাহি আবে॥

সমঅ মাধব মাস পিআ পরদেস বস তাহি দেখ বসস্ত ন ভেলা।

ফুলল কদৰ গাছ হাটবাট সেহো অছ মোৱে পিআ এঁ দেও ন দেখলা॥

অর্থাৎ দিনের বেলায় তো তাহার আসার আশায় পথ চাহিয়া থাকি, রাত্রিকালে পথ দেখা যায় না, তাই রাত্রি আমার শক্র হইল অথবা রাত্রিকালে কুহুমশরের আঘাত প্রবলতর হয়, তাই রাত্রি আমার বৈরিণী। নয়নে অঞ্চবহে, মৃষ্টায় ধরণীতে পড়িয়া যাই, তব্ও নির্দয় কাস্ত আমার কাছে আসে না। এই চৈত্র মাস, তথাপি প্রিয় পরদেশে বহিল। স দেশে কি বসস্ত আসে না। আজ হাতে বাতে, সব জ্বায়গায় কদম ফুল ফুটিল; আমার প্রিয়তমের চোথে কি তাহাও পড়িল না? এমন বিরহিণীকে কবি দেখাইয়া দিতেছেন—

ভণই বিভাপতি স্থন বর জউবতি

অছ তোঁকে জীবন অধারে।

রাজা শিবসিংঘ রূপ নরাএণ

একাদশ অবতারে॥

রাজ্যভার কবি রাজাকে খুনী করিবার জন্ম এরকম লিখিতে পারেন; কিন্তু এ ধরণের লেখা বাংলার বৈষ্ণবেরা আদর করেন নাই। বিভাপতি অতিশয়োক্তির কবি। তাঁহার এক বিরহিণী মলয় পবন সহু করিতে না পারিয়া নথ দিয়া সাপ আঁকে, এই আশায় যে সাপ বায়ুভুক্, তাই তাহার আঁক। সাপ মলয় সমীরকে ভক্ষণ করিয়া ফেলিবে ও সে দখিনা বাতাসের জালাতন হইতে বাঁচিবে। বাংলার বৈষ্ণবদের কাছে এই পদটী ভাল লাগিয়াছিল, কিন্তু উহার ভনিতায় কবি বলিয়াছেন— বাজা দিবদিংঘ রূপ নরার্থ
করথ বিরহ উপচারে।
এ কথা বৈফবেরা কিছুতেই স্বীকার করিতে পারেন না;
তাই তাঁহারা ভনিতাটী সামাল্য বদলাইয়া নিলেন—
ভনয়ে বিল্ঞাপতি শিবসিংহ ন্রপতি
বিরহক ইহ উপচারি।

दक ३৮१३

অতিশয়োজি কতদ্র পর্যান্ত যাইতে পারে তাহা বিছা-পতির বিরহিণীর চোখের জলে নদী তৈয়ারী করিয়া তাহাতে সান করা হইতে দেখা যায়—

লোচন নীর তটিনী নিরমানে।
করএ কমলম্থি তথিহি সিনানে ॥
আবার বিরহে রাধার 'অঙ্গুরি বলয়া ভেল' (বিভাপতি
১৮৫)। ইহার প্রভাব গোবিন্দদাসও এড়াইতে পারেন
নাই। তাই তিনি লিখিয়াছেন যে—

অঙ্গুলিক মুদরি গোই ভেল কৰণ কৰণ গীমক হার। (৬৫৭)

রাধা বিরহে ক্লশ হইরাছেন, তাই তাহার অঙ্গুলির আংটি এখন কম্বারূপে ও কম্বন গলার হার্ত্রপে ব্যবস্থৃত হইতেছে।

গোবিন্দদাস ৭টী পদের (১৮৪, ২২৮, ২৫৪, ২৫৫, ৫৮৮, ৬২৮, ৬২৯) ভণিতায় নিজের নামের সজে বিভাপতির নাম করিয়াছেন। তাহার মধ্যে, 'এ স্থি! অপরূপ পেথলু রামা' ইত্যাদিতে গোবিন্দদাস বলিভেছেন, 'বিভাপতি পদ মোহে উপদেশল' সত্যই বিভাপতির 'সজনী, অপরুব পেথল রামা' (বিভাপতি, ৬২০) পদটীর ভাবার্থ লইয়া ইহা লেখা।

বিছাপতি বলিয়াছেন—

কনক্ষতা অবলম্বন উত্থল হরিণ-হীন হিমধামা।

হরিণহীন হিমধামা মানে অকলত্ব চন্ত্র, উহা বেন এক কনকলতাকে অবলহন করিয়া উদিত হ**ইল। আর** গোবিন্দদাস বলেন— কনকৰতা তহ বদন তান জহ উয়ৰ পুনমিক চন্দা।

কিছ ভাল করিয়া লক্ষ্য করিলে দেখা যাইবে যে, বিভাপতি বেখানে শুধু দেহের সাজ-সজ্জার বর্ণনা করিয়াছেন, গোবিন্দলাস সেধানে মনের কথাও বলিয়াছেন। যেমন—

কুটিল কটাখ লাখশর বরিষণে

মন বাঁধল বিহু দামা।
তথু কুটল কটাকের লক্ষশরের বর্ষণে আমার মন বিনা
রক্ষ্তেই বাঁধিল। বিভাপতি ৪৮৬ সংখ্যক পদে
বলিয়াছেন—

বদন হরইতে লাজ তুর গেল।
শিয়াক কলেবর অম্বর ভেল॥
গোবিন্দদাস তাঁহার ৫৮৮ সংখ্যক পদে বিভাপতির নাম
করিলেও

বেনন সঞে যব বসন উতারলুঁ লাজে লাজায়লি গোরি।

তিনি লাক্ষ দ্বে যাওয়ার পরিবর্তে লক্ষার বাড়াবাড়ি দেখাইয়াছেন। গোবিন্দদাদ ৬২৯ সংখ্যক পদেও বিভাপতির নাম করিলেও কেবলমাত্র তাঁহার 'দিবদ লিখি লিখি নথর খোষায়ল্ (৭২৮) ইহার প্রতিধ্বনি করিয়া 'নথর খোয়ায়ল্ দিবদ লিখি লিখি' লিখিয়াছেন। কিন্তু আর কোন মিলই দেখা যায় না। গোবিন্দদাসের রাধা বলিতেছেন—দে কুলিশ-হাদয় হইলেও আমার 'পরাণ পিয় দখি হামারি পিয়া'। তিনি আক্ষেপ করিতেছেন ধে, ছোটবেলায় আমি যথন রদ কি বুঝিতাম না তখন প্রিয় আমার বিদেশে গেলেন, এখন আমি তরুণী হইয়াছি, বদের কথা বুঝি এই সংবাদটী আমার প্রিয়ের কাছে পৌছাইয়া দেয় এমন লোক নাই কি? গোবিন্দদাদ এই দব ক্ষেত্রে দামান্ত কিছু ধার করিলেও ক্বত্ততার সহিত্ত ঋণ স্বীকার করিয়াছেন।

গোবিন্দাসের করেকটা পদে বিভাপতির প্রভাব প্রগাঢ় দেবা বায়। বেমন বিভাপতির 'কইা কইা পদক্ষ ধরক' (৬১৯) পদের প্রায় অবিকল ভাবায়বাদ গোবিন্দাসের ২২৪ সংখ্যক 'বাহা বাহা নিকসই তহু ভরু' জ্যোতি' ইত্যাদি। পার্থক্যের মধ্যে দেখি যে বিভাপতি বেধানে বলিয়াছেন—

জ্ঞহাঁ জুটাল কটাথ

ততহি মদন-সর লাথ।

সেধানে গোবিন্দদাস অপরূপ উপমা প্রয়োগ করিয়া

বলিতেছেন— বাহা যাহা ভঙুর ভাঙু বিলোল।

তই তই। উছলই কালিন্দি হিলোল।

ক্রবিলাসে যেন কালিন্দীর তরঙ্গভঙ্গী উছলিয়া উঠে।
অহুকরণ করিতে যাইয়াও নিজস্বতা যেখানে স্বতঃই প্রকট
হয়, দেখানে প্রতিভার অন্তিত্ব স্বীকার না করিয়া পারা
যায় না।

বিভাপতি অভিসারিকাকে বদনচন্দ্র আর্ত করিতে উপদেশ দিয়াছেন, কেননা বাজা শুনিয়াছেন যে চাঁদ চুরি গিয়াছে এবং প্রহরীরা চোর ধরিবার জ্ঞা ঘরে ঘরে খুঁজিতেছে।

আঁচরে বদন ঝপাবহ গোরি।
রাজ স্থানিচ্ছিম চাদক চোরি॥ (২০)
গোবিন্দদাস বলেন—

এ ধনি আঁচিরে বদন ঝাঁপাও লুবধল মধুপ চকোর বিধুস্কদ। (১৮৩)

প্রথম চরণটা ছাড়া উভয় পদের মধ্যে আর কোন সাদৃত্য নাই। গোবিন্দান বলিতেছেন—সামাত্য ভ্রমর, চকোর ও রাছর কথা কি বলিব, যেথানে রুফের মনেই ভ্রম হয়, সেখানে বৃদ্ধিহীন অত্য জীবের কথা কি বলিব? বিত্যাপতি হৃদ্দরীকে আখাস দিয়াছেন যে, চাঁদের কলক আছে, তৃমি নিজলক, হৃত্রাং তোমাকে চাঁদচ্রির দায়ে প্রহরীরা ধরিবে না। গোবিন্দাস বলেন— হৃদ্দরি! তোমার কি অসম্ভব প্রতাপ! তুমি জ্রা-কৃদ্দন করিয়া কটাক্ষার নিক্ষেপ করিলে ঘিনি হাতে গিরি ধারণ করিয়াছিলেন, তাঁহার মতন বীরের হৃদয়ও কাঁপিয়া উঠে।

ভাঙু-ধহুয়া কিয়ে হুভহু ধুনায়সি যৃত্ত পরে গিরিধর কাঁপ। বিভাপতি প্রথম সন্ধমতীতার বর্ণনা করিয়া অনেকগুলি পদ রচনা করিয়াছেন। তাঁহার বাধার সবে বয়ঃসন্ধি হইয়াছে; সে স্থীকে অন্থনয় করিতেছে যে, তাহাকে যেন কানাইয়ের কাছে ছাড়িয়া দিয়া স্থীরা চলিয়া না ধান।

কভূ নহি স্থনিএ স্বতক বাত।
কৈনে মিলব হম মাধব দাত॥ (৬৭০)
কিন্তু দখীরা তাহার কথায় কান দিল না। দে বেচারা
কুষ্ণকে বাধা দিয়া—

নহি নহি কহই নয়ন ঝর লোর।

ত্তি রহলি রাহি সয়নক ওর॥ (৬৭৪)
কিস্ক এ অবস্থায় বিভাপতির কৃষ্ণ—

আলিকএ নীবিবন্ধ বিষ্ণু খোরি। আর গোবিন্দানের কৃষ্ণ অহরণ অবস্থাতে জোর করিয়া সম্ভোগ করিতে উত্তত হইয়াও পারিলেন না।

> শৃতলি ভীত পুতলি সম গোরি। চিত না নী অলি রহত আগোরি॥ গোবিন্দদাস কহই পরিণাম।

রূপক কুপে মগন ভেল কাম। (২৮১)
রাধা ভীত হইয়া জড় পুতুলের মতন শুইয়া রহিলেন, আর
রুক্ষ পটে আঁকা নলিনীর উপর ভ্রমর ষেমন করিয়া
আলগোছে বসিয়া খাকে তেমনি রহিলেন। কবি
পরিণামের কথা বলিতেছেন—সম্ভোগ হইল না; কেননা
রূপ দেখিয়া কৃষ্ণ এতই বিমুগ্ধ হইলেন যে, বোধ হইল

বে কাম যেন রদের কৃপে ভূবিয়। গিয়াছে।

গোবিন্দদাস বিভাপতির কাছে ঋণী বটে, কিন্তু বিভাপতি প্রায়শই বহিম্খী, সৌন্দর্যের আকর্ষণে তিনি চঞ্চল, আর গোবিন্দদাস অনেকটা অন্তম্খী—ভাবের আবেগে তিনি স্থির ও গন্তীর। গোবিন্দদাস অর একটু বলিয়া পাঠককে বাকীটা করনা করিয়া লইতে বলেন। 'নিশসি নেহারসি ফুটল কদম্ম' (১৯১)—এই ছোট্ট কথাটিতে রাধার অন্তরের সমন্ত অহুরাগের প্রচণ্ড আবেগ প্রকাশ করা হইয়াছে। রাধা প্রাকৃটিত কদম্বের পানে দীর্ঘনিঃশাস ফেলিতে ফেলিতে ভাকাইয়া থাকেন।

কদম ফুল ফুটিয়াছে, কদম গাছের তলায় কৃষ্ণ দাঁড়াইয়া আছেন, তাঁহার পানে চাহিয়া রাধার এমন রোমাঞ্চ হইল যে, মনে হয় ষেন তাঁহার গায়েও বুকি কদম ফুল ফুটিয়াছে—এই অবস্থার পর ঘরে আসিয়া ওধু দীর্ঘনিঃশাস ফেলা আর বাড়ীর উঠানের কদমগাছের দিকে তাকাইয়া থাকা চাড়া আর কি উপায় আছে ?

ত্ই একটি কালির আঁচড়ে অপূর্ব্ব চিত্র অন্ধন করিতে গোবিন্দদাস যেন সিন্ধহন্ত ছিলেন। ঐতিচতক্তের ভাব বর্ণনা করিতে যাইয়া কবি লিখিয়াছেন—

স্থনে রোদন স্থনে হাস।
আনহি বরণ বিরস্থায়
নিবিড় প্রেম-সিকুয়া॥ (১৫)

প্রভাৱ কখনও সশবে বোদন, কখনও জোরে জোরে হাসি। এই কথা বলিয়াই কবি বলিতেছেন—'আনহি বরণ', তিনি বিবর্ণ হইয়া যান, গভীর ছংখের সহিত কথা বলেন— এসব দেখিয়া মনে হয় যেন তিনি বিশাল প্রেমসিয়ু। নানারকমের ভাবরূপ রত্বাজি ঐ সিয়ুর মধ্যে দুকাইয়া আছে। মাঝে মাঝে তাহা প্রকটিত হইয়া জনগণকে বিশ্বয়ে বিমুশ্ধ করে। ঐ ছবিটি আরও উজ্জ্বল হইয়াছে যথন গোবিন্দলাস প্রভাৱ ভাব বর্ণনা করিয়া বলিতেছেন—

নটন ঘটন ভৈ গেল ভোর।
মুকুল মাধব গোবিল বোল।
বোয়ত হদত ধরনি খদত
শোহত পুলক পাডিয়া॥ (১৭)

রাদের স্থাসিদ্ধ পদ 'বিপিনে মিলল গোণ নারি' ইত্যাদিতে (৫৫৬) দেখি কৃষ্ণ মন্ধা দেখিবার জ্ঞা গোপী-দিগ্কে—

পুছত দবক গমন ধেম।
কহত কীয়ে করব প্রেম।
বন্ধক দবহু কুশল বাত
কাহে কুটিল চাহনি॥

তোমাদের এই বনে আসিতে কট্ট হয় নাই তো? তোমরা কি জন্ম আসিয়াছ? তোমাদের জন্ম আমি কি করিতে পারি বল (What can I do for you, madams)? ব্রজের সব কুশল তো? (ব্যঞ্জনা এই বে—সেধানে কোন বিপদ্ হওরার কি ভোমরা রাত্তিকালে এই বনে ছুটিরা আসিরাছ?) এ পর্যন্ত ভাগবডের অহ্বোদ। কিন্তু কথা নাই, বার্তা নাই, সহসা இক্ষণ্ড বলিয়া বদিলেন—

, 'কাহে কুটিল চাহনি।'

এই জাটটা অকরে যে ভাব কবি প্রকাশ করিয়াছেন ভাহা জাট পৃষ্ঠাতেও ব্যাখ্যা করা যায় না। কৃষ্ণের এরকম উদাসীনের মতন ভদ্রতাস্চক কুশল প্রশ্নে গোপীরা মনে মনে খ্বই চটিয়া গিয়াছেন। ঘরের বৌ, ঝি, রাজিবেলায় গৃহকর্ম করিতেছিল, মুরলীর ধ্বনির ছারা আহ্বান করিয়া আনিয়া একি ছলনা! সেই জন্ম তাঁহাদের 'কুটল চাহনি'। এই ভাবটী গোবিন্দদাসের মৌলিক। কেন কৃষ্ণ ওরপভাবে কথাবার্ত্ত। বলিলেন তাহাও কবি একটী বিশেষণ প্রয়োগ করিয়া বুঝাইয়া দিয়াছেন—

নিরখি বয়ন পুছত বাত প্রেম-সিন্ধ-গাহনি।

'বাত' বা কথাবার্ত্তার বিশেষণ 'প্রেমসিক্নু-গাছনি'—
প্রেম-সিক্কৃতে অবগাহন-তুল্য। গোপীরা তাঁহাকে
কতথানি ভালবানেন তাহাই বুঝিবার জন্ম যেন তাঁহাদের
অস্তবের প্রেমসমূল্রের মধ্যে নামিয়া দেবিজেছেন উহা
কতটা গভীর। কিন্তু সত্যই সে প্রেম সমূল্রের মতন
অতল। অল্লকথায় ছবি আঁকার আর একটা দৃষ্টান্ত
লওয়া যাক মথ্রায় যাইবার পূর্বাদিনের মিলনের সময়
শ্রীকৃষ্ণের ভাব হইতে। রাধা স্থীকে বলিতেছেন, কাল
যথন কানাইকে 'নিরমদ নয়ন বয়ন করু হেট' (৬১৮)—
উল্লাসহীন নয়নে অবনত মূধে অবস্থিত—দেখিলাম তখন
ভাবিলাম আমার উপর কোন কারণে বুঝি মান করিয়াছে।
তাহাকে আমি হাসিয়া হাসিয়া কত সাধিলাম। কিন্তু
ভাহাতেও তাহার বিষ্ণাতা যথন দূর হইল না তখন স্পষ্ট
করিয়া জিল্লালা করিলাম তোমার কি হইয়াছে?

পুছইতে কহ গদ গদ আধ বোল।

চর চর নরন হেরি মূপ মোর।

নিবিড় আলিজনে রছ পুন ধনা।

দর দুর জুদুয় শিশিল ভূজবন্ধ।

শীকৃষ্ণ জানেন বে, প্রেমের এই করলোক ছাড়িয়া কাল তাঁহাকে মথ্রায় ষাইতে হইবে। অসন্থ ছংখে তাঁহার বাক্য ক্ষ হইল; নয়নে অশ্ধারা বহিল, হালয় কম্পিত হইল ও প্রিয়াকে আলিছন করিতে যাইয়াও তাঁহার বাহ ছটী শিথিল হইয়া গেল। আমরা এয়ুগে মনস্বাধিক বিশ্লেষণমূলক উপন্থাস পড়িতে অভ্যন্ত। এক একটি মনের ভাব বর্ণনা করিতে যাইয়া লেখকেরা পাতার পর পাতা লিখিয়া যাইতেছেন দেখি। আর গোবিন্দাস ছই একটি শব্দে কি নিপুণ মনোবিশ্লেষণ করিয়াছেন!

সেকালের রীতি অফুসরণপূর্বক কবি অফুপ্রাদের অজ্জ প্রয়োগ করিয়া চিত্রগীত রচনা করিয়াছেন। ত্রয়োদশ বা চতুর্দ্দশ শতাব্দীর বৃহদ্বর্মপুরাণে এক্রণ পদের ছুই একটা নমুনা ধৃত হুইয়াছে; যথা—

> কেশব কমলমুখীমুখকমলং কমলনয়ন কলয়াতুলমমলং কুঞ্গুহে বিজনেহতিবিমলম।

কমলনয়ন কেশব! কমলম্খীর কমলমূখ, যাহা অমল ও অতুলনীয়, কুঞগৃহে গিয়া দেখ। অথবা

> রসিকেশ কেশব হে রসসরসীমিব মাম্পয়োজং রসমিব রসমিবহে।

রসিকদের রাজা হে কেশব, রসে অবগাহনের জন্ত আমাকে রসসরসীক্ষপে ব্যবহার কর। এরপ গোস্বামী স্তব্যালায় লিবিয়াছেন—

> स्टत स्वाधवस्यः शावास्यस्याकृषि सीवसीवायवासास्टितासः वासास्यः स्वम् ।

রাধা ধরে অর্থে গোবর্জন পর্বতে ধরাধরধর অর্থাৎ গিরিধারীকে আরাধনা করিয়াছিলেন। সেই রাধা ধীর অর্থাৎ স্থিরমতি। তিনি পূজা করিয়াছিলেন কেন.? না, মানসিক ব্যথা নিবারণের জ্ঞা। গোবর্জন পর্বত কিরপ? না, ইক্তপ্রেরিত মেঘদের উপত্রব যেখানে বন্ধ হইয়াছে।

এরণের পদাবন্ধ চিত্রগীভটা এই—

কলবাক্যসদালোক কলোদার্মিলাবক। কবলাভাডুতানৃকক্ষতাভীরবালক॥

গোবিন্দদানের মতন এত বেশী অহপ্রানের প্রয়োগ
অন্ত কবি করেন নাই। সাহিত্য-পরিষদের প্রিতে
(১৯০ সংখ্যক) গোবিন্দদানের ২৩টা পদ দিয়া গ্রন্থের
নামকরণ করা হইয়াছে 'চিত্রগীত'। পদকল্পতক্তে কবির
২৭টা অহপ্রানের পদ আছে। আমি বিভিন্ন পুথি হইতে
তাঁহার এইরূপ ৩৫টা পদ সঙ্কলন করিয়াছি। অহপ্রানের
মুধ্য দিয়াও কবি যেভাবে বিরহের চিত্র আঁকিয়াছেন
তাহা বিদ্যাকর। দুষ্টাস্তম্বরূপ—

খিতি তলে শৃতলি বালা
খণ্ডিত মোতিম মালা। (১২০)
ইত্যাদি পদটী দেখা ঘাইতে পারে। ইহার এক একটী
চরণে এক এক ছবি।

থেনে থেনে তুয় গুণ গায়ে।
থপুর কপুর নাহি ভায়ে॥
থলায় নায় হুহুঁ হাত।
থেদ সহই না জাত॥
থিনতম্থ তনিক নিশাস।
থোজত গোবিন্দাস॥

কথনও কথনও রাধা তোমার গুণগান করেন। শ্রীক্লফের মনে হইতে পারে যে, তাহা হইলে রাধা তো মনের স্থাইই আছেন—নইলে কি গান বাহির হয়? তাই কবি পরের চরণেই বলিতেছেন যে, তাহার আর স্থপারিও কর্পূরে ক্লচি নাই। গোবিন্দদাদের রাধা পান থাইতে খ্ব ভালবাসিতেন—ভোরবেলা কুল্ল হইতে বাড়ী ফেরার সময়ও তিনি পান থাইতেন। আর এখন সেসব কিছুই ভাল লাগে না। ভাল লাগা না লাগা তো মনের কথা। তাহার দেহ নিশ্চয়ই স্থম্ম আছে। এই আশহা দ্র করিবার জন্ম কবি তাড়াভাড়ি বলিতেছেন—না, না, তিনি এত কুল হইয়াছেন যে, হাতের বালা খ্লিয়া পড়িতেছে। তিনি এমন থেল বা বিলাপ করিতেছেন যে, তাহা আর কানে শোনা যায় না। অমন ছুর্বল শরীরে এত বিলাপ করা তো ভাল না। তাই কবি তাহার নাকের কাছে

হাত লইয়া যাইয়া পরীক্ষা করিতেছেন **ভাঁহা**র খাস বহিতেছে কিনা। তিনি অনেকক্ষণ অন্তত্তৰ করিয়া তবে দেখিতে পাইলেন যে, অল্ল একটু খাস মৃত্ভাবে পড়িতেছে।

কবি শুধু ছঃথের চিত্র অন্ধন নহে, ঠাট্টা-বিজ্ঞপেও
দিদ্ধহন্ত। কবিক্ষণ যেমন ভাঁডু দত্ত ও ম্বারি শীলের
চরিত্র অন্ধন করিয়া অমর হইয়াছেন, গোবিন্দদাস তেমনি
পেটুক ব্রাহ্মণ মধুমঙ্গলের চরিত্র ছই চারিটা শন্দে বর্ণনা
করার জন্ম অমরতার দাবী করিতে পারেন। মৃচ্ছকটিকে
দেখি ব্রাহ্মণ পৈতা দিয়া মাশিয়া সিঁধ কাটিতেছে।
আর গোবিন্দদাসের মধুমঙ্গল—

মধ্-গুড়-লোভিত বাউল চীত। বন্ধক দেওই যজ্ঞোপবীত॥

মিইজব্য থাইতে না পাইলে, মধুমদ্বল ভাহার যঞোপবীত বাঁধা দিয়া কড়ি জুটাইয়া মধু বা গুড়
কিনিতে প্রস্তুত, কেননা দে বাউলচীত—পাগলাটে
ধরণের। তাহার চলন বিচিত্র, বলনও অভুত। কবি
বলেন—

চলইতে চরণ পড়য়ে তিন বন্ধ।
ভালে কলম্বিত কালিন্দি পন্ধ।
কহইতে বদনে করত কত ভঙ্গ।
নাচত সঘনে বাজাওত অক।

তাহার চালচলনও আশ্চর্যজনক, কেননা ভাহাকে ভালবাসা দেখাইলেও সে গালি দেয়—

কতিছ না পেথিয়ে এছন চালি।
করইত প্রীত দেই দশ গালি।
এত দোষ সত্তেও কবি ক্লফের দখা মধ্মদলের 'বিজ্ঞপায়ে
কয়ল ল⁺় পরণাম' (৬৬)। শ্রীরূপ ও রঘুনাথদাস
মধ্মদলকে বিদ্যক্রণে অহন করিয়াছেন বটে, কিছা
এই ধরণের ছবি গোবিন্দাদের একেবারে নিজ্ঞা।

শ্রেষ্ঠ কবিরা শুরু ভাষা সম্বন্ধেই নিরন্থুশ নহেন, ভাব সম্বন্ধেও। একুফ 'গোপীশতকেলিকার' বলিয়া প্রানিদ্ধ। আমস্তাগবতে তাঁহাকে 'আজ্মগুবরুদ্ধসৌরত' (১০।৩৩।২৬) বলা হইয়াছে। আব গোবিন্দানের এবাধা ভাঁহাকে সাময়িকভাবে কৈব্যপ্রাপ্ত বলিয়া উপহাস করিয়াছেন।
রাধা সারারাত্তি শ্রীক্ষের ক্ষপ্ত প্রতীক্ষা করিয়া ছিলেন,
কিন্ত শ্রীকৃষ্ণ আসেন নাই। সকালে তিনি আসিয়া
উপস্থিত হইলেন। তাঁহার দেহে সন্তোগের কোন চিহ্ন
দেখিতে না পাইয়া শ্রীরাধা তাঁহাকে বিজ্ঞপ করিয়া
বলিতেছেন—তুমি তো রতিরণে পণ্ডিত বলিয়া খ্যাতি লাভ
করিয়াছ, কিন্ত এখন ভোমার বেশভ্ষা একটুও বিপর্যাত্ত
দেখিতেছি না, অধচ আলত্তে ঘন ঘন হাই তুলিতেছ।
ভাই অন্থমান করি যে, বুধাই রাত্রি জাগিয়া কাটাইয়াছ—
কামিনীর সক্ষ ঘটে নাই।

রতিরণ পণ্ডিত বেশ অথণ্ডিত
ঘন ঘন মোড়দি অঙ্গ ।
তে অহুমানিয়ে বেকত উদ্ধাগার
বিঘটিত ভামিনি-দক্ষ ॥
এই পদাংশের অন্য অর্থণ্ড করা দস্তব, কিন্তু ইহার পরে
রাধা ধধন বলিতেছেন—

বো পরবঞ্চক বিহি তাহে বঞ্ট ছরজন দেখি না দেখ। তথন উপরে আমরা যে অর্থ লিখিয়াছি সেই অর্থই যে ঠিক সে বিষয়ে কোন সন্দেহ থাকে না।

গোবিন্দদাসের রাধা বিদ্রূপে অতিশয় হৃদকা। তিনি

ত্রীক্ষের নিকট এক দৃতীকে পাঠাইয়াছিলেন। সেই
দৃতী যথন ফিরিয়া আসিলেন, তথন তাঁহার হাবভাবে
চালচলনে রাধা বেশ ব্নিতে পারিলেন যে, ত্রীক্ষের
সলে তাঁহার সভোগ ঘটয়াছে। ঐ দৃতীকে রাধা
বলিতেছেন—হৃদ্দরি, তুমি বেন আর (কট করিয়া)
কাছর থবর বলিতে বসিও না। তোমার মৃথ দেখিয়াই
তাঁহার সব তৃঃথের কথা ব্রিতেছি, হৃতরাং কথা দিয়া
আর ব্যক্ত করিয়া কি হইবে? তিনি ভ্রমরের মতন
সকল কুছমেই রমণ করেন, আর আমি তো গ্রাম্যা
নারীমাত্র। কি শক্তি আমার আছে যে তাঁহাকে একনির্চ
করিব? তাঁহার চালচলন তো আমার আনাই ছিল,
কিছ ভূমি আমার প্রাণের মতন প্রিয় বলিয়া তোমাকে
বিয়া আমার আর্থি জানাইয়া পাঠাইয়াছিলাম।

এ ধনি জনি কহ কাছক সন্দেশ। বেকত তুহারি মুখ কহই সবহু তুথ की कल वहनविद्यम ॥ সবহু কুসুমে রম যো ষ্টপ্দসম হম তাহে এ হেন গঙারি। আারতি পাঠাওলুঁ জানি তিহ্নিক স্বধি তো হেন প্রাণ-পিয়ারি॥ তারপর আর একটু স্পষ্ট করিয়া রাধা বলিতেছেন--আহা আমার জন্ম তোমার কত কট হইয়াছে। তোমার অধর ভ্রমরে দংশন করিয়াছে, তাই চোথ দিয়া জ্বল বাহির হইয়াছিল বলিয়া তোমার কাজল ধুইয়া গিয়াছে। তোমার অনেক পথ যাইতে হইয়াছিল, তাই পথশ্রমজনিত ঘর্মে তোমার মুধের অলকা তিলকা মুছিয়া গিয়াছে। ক্ষের থোঁজে তোমাকে কদমের কুঞ্জে যাইতে হইয়াছিল, দেখানে কত কাঁটা, তারই তুই চারিটী ভোমার বুকে লাগিয়াছে: তাই কটে তোমার দেহের জ্যোতি আমার

এ তুর অধর ভ্রমর পরে দংশল
লোরে কান্ধর ঝরি গেল।
জানলু পদ্ম ভ্রম জলে ধোয়ল
অলক ভিলক দ্রে গেল॥
নীপ নিকুঞ্জ কণ্টক হিয়ে লাগল
ঝামর ভেলহি জ্যোভি। (৪৫১)

মতন মান হইয়াছে।

বিভাপতির একটা কবিতার (৮৪) ভাবার্থের সঙ্গে উপরিলিখিত কবিতার খানিকটা মিল দেখা যায়।
বিদ্যাপতি বলিতেছেন, "দৃতি সরুপ কহবি তুহুঁ মোহে—
তুমি আমাকে ঠিক করিয়া বল ভো। আমি নিজের কাজে
তোমাকে সাজাইয়া পাঠাইলাম। মুখে ভাছল দিয়া ভোমার
অধর স্বয়েও করিয়া দিয়াছিলাম, তাহা ধ্সর হইল কেন ?"
"ভোমার গুণ বলিতে রসনা চালাইতে হইল, তাই মুখ
মলিন হইয়া গেল।" "আমি নিজের হাতে ভোমার সীঁথি
সাজাইলাম, ভাহা এমন-বিশ্রী হইল কিরূপে ?" "ভোমার
জল্প নায়কের পায়ে পড়িতে হইল, ভাই কেশ আল্থালু
-হইল।" "বিনা পরিশ্রেষেই ভোমার বুক ধক ধক করিতেছে,

ঘন ঘন দীর্ঘশাস ফেলিতেছ।" "তোমার কথা তাহাকে বলিয়া তাহার কথা তোমাকে বলিতে তাড়াতাড়ি আসিতে হইয়াছে।" "নিজের বসন দিয়া তাহার বসন লইয়া আসিলে, এ তোমার কেমন ব্যবহার?" "গিয়াছিলাম কিনা তাহা দেখাইতে তাহার কাপড় আনিয়াছি।"

উভয় কবিতা তুলনা করিলে দেখা যাইবে যে, গোবিন্দদাদের শ্লেষ-বিদ্রাপ কতটা মর্মাম্পর্শী, এমন কি মর্মান্তিক।

গোবিন্দদাসের শ্রীরাধা যেমন বিজ্ঞপে পারদর্শিনী, তৈমনি গান্তীর্য্যে অটল। তিনি শ্রীক্তফের বহুবল্পত্ত দেখিয়া মনে মনে চটিয়াছেন, কিন্তু বাহিরে তাহা প্রকাশ করিতেছেন না। শ্রীকৃষ্ণ চোথের জলে ভাসিয়া তাঁহাকে অহুনয় করিতেছেন। তিনি একটা কথাও বলিতেছেন না। শেনে শ্রীকৃষ্ণের অহুনয়ে অস্থির হইয়া ইন্দিতে বুঝাইতেছেন যে তিনি মৌন অবলম্বন করিয়া শহুরব্রত পালন করিতেছেন, স্তরাং শ্রীকৃষ্ণকে অক ছুইতে দিতে পারেন না। তা তাঁহার কাঁদিয়া কি ফল?

শকর বরতে আজু পরবেশলোঁ

দারুণ গুরুজন রোল।

অতয়ে সে সরস পরশ বিহি বাধল কীফল নয়নহি লোল॥ (৪৪৫)

শ্রীকৃষ্ণ একটা মালা পরাইয়া দিতে গেলেন, কিন্তু রাধা ননদি বকিবে দোহাই দিয়া তাহাও লইলেন না। শেষ পর্যান্ত শ্রীকৃষ্ণের সকল চেষ্টা বিক্ষল করিয়া দিয়া তিনি বলিলেন—"কর-সকেত কতছঁ সম্ঝাওব"—ইসারায় আর কত তোমাকে ব্ঝাইব? আমরা দেখিতেছি এখানে শ্রীরাধার কৌশলময় প্রত্যাখ্যানে শ্রীকৃষ্ণ কিরূপ অপদৃষ্থ হইলেন। এখানে রাধা কৃষ্ণকে বকিতেছেন না, কিন্তু এমনভাবে তাঁহাকে এড়াইয়া যাইতেছেন যে, তাহার চেয়ে বোধ হয় ভং দনা করাও শতগুণে ভাল ছিল।

গোবিন্দদাস শ্রীরাধাকে কথনও লাস্তময়ী, কথনও ছলনামীয়ী, কথনও প্রেমে আ্বাডোলা, আ্বার কথনও অসমসাহসিকা করিয়া আঁকিয়াছেন। অনক্তসাধারণ বৈচিত্রাই যেন তাঁহার চরিত্রের মূলমন্ত্র। শ্রীক্তফের সঙ্গে ৰখন তাঁহার প্রথম প্রথম দেখাশোনা, তথন কখন তিনি—
চকিত চমকি চলি যাই

আবার কখন

পদ হুই চারি চলই বর নায়রি
রহই নিমিখ শর জোরি। (২৩০)

শ্রীকৃষ্ণকে দেখিয়া একটু জ্রুতবেগে চলিয়া ধাইয়া আবার
স্থির হইয়া দাঁড়াইয়া তাঁহার প্রতি কটাক্ষণাত করেন।
সে কটাক্ষ কেমন ?—

বিষম-বিশিথ শর অন্তর হুর হুর সরবস লেয়লি মোরি। আবার অফাদিন শ্রীক্লফকে পথের মধ্যে দেথিয়া রাধা— বিহসি বহলি ধনী গীম মোড়াই। (২৫০)

বিহাস বহাল ধনা গাম মোড়াই। (২৫০)
তিনি একটু শিতহাস্থ করিয়া গ্রীবা বাঁকাইয়া রহিলেন।
এরপ করার উদ্দেশ্য অবশ্য চলিতে চলিতে মৃধ ফিরাইয়া
শ্রীকৃষ্ণকে দেখা। কখন কখন রাধা একটু বেহায়া হইয়া
দৈহিক দৌলগ্য দেখাইয়াও শ্রীকৃষ্ণকে বিমৃগ্ধ করেন।

কেশ পদারি যবহ তুহ আছেলি উরপর অম্বর আধা।

সো দব সঙ্বি কাছ ভেল আকুল। (২৫৪) রাধা কিন্তু শীকৃষ্ণকে ভূলাইতে ঘাইয়া নিজেই মজিলেন। এমন মজিলেন যে, তাঁহার দেহে দব সময় পুলক লাগিয়াই আছে, আর কানে মুরলীরব ছাড়া আর কিছুই প্রবেশ করে না। এই ভাবটী বৈষ্ণব-সাহিত্যে নৃতন নহে, কিন্তু গোবিন্দাস যে ভাষায় ইহা প্রকাশ করিয়াছেন তাহা অতুলনীয়।

রূপে ভরল দিঠি সোঙ্বি পরশ মিঠি
পূলক না তেজই অজ।

মণ্র ম্বলী-রবে জাতি পরিপ্রিত

না শুনয়ে আন পরসজ॥

সজনি অব কি কর্বি উপদেশ।

কাত্-অহ্বাগে মোর তহু মন মাতল

না গুণে ধর্ম-ভন্ন লেশ।

রাধার ভাব-বিহুলতা দেখিয়া তাঁহার গুরুজন তাঁহাকে
ভির্থার করেন, স্বামী তর্জন করেন, কিছ তাহাতে ভন্ন

পাওয়া দূরে থাকুক তিনি হাসি সমরণ করিতে পারেন না।

গৃহপতি-ভরন্ধনে গুরুজন-গরন্ধনে আন্তরে উপল্লে হাস। (২৬৭)
রাধা মনে মনে শ্রীক্লফেরই। নামে মাত্র যে স্বামী আছেন,
তিনি কেবল গৃহপতি, দেহের বা প্রাণের ঈশর নহেন।
তাই রাধা সেই গৃহপতির শব্দ পাইলে যেন চমকিয়া উঠেন,
তাহার পানে একবার ফিরিয়াও তাকান না; তিনি
ভানেন না পর্যান্ত সে কাল কি ফ্র্যা।

ভনইতে চমকই গৃহপতি বাব।
তুরা মঞ্জিব-ববে উনমতি ধাব॥
নাহ না চিহ্নই কাল কি গোর।
জলদ নেহারি নয়নে ঝরু লোর॥ (১৮৯)
স্বামী বে ঘরে শয়ন করেন, সে ঘরের বারান্দায়
পর্যন্ত রাধা পা দেন না—'স্বামিক শয়ন-মন্দিরে নাহি
উঠই'।

তত্বতঃ শ্রীরাধা শ্রীক্ষের হলাদিনী শক্তি। শুধু রসপরিপৃষ্টির জন্ম ওঁহাকে পরকীয়া বলিয়া বর্ণনা করা হইয়াছে।
ইহাই গোস্বামীদের সিদ্ধান্ত। উজ্জ্বলনীলমণিতে পরকীয়া
ভাবের মাধুর্ব্যের ভিনটী কারণ দেখান হইয়াছে ং (১) পতি
ও জন্মান্ত পরিজ্বনেরা বাধা দেওয়া সত্বেও নায়িকা অহুরাগবশে মিলিত হন (ভাগবতের রাসলীলায়—তা বার্ধ্যমাণা
পতিভিন্ত্রাভূবকুভিঃ), (২) প্রাচ্ছন্ন কামুক্ত, (৩) উভয়ে
উভয়ের নিকট তুর্লভ। কিন্তু কৃষ্ণদাস কবিরাজ সাবধান
করিয়া দিয়াছেন—

পরকীয়া ভাবে অতি রদের উল্লাস।

বন্ধ বিনা ইহার অন্যত্ত নাহি বাস।

শীক্ষণও বলেন বে, উপপতিত যে হেয়—লঘুভাব, তাহা
প্রাকৃত নায়ক সমক্ষে প্রযোজ্য, শ্রীকৃষ্ণ সমক্ষে নহে।

গোবিনদাসের রাধা বিভাপতির রাধার মতনই হইবে অভিসার-ব্যাপারে অসম সাহস দেখাইরাছেন। বিভাপতির ভাবি রাধা জ্যোৎসা-বাত্তিতে অভিসারে বাইবার সময় হইবে বলিভেছেন, আমি বধন কথা দিয়াছি ডখন সংহতস্থানে ঠিক যাইবই; 'জইও সপ্তর প্রশান উপ্ত সহসে সহসে চন্দা'— দুর ?

যদিও সমন্ত গগনে সহস্র সহস্র চক্রও একসক্ষে উদিও হয়। লোকের নিন্দার ভয় আমি করি না—

না হম কাছক ভীঠি নিবারবি

ন হম করব ওতে। (১৫)

গোবিন্দদাদের রাধা আরও অধিক অগ্রসর হইয়া
দিন-তুপুরেই অভিদারে যাইতেছেন—

মাথহিঁ তপন তপত পথ-বালুক আতপ দহন বিথার। (৩৬৯)

মাথার উপরে প্রচণ্ড রৌজ, আর নীচে উত্তপ্ত বালুকা, চারিদিকে যেন আগুনের ঝলক। তাহারই মধ্যে রাধা অভিনারে চলিতেছেন—

গুরুজন-নয়ন-পাশগণ-বারণ মারুত মণ্ডল ধূলি।

গুরুজনেরা তাঁহাকে চোথে চোথে বাথিয়াছিলেন—যেন পাশ দিয়া বাধিয়া রাথিয়াছিলেন; কিন্তু একটা ঘূর্ণি হাওয়া উঠাতে তাঁহাদের চোথে ধূলি পড়িল, আর সেই স্থযোগে ঐ ঘূর্ণি হাওয়ার তাগুবের মধ্যেই রাধা অভিসাবে বাহির হইয়া গেলেন। তাই কবি বলিতেছেন—

হির হরি প্রেমক গতি অনিবার।
বিভাপতির বর্ষাভিদারের চিত্র অত্যস্ত মনোরম।
রয়নি কাজর বম ভীম ভূজকম
কুলিদ পরএ ত্রবার।
গরজ তরজ মন রোদ বরিদ ঘন
দংশয় পড় অভিদার॥ (১০৪)

রাত্রি এমন অন্ধকার যে, মনে হয় যেন তমিন্রা উদিগরণ করিতেছে। পথে ভীষণ দর্প, হুর্কার বক্তধনি হইতেছে, মেঘ যেন রোযে ভক্জন-গর্জন করিতেছে। ইহার মধ্যে অভিদারে যাওয়া খ্বই কঠিন। কিন্তু রাধা তবুও বাহির হইলেন। তাঁহার পা সাপে অড়াইয়া ধরিল। তিনি ভাবিলেন ভালই হইল, পায়ের নৃপুরে আর আওয়াজ হইবেনা। অবাক হইরা দথী জিল্লাসা করিতেঁটেন—
ঠিক করিয়া কল তো স্মৃধি, ভোমার প্রেমের সীমা কভ

চরণ বেটিল ফণি হিত মানলি ধনি নেপুর ন করএ রোর। স্থাপি পুছওঁ তোহি সরূপ কহসি মোহি সিনেহক কত দূর ওর॥ অক্ত একটা পদে (৩৩২) বিছাপতি লিখিয়াছেন— দেখি ভবন ভিতি লিখল ভুজগপতি জম্মনে পর্ম তরাসে। দে স্থবদনি করে ঝপইত ফণিমণি বিহসি আইল তুঅ পাদে ॥ ইহার অবিকলপ্রতিধানি করিয়া গোবিনদান লিখিয়াছেন— ভীতক চীত ভূজগ হেরি যো ধনি চমকি চমকি ঘন কাঁপ। অব আন্ধিয়ারে আপন ততু ছাপই

বাড়ীর দেওয়ালে সাপের ছবি,আঁকা থাকিলে যে ফুলরী উহা দেথিয়া কাঁপিয়া কাঁপিয়া চমিকিয়া উঠে, সে আজ্ব ঘন অন্ধকারে নিশ্নে দেহ ঢাকিয়া এবং হাত দিয়া সাপের মণি আবৃত করিয়া অভিসারে চলিয়াছে। প্রেমের চেয়ে বড় আর কিছুই নহে এ তত্ত্বটী গোবিল্লাস অতি ফুলর রূপে ব্যাখ্যা করিয়াছেন। রাধাকে তাড়াতাড়ি হরির কাছে ঘাইতে হইবে। অলম্বার তাহার ভার মনে হইতেছে। তাই রাধা সব অলম্বার পথের মাঝে ফেলিয়া দিয়া নিজের পীন পয়োধরকেও গালি দিতেছেন।

কর দেই ফণি-মণি ঝাঁপ। (৩৬৭)

পরিহরি মৌলিক মালতি মাল।
তেজ্বল মণিময় গীমক হার॥
নব অহুরাগ ভরম ভরে ভোরি।
নিন্দয়ে পীন পয়োধর জোরি। (৩৫৮)

সাধারণতঃ দেখা যায় যে, নারী মুখ ফুটিয়া প্রেম নিবেদন করিতে চাহে না। যখন মর্মপীড়া নিভান্ত অসহনীয় হয় তথনই সে প্রগল্ভা হইয়া নিজের অমুরাগের কথা দয়িতকে বলে। এই রকম একটা প্রণয়-নিবেদনের অতুলনীয় পদে (২০৭) গোবিন্দদাস রাধার মুখ দিয়া বলাইয়াছেন—হে কৃষ্ণ! তুমি তো বনৈ থাক, মুনিদের সঙ্গে তোমার অনেক সাদৃশ্য (ছয়টা সাদৃশ্য—এ পদের ব্যাখ্যায় দ্রষ্টব্য), তাই তোমার কাছে উপদেশ লইভে বনে আদিয়াছি। বল তো কি করিয়া কামিনী কাম জয় করিতে পারে। তুমি ভাল করিয়া আমাকে বুঝাইয়া লাও, আকার-ইন্দিতে নহে। তুমি মুরলীর কলধ্বনি করিয়া কি যে বল ভাল বুঝিতে পারি না, তুমি মুধের ভাষায় ও নয়নের ভাষায় বুঝাইয়া বল।

ম্বলিক সনে ব্ঝই নাহি পারিএ নয়নে বয়নে কহ বাণী।

এর চেয়ে বেশী স্পষ্ট করিয়া কি আর শ্রীরাধা নিজের মনের ভাবটা বুঝাইতে পারেন? অন্ত একটা পদে (৩২৫) রাধা ম্রলীর ধ্বনি অহুসরণ করিয়া বনে আসিয়া মাধবকে বলিতেছেন—দেখ, আমার রূপযৌবন কিছুরই অল্পতা নাই, কিন্তু আমার বড় তুঃখ যে—

পতি অতি ত্রমতি কুলবতী নারী।
আমার পতি অত্যন্ত তুর্মতি, আর আমি কুলের নারী, তাই
তাহাকে ছাড়িয়া দিতেও পারি না। অনেক পুণ্য না
করিলে বিদগ্ধ নাথ হয় না। তুমি বলিয়াদিতে পার কোথায়
কোন্ নির্জন স্থানে শিব-তুর্গাকে পূজা করা যায় ? কেননা,
তাঁহাদের পূজা না করিলে পরজ্পন্মে বিদগ্ধ নাথ লাভ
করিবার মতন পুণ্য হইবে কি করিয়া? এত বলিয়াও
রাধার বোধ হয় সন্দেহ হইল ক্লফ তাহার বাণীর ব্যঞ্জনা
ব্বিতে পারেন নাই। তাই স্পষ্টতর করিয়া বলিতেছেন—
আয়লোঁ দূর পুরব নিজ লাধে।

একলি বোলি করহ জনি বাধে।
আমার মনের বাসনা গোপন নির্জ্জন স্থানে পূজা করিব—
তাই মনসাধ পূর্ণ করিবার জন্ম এত দুরে আসিরাছি।
একলা পাইয়া তুমি যেন আমার পূজার বাধা দিও না।
মেয়েদের 'বা'ব মানে 'হা' তাহা নিশ্চয়ই ক্লফ জানেন।

গোবিন্দানের প্রকৃষ্ণ প্রীক্ষণের সংজ্ঞা অনুসারে রিসিকেন্দ্রচ্ডামণি। তিনি রাধার সঙ্গে মিলিড হইবার অন্ত স্থোগ না পাইয়া নারী সাজিয়া আসেন (২১১)। সে চাতুরি সফল হইল না দেখিয়া তিনি যোগীর বেশ ধারণ করিয়া জটিলার বাড়ী বাইয়া রাধার কাছে ক্ষমা ভিক্ষা চাহিলেন (৪৮৫)। এসব ঘটনা বর্ণনায় গোবিন্দ-

দাসের বিশেষ মৌলিকতা দেখা বায় না। তাঁহার প্রতিভার বৈশিষ্ট্য এই যে, তিনি শ্রীকৃষ্ণকে শ্রীরাধার প্রেমে পাগল করিয়া আঁকিরাছেন। তাঁহার ক্লের 'চম্পক দাম হেরি চিত অতি কম্পিড' (২৫৫); কেননা রাধার গায়ের রং চাপার মতন। তিনি কাঞ্চনবর্ণের যুঁই ফুল দিয়া রাধার মূর্ত্তি অন্ধন করিয়া তাহা আলিক্সন করেন।

কাঞ্ন-যুথি কমল-ময় গোরি।
নিরমই ম্রতি যতন করি তোরি॥
তুয়া অহভাবে আলিকই তায়।
লো তহ্-তাপে ভদম ভই যায়॥ (২২৬)

কিন্তু রাধাকে না পাইয়া মাধবের বুকে এত জালা যে, সেই ষুঁই ফুলে আঁকা রাধা-মৃত্তি তাঁহার আলিঙ্গনে একেবারে ভন্ম হইয়া যায়। রাধার বর্ণ পীত, তাই কৃষ্ণ বুকের জালা জুড়াইবার জন্ত—

শীতল পীত নিচোল।

তোহারি ভরমে কক্ কোর॥ (২২৭)
রাধার সব কিছু তাঁহার কাছে প্রিয়। তাই যম্নার পথে
বালুর উপর রাধার পদচিহ্ন তিনি চুম্বন করেন (২৭৫)।
তপ্ত বালুর উপর দিয়া হাটিয়া যম্নায় ঘাইতে রাধার কট
হইবে ভাবিয়া ক্ল-

. সিনান দোপর সময় জানি।

ভপ্ত পথে পিয়া ঢালয়ে পানি॥ (৬৯৬)
গোড়ীয় বৈষ্ণবদের হাতে প্রীক্তফের চরিত্রের একটা
বিবর্ত্তন বিশেষ লক্ষ্য করিবার বিষয়। ভাগবতের কৃষ্ণ সব
গোপীকে লইয়াই বস্তহরণ, রাসক্রীড়া প্রভৃতি করিতেছেন।
হয়তো রাসে একজন বিশেষ ভালবাসার পাত্রী তাঁহার
ছিল, তিনি অস্ত সব গোপীদের ফেলিয়া তাহাকে লইয়া
লুকাইয়াছিলেন এবং তাহাতেই অস্ত গোপীরা ঈর্ব্যা
করিয়া বলিয়াছিলেন, 'অনয়ারাধিতো নৃনন্'। কিন্তু
একথা ঠিক বে, তিনি উহার সামনেই অস্ত সকলের সক্ষে
রাসে বিলাস করিয়াছিলেন। জয়দেবে রাধা তাঁহার
প্রিয়্বভ্রমা বটে, কিন্তু

হরিরিহ মৃশ্ববধ্নিকরে বিলাসিনি বিলস্তি কেলিপরে।

বিলাসমন্ত মৃগ্ধ বধৃগণকে লইয়া হরি কেলিবিলাসে রভ থাকেন। কিন্তু গৌড়ীয় বৈষ্ণবদের ক্লফ কচিৎ কদাচিৎ অন্ত নারীর সহিত গোপনে কেলিবিলাস করিলেও, তিনি রাধার একান্ত বল্লভ। বহুবল্লভ কৃষ্ণকে প্রায় একবল্লভে পরিণত করিবার একটা স্থাপ্ত প্রচেষ্টা বৈষ্ণব মহাজনদের রচনায় পরিলক্ষিত হয়।

গোবিন্দদাদের রাধা স্বাধীনভর্তৃকা (অর্থাৎ নিচ্চের অধীনে স্বামী যাহার) হইয়া কৃষ্ণকে বলিতেছেন—

তুরিতহি বেশ বনাহ যতন করি

যামিনি ভেল অবদান। (৫৩) আর কৃষ্ণও বশংবদ ভৃত্যের মতন বলিভেছেন— এ ধনি এ ধনি কৃত্যু অবধান।

কহ পুন কি করব অফুচর কান॥ (১১২)
তোমার নির্দেশমত আমি তো কিশলয় দিয়া শয়া রচনা
করিয়াছি। তোমাকে বাতাদ করিয়া তোমার শ্রমজল
দ্র করিলাম। তোমার চুলের থোঁপা খুলিয়া গিয়াছিল,
বাঁধিয়া তাহার উপর বকুল ফুলের মালা পরাইয়া দিলাম।

এইরূপ অন্থচররূপে শ্রীক্তফকে অন্ধন করার পথ দেখানো হইয়াছে শ্রীক্রপের লেখা গীতাবলীতে—

রাধে! তোমার বৃকের কাপড় একটু উঠাও, আমি উহাতে অদ্ভুত অদুত মকরের ছবি আঁকিয়া দিব (কামদেবের নাম মকরধ্বজ্ঞ)। হে পঙ্কলনয়নে, ইহাতে সকোচ করিও না; এই রতিশয়াতে তোমার বেশ রচনা করিব। রাধে! গগুদেশ তুলাইও না, আমি এখন উহার উপর চিত্র রচনা করিতেছি। সদাশোভিত তোমার বপু আজু আমার হৃদয়ে কোন একটি লোভ জুলাইতেছে।

গোবিন্দদাসের পদে বাৎসল্যরসের মাত্র একটা পদ (৬০) পাওয়া যায়। পদটা রসে সমুদ্ধ। গোবিন্দদাসূত্ই জায়গায় বলিয়াছেন যে, শুতিমধুরত্ব তাঁহার পদের বিশেষত্ব—

> বসনা-বোচন বসিক-বসায়ন বচয়তি গোবিনদাস। (১১৬)

এবং

রসনা-রোচন শ্রবণ-বিলাস। রচই ক্লচির পদ গোবিন্দদাস॥ (১৪৫)

(318 •)